

সংস্কৃত
সাহিত্যসম্ভার

সংস্কৃত সাহিত্য সম্ভার

১

[redacted] অশ্বঘোষ ও ভাস

প্রধান উপদেষ্টা

ডঃ গৌরীনাথ শাস্ত্রী

[redacted]

সম্পাদকমণ্ডলী ঃ

ডঃ মুরারিমোহন সেন / জ্যোতিভূষণ চাকী / তারাপদ ভট্টাচার্য / ডঃ রবিশঙ্কর বন্দ্যোপাধ্যায় / শ্রীমতী গৌরী ধর্মপাল।

সংস্কৃত সাহিত্যসম্ভার

নির্বাহী সম্পাদক / প্রসূন বসু

নবপত্র প্রকাশন
৬ পটুয়াটোলা লেন / কলিকাতা-৭০০০০৯

প্রথম প্রকাশ ঃ ২৮শে মার্চ, ১৯৫৮

প্রকাশক ঃ প্রসূন বসু
নবপত্র প্রকাশন
৮, পটুয়াটোলা লেন,
কলিকাতা-৭০০০০৯

মুদ্রক ঃ নিশিকান্ত হাটই
তুষার প্রিন্টিং ওয়ার্কস
২৬, বিধান সরণী,
কলিকাতা-৭০০০০৬

প্রচ্ছদ ঃ সুবোধ দাশগুপ্ত

বিক্রয় মূল্য ঃ ৩৫·০০ টাকা

SANSKRITA SAHITYASAMBHAR
Vol. I,


প্রধান উপদেষ্টার কথা

বিশ্বের বিখ্যাত ক্লাসিক সাহিত্যের ভাষান্তরীকরণ বর্তমান যুগের একটি উল্লেখযোগ্য দাবী। সেই কারণেই রাশিয়া, জাপান, ফ্রান্স, আমেরিকা প্রভৃতি দেশগুলি একে অন্যের শ্রেষ্ঠ সাহিত্য নিজের ভাষায় রূপান্তরিত করিয়া স্বদেশের সাহিত্যকে সমৃদ্ধ করিবার ব্রত গ্রহণ করিয়াছেন।

সংস্কৃত আধুনিক বহু ভারতীয় ভাষারই উৎস—যে বিস্ময়কর সম্পদ সংস্কৃত সাহিত্যে সঞ্চিত রহিয়াছে তাহা মাতৃভাষায় প্রতিফলিত দেখিতে কাহার না সাধ হয়! কেবল আত্মতৃপ্তির কথা বলিতেছি না, আমার মনে হয়, 'নবপত্র প্রকাশন'-এর এই ব্রতপালন বাঙলা ভাষাকেই সমৃদ্ধ ও শ্রীমণ্ডিত করিয়া তুলিবে। আশা ও আনন্দের কথা, হাজার বছরের সংস্কৃত সাহিত্যের ভাষান্তরীকরণের এই ব্যাপক উদ্যম সমগ্র ভারতে এই প্রথম। আমি মনে করি, ইহা এক সুমহৎ জাতীয় কর্তব্যপালন। এ কথাও আমার মনে হইয়াছে, সম্প্রতি সংস্কৃত ভাষাকে বিলুপ্ত করিবার জন্য যে হাস্যকর অপচেষ্টা চলিয়াছে, 'নবপত্রে'র সংস্কৃত-সাহিত্য প্রকাশনা তাহার বিরুদ্ধে এক প্রদীপ্ত প্রতিবাদ।

যে গভীর আগ্রহে গ্রাহক-গ্রাহিকাগণ আমাদের এই প্রচেষ্টাকে অভ্যর্থনা জানাইয়াছেন, তাহাতে উৎসাহিত হইয়া আমরা সিদ্ধান্ত গ্রহণ করিয়াছি—বিপুল সংস্কৃত-সাহিত্যের যে সকল কবিকর্ম সুধীজনকর্তৃক অভিনন্দিত অথচ স্থানাভাবে পরিকল্পিত আটটি খণ্ডের অন্তর্ভুক্ত করা সম্ভব হয় নাই, সেই সব কাব্য ও নাটক আরও দশটি খণ্ডে আমরা প্রকাশ করিব।

শ্রীগৌরীনাথশাস্ত্রী



সূচীপত্র

প্রকাশকের নিবেদন

প্রথমে দ্বিধা ছিল—একথা অস্বীকার করে লাভ নেই। তার প্রধান কারণ, কেউ কেউ বলেছিলেন এটা দুঃসাহস। যে দেশে সংস্কৃত ভাষা শিক্ষামহলে উপেক্ষিতা, অতীতের বিলুপ্ত ঐশ্বর্যের স্মৃতিমাত্র নিয়ে জনজীবনে যে-কোনরকমে আপন অস্তিত্বকে বাঁচিয়ে রেখেছে তাকে আবার নবসজ্জায় বাঙলার ঘরে ঘরে পৌঁছে দেওয়া—সে বই পড়বে কে?

তাই ভয়ে ভয়ে এই বিরাট পরিকল্পনা নিয়ে এগিয়ে এসেছিলাম।

কিন্তু আজ প্রথম খণ্ড প্রকাশের সঙ্গে সানন্দে ঘোষণা করছি—আমরা আশাতীত সাড়া পেয়েছি। যাঁরা শিক্ষাব্রতী তাঁরা আমাদের উৎসাহ দিয়েছেন, যাঁরা সাহিত্যরসিক তাঁরা প্রেরণা যুগিয়েছেন, যাঁরা দেশপ্রেমী তাঁরাও অকৃপণভাবে আমাদের শুভকামনায় অভিষিক্ত করেছেন।

বাধা ছিল, এখনও আছে। 'যেন তেন প্রকারে' কতকগুলো বই গ্রাহকের হাতে পৌঁছে দেব—এমন প্রবণতা আমাদের ছিল না। এই বিরাট পরিকল্পনা একটি বলিষ্ঠ নীতির উপর প্রতিষ্ঠিত ছিল—আমরা ঘরে ঘরে সংস্কৃতের সাহিত্য-সম্পদ পৌঁছে দেব এমনভাবে যাতে সংস্কৃত না জেনেও সংস্কৃত সম্পর্কে একটা আগ্রহ জেগে ওঠে, আর যাতে বংশানুক্রমে সেই সম্পদ রক্ষিত হতে পারে। সেই জন্য ভালো কাগজ চাই—কিন্তু কাগজ দুর্লভ। মুদ্রণকার্যের জন্য অবাধিত বিদ্যুৎশক্তি চাই, কিন্তু সেখানেও পদে পদে বিপর্যয়! সমস্ত বাধা অতিক্রম ক'রে আজ সংস্কৃত সাহিত্যসম্ভারের প্রথম খণ্ড গ্রাহকদের হাতে তুলে দিলাম। তাঁরা এ-যাবৎ অসীম ধৈর্য ও সহযোগিতার পরিচয় দিয়ে এসেছেন, আমরা তাঁদের কাছে কৃতজ্ঞ। স্থানাভাবে এই আটটি খণ্ডে যেসব গ্রন্থের অন্তর্ভুক্তি সম্ভব হবে না—অষ্টম খণ্ড প্রকাশিত হবার পর আমরা সেইগুলি প্রকাশের প্রতিশ্রুতি দিচ্ছি।

এই বৃহৎ পরিকল্পনায় উপদেষ্টারূপে আমরা পেয়েছি পণ্ডিতপ্রবর ডক্টর গৌরীনাথ শাস্ত্রীকে—এই আশাতীত সৌভাগ্যে আমরা ধন্য। এই উপলক্ষ্যে তাঁকে আমাদের কৃতজ্ঞতা জানাই। অনুবাদ কর্মে, ভূমিকা রচনা ও অন্যান্য রূপপরিকল্পনায় ঘনিষ্ঠ সহায়করূপে যাঁদের পেয়েছি তাঁদের মধ্যে আছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক ডক্টর রবিশংকর বন্দ্যোপাধ্যায়, জগবন্ধু ইনস্টিটিউশনের ভাষা-শিক্ষক জ্যোতিভূষণ চাকী, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় ও চারুচন্দ্র কলেজের সংস্কৃত বিভাগীয় অধ্যাপক তারাপদ ভট্টাচার্য এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত রীডার, সংস্কৃত ও বাঙলার অধ্যাপক ডক্টর মুরারিমোহন সেন, লেডি ব্রাবোর্ণ কলেজের সংস্কৃত বিভাগের অধ্যাপিকা শ্রীমতী গৌরী ধর্মপাল, এঁরা আমার কৃতজ্ঞতাভাজন। এই খণ্ডটি প্রকাশনায় আমাদের নানা ভাবে সাহায্য করেছেন, শ্রীজগদীশ তর্কতীর্থ, অধ্যাপক রুদ্রপ্রসাদ চক্রবর্তী, অধ্যাপক ব্রতীশ ঘোষ, শ্রীবিশ্বপতি চাকী, শ্রীমতী লক্ষ্মী সাহা, শ্রীমতী মল্লিকা ঘোষ, শ্রীমতী কৃষ্ণকলি ভট্টাচার্য। এঁদের কাছেও আমরা কৃতজ্ঞ।

নবপত্র প্রকাশনের এই পরিকল্পনা সম্পূর্ণ নূতন। কিন্তু নূতন হলেও সমাদরের প্রত্যাশা আমরা রাখি। 'ন নবমিত্যবদ্যম্'—নূতন হলেই নিন্দনীয় হয় না।

দ্বিতীয় মুদ্রণ প্রকাশে অস্বাভাবিক বিলম্ব ঘটায় আমরা আন্তরিক দুঃখিত।

		অনুবাদক
অশ্বঘোষ	বুদ্ধচরিতম্	তারাপদ ভট্টাচার্য
ভাস	স্বপ্নবাসবদত্তম্	ডঃ মুরারিমোহন সেন
ভাস	প্রতিমানাটকম্	জ্যোতিভূষণ চাকী
ভাস	পঞ্চরাত্রম্	ডঃ রবিশঙ্কর বন্দ্যোপাধ্যায়

অশ্বঘোষ



বুদ্ধচরিতম্

ভূমিকা

'হায়রে কবে কেটে গেছে কালিদাসের কাল
পণ্ডিতেরা বিবাদ করে লয়ে তারিখ সাল'

—রবীন্দ্রনাথের এ-উক্তি প্রাচীন ভারতের প্রায় তাবৎ সাহিত্যরথীদের সম্বন্ধে খাটে। সেই দূর অতীতে ভারতীয় কবি আপন নামকে জাহির করতে চাইতেন কদাচিৎ, ততোধিক অনীহা ছিল আপন স্থান, কাল এবং উৎসকে লোকলোচনে প্রকট করতে। সৃষ্টিটি সার্থক হোক্ এবং নিরবধি কালে বিপুল পৃথিবীর উপরে যুগে যুগে পদচারণরত মানুষ আনন্দে তার সুধা পান করুক—এ-আগ্রহ ছিল, কিন্তু সে-আনন্দ সৃষ্টির মাধুর্যের উপরে নির্ভর করে, স্রষ্টার পরিচয়ের উপরে নয়। অতএব 'কস্য ত্বং বা কুত আয়াতঃ'—তুমি কার, এসেছ কোন্ ঠাঁই হতে, এ-প্রশ্ন বুঝি অবান্তর ছিল ওদের মনে। তাই কালজয়ী কাব্য পাই, তাতে কবির নাম নেই। ভাস আজও গবেষকের কাছে 'প্রবলেম'। নিঃসন্দিগ্ধ ঘোষণা তেমনি অশ্বঘোষের কাল সম্বন্ধেও করা শক্ত। তবু বহুস্থলের বহু বৃত্তান্ত গ্রহণ এবং বর্জন করে পণ্ডিতেরা প্রায় একমত যে তিনি কণিষ্কের সমকালবর্তী এবং ১০০ খৃষ্টাব্দের প্রান্তরেখার বাইরে তাঁকে বহিষ্কৃত করা চলে না। সিলভ্যাঁ লেভি-র মতে—চীনা কিংবদন্তী তাঁকে কণিষ্কের অধ্যাত্ম উপদেষ্টা করেছে এবং ডক্টর ই. এইচ. জনস্টন-এর অভিমত—খৃষ্টীয় প্রথম শতাব্দীর প্রথম অর্ধের প্রতি পক্ষপাতিত্ব রেখে যদি আমরা বলি, কবি ৫০ খৃষ্টপূর্ব অব্দ থেকে ১০০ খৃষ্টাব্দের মধ্যে আবির্ভূত হয়েছিলেন, তবে ঘোরতর ভ্রান্তি ঘটবে না। যে-তিনটি গ্রন্থ তাঁর বলে অবিসংবাদিত, যথা—বুদ্ধচরিত, সৌন্দরনন্দ এবং শারিপুত্র-প্রকরণ, তাদের অন্তে স্থিত পরিচয় পত্রে তিনি 'সাকেতক' অর্থাৎ সাকেত বা অযোধ্যার অধিবাসী এবং 'সুবর্ণাক্ষীপুত্র' বলে অভিহিত। বোঝা যায় 'সুবর্ণাক্ষী' তাঁর জননী। সারিপুত্র-প্রকরণে তিনি 'সুবর্ণাক্ষীপুত্র'।

অনুমান করা হয়, অশ্বঘোষ মূলত ব্রাহ্মণ ছিলেন, পরে বৌদ্ধধর্ম গ্রহণ করেন। বৌদ্ধধর্মের দুটি প্রধান শাখা—হীনযান এবং মহাযান। হীনযান প্রাচীন এবং মহাযান আধুনিক। হীনযান সম্প্রদায়ের বৌদ্ধরা বুদ্ধের বাণী অনুসরণ করে আপন মুক্তির দ্বার অনাবৃত করেন। এখানে ব্যক্তিপূজার প্রশ্ন নেই। বুদ্ধদেবের বৈমাত্রেয় ভ্রাতা নন্দ, যাঁকে নিয়ে 'সৌন্দরনন্দ' মহাকাব্য রচনা করেছেন অশ্বঘোষ, একদা তাঁকে প্রণাম করলে অগ্রজ তাঁকে নিবৃত্ত করেছিলেন। অশ্বঘোষ হীনযান সম্প্রদায়ের অনুগামী ছিলেন, কিন্তু তাঁর কাব্যে 'শ্রদ্ধা' সম্পর্কে যে-প্রশংসাবাণী আছে তা মহাযান সম্প্রদায়েরই উপযুক্ত। শ্রদ্ধা শব্দের অর্থ হলো 'গুরু-বেদান্তবাক্যেষু বিশ্বাসঃ' (বেদান্তসার, ১০)—গুরু এবং বেদান্তবাক্যের প্রতি বিশ্বাস। এই ব্যাখ্যান 'বেদান্ত' শব্দটি সাম্প্রদায়িক। এর স্থলে যাঁর যা শাস্ত্র তার নাম বসিয়ে দিলে শ্রদ্ধার একটি অসাম্প্রদায়িক সংজ্ঞা হয়। ব্যাস বলেছেন, 'সা হি জননী ইব কল্যাণী যোগিনং পাতি' (যোগদর্শনভাষ্য, ১. ২০)—শ্রদ্ধা কল্যাণী জননীর মতো যোগীকে রক্ষা করে। অশ্বঘোষের মতেও শ্রদ্ধার অর্থ শুধু তথাগতের ধর্মের প্রতি অখণ্ড আগ্রহ নয়, স্বয়ং বুদ্ধের চরণে শরণাগতিও এর

তাৎপর্য। হিন্দুধর্মে 'গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণুঃ গুরুর্দেবো মহেশ্বরঃ' এবং 'তস্মৈ শ্রীগুরবে নমঃ' ইত্যাদি উক্তিতে যে গুরুভক্তির আদর্শ দেখা যায়, তারই মতো আত্ম-নিবেদনের ভাব ফুটে উঠেছে বুদ্ধচরিতে। এর দ্বাদশসর্গে গোপরাজকন্যা নন্দবলা সিদ্ধার্থকে যে পায়স দিয়েছিলেন তা ভক্তির বশে। অশ্বঘোষ বলছেন: 'সা শ্রদ্ধাবর্জিত প্রীতিবিকসল্লোচনোৎপলা। শিরসা প্রণিপত্যৈনং গ্রাহয়ামাস পায়সম্ ॥' (১২.১১১)—শ্রদ্ধায় তাঁর প্রীতি বর্ধিত হয়েছিল, পদ্মের মতো বিকশিতলোচন নন্দবলা মস্তক দিয়ে প্রণাম করে এঁকে পায়স গ্রহণ করালেন। এখানে 'শ্রদ্ধা' শব্দটিই অবলম্বিত হয়েছে। তাছাড়া আদি অন্ত এই মহাকাব্যের রেখার তলে-তলে উক্তির একটি সজল লেখা অক্ষুণ্ণ দেখা যায়। মনে রাখতে হবে এটি জীবনচিত্র। জীবন যদি আকর্ষণ করে তবেই জীবনী রচনা সম্ভব হয়; নইলে মতের বিবৃতিতেই কর্মের সমাপ্তি ঘটে।

বেদ এবং বৈদিক যাগযজ্ঞ সম্পর্কে অশ্বঘোষের অভিজ্ঞতা বুদ্ধচরিতে প্রতিফলিত হয়েছে। পৌরাণিক ইতিবৃত্ত এবং প্রাচীন বহু মুনি-ঋষির কার্যকলাপ তাঁর বহুল পরিমাণে জানা ছিল। তৎকালে প্রচলিত সাংখ্যদর্শন অরাড়ের মুখে বিশ্লেষণ করেছেন তিনি বুদ্ধচরিতের দ্বাদশ সর্গে। তিনি পণ্ডিত, অলংকারশাস্ত্রজ্ঞ ললিতপদবন্ধনে পটু। তিনি সহিষ্ণু, ব্রাহ্মণ হয়ে বৌদ্ধত্ব পরিগ্রহ করে বুদ্ধদেব সম্পর্কে মহাকাব্য রচনায় বৈদিক ধর্ম বা বেদাশ্রয়ী দর্শনকে ক্ষুদ্রতায় পীড়িত করেন নি। ঋষি-চরিত্রের চিত্রণে তাঁর লেখনী কৃষ্ণবর্ণের মসীরেখার অন্তরাল থেকে শ্রদ্ধার বিদ্যুৎ বর্ষণ করেছে এবং যেখানে সিদ্ধার্থ একের-পর-এক সনাতন ধর্মাশ্রয়ী তপস্বীদের সাধনার ধারাকে মৃৎপাত্রের মতো পরিত্যাগ করে চলেছেন সেখানেও অশ্বঘোষ সিদ্ধার্থকেই অনুসরণ করেছেন। তুচ্ছ বলে পথিপার্শ্বের বলিষ্ঠ সাধকদের প্রতি কটাক্ষ নিক্ষেপ করেন নি। তিনি কবি অথচ বৈরাগী। রূপ তাঁর অতি পরিচিত, কেননা তীরজাত সিন্ধুবার বৃক্ষে কুসুমে-কুসুমে আবৃত দীর্ঘিকাকে তিনি এমন খুঁটিয়ে দর্শন করেছেন যে অনায়াসে তাঁকে শুভ্রবসনে আবৃত নারীর মতো ভাবতে বাধে নি (৪. ৪৯)। পরমুহূর্তেই রূপের অনিত্যতা তাঁকে বিধুর করেছে। নারী নিছক নারীরূপেই পুরুষকে কি বলবে এবং সেই বলার ক্ষণে দেহের কোন্ অঙ্গ অপর কোন্ অঙ্গের সঙ্গে কি কোণ রচনা করবে এও তাঁর নখদর্পণে, আবার ঐ নারীরই বদন থেকে লালা গড়িয়ে পড়ছে যখন (৫. ৬১) তখন তা-ও রূপ পেয়েছে। বৈরাগী বলে এই দ্বিতীয়টিই তাঁর কাছে সত্য, প্রথমটি মিথ্যা। বুদ্ধের মহাজীবন অঙ্কিত করতে হৃদয়ের যে-ব্যাপ্তির প্রয়োজন তিনি তার অধিকারী। তাঁর শক্তি তাঁকে অন্তহীন যশ দিয়েছে। চীনা কিংবদন্তীতে তিনি 'সন্ত মহাপুরুষ', অলৌকিক শক্তির অধিকারী। তিনি সাঙ্গীতিক। পরিব্রাজক হিউয়েন সাঙ্ পাটলীপুত্রে তাঁর অশুভ প্রেতাত্মাকে বিতাড়নের কাহিনী বর্ণনা করেছেন। সাম্প্রদায়িক কারণে সাঙ্ হয়ত 'ওঝা' বলতে চেয়ে কটাক্ষই করেছেন, কিন্তু মহাকাব্য রচনার সঙ্গে যার কিছুমাত্র সম্পর্ক নেই সে তো কবির অতিরিক্ত অধিকার। ই-সিং ৬৭৩ খ্রীষ্টাব্দে ভারত দর্শন করেন। ডক্টর জনস্টন টাকাকুসুর ইংরেজি অনুবাদ উদ্ধৃত করে ই-সিং-এর মন্তব্য উপস্থাপিত করেছেন। তাঁর মতে বুদ্ধচরিত ভারতবর্ষের পাঁচটি বিভাগে এবং দক্ষিণ সমুদ্রের দেশগুলিতে ব্যাপকভাবে পঠিত অথবা গীত হয়ে থাকে। অশ্বঘোষ বহু অর্থ এবং বহু ভাব অল্প শব্দের মধ্যে ধারণ করেন।⋯ তাছাড়া

পাঠকের পক্ষে এটি (বুদ্ধচরিত) অধ্যয়ন লাভ করলে হবে, কারণ মহান্ একটি মতবাদ ছোট আকারে এতে নিবন্ধ আছে।

ই-সিং-এর এই উক্তি বুদ্ধচরিতের মূল প্রকৃতিকে বিশ্লেষণ করেছে। বুদ্ধচরিত কাব্য এবং বুদ্ধের চরিতকে লিপিবন্ধ করতে গিয়ে কবি তাঁর দর্শনের যে অভিব্যক্তি ঘটিয়েছেন তা দিগদর্শনমাত্র। ভারতবর্ষেও আমাদের কাছে অশ্বঘোষ মহাকবি বলেই পরিচিত, বৌদ্ধধর্মের প্রবক্তা বলে নয়। যাগযজ্ঞ, দুঃখবহন করে তপস্যা এবং অরাড়ের মুখে উপস্থাপিত সাংখ্যমতের প্রত্যাখ্যান থাকলেও, বৌদ্ধধর্মের বিপুল যুক্তি এবং সূক্ষ্ম পরমতখণ্ডন এতে অনুপস্থিত। দ্বাদশ সর্গে অরাড়ের মুখে সাংখ্যদর্শনের বিবরণ দিয়ে অকস্মাৎ তাকে সিদ্ধার্থের দ্বারা অসম্পূর্ণ প্রতিপাদন করা যুক্তিবাদী মনের পূর্ণ অভিব্যক্তির অন্তরায় ঘটিয়েছে, ঈশ্বরকৃষ্ণের বর্তমানে প্রচলিত 'সাংখ্যকারিকা', তার মাঠরবৃত্তি, যুক্তিদীপিকা, গৌড়পাদভাষ্য, তত্ত্বকৌমুদী এবং জয়মঙ্গলা টীকার কথা বাদ দিলাম। সাংখ্যসূত্র এবং বিজ্ঞান ভিক্ষুরচিত তার ভাষ্যের কথাও সঙ্গত হবে না, কারণ কালের প্রশ্ন আছে। কিন্তু অরাড়ের ব্যাখ্যাত সাংখ্যদর্শনের সঙ্গে মহাভারতে প্রচারিত সাংখ্যমতের বহু মিল আছে। অরাড় বলছেন—'জায়তে জীর্যতে চৈব বাধ্যতে ম্রিয়তে চ যৎ। তদ্ ব্যক্তমিতি বিজ্ঞেয়মব্যক্তং তু বিপর্যয়াৎ ॥' (১২.২২)—যা জন্মায়, জীর্ণ হয়, পীড়া প্রভৃতির দ্বারা আক্রান্ত হয় এবং মারা যায় তাকেই 'ব্যক্ত' বলে জানবে। মহাভারতে শুকদেবের জবাবে ব্যাসদেব বলছেন—'প্রোক্তং তদ্ ব্যক্তমিত্যেব জায়তে বর্ধতে চ যৎ। জীর্যতে ম্রিয়তে চৈব চতুর্ভির্লক্ষণৈর্যুতম্। বিপরীতমতো যত্তু তদব্যক্তমুদাহৃতম্'। (১২.২৩৫.৩০-৩১)—যা জন্মায়, বৃদ্ধিপ্রাপ্ত হয়, জীর্ণ হয়, মারা যায়—অর্থাৎ এই চার লক্ষণযুক্ত যা তা-ই ব্যক্ত বলে কথিত। এসব থেকে বিপরীত যা তা অব্যক্ত। বুদ্ধচরিতের অব্যবহিত পরের শ্লোক হলো— অজ্ঞানং কর্ম তৃষ্ণা চ জ্ঞেয়াঃ সংসারহেতবঃ। স্থিতোঽস্মিংস্ত্রিতয়ে জন্তুস্তৎ সত্ত্বং নাতিবর্ততে ॥' (১২.২৩)—অজ্ঞান, কর্ম এবং তৃষ্ণাকে সংসারের হেতু বলে জানবে। এই তিনের মধ্যে যে জীব থাকে সে তত্ত্ব অতিক্রম করতে পারে না। মহাভারতে বনগমনে উদ্যত বিষণ্ণ যুধিষ্ঠিরকে সাংখ্য এবং যোগদর্শনে কুশল শৌনক বলেছেন— এবং পততি সংসারে তাসু তাস্বিহ যোনিষু। অবিদ্যাকর্মতৃষ্ণাভির্ভ্রাম্যমানোঽথ চক্রবৎ ॥' (৩.২.৭১)—এইভাবে অবিদ্যা, কর্ম এবং তৃষ্ণার বশে চক্রের মতো ভ্রমণ করতে-করতে জীব সংসারে ভিন্ন-ভিন্ন জন্মে পতিত হয়। মহাভারতে পঞ্চশিখ প্রমুখ আচার্যের যে নানা মতবাদে পরিপূর্ণ সাংখ্যদর্শন রয়েছে, তার মূল কথাও মুক্তি। সেই মুক্তিপথের বর্ণনা এক কথায় বাধাপ্রাপ্ত হয়ে অসম্পূর্ণ প্রতিভাত হওয়ার মতো নয়। সিদ্ধার্থের মুখে আত্মার অবলুপ্তিকে মুক্তি বলে ক্ষান্ত হয়েছেন তিনি, মুক্তিতে আত্মার অস্তিত্ববাদী দর্শনের প্রতিবচন উপস্থিত করেন নি।

একটি বিষয় আলোচনার মতো। বুদ্ধের জীবন নিয়ে সংস্কৃত ভাষায় এটি শ্রেষ্ঠ রচনা, তবু এই কাব্যের কোন টীকা পাওয়া যায় নি। হিন্দু হয়তো বৌদ্ধ নিয়ম অনুসরণ করেন না, কিন্তু বিষ্ণুর দশজন অবতারের মধ্যে বুদ্ধ প্রসিদ্ধ নবম অবতার। অন্তত সাধারণভাবে যে কোন পূজার সময় 'মৎস্যাদিদশাবতারেভ্যো নমঃ' এই মন্ত্রে তাঁর পূজাও হয় এবং তিনি আসমুদ্রহিমাচল ভারতবর্ষে মহামানব বলে গৃহীত। অতি প্রাচীন একটি দশাবতার স্তোত্রে স্তবকর্তা—সাম্রাজ্য সৌম্যকে যিনি তৃণবৎ পরিত্যাগ করে 'নিনিন্দ বেদং পশুঘাতনংচ'—বেদ এবং পশুবধকে নিন্দা করেছিলেন, দয়াময় সেই

বুদ্ধকে প্রণাম নিবেদন করেছেন। আচার্য শঙ্কর তাঁর দশাবতার স্তোত্রে—মুণ্ডিতকায় বদ্ধ পদ্মাসন 'কলৌ যোগিনাং চক্রবর্তী'—কলিযুগে যোগিরাজ বুদ্ধের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। জয়দেব তাঁর গীতগোবিন্দের প্রথম সর্গে দশাবতার স্তোত্রে 'ধৃতবুদ্ধশরীর' কেশবের জয়ধ্বনি উচ্চারণ করেছেন। তবু এই দিব্য জীবন-কাহিনীর অপূর্ব আধার বুদ্ধচরিত এদেশের কলেজ কিংবা টোলে বা বিশ্ববিদ্যালয়ে পঠিত হয় না। দক্ষিণ ভারতে ১-৫ সর্গ কিংবা আরও দুটি একটি সর্গ কোন স্থানে পাঠ্য নির্বাচিত হয়েছিল বলে সংবাদ পাওয়া যায়। হালে আছে কিনা সন্দেহ। বৌদ্ধ সংস্কৃতির বিদ্যাপীঠে কি এর অথবা সৌন্দরনন্দ কিংবা সারিপুত্ত-প্রকরণের পঠন-পাঠন হয়? ই-সিং লোকমধ্যে এর বহুমানের কথা বলেছেন, কিন্তু যতদূর জানা যায়, চীনা বা তিব্বতী ভাষায় একমাত্র বুদ্ধচরিতই অনূদিত হয়েছে, সৌন্দরনন্দ বা সারিপুত্র-প্রকরণ নয়। এর হেতু কি? অশ্বঘোষের জনপ্রিয়তা কি তবে প্রাকৃতমনের মধ্যে মাত্র সীমিত ছিল? তিনি জন্মেছিলেন ব্রাহ্মণ হয়ে, সনাতন ধর্মের অজস্র গ্রন্থ তিনি অধ্যয়ন করেছেন এমনভাবে যে অনায়াসে এঁদের মধ্যবর্তী মুনি-ঋষিদের বৃত্তান্ত এবং কর্মকলাপ গ্রন্থে যত্রতত্র আমন্ত্রণ করা তাঁর গুরুভার বলে মনে হয় নি এবং বুদ্ধের ব্যক্তিত্ব এবং ধর্মের প্রতি স্থির শ্রদ্ধায় প্রতিষ্ঠিত হয়েও ঋষি-মুনি বা সনাতন ধর্মের আচার নিয়মের সম্বন্ধে তাঁর লেখনী শ্রদ্ধাভরে বিচরণ করেছে। সিদ্ধার্থের জন্মক্ষণে এবং তারপরেও বিভিন্ন বৈদিক অনুষ্ঠান তিনি যেন প্রসন্ন অনুমোদনে বিবৃত করেছেন। যেখানে সিদ্ধার্থ শ্রেণ্যের (বিম্বিসারের) কথার জবাব দিচ্ছেন সেখানে (একাদশ সর্গে) ভোগে অতৃপ্ত প্রসিদ্ধ পুরাণ-পুরুষদের উল্লেখে তাঁর লেখনী আপন বক্তব্য সমর্থনে উপকরণ সংগ্রহের জন্যই কিছু-কিছু স্খলনের চিত্র অনাবৃত করেছে, কিন্তু সেই ছবি কোথায়ও তুঙ্গস্থিত মহিমাকে ধূলোয় লুণ্ঠিত করে নি। হয়তো এটি মনস্বিতার লক্ষণ, হয়ত বা জন্মগত সংস্কার, কিন্তু যা-ই হোক্, মনে হয় বিহারাধিবাসী নিষ্ঠাবান বৌদ্ধ একে সংশয়ের দৃষ্টিতে দেখেছেন। এদিকে 'আপস্তু নিঃসংশয়মাপ এব' (৭.৩১)—জল জলই, তাতে তীর্থের মাহাত্ম্য অনুপস্থিত, সিদ্ধার্থের মুখে প্রযুক্ত এই জাতীয় উক্তি এবং মুনি-ঋষিদের ভোগ বা কামস্পৃহার কাহিনীর উদ্‌ঘাটন, সাংখ্য দর্শনের প্রত্যাখ্যান এবং সর্বোপরি এটি বুদ্ধের জীবনী, যিনি সনাতন ধর্মে জন্মগ্রহণ করে নূতন এক বেদ-পুরাণ—স্মৃতিবিরোধী ধর্মের পতাকা উড্ডীন করলেন—হয়তো এই জাতীয় চিন্তার প্রভাবে বহুপঠিত বহু কবির কল্পনার উৎসরূপে স্বীকৃত হয়েও অশ্বঘোষ এদেশে তাদৃশ গৃহীত নন। দার্শনিক মত নিয়ে কৃষ্ণ মিশ্র (খ্রীষ্টীয় একাদশ শতাব্দী) 'প্রবোধচন্দ্রোদয়' নাটক লিখেছিলেন। তাঁর রচনারীতি বানিয়ানের 'পিল্‌গ্রিম্‌স্‌ প্রগ্রেস'-এর মতো, অর্থাৎ তত্ত্বই প্রতিপাদ্য এবং তা-ও প্রতিপাদিত হয়েছে কতকগুলি চরিত্রের দ্বারা যারা গুণ বা দোষের মূর্ত প্রতীক মাত্র! হতাশা, অজ্ঞতা, ঈর্ষা, ক্রোধ, কাম ইত্যাদি নামধারী পাত্র-পাত্রীরা দুষ্যন্ত, শকুন্তলা বা শকারের মতো পঞ্চভূতে গড়া নয় এবং প্রত্যেকেই এক-একটি প্রবৃত্তির প্রতীক বলে বিমিশ্র মানবসত্তার অধিকারীও নয়। তবু প্রবোধচন্দ্রোদয় যেভাবে গৃহীত, বুদ্ধচরিত সেভাবে গৃহীত হয় নি, যদিও এখানে তত্ত্বপ্রতিপাদনরত চরিত্রটি একজন ঐতিহাসিক পুরুষ এবং তাঁর প্রতিপক্ষও পিতা, মাতা, জননী, জায়া, মন্ত্রী, পুরোহিত, বন্ধু ইত্যাদি। একটি হৃদয়ে দুটি আসন কি তাঁর সৃষ্টির প্রতি প্রতিকূল আচরণ করছে?

কিন্তু 'গুণী গুণং বেত্তি'—গুণী গুণ বোঝেন। রবীন্দ্রনাথ বুদ্ধচরিত পড়ে জনসাধারণের মধ্যে তার বহুল পঠন বাঞ্ছনীয় মনে করেছিলেন। কবিপুত্র রথীন্দ্রনাথ ঠাকুর বুদ্ধচরিতের যে বঙ্গানুবাদ করেন তার নিবেদনে লিখেছেন: 'আমার পিতৃদেবের আদেশে ১৯০৫ সালে বুদ্ধচরিত বাংলা ভাষায় তর্জমা করিতে প্রবৃত্ত হই।...এই কাব্যখানি পড়িয়া তিনি প্রচুর আনন্দ পান।'

অশ্বঘোষের রচনা

বুদ্ধদেবকে অবলম্বন করে সংস্কৃত ভাষায় একাধিক কাব্য রচিত হয়েছে। যেমন, বুদ্ধচরিত, সৌন্দরনন্দ, বোধিচর্যাবতার, শ্রদ্ধাস্তোত্র, লোকেশ্বরশতক ইত্যাদি। এদের মধ্যে বুদ্ধচরিত শ্রেষ্ঠ বলে গৃহীত।

বুদ্ধচরিত, সৌন্দরনন্দ এবং শারিপুত্রপ্রকরণ—এই তিনটি গ্রন্থ অবিসংবাদিতভাবে অশ্বঘোষ-রচিত। যেগুলি নিয়ে সংশয় আছে তা হলো—গণ্ডীস্তোত্রগাথা, বজ্রসূচী এবং সূত্রালঙ্কার।

'বুদ্ধচরিত' অশ্বঘোষের প্রথম সৃষ্টি। 'সৌন্দরনন্দ' অশ্বঘোষের দ্বিতীয় কীর্তি। বুদ্ধদেবের বৈমাত্রেয় ভ্রাতা নন্দ। সৌন্দর্যের জন্য তাঁকে 'সুন্দর' বলা হতো—বুদ্ধদেবের প্রভাবে তিনি তাঁর ধর্ম গ্রহণ করেন। তাঁর এই ধর্মান্তর গ্রহণ এবং বুদ্ধের জীবন এবং বাণী-ই এই মহাকাব্যের ভিত্তি। এটি আঠারটি সর্গে সংস্কৃতভাষায় রচিত। এর সব কটি সর্গই অটুট আছে।

কপিলবস্তু নগরীর প্রতিষ্ঠা দিয়ে কবি আরম্ভ করেছেন তাঁর মহাকাব্য। রাজা শুদ্ধোদনের দুই পুত্র—সর্বার্থসিদ্ধ অর্থাৎ সিদ্ধার্থ এবং নন্দ। সিদ্ধার্থ বুদ্ধ হলেন। এদিকে পরম রূপসী 'সুন্দরী'র সঙ্গে নন্দের বিবাহ হলো। বুদ্ধদেব সুযোগমতো অনিচ্ছুক নন্দকে ভিক্ষুর ধর্মে দীক্ষিত করলেন। ধর্মান্তরিত স্বামীর জন্য সুন্দরীর শোক নিবিড় হলো। নন্দও সন্ন্যাস থেকে গৃহে ফিরে জায়ার কণ্ঠলগ্ন হওয়ার পক্ষে ভূরি-ভূরি প্রাচীন নজির উদ্ধৃত করলেন। তাঁকে বোঝান হলে—রমণীর রূপ অসার এবং অহংকার অন্ধকারের অনুচর কিন্তু বৃথা সব। বুদ্ধ তখন তাঁকে স্বর্গে নিয়ে গেলেন এবং যাবার পথে হিমালয় শিখরে একচক্ষু এক বনমানুষ দেখিয়ে প্রশ্ন করলেন—'সুন্দরী কি এর চেয়ে সুন্দরী?' নন্দ বললেন—'হ্যাঁ', কিন্তু স্বর্গে গিয়ে অপ্সরাদের দেখে তাঁর প্রত্যয় হলো সুন্দরী বনমানুষের যতখানি ঊর্ধ্বে, অপ্সরারা সুন্দরীর চেয়ে ততখানিই তুঙ্গে। তখন তিনি বিবাহ করতে চাইলেন এক অপ্সরাকে, কিন্তু তাঁকে বলা হলো পুণ্য করলে স্বর্গবাস মঞ্জুর হয় এবং তখনই সেখানে বিবাহ হতে পারে। মর্তে এসে স্বর্গ জয়ের আয়োজন করলেন সুন্দর কিন্তু আনন্দ তাঁকে বুঝিয়ে দিলেন যে পুণ্যবল ক্ষীণ হলে পুনরায় ভূতলে আগমন অনিবার্য। নন্দ স্বর্গসুখের বাসনা বিসর্জন দিয়ে বুদ্ধের স্মরণ নিলেন এবং কালক্রমে নিজেই শুধু মহান হলেন না, পরকে মুক্ত করবার মহাব্রতে বিলিয়ে দিলেন আপনাকে।

অশ্বঘোষের তৃতীয় কীর্তি নয় অঙ্কের একটি নাটক, 'শারিপুত্র-প্রকরণ'। সংস্কৃত নাট্যশাস্ত্র অনুসারে এটির 'প্রকরণ'। শারিপুত্র তাঁর বন্ধু বিদূষকের কাছে অভিপ্রায়

প্রকাশ করলেন যে তিনি বুদ্ধের কাছে দীক্ষিত হবেন। বিদূষক বললেন, ক্ষত্রিয়ের কাছে ব্রাহ্মণের দীক্ষা সঙ্গত নয়। শারিপুত্র বললেন—নীচ ব্যক্তির কাছ থেকেও প্রাণদায়ক ঔষধ গ্রহণ করা যায়। তিনি মৌদ্গল্যায়নের সঙ্গে মিলিত হয়ে বুদ্ধের কাছে দীক্ষিত হলেন। বুদ্ধ আশীর্বাদে তাঁদের ধন্য করলেন।

'বুদ্ধচরিত' অশ্বঘোষের শ্রেষ্ঠ রচনা, বুদ্ধদেবের মহাজীবন এর বিষয়বস্তু। এটি পরিপূর্ণভাবে ঐতিহাসিক বলে গৃহীত হয় নি। অধ্যাপক ই. বি. কাওয়েল 'সেক্রেড বুক্স্ অফ দি ইস্ট' পর্যায়ের ৪৯ সংখ্যক খণ্ডে বুদ্ধচরিতের ইংরেজি অনুবাদের ভূমিকায় লিখেছেন: 'It is an early Sanskrit poem, written in India on the legendary history of Buddha'—এটি একটি প্রাচীন সংস্কৃত কাব্য। বুদ্ধ-জীবনের পৌরাণিক ইতিহাসকে ভিত্তি করে ভারতবর্ষে লিখিত।

চীনা পরিব্রাজক ই-সিং (Yi-tsing) খ্রীষ্টীয় ৬৭১ অব্দ থেকে ৬৯৫ অব্দ পর্যন্ত ভারত ভ্রমণ করেন। তাঁর মতে সংস্কৃত ভাষায় রচিত মূল 'বুদ্ধচরিত' আঠাশটি সর্গে রচিত। চীনা এবং তিব্বতী অনুবাদেও ঐ সংখ্যাই পাওয়া যায়। চীনাভাষায় অনুবাদ করেন ধর্মরক্ষ, খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীতে। কাওয়েল-এর মতে তিব্বতী অনুবাদটি মূলের বেশি কাছাকাছি এবং এর ব্যবহৃত শব্দাবলী থেকে আমরা বহুক্ষেত্রে মূলের শব্দগুলি বেছে নিতে পারি, কারণ কিছু সংস্কৃত শব্দ একই অর্থে তিব্বতী ভাষায় গৃহীত হয়েছে। এতে বুদ্ধের জন্ম থেকে শুরু করে প্রথম বৌদ্ধ মহাসম্মেলন এবং অশোকের রাজত্বকাল পর্যন্ত বিস্তৃত সময় এবং ঘটনাবলী স্থান পেয়েছে। কিন্তু সংস্কৃত ভাষায় যে বুদ্ধচরিত বর্তমানে পাওয়া যায় তাতে সতেরটি সর্গ রয়েছে। এর তেরটি অশ্বঘোষের মূল রচনা এবং চতুর্দশ সর্গের একত্রিশ সংখ্যক শ্লোক পর্যন্ত তাঁরই সৃষ্টি কিন্তু অতঃপর সতের সর্গ অবধি যা আছে তা অমৃতানন্দ রচিত। অমৃতানন্দ নেপালী সংস্কৃতজ্ঞ। ১৮৩০ খ্রীষ্টাব্দে তিনি তাঁর সংযোজনের অন্তে প্রকাশ করেছেন: 'লুপ্ত অংশের জন্য সর্বত্র সন্ধান করেছি কিন্তু পাই নি। তখন আমি, অমৃতানন্দ,—চতুর্দশ, পঞ্চদশ, ষোড়শ এবং সপ্তদশ—এই চারটি সর্গ রচনা করলাম।' এটি কাওয়েল-এর উদ্ধৃতি। তাঁর অভিমত হলো—অমৃতানন্দ রচিত চতুর্দশ সর্গের গোড়ার অংশটুকুর সঙ্গে চীনা এবং তিব্বতী অনুবাদের অংশত মিল আছে। হয়তো অমৃতানন্দ এই অংশের মূল রচনার কোন সন্ধান পেয়েছিলেন কিন্তু অতঃপর তাঁর উক্তি সম্পূর্ণ স্বাধীন, পূর্বোক্ত দুটি অনুবাদের সঙ্গে তাদের কোন সম্বন্ধ নেই।

পঞ্জাব বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৯৩৫ খ্রীষ্টাব্দে ডক্টর ই. এইচ্. জনস্টনের সম্পাদনায় মূল 'বুদ্ধচরিত' প্রকাশিত হয়। বর্তমান প্রকাশনে সেটিই আদর্শ বলে গৃহীত হয়েছে। বুদ্ধচরিতের প্রথম সর্গের ১—৭ সংখ্যক শ্লোক এবং ২৫—৩৯ সংখ্যক শ্লোক পাওয়া যায় না। ২৪ সংখ্যক শ্লোকের শেষ পাঁচটি অক্ষর এবং ৪০ সংখ্যক শ্লোকের প্রথম তিনটি চরণও লুপ্ত। মূল হারিয়ে গেলেও তিব্বতী ভাষায় তার অনুবাদ রয়েছে। ডক্টর জনস্টন এই তিব্বতী অনুবাদ এবং চীনাভাষায় তার সরল বিবৃতি থেকে তাঁর বুদ্ধচরিতের ইংরেজি অনুবাদে মূলের শূন্যস্থানগুলি পূর্ণ করেছেন। বারাণসীর চৌখাম্বা বিদ্যাভবন থেকে প্রকাশিত বুদ্ধচরিতের একটি সংস্করণে রামচন্দ্রদাস শাস্ত্রী শূন্যস্থানে স্বরচিত সংস্কৃত শ্লোক নিবেশিত করেছেন।

এই শ্লোকগুলি তিব্বতী অনুবাদকে আশ্রয় করে রচিত মনে হওয়ায় এদেরই মূলের শূন্য স্থলে তুলে দেওয়া হলো।

চতুর্দশ সর্গের ৩১ সংখ্যক শ্লোকের পর থেকে মূল অপ্রাপ্ত এ-কথা বলা হয়েছে। ঐ অধ্যায়টির বক্তব্য সিদ্ধার্থের বুদ্ধত্ব প্রাপ্তি। অকস্মাৎ শ্লোকের 'বিরহ' ঘটায় এটি প্রতিপালিত হতে পারে নি। তাতে আকাঙ্ক্ষা পীড়িত হয় এই ভেবে অতঃপর তিব্বতী অনুবাদ থেকে সারমাত্র সংকলন করে অনুবাদের অধ্যায় সমাপ্ত করা হয়েছে।

বুদ্ধচরিত ঃ কাহিনী

বুদ্ধচরিতের প্রতি সর্গের সংক্ষিপ্ত বিবরণ এইরকম ঃ

প্রথম সর্গ ঃ ইক্ষ্বাকুবংশের সন্তান শুদ্ধোদন কপিলবস্তুর রাজা। তাঁর মহিষী মায়া দেবী। তাঁর গর্ভে লুম্বিনী নামক বনে সিদ্ধার্থের জন্ম হলো। অনেক অলৌকিক লক্ষণ প্রকাশ পেল তখন। ব্রাহ্মণেরা সেই 'নিমিত্ত'গুলি বিচার করে রাজা শুদ্ধোদনকে বললেন—কালে এই পুত্র মহাজ্ঞানী ঋষি হবেন কিংবা অতুল ঐশ্বর্য লাভ করবেন। রাজার মনে সন্দেহের উদ্রেক হলো। ব্রাহ্মণেরা সন্দেহ ভঞ্জন করলেন। অতঃপর মহর্ষি অসিতের আগমন। অসিত তপোবনে জেনেছিলেন—জগতে জ্ঞানসূর্য উদিত হয়েছেন। অসিত প্রস্থান করলে নানা মঙ্গলকর্ম সম্পাদন করলেন নরপতি। এবং বহু দান করলেন ব্রাহ্মণদের। তারপর বন থেকে রাজধানী কপিলবস্তুতে প্রবেশ করলেন।

দ্বিতীয় সর্গ ঃ পুত্রজন্মের পর থেকে রাজা প্রতিদিন ধনে-জনে সমৃদ্ধ হতে লাগলেন। তাঁর শত্রুরা মিত্র হলো। বর্ষণ হলো কিন্তু বজ্রপাত হলো না! বিনা শ্রমে শস্য ফলল। অদাতা, অব্রতী, মিথ্যাবাদী রইল না। শুদ্ধোদনের সর্ববিষয়ে সিদ্ধি ঘটল বলে পুত্রের নাম রাখলেন 'সর্বার্থসিদ্ধ'। মায়া দেবী পুত্রের দেবর্ষির মতো প্রভাব দেখে আনন্দ সংবরণ করতে অক্ষম হয়ে স্বর্গে গমন করলেন। মাতৃষ্বসা গৌতমী নিলেন শিশুর ভার। শিশু বাড়তে লাগলেন। শিশু হলেও ধৈর্য এবং বুদ্ধিতে যেন প্রবীণ। কালে উপনয়নাদি সংস্কার হলো. অল্প দিনেই বহুবর্ষলভ্য বিদ্যা আয়ত্ত করলেন। অতঃপর যশোধরার সঙ্গে বিবাহ হলো। প্রীত হলেন সিদ্ধার্থ। প্রতিকূল কিছু না দেখেন এই ভেবে পিতার আদেশে প্রাসাদের ঊর্ধ্বে তাঁর বাস নির্দিষ্ট হলো। সিদ্ধার্থের একটি পুত্র জন্মগ্রহণ করল, নামকরণ করা হলো রাহুল'।

তৃতীয় সর্গ ঃ একদা রাজপুত্র সংগীতের মধ্যে বনস্থলীর প্রশংসা শুনলেন। দেখবার বাসনা জাগল অবরুদ্ধ কুমারের মনে। শুদ্ধোদন অনুমতি দিলেন এবং পাছে পুত্রের মনে বৈরাগ্যের আবির্ভাব ঘটে এই ভেবে অঙ্গহীন, বৃদ্ধ, রোগী এবং দরিদ্রদের রাজপথ থেকে অপসারিত করালেন। সুশোভিত হলো গমনপথ। সিদ্ধার্থ বাইরে এলেন। কিন্তু শুদ্ধাধিবাস দেবতারা এক জরাগ্রস্ত মানুষ সৃষ্টি করে পাঠালেন। বিস্মিত সিদ্ধার্থ প্রশ্ন করলেন—'এ কে?' উত্তরে সারথির মুখে শুনলেন—'এ-ব্যক্তি জরাগ্রস্ত, বয়স হলে জরা সবারই হবে।' ভীত সিদ্ধার্থ বললেন—'প্রাসাদে চল!' সেখানেও সুখ নেই। শুদ্ধোদন আবার তাঁকে বনে পাঠালেন প্রসন্নতার জন্য। এবার পথে পড়ল মুমূর্ষু রোগী। সিদ্ধার্থ জানলেন রোগ এবং রোগী। ফেরাতে বললেন

রথ। বিমনা পুত্রকে প্রফুল্ল করতে মহারাজ পুনশ্চ বাইরে যাবার আদেশ দিলেন। কুমার এবার দেখলেন শবযাত্রা। সারথির কাছে শুনলেন মৃত্যু সর্বগ্রাসী। সারথিকে বললেন—'তবে রথ ঘুরিয়ে নাও। মৃত্যু থাকতে আনন্দের সময় কই? সারথি কিন্তু রাজাজ্ঞায় তাঁকে পদ্মষণ্ড বনে নিয়ে গেলেন। বহু সুন্দরীর মধ্যে সেখানে সিদ্ধার্থ ব্রতভংগভীরু নবীন ব্রহ্মচারীর মতো প্রবেশ করলেন।

চতুর্থ সর্গ ঃ নারীরা ঘিরে ধরল সিদ্ধার্থকে কিন্তু রাজপুত্রের গাম্ভীর্যে রুদ্ধ হলো ললিতলোভন লীলা। তখন পুরোহিতের পুত্র উদায়ী উদ্দীপ্ত করে তাদের বললেন—'এ-নববধূর ভাব তোমাদের সাজে না। এমনভাবে চল যাতে রাজবংশের এই প্রদীপের আসক্তি স্তিমিত না হয়।' লজ্জা দূরে গেল, নারীরা আচ্ছন্ন করল রাজপুত্রকে ছলায়-কলায়। বৈরাগ্যস্নাত সিদ্ধার্থ তখন চিন্তা করছেন—'মরণ নিশ্চিত।' উদায়ী বহু যুক্তি দিয়ে কামের সেবায় প্ররোচিত করলেন বন্ধুকে। সিদ্ধার্থ অটল। নারীরা ব্যর্থ হয়ে ফিরে গেল।

পঞ্চম সর্গ ঃ অশান্ত সিদ্ধার্থ শান্তির আগ্রহে রাজ-অনুমতি নিয়ে মন্ত্রিপুত্রদের সংগে বহির্গমন করলেন। কর্ষিত এক শ্যামল মৃত্তিকার বুকে মৃত কীট-পতংগ দেখে করুণায় আপ্লুত হয়ে মাটিতে বসে জগতের উৎপত্তি এবং বিনাশের কথা ভাবতে লাগলেন। সহসা তিনি ধ্যানে মগ্ন হলেন। তখন অন্যের অদৃশ্য এক পুরুষ দাঁড়ালেন তাঁর সম্মুখে। কুমার তাঁর কাছে গৃহত্যাগের ইঙ্গিত পেলেন। প্রাসাদে ফিরে পিতার কাছে অনুমতি চাইলেন কিন্তু পেলেন না। অন্তঃপুরে এলেন। নারীরা ঘিরে ধরল কিন্তু দৈববশে ঘুমিয়ে পড়ল তারা। সুপ্তিতে বিকৃত হলো তাদের অঙ্গভঙ্গী। সিদ্ধার্থের বিতৃষ্ণা আরও বাড়ল। গৃহত্যাগের জন্য প্রস্তুত হলেন তিনি। দৈবশাসনে গৃহদ্বার উন্মোচিত হলো। কুমার অশ্বানুচর ছন্দককে জাগিয়ে অশ্ব 'কন্থক'কে আনতে বললেন। তাতে আরোহণ করে সিদ্ধার্থ যাত্রা করলেন। সংগে চললেন ছন্দক। পূর্বদিকে যখন সূর্যের আভা ফুটেছে তখন তিনি বহু যোজন পথ অতিক্রম করেছেন।

ষষ্ঠ সর্গ ঃ সিদ্ধার্থ ভার্গব মুনির আশ্রমে এসে ছন্দক এবং কন্থককে বিদায় দিলেন মধুর ভাষণে। ছন্দক তাঁকে ফিরতে অনুরোধ করলেন। সিদ্ধার্থ নিবৃত্ত করলেন তাঁকে। আপন তরবারি শূন্যে নিক্ষেপ করলেন। দেবতারা তা গ্রহণ করলেন। ব্যাধের ছদ্মবেশে আগত এক দেবতার কাছ থেকে তাঁর পরিচিত কাষায় গ্রহণ করলেন আপন বহুমূল্য বেশের বিনিময়ে। তারপর তিনি তপোবনে প্রবেশ করলেন। ছন্দক কন্থককে নিয়ে ফিরে চললেন কপিলবস্তু অভিমুখে।

সপ্তম সর্গ ঃ সিদ্ধার্থের প্রবেশে তপোবন উৎফুল্ল হলো। বহু তপস্বীর নানা তপস্যা দেখে কুমার প্রশ্ন করে জানলেন—স্বর্গই এই তপস্যার লক্ষ্য এবং দুঃখ সহনই ধর্মের মূল। সিদ্ধার্থ সন্তুষ্ট হলেন না। তাঁর অভিলাষ পুনর্জন্ম নিরোধ। পথ ভিন্ন, এক ভস্মশায়ী দীর্ঘদেহ ব্রাহ্মণ তাঁকে বিন্ধ্যকোষ্ঠে অরাড় মুনির কাছে যেতে বললেন। ঋষিদের অভিবাদন করে সিদ্ধার্থ সেই পথে অগ্রসর হলেন।

অষ্টম সর্গ ঃ ছন্দক কন্থককে নিয়ে নগরে ফিরলেন। সর্বত্র শোকের ছায়া। প্রজারা দুঃখে অভিভূত। যশোধরা শোকে আত্মবিস্মৃত, তাঁর কণ্ঠে অভিযোগের বাণী। ছন্দক বললেন—'অলৌকিক তাঁর গমন, আমরা অসহায় ছিলাম।' গৌতমীর

শোক অবাধ হলো। যশোধরা পুনঃ মূর্ছিত হলেন। সদ্য জপ এবং মঙ্গলকর্ম সমাপ্ত করে শুদ্ধোদন পূজাগৃহ থেকে নিষ্ক্রান্ত হয়ে করুণ বিলাপে আত্মহারা হলেন। মন্ত্রী এবং পুরোহিত তাঁকে প্রবোধ দিলেন, ঋষি অসিতের বাক্য স্মরণ করলেন। স্থির হলো যুক্তি দিয়ে সিদ্ধার্থকে ফিরিয়ে আনার চেষ্টা হবে। মন্ত্রী এবং বৃদ্ধ পুরোহিত সেই ভার নিয়ে যাত্রা করলেন ভার্গবের আশ্রমে।

নবম সর্গ ঃ ভার্গব মন্ত্রী এবং পুরোহিতকে বললেন—কুমার অরাড় মুনির আশ্রমের দিকে অগ্রসর হয়েছেন। দুজনে সেই পথে এগিয়ে সিদ্ধার্থকে দেখলেন বৃক্ষমূলে। পুরোহিত পরম শ্রদ্ধা এবং স্নেহে তাঁর এবং মহারাজের বক্তব্য নিবেদন করলেন গৃহে ফেরার অনুকূলে, কুমার খণ্ডন করলেন তা। অগ্নিময় গৃহ থেকে নির্গত হয়ে কে তাতে পুনঃপ্রবেশ করবে? কুমারের যুক্তির বিরুদ্ধে যুক্তি দিলেন মন্ত্রী। কুমার বললেন—'বরং জ্বলন্ত অগ্নিতে প্রবেশ করব তবু গৃহে ফিরব না।' নির্মমভাবে ত্যাগ করলেন সে স্থান। মন্ত্রী এবং পুরোহিত নগরে ফিরলেন।

দশম সর্গ ঃ সিদ্ধার্থ রাজগৃহে এলেন। দীপ্ত পুরুষের সংবাদ রটল দিকে দিকে। নৃপতি শ্রেণ্য (বিম্বিসার) পাণ্ডব পর্বতে তাঁর সঙ্গে সাক্ষাৎ করে বন্ধুভাবে রাজ্যের অর্ধেক তাঁকে দিতে চাইলেন। বহু যুক্তি দিলেন অকাল-সন্ন্যাসের বিপক্ষে।

একাদশ সর্গ ঃ নানা দৃষ্টান্ত তুলে সিদ্ধার্থ দেখালেন—বিষয়ভোগের দ্বারা ভোগবাসনার তৃপ্তি হয় না। তিনি সুখ-দুঃখের বিশ্লেষণ করলেন, যজ্ঞের সমালোচনা করলেন। প্রবৃত্তিমার্গের দোষ দেখিয়ে বললেন—'আমি অরাড় মুনির দর্শন লাভের জন্য এখানে এসেছি।' সশ্রদ্ধ বিস্ময়ে অভিভূত শ্রেণ্য বললেন—'আপনি যখন সিদ্ধিলাভ করবেন তখন আমার প্রতি যেন কৃপা করেন।' 'তথাস্তু' বলে সিদ্ধার্থ উঠলেন।

দ্বাদশ সর্গ ঃ অরাড় মুনির আশ্রমে এলেন গৌতম। অরাড় বললেন 'স্বাগতম্'। সিদ্ধার্থের গৃহত্যাগ তিনি শুনেছিলেন। নবীনের বৈরাগ্য দেখে বিস্ময় প্রকাশ করলেন এবং তৎক্ষণাৎ উজাড় করে দিতে চাইলেন তাঁর উপার্জন। সিদ্ধার্থের প্রশ্ন—'কেমন করে আমি জরা, ব্যাধি এবং মৃত্যু থেকে মুক্ত হব?' অরাড় সাংখ্যদর্শনের ভিত্তিতে বস্তুর স্বরূপ, মুক্তি এবং যোগ সম্বন্ধে দীর্ঘ উপদেশ দিলেন। সিদ্ধার্থ অরাড়ের মুক্তির ব্যাখ্যা যথার্থ মনে করলেন না। মুক্তিতে আত্মার অস্তিত্ব তাঁর অভিপ্রেত নয়—কেন না পুনরায় বন্ধনের অবকাশ আছে। আত্মত্যাগ হলেই পূর্ণ কৃতার্থতা। উৎকৃষ্ট ধর্মের জন্য তিনি উদ্রকের আশ্রমে গেলেন। তাঁর আসক্তি আত্মবাদে দেখে সেখান থেকে গয়ায় গিয়ে নৈরঞ্জনা নদীর তীরে বসলেন। পাঁচজন ভিক্ষু তাঁর সেবায় এগিয়ে এলেন। ছয় বৎসর বহু উপবাস বিধি পালন করে তাঁর দেহ অস্থিচর্মসার হলো। সহসা উপলব্ধি করলেন, বৃথা এই তনুক্ষয়। সুস্থ প্রসন্নচিত্ত পুরুষই একাগ্রতা লাভ করেন। ধীরে-ধীরে উঠে এলেন নদীর তীর থেকে। গোপরাজকন্যা নন্দবলা দেবপ্রেরিত হয়ে সেখানে পায়স নিয়ে এলেন। তা আহার করে সিদ্ধার্থের বলসঞ্চার হলো। তারপর এক তৃণচ্ছেদকের কাছে পবিত্র তৃণ নিয়ে বিশাল অশ্বত্থ বৃক্ষের মূলে বসলেন এই প্রতিজ্ঞা করে—'যাবৎ কৃতার্থ না হই তাবৎ আসন থেকে উঠব না।'

ত্রয়োদশ সর্গ ঃ সিদ্ধার্থ আসনে বসলে জগৎ হৃষ্ট হলো, কিন্তু সদ্ধর্মের শত্রু

মার ভীত হলেন। তিনি বললেন—'মোক্ষধর্ম পরিত্যাগ করো।' সিদ্ধার্থ উঠলেন না দেখে মার শর নিক্ষেপ করলেন। সিদ্ধার্থ অবিচল। চিন্তিত মার তাঁর বিকটমূর্তি সশস্ত্র ভূতদের স্মরণ করলেন। তাদের তীব্র আক্রমণ আরম্ভ হলো। তবু সিদ্ধার্থ অচঞ্চল। বিস্মিত মারের প্রতি তখন আকাশবাণী হলো—, 'হে মার, বৃথা শ্রম কর না। বোধির জন্য জন্মজন্মান্তরে ইনি যে পুণ্যকর্মরাশি পুঞ্জিত করেছেন আজ তার ফল লাভের দিন।' বিষণ্ণ মার প্রস্থান করলেন। অনুচরেরা পলায়ন করল। পুষ্পবর্ষণ হলো আকাশ থেকে।

চতুর্দশ সর্গ: মারের সৈন্য জয় করে সিদ্ধার্থ ধ্যান করতে লাগলেন। ধ্যানে নিমগ্ন হলে রাত্রির প্রথম প্রহরে তাঁর পূর্ব জন্মের কথা স্মরণ হলো। আপন জন্মমৃত্যু-প্রবাহ স্মরণ করতে-করতে তিনি বুঝলেন—সংসার কদলীবৃক্ষের গর্ভের মতো অসার। জীবের উৎপত্তি এবং বিনাশ দর্শন করলেন অবাধে। করুণা হলো জীবের পাপের ফলভোগ দেখে। কু-কর্মের ফলে কেউ নরকে প্রবেশ করছে, কেউ সংসারে আসছে মাতৃগর্ভে জন্মলাভ করে। (অবশিষ্ট সর্গগুলির জন্য অনুবাদের শেষাংশ দ্রষ্টব্য)

বুদ্ধচরিত : কাব্যানুশীলন

বুদ্ধচরিত মহাকাব্য বলে পরিচিত। 'সাহিত্যদর্পণ'-এর রচয়িতা বিশ্বনাথ গ্রন্থের ষষ্ঠ পরিচ্ছেদের ২৯০ অনুচ্ছেদে 'সর্গবন্ধো মহাকাব্যম্' ইত্যাদি শ্লোকে মহাকাব্যের লক্ষণ ব্যক্ত করেছেন। তাতে উপাদানের বহুত্বকে আমন্ত্রণ করা হয়েছে যার মূল লক্ষ্য হলো ব্যাপ্তি। যেন কবির কাব্য শরতের খণ্ডমেঘের মতো নয় কিন্তু বর্ষার দিগন্ত প্রসারিত পরিণত জলধরের মতো বসুন্ধরার বিপুল বৈচিত্র্যকে আত্মীয় করতে পারে। এই বিশালতা বুদ্ধচরিতের আছে। যে-জীবন এর বিষয়, সেটি স্বয়ং বিরাট। সেই মহিমাকে বিকীর্ণ করেছেন তিনি বিভিন্ন পরিবেশে। তাঁর জন্মের বৃত্তান্তটির জন্যই কবির বিস্তর আয়োজন। তাঁকে তিনি দেখিয়েছেন কুসুমদামসজ্জিত, দীপাবলীতেজে উজ্জ্বলিত নাট্যশালাসম প্রাসাদপুরীতে, দেখিয়েছেন পথে, দেখিয়েছেন বনে, পিতৃ-সন্নিধানে, স্মিত-মিত-রমণীসমাজে, দেখিয়েছেন অশ্বানুচরের প্রভুমূর্তিতে, অশ্বের আরোহিরূপে! জরা, ব্যাধি এবং মৃত্যুর দর্শনে তাঁর ভাবান্তর আড়াই হাজার বছর পরে আজও স্পষ্ট। সিদ্ধার্থকে দেখেছি নিশীথে গৃহত্যাগ করতে, দেখেছি বহুমূল্য বেশবাস খুলে ভৃত্যকে বিদায় দিয়ে ছদ্মবেশী দেবতার পরিধেয় কাষায় গ্রহণ করতে, দেখেছি অতুল ঐশ্বর্যে রত মানুষের ভিখারীর ব্রত, দেখেছি তার্কিককে, দেখেছি বিভীষিকার মধ্যে কামের বীভৎস অনুচরদের ভীমকায় অস্ত্রবিক্ষেপের তলে—কেন না মহাকাব্য একটি যুদ্ধের বর্ণনা চায়—দেখেছি নদীতীরে, অশ্বত্থমূলে একাকী পদ্মাসনে, দেখেছি আত্মহিতের পথ আবিষ্কার করে ধীরোদাত্ত নায়ককে বিশ্বহিতে ব্রতী হতে।

আদর্শকে যদি গর্ভ ধরা যায় তবে কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' বুদ্ধচরিতের সহোদর। আপন জীবনে ধর্মকে প্রতিষ্ঠিত করে বিশ্বময় তাকে ছড়িয়ে দেবার ব্রত দুজনেরই এবং সেই অর্জন এবং বিতরণই দুই মহাকাব্যের বিষয়বস্তু।

নিশীথে গৃহত্যাগ করেছিলেন দুজনেই এবং কামিনীকাঞ্চন বর্জনের আদর্শেও দুই-এর মন একই সুরে বাঁধা। তবে চৈতন্যচরিতামৃতের কবিকর্ম যেন সহজতর পদ্ধতিতে নিবদ্ধ। এর সরল গ্রাম্যভাষা, গ্রামের পথে-পথে, কুটিরে-কুটিরে হরিধ্বনিনিরত নায়কের গতাগতি, এর দৈনন্দিন স্তুক্তো-ঝোল-অম্বল দিয়ে আতপ-তণ্ডুলের অন্নগ্রহণের পরম পরিতৃপ্তির বিবরণ—চৈতন্যচরিতামৃতকে গৃহস্থের দেহলীতে এনে হাজির করেছে। বুদ্ধচরিতের ছন্দোবদ্ধ পদাবলী—যেন উঁচু সুরে বাঁধা—তাতে প্রত্যহের স্পর্শ নেই। দুটি মহাকাব্যেই নায়িকার ন্যূনতা অপূর্ব সামঞ্জস্য এনেছে, অথচ দুই মহামানবই বিবাহিত ছিলেন। সম্ভোগ এবং শৃঙ্গার রস মহাকাব্যের একটি উপকরণ হবে কিন্তু এই দুটি মহাকাব্য এই বিষয়ে নিরভিলাষ, বরং উক্ত যুগলের বিরুদ্ধেই এঁদের সংগ্রাম পরিচালিত হয়েছে। বুদ্ধচরিতের চতুর্থ সর্গে অশ্বঘোষ বনভূমিতে অপরাহ্নের আসন্ন অন্ধকারে স্তনজঘনধৃক্-যৌবনবতীদের দিয়ে শৃঙ্গার রসের প্রাদুর্ভাব ঘটিয়েছেন কিন্তু তা পরাজয়ের গ্লানিতে মন্থর, তা রসের উদ্রেক করে নি। তার সংগে নায়ক বা নায়িকার সংযোগ নেই। এই মহাকাব্যে যশোধরার গুণময় বর্ণনা রয়েছে এবং অষ্টম সর্গে তাঁর দুই প্রগ্‌থ দীন বিলাপ কালিদাসের কুমারসম্ভবের চতুর্থ সর্গে 'মদনেন বিনাকৃতা রতি'র অসহ্যবেদন নববৈধব্যের করুণকথার পূর্বগামী, কিন্তু বহুদূরের নক্ষত্র যেমন আপন আলোকে আপন সত্তাকে নিঃসংশয়িত করলেও ধরিত্রীর অন্ধকারকে কিছুমাত্র সিক্ত করে না, তেমনি যশোধরার দুঃখনিবেদন সিদ্ধার্থকে স্পর্শ করে নি। চিরকালের জন্য দুঃখের উচ্ছেদযজ্ঞে ব্রতী নায়কের উত্তুঙ্গ মহিমার কথা স্মরণে থাকায় নায়িকার এই ক্ষণকালের বিরহ আমাদের মর্মেও তীব্র আঘাত হানে নি। চৈতন্য-চরিতামৃতেও নায়িকাসংবাদ অবান্তর কথা।

'বুদ্ধচরিত' পড়লে বিস্মিত হতে হয় কবির জ্ঞানভাণ্ডার দেখে। তাঁকে বুঝতে হলে বেদ খুলতে হয়, রামায়ণ-মহাভারতের তো কথাই নেই। পুরাণ, অর্থশাস্ত্র, সাংখ্য-দর্শন, কামশাস্ত্র, বিবিধছন্দ, ব্যাকরণ, অলংকারে তাঁর ভাণ্ডার পূর্ণ।

বেদে তাঁর অধিকার বুদ্ধচরিতে প্রতিষ্ঠিত দেখি। শুধু যজ্ঞের উল্লেখেই নয় (যেমন, ১. ০৬), বিভিন্ন বৈদিক পুরাবৃত্ত উদ্ঘাটনেও বৈদিক সাহিত্যের সংগে তাঁর ঘনিষ্ঠ পরিচয় প্রকাশিত হয়েছে। 'বৃহস্পতি মরুৎকন্যা মমতার গর্ভে ভরদ্বাজকে উৎপন্ন করেছিলেন' (৪. ৭৪), এই ছত্রে 'মমতা' ঋগ্বেদেরই একটি চরিত্র। ষষ্ঠ মণ্ডলের দশম সূক্তের দ্বিতীয় মন্ত্রে আছে 'স্তোমং যমস্মৈ মমতেব' ইত্যাদি। এই মন্ত্রের ভাষ্যে সায়ণ বলেছেন, 'মমতা নাম ব্রহ্মবাদিনী দীর্ঘতমসো মাতা'—মমতা হলেন ব্রহ্মবাদিনী, দীর্ঘতমা মুনির মাতা। ভরদ্বাজ যে বৃহস্পতির সন্তান এ-ও বৈদিক বৃত্তান্ত। ঋগ্বেদের ষষ্ঠ, নবম এবং দশম মণ্ডলের বহু মন্ত্রের তিনি ঋষি, সেখানে 'ভরদ্বাজো বার্হস্পত্যঃ'—বৃহস্পতির পুত্র ভরদ্বাজ বলে তাঁর উল্লেখ আছে। প্রথম সর্গের দশম শ্লোকে কথিত কক্ষীবান্‌ও ঋগ্বেদের ঋষি (ঋগ্বেদ, ১.১২৬.২), বহুমন্ত্রের দ্রষ্টা। বশিষ্ঠকে আমরা সাধারণত ব্রহ্মার মানস-পুত্র বলে জানি, কিন্তু অশ্বঘোষ তাঁকে বলেছেন 'মুনিরৌর্বশ্রেয়ঃ' (১.৯)—উর্বশীর পুত্র বশিষ্ঠ মুনি। এই বৃত্তান্ত ঋগ্বেদ থেকে আহৃত, যেমন, 'উতাসী মৈত্রাবরুণো বশিষ্ঠোর্বশ্যা ব্রহ্মন্ মনসোঽধি জাতঃ' (ঋগ্বেদ, ৭.৩৩.১১)—হে বশিষ্ঠ, তুমি মিত্র এবং বরুণের পুত্র, তুমি উর্বশীর মন থেকে জাত। আবার 'অপ্সরসঃ পরি যজ্ঞে বশিষ্ঠঃ' (ঐ. ৭ ৩৩.১১)—অপ্সরা উর্বশী থেকে বশিষ্ঠ

জাত হয়েছিলেন। পুত্রের জন্মের পরে শুদ্ধোদন বেদবিহিত সোমরস পান করেছিলেন : 'বেদোপদিষ্টং চ সোমং পপৌ' (২.৩৭)—এই উক্তিও তাঁর বৈদিক রীতি সম্পর্কে অভিজ্ঞতার নিদর্শন। শুদ্ধোদন পুত্রের দীর্ঘায়ু কামনায় স্বয়ম্ভু সম্পর্কিত ঋক মন্ত্র জপ করতে লাগলেন, একথাও বলেছেন অশ্বঘোষ (২.৫১)। 'স্বর্গপ্রধানং তপসঃ ফলঞ্চ' (৭.২০)—তপস্যার প্রধান ফল স্বর্গ, সিদ্ধার্থের মুখে অশ্বঘোষের এই সাধারণ উক্তি অবশ্য সর্বাংশে সমীচীন নয়, কারণ বহু ঋষি শুধু মুক্তির জন্যই তপস্যা করেছেন। রাজা দশরথ অভ্যাগত বিশ্বামিত্রকে প্রশ্ন করেছিলেন, 'ঐষীঃ পুনর্জন্মজয়ায় যৎ ত্বং, রূপাদিবোধান্ন্যবৃতচ্চ যৎ তে' (ভট্টিকাব্য, ১.১৮)—আপনি পুনর্জন্ম জয়ের জন্য যে 'ধ্যান' (তপস্যার অন্যতম অঙ্গ ধ্যান) অভিলাষ করেছেন, যা রূপাদি বোধ থেকে নিবৃত্ত হয়েছে, সেই ধ্যানের 'শিবম্' অর্থাৎ মঙ্গল তো ? এখানে মুক্তিই তপস্যার লক্ষ্য, স্বর্গ নয়। যজ্ঞের ফল স্বর্গ হোক্ কিন্তু 'তপঃশ্রদ্ধে যে হ্যুপবসন্ত্যরণ্যে শান্তা বিদ্বাংসো ভৈক্ষচর্যাং চরন্তঃ' (মুণ্ডক উপনিষদ্, ১.২.১১)—যে শান্ত বিদ্বান্‌গণ অরণ্যে বাস ক'রে তপস্যা এবং শ্রদ্ধার অনুষ্ঠান পূর্বক ভিক্ষাচরণ করেন, তাঁরা অস্থায়ী স্বর্গের জন্য নয়, কিন্তু সেই পরম পদের জন্যই তপস্যা করেন,—'যত্রামৃতঃ স পুরুষোহ্যব্যয়াত্মা' (ঐ)—যেখানে সেই অব্যয়াত্মা অমৃত পুরুষ আছেন। এখানে ব্রহ্মপ্রাপ্তি বা মুক্তিই তপস্যার উদ্দেশ্য বলা হয়েছে। 'তপাংসি সর্বাণি চ যদ্ বদন্তি'—সমস্ত তপস্যা যাঁকে ব্যক্ত করেছে, এবং 'যদিচ্ছন্তো ব্রহ্মচর্যং চরন্তি'—যাঁকে ইচ্ছা করে মানুষ ব্রহ্মচর্য পালন করে তাঁকে 'ওম্ ইত্যেতৎ' (কঠোপনিষদ্ ২.২৫)—'ওম্' অর্থাৎ ব্রহ্ম বলে অভিহিত করেছেন। তবে 'লোকাশ্চ সর্বে পরিণামবন্তঃ' (বুদ্ধচরিত ৭.২০)—স্বর্গ প্রভৃতি সমস্ত লোকই ক্ষয়শীল, তাঁর এই উক্তি বেদের সম্পূর্ণ অনুগামী। উপনিষদ্ স্বর্গের জন্য যজ্ঞের অনুমোদন করেও বলেছেন, 'নাকস্য পৃষ্ঠে তে সুকৃতেনুভূত্বেমং লোকং হীনতরঞ্চাবিশন্তি' (মুণ্ডক উপনিষদ, ১.২.১০ — স্বর্গলোকে তাঁরা পুণ্যের ফল অনুভব করে এই পৃথিবী বা হীনতর কোন জগতে প্রবেশ করেন।

নারীর কলা-কৌশলের বিস্ময়কর প্রকাশ ঘটেছে তাঁর কাব্যে। এর কিছু সাধারণ, আবার কতকগুলি তীব্র ইঙ্গিতগর্ভ সংক্ষিপ্ত বচনে যেন সংযমের বাঁধ চূর্ণ করে দেয়। চতুর্থ সর্গে সিদ্ধার্থকে আসক্ত করবার জন্য পুরোদ্যানে যে রমণীরা আমন্ত্রিত হয়েছিলেন তাঁরা সিদ্ধার্থের অনুক্তভাবে শীতল হয়ে গেলেন। তখন পুরোহিতপুত্র উদায়ী—ঘৃতাচী, শান্তা, কাশীসুন্দরী ইত্যাদি হবেক কামিনীর উল্লেখ করে তাঁদের চিত্তদীপ জ্বেলে দিলেন। তখন তাঁরা আমের মুকুল, অশোকগুচ্ছ এবং 'কঠিনৈঃ পীনৈঃ, সংহতৈর্বল্গুভিঃ স্তনৈঃ' (৪. ২৯)—কঠিন পুষ্ট, পরস্পর সংলগ্ন মনোহর স্তন দিয়ে আক্রমণ শুরু করলেন। এতে মহাকাব্যের কবির মুনশীয়ানা নেই কিন্তু প্রাণঘাতক প্রয়োগ আছে এক-একটি উক্তিতে। একজন কুমারের কানের কাছে মুখ নিয়ে বললেন, 'রহস্যং শ্রূয়তামিতি' (৪. ৩১)—একটা গোপন কথা শুনুন। একজন তাঁর হাত ধরে আদেশ করলেন, 'ইহ ভক্তিং কুরুষ্বেতি' (৪. ৩২)—এখানে একটি রেখা আঁকুন তো! একগুচ্ছ আম্রমঞ্জরী দেখিয়ে এক ললনা বললেন, 'ইদং পুষ্পং তু কস্যেতি' (৪. ৪১)—এ ফুল কার ? পীনবল্গুস্তনী একজন হেসে কানের দুলটি দুলিয়ে বললেন, 'সমাপ্যতাম্' (৪ ৩৯)—এবার সেরে ফেলুন।

এই রতিপণ্ডিতই অব্যবহিত পরের সর্গে অন্তঃপুরে বরাঙ্গনাদের সর্বনাশ করেছেন। পড়ে মনে হয়—যোগবাশিষ্ঠের 'বৈরাগ্যপ্রকরণে'র ২১ অধ্যায় পড়ছি, যা নিছক কামাশ্রয়ঘাতিনী কথা। ওরা তখন সুপ্তিমগ্ন। কেউ 'বিনিশ্বসমুল্বণম্' (৫. ৫৯)—নাক ডাকাতে লাগলেন, 'জজৃম্ভিরে চ' (ঐ)—এবং হাই তুললেন। যাঁর যৌবননিকুঞ্জে এইমাত্র পাখি গাইছিল তাঁর ঐ নিকুঞ্জ থেকেই যদি ক্ষণপরে বিশ্বপ্লাবী নাসিকাগর্জন শোনা যায় তবে তা যৌবনের সমুন্নত শিখরে বজ্রাঘাত করে। মার্কণ্ডেয় পুরাণের চণ্ডীতে ব্রহ্মা মহামায়ার স্তব করেছেন: 'ত্বং শ্রীস্ত্বমীশ্বরী ত্বং হ্রীঃ' (১. ৭৪)—তুমি শ্রী, তুমি ঈশ্বরী, তুমি লজ্জা। এখানে লজ্জার মহিমার অভিব্যক্তিই উদ্দেশ্য। যা অসুন্দরকেও সুন্দর করে এবং সুন্দরকে সুন্দরতর করে, এঁরা সেই সরমকে বিসর্জন দিয়েছিলেন। কবি বলেছেন 'হ্রিয়া বিযুক্তা' (বুদ্ধচরিত, ৫. ৫৯) তাঁরা লজ্জা থেকে ভ্রষ্ট ছিলেন। কোন ভামিনীর মুখপদ্মখানি ক্ষণপূর্বে যৌবনসরসীনীরে টলমল করছিল, এখন সেটি প্রপদুবক্তুজলা (৫. ৬১) হলো, অর্থাৎ মধুক্ষরণের বদলে তা থেকে লালা গড়িয়ে পড়ল।

এখানে এই প্রসুপ্ত কামিনীগুচ্ছের বৃত্তান্ত রামায়ণের সুন্দরকাণ্ডে রাবণের অন্তঃপুরে নিদ্রিত লাবণ্যপুঞ্জের বিবরণের অনুজ, কিন্তু মিল আছে-আছে করেও নেই। অশ্বঘোষের ছবি নায়কের অন্তরে বন্ধমূল বিতৃষ্ণাকে গাঢ়তর করবার জন্য আঁকা, বাল্মীকির চিত্র সীতা অন্বেষণে সদ্য আগত হনুমানের চিত্তে রাবণের ঐশ্বর্যের চিহ্নগুলি মুদ্রিত করার জন্য। আরও একটি কারণ ছিল। সীতা অন্বেষণে অনূঢ় হনুমানের অধিকার কতটুকু—এই প্রশ্নেরও সমাধান চেয়েছিলেন তিনি। এখানে তাই তিনি প্রসুপ্ত সুন্দরীর নীবিবন্ধন শিথিল করে তার আকর্ষণ বাড়িয়ে তারই নিকষে যাচাই করেছেন হনুমানের চরিত্র। এইজন্যই সিদ্ধার্থ যে-অবস্থায় যাঁদের দেখে বিরক্ত হয়েছিলেন, সেই অবস্থায় তাঁদেরই সগোত্রদের দর্শন করে হনুমান ঘৃণাবোধ করতে পারেন নি কিন্তু সংকুচিত হয়েছিলেন, কারণ নিদ্রিত নারীকে দেখা পাপ। তাই যেখানে অশ্বঘোষের সুপ্তিমগ্ন নারীদের কারও নাক ডাকছে, কারও লালা গড়াচ্ছে, কেউ 'প্রকাশগুহ্যা' (৫. ৬১)—গোপন স্থান প্রকাশ করে আছে, সেখানে বাল্মীকির নারীরা: 'প্রসুপ্তবিহগেবৈব নিঃশব্দাম্বরভূষণম্। নিঃশব্দহংসভ্রমরং বভৌ পদ্মবনং যথা॥ (রামায়ণ, ৫. ১৪. ২৪)—নিদ্রিত-বিহগকুল এবং নিঃশব্দহংসভ্রমরসমাকীর্ণ পদ্মবনের মতো প্রকাশিত হয়েছিলেন।

সুন্দর থাকে অসুন্দরের সঙ্গে একই আধারে। কবির উদ্দেশ্যকে অনুসরণ করে একটি ওঠে, নিচে পড়ে আর একটি। অশ্বঘোষের লক্ষ্য ঘৃণার উদ্রেক, বাল্মীকির কাজ রূপরচনা।

বাল্মীকির প্রতি অশ্বঘোষের অন্তরটি আকাশের দিকে সহস্রপদ্মের মতো উন্মুখ ছিল মনে হয়। নিজের পরিচয় দিয়েছেন তিনি 'সাকেতক', অর্থাৎ অযোধ্যার অধিবাসী বলে, রামায়ণের যেটি প্রসবভূমি। বুদ্ধচরিতে তিনি বলেছেন: 'বাল্মীকিরাদৌ চ সসর্জ পদ্যম্' (১. ৪৩)—বাল্মীকি প্রথম পদ্য রচনা করেছিলেন। অর্থাৎ বাল্মীকি 'আদিকবি', যেটি ভারতবর্ষে তাঁর চিরকালের পদবী। সিদ্ধার্থ গৃহত্যাগ করলে শুদ্ধোদনের অবস্থা প্রসঙ্গে কবি বলেছেন: 'দশরথ ইব রামশোকবশ্যো বহু বিললাপ নৃপঃ' (৮.৮১)—রামের শোকে আকুল দশরথের মতো বহু বিলাপ করলেন রাজা। নবম

সর্গে মন্ত্রী এবং পুরোহিত রাজাজ্ঞায় বনে গিয়েছেন সিদ্ধার্থকে ফিরিয়ে আনতে। কবি তাঁদের এই গমনের বিশ্লেষণ করছেন: যথা বনস্থং সহবামদেবো রামং দিদৃক্ষুর্মুনিরৌর্বশেয়ঃ' (৯.৯)—যেমন বনস্থিত রামকে দর্শনের অভিলাষে বামদেবের সঙ্গে গিয়েছিলেন উর্বশীতনয় বশিষ্ঠ। বামদেব দশরথের মন্ত্রী, বশিষ্ঠ তাঁর কুলপুরোহিত। রামায়ণে (গৌড়ীয়পাঠ, ক্যালকাটা স্যাংস্ক্রিট সিরিজ) ভরত বশিষ্ঠ এবং আরও বহুজন নিয়ে রামচন্দ্রকে ফিরিয়ে আনতে বনে গিয়েছিলেন এ-কথা আছে। তিনি: 'ঋষিং বশিষ্ঠং সংদিশ্য মাতৃমে' শীঘ্রমানয়' (২.১০৮ ২)—আমার জননীদের শীঘ্র আনুন, ঋষি বশিষ্ঠকে এই বলে এগিয়ে গেলেন। বামদেবের নাম এখানে নেই। অযোধ্যাকাণ্ডের দ্বিতীয় সর্গে এঁদের নাম একত্র পাওয়া যায়, যেখানে দশরথ 'বশিষ্ঠং বামদেবঞ্চ, (২.২.৩)—বশিষ্ঠ এবং বামদেবকে চলতি চৈত্র মাসেই রামের যৌবরাজ্যে অভিষেকের জন্য অনুরোধ করছেন। এই স্মৃতি থেকেই কি কবি রামকে ফিরিয়ে আনবার জন্য বশিষ্ঠের সঙ্গে বামদেবকেও যুক্ত করেছেন? মহাভারতের বনপর্বে কিন্তু বশিষ্ঠবামদেবাভ্যাম্' (৩. ২৭৬. ৩৭)—বশিষ্ঠ এবং বামদেবের সঙ্গে ভরতের রামকে অযোধ্যায় পুনরানয়নের আকাঙ্ক্ষায় বনে গমনের উল্লেখ আছে। ভার্গব মুনির আশ্রমে পৌঁছে সিদ্ধার্থ যখন ছন্দককে বিদায় দিচ্ছেন তখন ছন্দক বললেন: 'সুমন্ত্র ইব রাঘবম্'—সুমন্ত্র যেমন রাঘবকে বনে পরিত্যাগ করে নগরে যেতে অসমর্থ বোধ করেছিলেন, আপনাকে রেখেও তেমনি আমি যেতে পারছি না (৬. ৩৬)। 'বুদ্ধচরিতে'র অষ্টম সর্গে গৌতমী যেখানে 'কুররীর দুঃখিতা' (৮. ৫১)—কুররীর মতো কাতর হয়ে রোদন করছেন, সেখানে রামবিহনে কৌশল্যার শোক অনুবৃত্ত হয়েছে মনে হয় (রামায়ণ, ২. ২. ৪২)।

আয়ুর্বেদের তত্ত্বও জানতেন তিনি। দ্বিতীয়বার পথে বেরিয়ে সিদ্ধার্থ এক রোগীকে দেখে যখন প্রশ্ন করলেন তখন সারথি বললেন: 'ধাতুপ্রকোপপ্রভবঃ প্রবৃদ্ধঃ, রোগাভিধানঃ সুমহাননর্থঃ' (৩. ৪২)—ধাতুর প্রকোপ থেকে উৎপন্ন রোগ নামক মহান্ অনর্থ এর দেহে বৃদ্ধি পেয়েছে। এখানে কবির আয়ুর্বেদের জ্ঞান ব্যক্ত হয়েছে।

তাঁর জ্যোতিষ-বিষয়ক খুঁটিনাটি জ্ঞান প্রতিফলিত হয়েছে দ্বিতীয় সর্গের ৩৬ সংখ্যক শ্লোকে। সিদ্ধার্থ জন্মগ্রহণ করেছিলেন পুষ্য বা পুষ্যা নক্ষত্রে (১. ৯) অশ্বঘোষ বলেছেন: 'ভং ভাস্বরং চাঙ্গিরসাধিদেবং যথাবদানর্চ তদায়ুষে সঃ (২. ৩৬)—রাজা পুত্রের আয়ুর জন্য বৃহস্পতি-অধিদেবতা যুক্ত উজ্জ্বল নক্ষত্রটিকে (পুষ্যাকে) পূজা করলেন। পুষ্যা নক্ষত্রের অধিপতি বৃহস্পতি— এই উক্তি জ্যোতিষশাস্ত্রের জ্ঞান অপেক্ষা করে। অধিকন্তু, নক্ষত্র বোঝাতে তিনি 'ভ' এই একাক্ষরবিশিষ্ট শব্দটি গ্রহণ করেছেন। অমরকোষ 'নক্ষত্রম্ ঋক্ষং ভং তারা, তারকাপ্যুড়ু বাস্ত্রিয়াম্'—এই বচনে নক্ষত্রবাচক যে-কটি শব্দ ব্যবহার করেছেন তার মধ্যে 'ভ' এবং 'উড়' এবং বিশেষ করে 'ভ' এই শব্দটি জ্যোতিষশাস্ত্রেই বহুপরিমাণে ব্যবহৃত হয়। সেই শাস্ত্র অধ্যয়ন করেই সম্ভবত কবি এটির ব্যবহারে অনুপ্রেরিত হয়েছিলেন।

ব্যাকরণে তাঁর জ্ঞানের পরিচয় রয়েছে দুরূহ ক্রিয়াপদ প্রয়োগের মধ্যে। বুদ্ধচরিতের কেবল দ্বিতীয় সর্গেই তাঁর 'অজীঘনন্' (৪২)—বধ করেছিলেন, 'অহাসীৎ' (৪৩)—পরিত্যাগ করেছিলেন, 'অহাষীৎ (৪৩)—ছেড়ে দিয়েছিলেন, 'অচোচ্ছিদিষ্ট' (৪০)—ছেদন করেছিলেন, ইত্যাদি প্রয়োগ সম্ভবত খ্রীষ্টীয় ষষ্ঠ বা সপ্তম শতাব্দীর ভট্টিকাব্যের রচয়িতাকে বিপুল উৎসাহ দিয়েছিল,* কারণ সেই বৈয়াকরণশিরোমণি তাঁর

মহাকাব্যের প্রথম শ্লোকে মঙ্গলাচরণ কোনমতে সেরেই যে কবিকর্ম করলেন তাতে 'অধ্যৈষ্ট,' 'অঘষ্ট.' 'অপারীৎ', 'সমমংস্ত', 'ব্যজেষ্ট', 'অরংস্ত', 'সমুলঘাতেম্', 'ন্যবধীৎ' এই পদগুলি একটিমাত্র শ্লোককেই (১. ২) অলংকৃত করেছে। অবশ্য এই কাব্যের উদ্দেশ্যই ছিল ব্যাকরণের অনুশীলন কিন্তু অশ্বঘোষের তাৎপর্য তা নয়। কবি স্বভাবতই সরল হলেও এই দুরূহ পদ কখনও-কখনও দুঃশ্রবত্ব এনেছে। যেমন, 'প্রবৃদ্দর্পমুদবৃত্তমবেভিদিষ্ট' (২. ৪০)—শত্রুর উদ্ধত অহংকারকে ছিন্ন করেছিলেন। নানা বিভক্তি এবং প্রত্যয়বিশিষ্ট পদপ্রয়োগ সারা বুদ্ধচরিতে ছড়িয়ে আছে। কবি ব্যাকরণে পরম নিষ্ণাত কিন্তু ক্বচিৎ কদাচিৎ তাঁর প্রয়োগগুলির ব্যাখ্যা পাওয়া যায় না, যেমন, 'দিদৃক্ষয়া শাক্যকুলধ্বজস্য' (১. ৫৮)—শাক্যকুলধ্বজের দর্শন আকাঙ্ক্ষায়। এখানে কর্মকারকে ষষ্ঠীবিভক্তির প্রয়োগ দুর্বোধ্য। এ-রকম আরও ক্ষেত্র আছে। দশম সর্গের ২৬ সংখ্যক শ্লোকে 'সহীয়া' (সহগমন সংগতি)—এই শব্দটির ব্যাকরণসম্মত ব্যুৎপত্তি দুর্বোধ্য। কবির ভাণ্ডারে কিন্তু সরস্বতীর অকৃপণ দাক্ষিণ্য আছে। অক্ষয়ধর্মে অনুরাগী সিদ্ধার্থ গৃহে প্রবেশ করছেন. কবি বলছেন, 'ক্ষয়ম্ অক্ষয়-ধর্মজাতরাগঃ প্রপেদে' (৫. ২৬)—এখানে প্রথম 'ক্ষয়ে'র অর্থ 'গৃহ', দ্বিতীয় 'ক্ষয়ে'র অর্থ বিনাশ'।

তাঁর অব্যয়ের প্রয়োগ, বিশেষত পুনঃপুনঃ 'ততঃ' এবং 'অঘ' প্রয়োগ অনুবাদককে ব্যাকুল করেছে। কিন্তু বিদগ্ধ কবির অব্যয় সম্পর্কে জ্ঞান গভীর। 'স্নেহঃ কথং স্যাৎ' (২. ৪৮)—এখানে 'কথম্' এই অব্যয়টি বড় দুর্লভ অর্থে প্রযুক্ত। 'কথম্'-এর প্রচলিত অর্থ আমরা জানি কিন্তু 'সম্ভাবয়ামি', 'মনসি করোমি'—মনে করছি এই অর্থে ব্যবহার সুলভ নয় (২. ৪৮)। মেদিনীকার বলেছেন, 'কথং হর্ষে চ গর্হায়াং প্রকারর্থে চ সম্ভ্রমে। প্রশ্নে সম্ভাবনায়াঞ্চ ॥'

সংখ্যা দিয়ে একটি ধাঁধা প্রয়োগ করেছেন তিনি 'একং বিনিন্যে' ইত্যাদি শ্লোকে (২. ৪১)। 'হিমারিকেতূদ্ভবসম্ভবান্তরে' ইত্যাদি শ্লোকে (১১. ৭১) যে প্রহেলিকাটির বিনিয়োগ করেছেন তার অর্থ উদ্ঘাটনে দুর্বল অনুবাদক নিজেকে দুর্বলতর বোধ করেছেন। মনে পড়ছে সেই বাক্যটির কথা যাতে 'পর্বতো বহ্নিমান্ ধূমাৎ'—এই ন্যায়শাস্ত্র-প্রসিদ্ধ ক্ষুদ্রকায় বাক্যটি প্রকাশিত হয়েছে এই মহাবাক্যের দ্বারা: 'কশ্যপতনয়াধৃতিহেতুবয়ং ত্রিনয়নতনয়বাহনসমাননামধেয়বান্ তৎকেতুমত্ত্বৎ।' দৃষ্টান্ত অসমান হলো এইটুকুই খেদ। কবি স্বভাবত সরল কিন্তু কবিযশঃপ্রার্থী হয়ে মাঝে মাঝে যা দান করেছেন তা গুরুভার বটে। প্রহেলিকা নয় কিন্তু শব্দশক্তির লীলায় উৎসর্গ করা অষ্টম সর্গের ২২ সংখ্যক শ্লোকে কোকদুর্বল রমণীদের বর্ণনায় কবি আপন বলকে স্মরণ করেছেন। অথচ এই কবিই শুদ্ধোদন, ছন্দক, কন্থক প্রভৃতির শোক অঙ্কিত করেছেন, যেখানে ভাবের সঙ্গে ভাষার মিল আন্তরিকতার প্রতিভূ হয়েছে। শুদ্ধোদনের শোকও কালজয়ী। বস্তুত যা গুরু, আতিশয্য থাকলেও তা মহত্ত্বজ্ঞাপক। লোকোত্তর মহিমার যাঁরা অধিকারী তাঁদের চিত্ত 'মৃদূনি কুসুমাদপি' ফুলের চেয়েও কোমল বটে কিন্তু ক্ষেত্রবিশেষে 'বজ্রাদপি কঠোরাণি—'বজ্রের চেয়েও কঠোর। এই কঠোরতা যখন ভর করে তখন তাদৃশ বাণী নির্গত হয়। শব্দের দুটি মূর্তিই আছে। বিশাল মহাকাব্যে দুটিকেই প্রকাশ করলে শব্দ স্বরূপে প্রকাশিত হলো।

নইলে কত সংক্ষেপে 'রূপস্য হন্ত্রী' ইত্যাদি একটিমাত্র শ্লোকে (৩. ৩০) তিনি

জরার সর্বনাশা স্বভাবটি বর্ণনা করেছেন। পরবর্তী শ্লোকে তার ক্রমশ প্রসারের বর্ণনাও কী করুণ এবং স্বাভাবিক। উদায়ী বলেছিলেন—বিষয়ের সেবা কর। তার প্রত্যুত্তরে সিদ্ধার্থের মুখে কবি যে-উক্তি ব্যবহার করেছেন তা সরলই শুধু নয়, রমণীয়তায় পূর্ণ। তার বর্ণনায় কি অপূর্ব সংকেত। উদায়ীর কথার জবাবে কুমার সিদ্ধার্থের বাক্য শেষ হলো, সঙ্গে-সঙ্গে 'অস্তমিয়ায় ভাস্করঃ' (৪. ১০০)—সূর্য গেল অস্তাচলে। একটি বিপুল জ্যোতিষ্কের কর্মসমাপ্তির বার্তা কি কবি সিদ্ধার্থের বাক্য সমাপ্তির সঙ্গে যুগপৎ অঙ্কিত করে অতঃপর আর তর্কের অবকাশ নেই—এই কথাটি বুঝিয়েছেন? কেন না, সন্ধ্যা তো ধ্যানেরই সময়, কর্মের নয়, অতএব প্রত্যুক্তি স্থগিত হোক, যা উক্ত হলো তারই অনুষ্ঠান চলুক মনে-মনে। অথবা উদায়ীই এখানে সূর্য, যাঁর প্রভা সিদ্ধার্থের বচনবলে নিষ্প্রভ হলো?

দার্শনিকরূপে তাঁর চিন্তাগুলি সরল এবং হৃদয়গ্রাহী। অরাড়ের মুখে দ্বাদশ সর্গে তিনি যে সাংখ্যদর্শন প্রতিপালিত করেছেন এ-কালে প্রচলিত সাংখ্যদর্শনের তুলনায় তা যেন বলিষ্ঠ রূপ ধারণ করতে পারে নি, কিন্তু অন্যত্র তাঁর চিন্তারাজি আলোকের মতো স্বচ্ছ। বিষয়গুলি দুঃখ প্রতিকারের উপায়মাত্র, আনন্দপ্রদ নয়, অতএব তাদের ভোগসংজ্ঞা দেওয়া যায় না—এই যে তিনি যাবতীয় ভোগ্যবস্তুর তাৎপর্য বিশ্লেষণ করেছেন একাদশ সর্গের ৩৬—৪০ শ্লোকে, তা নিমেষে হৃদয়ে প্রবেশ করে। যুক্তি অতি সরল। কোন বস্তু একান্তভাবে দুঃখ দেয় না, একান্তভাবে সুখও দেয় না, (১১.৪২) কিংবা কেউ একান্তভাবে সুখি নয়, একান্তভাবে দুঃখীও নয়—ইত্যাদি উক্তির মধ্যে প্রতিবাদের অবকাশ নেই। 'য এব ভাবা হি সুখং দিশন্তি, ত এব দুঃখং পুনরাবহন্তি' (১১.৪১)—যে ভাবগুলি সুখ দেখায়, সেই ভাবগুলিই আবার দুঃখ আনে, এই উক্তি নিশ্ছিদ্র। যেন জৈন স্যাদ্‌বাদ বা অনেকান্তবাদের আভাস দেখা যায় এর মধ্যে। কালিদাস যে বলেছিলেন, 'কস্যাত্যন্তং সুখমুপনতং দুঃখমেকান্ততো বা' (মেঘদূত, উত্তরমেঘ, ৪৮)—কার ধারাবাহিক সুখ বা ধারাবাহিক দুঃখ উৎপন্ন হয়েছে, তাতে কি পূর্বসূরীর এই নিবন্ধ সত্যটির অনুসরণ ছিল? যুক্তিবাদী মন অশ্বঘোষের। উদায়ী সিদ্ধার্থকে ভোগের সপক্ষে যে শ্রুতি-ইতিহাস সমন্বিত উপদেশ শুনিয়েছেন (চতুর্থ সর্গে) তার প্রতি সিদ্ধার্থের উক্তি হলো—বিষয়ের স্থায়িত্ব নেই, অতএব ক্ষণকালের কল্পিত সুখে অবগাহন করতে গিয়ে চিরকালের দুঃখ-প্রতিকারের উপায় থেকে ভ্রষ্ট হওয়া চলে না। উদায়ী বলেছিলেন—হৃদয় না চাইলেও দাক্ষিণ্যের দ্বারা রমণীদের অনুবর্তন করা উচিত। সিদ্ধার্থের জবাব হলো—'অনৃতং নাবগচ্ছামি দাক্ষিণ্যেনাপি কিঞ্চন' (৪.৯২)—আমি দাক্ষিণ্যের জন্যও কোন ছলনা করতে জানি না; এবং 'সর্বভাবেন সম্পর্কো যদি নাস্তি ধিগস্তু তৎ' (৪.৯৩)—সমস্ত অন্তর দিয়ে যদি সম্পর্ক না হয় তবে ধিক্ তাকে, কবির এই একটি কৌশল দেখি—প্রতিপক্ষের বক্তব্যের মধ্যেই স্ববচনহননের বীজ থাকে। উদায়ী চতুর্থ সর্গের ৭৯ শ্লোকে এবং অন্যত্র যে-যুক্তি তুলেছেন নারীসম্ভোগের সপক্ষে, আপন গর্ভে নিহিত প্রতিকূল ভাবেই তা দুর্বল। একটি 'আকাশ ইব নিষ্পঙ্কঃ'—আকাশের মতো নির্মল চিত্তই সত্যদর্শনের প্রাথমিক প্রয়োজন, দার্শনিক অশ্বঘোষের তা উপলব্ধ। দর্শনের ভিত্তি হলো যুক্তি। সিদ্ধার্থের প্রতিটি পদক্ষেপ পরের যুক্তিকে খণ্ডন করে অঙ্কিত হয়েছে, তাই তা বলিষ্ঠ, অথচ দার্শনিকের মতোই জয়ে বা পরাজয়ে অক্ষুব্ধ বলেই তা

অহঙ্কারবর্জিত। পিতা, বন্ধু, পুরোহিত, মন্ত্রী, ঋষি, তপস্বী—বহুজন তাঁর প্রতিপক্ষ এবং প্রতি ক্ষেত্রে সিদ্ধার্থ জয়ী, কিন্তু কবি কুত্রাপি তাঁর বিজয়ীর ভাব চিত্রিত করেন নি, তত্ত্বাভিলাষীর অগ্রগতিই শুধু লিপিবদ্ধ করেছেন। অশ্বঘোষের বুদ্ধচরিতে দার্শনিক তত্ত্বের বৈশিষ্ট্য এই যে প্রায়ই তা সাম্প্রদায়িক পরিভাষায় জটিল হয় নি, তাই লোকচিত্তে প্রবেশ করে মুহূর্তে। তাঁর কতকগুলি উক্তি স্মরণীয়, যেমন, 'আহারশুদ্ধ্যা, যদি পুণ্যমস্তি, তস্মান্ মৃগাণামপি পুণ্যমস্তি' ৭.২৮,—আহার শুদ্ধিতে যদি পুণ্য হয় তবে হরিণদেরও পুণ্য হচ্ছে এবং যাঁরা সত্যই অধার্মিক কিন্তু ভাগ্যদোষে বিষয় ভোগে বঞ্চিত তারাও পুণ্যবান্। তীর্থের সম্বন্ধে তাঁর অভিমত হলো—'ন পাবয়িষ্যন্তি হি পাপমাপঃ' (৭.৩০)—জল কখনও পাপীকে পবিত্র করবে না, কারণ 'আপস্তু নিঃসংশয়মাপ এব' (৪.৩১)—জল নিঃসংশয়ে জলই। সিদ্ধার্থের জন্মের অল্প পরেই রাজপুরীর উত্তর-পূর্বে স্বচ্ছ সলিলে পূর্ণ একটি কূপ স্বতঃ আবির্ভূত হলো এ-কথা অশ্বঘোষ লিখেছেন (১.২৩)। তীর্থরূপে গ্রহণ করে অন্তঃপুরবাসীরা তাতে ধর্মকর্ম করেছিলেন। তীর্থজল যদি তাঁর মতে অন্য জল থেকে বিশিষ্ট কোন অলৌকিক শক্তিতে মণ্ডিত না হয় তবে এই অলৌকিক কূপটির কথা গ্রন্থারম্ভে নিবন্ধ করলেন কেন কবি? আবির্ভাব যদি অলৌকিক হয় তবে অধিকার লোকোত্তর হতে বাধা কোথায়?

তর্ক অপ্রতিষ্ঠিত, তাই অশ্বঘোষের যুক্তির উপরে যুক্তি হয়তো প্রদর্শিত হবে কিন্তু তাতে কবির বক্তব্য ধূলিসাৎ হয় না। তবে তো তাবৎ দর্শন লুপ্ত হতো, কেন না জগতে কোন মত অনাহত? ধর্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াম্'—ধর্মের তত্ত্ব গুহায় নিহিত। ওমর খৈয়ামের উক্তি বড় বিদ্ধ করে—'নট ওয়ান্ বিটুইন্স টু টেল অস অফ দি রোড। হুইচ টু ডিসকভার উই মাস্ট ট্রাভেল টু' (ফিট্জেরাল্ড্-এর অনুবাদ, দ্বিতীয় সংস্করণ, ৬৭)—একজনও ফিরে এসে পথের কথা বলে না যে-পথ আবিষ্কার করতে হলে আমাদেরও পায়ে হেঁটেই যেতে হবে।

রাজা এবং প্রজাকে এক সমতল ভূখণ্ডে দণ্ডায়মান করেছেন কবি। শ্রেণিককে সিদ্ধার্থ বলেছেন—রাজারও পরবার জন্য দুটি বস্ত্রের প্রয়োজন, আহারের জন্য অন্নের পরিমাণও সাধারণ লোকের মতো, তাদের মতোই একটিমাত্র শয্যা, একটি আসন দরকার, পৃথিবী জয় করেও একটি গৃহেই শয়ন সম্ভব। 'শেষা বিশেষা নৃপতের্মদায়'—অবশিষ্ট যে বৈচিত্র্য রাজার ছত্র, চামর, সিংহাসন, সে শুধু অহঙ্কারের জন্য (১১.৪৭.৪৮)।

ছন্দ হলো কাব্যের এক বলিষ্ঠ উপকরণ, কারণ সে শব্দকে আচ্ছাদিত ক'রে তাকে রূপময় করে। বহু ছন্দ ব্যবহার করেছেন কবি বুদ্ধচরিতে—সম, অর্ধসম এবং বিষম, এই হিসাবে।

মহাকাব্যে একটি মুখ্যরস থাকবে এই হলো আলঙ্কারিকদের বিধান। 'বুদ্ধচরিত' শান্তরসপ্রধান। কিছু আদিরসের প্রয়োজন, কিছু যুদ্ধবর্ণনাও চাই। আদিরস চতুর্থ সর্গে আছে, যদিও নায়কের প্রত্যাখ্যানে তা পরিপূর্ণভাবে উপভোগ্য কিনা তা বিচার্য। একটি গুরুত্বের সংগ্রামের চিত্রও আছে ত্রয়োদশ সর্গে। মার যুদ্ধে নেমেছিলেন সিদ্ধার্থের বিরুদ্ধে তাঁর পুত্র-কন্যা এবং সাঙ্গোপাঙ্গদের নিয়ে। প্রচুর বড়-বড় অস্ত্র এবং ভয়ংকর মূর্তি ছিল একপক্ষে, আর এক পক্ষে সংযম। মার বা

মদন একবার আক্রমণ করেছিলেন মহাদেবকে, সেখানে পঞ্চবাণের একটিমাত্র বাণ, নাম তার 'সম্মোহন', তাই ছিল একটি অস্ত্র, অন্যতর হলো পর্যাপ্তপুষ্পেব স্তবকে অবনম্রা 'সঞ্চারিণী পল্লবিনী লতেব', (কুমারসম্ভব, ৩.৫৪) পার্বতীর দেহবল্লরী। শিবপক্ষে পরশু আদি অস্ত্র অন্য সময়ে থাকলেও এক্ষেত্রে ছিল শুধু অধ্যাত্ম বল। বেয়াদবি মঞ্জুর হলো না, মদন পুড়ে ছাই হলেন। পার্বতী 'ব্যর্থং সমর্থ্য ললিতং বপুরাত্মনশ্চ' (ঐ, ৩. ৭৫)—আপন ললিত বপুকে ব্যর্থ মনে করে 'শূন্যা জগাম ভাবনাভিমুখী কথঞ্চিৎ' (ঐ, ৩. ৭৫)—কোন মতে শূন্য হৃদয়ে ঘরের পানে ফিরলেন। এখানে ধ্যানপরায়ণ শিবমূর্তির মতো সিদ্ধার্থের মূর্তিটি রয়েছে অশ্বত্থমূলে। সিদ্ধার্থ ক্রোধহীন তাই মার দেহে অক্ষত রইলেন, কিন্তু পাষাণের মতো দুর্ভেদ্য অন্তরটিতে তাঁর আক্রমণ ব্যর্থ হলো। কামের ক্রিয়া মনে। মন বৈরাগ্যে পূর্ণ, অতএব প্রাণে বাঁচলেন তিনি কিন্তু মান খোয়া গেল।

মহাকাব্যের আর একটি লক্ষণ বুদ্ধচরিতে পরিস্ফুট। অনুশাসন আছে যে 'ইতিহাসোদ্ভবং বৃত্তম্ অন্যদ্ বা সজ্জনাশ্রয়ম্' (সাহিত্যদর্পণ, ৬. ২৯০)—ঘটনা ঐতিহাসিক হবে বা সজ্জনাশ্রয়ী হবে। সিদ্ধার্থের জীবন ঐতিহাসিক এবং তিনি সজ্জন। বুদ্ধচরিতে বুদ্ধের ঐতিহাসিক বৃত্তান্ত কতটুকু আছে এ-নিয়ে যদি প্রশ্ন ওঠে, অবশিষ্ট লক্ষণটি অটুট থাকে যে এটি বিশ্ববন্দ্য পুরুষের চরিত্রকথা।

বুদ্ধচরিতের আদি থেকে অন্ত অবধি অনিত্যতার সুর বাজে। কিছু নৃপুরধ্বনি কিছু পথশোভা ইত্যাদি এর নিরবচ্ছিন্ন গম্ভীরে লঘুত্ব আনতে চেয়েছে কিন্তু আত্মারও উচ্ছেদ যে মহাকাব্যের প্রতিপাদ্য তার এইসব ছবিতে পাঠকের মনের ভাব ঘুচতে চায় না, যেমন ঘোচে নি সিদ্ধার্থের। বুদ্ধচরিতে হাস্যরসের অভাব স্পষ্ট। পঞ্চম সর্গে নিদ্রিত নারীদের বর্ণনায় সুন্দর রঙে প্রতিভাত যারা তাদের অসৌন্দর্য প্রতিপাদন কিংবা ত্রয়োদশ সর্গে বিকট-বিকট মূর্তির অসামঞ্জস্য এবং ব্যর্থ আস্ফালন কিছু হাস্যরস সরবরাহ করে কিনা তা ব্যক্তির অনুভূতির উপরে নির্ভর করবে। বর্ণনার ভঙ্গিতে কদর্য এবং ভয়ঙ্কর হাসির সঞ্চার করে কিন্তু কবির পদ্ধতি স্পষ্ট নয়। করুণরস প্রচুর। মানুষের মূর্খতা এবং ভুল ধারণা সিদ্ধার্থকে ব্যঙ্গে উদ্বুদ্ধ করে নি, দুঃখে পূর্ণ করেছে। শমগুণের কথা বারংবার উল্লেখ করেছেন তাঁর কাব্যে, এই মহানায়ক সেই গুণের আধার। আহার না পেয়েও দুঃখ পান নি, শুধু বোধিলাভ তখনও হয় নি দেখে শরীর রক্ষার জন্য নদীতীর থেকে শাখাপত্র ধরে-ধরে উঠে এসেছিলেন আহার্যের অন্বেষণে। নন্দবলার কাছে পায়স পেয়েও উচ্ছ্বাস প্রকাশ করেন নি (১২. ১১২)। নামে বুদ্ধচরিত, সিদ্ধার্থচরিত নয়, অতএব জন্ম এবং শৈশব এবং যৌবনের ঘটনার বিবৃতি অতিসংক্ষিপ্ত এবং তা-ও সেই-সব বর্ণনা যাতে ঋষিবর অসিতের ভবিষ্যদ্‌বাণী প্রতিফলিত হয়: 'লোকস্য সংবুধ্য চ ধর্মরাজঃ করিষ্যতে বন্ধনমোক্ষমেষঃ' (১. ৭৫)—বুদ্ধ হয়ে এই ধর্মরাজ শোকের বন্ধন মুক্ত করবেন। তাই সিদ্ধার্থ 'বালোঽপ্যবালপ্রতিমো বভূব' (২. ২৩)—বালক হলেও অবালক সদৃশ হলেন এবং যদিচ কবির কথায় বিবাহের পরে 'শচ্যা সহস্রাক্ষ ইবাভিরেমে' (২. ২৭ — শচীর সঙ্গে ইন্দ্রের মতোই যশোধরার সঙ্গে অভিরমণে ব্যাপৃত হলেন, তবু এই প্রেমের বিবৃতি দীর্ঘ নয় এবং এরই মধ্যে সিদ্ধার্থ 'ভেজে দমম্' (২. ৩৩)—সংযম অভ্যাস করতে লাগলেন।

'বুদ্ধচরিত' তত্ত্বের কাব্য, কিন্তু অশ্বঘোষ আগে কবি পরে তাত্ত্বিক। বস্তুর রূপময় বিশ্লেষণ কবিত্বের লক্ষণ। বর্ণনায় অশ্বঘোষ অক্লান্ত। তৃতীয় সর্গে কুমারের দর্শনাভিলাষী নরনারীর বর্ণনা, চতুর্থে বরাঙ্গনাদের বৈচিত্র্যময় লীলা, পঞ্চমে নিদ্রিতা অন্তঃপুরিকাদের ছবি, সপ্তমে তপোবনবাসীদের বিবরণ, অষ্টমে শোকের চিত্র, ত্রয়োদশে মার এবং তাঁর অনুচরদের কল্পিত মূর্তি অঙ্কন তাঁকে শিল্পীর শিরোপা দান করেছে। এ সব বৃহৎ চিত্র। ছোট্ট ছবি আঁকতেও তিনি অদ্বিতীয়, যেমন, অশ্রুমোচনকারী অশ্ব কন্থক (৬. ৫৩), ভস্মশায়ী ব্রাহ্মণ (৭. ৫১), গোপকন্যা নন্দবলা (১২. ১০৯-১১১). ক্ষীণদেহ সিদ্ধার্থের নৈরঞ্জনার তীর থেকে ধীরে-ধীরে উঠে আসা (১২. ১০৭, ১০৮), ইত্যাদি। বক্তৃতা এবং তর্কে তিনি পটু। তাঁর কাব্যে কর্মময় নাটকের গতি আছে। মহাকাব্যে শ্লোকের-পর-শ্লোক একই ছন্দে রচিত হয়ে যে ধারাবাহিক বারিপতন-ধ্বনির মতো ক্লান্তিকর স্বরজাল বিস্তার করে, 'বুদ্ধচরিত' তা থেকে বহু অংশে মুক্ত। বহুজনের আনাগোনা, স্থান থেকে স্থানান্তরে দৃশ্যের উদ্ঘাটন অলৌকিকতা, আনন্দ, উদ্বেগ, শোক, সংগ্রাম এবং সঙ্কল্প এর ভূমিকে বন্ধুর করেছে। এখানে ব্যক্তিব চিত্তে কোন দ্বন্দ্ব নেই কিন্তু ব্যক্তির সঙ্গে ব্যক্তির জীবনদর্শনের সংঘাত সংক্ষোভের উৎস হয়েছে।

আন্তরিকতাই তাঁর কবিতাকে সারল্য দিয়েছে। ছন্দক যখন বন থেকে ফিরতে চান না তখন সিদ্ধার্থের উক্তি হলো . 'লপ্স্যতে যদি তু স্নেহো, গত্বাপি পুনরাব্রজ' (৬ ৫০)—স্নেহ যদি স্থায়ী হয় তবে গিয়ে আবার এস। এ উক্তি একেবারেই অকপট।

উপমার ব্যবহার করেছেন কবি প্রচুর। যেমন, ৮.৩০-৩৪ শ্লোকে এবং অন্যত্র। শুভ্রদেহ কন্থককে দ্রুতগমনে উৎসাহিত করে কুমার তাতে আরোহণ করলেন। কবি বললেন, 'রবিরিব শারদমভ্রমারুরোহ' (৫. ৭৯)—যেন সূর্য শারদ মেঘে আরোহণ করলেন। শুদ্ধোধন পূজাগৃহ থেকে বেরিয়ে শুনলেন পুত্র ফিরবেন না। তখন 'পপাত শোকাভিহতো মহীপতিঃ শচীপতের্বৃত্ত ইবোৎসবে ধ্বজঃ' (৮ ৭৩)—তখন শোকাভিহত মহীপতি উৎসব শেষে ইন্দ্রের ধ্বজার মতো পতিত হলেন। রূপকের একটি উত্তম দৃষ্টান্ত ১.৭০ শ্লোকটি। অনুপ্রাস রয়েছে বহু : 'অবনতৃতনবঃ' (৫. ৮১)—অবনততনু, 'অপরাপর সংসার—পারং প্রেপ্সুরপারয়ৎ (১২.৯৬)—অপার সংসারের পার প্রাপ্তির পারণ করলেন (অনুবাদ দ্রষ্টব্য)। অপূর্ব মাধুর্য রয়েছে এই উক্তিতে 'শমেঽভিরেমে বিররাম পাপাৎ' (২.৩৩)—সংযমে নিযুক্ত হলেন, বিরত হলেন পাপ থেকে। এই ধ্বনিমাধুর্য মুগ্ধ করে 'শেষা বিশেষা নৃপতের্মদায়' (২. ৩১) ইত্যাদি উক্তিতেও।

নির্বাণপথযাত্রী এই কবি পথের দুধারের শোভা নিরীক্ষণ করেছেন বিমুগ্ধ চিত্তে। তাঁর মধুগন্ধিকুসুমাচ্ছন্ন চূতলতার অন্তরালে যেন স্বর্ণপঞ্জরবন্ধ কোকিলের কুহুধ্বনি (৪.৪৪), অগ্নিময় রক্তাশোকে উপবিষ্ট ভ্রমরের গুঞ্জন (৪.৪৫), চূতশাখাবলম্বিত তিলকবৃক্ষ (৪.৪৬), অলক্তকরক্তিম বিকশিত কুরুবক (৪.৪৭), তীরজাত—সিন্ধুবার-কুসুমাবৃত দীর্ঘিকা (৪.৪৯), চক্রবাকীর অনুসরণরত জলচর চক্রবাক (৪.৫০) বন্ধপল্লব নবীন অশোকবৃক্ষ (৪.৪৮) বুদ্ধচরিতের চতুর্থ অধ্যায়ে বসন্তপুষ্পাভরণ-ভূষিত একটি নন্দন কানন রচনা করেছে।

পূর্বসূরীর আলোকে চিরদিন অবগাহন করেছেন উত্তরসূরী। কাজেই অনু-

রাজকেরা কে কি পেয়েছেন অশ্বঘোষের কাছ থেকে তার বিস্তৃত গবেষণা থাক। শুধু অনুসন্ধিৎসার বশে বলছি—দেবদারুদ্রুমবেদিকায় নিবাতনিষ্কম্প প্রদীপের মতো মহেশ্বর মূর্তি আঁকতে কি কালিদাস অশ্বত্থবৃক্ষমূলে বোধিসত্ত্বের মূর্তিকে স্মরণ করেছিলেন? অশ্বঘোষ লিখেছেন, 'ততঃ স পর্যঙ্কমকম্প্যমুত্তমং ববন্ধ' (১২. ১২০)—তারপর তিনি উত্তম পর্যঙ্ক আসন বন্ধন করলেন। কালিদাস লিখলেন, 'পর্যঙ্কবন্ধস্থিরপূর্বকায়ম্' (কুমারসম্ভব, ৩. ৪৫)—পর্যঙ্ক আসন বন্ধন করায় মহেশ্বরের দেহের ঊর্ধ্বভাগ পর্যন্ত স্থির ছিল। সিদ্ধার্থ যখন আসন গ্রহণ করলেন তখন 'ববাশিরে ন মৃগগণা ন পক্ষিণঃ, ন সস্বনুর্বনতরবোঽনিলাহতাঃ (১২. ১২১)—হরিণ বা পাখি শব্দ থেকে বিরত হলো, বায়ুতাড়িত হয়েও বনতরু মর্মরধ্বনি উৎসর্গ করল না। কালিদাসের শিব যখন ধ্যানে মগ্ন তখন 'নিষ্কম্পবৃক্ষং নিভৃত দ্বিরেফং মূকাণ্ডাজং শান্তমৃগপ্রচারম্' (কুমারসম্ভব, ৩. ৪২)—বনের বৃক্ষ স্পন্দনহীন, ভ্রমর নিশ্চল, বিহঙ্গ মূক, হরিণের পদচারণা স্তব্ধ হয়েছে। সিদ্ধার্থের গৃহত্যাগে অশ্বঘোষের যশোধরা বলছেন, 'মমাপি কামং হৃদয়ং সুদারুণং বনং গতে ভর্তরি যন্ন দীর্যতে' (৮. ৬৯)—আমারও হৃদয় কঠিন বটে, যা স্বামী বনে গেলেও বিদীর্ণ হচ্ছে না। মদনদাহের পর কালিদাসের রতি বলছেন 'তদিদং গতমীদৃশীং দশাং, ন বিদীর্যে কঠিনাঃ খলু স্ত্রিয়ঃ' (কুমারসম্ভব, ৪. ৫)—সেই দেহের এই দশা হলো তবু আমি বিদীর্ণ হলাম না। নারীরা কঠিন বটে। অশ্বঘোষের যশোধরার মনে সংশয় জেগেছিল—পতি 'মামপহায় রোষণাং মহেন্দ্রলোকেঽপ্সরসো জিঘৃক্ষতি' (৮. ৬৪)—ভামিনী আমাকে পরিত্যাগ করে স্বর্গলোকে অপ্সরাদের লাভ করতে চান এবং এই সন্দেহ থেকে উৎপন্ন হলো রমণীসুলভ চিন্তা—'কীদৃশং তু তা বপুর্গুণং বিভ্রতি তত্র যোষিতঃ' (৮. ৬৫)—সেখানে নারীরা দেহের কেমন গুণধারণ করে? কালিদাসের রতির উক্তি—আমি পতঙ্গের মতো আগুনে প্রবেশ করে পুনরায় তোমার অঙ্ক আশ্রয় করছি, 'চতুরৈঃ সুরকামিনীজনৈঃ প্রিয় যাবন্ন বিলোভ্যসে দিবি' (কুমারসম্ভব, ৪.২০) হে প্রিয়, যাবৎ চতুর সুরকামিনীরা স্বর্গে তোমায় প্রলুব্ধ করতে না পারে। ঔৎসুক্য তীব্রতর হয় যখন দেখি 'বিনাকৃতা' পদটি, যার অর্থ বর্জিতা, বিচ্ছিন্না এবং যেটি অশ্বঘোষ ব্যবহার করেছেন ঐ পতিবিরহের প্রসংগে (অন্যত্রও আছে) সেটি অবিকল কালিদাসও প্রয়োগ করেছেন ঐ পতিবিরহের গীতিকাব্যেই যেখানে 'বসুধালিঙ্গনধূসরস্তনী' রতি বিলাপ করছেন। সিদ্ধার্থের বিরহে প্রাসাদে স্ত্রীগণ 'মৃজয়া বিনাকৃতা' (৮ ২১)—প্রসাধন-বিরহিতা, কালিদাসের কুমারসম্ভবে রতি 'মদনেন বিনাকৃতা' (৪ ২১)—মদনবিরহিতা। এক মদনদাহের বৃত্তান্তেই এটুকু মনে পড়ে। অলমতিবিস্তরেণ।

বুদ্ধচরিতের বিষয় এক মহাজীবন যা স্থান এবং কালকে পশ্চাতে রেখে অনন্তের আত্মীয় হয়েছে। কিন্তু তার বক্তব্য মহাপরিনির্বাণ হোক্, তা জগতের সুখ-দুঃখ, রীতি-নীতিকে তুচ্ছ প্রতিপাদন করে ধূলার ঊর্ধ্বে বিচরণ করবার প্রেরণা দিক্, তবু সীমিত পাত্রেই তার পরিবেশন ঘটেছে। বৃহৎ বনস্পতি আকাশের দিকে বাহু প্রসারিত করে কিন্তু তার মূল মৃত্তিকার গর্ভে, তার শিরায়-শিরায় সেই মৃত্তিকার পরিচয় আছে। 'বুদ্ধচরিত'ও যে বিশেষ কালে যে বিশেষ ভূমিতে উৎপন্ন হয়েছিল তার চিহ্ন রেখেছে আপন অবয়বে। ভারতবর্ষে সেটি রাজতন্ত্রের যুগ। বৈদিক ধর্মের রীতিতে হোম, সংস্কার এবং সীমিত সোমরস পান হতো। বর্ণাশ্রম বিধি অবাধে চলেছে।

রাজায়-প্রজায় মধুর ভাব। যুবরাজকে দর্শন করতে চলৎকনককুণ্ডলাদের গবাক্ষে সংঘর্ষ ঘটে। 'রাজ্যের আনন্দবর্ধন সেই নৃপতি পুত্র কোথায় ?'—এই ছিল বন থেকে প্রত্যাগত ছন্দকের কাছে শোকশুষ্ক কপিলবস্তুর প্রজাপুঞ্জের প্রশ্ন। বিক্ষোভ দেখেছি সিদ্ধার্থের মনে, তাও জন্ম-মৃত্যুর পরপার দর্শনের জন্য কিন্তু অক্ষুব্ধ জনতা অন্নে পুষ্ট ছিল। তবে বায়ু, রৌদ্র এবং ধূলায় বিবর্ণ কৃষক এবং বহনশ্রান্ত বিবশ বৃষের কথা আছে। দান ছিল, ধ্যান ছিল, অলৌকিকতা লৌকিক বলে গৃহীত হয়েছিল। অসিত পবনপথে আগমন এবং গমন করেছিলেন। অশ্বই শ্রেষ্ঠ বাহন। রাজপুত্রের মস্তকে উষ্ণীষ, কোমরে তরবারি। বরাঙ্গনা দিয়ে পুরুষের চিত্তহরণের সনাতন রীতি ছিল। একাধিক মন্ত্রী দেখি রাজার। পুরোহিত এবং মন্ত্রী ছিলেন তাঁর দক্ষিণ এবং বাম বাহু। বিমান অর্থাৎ সপ্ততল প্রাসাদে বাস করতেন শুদ্ধোদন। পুরদ্বার ছিল বহু, তাদের অবারিত করত হাতিরা। অধ্যাত্ম আকুলতার চিহ্ন বনে-বনে। তপস্বীরা কেউ সস্ত্রীক, কেউ নিঃসঙ্গ। নূতনের আগমনে স্বাগত সম্ভাষণ করেন। সে নবীন চলতি পথে অতৃপ্ত হলে তাঁকে দেখিয়ে দেন উন্নততর গুরুর দ্বার। সেই গুরুও শিষ্যের কাছে আপন ভাণ্ডার উন্মুক্ত করে বলেন, 'ভালো লাগে, গ্রহণ কর।' অচরিতার্থ নবীন যখন চলে যান তখন নির্বিকার তপস্বী আপন কর্মে মগ্ন হন। এদিকে ভারতবর্ষের অধ্যাত্ম ইতিহাসের পুনরাবৃত্তি ঘটিয়ে নবীনের অভিনব আবিষ্কার সূর্যের মতো আলোক বিকীর্ণ করে।

সূক্তিরত্নাবলী

অশ্বঘোষের দৃষ্টি সূক্ষ্ম এবং বহুপরিধিমণ্ডিত। অল্প দেখে বহুর অনুমানে তিনি কুশল এবং তাঁর সামান্য বচনগুলি স্থান এবং কালকে অতিক্রম করে ধ্রুবনক্ষত্রের মতো চিরস্থির আলোক বিকীর্ণ করছে। 'রাজ্যং হি রম্যং বাসনাশ্রয়ং চ' (২.৪১)—রাজ্য রমণীয় এবং বিপদেরও আশ্রয়, 'সদ্ভিঃ সহীয়া হি সতাং সমৃদ্ধিঃ' (১০.২৬) সৎ-এর সঙ্গেই সৎ-এর সমৃদ্ধি, 'কামস্য পূর্বং হি বয়ঃ শরণ্যম্' (১০.৩৮)—প্রথম বয়সই কামের লক্ষ্য, নির্বন্ধিনঃ কিঞ্চন নাস্ত্যসাধ্যম্' (১৩.৬০)—অধ্যবসায়ীর অসাধ্য কিছু নেই—এইসব উক্তির মধ্যে প্রবাদবাক্যের দ্রুতগামিতা রয়েছে। বৃহৎ বাক্যরাশিতে বিস্তরভাব ব্যক্ত করার মধ্যে কবিত্ব অবশ্যই আছে, কিন্তু ক্ষুদ্র শিশির-বিন্দুর মধ্যে বিপুল সূর্যমণ্ডলকে যিনি প্রতিফলিত করেন তিনি আরও বড়।

'বুদ্ধচরিত' কাব্য থেকে নির্বাচিত কয়েকটি সুভাষিত—

১. সর্বস্য লোকে নিয়তো বিনাশঃ (৩.৫৯)
জগতে সকলেরই বিনাশ নিশ্চিত।

২. স্নেহস্য হি গুণা যোনিঃ (৪.৬৮)
গুণই স্নেহের উৎস।

৩. নাস্তি নিষ্কারণতা স্বতা (৫.১০)
অকারণে আত্মীয়তা হয় না।

৪. অকালো নাস্তি ধর্মস্য জীবিতে চঞ্চলে সতি (৫.২১)
চঞ্চল জীবনে ধর্মের অসময় বলে কিছু নেই।

৫. রাজ্যং হি রম্যং ব্যসনাশ্রয়ং চ (৯.৪১)
রাজ্য রমণীয় এবং বিপদের আশ্রয়।

৬. সদ্ভিঃ সহীয়া হি সতাং সমৃদ্ধিঃ (১০.২৬)
সৎ-এর সঙ্গেই সৎ-এর সমৃদ্ধিঃ।

৭. ধর্মার্থকামাধিগমং হ্যনূনং নৃণামনূনং পুরুষার্থমাহুঃ (১০.৩০)
ধর্ম, অর্থ, কামের পূর্ণ প্রাপ্তিই পুরুষের পূর্ণ পুরুষার্থ।

৮. ধর্মস্য চার্থস্য চ জীবলোকে প্রত্যর্থিভূতানি হি যৌবনানি (১০.৩৫)
জগতে ধর্ম এবং অর্থের শত্রু হলো যৌবন।

৯. কামস্য পূর্বং হি বয়ঃ শরব্যম্ (১০.৩৮)
কামের লক্ষ্য প্রথম বয়স।

১০. অসৎসু মৈত্রী স্বকুলানুবৃত্তা ন তিষ্ঠতি শ্রীরিব বিক্লবেষু (১১.৩)
ভীরু মানুষে যেমন লক্ষ্মী থাকেন না তেমনি কুলপরম্পরাগত মৈত্রীও দুষ্ট মানুষে থাকে না।

১১. স্বস্থস্য বৃদ্ধিষ্বিহ কো হি ন স্যাৎ (১১.৪)
সম্পন্ন ব্যক্তির সমৃদ্ধিতে কে না জগতে বন্ধু হয় ?

১২. কামৈঃ সতৃষ্ণস্য হি নাস্তি তৃপ্তির্যথেন্ধনৈর্বাতসখস্য বহ্নেঃ (১১.১০)
কামী পুরুষের বিষয়ে তৃপ্তি হয় না, যেমন পবনসখা অগ্নির কাষ্ঠে তৃপ্তি হয় না।

১৩. জগত্যনর্থো ন সমোঽস্তি কামৈঃ (১১. ১১)
জগতে কামের মতো অনর্থ নেই।

১৪. লোকস্য কামৈর্ন বিতৃপ্তিরস্তি পতদ্ভিরম্ভোভিরিবার্ণবস্য (১১. ১২)
বিষয়ে মানুষের তৃপ্তি নেই যেমন পতনশীল জলে সমুদ্রের তৃপ্তি নেই।

১৫ নিত্যং হসত্যেব হি নৈব রাজা ন চাপি সংতপ্যত এব দাসঃ (১১ ৪৪)
রাজাও নিত্য হাসেন না, ভৃত্যও নিত্য দুঃখ পায় না।

১৬. আসঙ্গকাষ্ঠপ্রতিমো হি রাজা লোকস্য হেতোঃ পরিখেদমেতি (১১. ৪৫)
রাজা হলেন ভারবাহী বাঁকের মতো, লোকের জন্য কষ্ট পান।

১৭. শ্রমঃ পরার্থে ননু রাজভাবঃ (১১. ৪৭)
রাজত্ব শুধু পরের জন্য পরিশ্রম।

১৮. তুষ্টৌ চ সত্যাং পুরুষস্য লোকে সর্বে বিশেষা ননু নির্বিশেষাঃ (১১. ৪৯)
জগতে মানুষের যদি তুষ্টি থাকে তবে সব বৈচিত্র্যই বৈচিত্র্যহীন।

১৯. জরাপ্যধীরা ধৃতিমচ্চ যৌবনম্ (১১. ৬০)
জরাও অধীর হয়, যৌবনও ধীর হয়।

২০. নির্বন্ধিনঃ কিঞ্চন নাস্ত্যসাধ্যম্ (১৩.৬০)
দৃঢ়প্রতিজ্ঞ পুরুষের কিছুই অসাধ্য নেই।

শ্রীতারাপদ ভট্টাচার্য

বুদ্ধচরিত

প্রথম সর্গ

ভগবানের জন্ম

শাক্যদের মধ্যে শুদ্ধোদন নামে এক রাজা ছিলেন। তিনি ছিলেন সকল গুণের আশ্রয়-স্বরূপ। ইক্ষ্বাকুবংশ যেন এক বিশাল সমুদ্রের মতো—সেই সমুদ্র থেকেই তাঁর জন্ম, সব প্রজাদের কাছে তিনি ছিলেন চাঁদের মতোই প্রীতির আধার।১ রাজা ইন্দ্র প্রভৃতি দেবতার সমান, মায়া নামে তাঁর যে মহিষী ছিলেন তিনি পৃথিবীর মতোই গৌরবময়ী। তিনি কল্যাণময় বস্তুসমূহের সার স্বভাবে ও সৌন্দর্যে অধিষ্ঠাত্রী দেবতার মতো।২ রাজা তাঁর সঙ্গে এমন সব বিষয় ভোগ করলেন যা দেবতাদেরও প্রার্থনীয়। তারপর মহিষী লোকহিতের জন্য সমাধিযুক্তা বিদ্যার মতো গর্ভ ধারণ করলেন।৩ গর্ভধারণের পর তিনি স্বপ্ন দেখেছিলেন মেঘের মধ্যে যেমন চাঁদ প্রবেশ করে তেমনি এক শ্বেতহস্তী তাঁর দেহে প্রবেশ করছে। তিনি শুদ্ধস্বভাবা তাই এই নিমিত্ত দেখে ভীত হন নাই।৪ শ্রেষ্ঠ বংশসম্পন্ন নৃপের রাণী শোভিত হলেন প্রভাতকালীন পূর্ব-দিকের মতো, তাঁর কোন শোক, মোহ বা গ্লানি ছিল না, এবং তাঁর ইচ্ছা হলো তিনি ভীর বনে যাবেন।৫ লুম্বিনী বন সুন্দর দেবকাননের তুল্য ধ্যানের পক্ষেও অনুকূল, সেই বনে বাসের ইচ্ছা তিনি রাজাকে জানালেন। গর্ভিণীদের আগ্রহ তো গর্ভ অনুযায়ীই হয়ে থাকে।৬

তাঁর ধর্মীয় আর্যভাবের পরিচয় পেয়ে নৃপতি অত্যন্ত আনন্দিত হলেন, ইচ্ছায় বাধা দিলে অকল্যাণ হতে পারে এই আশঙ্কায় তিনি তাঁর প্রীতির জন্য অবিলম্বে যাত্রা করালেন।৭ প্রসবকালের দিকে লক্ষ্য রেখে বরণীয়া রাজপত্নী সেই বনে চন্দ্রাতপ-শোভিত শয্যায় আশ্রয় নিলেন—সহস্র রমণী তাঁকে অভিনন্দন জানালেন।৮ তারপর পুষ্যানক্ষত্র প্রসন্ন হলো, ব্রতশুদ্ধ সেই দেবীর পার্শ্বদেশ থেকে তাঁর বেদনা বা পীড়া সৃষ্টি না ক'রে লোকহিতের জন্য পুত্র জন্মগ্রহণ করলেন।৯ যেমন ঊরু থেকে ঔর্বের, হস্ত থেকে পৃথুর, মস্তক থেকে ইন্দ্রতুল্য মান্ধাতার, বাহুমূল থেকে কক্ষীবান-এর জন্ম—তাঁর জন্মও তেমনি হয়েছিল।১০ গর্ভ থেকে নির্গত হবার পর ক্রমে ক্রমে তাঁর এমন শোভা হলো মনে হলো তিনি আকাশ থেকে নেমে এসেছেন, কারণ তিনি অযোনিজাত। বহু কল্পে তিনি আত্মাকে সংস্কৃত করেছিলেন বলে তিনি জ্ঞানী হয়ে জন্মগ্রহণ করেছিলেন—মূঢ় হয়ে নয়।১১ দীপ্তি ও ধৈর্যে তিনি ছিলেন মাটির বুকে বালসূর্যের মতো, অত্যন্ত দীপ্ত হলেও তাঁর দিকে তাকালে মনে হতো তিনি চাঁদের মতোই নয়ন-ভোলানো।১২ আপন দেহের জ্বলন্ত প্রভায় তিনি সূর্যের মতো প্রদীপের প্রভাবকে অপহরণ করেছিলেন। মহামূল্য কাঞ্চনের মতো সুন্দর বর্ণের দীপ্তিতে তিনি সমস্ত দিক উদ্ভাসিত করেছিলেন।১৩ তিনি সপ্তর্ষি নক্ষত্র-সদৃশ ছিলেন, তাই সপ্তপদ গমন করেছিলেন—ঐ পদক্ষেপগুলি শান্ত, ঋজু, উন্নত, দৃঢ় এবং ধীর ছিল।১৪ সিংহগতি সেই বালক চারিদিকে দৃষ্টিপাত ক'রে শুভ এবং সার্থক বাণী উচ্চারণ

করলেন—'বিশ্বকল্যাণের উদ্দেশ্যে জ্ঞানের জন্য আমি জন্মগ্রহণ করেছি, সংসারে এই আমার শেষ জন্ম।১৫

আকাশ থেকে চন্দ্রকিরণের মতো শুভ্র দু'টি শীতল ও উষ্ণ বারিধারা তাঁর প্রশান্ত মস্তকে বর্ষিত হলো।১৬ তিনি সুন্দর চন্দ্রাতপমণ্ডিত শয্যায় শায়িত ছিলেন—সেই শয্যার স্তম্ভ বৈদুর্যমণিখচিত এবং স্বর্ণোজ্জ্বল; তাঁর গৌরবে স্বর্ণকমল হাতে যক্ষাধিপতিগণ চারিদিক ঘিরে দাঁড়িয়েছিলেন।১৭ দেবগণ অদৃশ্য থেকে তাঁর প্রভাবে নতশিরে শুভ্র ছত্র ধারণ করেছিলেন, আর তাঁর বোধিলাভের জন্য পরম আশীর্বাদ উচ্চারণ করেছিলেন।১৮ যে সমস্ত বৃহদাকার সর্প অতীত বুদ্ধদের সেবার অধিকার পেয়েছিলেন তাঁরা বিশেষ ধর্মের তৃষ্ণায় তাঁকে বীজন করেছিলেন এবং ভক্তিপূত নয়নে তাঁর উপর বর্ষণ করেছিলেন মন্দার-পুষ্প।১৯ পবিত্রচিত্ত ও শুদ্ধসত্ত্ব দেবগণ তথাগতের জন্মের পুণ্যে আনন্দিত হলেন—আসক্তিহীন হয়েও দুঃখমগ্ন জগতের কল্যাণের কথা ভেবেই তাঁরা প্রসন্ন হয়েছিলেন।২০ তিনি জন্মগ্রহণ করার সঙ্গে-সঙ্গে হিমালয়লগ্না পৃথিবী বায়ুতাড়িত তরণীর মতো কেঁপে উঠল—মেঘহীন আকাশ থেকে নীলপদ্ম ও চন্দনমিশ্রিত বর্ষণ শুরু হলো।২১ দিব্য বস্ত্ররাশি বর্ষণ করতে-করতে সুখস্পর্শ মধুর বাতাস প্রবাহিত হতে লাগল—সূর্যই যেন বেশ অধিকতর দীপ্তি নিয়ে প্রকাশিত হলেন, অগ্নি বিনা প্রেরণায় জ্বলে উঠলেন প্রশান্ত শিখায়।২২ আবাসগৃহের উত্তর পূর্বদিকে একটি কূপ আবির্ভূত হলো—স্বচ্ছ ও নির্মল জল তার! অন্তঃপুরের অধিবাসিগণ বিস্মিত হলেন, তীর্থ মনে ক'রে সেই জলেই তাঁরা ধর্মক্রিয়ার অনুষ্ঠান করলেন।২৩ তাঁকে দর্শন করতে এলেন ধর্মার্থিগণ, স্বর্গস্থ ভূতগণ! এঁদের আগমনে বন পূর্ণ হলো। কৌতূহলের বশবর্তী হয়েই তাঁরা বৃক্ষ থেকে অকালেও পুষ্পবর্ষণ করলেন।২৪ অশান্ত প্রাণীরা হিংসা ত্যাগ করল, স্বজাতি বা অপর কাউকে পীড়িত করল না, পৃথিবীতে মানুষের সমস্ত রোগ বিনা চেষ্টায় প্রশমিত হলো।২৫ পশুপাখিরা মধুর ধ্বনি করল, নদীগুলি শান্তসলিল নিয়ে প্রবাহিত হলো, বিভিন্ন দিক্ প্রসন্ন হলো, নির্মল ও নির্মেঘ আকাশে দুন্দুভি বেজে উঠল।২৬

লোকের মুক্তির জন্য লোকগুরু জন্মগ্রহণ করলেন। নীতিমান্ প্রভুকে লাভ ক'রেই যেন অস্থির জগৎ শান্ত হলো। সংসারে একমাত্র কামদেব প্রসন্ন হলেন না।২৭ তাঁর দিব্য ও অদ্ভুত জন্ম দর্শন ক'রে স্বভাবত ধীর হলেও রাজা অত্যন্ত বিচলিত হলেন। স্নেহবশত ভয় এবং আনন্দ-জনিত দু'টি অশ্রুধারা তিনি মোচন করলেন।২৮ মাতার মন স্বভাবতই স্নেহসিক্ত। তাঁর অলৌকিক শক্তি দেখে মহিষী প্রীত হলেন, ভীতও হলেন, যেন শীতল ও উষ্ণ জলের একটি মিশ্রিত ধারা।২৯ অত্যন্ত বৃদ্ধা রমণীগণ ভয়ের হেতুই দেখেছিলেন—তার অনুসন্ধান করতে পারেন নি। তাঁরা পবিত্র হয়ে মঙ্গলকর্মের অনুষ্ঠান করলেন, শিশুর জন্য দেবসংঘের কাছে কল্যাণ প্রার্থনা করলেন।৩০

পাণ্ডিত্য, স্বভাব ও বাক্‌পটুতায় বিখ্যাত ব্রাহ্মণগণ নিমিত্তগুলির কথা শুনে উত্তমরূপে বিচার করলেন, তারপর ভীত ও প্রসন্ন রাজার কাছে এসে প্রফুল্ল, বিস্মিত ও উজ্জ্বল মুখে বললেন।৩১ 'পৃথিবীতে শান্তিকামী যত প্রাণী আছেন, তাঁরা একমাত্র পুত্রই কামনা করেন, গুণ কামনা করেন না। আপনার এই পুত্র কুলপ্রদীপ—সুতরাং হে রাজন্, আজ নৃত্যোৎসবের আয়োজন করুন।৩২ চিন্তা ত্যাগ ক'রে শান্তচিত্ত

হোন ; আনন্দ করুন, আপনার বংশের শ্রীবৃদ্ধি হবে। লোকনেতা আপনার পুত্ররূপে জন্মগ্রহণ করেছেন—পৃথিবীতে যারা দুঃখার্ত, ইনি তাদের রক্ষক।৩৩ এঁর দেহে প্রদীপের দীপ্তি, এঁর অঙ্গ স্বর্ণোজ্জ্বল ! ইনি গুণের আধার, ইনি কালে জ্ঞানীদের মধ্যে ঋষিত্ব এবং পরম ঐশ্বর্য লাভ করবেন।৩৪ যদি ইনি পৃথিবীর সম্পদ্ ইচ্ছা করেন তবে ন্যায়ের নীতিতে সমগ্র পৃথিবী জয় ক'রে নৃপতিদের মধ্যে বিরাজ করবেন—যেমন সমস্ত গ্রহের মধ্যে সূর্যের প্রকাশ ঘটে।৩৫ অথবা ইনি যদি মোক্ষ-লাভের জন্য গমন করেন তবে ইনি তত্ত্বজ্ঞানের দ্বারা সমস্ত মত সম্পূর্ণ জয় ক'রে প্রভূত সম্মানের অধিকারী হবেন ; তখন তিনি পর্বতসমূহের মধ্যে সুমেরুর মতোই বিরাজ করবেন।৩৬ যেমন ধাতুর মধ্যে স্বর্ণ পবিত্র, পর্বতের মধ্যে সুমেরু, জলাশয়ের মধ্যে সমুদ্র, নক্ষত্রের মধ্যে চন্দ্র এবং অগ্নির মধ্যে সূর্য, তেমনি মানুষের মধ্যে আপনার পুত্র শ্রেষ্ঠ।৩৭ নিমেষহীন বিশাল, স্নিগ্ধ, দীপ্ত এবং নির্মল তাঁর নয়ন দুটি—তেমনি স্থির, কৃষ্ণবর্ণ, আয়ত এবং পরিচ্ছন্ন রোমযুক্ত। এই নয়নের দৃষ্টিতে ইনি সকল বস্তু-দর্শনেই সমর্থ !'৩৮

'আপনারা যে শ্রেষ্ঠ গুণরাজির উল্লেখ করেছেন, বলেছেন কুমার সেই সকল গুণের অধিকারী—কোন্ কারণে মুনি ও নৃপতিগণ তা লাভ করতে পারেন নি ?' —রাজা এই প্রশ্ন করলে ব্রাহ্মণগণ তাঁকে বললেন—৩৯ 'আগে হয় নি এমন বিখ্যাত কর্ম, যশ ও বুদ্ধি —পরে হয়। কোন একটি কারণ থেকেই গুণসমূহের উৎপত্তি হয়ে থাকে। এ বিষয়ে আমাদের দৃষ্টান্তগুলি শুনুন—৪০ হে সৌম্য ! ভৃগু এবং অঙ্গিরা—বংশের প্রবর্তক দুই ঋষি। তাঁরা যে রাজনীতিশাস্ত্র প্রণয়ন করেন নি, তাঁদেরই দুই পুত্র শুক্র এবং বৃহস্পতি তা সৃষ্টি করেছিলেন।৪১ আবার যে লুপ্ত বেদ পূর্ববর্তীরা দর্শন করেন নি, সরস্বতীর পুত্র তা প্রকাশ করলেন। ব্যাস একে বিভক্ত করলেন যা শক্তিহীন বশিষ্ঠ করেন নি।৪২ বাল্মীকি প্রথম পদ্য রচনা করলেন, মহর্ষি চ্যবন তা গ্রথিত করতে পারেন নি। অত্রি যে চিকিৎসাশাস্ত্র প্রণয়ন করেন নি, পরবর্তীকালে ঋষি আত্রেয় তা প্রকাশ করলেন।৪৩ মহারাজ ! আরও শুনুন, কুশিক যে ব্রাহ্মণত্ব লাভ করেন নি, গাধির পুত্র তা লাভ করেছিলেন, ইক্ষ্বাকুবংশীয়গণ পূর্বে সমুদ্রে যে বেলা বন্ধন করতে পারেন নি—সগর সেই সীমা নির্দিষ্ট ক'রে দিয়েছিলেন।৪৪ যোগবিধিতে ব্রাহ্মণগণের যে আচার্য-পদ অন্য কেহ লাভ করেন নি—জনক তা লাভ করেছিলেন, শৌরির যে বিখ্যাত কার্যাবলী, শূর প্রভৃতি তা সম্পাদনে অসমর্থ ছিলেন।৪৫ সুতরাং বয়স বা বংশ প্রমাণ নয়, সংসারে কোন ব্যক্তি কোন একটি স্থানে শ্রেষ্ঠত্ব লাভ ক'রে থাকেন। রাজা ও ঋষিদের পুত্রগণ যে-যে কাজ করেছিলেন পূর্বগামীরা তা করতে পারেন নি।৪৬ এইভাবে বিশ্বস্ত ব্রাহ্মণদের কথায় রাজা আশ্বস্ত হলেন, অমংগলের আশঙ্কা মন থেকে ত্যাগ ক'রে অধিকতর আনন্দে মগ্ন হলেন।৪৭ প্রীত হয়ে তিনি সেই দ্বিজশ্রেষ্ঠদের সম্মানিত ক'রে ধন দান করলেন এই আশায় যে তাদের কথা অনুযায়ী বালক রাজা হবেন, পরে জরাগ্রস্ত হয়ে বনে যাবেন।৪৮

যিনি জন্মান্তরের অবসান ঘটাবেন—মহর্ষি অসিত তাঁর জন্মের কথা জানতে পারলেন তপোবনে আর বিভিন্ন নিমিত্তের সাহায্যে ! এরপর সদ্ধর্মের তৃষ্ণায় তিনি এলেন শাক্যরাজার গৃহে।৪৯ ব্রহ্মজ্ঞানী রাজগুরু ব্রহ্মতেজ ও তপস্যার জ্যোতিতে দীপ্ত সেই ব্রহ্মবিদ্‌কে সম্মান ও পূজার দ্বারা অভ্যর্থিত ক'রে রাজগৃহে প্রবেশ করলেন।৫০

কুমারের জন্মের ফলে তাঁর আনন্দ বর্ধিত হয়েছিল—তবু তপস্যার গৌরব ও জরার আশ্রয়ে ধীরচিত্তে বন মনে করেই তিনি রাজগৃহের নিকটে উপস্থিত হলেন।৫১ মুনি আসনে বসলেন, রাজা তাঁকে পাদ্য অর্ঘ্য দিয়ে যোগ্যভাবে তাঁর অর্চনা করলেন—তারপর অতীতে অন্তিদেব বশিষ্ঠকে যেমন আমন্ত্রণ জানিয়েছিলেন তেমনি ক'রে তাঁকেও সাদর নিবেদন জানালেন।৫২ 'আমি ধন্য হলাম, আমার এই বংশও অনুগৃহীত হলো এইজন্য যে আমাকে দেখতে ভগবান্ এলেন। আমি শিষ্য, আমাকে বিশ্বাস করুন!'৫৩

এইভাবে যথাযোগ্যরূপে অভ্যর্থিত হয়ে মুনি রাজাকে ধীর গম্ভীর বচনে বলতে লাগলেন—তাঁর বিশাল দুই নয়ন বিস্ময়ে উৎফুল্ল হয়ে উঠল।৫৪ বুদ্ধি, বংশ, জ্ঞান ও বয়সের অনুরূপ এই যে আমার প্রতি আপনার স্নিগ্ধ অনুভূতি এটি আপনার পক্ষে যুক্তিযুক্ত—কেননা আপনি মহাত্মা, অতিথিপ্রিয়, ত্যাগী ও ধর্মাভিলাষী।৫৫ এ সেই পথ যে পথে অতীতের রাজর্ষিগণ সূক্ষ্ম ধর্মানুশীলনের দ্বারা সম্পদ্ লাভ করেছেন, পরে যথাশাস্ত্র সেই সম্পদ্ নিত্য দান করে তপোবলে সমৃদ্ধ এবং ধনবলে দরিদ্র হয়েছেন।৫৬ কিন্তু আমার আগমনের যে প্রয়োজন তা আমার কাছে আপনি শুনুন, শুনে আপনি প্রীতিলাভ করবেন। আমি আদিত্যপথে দৈববাণী শুনেছি – আপনার পুত্র জ্ঞানের জন্য জন্মগ্রহণ করেছেন।৫৭ সেই বাণী শুনে, মনকে যোগযুক্ত ক'রে নিমিত্তদর্শনের দ্বারা সমস্ত অবগত হবার পর আমি ইন্দ্রধ্বজের মতো সমুন্নত শাক্যকুলের ধ্বজাকে দেখব ব'লে এসেছি।৫৮

এইরূপ কথা শুনে আনন্দে রাজার গতি হলো চঞ্চল—তিনি ধাত্রীর কোল থেকে কুমারকে নিয়ে মহর্ষিকে দেখালেন।৫৯ সেই মহর্ষি সবিস্ময়ে রাজপুত্রকে দেখলেন—তাঁর চরণে চক্রচিহ্ন, হস্ত, পদ এবং অঙ্গুলি জালবদ্ধ, ভ্রূযুগল ঊর্ণাচিহ্নিত এবং ধাত্রীর কোলে একে দেখে মনে হলো-যেন পার্বতীর কোলে কার্তিকেয়। তাঁর নেত্রলোমের প্রান্ত অশ্রুসিক্ত হলো। তিনি নিঃশ্বাস ত্যাগ ক'রে ঊর্ধ্বমুখ হলেন।৬০-৬১ অসিতের নয়ন অশ্রুপূর্ণ দেখে পুত্রস্নেহে রাজার হৃদয় কেঁপে উঠল—তিনি যুক্তকরে রুদ্ধস্বরে গদগদকণ্ঠে দেহ আনত ক'রে প্রশ্ন করলেন।৬২ হে ধীর! যার দেহ দেবদেহ থেকে অল্প পৃথক্, যার প্রদীপ্ত জন্ম অতি অদ্ভুত, যার ভবিতব্য আপনি উত্তম বলেছেন, তাকে দেখে আপনার চোখে অশ্রু কেন?৬৩ হে ভগবান্, কুমার দীর্ঘায়ু তো? আমার কোন শোকের কারণ হয়ে জন্মগ্রহণ করে নি তো? আমি কোন মতে তর্পণের জলাঞ্জলি সংগ্রহ করেছি, নিশ্চয় কাল তা পান করতে আসছে না তো?৬৪ আমার যশের ভাণ্ডার অক্ষয় তো? আমার বংশের হাতে রাজ্য সুস্থির তো? মৃত হলেও পুত্রের প্রতি আমার একটি নয়ন নিমেষহীন হয়ে থাকে—পরলোকে আমি সুখলাভ করব তো?৬৫ আমার বংশের এই অঙ্কুর বিকশিত হবার আগেই শুকিয়ে যাবে না তো? ভগবন্, আমাকে শীঘ্র বলুন—আমার শান্তি নেই। পুত্রের প্রতি বন্ধুজনের স্নেহের কথা আপনি অবশ্যই জানেন।৬৬

অনিষ্টের আশঙ্কায় রাজাকে এইভাবে বিচলিত দেখে সেই মুনি বললেন—'হে রাজন্, আপনি অন্য কিছু মনে করবেন না। আমি যা বলেছি তাতে সংশয় নেই।৬৭ আমার বাক্যের অন্যথা হবে ভেবে আমার ভাবান্তর হয় নি, নিজেকে বঞ্চিত জেনেই আমি বিচলিত হয়েছি। আমার যাবার সময় হয়ে এল আর জন্ম-মৃত্যু-রহস্যের এই দুর্লভ

বোদ্ধাও জন্মগ্রহণ করলেন।৬৮ বিষয়ে উদাসীন হয়ে রাজ্য ত্যাগ ক'রে কঠিন সাধনায় ইনি তত্ত্বজ্ঞান লাভ করবেন। জগতের মোহান্ধকার দূর করবার জন্য এই জ্ঞানময় সূর্য উদ্দীপ্ত হয়ে উঠবেন।৬৯ এই সংসার দুঃখের সমুদ্র—ব্যাধির ফেনায় বিকীর্ণ জরার তরঙ্গে উদ্বেল ও মৃত্যুর উগ্রতায় ভয়ংকর। এই সমুদ্রে প্রবহমান আর্ত জগৎকে ইনি জ্ঞানের তরণীতে উদ্ধার করবেন।৭০ ইনি যে ধর্মনদী প্রবর্তিত করবেন তা জ্ঞান-সলিলের স্রোতোময়, স্থির সদাচার তার তট, সমাধির প্রভাবে শীতল—ব্রতচারণ এই নদীর চক্রবাক। তৃষ্ণার্ত জীবলোক এই নদীর জল পান করবে। ৭১ পথভ্রষ্ট পথিকদের নিকটে উপদেশ-দানের মতোই ইনি দুঃখার্ত, বিষয়াসক্ত সংসারের গহন বন-পথে অবস্থিত মানুষের নিকট মুক্তির পথ ঘোষণা করবেন।৭২ গ্রীষ্মের অবসানে বিশাল মেঘখণ্ড যেমন বর্ষণের সাহায্যে জগৎকে শীতল করে, বিষয়রূপ কাষ্ঠের ইন্ধনে আসক্তিরূপ অগ্নিতে মানুষ তীব্রভাবে দগ্ধ হচ্ছে—ইনিও এই পীড়িত মানুষের আনন্দ সম্পাদন করবেন।৭৩ তৃষ্ণা যেন খিল আর মোহের অন্ধকার যেন কপাট—লোকের মুক্তির জন্য ইনি সদ্ধর্মের কঠিন আঘাতে সেই দ্বার বিদীর্ণ করবেন।৭৪ মানুষ আপন আপন মোহপাশে আবদ্ধ—তাই দুঃখপীড়িত এবং নিরাশ্রয়। এই ধর্মরাজ সম্যক জ্ঞান লাভ ক'রে এই মানুষের বন্ধন মোচন করবেন।৭৫ সুতরাং আপনি এর জন্য শোক করবেন না। মনুষ্যলোকে সেই শোকের যোগ্য—যে মোহ, কামসুখ বা অহংকারের বশে এঁর শ্রেষ্ঠ ধর্ম শ্রবণ করবে না।৭৬ আমি ঐ ধর্ম থেকে বঞ্চিত, ধ্যানলাভ ক'রেও আমি অকৃতার্থই রয়ে গেলাম। ঐ ধর্ম শ্রবণ না করায় আমি স্বর্গবাসকেও দুর্ভাগ্য মনে করছি।'৭৭

এই ব্যাখ্যা শুনে নৃপতি তাঁর বন্ধুবর্গ ও পত্নীর সঙ্গে বিষাদভাব ত্যাগ ক'রে আনন্দ লাভ করলেন। 'আমার এই পুত্র এমন' এই ভেবে তিনি নিজের গুরুত্বও অনুভব করলেন।৭৮ কিন্তু পুত্র ঋষিদের পক্ষে যাবে—এই চিন্তাই তাঁর হৃদয় অধিকার করল। ধর্মের পক্ষ তাঁর প্রিয় ছিল না এমন নয়। কিন্তু তিনি বংশনাশের আশংকায় ভীত হয়ে পড়লেন।৭৯ তারপর ঋষি অসিত পুত্রকাতর রাজাকে পুত্রসম্পর্কে নিশ্চিত তত্ত্ব নিবেদন ক'রে—বায়ুপথে যেমন এসেছিলেন তেমনি চলে গেলেন। বহু সম্মানের সঙ্গে সবাই তাঁর দিকে চেয়ে রইলেন।৮০

সেই সাধু ছিলেন যথার্থ জ্ঞানের অধিকারী। তিনি কনিষ্ঠা ভগিনীর পুত্রকে দর্শন ক'রে স্নেহবশত তাকে মুনির বাক্য শ্রবণ ও তার মত অনুসরণ করবার জন্য প্রিয় পুত্রের মতোই নানাভাবে উপদেশ দিলেন।৮১ পুত্রের জন্মে তুষ্ট সেই পুত্রপ্রিয় নরপতিও বিষয়বন্ধন থেকে মুক্ত হয়ে যথা নিয়মে পুত্রের কুলোচিত জাতকর্ম সম্পাদন করলেন।৮২ দশদিন পূর্ণ হলে সংযতচিত্ত সেই রাজা গভীর আনন্দে পুত্রের কল্যাণের জন্য জপ হোম মঙ্গল-কর্ম প্রভৃতি দেবযজ্ঞ সম্পন্ন করলেন।৮৩ অধিকন্তু পুত্রের শ্রীবৃদ্ধির জন্য তিনি ব্রাহ্মণদের পূর্ণ লক্ষসংখ্যক পুষ্ট ও দুগ্ধবতী গাভী দান করলেন—তাদের শৃঙ্গ স্বর্ণমণ্ডিত, তাদের বৎস দৃঢ় ও বলবান্।৮৪ তারপর জিতেন্দ্রিয় সেই রাজা বহু বিষয়ে আপন হৃদয়ের প্রীতিকর কর্ম সম্পাদন ক'রে সংকল্প করলেন—তিনি কল্যাণযুক্ত, শাস্ত্রবিহিত শুভ মুহূর্তে নগরে প্রবেশ করবেন।৮৫ তারপর পুত্রবতী সেই মহিষী পুত্রের কল্যাণের জন্য দেবগণকে প্রণাম ক'রে শুভ ও মহার্ঘ

শিবিকায় আরোহণ করলেন—সেই শিবিকা সিত পুষ্পে ও মণিপ্রদীপে শোভিত।৮৬ এর পর সন্তানবতী পত্নীকে রাজা প্রথমে নগরে প্রবেশ করালেন—তাকে অনুগমন করলেন বৃদ্ধজন। ইন্দ্র যেমন দেবগণের অর্চিত হয়ে স্বর্গে গমন করেন—তেমনি রাজাও পৌরজনের অভ্যর্থনা লাভ করে নগরে প্রবেশ করলেন।৮৭ ষড়াননের জন্মে মহাদেবের মতোই প্রীত হয়েছিলেন শাক্যরাজ। ভবনে প্রবেশ ক'রে তিনি—'এইটি কর, এইটি কর' বলে বহুবিধ পুষ্টি ও কল্যাণকর কর্মের আদেশ দিলেন।৮৮

এইভাবে রাজপুত্রজন্মের সমৃদ্ধিতে জনপদ-সমন্বিত কপিলাবস্তু নগরী আনন্দে উৎফুল্ল হয়ে উঠল—যেমন উদ্বেল হয়েছিল নলকুবরের জন্মে অপ্সরাপূর্ণ কুবেরপুরী।৮৯

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'ভগবৎপ্রসূতি' নামক প্রথম সর্গ সমাপ্ত।

× × × × × × × × × × × × × দ্বিতীয় সর্গ × × × × × × × × × × × × ×

অন্তঃপুর-বিহার

রাজপুত্র জিতেন্দ্রিয়—জন্ম ও জরার অন্তকারী। পুত্রের জন্মকাল থেকেই সেই রাজা দিনে দিনে অর্থ, হস্তী অশ্ব ও বান্ধবে শ্রীবৃদ্ধি লাভ করলেন—এই বৃদ্ধি জলের বেগে নদীর মতো।১ তিনি তখন ধন রত্ন এবং নানাভাবে নির্মিত এবং অনির্মিত স্বর্ণের বহু সম্পদ্ লাভ করলেন যা কামনার অতীত।২ যে হস্তিদল সমতলভূমিতে আসতে পারে না, হিমালয়ের সেই মদমত্ত হস্তীরাও বিনা চেষ্টায় এঁর কাছে উপস্থিত হলো।৩ কখনও শক্তির প্রয়োগে, কখনও বন্ধুত্বের জোরে, কখনও বা অর্থবলে রাজা যে অশ্বসম্পদের অধিকারী হলেন তাদের আবির্ভাবে তাঁর নগর চঞ্চল হয়ে উঠল। অশ্বগুলি নানারেখায় চিহ্নিত এবং দীর্ঘকেশরমণ্ডিত।৪ এঁর রাজ্যে এল বহু গাভী—গাভীগুলি পুষ্ট, প্রসন্ন, শান্ত ও অমলিন; এদের দুগ্ধ গুণময়, এদের বৎসগুলি সরল। গাভীগুলিও প্রচুর দুগ্ধের ভাণ্ডার।৫ তাঁর শত্রুরা মধ্যস্থভাব অবলম্বন করলেন; যিনি মধ্যস্থ ছিলেন তিনি মৈত্রীভাবাপন্ন হলেন, যিনি মিত্র তাঁর মৈত্রীভাব আরও দৃঢ় হলো। তাঁর দুটি পক্ষ ছিল—শত্রুপক্ষ কেহ ছিল না।৬ তেমনি এঁর রাজ্যে মন্দ পবন, মৃদু মেঘশব্দ এবং বিদ্যুৎ-কুণ্ডল মেঘের দেবতা ইন্দ্র যোগ্যকালে ও যোগ্যস্থানে বর্ষণ করতেন—তাতে শিলাবৃষ্টি বা বজ্রপাতের কোন দোষ থাকত না।৭ তখন কৃষিকার্যে পরিশ্রম না করলেও ঋতু-অনুযায়ী সকল শস্য উৎপন্ন হয়েছিল—সর্বোত্তম হয়েছিল ওষধিগুলি—রসে এবং শক্তিতে।৮

যুদ্ধের সংঘাতের মতোই শরীরের পক্ষে সংকটজনক কাল উপস্থিত হলেও নারীগণ সুস্থদেহে এবং যথাকালে প্রসব করলেন—এ প্রসব ছিল নিরাপদ এবং নিরাময়।৯ সেই সময়ে বিত্ত অল্প হলেও ব্রহ্মচারী ছাড়া অন্য কারো কাছে মানুষেরা প্রার্থনা করতেন না; কোন সজ্জন অল্পবিত্ত হলেও কেউ প্রার্থনা করলে বিমুখ হতেন না।১০ তিনি ছিলেন নহুষের পুত্র যযাতির তুল্য। তাঁর রাজ্যে বন্ধুজনের প্রতি কেউ গৌরবহানি করতেন না, কেউ দানে, ধর্মে বা সত্যভাষণে বিমুখ হতেন না, কেউ হিংস্র

ছিলেন না।১১ ধর্মকামিগণ যেন প্রত্যক্ষ স্বর্গ মনে করেই সেখানে উদ্যান, দেবমন্দির, আশ্রম, কূপ, জলসত্র, পুষ্করিণী এবং বন প্রতিষ্ঠা করতেন।১২ দুর্ভিক্ষ, ভয় এবং রোগ থেকে মুক্ত হয়ে মানুষ তাঁর রাজ্যে যেন স্বর্গের সুখ উপভোগ করতেন, তাছাড়া পতি পত্নীর প্রতি কিংবা পত্নী পতির প্রতি পরস্পর অবৈধ আচরণ করতেন না।১৩ ইন্দ্রিয়সুখের জন্য কেউ কামের সেবা করতেন না, কামনা চরিতার্থ করবার জন্য কেউ অর্থ সঞ্চয় করতেন না, ধনের জন্য কেউ ধর্মাচরণ করতেন না, আর ধর্মের জন্য কেউ হিংসা করতেন না।১৪

তাঁর রাজ্য থেকে চোর, শত্রু প্রভৃতি অদৃশ্য হলো। অতীতে অনরণ্যের রাজ্যের মতো তাঁর আপন রাজ্য সুস্থ, স্বাধীন, কল্যাণময় ও শস্য-সমৃদ্ধ হলো।১৫ তাঁর জন্মের পর আদিত্য পুত্র মনুর তুল্য সেই রাজার রাজ্য আনন্দে মুখর হয়ে উঠল, পাপী নিশ্চিহ্ন হলো, ধর্মের জাগরণ হলো, আর পাপ দূরীভূত হলো।১৬ রাজবংশের এইরূপ ধনসম্পদ বৃদ্ধি এবং সর্ববিষয়ে সিদ্ধি হয়েছিল ব'লেই নরপতি 'এই বালক সর্বার্থসিদ্ধি' এই ব'লে পুত্রের নামকরণ করলেন সর্বার্থসিদ্ধ।১৭

পুত্রের দেবর্ষিকল্প প্রভাব দর্শন ক'রে যে আনন্দের সমারোহ ঘটল, মায়াদেবী তা সহ্য করতে পারলেন না—সুতরাং বাস করবার জন্য তিনি স্বর্গে প্রস্থান করলেন।১৮ এরপর দেবশিশুকল্প কুমারকে জননীর ন্যায় প্রভাবময়ী মাতৃষ্বসা স্নেহে ও অনুরাগে জননীর মতোই পালনে ব্রতী হলেন।১৯ সেই রাজপুত্রও ক্রমে শ্রীবৃদ্ধির পথে অগ্রসর হলেন—উদয়াচলে স্থিত শিশুসূর্যের মতো বায়ুপ্রেরিত বহ্নির মতো, শুক্ল-পক্ষে চন্দ্রের মতো।২০

এরপর তার কাছে বহু বিচিত্র উপহার এলো মিত্রগৃহ থেকে—প্রচুর চন্দন-কাঠ, ঔষধপূর্ণ নানা রত্নহার, হরিণযুক্ত স্বর্ণনির্মিত ক্ষুদ্র ক্ষুদ্র রথ, বয়সের অনুরূপ বহু অলংকার, স্বর্ণময় ক্ষুদ্র হস্তী, হরিণ এবং অশ্ব, গোবৎসযুক্ত রথরাজি, এবং স্বর্ণ ও রৌপ্য-নির্মিত বহু পুত্তলিকা।২১-২২ এইভাবে তিনি বয়সের অনুরূপ বহু বৈষয়িক উপকরণ উপভোগ করলেন। মনে হলো বালক হলেও ধৈর্য, পবিত্রতা বুদ্ধি এবং কল্যাণসম্পদে তিনি বৃদ্ধের মতো।২৩ কুমার-বয়স পার হবার পর যথাকালে তাঁর উপনয়ন-সংস্কার হলো, তখন তিনি অল্পদিনের মধ্যেই আপন বংশের অনুরূপ বহু বিদ্যার অধিকারী হলেন—যে বিদ্যা বহু বর্ষে আয়ত্তের যোগ্য।২৪ কিন্তু তার ভবিষ্যৎ লক্ষ্য হবে মুক্তি—মহর্ষি অসিতের কাছে এই কথা আগে শুনে শাক্যরাজ ভোগ্য বস্তুতে তাঁর আসক্তি উৎপাদিত করলেন—যাতে তিনি বনগমন না করেন।২৫ তারপর তাঁর জন্য দৃঢ়-চরিত্রসম্পন্ন বংশ থেকে সাধ্বী, রূপ, লজ্জা ও বিনয়ের আধার, বিশাল যশের আশ্রয়, যিনি নারীজাতির মধ্যে লক্ষ্মীতুল্যা, সেই যশোধরাকেই পুত্রবধূ-রূপে নির্বাচিত করলেন।২৬

তারপর ইন্দ্র যেমন শচীর সঙ্গে আনন্দ উপভোগ করেন—পরম সৌন্দর্যে ভাস্বর সনৎকুমার-তুল্য সেই রাজপুত্রও শাক্যরাজপুত্রবধূর সঙ্গে আনন্দ উপভোগ করলেন।২৭ মনের উদ্বেগজনক বা প্রতিকূল তিনি যাতে দর্শন না করেন এই ভেবে রাজা নির্দেশ দিলেন—প্রাসাদের মধ্যেই তিনি বাস করবেন—পথে বিচরণ করতে পারবেন না।২৮ তখন তিনি প্রাসাদে-প্রাসাদে রমণীগণের সঙ্গে ঘুরে বেড়াতে লাগলেন—সেই প্রাসাদ

শরৎকালের মেঘের মতো শুভ্র, মর্ত্যে অবতীর্ণ দেবরথের ন্যায় রঞ্জিত এবং সমস্ত ঋতুতে সুখের আশ্রয়।২৯

নারীহস্তে আহত হতে লাগল মৃদঙ্গ—তাদের অঙ্গুলির অগ্রভাগ স্বর্ণবেষ্টিত। সেই মৃদঙ্গের কলধ্বনিতে আর রূপসী-অপ্সরাতুল্য নৃত্যে সেই ভবন কৈলাসের মতো বিরাজ করতে লাগল।৩০ নারীগণ তাঁর আনন্দবিধান করলেন, তাঁদের উপকরণ—অস্ফুট মধুর বচন, ললিত শৃঙ্গারচেষ্টা, লীলাময় মত্ততা, মধুর হাস্য, ভ্রূবিলাস আর বঙ্কিম দৃষ্টি।৩১ তখন তিনি কামকলায় পণ্ডিত, রতিনিপুণ নারীদলে বন্দী হয়ে প্রাসাদতল থেকে মাটিতে নামতেন না—যেমন পুণ্যকর্মা ব্যক্তি স্বর্গীয় রথ থেকে অবতরণ করেন না।৩২

রাজা কিন্তু তাঁরই ভাবী কল্যাণের জন্য এবং ভবিষ্যৎ প্রয়োজনের কথা ভেবেই নিজে সংযত হলেন, পাপ থেকে বিরত হলেন। তিনি উদার ভাব অবলম্বন ক'রে সাধুদের দান করতে লাগলেন।৩৩

তিনি অসংযমীর মতো কামসুখে আসক্ত হন নি, নারীর প্রতি অনুচিতভাবে আসক্ত হন নি। ধৈর্যের সাহায্যে অশ্বের মতো চঞ্চল ইন্দ্রিয়গুলি জয় করেছিলেন আর বন্ধু ও পুরবাসীদের জয় করেছিলেন গুণের মহিমায়।৩৪ পরের দুঃখের জন্য তিনি বিদ্যা অর্জন করেন নি—যে জ্ঞান কল্যাণজনক তাই তিনি আয়ত্ত করেছিলেন। তিনি যেমন আপন প্রজাগণের জন্য, তেমনি সর্বজনের মঙ্গল প্রার্থনা করতেন।৩৫

পুত্রের দীর্ঘায়ুর জন্য তিনি 'আঙ্গিরস'-অধিদেবতাযুক্ত উজ্জ্বল নক্ষত্রের অর্চনা করলেন, পরিপুষ্ট অগ্নিতে আহুতি দিলেন এবং ব্রাহ্মণদের মুক্তা ও ধেনু দান করলেন।৩৬ দেহ ও মন পবিত্র করার জন্য তিনি তীর্থজল এবং গুণরূপ সলিলে স্নান করলেন, বেদবিহিত সোমরসের সঙ্গে আপন অন্তরজাত মধুর শান্তিরস পান করলেন।৩৭ তিনি প্রিয়বচন বলতেন কিন্তু তা অর্থযুক্ত নয় এমন নয়, সত্য বলতেন যা অপ্রিয় নয়, কারণ স্বভাবতই তিনি লজ্জাবশত মধুর অসত্য এবং রূঢ় সত্য বলতে পারতেন না।৩৮ কর্মচারীদের মধ্যে তিনি প্রিয় বা অপ্রিয়দের প্রতি অনুরাগ বা বিদ্বেষের আশ্রয় গ্রহণ করেন নি। ব্যবহারশাস্ত্রের দ্বারা পরিশোধিত মঙ্গলকেই তিনি আশ্রয় করেছিলেন। ব্যবহারশাস্ত্রকে তিনি যেমন গুরুত্বপূর্ণ মনে করতেন যজ্ঞকে তেমন নয়।৩৯ আশান্বিত হয়ে যাঁরা নিকটে আসতেন তাঁদের আকাঙ্ক্ষা তিনি দান সলিলের দ্বারা তৃপ্ত করতেন। বিনা যুদ্ধে চরিত্ররূপ কুঠার দিয়ে তিনি শত্রুর উদ্ধত দর্প খণ্ডিত করতেন।৪০ তিনি একক বিনীত করেছিলেন, সাতকে রক্ষা করেছিলেন, সাতকে ত্যাগ ক'রে পাঁচকে রক্ষা করেছিলেন, তিনি ত্রিবর্গ লাভ করেছিলেন, ত্রিবর্গ উপলব্ধি করেছিলেন। তিনি দ্বিবর্গকে জেনেছিলেন এবং দ্বিবর্গকে ত্যাগ করেছিলেন।৪১ অপরাধীদের বধের যোগ্য মনে করেও তিনি বধ করতেন না, এমন কি ক্রোধের দৃষ্টিতে তাদের দেখতেন না। প্রিয়-বচনরূপ ফলে তিনি তাদের বন্ধন করতেন আবার তাদের মুক্তিদানও অন্যায় ব'লে মনে করতেন।৪২ ঋষি অনুষ্ঠিত পরম ব্রত তিনি পালন করতেন, চিরকালের সঞ্চিত বৈরভাব তিনি ত্যাগ করেছিলেন। তিনি গুণগন্ধযুক্ত যশ লাভ করেছিলেন আর কলঙ্কজনক রজোগুণগুলি ত্যাগ করেছিলেন।৪৩

যা অনুমোদিত নয় তেমন কর তিনি গ্রহণ করতেন না, পরবস্তুর গ্রহণেও তাঁর

কোন অভিলাষ ছিল না। শত্রুর অধর্মও তিনি প্রকাশ করতে চাইতেন না—হৃদয়ে
ক্রোধ বহন করাও তাঁর অভিপ্রেত ছিল না।৪৩ ভূমিপতি ঐরূপ আচরণ করতেন
বলেই ভৃত্য এবং পৌরজনেরাও সেই পথে চলতেন। যোগযুক্ত ব্যক্তির শান্ত ও প্রসন্ন
চিত্তে ইন্দ্রিয়গুলিও অনুরূপ হয়ে থাকে।৪৪ সুন্দর-পয়োধর-বিশিষ্টা যশোধরা যেন
শুদ্ধোদন-পুত্রের যশোধারিণী—যথাকালে তার 'রাহুল' নামে এক পুত্র জন্মগ্রহণ
করল। তার মুখ রাহুর শত্রু চন্দ্রের মতো।৪৬ তখন পুত্রপ্রিয় সেই রাজা বংশের
বৃদ্ধিতে পরম আশ্বস্ত হয়ে পুত্রের জন্মে যেমন আনন্দ করেছিলেন পৌত্রের জন্মেও
তেমনি আনন্দিত হলেন।৪৭ 'সম্ভবত পুত্রবিষয়ে আমার পুত্রের আমারই মতো
স্নেহ হবে' -এই ভেবে পুলকিত সেই পুত্রপ্রিয় রাজা যেন স্বর্গে আরোহণের
অভিলাষেই যথাকালে নানা আচারের অনুষ্ঠান করলেন।৪৮ প্রথম কল্পের যশস্বী ও
বিখ্যাত শ্রেষ্ঠ রাজাদের পথ অনুসরণ ক'রে তিনি শুক্ল বসন ত্যাগ না করেই বহু
তপস্যা করলেন এবং অহিংস যজ্ঞের দ্বারা দেবপূজা করলেন।৪৯

তারপর যেন সূর্যের মতো রশ্মি বিকিরণ করতে অভিলাষী হয়েই কুল, চরিত্র এবং
বুদ্ধিতে দীপ্ত সেই পুণ্যকর্মা রাজা রাজশ্রী এবং তপঃশ্রীতে যুক্ত হয়ে প্রজ্বলিত
হলেন।৫০ স্থিরলক্ষ্মীসম্পন্ন সেই রাজা পুত্রের আয়ুর জন্য মন্ত্র জপ করলেন এবং
আদিকালে প্রজাসৃষ্টির অভিলাষী প্রজাপতির মতো দুষ্কর কর্ম সম্পাদন করলেন।৫১
তিনি অস্ত্র ত্যাগ করেছিলেন শাস্ত্রের চিন্তা করেছিলেন, শমের সেবা করেছিলেন,
নিয়ম পালন করেছিলেন জিতেন্দ্রিয় ব্যক্তির মতো তিনি কোন বিষয় ভোগ করতেন না।
পিতার মতোই তিনি রাজ্যের পরিচালনা করতেন।৫২ তিনি পুত্রের জন্য রাজ্যভার
বহন করতেন—বংশের জন্য পুত্র পালন করতেন—তিনি যশের জন্য বংশ, স্বর্গের জন্য
যশ এবং আত্মার জন্য স্বর্গ কামনা করতেন। ধর্মের জন্য তিনি নিজের জীবনের
স্থিতি কামনা করতেন।৫৩ পুত্রমুখ দর্শন ক'রে তিনি সাধুসেবিত বেদসিদ্ধ বিবিধ
ধর্মের অনুষ্ঠান করলেন, তার প্রার্থনা—আমার পুত্র যেন কোনপ্রকারেই বনে না
যায়।৫৪ পৃথিবীতে নরপতিগণ আপনাকে প্রতিষ্ঠিত সম্পদ রক্ষার ইচ্ছায় পুত্রদের
রক্ষা করেন—সেই ধর্মকাম নরপতি কিন্তু বিষয়সমূহ থেকে মুক্ত ক'রে দিয়ে পুত্রকে
ধর্ম থেকে রক্ষা করেছিলেন।৫৫ অনুপম-চরিত্র সমস্ত বোধিসত্ত্বই বিষয়সুখরস
অনুভব ক'রে পুত্র উৎপন্ন হলেই বনে গমন করেছিলেন। তাই বনগমনের হেতু
দৃঢ়মূল হলেও বয়ঃপ্রাপ্ত না হওয়ায় সিদ্ধার্থ বোধিলাভ না করা পর্যন্ত ইন্দ্রিয়-সুখের
সেবা করেছিলেন।৫৬

বুদ্ধচরিত' মহাকাব্যে 'অন্তঃপুর-বিহার' নামক দ্বিতীয় সর্গ সমাপ্ত।

×××××××××××××× তৃতীয় সর্গ ××××××××××××××

উদ্বেগের উৎপত্তি

তারপর কোন এক সময়ে তিনি গীতমুখরিত কাননের কথা শুনতে পেলেন—সেই কানন পদ্মপূর্ণ-সরোবরে শোভিত, স্নিগ্ধ সবুজ তৃণে ঢাকা, আর গাছে-গাছে কোকিলের কূজন।১ রমণীর প্রিয় নগরের সেই কাননগুলি! তাদের সৌন্দর্যের কথা শুনে তিনি বাইরে যাবার সংকল্প করলেন, তার মনে হলো তিনি যেন গৃহের মধ্যে হস্তীর মতো অবরুদ্ধ হয়ে আছেন।২ আপন কামনার 'রূপ' তারই তো নাম 'পুত্র'—নৃপতি তাঁর পুত্রের মনের ভাব জানতে পেরে নিজের স্নেহ ও ঐশ্বর্য এবং পুত্রের বয়সের যোগ্য প্রমোদ-যাত্রার ব্যবস্থা করে দিলেন।৩ কোমলহৃদয় রাজপুত্রের চিত্ত যাতে উদ্বিগ্ন না হয় এই ভেবে নৃপতি রাজপথে আর্ত সাধারণ জনের প্রবেশ নিষিদ্ধ করলেন।৪ তখন রাজকর্মচারিগণ অংগহীন, বিকলেন্দ্রিয়, বৃদ্ধ, রুগ্ন প্রভৃতি এবং দুর্ভাগ্য-পীড়িতদের পরম প্রিয় বচনে সব দিক থেকে অপসারিত ক'রে রাজপথের শোভা বাড়িয়ে দিলেন।৫

রাজপথ সুন্দর করা হলো! শ্রীমান্ কুমার পিতার অনুমতি নিয়ে বিনীত অনুচরের সংগে প্রাসাদতল থেকে নেমে এলেন। যথাকালে তিনি রাজার নিকটে গেলেন।৬ রাজার চোখে জল এল। তিনি তার মাথার ঘ্রাণ নিয়ে অনেকক্ষণ চেয়ে রইলেন, তারপর বললেন—'যাও'! কিন্তু স্নেহবশতঃ তিনি মন থেকে তাকে বিদায় দিলেন না।৭ তারপর কুমার স্বর্ণময় রথে আরোহণ করলেন, রথের সারথি বীর, বিদ্বান্ ও পবিত্র, বাহক—স্বর্ণালঙ্কারভূষিত চারটি বিনীত অশ্ব।৮ নক্ষত্ররাজির সংগে যেমন অন্তরীক্ষে চন্দ্র আবির্ভূত হন, তেমনি কুমার যোগ্য অনুচরদের সংগে পথে উপস্থিত হলেন—সে পথে উজ্জ্বল পুষ্পরাশি ছড়ান, সাজান মালা, আর পতাকা।৯ পুরবাসীরা দেখতে লাগল কুমারকে—কৌতূহলের বশে তাদের দৃষ্টি অত্যন্ত স্ফীত, সেই দৃষ্টির মধ্যেই অতি-বিকশিত পদ্মদলে সেই পথে এলেন কুমার।১০ কেউ কেউ সৌম্যগুণের জন্য তাঁকে তুষ্ট করলেন, তেমনি অন্যেরা তাঁর বন্দনা করলেন দীপ্তভাবের জন্য, আবার কেউ-কেউ তাঁর প্রসন্নতার জন্যই তাঁর সম্পদ্ ও আয়ুর বিপুলতা প্রার্থনা করলেন।১১ শ্রেষ্ঠ কুলজাত কুব্জগণ, দরিদ্রগৃহ থেকে কিরাত ও বামনের দল আর নারীগণ নির্গত হয়ে দেবতার শোভাযাত্রায় ধ্বজের মতো তাঁকে প্রণাম করলেন।১২ তখন 'কুমার যাচ্ছেন'—ভৃত্যদের কাছে এই বার্তা শুনে গুরুজনের অনুমতি লাভ ক'রে তাঁর দর্শন কামনায় রমণীরা গেলেন প্রাসাদশীর্ষে।১৩ তাদের কাঞ্চী স্খলিত হয়ে পড়েছে, কাঞ্চীর তারে বাধা পাচ্ছেন, ঘুম থেকে জাগরণের ফলে চোখে জড়তা রয়েছে তবু সংবাদ শুনেই অলংকারে সজ্জিত হয়ে আগ্রহের বশে অনবগুণ্ঠিত অবস্থাতেই ছুটে এলেন।১৪

প্রাসাদের সিঁড়িতে তাদের চরণের ধ্বনিতে, কাঞ্চীর শিঞ্জনে, নূপুরের ঝংকারে গৃহপাখিগুলি ত্রস্ত হয়ে উঠল—কে কার আগে যাবেন এইভাবে একে অন্যের বেগকে অতিক্রম করেই তাঁরা চলে এলেন।১৫ ত্বরান্বিত উৎসুক হলেও এই বরাংগনাদের কারো কারো গতি সংযত হলো, তাদের স্থূল বিশাল নিতম্ব আর পীনস্তনের ভারে।১৬

কোন রমণী হয়তো লজ্জায় সংকুচিত, তিনি দ্রুত গমনে সমর্থ হয়েও একান্তে পরিহিত অঙ্গংকারগুলি ঠিক করে সাজাতে-সাজাতে গতি মন্থর করলেন, দ্রুত গেলেন না।১৭ বাতায়নে-বাতায়নে অশান্তি দেখা দিল—কেননা, পরস্পরের মধ্যে সংঘর্ষ শুরু হলো, পরস্পরের ঘর্ষণে কুন্ডলগুলি আলোড়িত হলো, আর সেই সঙ্গে উঠল অলঙ্কারের ধ্বনি।১৮ রমণীদের মুখগুলি বাতায়ন থেকে বেরিয়ে এসেছে, পরস্পরের সংসর্গে কুন্ডলগুলি আন্দোলিত হচ্ছে কিন্তু তাদের মুখ দেখে মনে হলো প্রাসাদে লগ্ন কতগুলো পদ্ম।১৯ কৌতূহলের বশে বাতায়নগুলি উন্মুক্ত হয়ে গেছে—যুবতীর দল সেই বাতায়ন ব্যাপ্ত করে আছেন—এদিকে বিমানরাজিতে শোভিত নগর, মনে হলো যেন অপ্সরাসমন্বিত প্রাসাদসমূহের দ্বারা শোভিত স্বর্গ।২০ বাতায়নগুলি অপ্রশস্ত—একের কুন্ডল অন্যের গন্ডে লগ্ন হয়ে আছে, তাই সুন্দরী রমণীদের মুখগুলি পদ্মের স্তবকের মতো শোভিত হলো।২১ সেই রমণীরা কুমারকে পথে যেতে দেখছেন—তাঁদের দেখে মনে হলো তাঁরা পৃথিবীতে যেতে উৎসুক ; ঊর্ধ্বে উন্মুখ হয়ে পুরুষেরা দেখছেন, মনে হলো স্বর্গগমনে আগ্রহী।২২ সেই রমণীগণ স্বাস্থ্য ও সৌন্দর্যে দীপ্ত রাজকুমারকে দেখে মৃদুকণ্ঠে বললেন—'ধন্য এঁর ভার্যা।' শুদ্ধমনেই তাঁরা একথা বলেছিলেন—অন্যভাবে নয়।২৩ রূপে ইনি সাক্ষাৎ কামদেবের মতো, এর বাহুদ্বয় দীর্ঘ ও বলিষ্ঠ, ইনি ঐশ্বর্য ত্যাগ করে ধর্ম লাভ করবেন—এই ভেবে তাঁরা তাঁর সম্পর্কে গৌরবই অনুভব করলেন।২৪

বিনীত, পবিত্র এবং শান্ত-বেশ-পরিহিত পৌরজনে আকীর্ণ রাজপথ! সেই প্রথম দেখে কুমার হৃষ্ট হলেন এবং নিজের পুনর্জন্মের মতো কিছু অনুভব করলেন।২৫ কিন্তু শুদ্ধাধিবাস দেবগণ সেই নগরকে স্বর্গের মতো প্রহৃষ্ট দেখে রাজকুমারের বনগমনের প্রেরণাদানের জন্যই এক বৃদ্ধ পুরুষ নির্মাণ করলেন।২৬

তাকে দেখলেন কুমার—জরায় অভিভূত, অন্য মানুষ থেকে পৃথক। মনোযোগী হয়ে তার প্রতিই নিষ্কম্প ও নিবিষ্ট দৃষ্টি রেখে তিনি সারথিকে বললেন—২৭ 'হে সারথি! এ কোন্ ব্যক্তি উপস্থিত হলো? এর হস্ত দণ্ডে লগ্ন ভ্রূতে দুই চক্ষু আবৃত, অঙ্গ আনত ও শিথিল—একি বিকার না স্বভাবধর্মেই এর এই অবস্থা?২৮ দেবতাদের প্রভাবেই সারথির বুদ্ধি মোহগ্রস্ত হলো। কুমার ঐ কথা বলার পর তিনি কোন দোষ দর্শন না করেই গোপনীয় বিষয়ও রাজপুত্রকে নিবেদন করলেন।২৯ যার প্রভাবে এর দেহ ভেঙে পড়েছে—রূপের ধ্বংসকারী, শক্তির বিপত্তি, শোকের কারণ, আনন্দের মৃত্যু, স্মৃতির নাশ আর ইন্দ্রিয়ের শত্রু—এ হলো সেই জরা।৩০ এ-ও শৈশবে দুগ্ধ পান করেছে, আবার যথাকালে পৃথিবীতে সর্বত্র ভ্রমণ করেছে, ক্রমে সুন্দরকান্তি যুবাপুরুষ হয়ে সেই ক্রমে জরাগ্রস্ত হয়েছে।৩১ সারথি এই কথা বলার পর সেই রাজপুত্র কিঞ্চিৎ বিচলিত হলেন ; তিনি সারথিকে বললেন—আমারও কি সেই দোষ হবে? সারথি তখন এঁকে বললেন—৩২ যিনি আয়ুষ্মান্, কালবশে অবশ্য তাঁরও এই রকম বয়োবৃদ্ধি হবে। মানুষ এইভাবে জরাকে রূপধ্বংসা হিসেবেই জানে এবং তাকে প্রার্থনাও করে।৩৩ বহুকল্পে যাঁর পুণ্যকর্ম সঞ্চিত হয়েছিল, পূর্বজন্মের সংস্কারের ফলে শুদ্ধবুদ্ধি সেই মহাত্মা নিকটে মহাবজ্রের ধ্বনিতে গাভীর মতো সন্ত্রস্ত হলেন।৩৪ দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করে, আপন মস্তক কম্পিত করে, সেই বৃদ্ধের প্রতি দৃষ্টি নিবদ্ধ রেখে—আর এদিকে সহর্ষ জনতাকে লক্ষ্য করে উৎকণ্ঠিত হৃদয়ে তিনি এই কথা

বললেন—৩৫। এইভাবেই জরা, স্মৃতি, রূপ এবং পরাক্রমকে নির্বিশেষে ধ্বংস করে; লোকে প্রত্যক্ষ এইসব দেখেও বিচলিত হয় না।৩৬ হে সারথি, যখন এইরূপই অবস্থা—তখন অশ্বদের নিবর্তিত করুন। আপনি শীঘ্র গৃহেই ফিরে যান। চিত্তে যখন জরার ভয়, উদ্যানভূমিতে আমার আনন্দ কোথায়?৩৭ তারপর সারথি তার প্রভুপুত্রের আজ্ঞায় রথ ফিরিয়ে আনলেন; কুমার চিন্তার বশবর্তী হয়ে গৃহে ফিরে গেলেন, গৃহ তাঁর কাছে শূন্যের মতোই মনে হলো।৩৮ যখন 'জরা জরা' এই চিন্তা করতে-করতে সেখানেও শান্তি লাভ করলেন না তখন রাজার অনুমতি নিয়ে আর সেইভাবেই বাইরে গেলেন।৩৯ এরপর সেই দেবগণই আর এক মানুষ সৃষ্টি করলেন—রোগাক্রান্ত তার দেহ। তাকে দেখে তার প্রতিই দৃষ্টি নিবদ্ধ রেখে শুদ্ধোদন-পুত্র সারথিকে বললেন—৪০ উদর স্থূল, শ্বাসে শরীর কম্পিত, স্কন্ধ শিথিল। বাহু কৃশ, দেহ পাণ্ডুর—অন্যকে আশ্রয় করে করুণস্বরে 'মা—মা' বলে আর্তনাদ করছে, এ ব্যক্তি কে?৪১ তখন এঁর সারথি বললেন—'হে সৌম্য, ধাতুর প্রকোপ থেকে উৎপন্ন এবং বৃদ্ধিপ্রাপ্ত এই গুরুতর অনর্থের নাম রোগ—যা শক্তিমান্ এই ব্যক্তিকেও পরাধীন করেছে।'৪২ দয়ালু রাজপুত্র সেই লোকটিকে নিরীক্ষণ করে পুনরায় বললেন—'এই দোষ কি পৃথক্-ভাবে এরই উৎপন্ন হয়েছে না সাধারণভাবে সমস্ত মানুষেরই রোগভয় বর্তমান?'৪৩ সেই রথনায়ক তখন বললেন, কুমার, সাধারণভাবে সমস্ত মানুষই এই দোষভাগী। এইভাবেই রোগের দ্বারা পীড়িত হতে-হতে রোগক্লিষ্ট মানুষ আনন্দলাভ করে।৪৪ এই তত্ত্বকথা শুনে তিনি বিষণ্ণচিত্তে কাঁপতে লাগলেন জলতরঙ্গে প্রতিবিম্বিত চন্দ্রের মতো। তারপর করুণার্দ্র কণ্ঠে মৃদুস্বরে এই কথা বললেন।৪৫ মানুষের এই রোগসঙ্কট দেখেও জগৎ নিশ্চিত থাকে। হায়, মানুষের অজ্ঞান কি বিপুল এরা রোগভয় থেকে অমুক্ত থেকেও হাসে!৪৬ হে সারথি, বহির্গমন থেকে নিবৃত্ত হোন। রোগভয়ের কথা শুনে আমার মন আনন্দ থেকে নিবৃত্ত, আমার হৃদয় সঙ্কুচিত।৪৭

নিরানন্দ-চিত্তে তিনি ফিরে এলেন এবং চিন্তামগ্ন অবস্থায় গৃহে প্রবেশ করলেন। তাঁকে সেইভাবে দুবার ফিরে আসতে দেখে ভূপতি এর কারণ অনুসন্ধান করলেন।৪৮ প্রত্যাবর্তনের কারণ শুনে রাজা ভাবলেন, তিনি পুত্রের দ্বারা পরিত্যক্ত হয়েছেন। তিনি পথের শোধনে নিযুক্ত ব্যক্তিদের প্রতি ক্রুদ্ধ হলেন, কিন্তু রুষ্ট হয়েও কঠোর দণ্ড দিলেন না।৪৯ তাছাড়া, 'ইন্দ্রিয় চঞ্চল, তাই হয়তো আসক্ত হয়ে আমাদের ত্যাগ করবে না' এই কামনায় তিনি সেই পুত্রের জন্য বিচিত্র ভোগ্য-বিষয়ের ব্যবস্থা করলেন।৫০ এবং যখন এঁর পুত্র শব্দ প্রভৃতি ইন্দ্রিয়-বিষয়ের দ্বারা অন্তঃপুরে আনন্দ লাভ করলেন না তখন তিনি তাঁকে বাইরে যাবার আদেশ দিলেন; ভাবলেন, এর ফলে হয়তো এর ভাবান্তর ঘটবে।৫১ স্নেহবশত পুত্রের ভাব উপলব্ধি করে কারোর কোন দোষের কথা বিচার করলেন না, তিনি যোগ্য, কলাকুশল এবং মুখ্য বারাঙ্গনাদের সেখানে থাকতে নির্দেশ দিলেন।৫২ তারপর রাজপথ বিশেষভাবে সুসজ্জিত এবং পরীক্ষিত হলো। রাজা সারথি ও রথ পরিবর্তিত করে কুমারকে বাইরে প্রেরণ করলেন।৫৩

তারপর রাজপুত্র যখন পথে যাচ্ছিলেন তখন সেই দেবতারাই একটি মৃতদেহ নির্মাণ করলেন। সারথি এবং কুমারই সেই মৃতকে পথে নিয়ে যেতে দেখলেন, অন্য কেউ নয়।৫৪ তখন সেই রাজপুত্র সারথিকে বললেন, কোন্ ব্যক্তিকে এই চারজন বহন

করে নিয়ে যাচ্ছে ? দুঃখী মানুষেরা এর সঙ্গে যাচ্ছে কিন্তু এই ব্যক্তি সজ্জিত হলেও এরজন্য রোদন করছে ।৫৫ এরপর শুদ্ধচিত্ত ও শুদ্ধাধিবাস দেবগণই সারথির চিত্ত অভিভূত করলেন ; অবক্তব্য হলেও সারথি তার জ্ঞানবান প্রভুকে এ-কথা বললেন ।৫৬—'এই ব্যক্তি এখন বুদ্ধি, ইন্দ্রিয়, প্রাণ ও গুণ থেকে বিচ্ছিন্ন। এখন, সে সুপ্ত, সংজ্ঞাহীন তৃণ বা কাষ্ঠে পরিণত। এর পরম প্রিয়জনেরা একে লালন ও পালন করেছেন, কিন্তু এখন এই ব্যক্তি পরিত্যক্ত।'৫৭

সারথির এই কথা শুনে তিনি কিছু ক্ষুব্ধ হয়ে তাঁকে বললেন, একি কেবল এই ব্যক্তিরই ধর্ম না সকলেরই এই পরিণাম ?৫৮ তখন সারথি এঁকে বললেন ; 'সমস্ত মানুষেরই এইটি অন্তিম ধর্ম। জগতে হীন, মধ্যম বা মহাত্মা সকলেরই বিনাশ অবশ্যম্ভাবী।'৫৯ তারপরেই রাজপুত্র ধীরে হলেও মৃত্যুর কথা শুনে সঙ্গে-সঙ্গে বিষণ্ণ হয়ে পড়লেন। পরে গভীর স্বরে বললেন ; ৬০ 'প্রাণীমাত্রেরই মৃত্যু নিশ্চিত তবু জগৎ ভয় ত্যাগ করে ভুল করে। মনে হয়, মানুষের মন কঠিন, কেন-না তারা মৃত্যুর পথে থেকেও উদ্বেগহীন ।৬১ সুতরাং হে সারথি, রথ ফিরিয়ে নিন। আমাদের বিহারভূমির স্থান বা কাল এটি নয়। বিনাশ জেনে সচেতন মানুষ কেমন করে জগতে প্রমত্ত হতে পারে ?'৬২ রাজার কুমার এ-কথা বললেও সারথি রথ ফেরালেন না, পরন্তু রাজার আদেশে পদ্মশোভিত এক বিচিত্র বনে উপস্থিত হলেন ।৬৩

তখন তিনি নন্দনকাননের তুল্য সেই বন দর্শন করলেন। সেই বনে ছিল ফুল্ল ও কুসুমিত ক্ষুদ্রক্ষুদ্র বৃক্ষ। সেখানে ছিল মত্ত কোকিল। সেই বন কুঞ্জশোভিত, সুন্দর দীর্ঘিগুলি পদ্মপূর্ণ ।৬৪ শ্রেষ্ঠ অপ্সরাশোভিত অলকাধিপতির আলয়ে মুনির মতো বিঘ্নপীড়িত সেই রাজপুত্রকে সুন্দরী নারীশোভিত সেই বনে নিয়ে যাওয়া হলো ।৬৫

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'উদ্বেগের উৎপত্তি' নামক তৃতীয় সর্গ সমাপ্ত।

× × × × × × × × × × × × × **চতুর্থ সর্গ** × × × × × × × × × × × × ×

নারী-প্রত্যাখ্যান

যেমন বর এলে স্ত্রীলোকেরা অভ্যর্থনা করতে ছুটে আসে, পুরোদ্যান থেকে রমণীর দল তেমন করেই এগিয়ে এল রাজকুমারের কাছে, কৌতূহলে তাদের চোখ চঞ্চল ।১ কাছে এসে প্রসন্নতায় তাদের নয়ন বিকশিত হলো। তারা পদ্মকলির মতো হাতে তাঁর প্রতি শিষ্টাচার দেখাল ।২ তারা এঁকে ঘিরে বসে রইল। তাদের চিত্ত কামে বিচলিত ; স্থির প্রীতিপ্রফুল্ল দৃষ্টিতে তারা যেন এঁর সৌন্দর্যসুধা পান করছিল ।৩ ইনি ছিলেন দীপ্ত লক্ষণে শোভিত, এইগুলো ছিল এঁর সহজাত অলংকার। রমণীর দল এঁকে ভেবেছিল—মূর্তিমান কামদেব ।৪ সৌম্যভাব ও ধীর স্বভাবের জন্য কেউ-কেউ মনে করেছিল—সাক্ষাৎ চন্দ্র যেন তাঁর কিরণ গোপন করে পৃথিবীতে অবতীর্ণ হয়েছেন ।৫ এঁর দেহের সৌন্দর্যে আকৃষ্ট হয়ে তাঁরা মুখ ঢেকে হাই তুলল আর পরস্পরের প্রতি কটাক্ষ নিক্ষেপ করে ধীরে-ধীরে নিঃশ্বাস ত্যাগ করল ।৬ এইভাবে সেই রমণীরা শুধু চোখ দিয়েই এঁকে দেখতে লাগল, কিন্তু এঁর প্রভাবে নিয়ন্ত্রিত হয়ে কোন কথা বলল না হাসলও না ।৭

রমণীদের ঐরকম প্রণয়ে বিহ্বল অথচ নিষ্ক্রিয় দেখে পুরোহিত-পুত্র বুদ্ধিমান উদায়ী এই কথা বললেন ।৮—'তোমরা সকলেই সকল কলায় অভিজ্ঞ, ভাব-গ্রহণে দক্ষ, রূপ ও চাতুর্যসম্পন্ন, তোমরা আপন গুণেই প্রাধান্য লাভ করেছ ।৯ এই গুণে তোমরা উত্তর কুরু এবং কুবেরের কেলিকাননকেও শোভিত করতে পার, এই পৃথিবীকে তো আগেই শোভিত করেছ ।১০ তোমরা বীতরাগ ঋষিদেরও বিচলিত করতে সমর্থ, অপ্সরায় তৃপ্ত দেবগণকেও বশ করতে পার ।১১ ভাবজ্ঞান, অভিনয়, রূপ ও চাতুর্য-সম্পদে তোমরা স্ত্রীলোকেরও অনুরাগ সৃষ্টিতে সমর্থ, পুরুষদের তো কথাই নাই ।১২ এইরূপে গুণের অধিকারিণী হয়েও তোমরা নিজের কাজে উদাসীন। তোমাদের এই ব্যবহার অসঙ্গত ; তোমাদের সরলতায় আমি তুষ্ট নই ।১৩ তোমাদের এই আচরণ লজ্জায় কুণ্ঠিত-চক্ষু নববধূ বা গোপরমণীদের মতো ।১৪ সত্য বটে ইনি ধীর, সৌন্দর্য ও প্রভাবে মহান ; কিন্তু রমণীরাও মহাশক্তির অধিকারিণী। এখন থেকে এই বিষয়ে সংকল্প স্থির কর ।১৫ পুরাকালে দেবতাদের পক্ষেও দুর্ধর্ষ মহর্ষি ব্যাস বেশ্যাবধূ কাশিসুন্দরীর পদাঘাতে তাড়িত হয়েছিলেন ।১৬

পুরাকালে ভিক্ষু মন্থাল গৌতমজঙ্ঘা নামে এক বারাঙ্গনাকে প্রীত করার অভিলাষে অর্থ-সংগ্রহের জন্য মৃতদেহ বহন করেছিলেন ।১৭ বর্ণ এবং মর্যাদায় নীচ হলেও এই নারী দীর্ঘকালের তপস্বী, মহর্ষি ও দীর্ঘজীবী গৌতমকে মুগ্ধ করেছিলেন ।১৮ তেমনি নারী-সম্পর্কে অনভিজ্ঞ মুনিপুত্র ঋষ্যশৃঙ্গকে শান্তা নানা উপায়ে হরণ করে বরণ করেছিলেন ।১৯ গভীর তপস্যায় মগ্ন মহর্ষি বিশ্বামিত্রকেও অপ্সরা ঘৃতাচী অপহরণ করেছিলেন, তপস্বী তখন দশ বৎসরকে এক দিন মনে করেছিলেন ।২০ নারীগণ এইভাবেই ঐসব ঋষিদের চিত্তে বিকার সৃষ্টি করেছিল। এই রাজকুমারের তো সুকুমার ও নবীন বয়স, এঁর সম্পর্কে কোন প্রশ্নই উঠে না ।২১ সুতরাং এই অবস্থায় নিশ্চিন্ত হয়ে এমনভাবে সচেষ্ট হও যাতে নৃপতির এই বংশশ্রী এখান থেকে বিমুখ না হন ।২২ যে-কোন যুবতী সমজাতীয় পুরুষের মন হরণ করতে পারে, কিন্তু নিকৃষ্ট বা উৎকৃষ্ট সকলেরই মন যারা আকর্ষণ করতে পারে তারাই বিশিষ্ট গুণের অধিকারিণী ।'২৩

উদায়ীর এই বাক্য শুনে সেই রমণীরা যেন বিদ্ধ হয়ে সজাগ হয়ে উঠল এবং কুমারকে বশ করার জন্য প্রস্তুত হলো ।২৪ তখন তারা অত্যন্ত ভীত অঙ্গনাদের মতো ভ্রূবিলাস, কটাক্ষ, অভিনয়, হাস্য এবং ললিত-গতির সাহায্যে আকর্ষণ করার কাজে তৎপর হয়ে উঠল ।২৫ কিন্তু রাজার আদেশ আর কুমারের সঙ্কোচ এই দুই কারণেই তাঁরা মদ ও মদনের বশবর্তী হয়ে দ্রুত ভীরুতা ত্যাগ করল ।২৬ তখন হিমালয়ের বনে হস্তিনীদলের সঙ্গে হস্তীর মতো সেই কুমার নারীগণকর্তৃক-পরিবৃত হয়ে বনে বিচরণ করতে লাগলেন ।২৭ সেই রম্য কাননে স্ত্রীগণের মধ্যে তিনি এমন শোভিত হলেন, মনে হলো যেন দেবালয়ের ক্রীড়াঙ্গনে অপ্সরা-পরিবৃত সূর্য ।২৮ কোন-কোন নারী মদমত্ত হয়ে তাদের কঠিন ও পরিপুষ্ট, সংহত ও উন্নত স্তন দিয়ে তাঁকে স্পর্শ করল ।২৯ কোন-কোন নারীর শিথিল স্কন্ধ থেকে লম্বিত কোমল বাহুলতা। তাঁরা মিথ্যে পদস্খলনের অভিনয় করে এঁকে বলপূর্বক আলিঙ্গন করল ।৩০ কোন রমণীর রক্তাধর মদিরাগন্ধী, সে তাঁর কর্ণে নিঃশ্বাস ফেলে বলল—'গোপন কথা শুনুন ।'৩১ চন্দন-জাতীয় অনুলেপন হাতে নিয়ে তাঁর হাতের স্পর্শলাভের ইচ্ছাতেই যেন তাঁকে

আদেশের সুরে বলল—'এখানে রেখা অংকন করুন'।৩২ কোন নারী মত্ততার ছলে বারবার তাঁর নীল শাড়ি শিথিল করে দিতে লাগল, তাতে ঈষৎ প্রকাশিত হয়ে পড়ল কোমরের কাঞ্চীমালা। রমণীকে মনে হলো বিদ্যুৎ-বিকশিত রাত্রি।৩৩ কোন-কোন রমণী তাদের সূক্ষ্ম বসনে আবৃত নিতম্ব এঁকে দেখিয়ে ঝংকৃত কনক-কাঞ্চী নিয়ে ইতস্তত ভ্রমণ করতে লাগল।৩৪ অন্য নারীরা তাদের স্বর্ণকলসের মতো স্তনসমূহ দেখাতে দেখাতে কুসুমিত আম্রশাখা অবলম্বন করে ঝুলতে লাগল।৩৫ পদ্মবন থেকে কোন পদ্মলোচনা পদ্ম হাতে নিয়ে বেরিয়ে এল, তারপর পদ্মানন সেই রাজকুমারের পাশে পদ্মশ্রীর মতো এসে দাঁড়াল।৩৬ রাজকুমার তাঁদের কটাক্ষপাতেও শান্ত; কেউ-বা তাঁকে উত্তেজিত করতে-করতে বিচিত্র অংগভংগিমার সংগে মধুর গান গাইতে-গাইতে বলতে লাগল—'আপনি বঞ্চিত হলেন।'৩৭ ভ্রূরূপ ধনুকে কটাক্ষ-তীর নিক্ষেপ করতে-করতে সুমুখে কেউ বা এসে ধীর লীলায় এঁর গতিবিধির অনুকরণ করল।৩৮ কোন রমণীর স্তন সুন্দর ও পরিপুষ্ট। সে হাসতে-হাসতে কুন্তল ঘুরিয়ে এঁকে পরিহাস করল—'আমায় ধরুন তো।' রাজকুমার প্রস্থানোদ্যত হলেন; তখন একজন এসে তাঁকে মাল্যদানে বন্ধন করল, কেউ-কেউ বচনরূপ অংকুশের দ্বারা তাঁকে সংযত করলেন। তাঁদের বচনে বিদ্রূপ ছিল, মাধুর্যও ছিল।৩৯ স্পর্ধা প্রকাশ করে কোন মদবিহ্বলা নারী আম্রমঞ্জরী নিয়ে প্রশ্ন করলেন—'এই ফুল কার?'৪০ কোন একজন গতি এবং আকৃতি পুরুষের মতো করে একে বলল—'নারীদের কাছে জয়ী হয়েছিলেন, এবার এই পৃথিবী জয় করুন।'৪১ চঞ্চলনয়না কোন এক নারী নীলকমলের ঘ্রাণ নিতে-নিতে মধুর অস্ফুট বাক্যে রাজকুমারকে বলল,৪২ 'নাথ! মধুগন্ধি কুসুম-সমূহে ব্যাপ্ত এই আম্রবৃক্ষকে দেখুন, এখানে কোকিল যেন স্বর্ণপিঞ্জরে রুদ্ধ হয়ে কূজন করছে।৪৩ কামীজনের শোকবর্ধক এই অশোক দর্শন করুন, এখানে যেন অগ্নিতে দহ্যমান হয়ে ভ্রমরেরা গুঞ্জন করছে।৪৪ এই তিলক-বৃক্ষটি দেখুন! চূতলতিকা একে আলিংগন করেছে। মনে হচ্ছে যেন পীত অংগরাগ-রঞ্জিত রমণীর দ্বারা আলিংগিত শুক্লবসন পুরুষ।৪৫ এই বিকশিত কুরুবকটি দেখুন, এ-থেকে অলক্তকের দীপ্তি বিচ্ছুরিত হচ্ছে। নারীদের নখপ্রভায় এ তিরস্কৃত, তাই লজ্জিত হয়েই আনত হয়েছে।৪৬ পল্লবে ব্যাপ্ত এই শিশু অশোক-বৃক্ষকে দেখুন! এ-যেন আমাদের হস্ত-শোভায় লজ্জিত হয়ে রয়েছে।৪৭ তীরজাত সিন্ধুবারপুষ্পে আচ্ছাদিত এই দীঘি দেখুন, মনে হচ্ছে যেন শুভ্রবসনে আবৃত হয়ে কোন রমণী শুয়ে আছে।৪৮ নারীর মহিমা দেখুন! অনুগত ঐ চক্রবাক ভৃত্যের মতো জলে ভার্যার পেছনে চলেছে।৪৯

কূজনকারী মত্ত কোকিলের ধ্বনি শুনুন। আর একটি কোকিল সংগে-সংগেই যেন উত্তর দিয়ে কূজন করছে।৫০ বসন্ত ঋতু যে-মত্ততা সৃষ্টি করে তা-কি শুধু বিহংগের জন্যই? চিন্তার অযোগ্য বিষয় যিনি চিন্তা করছেন সেই জ্ঞানাভিমানী মানুষের জন্য নয় কি?'৫১ সেই যুবতীদের হৃদয় ছিল কামোদ্দীপ্ত; তারা পূর্বোক্ত বিচিত্র কৌশলে কুমারকে আকর্ষণ করতে চেষ্টা করল।৫২ কিন্তু তাঁর ইন্দ্রিয়সমূহ ধৈর্যের আবরণে সুরক্ষিত। 'মরতে হবে' এই উদ্বেগে তিনি হৃষ্ট হলেন না, ব্যথিতও হলেন না।৫৩ জ্ঞানের বিষয়ে তাঁদের অজ্ঞতা দেখে সেই পুরুষোত্তম একই সংগে উদ্বিগ্ন হলেন এবং ধীর চিত্তে চিন্তা করলেন।৫৪

চঞ্চল যৌবনকে কি এই নারীরা জানে না? এরা কি জানে রূপমত্ত ব্যক্তিকে জরা

এসে গ্রাস করবে ? ৫৫ নিশ্চয়ই এরা কারো রোগের আক্রমণ দেখে নি, তাই ব্যাধি ধর্মী জগতে ভয় ত্যাগ করে অমন হৃষ্ট হয়ে উঠেছে।৫৬ এটি সুস্পষ্ট যে সর্ব-অপহরণকারী মৃত্যুর বিষয়ে এরা অনভিজ্ঞ ; তাই শান্ত এবং নিরুদ্বিগ্ন হয়ে খেলছে এবং হাসছে।৫৭ জরা, ব্যাধি এবং মৃত্যুকে জেনে কোন সচেতন ব্যক্তি সুস্থ হয়ে অবস্থান বা উপবেশন কিংবা শয়ন করবে ? হাসা তো দূরের কথা।৫৮

অন্যকে জীর্ণ, ব্যাধিগ্রস্ত এবং মৃত দেখে যে উদ্বিগ্ন হয় না সুস্থ থাকে, সে অচেতনের মতোই।৫৯ গাছ থেকে ফুল ঝরে পড়ে, ফল খসে পড়ে, গাছও ছিন্ন হয়ে মাটিতে লুটায়, অন্য গাছ তাতে শোক প্রকাশ করে না।৬০ এইভাবে তাঁকে চিন্তাপরায়ণ এবং বিষয়ে নিঃস্পৃহ দেখে নীতিশাস্ত্রজ্ঞ উদায়ী বন্ধুত্ববশত বললেন।৬১ 'মহারাজ আমাকে সক্ষম বন্ধু জেনেই তোমায় দান করেছেন। সেই প্রণয়ভাব আছে বলেই তোমাকে কিছু বলার জন্য আমাব এই আগ্রহ।৬২ অমঙ্গল থেকে নিবৃত্ত করা, মঙ্গলজনক ব্যাপারে প্রবৃত্ত করা এবং বিপদে ত্যাগ না করা—এই তিনটি মিত্রেব লক্ষণ।৬৩ সেই আমি মৈত্রীর শপথ নিয়ে পুরুষের লক্ষ্যে তোমাকে উদাসীন দেখেও যদি তোমাকে উপেক্ষা করি তবে বুঝতে হবে আমার মধ্যে মিত্রের গুণ নেই।৬৪ তাই বন্ধু হয়েই বলছি, তুমি তরুণ এবং তোমার দেহ সুন্দর। নারীদের প্রতি উদাসীনতা তোমার যোগ্য নয়।৬৫

নারীদের লজ্জা নিবারণ ও আপনাব আনন্দেব জন্য মিথ্যে বা 'লোক দেখান' হলেও ওদের প্রতি অনুকূল ব্যবহার সঙ্গত।৬৬ নম্রতা এবং অনুকূল আচবণ নারীদের প্রেমবন্ধন। সদ্ভাবই প্রেমের উৎস। নারীগণ সম্মান কামনা কবে।৬৭ স্মৃতরাং হে বিশালনয়ন ! তোমার হৃদয় বিমুখ হলেও এই রূপের যোগ্য সৌজন্যময় আচবণ কর।৬৮ সৌজন্যই নারীদের ঔষধ, সৌজন্যই পরম ভূষণ। সৌজন্যহীন রূপ পুষ্পহীন কাননের মতো।৬৯ কেবল সৌজন্যের কথাই বা বলি কেন ? অনুরাগের সঙ্গেই এই নারীদের গ্রহণ কর। দুর্লভ বিষয় লাভ কবে অবহেলা করা উচিত নয়।৭০ কামই শ্রেষ্ঠ—এই জেনে দেবরাজ ইন্দ্রও পুরাকালে গৌতম ঋষির পত্নী অহল্যাকে কামনা করেছিলেন।৭১ এমন শোনা যায়, অগস্ত্য সোমের ভার্যা রোহিণীকে প্রার্থনা করেছিলেন, ফলে, তাঁর তুল্য লোপামুদ্রাকে লাভ করেছিলেন।৭২ বৃহস্পতি মমতার গর্ভে ভরদ্বাজকে জন্ম দিয়েছিলেন। মমতা মরুতের কন্যা এবং উতথ্যের ভার্যা।৭৩ হোমকারীদের মধ্যে শ্রেষ্ঠ চন্দ্র বৃহস্পতির হোমকার্যরতা মহিষীব গর্ভে দেবসদৃশকর্মকারী বুধকে সৃষ্টি করেছিলেন।৭৪ অনুরাগের বশবর্তী হয়ে পরাশর যমুনাতীরে মৎস্যকন্যা কালীকে সম্ভোগ করেছিলেন।৭৫ মুনি বশিষ্ঠ রমণের ইচ্ছায় নিন্দিত চণ্ডালকন্যা অক্ষমালার সঙ্গে মিলিত হয়েছিলেন, ফলে জন্মগ্রহণ করেছিল কপিঞ্জলাদ নামে এক পুত্র।৭৬ বয়স অতিক্রান্ত হলেও রাজর্ষি যযাতিও চৈত্ররথ বনে অপ্সরা বিশ্বাচীর সঙ্গে রমণ করেছিলেন।৭৭ স্ত্রীসংসর্গ প্রাণান্তকারী জেনেও কুরুবংশজাত পাণ্ডু মাদ্রীর রূপেগুণে মুগ্ধ হয়ে কামজ সুখ ভোগ করেছিলেন।৭৮ আবার করালজনক ব্রাহ্মণকন্যাকে হরণ করে ভ্রষ্ট হয়েছিলেন, তবু কামসেবা করেন নি এমন নয়।৭৯ এইভাবে পুরাকালের মহাত্মাগণ আনন্দের জন্য নিন্দিত বিষয়ও ভোগ করেছেন, গুণযুক্ত বিষয়ের তো কথাই নেই।৮০ কিন্তু তুমি বলবান এবং রূপবান যুবাপুরুষ, এই জগৎ যাতে অনুরক্ত সেই বিষয় ন্যায়ত লাভ করে তুচ্ছ করছ।'৮১

কুমার তার এই মধুর, শাস্ত্রসংগৃহীত কথা শুনলেন ; তারপর মেঘগর্জনের মতো গম্ভীর ধ্বনিতে উত্তর দিলেন ।৮২ 'সৌহার্দসূচক এই বাক্য তোমার পক্ষে উপযুক্ত কিন্তু যে-বিষয়ে আমাকে মন্দ মনে করছ সে-বিষয়ে তোমাকে বোঝাব ।৮৩ আমি বিষয়কে অবজ্ঞা করছি না। জগৎ এতে আসক্ত তাও আমি জানি। কিন্তু জগৎকে অনিত্য মনে করে, এতে আমার মন আনন্দ পাচ্ছে না ।৮৪ যদি জরা, ব্যাধি ও মৃত্যু—এই তিনটি না থাকত তবে মনোজ্ঞ বিষয়গুলিতে আমারও আনন্দ হতো ।৮৫ যদি নারীদের দেহ চিরকাল এরূপই থাকত তবে নিশ্চয়ই দোষযুক্ত হলেও কামে আমার মন অনুরক্ত হতো ।৮৬ কিন্তু যখন জরায় জীর্ণ এদের রূপ নিজেরও অবাঞ্ছিত হবে তখন মোহ-বশতই তাতে আসক্তি হতে পারে ।৮৭ মৃত্যু, ব্যাধি, জরা যার ধর্ম সে যদি অনুদ্বিগ্ন হয়ে মৃত্যু, ব্যাধি, জরা যার স্বরূপ তাকে ভোগ করে তবে সে মৃগপক্ষীদের সমান ।৮৮ যাঁরা মহাত্মা তাঁরাও কামস্বভাব এই যে কথাটি বলেছ এতে ভয়ই করা কর্তব্য, কেননা তাদেরও পতন হয়েছে ।৮৯ সাধারণের মতোই যাদের পতন ঘটে, বিষয়ে যাদের আসক্তি রয়েছে কিংবা আত্মসংযমের সঙ্গে যোগ নেই তাদের মাহাত্ম্য আছে এরূপ আমি মনে করি না ।৯০ তুমি বলেছ, 'ছল করেও রমণীর সঙ্গে মিলিত হও', তার উত্তরে বলি, আনুকূল্যের জন্য কোন কপটতা আমি জানি না ।৯১ সেই আনুগত্য আমার রুচিকর নয় যাতে সরলতা নেই। মিলন যদি সর্বাত্মক না হয় তবে তাকে ধিক্ ।৯২ অধীর, বিশ্বস্ত, আসক্ত অদোষদর্শী ও অনুরাগ-যুক্ত চিত্তকে বঞ্চনা করবার কি থাকতে পারে ?৯৩ অনুরাগী ব্যক্তিরা যদি এইভাবে পরস্পরকে বঞ্চনা করে তবে পুরুষের নারীকে এবং নারীর পুরুষকে দর্শন করাই সংগত নয় ।৯৪ তাই যদি হয় তবে দুঃখার্ত ও জরা-মরণভাগী আমাকে অশুভ কামে তোমার প্রলুব্ধ করা উচিত নয় ।৯৫ ক্ষণস্থায়ী ভোগ্যবস্তুতে তুমি সার দর্শন করেছ—তোমার মন অতি ধীর ও শক্তিমান্। প্রাণীদের মৃত্যুর পথে দেখেও অতি তীব্র সংকটের মধ্যে তুমি বিষয়ে আসক্ত রয়েছ ।৯৬ আমি কিন্তু জরা, বিপদ ও ব্যাধির ভয় চিন্তা করে ভীরু ও বিহ্বল হয়ে পড়েছি। আমি শান্তি বা ধৈর্য লাভ করতে পারছি না। জগৎকে যেন অগ্নিতে জ্বলন্ত দেখতে পাচ্ছি, আমার আনন্দ হবে কিসে ?৯৭ মৃত্যু জেনেও যে-মানুষের হৃদয়ে আসক্তি উৎপন্ন হয়, মহাভয়ের মধ্যে যে বিষয়ে অনুরক্ত হয়—কাঁদে না, তার বুদ্ধিকে আমি লৌহময় মনে করি।'৯৮ তারপর কুমার দৃঢ় সংকল্পযুক্ত ও কামাশ্রয়-বিনাশক বাক্য শেষ করলেন, লোকচক্ষুর দর্শনীয় সূর্যমণ্ডলও অস্তমিত হলেন ।৯৯

তখন ব্যর্থভূষণ এবং মাল্যধারিণী রমণীগণ কলা-নৈপুণ্য ও প্রণয় নিষ্ফল হওয়ায় নিজেদের অন্তরেই কাম-বাসনাকে নিগৃহীত করল। পরে ভগ্নমনোরথ হয়ে তারা নগরে প্রস্থান করল ।১০০ তারপর রাজকুমার দেখলেন উদ্যানের জনশোভা প্রত্যাহৃত। তিনি তখন সর্বব্যাপী অনিত্যতার কথা চিন্তা করতে-করতে বাসগৃহে প্রবেশ করলেন ।১০১ তখন রাজা শুনলেন তাঁর পুত্রের মন বিষয়-বিমুখ ; শোনার পর হৃদয়ে শূলবিদ্ধ হস্তীর মতো সেই রাত্রিতে তিনি শয়ন করতে পারলেন না। তারপর মন্ত্রীদের সঙ্গে নানাভাবে মন্ত্রণা করে শ্রান্ত হয়ে পড়লেন, তিনি তখন পুত্রের বুদ্ধির নিয়ন্ত্রণের জন্য বিষয়-ভোগ ভিন্ন অন্য কোন উপায় দেখতে পেলেন না ।১০২

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'নারী-প্রত্যাখ্যান'-নামক চতুর্থ সর্গ সমাপ্ত।

××××××××××××× পঞ্চম সর্গ ×××××××××××××

অভিনিষ্ক্রমণ

সেই শাক্যরাজপুত্র পরম মূল্যবান ভোগবস্তুতে প্রলুব্ধ হয়েও না পেলেন ধৈর্য, না পেলেন সুখ. তাঁর অবস্থা হয়ে দাঁড়াল অতি বিষাক্ত বাণবিদ্ধ সিংহের মতো।১ তারপর কোন এক সময়ে শান্তিলাভের ইচ্ছায় বনভূমি দর্শনে উৎসুক হলেন। রাজার অনুমতি নিয়ে তিনি বাইরে চলে গেলেন। তাঁর অনুসরণ করলেন বন্ধু মন্ত্রীপুত্রগণ, তাঁরা বিচিত্র কথায় পটু।২ তিনি বৃক্ষ ও কমল-চিহ্নিত পতাকায় শোভিত হয়ে, নতুন স্বর্ণ-নির্মিত লাগাম ও ঘণ্টাযুক্ত. চঞ্চল চামর ও মনোজ্ঞ স্বর্ণাভরণে ভূষিত, কেতুর মতো শোভমান কন্থক নামে এক উত্তম অশ্বে আরোহণ করে প্রস্থান করলেন।৩ ধনের লোভে এবং মাটির গুণে আকৃষ্ট হয়ে তিনি অতিদূর বনান্তভূমিতে গমন করলেন এবং দেখলেন জলতরঙ্গের মতো পরিবর্তনশীল লাঙলে পথযুক্ত ভূমি কর্ষিত হচ্ছে।৪ বিচ্ছিন্ন নবীন তৃণ ও কুশে বিকীর্ণ, নিহত ক্ষুদ্র ক্রিমিকীট ও জন্তুতে আচ্ছন্ন সেই ভূমি দর্শন করে এমন শোক করলেন, মনে হলো যে তাঁর স্বজনকে বধ করা হয়েছে।৫ বাতাস, সূর্যকিরণ এবং ধূলায় পুরুষ কৃষকদের দেহবর্ণ বিকৃত হয়ে গিয়েছে, বহনের ক্লান্তিতে বৃষগুলি বিকল হয়ে পড়েছে. দেখতে-দেখতে সেই সরল কুমার গভীর শোক প্রকাশ করলেন।৬

তিনি অশ্বপৃষ্ঠ থেকে নেমে এলেন তারপর শোকযুক্ত হয়ে মাটিতে বিচরণ করতে লাগলেন। জগতের জন্ম-মৃত্যুর কথা ভাবতে-ভাবতে কাতর হয়ে বললেন, এ সংসার প্রকৃতই দুঃখের!৭ অন্তরে একাগ্রতা লাভের ইচ্ছায় অনুগামী সেই বন্ধুদের নিবৃত্ত করে তিনি সম্মুখস্থ নির্জন জম্বু বৃক্ষের মূলে উপস্থিত হলেন। সেই বৃক্ষের পত্র চঞ্চল ও মনোহর।৮ তিনি বৈদূর্যমণির মতো শ্যামল তৃণময় ভূমিতে উপবেশন করলেন এবং জগতের উৎপত্তি ও বিনাশের কথা চিন্তা করতে-করতে মনের একাগ্রতার পথ আশ্রয় করলেন।৯ সঙ্গে-সঙ্গে মনের স্থৈর্য লাভ করে বিষয়-বাসনা ও মনোবেদনা থেকে মুক্ত হয়ে তিনি ধ্যানের স্থিরতা লাভ করলেন। সেই ধ্যান বিতর্ক ও বিচারযুক্ত।১০ এরপর তিনি পরম প্রীতি লাভ করলেন। সেই প্রীতি তাঁর বিবেক থেকে উদ্ভূত; তিনি পেলেন সুখকর একাগ্রতা। তখন লোকের গতি বেশ সূক্ষ্মভাবে লক্ষ্য করে গভীরভাবে তিনি এই বিচার করলেন: ১১ 'কি মূর্খতা! অত্যন্ত অজ্ঞ, অহংকারে মত্ত মানুষ নিজে পরাধীন, রোগ ও জরায় পীড়িত এবং মরণশীল হয়েও জরাগ্রস্ত, পীড়িত বা মৃতকে ঘৃণা করে।১২ এ-সংসারে আমি স্বয়ং এইরকম হয়ে যদি সেই স্বভাবসম্পন্ন অন্যকে ঘৃণা করি তবে শ্রেষ্ঠ ধর্ম আমি জানি বলেই তা আমার অনুরূপ বা যোগ্য হবে না।'১৩ এইভাবে যখন তিনি ব্যাধি, জরা মৃত্যুরূপ জগতের এই দোষগুলিকে যথাযথভাবে বিচার করে দেখছিলেন তখন—বল, যৌবন ও জীবন থেকে উৎপন্ন নিজের অভিমানও ক্ষণিকের মধ্যে অন্তর্হিত হলো।১৪ তিনি আনন্দ করলেন না, অনুতাপও করলেন না। তাঁর সন্দেহ হলো না, তন্দ্রা বা নিদ্রাও তাঁর এল না। বিষয়ের আস্বাদে তিনি আসক্ত হলেন না; অন্যকে তিনি বিদ্বেষ করলেন না, অবজ্ঞাও করলেন না।১৫

সেই মহাত্মার এই নির্মল ও বিশুদ্ধ বুদ্ধি আরও বিকশিত হলো। (একদিন) অন্য ব্যক্তিদের অদৃশ্য ভিক্ষুবেশধারী এক পুরুষ তাঁর কাছে এলেন।১৬ রাজকুমার তাঁকে প্রশ্ন করলেন, 'আপনি কে?' তখন তিনি তাঁকে বললেন, 'জন্ম-মৃত্যুতে ভীত আমি এক শ্রমণ; আমি মুক্তির জন্য গৃহস্থ জীবন ত্যাগ করেছি।১৭ স্বজন বা পরজনে সমবুদ্ধি আমি। বিভিন্ন বিষয়ে আমার আসক্তি-দোষ দূরীভূত হয়েছে। নশ্বর জগতে মুক্তিকামী হয়ে আমি সেই মঙ্গলময় অক্ষয় পদের সন্ধান করছি।১৮ কখনও বৃক্ষমূলে অথবা বিজন দেবালয়ে, পর্বতে কিংবা বনে বাস করে সঞ্চয়হীন, আশাহীন অবস্থায় আমি অনায়াসে আগত ভিক্ষান্ন গ্রহণ করে পরমার্থের জন্য বিচরণ করছি।'১৯ এই বলে রাজকুমারের দৃষ্টির সামনেই তিনি আকাশে উঠে গেলেন। তিনি স্বর্গবাসী অন্য বুদ্ধদের দেখেছিলেন। রাজকুমারের স্মৃতি জাগরিত করবার জনাই তিনি সেই দেহ ধারণ করেছিলেন।২০ তিনি বিহঙ্গের মতো আকাশে উঠে গেলেন; তাই দেখে নৃপশ্রেষ্ঠ আনন্দিত ও বিস্মিত হলেন। তাঁর কাছে ধর্মজ্ঞান লাভ করে তিনি গৃহত্যাগের সংকল্প করলেন।২১

তখন ইন্দ্রিয়রূপ অশ্বজয়ী, ইন্দ্রতুল্য সেই রাজকুমার নগর-প্রবেশের ইচ্ছায় অশ্বে আরোহণ করলেন, কিন্তু পরিজনদের কথা ভেবে সেখান থেকেই অভীষ্ট বনে গমন করলেন না।২২ তিনি জরা-মরণ ক্ষয় করতে ইচ্ছুক হয়ে, বনবাসের সংকল্প স্মরণে রেখে অনিচ্ছায় নগরে প্রবেশ করলেন, গজরাজ যেমন বনভূমি থেকে মণ্ডলে প্রবেশ করে ঠিক তেমনি ধীর গতিতে।২৩ তাঁকে প্রবেশ করতে দেখে কোন রাজকন্যা হাত জোড় করে বললেন—'হে আয়তনয়ন, ইহলোকে যার পতি এমন সেই স্ত্রী অবশ্যই সুখী এবং কৃতার্থ।'২৪ তখন মহামেঘের মতো ধ্বনি বিশিষ্ট এই শব্দ তিনি শুনলেন। 'কৃতার্থ' এই শব্দটি তিনি শুনলেন এবং নির্বাণের উপায় চিন্তায় মন দিলেন।২৫

তারপর রাজপুত্র গৃহে প্রবেশ করলেন। সুমেরু শিখরের মতো উন্নত তাঁর দেহ, হস্তীর শুণ্ডের তুল্য তাঁর বাহু, মেঘের মতো গম্ভীর তাঁর ধ্বনি, ঋষভের মতো নয়ন, চন্দ্রের মতো আনন, আর সিংহের মতো বিক্রম।২৬ স্বর্গলোকে দেবগণের সভায় প্রদীপ্ত ইন্দ্রের নিকটে সনৎকুমার যেমন উপস্থিত হন, তেমনি সিংহগতি রাজকুমার মন্ত্রীসেবিত নৃপতির সম্মুখে উপনীত হলেন।২৭ তিনি প্রণাম করে কৃতাঞ্জলি হয়ে বললেন, 'হে নরদেব! প্রীতিভরে আমাকে অনুমতি দিন। আমি মোক্ষের জন্য সন্ন্যাস গ্রহণ করব। এই ব্যক্তির (অর্থাৎ আমার) বিচ্ছেদ তো একদিন হবেই।'২৮ তাঁর এই কথা শুনে রাজা হস্তীর দ্বারা আহত বৃক্ষের মতো কাঁপতে লাগলেন। পরে কমলতুল্য করপুটে তাঁকে ধরে বললেন,২৯ 'বৎস, এই বুদ্ধি ত্যাগ কর; তোমার ধর্মানুশীলনের সময় এ নয়। প্রথম বয়সে বুদ্ধি চঞ্চল থাকে বলে ধর্মাচরণকে বহু দোষের কারণ বলা হয়েছে।৩০ বিষয়ভোগে যার ইন্দ্রিয় উৎসুক, ব্রতের ক্লেশ বহনের সংকল্পে সে অক্ষম, বিশেষত শুভাশুভ বিচারে যে অনভিজ্ঞ, অরণ্যে থেকে তার মন বিচলিত হয়।৩১ হে ধর্মপ্রিয়! তুমি লক্ষণযুক্ত, তোমাতে রাজলক্ষ্মী স্থাপন করে আমারই ধর্মাচরণের সময় উপস্থিত হয়েছে। হে স্থিরবিক্রম, বলপূর্বক পিতাকে ত্যাগ করলে তোমার ধর্ম অধর্মে পরিণত হবে।৩২ সুতরাং তুমি এই সংকল্প ত্যাগ কর, গৃহস্থ ধর্মে নিযুক্ত হও। যৌবনের সুখ উপভোগ করার পরেই মানুষের তপোবনে প্রবেশ রমণীয়।'৩৩

রাজার এই কথা শুনে তিনি চড়াই পাখির কণ্ঠে উত্তর দিলেন, 'হে রাজন্, যদি চারটি বিষয়ে আপনি আমার রক্ষক হন তবে তপোবনে যাব না।৩৪ আমার জীবনের মরণ হবে না, রোগ আমার এই স্বাস্থ্য হরণ করবে না, জরা আমার যৌবন আকর্ষণ করবে না এবং বিপদ আমার সম্পত্তি হরণ করবে না।'৩৫ পুত্রের এই অসম্ভব কথা শুনে শাক্যরাজ বললেন, 'তোমার বুদ্ধি অতিরিক্ত বুদ্ধিলাভ করেছে, এই বুদ্ধি তুমি ত্যাগ কর। যে অসম্বন্ধ ও অপ্রাপ্য কামনা করে সে উপহাসের পাত্র হয়ে থাকে।'৩৬ তখন মেরুপর্বতের মতো দৃঢ় কুমার তাঁর পিতাকে বললেন, 'যদি অসম্বন্ধ হয়ে থাকে তাহলে আমাকে বারণ করা উচিত নয়। অগ্নিতে জ্বলন্ত গৃহ থেকে যে বেরিয়ে আসতে ইচ্ছুক তাকে ধরে রাখা সংগত হবে না।'৩৭ জগৎ থেকে বিচ্ছেদ যখন ধ্রুব তখন ধর্মের জন্য নিজেই বিচ্ছেদ ঘটান সংগত। কারণ আমি শক্তিহীন, স্বার্থ সম্পাদনে অতৃপ্ত অবস্থাতে মৃত্যু আমাকে হরণ করবে।'৩৮ রাজা মুক্তিকামী সেই পুত্রের সংকল্পের কথা শুনে, 'না, সে যাবে না,' এই বলে তাঁর ভোগের উপকরণ বাড়িয়ে দিলেন, তাঁর প্রহরার ব্যবস্থাও করে দিলেন।৩৯ তখন মন্ত্রিগণ তাঁকে সমাদরে প্রীতি-পূর্বক যথাশাস্ত্র বোঝালেন, পিতাও তাঁকে অশ্রুবর্ষণ করে নিবারণ করেছেন। তিনিও শোক করতে-করতে নিজের মহলে প্রবেশ করলেন।৪০

সেই সময়ে মৃগশাবকের মতো চকিত-নয়না যুবতিগণ তাঁকে দেখছিল। এদিকে চঞ্চল কুন্তল তাদের মুখচুম্বন করছিল, ঘন নিঃশ্বাসে তাদের স্তন কম্পিত হচ্ছিল।৪১ সুমেরু পর্বতের মতো প্রদীপ্ত সেই রাজকুমারকে দেখে রমণীদের মন উন্মত্ত হয়ে উঠল। তিনি তাঁর বাক্যে তাদের শ্রবণ, স্পর্শের দ্বারা তাদের অঙ্গ, দেহের দ্বারা তাদের নয়ন এবং গুণের দ্বারা তাদের রূপাভিমান জয় করলেন।৪২ দিনের অবসানে সূর্যের ন্যায় দীপ্যমান সেই রাজকুমার, আপন প্রভায় অন্ধকার দূর করার ইচ্ছায় সূর্য যেমন মেরুপর্বতে আরোহণ করেন তেমনি প্রাসাদে উঠলেন।৪৩ সেই প্রাসাদ স্বর্ণ-নির্মিত উজ্জ্বল দীপবৃক্ষে প্রদীপ্ত, উত্তম কৃষ্ণাগুরুধূপে তার কক্ষ পরিপূর্ণ। রাজকুমার আরোহণ করে মণিখণ্ডে চিত্রিত স্বর্ণাসনে উপবেশন করলেন।৪৪ চন্দ্রশুভ্র হিমালয় শিখরে কুবের-নন্দনকে অপ্সরা সঙ্ঘ যেমন অভ্যর্থনা করেন সেইরূপ সেই ইন্দ্রকল্প রাজকুমারকে বরাঙ্গনাগণ তূর্যধ্বনি করে অভ্যর্থনা জানালেন।৪৫ দিব্য তূর্যের ন্যায় সেই শ্রেষ্ঠ তূর্যের ধ্বনিতে তিনি সুখ লাভ করলেন না, প্রসন্নও হলেন না। পরমার্থ সুখের জন্য সেই সাধুর গৃহত্যাগের আগ্রহ, তাই প্রীত হলেন না।৪৬ তারপর তপস্যায় গরিষ্ঠ শ্রেষ্ঠ দেবগণ তাঁর সংকল্পের কথা জানতে পেরে একই সময়ে নারীদের নিদ্রা বিধান করলেন এবং তাদের অঙ্গভঙ্গী বিকৃত করে দিলেন।৪৭

সেখানে কোন নারী ক্রোড়ে স্থিত, স্বর্ণপাত্রে চিত্রিত, অতিপ্রিয় বীণাটিকে যেন কুপিত হয়েই ত্যাগ করে, চঞ্চল হস্তে কপোল রেখে শয়ন করলেন।৪৮ আর এক রমণী হাতে বেণুটি লগ্ন, দুটি স্তন থেকে শুভ্র বসন বিস্রস্ত হয়ে পড়েছে, দেখে মনে হলো যেন সরল ভ্রমর পঙ্‌ক্তি শোভিত, জলের ফেনায় হাস্যময় তটযুক্ত নদীর মতো।৪৯ অন্য এক নারী, নবীন পদ্মের মধ্যভাগের ন্যায় কোমল, উজ্জ্বল স্বর্ণময় অঙ্গদমণ্ডিত দুই বাহু দিয়ে প্রিয়ের মতো মৃদঙ্গকেই আলিঙ্গন করে ঘুমিয়ে পড়ল।৫০ আবার নবীন স্বর্ণভূষণে ভূষিত, অপূর্ব পীতবসন-পরিহিত অন্য নারীরা গাঢ় নিদ্রায় অবশ হয়ে গজভগ্ন কর্ণিকার শাখার মতোই মাটিতে পড়ে গেল।৫১ গবাক্ষের পার্শ্ব

অবলম্বন করে আর একজন রমণী শুয়ে রয়েছে। তার দেহযষ্টি ধনুকের মতো বঙ্কিম, চারুহার লম্বিত হয়ে আছে। দেখে মনে হয় বাইরের দ্বারে নির্মিত কাষ্ঠ-পুত্তলিকা।৫২ অন্য একজনের বিনত মুখ মণিময় কুণ্ডলে দষ্ট; মনে হলো যেন কারণ্ডবপক্ষীর দ্বারা আলোড়িত পদ্ম।৫৩ স্তনভারে অবনত দেহ অন্য রমণীরা যেমন বসেছিল তেমনি শুয়ে পড়ল। কনক-কঙ্কণভূষিত বাহুপাশে একে অন্যকে আলিঙ্গন করে শুয়ে আছে। এক অপরূপ দৃশ্য।৫৪ চঞ্চল স্বর্ণহার পরিহিতা কোন রমণী বৃহৎ বীণাটিকে সখির মতো আলিঙ্গন করে ঘুমিয়ে পড়ল। তখন তার মুখ থেকে দীপ্তি বিচ্ছুরিত হতে লাগল।৫৫ কোন যুবতীর বাহুর স্কন্ধদেশ থেকে চারুবন্ধন-যুক্ত সারঙ্গী খসে পড়েছে, সে তাকে তার উরু দুটির গহ্বরে নিয়ে শুয়ে পড়ল। সারঙ্গী যেন বিলাসময় রতিক্রীড়ার শেষে তার ক্লান্ত পতি।৫৬ অন্য এক রমণীর আয়ত নয়ন, সুন্দর তার ভ্রুকুটি কিন্তু চক্ষু নিমীলিত; তাই মনে হচ্ছিল যেন সূর্য অস্তমিত হবার পরে নিমীলিত পদ্ম, তার কোষ এখন সংকুচিত।৫৭ আবার অন্য কোন নারীর কেশপাশ শিথিল এবং বিক্ষিপ্ত, জঘন থেকে অলংকার এবং বসনপ্রান্ত স্খলিত হয়ে পড়েছে, মনে হচ্ছিল যেন হাতির আঘাতে কোন স্ত্রী-প্রতিমা ভেঙ্গে গেছে।৫৮ অন্য রমণীরা অবশ, তারা ধৈর্য ও রূপমণ্ডিত হলেও এখন নিদ্রিত থাকায় নির্লজ্জ; তারা উৎকট নিঃশ্বাস ফেলল আর বাহু ছড়িয়ে দিয়ে বিকট হাই তুলতে লাগল।৫৯ ভূষণ ও মাল্য শিথিল হয়ে পড়েছে, বস্ত্রের গ্রন্থি খুলে পড়েছে; এইরকম অন্য রমণীরা শ্বেত ও নিশ্চল নয়ন উন্মুক্ত রেখে শুয়ে আছে, মনে হচ্ছিল যেন কতকগুলি শব।৬০ আর একটি নারীর মুখ খোলা। মুখ দিয়ে লালা গড়িয়ে পড়েছে, তার দেহ ফুলে গেছে। গোপন ইন্দ্রিয় প্রকাশিত করে সে মদমত্তের মতো শায়িত ছিল। তার কোন শোভা ছিল না। সে বিকৃত দেহ ধারণ করেছিল।৬১

এইভাবে স্বভাব, বংশ, এবং চরিত্র অনুযায়ী বিবিধরূপে সেই রমণীগণ শায়িতা। দেখে মনে হচ্ছিল যেন এক সরোবর, সেখানে বায়ুর পীড়নে কমলদল ছিন্ন ও বিক্ষিপ্ত।৬২ তাদের দেহ সুন্দর এবং বচন মধুর হলেও নানাভাবে শায়িত, অস্থির অঙ্গভঙ্গীযুক্ত বিকৃত সেই যুবতীদের দেখে রাজপুত্র ঘৃণাবোধ করলেন।৬৩ জীব-জগতে নারীদের এই প্রকার স্বভাব—অপবিত্র এবং বিকৃত; কিন্তু বসন ও আভরণের শোভায় বঞ্চিত পুরুষ নারীতে অনুরক্ত হয়।৬৪ মানুষ যদি নারীদের প্রকৃতি এবং নিদ্রাবস্থায় এইরূপ বিকৃতির কথা বিবেচনা করে তবে অবশ্যই এই বিষয়ে আর ভুল করবে না; কিন্তু দেহসৌন্দর্যে অভিভূত হয়েই সে অনুরক্ত হয়।৬৫ এইভাবে সেই পার্থক্যটুকু তিনি উপলব্ধি করলেন; ফলে রাত্রিতেই তাঁর নিষ্ক্রমণের ইচ্ছা জাগ্রত হলো। তখন তাঁর সংকল্প জানতে পেরে দেবগণ গৃহদ্বার উন্মুক্ত করে দিলেন।৬৬

তারপর শায়িত সেই যুবতীদের নিন্দা করতে-করতে তিনি প্রাসাদপৃষ্ঠ থেকে অবতরণ করলেন, শেষে নিঃশঙ্ক হয়ে গৃহের প্রথম প্রাঙ্গণে উপস্থিত হলেন।৬৭ দ্রুতগামী ছন্দককে জাগ্রত করে তিনি বললেন, শীঘ্রগামী অশ্ব কন্থককে আন। অমৃত লাভের জন্য এই স্থান থেকে আমার যাওয়ার ইচ্ছা।৬৮ আজ আমার হৃদয়ে যে তুষ্টির উদয় হয়েছে, অন্তরে যে-সংকল্পের জাগরণ ঘটেছে তাতে এই বিজনেও আমি প্রভুর অস্তিত্ব উপলব্ধি করছি, নিশ্চয় অভীষ্ট বস্তু আজ সম্মুখে সমাগত।৬৯ লজ্জা ও সরলতা ত্যাগ করে যে ভাবে যুবতীরা আমার সম্মুখে শয়ন করল, গৃহদ্বার

যেভাবে স্বয়ং উন্মুক্ত হলো—তাতে মনে হয়, এই আমার যাত্রার সময়।৭০ রাজার আদেশের অর্থ অবগত হলেও যেন অন্যের দ্বারা অনুপ্রেরিত হয়ে সে প্রভুর আজ্ঞা স্বীকার করে অশ্ব আনয়নে মন স্থির করল।৭১ এরপর সে প্রভুর সামনে অশ্ব নিয়ে এল। সেই অশ্ব বল, সাহস, বেগ ও বংশগৌরবসম্পন্ন, তার মুখে সোনার লাগাম বাঁধা আর পিঠে কোমল শয্যার আস্তরণ।৭২ সেই অশ্বের মেরুদণ্ডের নিম্নভাগ, পুচ্ছমূল এবং পৃষ্ঠদেশ বিস্তৃত; রোম, পুচ্ছ ও কর্ণ শান্ত এবং ক্ষুদ্র, পৃষ্ঠ ও কুক্ষির পার্শ্ব নত ও উন্নত; নাসিকা ললাট, কটি এবং বক্ষ বিশাল।৭৩ বিপুলবক্ষ সেই রাজকুমার কমলতুল্য কোমল হস্তে তাকে আলিঙ্গন করলেন; তারপর সেনাবাহিনীর মধ্যে প্রবেশকামী ব্যক্তির মতো তাকে মধুরাক্ষর যুক্ত বাক্যে প্রীত করতে-করতে আদেশ দিলেন।৭৪ মহারাজ তোমাতে আরোহণ করে সমরে বহুবার শত্রুদের নিরস্ত করেছেন। হে অশ্বশ্রেষ্ঠ, আমিও যাতে অমৃতপদ লাভ করতে পারি তুমি তাই কর।৭৫ সংগ্রামে, ভোগ্যবস্তু থেকে প্রাপ্ত সুখে, ধনোপার্জনে সহায় অবশ্যই সুলভ। কিন্তু আপদে পতিত হলে কিংবা ধর্মের আশ্রয় নিলে পুরুষের আশ্রয় দুর্লভ।৭৬ এই সংসারে যারা কলুষ কর্মে বা ধর্মের আশ্রয় গ্রহণে সহায় হয়, নিশ্চয়ই সেই পুরুষেরাও তার অংশভাগী হয়। ইহাই আমার অন্তরাত্মার উপলব্ধি।৭৭ সুতরাং এইস্থান থেকে আমার বহির্গমন জগতের হিতের জন্য—তাই ধর্মযুক্ত, এটি বুঝে, হে অশ্বশ্রেষ্ঠ নিজের হিতের জন্য এবং জগতের হিতের জন্য আপন বেগ ও পরাক্রম প্রকাশে যত্নশীল হও।৭৮

এইভাবে বনগমনে অভিলাষী, অগ্নির মতো দীপ্তিমান, উন্নত দেহ সেই নরশ্রেষ্ঠ বন্ধুর মতো তাকে কর্তব্য বিষয়ে উপদেশ দিয়ে শারদ মেঘে সূর্যের মতো অশ্বরত্নে আরোহণ করলেন।৭৯ তারপর সেই উত্তম অশ্ব নিশীথকালের পক্ষে ভয়ংকর, পরিজনদের নিদ্রাভঙ্গকারী হনুরবহীন এবং হ্রেষাশূন্য হয়ে নির্ভয় পদক্ষেপে যাত্রা করল।৮০ তখন যক্ষগণ অবনত দেহে কমলতুল্য হস্তাগ্রের দ্বারা যেন কমলবর্ষণ করতে-করতে অশ্বের খুরগুলি ধারণ করলেন। তাহাদের হস্তাগ্র স্বর্ণবলয়ে ভূষিত এবং ক্ষিপ্রগতি সম্পন্ন।৮১ বিশাল অর্গল ও কপাটে যে নগরদ্বারগুলি হস্তীসমূহের দ্বারাও সহজে উন্মুক্ত হয় না, রাজপুত্র বেরিয়ে আসার পর তারা নিঃশব্দে নিজ হতেই খুলে গেল।৮২ তারপর তিনি কৃতসংকল্প বলেই অনুকূল পিতা, শিশুপুত্র, অনুরক্ত প্রজা এবং শ্রেষ্ঠ ঐশ্বর্য ত্যাগ করে নিস্পৃহচিত্তে পিতৃনগর থেকে নির্গত হলেন।৮৩

তারপর সেই নির্মলপদ্মের মতো আয়তনয়নে নগরের দিকে লক্ষ্য রেখে তিনি সিংহনাদে বলে উঠলেন, 'জন্ম মৃত্যু পার না দেখে আমি কপিলাবস্তু নগরে প্রবেশ করব না।'৮৪ এই ঘোষণাবাক্য শুনে কুবেরের পারিষদবর্গ আনন্দিত হলেন এবং প্রসন্নচিত্ত দেবসংঘ এঁর নিশ্চিত সিদ্ধির জন্য প্রার্থনা করলেন।৮৫ অন্য দেবগণ, যাদের দেহ অগ্নির মতো প্রদীপ্ত, তারা এঁর সংকল্প অতি দুষ্কর জেনে তুষারাবৃত পথে মেঘবিবর থেকে নির্গত চন্দ্রকিরণের মতো আলোক আকর্ষণ করলেন।৮৬ সূর্যের দ্রুতগামী অশ্বের মতো তাঁর অশ্ব যেন অন্তরে প্রেরণা লাভ করে ছুটে চলেছে, নব-সূর্যের আলোকে অন্তরীক্ষে নক্ষত্র যখন ম্লান তখন তিনিও বহু যোজন পথ অতিক্রম করে এলেন।৮৭

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'অভিনিষ্ক্রমণ'-নামক পঞ্চম সর্গ সমাপ্ত।

× × × × × × × × × × × × × × ষষ্ঠ সর্গ × × × × × × × × × × × × × ×

ছন্দক বিসর্জন

তারপর মুহূর্তের মধ্যে জগতের চক্ষু সূর্য উদিত হলো। সেই নরশ্রেষ্ঠ রাজকুমার দেখলেন ভার্গব মুনির আশ্রম।১ সেই আশ্রমে হরিণ সরল বিশ্বাসে প্রসুপ্ত, বিহঙ্গ-দল শান্তিতে অবস্থিত। দেখে তিনি কৃতার্থ হলেন। তাঁর ক্লান্তি আর রইল না।২ নিজের অহংকার নিবারণের জন্য, তপস্যা ও পূজার জন্য, এবং বিনয় রক্ষার জন্য তিনি অশ্বপৃষ্ঠ থেকে অবতরণ করলেন।৩ অবতরণ করে, 'তুমি আমাকে পার করেছ' এই বলে অশ্বকে স্পর্শ করলেন এবং স্নিগ্ধ দৃষ্টি দ্বারা অভিষিক্ত করে ছন্দককে বললেন,৪

'হে সৌম্য, তার্ক্ষ্যের সমান বেগবান এই অশ্বের অনুগমন করে আমার প্রতি ভক্তি এবং নিজের এই বিক্রম প্রদর্শন করেছ।৫ আমার কাজ সম্পূর্ণ। তবু তোমার এইপ্রকার প্রভুপ্রীতি, এইপ্রকার শক্তি; তুমি নিশ্চয়ই আমাকে হৃদয়ে গ্রহণ করেছ।৬ প্রীতিহীনও সমর্থ হয়, সামর্থ্যহীনও ভক্তিমান হয়। পৃথিবীতে তোমার মতো ভক্তিমান ও সমর্থ লোক দুর্লভ।৭ সুতরাং তোমার এই মহৎ কর্মে আমি প্রীত হয়েছি, এই ভেবে যে তোমার ফলের কোন কামনা নেই।৮ যে ফলদানে সমর্থ কোন্ ব্যক্তি তাঁর অনুকূল হয় না? বিপর্যয়ে স্বজনও অত্যন্ত সাধারণ জনে পরিণত হয়।৯ বংশের জন্য পুত্রকে পালন করা হয়, ভরণ-পোষণের জন্য পিতাও সেবিত হয়ে থাকেন। কোন এক আশা-সূত্রেই জগৎ পরস্পর মিলিত হয়ে থাকে। অকারণ আত্মীয়তা নেই।১০ অধিক বলে কি লাভ? সংক্ষেপে আমার অত্যন্ত প্রিয় কাজ তুমি করেছ। এখন তুমি অশ্ব নিয়ে ফিরে যাও, আমার ঈপ্সিত স্থান আমি পেয়েছি।'১১

এই বলে সেই মহাবাহু প্রত্যুপকার করবার ইচ্ছায় ভূষণগুলি উন্মোচিত করে সন্তপ্তচিত্ত ছন্দককে দান করলেন।১২ দীপের কাজ করতে পারে এমন একটি উজ্জ্বল মণি মুকুট থেকে নিয়ে কথা বলতে-বলতে তিনি সূর্যসহিত পর্বতের ন্যায় শোভিত হলেন।১৩ 'হে ছন্দক, এই মণি নিয়ে তুমি বহুবার রাজাকে প্রণাম করে তাঁর শোক নিবৃত্তির জন্য তাঁকে এমনভাবে বলবে যাতে তার আশা ক্ষুণ্ণ না হয়।১৪ জন্ম-মৃত্যু নাশের জন্য আমি তপোবনে প্রবেশ করেছি, স্বর্গের আকাঙ্ক্ষায় নয়, স্নেহের অভাবে নয়, ক্রোধবশতও নয়।১৫ সুতরাং এইভাবে নিষ্ক্রান্ত হয়েছি বলেই আমার জন্য শোক করা উচিত নয়। মিলন দীর্ঘস্থায়ী হলেও কালে থাকবে না।১৬ যেহেতু বিচ্ছেদ ধ্রুব, তাই মোক্ষের জন্য আমার সংকল্প, যাতে পুনরায় কোনপ্রকারে স্বজন থেকে বিচ্ছেদ না হয়।১৭ শোক ত্যাগের জন্য আমি নিষ্ক্রান্ত হয়েছি, আমার জন্য শোক করা উচিত নয়। শোকের হেতু কামভোগের বস্তু; তাতে যারা আসক্ত থাকে তাহারাই শোকের যোগ্য।১৮ এইটিই আমাদের পূর্বপুরুষদের স্থির সিদ্ধান্ত। উত্তরাধিকার পথেই আমি চলেছি, সুতরাং আমি শোকের যোগ্য নই।১৯ মানুষের মৃত্যুতে ধন-সম্পদের বহু উত্তরাধিকারী হয়। পৃথিবীতে ধর্মের উত্তরাধিকারী দুর্লভ অথবা নেই।২০ যদি বলা হয় "ও অসময়ে বনে গেল!" জীবন চঞ্চল হওয়ায় ধর্মের কাল নির্ধারিত নেই।২১ সুতরাং এইক্ষণেই কল্যাণ সংগ্রহ করতে হবে এই আমার সিদ্ধান্ত।

মৃত্যু প্রতিদ্বন্দ্বী থাকতে জীবনে কি বিশ্বাস ?২২ হে সৌম্য। তুমি এইভাবে বসুধাপতিকে জানাবে। তিনি যাতে আমাকে স্মরণও না করেন সেইভাবে চেষ্টা করবে।২৩ আর তুমি গুণহীনতার কথাও রাজাকে বলবে। গুণহীনতার জন্য লোকে স্নেহ ত্যাগ করে স্নেহত্যাগের ফলে শোক করে না।'২৪

এই কথা শুনে দুঃখকাতর ছন্দক কৃতাঞ্জলি হয়ে বাষ্পজড়িত কণ্ঠে প্রত্যুত্তর করল,২৫ 'প্রভু, আপনার এই মনোভাব বান্ধবের পক্ষে ক্লেশদায়ক। এই মনোভাবে নদীর পঙ্কে হস্তীর মতো আমার চিত্ত অবসন্ন হচ্ছে।২৬ আপনার এইরূপ সংকল্প কি লৌহময় হৃদয়েও সন্তাপ সৃষ্টি করবে না ? স্নেহকাতর হৃদয়ের আর কথা কি।২৭ হায়, প্রাসাদে শয়নের যোগ্য এই কোমলতাই বা কোথায়, আর তীক্ষ্ণ কুশাংকুরযুক্ত তপোবনভূমিই বা কোথায়।২৮ আপনার সংকল্পের কথা শুনে আমি যে এই অশ্ব নিয়ে এসেছিলাম, হে নাথ, দৈব বলপূর্বক আমাকে দিয়ে তা করিয়েছে।২৯ আপনবশে থাকলে আপনার এই সংকল্প জেনে কেমন করে কপিলাবস্তুর শোকের কারণ এই অশ্বটিকে আনতে পারি ?৩০ অতএব, হে মহাবাহু নাস্তিক যেমন সদ্ধর্ম ত্যাগ করে সেইরূপ আপনার পুত্রলোভী স্নেহময় বৃদ্ধ রাজাকে ত্যাগ করা উচিত নয়।৩১ কৃতঘ্ন যেমন সৎকার্য বিস্মৃত হয় সেইরূপ আপনার পালনে পরিশ্রান্তা দ্বিতীয়া জননীকে (বিমাতা) আপনি বিস্মৃত হতে পারেন না।৩২ ক্লীব যেমন প্রাপ্ত লক্ষ্মীকে ত্যাগ করে আপনি সেইভাবে শিশুপুত্রযুক্তা গুণবতী, কুলোত্তমা ও পতিব্রতা দেবীকে ত্যাগ করতে পারেন না।৩৩ যশ ও ধর্মধারণকারীদের মধ্যে আপনি শ্রেষ্ঠ। উচ্ছৃঙ্খল ব্যক্তি যেমন উত্তম যশ ত্যাগ করে আপনিও সেইরূপ যশোধরা থেকে উৎপন্ন পুত্রকে ত্যাগ করতে পারেন না।৩৪ আর বন্ধু ও রাজ্য ত্যাগ করতেই যদি সংকল্প করেছেন তবে হে প্রভু, আমাকে ত্যাগ করা উচিত নয়। আপনার চরণ দুটিই আমার গতি।৩৫ সুমন্ত্র যেমন রামকে পরিত্যাগ করেছিলেন তেমনি আপনাকে বনে ত্যাগ করে দুঃখদগ্ধ চিত্তে আমি নগরে ফিরে যেতে সমর্থ নই।৩৬ আপনাকে ছাড়া নগরে ফিরে গেলে রাজাই বা আমাকে কি বলবেন ? আর আপনার এই যথার্থ রূপ দেখার পর আমি অন্তঃপুরবাসিনীদের নিকটেই বা কি বলব ?৩৭ যে-কথা বলেছেন, "নরপতির নিকটে আমার নির্গুণতার কথাও বলবে" মুনির মতো নির্দোষ আপনার বিষয়ে সেই অসত্য কেমন করে বলব ?৩৮ সলজ্জ হৃদয়ে এবং জড়িত জিহ্বায় আমি যদিও বা বলি, কে তা বিশ্বাস করবে ?৩৯ যে চন্দ্রমার তীক্ষ্ণতার কথা বলতে বা বিশ্বাস করতে পারে, হে দোষজ্ঞ, সে আপনার দোষের কথা বলতে বা বিশ্বাস করতে পারবে।৪০ যিনি সর্বদা দয়ালু, যিনি নিত্য করুণা অনুভব করেন তাঁর পক্ষে স্নেহ ত্যাগ করা উচিত নয়। আমার প্রতি প্রসন্ন হোন, ফিরে চলুন।'৪১

রাজকুমার ছিলেন বাগ্মিশ্রেষ্ঠ এবং পরম ধৈর্যে আত্মস্থ, শোকে অভিভূত ছন্দকের কথা শুনে তিনি বললেন,৪২ 'হে ছন্দক, আমার বিচ্ছেদের জন্য এই সন্তাপ ত্যাগ কর। পৃথক-পৃথক জাতির দেহধারীদের মধ্যে বিচ্ছেদভাব সকল সময়েই বর্তমান থাকে।৪৩ আমি যদি স্নেহবশত স্বজনকে না ছাড়ি, আমরা শক্তিহীন বলে মৃত্যু আমাদের পরস্পরকে ছাড়িয়ে দেবে।৪৪ বিপুল আকাঙ্ক্ষায় ও বহু দুঃখে যিনি আমাকে গর্ভে ধারণ করেছিলেন সেই ব্যর্থপ্রযত্না মাতার আমি কোথায় ? আমার সেই জননীই বা কোথায় ?৪৫ রাত্রিতে পাখিরা যেমন বাসগৃহে মিলিত হবার পর ভোরে বিচ্ছিন্ন হয়ে

চলে যায় তেমনি প্রাণীদের মিলন নিয়ত বিয়োগান্ত।৪৬ মেঘগুলি যেমন মিলিত হবে আবার বিচ্ছিন্ন হয়ে যায় আমার মতে প্রাণীদের মিলন-বিচ্ছেদও সেইরূপ।৪৭ যখন এই সংসার পরস্পরকে ছলনা করে চলেছে তখন স্বপ্ন-সমান মিলনে মমতা সংগত নয়।৪৮ যদি পত্রের সহজাত বর্ণ থেকে বৃক্ষগুলি বিযুক্ত হয় তবে এক থেকে অন্যের বিচ্ছেদ ঘটবে না?৪৯ সুতরাং হে সৌম্য, এই যখন অবস্থা, সন্তাপ করো না, চলে যাও। যদি স্নেহ স্থায়ী হয় আবার ফিরে এস।৫০ কপিলাবস্তুতে আমার জন্য আশা করে বসে আছে এমন লোককে বলবে, তাঁর প্রতি স্নেহ ত্যাগ করুন এবং তাঁর সঙ্কল্প শুনুন।৫১ হয় তিনি জন্ম-মৃত্যু ক্ষয় করে শীঘ্রই আসবেন, না-হয় ব্যর্থ কর্মহীন অবস্থায় মৃত্যুবরণ করবেন।'৫২ তাঁর এই কথা শুনে অশ্বশ্রেষ্ঠ কন্থক জিহ্বা দিয়ে তাঁর চরণ দুটি লেহন করল এবং উষ্ণ অশ্রু মোচন করল।৫৩ কুমার জালবন্ধ, স্বস্তিক অঙ্কিত, মধ্যে চক্রচিহ্নিত হস্তে তাকে স্পর্শ করে বন্ধুর মতো বললেন ৫৪ 'হে কন্থক, অশ্রু মোচন করো না, তুমি সৎ অশ্বের গুণ প্রকাশ করেছ। সহ্য কর, তোমার শ্রম শীঘ্রই সফল হবে।'৫৫

তারপর সেই ধীর রাজকুমার ছন্দকের হস্তে স্থিত মণিমণ্ডিতমুষ্টি, শাণিত, স্বর্ণের কারুকার্যখচিত অসি গ্রহণ করলেন এবং বিবর থেকে যেমন সর্প নির্গত হয় তেমনি তরবারি নিষ্কাশিত করলেন।৫৬ নীলপদ্মের পাপড়ির মতো নীল সেই অসি। অসি নিষ্কাশিত করে তিনি কেশযুক্ত বিচিত্র মুকুটটি ছিন্ন করলেন এবং আকাশে নিক্ষেপ করলেন, কেশের সঙ্গে-সঙ্গে মুকুটের বিচিত্র বর্ণের দীপ্তি অন্তরীক্ষে ছড়িয়ে পড়ল, মনে হলো হাঁস সরোবরে প্রবেশ করল।৫৭ পূজার ইচ্ছায় দেবগণ ছিন্নভিন্ন সেই মুকুটটিকে বহু সমাদরে গ্রহণ করলেন। স্বর্গে দিব্য সম্মানে তার পূজা করলেন।৫৮ রাজকুমার অলঙ্কাররূপ পত্নীর সংযোগ ত্যাগ করলেন। মস্তকের শ্রী নির্বাসিত করলেন তারপর কাঞ্চনহংস চিহ্নিত নিজের বসন দেখে বনবাসের যোগ্য বস্ত্র প্রার্থনা করলেন।৫৯ তখন তাঁর মনোভাব জানতে পেরে বিশুদ্ধচিত্ত এক দেবতা ব্যাধের বেশে গৈরিকবস্ত্র ধারণ করে কাছে এলেন। শাক্যরাজপুত্র তাঁকে বললেন,৬০ 'ঋষির চিহ্ন আপনার এই গৈরিক বসন মঙ্গলময়, এর সঙ্গে এই হিংস্র ধনু মিলছে না। সুতরাং হে সৌম্য, এতে যদি আসক্তি না থাকে আমাকে এটি দান করুন, আমার এটি আপনি নিন।'৬১ ব্যাধ বললেন, 'হে কামনাপূর্ণকারি, আমি এই বেশের দ্বারা বিশ্বাস উৎপাদন করে নিকটে গিয়ে যথেচ্ছভাবে পশুদের বধ করি। হে ইন্দ্রকল্প। যদি এতে প্রয়োজন থাকে, গ্রহণ করুন এবং আপনার শুক্লবসন আমাকে দিন।'৬২ তখন পরম আনন্দের সঙ্গে তিনি বনবাসের যোগ্য বসন গ্রহণ করলেন, নিজের বসনটি দান করলেন। ব্যাধও দিব্য দেহ ধারণ করে শুক্ল বসন নিয়ে স্বর্গে গমন করলেন।৬৩ তাঁকে সেইভাবে যেতে দেখে কুমার ও অশ্বরক্ষক বিস্মিত হলেন। কুমার অরণ্যযোগ্য সেই বসনটিকে বহু মান প্রদর্শন করলেন।৬৪ তারপর অশ্রুমুখ ছন্দককে বিদায় দিয়ে সেই গৈরিকধারী, ধীর ও কীর্তিমান মহাত্মা সান্ধ্যমেঘপরিবৃত চন্দ্রের মতো যে-পথে আশ্রম সেই পথে যাত্রা করলেন।৬৫ তখন রাজ্যনিস্পৃহ বিবর্ণ-বাসধারী প্রভু তপোবনে গেলে সেই অশ্বরক্ষক দুই বাহু ঊর্ধ্বে তুলে প্রভূত ক্রন্দন করল এবং ভূমিতে পতিত হলো।৬৬ আর একবার দেখে অশ্ব কন্থককে দুই বাহুতে আলিঙ্গন করে সে উচ্চস্বরে রোদন করল, অবশেষে নিরাশ হয়ে বারবার বিলাপ

করতে-করতে নগরে ফিরে গেল দেহটি নিয়ে, মনকে নিয়ে নয়।৬৭ সে কখন চিন্তা করল, কখন বিলাপ করল, কখন স্খলিত হলো, কখন পতিত হলো। ভক্তির বশে সে আজ দুঃখী, পরবশ হয়ে সে বহু ক্রিয়া করল।৬৮

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'ছন্দক বিসর্জন'-নামক ষষ্ঠ সর্গ সমাপ্ত।

××××××××××××× সপ্তম সর্গ ×××××××××××××

তপোবন প্রবেশ

তারপর রাজকুমার রোদনপরায়ণ অশ্রুমুখ ছন্দককে বিসর্জন দিয়ে সিদ্ধপুরুষের মতোই দেহের শোভায় আশ্রমকে অভিভূত করে আশ্রমে উপস্থিত হলেন। বনে স্বচ্ছন্দতা ছিল বলেই তিনি তখন ছিলেন অবলম্বহীন।১ রাজপুত্র শীঘ্রগতি, মৃগের মতোই তিনি সেই মৃগপ্রাঙ্গণে প্রবেশ করলেন। রাজচিহ্ন না থাকলেও দেহের শোভায় তিনি আশ্রমবাসীদের দৃষ্টি আকর্ষণ করলেন।২ সস্ত্রীক কৃষাণগণ হাতে জোয়াল নিয়ে তেমনি অবস্থান করলেন, নড়লেন না, জোয়ালবাহী পশুর মতো অবনত শিরে তারা তাঁকে দেখলেন, তাদের মনে হলো তিনি ইন্দ্রকল্প।৩ যজ্ঞীয় কাষ্ঠের জন্য বাইরে গিয়ে ব্রাহ্মণগণ সমিধ পুষ্প ও উপবীত হস্তে ফিরে এলেন। তপস্যাই তাঁদের প্রধান কাজ এবং তাঁরা সংযতবুদ্ধি, তবু তাঁরা তাঁকে দেখতে গেলেন, মঠে গেলেন না।৪ ময়ূরেরা প্রসন্ন হয়ে উত্থিত হলো এবং কেকাধ্বনি শুরু করল যেমন নীল মেঘ দেখে ওরা করে। সবুজ তৃণের মুষ্টি ছেড়ে দিয়ে চঞ্চলনয়ন মৃগ এবং মৃগচারিগণ তাঁর সম্মুখে দাঁড়িয়ে রইল।৫ তিনি ছিলেন ইক্ষ্বাকুকুলের প্রদীপ, উদীয়মান সূর্যের মতো প্রদীপ্ত। তাঁকে দেখে দোহন শেষ হলেও হোমের প্রয়োজনে দোহনের গাভীগুলি হৃষ্ট হয়ে দুগ্ধ ক্ষরণ করল।৬ ইনি কি বসুগণের অষ্টম? অথবা অশ্বিনীকুমারদ্বয়ের একজন স্বর্গ থেকে ভ্রষ্ট হয়েছেন? তাঁকে দর্শন করার পরে বিস্মিত মুনিগণের মধ্যে এইপ্রকার উক্তি উচ্চকণ্ঠে উচ্চারিত হলো।৭ ইন্দ্রের দ্বিতীয় দেহের ন্যায়, চরাচর বিশ্বের জ্যোতির ন্যায় স্বেচ্ছায় অবতীর্ণ সূর্যের ন্যায়, তিনি সমগ্র বন উদ্ভাসিত করলেন।৮ তারপর আশ্রমবাসিগণ তাঁকে বিধিমতো অর্চনা করলেন, তাঁকে অভ্যর্থনা জানালেন। তিনি সজল মেঘের মতো কণ্ঠে ধার্মিকদের প্রতিপূজন করলেন।৯ সেই আশ্রম স্বর্গাভিলাষী পুণ্যকর্মকারী জনে পরিব্যাপ্ত। মুক্তিকামী ধীর রাজপুত্র সেই আশ্রমে বিচিত্র তপস্যা নিরীক্ষণ করতে-করতে বিচরণ করতে লাগলেন।১০ তপোবনে তপস্বীদের নানাপ্রকার তপস্যা দেখে তত্ত্ব জানবার অভিলাষে অনুগামী এক তপস্বীকে তিনি বললেন:১১

'আজ আমার আশ্রম দর্শন এই প্রথম, তাই ধর্মের বিধি জানি না। সুতরাং আপনাদের যা সংকল্প এবং যার উদ্দেশে সেই সংকল্পে প্রবৃত্ত হয়েছেন আমায় তা বলুন।'১২ তখন তপোবিহারী সেই ব্রাহ্মণ শ্রেষ্ঠপরাক্রমী সেই শাক্যশ্রেষ্ঠকে ক্রমে-ক্রমে তপস্যার ভেদ এবং তপস্যার ফল সম্পর্কে বলতে লাগলেন।১৩ জলে উৎপন্ন বন্য খাদ্য, পত্র, জল, ফলমূল, মুনিদের এই হলো জীবিকা, তবে সেই-সেই তপস্যার প্রকারগুলি ভিন্ন।১৪ কেউ-কেউ বিহঙ্গের মতো উঞ্ছের দ্বারা জীবনধারণ করেন। কেউ-কেউ হরিণের মতো তৃণ ভোজন করেন। কেউ-কেউ বল্মীকে পরিণত হয়ে বনবায়ুর

দ্বারা জীবন যাপন করেন।১৫ অন্যেরা বহু চেষ্টায় পাথর দিয়ে খাদ্য টুকরো করে জীবিকা নির্বাহ করেন, কেউ-কেউ আপন দাঁতের দ্বারা চূর্ণ করে ভক্ষণ করেন, তেমনি অন্যেরা কোন অতিথির জন্য পাক করে যা অবশিষ্ট থাকে তাতে ক্ষুণ্ণিবৃত্তি করেন।১৬ জলসিক্ত জটাভূষণ কেউ-কেউ মন্ত্র উচ্চারণ করে দুবার অগ্নিতে আহুতি দান করেন, কেউ-বা মাছের সঙ্গে জলে ডুবে কচ্ছপের দ্বারা রেখাঙ্কিত দেহে বাস করেন।১৭ এইরূপ দীর্ঘকাল সঞ্চিত তপস্যার দ্বারা স্বর্গে গমন করে, নিকৃষ্ট তপস্যা দ্বারা নরলোকে জন্মলাভ করে। দুঃখের পথেই সুখলাভ হয়ে থাকে ; জ্ঞানিগণ সুখকেই ধর্মের মূল বলেন।১৮

নরশ্রেষ্ঠের পুত্র (রাজকুমার) সেই তপোধনের এই জাতীয় কথা শুনে তত্ত্বদর্শী না হলেও প্রসন্ন হলেন না ; ধীরে-ধীরে আত্মগতভাবে এই কথা তিনি বললেন,১৯ 'বিবিধ প্রকার তপস্যাই দুঃখরূপ এবং তপস্যার চূড়ান্ত ফল স্বর্গ। সমস্ত লোকই ক্ষয়শীল। আশ্রমবাসীদের শ্রম অল্প সুখের জন্য।২০ প্রিয়বন্ধু ও বিষয়সমূহ ত্যাগ করে যাঁরা স্বর্গের জন্য নিয়ম পালন করেন তাঁরা দেহ থেকে বিমুক্ত হয়ে অবশ্যই আরও কঠিন বন্ধনে যেতে চান।২১ তাছাড়া, তপস্যারূপ দৈহিক ক্লেশের বিনিময়ে বিষয় সুখের জন্য প্রবৃত্তিকেই কামনা করেন, তিনি সংসারের দোষগুলি পরীক্ষা না করে দুঃখের সাহায্যে দুঃখই আকাঙ্ক্ষা করেন।২২ মৃত্যু থেকে মানুষের নিত্য ভয় তবু যত্নের সঙ্গেই জন্ম কামনা করে। জন্ম হলে মৃত্যু নিশ্চিত, অর্থাৎ যা থেকে তারা ভীত তাতেই তারা মগ্ন রয়েছে।২৩ কেউ-কেউ এ-জগতের জন্য দুঃখ বরণ করে, অন্যেরা স্বর্গের জন্য পরিশ্রম করে। আশায় দীন প্রাণিগণ সুখলাভে ব্যর্থ হয়ে অনর্থের মধ্যেই প্রবেশ করে।২৪ যে-চেষ্টা হীনকে বর্জন করে মহত্ত্বের অনুগামী হয় তা নিশ্চয়ই নিন্দিত হতে পারে না ; কিন্তু প্রাজ্ঞদের সমান পরিশ্রম করে ; তা-ই করা উচিত যাতে পুনরায় করণীয় না থাকে।২৫ ইহলোকে দেহের পীড়া যদি ধর্ম, তবে দেহের সুখ অধর্ম। ধর্মের দ্বারা প্রাণী পরলোকে সুখলাভ করে সুতরাং ইহলোকে ধর্ম অধর্মরূপ ফল দান করে।'২৬

'যেহেতু দেহ মনের অধীন হয়েই বিষয়ে প্রবৃত্ত হয় ও নিবৃত্ত হয়, সুতরাং মনের সংযমই যুক্তিযুক্ত। সংযত মন ছাড়া দেহ কাষ্ঠের সমান।২৭ ভোজন শুদ্ধি দ্বারা যদি পুণ্য অভীষ্ট হয় তবে তো হরিণেরও পুণ্য আছে এবং ভাগ্যের দোষে অর্থ যাদের প্রতি বিমুখ, বিষয়-ভোগ থেকে বহিষ্কৃত সেই পুরুষেরাও পুণ্যবান।২৮ আর দুঃখে অভিপ্রায় যদি পুণ্যের হেতু, সেই অভিপ্রায় সুখেও করা উচিত, যদি অভিপ্রায় সুখের ব্যাপারে প্রমাণ না হয় তবে দুঃখের ব্যাপারেও অভিপ্রায় প্রমাণ নয়।২৯ তেমনি যাঁরা কর্মের বিশুদ্ধির জন্য "তীর্থ" মনে করে জলে স্নান করেন সেখানেও হৃদয়ে তুষ্টিমাত্রই থাকে, কারণ জল পাপকে পবিত্র করে না।৩০ গুণিগণ যে-যে জল স্পর্শ করেছেন পৃথিবীতে সেই-সেই জলই যদি অভীষ্ট তীর্থ হয় তবে আমি গুণগুলিকেই তীর্থ মনে করি, জল তো নিঃসংশয়ে জলই।'৩১ এইভাবে তিনি বহু যুক্তিতে মণ্ডিত অনেক কথাই বললেন, সূর্যও অস্ত গেলেন। তখন তিনি বনের মধ্যে প্রবেশ করলেন। সেই বন তপস্যার প্রভাবে শান্ত, বৃক্ষগুলি ঘৃতের ধোঁয়ায় বিবর্ণ।৩২

প্রজ্বলিত হোমাগ্নি তখন অন্যত্র নেওয়া হয়েছিল, ঋষিগণ স্নান শেষ করে ইতস্তত ছড়িয়ে রয়েছেন, জপের ধ্বনিতে দেবমন্দির মুখরিত, এ-বনভূমি যেন কর্মময়।৩৩

'নিশাকর' তুল্য (চন্দ্রতুল্য) রাজকুমার তপস্যাগুলি পরীক্ষা করতে-করতে কয়েকটি 'নিশা' (রাত্রি) সেখানে কাটালেন। সমস্ত তপস্যা দেখে, বিচার করে সেই তপোভূমি থেকে প্রস্থান করলেন।৩৪ তাঁর রূপ ও মাহাত্ম্যে আকৃষ্ট হলো মহর্ষিদের মন। তাঁরা তাঁর অনুগমন করলেন। তিনি যেন ধর্ম, অনার্যের দ্বারা অভিভূত দেশ থেকে চলে যাচ্ছেন।৩৫ জটা, বল্কল ও চীর শোভিত তপস্বীদের তিনি দেখলেন তাঁদের তপস্যাও দেখলেন এবং তাঁরা অনুরোধ করায় শোভাযুক্ত এক পবিত্র বৃক্ষের নিচে বিশ্রাম করতে বসলেন।৩৬ তখন আশ্রমবাসীগণ সেই নরশ্রেষ্ঠের নিকটে এসে তাঁকে ঘিরে দাঁড়ালেন এবং তাঁদের মধ্যে বয়োজ্যেষ্ঠ যিনি তাঁকে সম্মানপূর্বক কোমল ও শান্তকণ্ঠে এই কথা বললেন,৩৭ 'আপনি আসার পব আশ্রম যেন পূর্ণ হয়েছিল, চলে আসার পব যেন শূন্য হয়ে যাচ্ছে। হে তাত! জীবনাভিলাষী ব্যক্তির দেহের পক্ষে আয়ু যেমন ঈপ্সিত, আপনিও তাই, আশ্রমকে আপনার ত্যাগ করা উচিত হবে না।৩৮ নিকটেই রয়েছে পবিত্র হিমালয় পর্বত, ব্রহ্মর্ষি, রাজর্ষি ও দেবর্ষিদের দ্বারা সেবিত। এঁর সান্নিধ্যেব ফলে তপস্বীদের তপস্যাবও শ্রীবৃদ্ধি ঘটে। ৩৯ তেমনি চাবদিকে রয়েছে ধর্মাত্মা, সংযমী, দেবর্ষি ও মহর্ষিদের দ্বারা সেবিত পুণ্যতীর্থগুলি। এইসব তীর্থ স্বর্গেব সোপান স্বরূপ।৪০ তাছাড়া ধর্মের বৃদ্ধির জন্য আরও উত্তরদিকই অনুসবণ করা উচিত। পণ্ডিত ব্যক্তির দক্ষিণ দিকে একপদও গমন করা সঙ্গত নয়।৪১

আর এই তপোবনে আপনি যদি নিষ্কর্মা, সংকীর্ণস্বভাববিশিষ্ট কিংবা অশুচি দেখে থাকেন, যার ফলে এখানে আপনার বাস করার ইচ্ছে হচ্ছে না তা-ও বলুন। এখানে আপনার অবস্থান অভিলষিত হোক।৪২ আপনি তপস্যার আধার স্বরূপ, এঁরা আপনাকে তপস্যার সহায়রূপে কামনা করেন। ইন্দ্রেব সঙ্গে বসে যেমন বৃহস্পতির অভ্যুদয় সূচনা করেছিল আপনার সান্নিধ্যও তাই হবে'।৪৩

তপস্বীদের মধ্যে তপস্বীপ্রধান এই কথা বলার পর জন্মনাশেব জন্য কৃতসংকল্প সেই মনীষীপ্রধান আপন মনোভাব ব্যক্ত করলেন।৪৪ 'সরল স্বভাব, ধর্মের ধাবক, অতিথিপ্রিয় এবং স্বজনতুল্য মুনিগণ আমার প্রতি যে-ভাব ব্যক্ত কবেছেন, তাতে আমাব পরম প্রীতির উদয় হয়েছে, এদের প্রতি আমার সম্মানবোধও জাগ্রত হযেছে।৪৫ সংক্ষেপে, এই হৃদয়গ্রাহী প্রিয় বচনে আমি যেন অভিষিক্ত হয়েছি। আমি নূতন ধর্মগ্রাহী হলেও সেই ধর্মে আমার আনন্দ অধিক স্পন্দিত হচ্ছে।৪৬ আপনারা এইভাবে আচরণ করছেন, আমার প্রতি অত্যন্ত পক্ষপাত দেখিয়েছেন, আপনারা আশ্রয়যোগ্য, আপনাদের ত্যাগ করে যাব এতে আমারও স্বজন ত্যাগ কবার সময় যেমন হয়েছিল তেমনি দুঃখ হচ্ছে।৪৭ কিন্তু আপনাদের এই ধর্ম স্বর্গের জন্য আর আমার অভিলাষ পুনর্জন্মের নিবৃত্তি। সেই কারণেই এই বনে আমার বাসের ইচ্ছা নেই। নিবৃত্তির জন্য ধর্ম স্বভাবতই ভিন্ন।৪৮ সুতরাং যে-কারণে আমি এই বন থেকে চলে যাচ্ছি তা আমার অসন্তোষ বা পরের অনাচার নয়। প্রাচীন যুগের অনুরূপ ধর্মে আপনারা অবহিত, আপনারা সকলেই মহর্ষিকল্প।'৪৯

তখন কুমারের সত্য ও প্রিয়, অর্থযুক্ত, সুস্নিগ্ধ, প্রভাবশালী এবং গৌরবান্বিত বচন শুনে তপস্বীগণ তাঁর সম্পর্কে বিশেষ সম্মান অনুভব করলেন।৫০ কিন্তু ভস্মে শয়নকারী, দীর্ঘদেহ, শিখাধারী, বৃক্ষের বল্কল পরিহিত, রক্তচক্ষু, কৃশ এবং দীর্ঘ নাসিকাযুক্ত এক ব্রাহ্মণ এক হাতে জলপাত্র নিযে সেখানে বললেন,৫১ 'হে ধীমান্,

আপনার সংকল্প অবশ্যই উদার ; যুবক হয়েও আপনি স্বর্গে দোষ দর্শন করছেন। স্বর্গ এবং অপবর্গ (মুক্তি) সম্যকরূপে বিচার করে যাঁর অপবর্গে মন তিনিই যথার্থ বিচারবান।৫২ যাঁরা আসক্তিযুক্ত তাঁরাই যজ্ঞ, তপস্যা এবং সেই-সেই নিয়মাবলীর দ্বারা স্বর্গে গমনের ইচ্ছা করেন, আসক্তির সঙ্গে শত্রুর মতো যুদ্ধ করে সাহসীরাই মোক্ষলাভের অভিলাষী হন।৫৩ সুতরাং আপনার এই সংকল্প যদি নিশ্চিত হয়ে থাকে, তবে আপনি দ্রুত বিন্ধ্যকোষ্ঠে গমন করুন। চরম কল্যাণে যিনি দৃষ্টিলাভ করেছেন সেই মুনি অরাড় সেখানে বাস করেন।৫৪ তাঁর কাছে আপনি তত্ত্বপথের কথা শুনবেন। আর ইচ্ছে হলে তা গ্রহণ করবেন। কিন্তু আমি যেমন দেখছি তাতে আপনার এই বুদ্ধি তাঁর মতবাদকেও তিরস্কৃত করবে।৫৫ নাসিকা স্পষ্ট এবং উন্নত, নয়ন বিপুল এবং আয়ত, ওষ্ঠ তাম্রবর্ণ, দন্ত শুভ্র ও তীক্ষ্ণ, জিহ্বা কৃশ ও রক্তিম— আপনার এই মুখ। জ্ঞাতব্য বিষয়েব যে সমুদ্র তা আপনি নিশ্চই পান করতে পারবেন। আপনার যে অগাধ গাম্ভীর্য, যে দীপ্তভাব এবং যে-সমস্ত লক্ষণ তাতে পৃথিবীতে প্রাচীনযুগে ঋষিগণও যা লাভ করতে পারেন নি আপনি তা লাভ করতে পারবেন।'৫৬

তখন রাজপুত্র সেই ঋষিসংঘকে 'অতি উত্তম' এই বলে অভিনন্দিত করে নির্গত হলেন। সেই আশ্রমবাসীগণও বিধিমতো তাঁর অনুগমন করে তপোবনে প্রবেশ করলেন।৫৭

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'তপোবন প্রবেশ'-নামক সপ্তম সর্গ সমাপ্ত।

× × × × × × × × × × × × × × **অষ্টম সর্গ** × × × × × × × × × × × × × ×

অন্তঃপুরে বিলাপ

তারপর মমতাহীন প্রভু সেইভাবে বলে চলে গেলেন ; সেই বিষণ্ণ অশ্বরক্ষক শোক-সংযমের জন্য চেষ্টা করল কিন্তু অশ্রুর ক্ষয় হলো না।১ প্রভুর আদেশে সেই অশ্বের সঙ্গে যে-পথ সে একরাত্রে গিয়েছিল, প্রভুর বিরহ চিন্তা করতে-করতে সেই পথই সে আটদিনে অতিক্রম করল।২ সেই ওজস্বী অশ্ব কন্থকও চলতে লাগল কিন্তু অন্তরে সে শীর্ণ ও বলহীন হয়ে গেল। প্রভু আজ তাঁকে বর্জন করেছেন, ভূষণে অলংকৃত হলেও সে শ্রীহীন।৩ থেমে, তপোবনের দিকে মুখ ফিরিয়ে সে মুহুর্মুহু করুণভাবে উচ্চ হ্রেষারব করল। ক্ষুধিত হলেও পূর্বের মতো পথে সে তৃণ বা জলকে অভিনন্দিত করল না।৪

ক্রমশ তারা দু-জনে সূর্যের দ্বারা পরিত্যক্ত আকাশের মতো সেই জগৎ-কল্যাণ স্বভাব মহাত্মা দ্বারা পরিত্যক্ত শূন্য কপিল নামক নগরে উপস্থিত হলো।৫ স্থলে-জলে পদ্মের শোভা, বৃক্ষে-বৃক্ষে পুষ্পের অলংকার এই ছিল তাঁর উপবন, কিন্তু সেই উপবনই বনের মতো হয়ে উঠেছিল, তবে সেখানে আনন্দহীন নাগরিকদের শোভা ছিল না।৬ আশে-পাশে ঘুরে বেড়াচ্ছে দুঃখী, মলিন ও অশ্রুব্যাকুল মানুষেরা তারা যেন তাদের বারণ করছে। তবু তারা নগরে এল, বিনা স্নানে তাদের দেহ মলিন।৭ তারা শিথিল দেহে পথে চলেছে, তারা শাক্যকুলশ্রেষ্ঠকে ছাড়াই এসেছে দেখে নাগরিকগণ পথে শোক

করতে লাগলেন, পুরাকালে দশরথতনয় রামচন্দ্রের রথ ফিরে এলে প্রজাগণ এমনি শোক প্রকাশ করেছিলেন।৮ 'নগর ও রাষ্ট্রের আনন্দদায়ক রাজপুত্র কোথায়? তুমি তাকে হরণ করেছ' এই কথা বলতে-বলতে ক্রুদ্ধ ও অশ্রু ব্যাকুল মানুষেরা তাকে অনুসরণ করল।৯

তখন সে সেই ভক্তিমান জনতাকে বলল, 'আমি রাজপুত্রকে পরিত্যাগ করি নি। তিনিই নির্জন বনে আমাকে আর সেই সঙ্গে গৃহস্থের বেশ ত্যাগ করেছেন। আমি তখন কাঁদছিলাম।'১০ তার এই কথা শুনে সেই পুরুষেরা সিদ্ধান্ত করলেন, 'কুমারের এই সিদ্ধান্ত কঠিন।' চোখ থেকে যে-জলের ধারা গড়িয়ে পড়ছিল তা তাঁরা মুছলেন না, নিজেদের মমতাযুক্ত মনেরই নিন্দা করলেন। এই মন তাদের কর্মফল থেকেই উৎপন্ন।১১ তারপর তাঁরা বললেন, 'গজরাজবিক্রম সেই রাজকুমার যেখানে অবস্থান করছেন, আজই আমরা সেই বনে প্রবেশ করব। ইন্দ্রিয়নাশের পবে দেহীদের মতো তাঁকে ছাড়া আমাদের জীবনধারণের ইচ্ছা নেই।১২ তিনি ত্যাগ করলে এই নগবই বন, তিনি থাকলে সেই বনই নগর। বৃত্রাসুরের সঙ্গে যুদ্ধের সময়ে ইন্দ্রের অভাবে স্বর্গের শোভা ছিল না, আমাদের এই নগরও তাব অভাবে শোভা পায় না।'১৩

তারপর কুমার ফিরে এসেছেন এই ভেবে নারীগণ গবাক্ষশ্রেণী আশ্রয় করলেন কিন্তু অশ্বকে শূন্যপৃষ্ঠ দেখে আবার গবাক্ষ রুদ্ধ কবে দিয়ে বিলাপ করতে বসলেন।১৪ নৃপতি কিন্তু পুত্রের সঙ্গে মিলনেব জন্য দীক্ষা গ্রহণ কবে ব্রত এবং শোকে শ্রান্তচিত্ত। দেবগৃহে বসে জপ কবতে লাগলেন এবং নিজের অভিপ্রায় অনুযায়ী বহু ক্রিয়ার অনুষ্ঠান করলেন।১৫ তারপর অশ্রুলোচন ছন্দক অশ্ব নিয়ে রাজভবনে প্রবেশ করল যেন যুদ্ধে শত্রু তাব প্রভুকে অপসারিত করেছে।১৬ রাজভবনে প্রবেশ করবার সময় অশ্রুপূর্ণনয়নে চারদিক দেখতে-দেখতে যেন মানুষদের কাছে দুঃখ নিবেদন করতে গিয়ে উচ্চস্বরে ক্রন্দন করল।১৭ ভবনের মধ্যে আশ্রয় গ্রহণ করেছিল যে-সব পক্ষী তারা এবং নিকটস্থ সমাদৃত অশ্বগুলি রাজপুত্রেব প্রত্যাগমন অনুমান করে সেই অশ্বের ধ্বনিব প্রতিধ্বনি করল।১৮ যে-সমস্ত ব্যক্তি বাজঅন্তঃপুরের নিকটে বিচরণ করছিলেন তাঁরা আনন্দের আতিশয্যে রোমাঞ্চিত হয়ে মনে করলেন, যেভাবে কন্থক হ্রেষারব করছে, অবশ্যই কুমার এসেছেন।১৯

তখন শোকবিহ্বল নারীগণ আশা নিয়ে অতি আনন্দে গৃহ থেকে নির্গত হলেন। তাদের নয়ন কুমারের দর্শনলুব্ধ। তাদের দেখে মনে হলো যেন শরতেব মেঘ থেকে নির্গত চঞ্চল বিদ্যুৎরাশি।২০ তাদের কেশপাশ লুণ্ঠিত, সূক্ষ্ম বসন মলিন, নয়ন অঞ্জনহীন, অশ্রুতে প্লাবিত মুখ এবং তাদের কোন প্রসাধন ছিল না, তাদের দেখে মনে হচ্ছিল, রাত্রির শেষে বিবর্ণ নক্ষত্রের মতো শোভাহীন।২১ তাদের চরণ ছিল অরঞ্জিত, তাম্রবর্ণ ও নূপুর বর্জিত; কানে কুণ্ডল ছিল না, কটিদেশে মেখলা ছিল না, গ্রীবা ছিল সরল, নিতম্ব স্বভাবতই পুষ্ট, এবং স্তন কণকসূত্রহীন।২২ নিরাশ্রয় ছন্দক এবং অশ্বকে দেখে অশ্রুপূর্ণ নয়নে ও বিষণ্ণ মুখে সেই বরাঙ্গনাগণ রোদন করতে লাগলেন। তাদের দেখে মনে হলো যেন বনের মধ্যে ঋষভের দ্বারা পরিত্যক্ত গাভী।২৩ মহীপতির স্নেহময়ী মহিষী মৃতবৎসা গৌতমী দুই বাহু বিক্ষিপ্ত করে ক্রন্দন করতে-করতে স্বর্ণময় কদলীতরুর মতো ভূলুণ্ঠিত হলেন।২৪ অন্য নারীরা বিষাদে যেন অচেতন, তাদের হাত ও কাঁধ ঝুলে পড়েছে; তাঁরা উচ্চকণ্ঠে কাঁদলেন না,

চোখের জলও ফেললেন না, দীর্ঘশ্বাসও ফেললেন না। তাঁরা না নড়ে স্থির হয়ে দাঁড়িয়ে রইলেন, মনে হলো তাঁরা চিত্রাঙ্কিত।২৫ পর্বত যেমন প্রস্রবণের দ্বারা প্রস্তর-খণ্ডগুলি সিক্ত করে, তেমনি পতিশোকমূর্ছিত অন্য রমণীরা অশ্রুধারায় তাদের চন্দনরহিত স্তন অধীরভাবে সিঞ্চিত করতে লাগলেন, নয়ন তাদের প্রস্রবণ আর স্তনরাজি প্রস্তর খণ্ড।২৬ অশ্রু সলিলে প্লাবিত কতকগুলি মুখ। যেন রাজভবন একটি সরোবর ; সরোবরে ফুটে আছে নবীন বর্ষায় বর্ষণসিক্ত জলস্রাবী কতকগুলি পদ্ম।২৭ বরাঙ্গনাগণ তাদের পদ্মের মতো কোমল হাতে বক্ষে আঘাত করতে লাগলেন। তাদের হাতের আঙ্গুল সুগোল, পুষ্ট, ঘন, অলঙ্কারহীন এবং গূঢ় শিরা-যুক্ত।২৮ সেই নারীদের ঘন উন্নত স্তন করপ্রহারে চঞ্চল, যেন নদীবক্ষ চক্রবাকমিথুনে শোভিত, সেই মিথুন বনবায়ুতে ঘূর্ণিত পদ্মের দ্বারা কম্পিত।২৯ তারা যেমন হস্তের দ্বারা বক্ষ পীড়িত করলেন, তেমনি বক্ষের দ্বারা হস্তও পীড়িত করলেন। অবলাগণ অকরুণ হয়ে করাগ্র এবং বক্ষের দ্বারা পরস্পরে ব্যথা উৎপাদন করলেন।৩০

তারপর যশোধরা গাঢ় শোকের অশ্রুধারণ করে বিষাদ থেকে উৎপন্ন বিকৃত গদগদ স্বরে বললেন,৩১ 'ছন্দক, আমার অন্তরের অভিলাষ, আমার স্বামী রাত্রিতে আমি যখন প্রসুপ্ত ও বিবশ ছিলাম তখন আমাকে ত্যাগ করে কোথায় গিয়েছেন ? একযোগে তোমরা তিনজনে গিয়েছ। তুমি ও কন্থক ফিরে আসায় আমার মন কম্পিত হচ্ছে।৩২ নৃশংস, আমার প্রতি অশোভন, স্নেহহীন ও শত্রুর কর্ম করে কেন এখানে রোদন করছ ? অশ্রু সংযত কর, প্রসন্নচিত্ত হও। তোমার অশ্রু আর সেই কর্মের মধ্যে কোন মিল নেই।৩৩ তুমি প্রিয়, অনুগত, হিতকারী, সাধু এবং আজ্ঞাবহ ; আর্যপুত্র আর ফিরবেন না বলেই তোমার সঙ্গে বনে গিয়েছেন। আনন্দ কর, ভাগ্যক্রমে তোমার শ্রম সফল হয়েছে।৩৪ মানুষের বিচক্ষণ শত্রু বরং ভাল তবু অজ্ঞ এবং বিচ্ছেদ সাধনে পটু, মিত্র নয়। তুমি নিজেকে মিত্র বলে ঘোষণা করেছ, তুমি অপণ্ডিত, তুমি এই বংশের গুরুতর ধ্বংস-সাধন করেছ।৩৫ এই নারীরা অলঙ্কার ত্যাগ করেছেন, অবিরল অশ্রুপাতে এদের নয়ন কলুষিত এবং রক্তিম। হিমালয় এবং পৃথিবীর মতো (গম্ভীর ও ক্ষমাশীল) পতি বিদ্যমান থাকতেও শোভাহীন বিধবার মতো হয়েছেন।৩৬ কপোতপালিকা রূপ বাহু বিস্তার করে, পারাবতের অবিরাম দীর্ঘ কূজনযুক্ত এই অট্টালিকা শ্রেণী তাঁকে হারিয়ে যেন অন্তঃপুরগুলির সঙ্গে রোদন করছে।৩৭ এই অশ্ব কন্থকও সর্বপ্রকারে আমার অনর্থকামী, কেন না, রাত্রিতে লোক প্রসুপ্ত হলে সে রত্নচোরের মতো আমার সর্বস্ব হরণ করেছে।৩৮ কশার কথা আর কি ! এ-যদি আগত বাণপ্রহারগুলিও সহ্য করতে সমর্থ, কেন কশাঘাতের ভয়ে কেন একযোগে আমার সৌভাগ্য ও হৃদয়কে নিয়ে প্রস্থান করল ?৩৯ অনার্যের কর্মকারী (এই কন্থক) আজ রাজভবন পূর্ণ করে তীব্রভাবে হ্রেষারব করছে কিন্তু যখন আমার প্রিয়তমকে বহন করছিল তখন অশ্বাধম মূক ছিল।৪০ ও যদি মানুষকে জাগাতে হ্রেষাধ্বনী করত কিংবা খুরগুলি দিয়ে মাটিতে শব্দ করত বা ভাল করে হনুর ধ্বনি উৎপন্ন করত তবে আমার এমন দুঃখ হতো না'।৪১

দেবীর এইপ্রকার বিলাপময় কণ্ঠসলিলসিক্ত বাক্য শুনে অধোমুখ ছন্দক অশ্রুপ্লুত-কণ্ঠে কৃতাঞ্জলি হয়ে ধীরে এই উত্তর দিলেন।৪২ 'দেবি, কন্থককে নিন্দা করবেন না। আমার প্রতিও রোষ করা উচিত নয়। আপনি জেনে রাখুন, আমরা দু-জনে সর্বপ্রকারে

নিরপরাধ। হে দেবি, সেই নরদেবতা দেবতার মতোই চলে গিয়েছেন।৪৩ আমি রাজার আদেশ জেনেও কোন দেববৃন্দের দ্বারা চালিত হয়ে দ্রুত এই অশ্ব নিয়ে তেমনি বিনা শ্রমে পথে তাঁকে অনুসরণ করলাম।৪৪ সেই অশ্বশ্রেষ্ঠও যাবার সময় খুরের অগ্রভাগে মাটি স্পর্শ করে নি, কেউ যেন তা তুলে ধরেছিল। তেমনি সে হন্দুর শব্দ করে নি হ্রেষারবও করে নি যেন দেবতা তার মুখ বন্ধ করে রেখেছিলেন।৪৫ যেহেতু রাজপুত্র যখন বাইরে যাত্রা করেছিলেন তখন দ্বার স্বয়ং খুলে গিয়েছিল এবং নৈশ অন্ধকার সূর্যের আলোকে বিদীর্ণ হয়েছিল সেই কারণেও এটি দৈবের বিধান বলে গ্রহণ করুন।৪৬ যেহেতু রাজার আদেশে গৃহে এবং নগরে সহস্র-সহস্র মানুষ সাবধান হওয়া সত্ত্বেও নিদ্রায় অভিভূত হয়ে তখন জাগল না, সেই কারণেও একে দৈবের বিধান বলে গ্রহণ করুন।৪৭ যেহেতু দেবতা যথাসময়ে বনবাসের অভিপ্রেত বসন এঁকে দান করেছিলেন এবং আকাশে নিক্ষিপ্ত মুকুট গ্রহণ করেছিলেন সেই কারণেও একে দৈবের বিধান বলে গ্রহণ করুন।৪৮ সুতরাং হে নবদেবি, তাঁর গমনের জন্য আমাদের দু-জনের দোষ আপনি মনে করতে পারেন না। আমার বা এই অশ্বের এটি স্বেচ্ছাকর্ম নয়—দৈবের প্রেরণাতেই তিনি প্রস্থান করেছেন।'৪৯

সেই মহাত্মার এই বহুদেবতার সঙ্গে সম্পর্কিত অদ্ভুত যাত্রার কথা শুনে সেই নারীরা শোকহীন হয়ে বিস্মিতও হলেন কিন্তু সন্ন্যাসগ্রহণের জন্য মনের তাপে তপ্ত হলেন।৫০ তখন বিনষ্টশাবক কুররীর মতো দুঃখিতা বিষাদবিহ্বলনয়না অশ্রুমুখী গৌতমী ধৈর্যত্যাগ করে আর্তনাদ করতে-করতে মূর্ছিতা হলেন, পরে বললেন: ৫১ 'রাজমুকুটের যোগ্য তাঁর সেই তরঙ্গায়িত, কোমল, কৃষ্ণ, কল্যাণময় মূল থেকে পৃথক-পৃথকভাবে উৎপন্ন ও উন্নত কেশগুলি ভূমিতে নিক্ষিপ্ত হয়েছে।৫২ লম্বিতবাহু, সিংহবিক্রম, বিশাল বৃষভের মতো নয়ন, কনকোজ্জ্বল দীপ্তি, বিশাল বক্ষ, মেঘদুন্দুভির মতো কণ্ঠ, তাঁর মতো পুরুষ কি আশ্রমবাসের যোগ্য?৫৩ নিশ্চয় এই অভাগিনী বসুন্ধরা সেই মহৎ কর্মকারী অনুত্তম পতির অংশভাগিনী নয়, তাই সে চলে গেছে! তাঁর মতো গুণবান রাজা প্রজাদের ভাগ্যগুণে জন্মগ্রহণ করেন।৫৪ তাঁর সেই দুটি চরণ কেমন করে কঠিন বনভূমির মধ্য দিয়ে পথ চলবে? সেই দুটি চরণের অঙ্গুলি যে শুভ রেখায় ব্যক্ত এবং মৃদু, গ্রন্থি প্রচ্ছন্ন এবং মৃণাল ও কুসুমের মতো কোমল; আর মধ্যে চক্রচিহ্নযুক্ত।৫৫ উচ্চ প্রাসাদে শয়ন ও উপবেশনে অভ্যস্ত, বহুমূল্য বস্ত্র, ধূপ ও চন্দনে সেবিত সেই বলিষ্ঠ দেহ কিরূপে শীত, গ্রীষ্ম ও বর্ষায় বনে থাকবে?৫৬ বংশ, পরাক্রম, বল, তেজ, বিদ্যা, ঐশ্বর্য ও বয়সে গৌরবান্বিত, যে দান করতেই অভ্যস্ত প্রার্থনা করতে নয়, সে পরের কাছ থেকে কেমন করে ভিক্ষা গ্রহণ করবে?৫৭ নির্মল স্বর্ণময় শয্যায় শয়ন করে নিশাকালে তূর্যধ্বনিতে যে জাগরিত হত, হায়, সেই আমার ব্রতধারী মাটির উপরে বস্ত্রের এক অংশ বিছিয়ে নিয়ে কেমন করে শুয়ে থাকবে?'৫৮ এই করুণ বিলাপ শুনে সেই নারীরা পরস্পরকে বাহুদ্বারা আলিঙ্গন করে সুন্দর নয়ন থেকে অশ্রু ত্যাগ করল, যেমন কম্পিত লতা ফুল থেকে মধু বিসর্জন করে।৫৯

তারপর শোকাভিভূতা যশোধরা চক্রবাক থেকে বিচ্ছিন্ন চক্রবাকীর মতো ভূলুণ্ঠিত হয়ে বারবার গদগদ রুদ্ধ বাক্যে ধীরে-ধীরে বহু বিলাপ করলেন।৬০ 'আমি সহধর্মচারিণী অনাথা, তিনি আমাকে দূর করে যদি ধর্ম আচরণ করতে চান তবে

কোথায় তাঁর ধর্ম যিনি সহধর্মচারিণী ছাড়াই তপস্যা করতে ইচ্ছুক ?৬১ অবশ্যই তিনি পূর্ববর্তী রাজা সুদর্শ প্রভৃতি পিতামহদের কথা শোনেন নি। এঁরা তো পত্নীদের সঙ্গে বনবাসী হয়েছিলেন। তাই আমাকে ছাড়াই তিনি তপস্যা করতে ইচ্ছুক।৬২ যজ্ঞে বৈদিক বিধানের দ্বারা সংস্কৃত এবং দীক্ষিত, পরকালেও উভয়ে একত্রে ফলভোগে অভিলাষী দম্পতী তিনি দেখেন নি তাই আমার প্রতি ধর্মে এই কার্পণ্য !৬৩ নিশ্চয়ই সেই ধর্মপ্রিয় গোপনে বারবার আমার ঈর্ষ্যা ও কলহপ্রিয় মনকে জেনে এবং সুখের অভাব আশংকা করেছেন ; তাই কোপনস্বভাবা আমাকে ছেড়ে স্বর্গের অপ্সরাদের গ্রহণ করতে অভিলাষী হয়েছেন।৬৪ কিন্তু আমার চিন্তা এই. সেখানে সেই নারীরা কেমন দেহের গুণ ধারণ করে যার উদ্দেশ্যে তিনি ঐশ্বর্য এবং আমার ভক্তি ত্যাগ করে বনে তপস্যায় রত হয়েছেন ?৬৫ এ-নয় যে স্বর্গসুখে আমার অভিলাষ ; আত্মসংযত ব্যক্তির তা দুর্লভও নয়। কিন্তু সেই প্রিয় আমাকে ইহলোকে বা পরলোকে কোন প্রকারে যেন ত্যাগ না করেন এই আমার আকাঙ্ক্ষা।৬৬ স্বামীর আয়ত নয়ন, শুচিস্মিত মুখ দেখবার ভাগ্য আমার যদি না হয়, এই মন্দভাগ্য রাহুলও কি কখনও পিতার অঙ্কে লুণ্ঠিত হতে পারবে না ?৬৭ হায়, সুকুমারকান্তি সেই মনস্বীর মনটি অতি কঠোর. অস্ফুট অর্থহীন বচনবিশিষ্ট, শত্রুরও আনন্দকর এইরূপ শিশুপুত্রকেও যিনি ত্যাগ করেন।৬৮ আমারও অতি কঠিন হৃদয় যথার্থই প্রস্তরময় অথবা লৌহ নির্মিত যা ঐশ্বর্যরহিত, সুখে অভ্যস্ত স্বামী অনাথের মতো বনে গেলেও বিদীর্ণ হচ্ছে না।'৬৯ এইভাবে দেবী পতিশোকে বিহ্বল হয়ে রোদন করলেন। স্বভাবত ধীর হয়েও সেই সাধ্বী শোকে ধৈর্যের কথা ভুলে গেলেন এবং লজ্জা অনুভব করলেন না।৭০

তখন শোকবিলাপে বিহ্বল যশোধরাকে ভূমিতে পতিত দেখে নারীরা বৃষ্টি-আহত শ্বেতপদ্মের মতো অশ্রুমণ্ডিত মুখে আর্তনাদ করে উঠলেন।৭১ জপ শেষ করে, মঙ্গলহোম সমাধা করে রাজা দেবগৃহ থেকে নির্গত হলেন। জনতার সেই আর্তরবে আহত হয়ে তিনি বিচলিত হলেন। বজ্রধ্বনিতে হস্তী যেমন বিচলিত হয়।৭২ ছন্দক এবং কন্থক উভয়কে দেখে এবং পুত্রের স্থির সংকল্পের কথা শুনে শোকাহত নরপতি মাটিতে পড়ে গেলেন, শচীপতির উৎসবের অবসানে ধ্বজের মতো।৭৩

তারপর মুহূর্তকাল পুত্রশোকে তিনি বিহ্বল হয়ে রইলেন। আপনার তুল্য অভিজাতজন এসে তাঁকে ধরলেন। তখন অশ্রুপূর্ণ চক্ষে অশ্বের দিকে দৃষ্টিপাত করে মাটিতে পড়ে তিনি বিলাপ করতে লাগলেন।৭৪ 'কন্থক, সমরে আমার বহু প্রিয়কর্ম করে এখন তুমি গুরুতর অপ্রিয় কর্ম করেছ। গুণপ্রিয় আমার সেই প্রিয় তোমার প্রিয় হলেও অপ্রিয়ের মতো বনে ত্যাগ করে এসেছ।৭৫ সুতরাং আজ সে যেখানে আমায় সেখানে নিয়ে যাও অথবা দ্রুত গিয়ে তাকে এখানে আন। রোগগ্রস্ত যেমন ভাল ঔষধ ছাড়া বাঁচে না তেমনি তাকে ছেড়ে আমার জীবন থাকবে না।৭৬ সুবর্ণনিষ্ঠীবী নামে সেই বালক মরে যাবার পর তার পিতা সঞ্জয় মরে নাই, তা অত্যন্ত কঠিন ব্যাপার। আমি তো ধর্মরত পুত্র প্রস্থান করায় অসংযত ব্যক্তির মতো প্রাণত্যাগ করতে ইচ্ছুক।৭৭ প্রভু, দশটি ক্ষত্রিয়বংশের প্রবর্তক, লোকাধিপতি, অতীত ও ভবিষ্যৎ জ্ঞাতা সূর্যের পুত্র মনুর মনও কি প্রিয় সৎপুত্রের বিচ্ছেদে মোহগ্রস্ত না হয়ে পারে ?৭৮ পুত্র বনে গেলে যিনি স্বর্গে গিয়েছিলেন, বৃথা অশ্রুতে দীনভাবে জীবন ধারণ করেন নি রাজা অজের পুত্র সেই ধীমান্, নরপতি, ইন্দ্রের সখা দশরথের প্রতি

আমার ঈর্ষ্যা হচ্ছে ।৭৯ ভদ্র, আমাকে জলাঞ্জলি দেবার অধিকারী সেই পুত্রকে তুমি যেখানে হরণ করেছ সেই আশ্রম-প্রাঙ্গণ আমাকে বলে দাও। প্রেতলোকে যাত্রায় অভিলাষী আমার এই পিপাসু প্রাণ তাকে কামনা করছে।'৮০ পুত্রবিচ্ছেদে দুঃখিত নরপতি প্রায় সংজ্ঞাহীন হয়ে পৃথিবীর মতো সহজাত ধৈর্য ত্যাগ করে রামের শোকে বশীভূত দশরথের মতো বহু বিলাপ করলেন ।৮১

অতঃপর বিদ্যা ও বিনয়গুণসম্পন্ন মন্ত্রী এবং বৃদ্ধ পুরোহিত অপরিতৃপ্ত মুখে কিন্তু শোকরহিত না হয়ে তাঁকে মমতাযুক্ত এই উপযুক্ত বাক্য বললেন, ৮২ 'নরশ্রেষ্ঠ, শোক ত্যাগ করুন, ধৈর্যধারণ করুন। হে ধীর, অধীরের মতো আপনি অশ্রুমোচন করতে পারেন না। পৃথিবীতে বহু নৃপতিই দলিত মাল্যের মতো ঐশ্বর্য ত্যাগ করে বনে গিয়েছেন।৮৩ তাছাড়া, তাঁর এই ভাব তো পূর্বনির্দিষ্ট। অতীতে ঋষি অসিতের সেই বাক্য স্মরণ করুন। ক্ষণকালের জন্যও তাঁকে স্বর্গে বা চক্রবর্তীর রাজ্যে সুখে বাস করাতে পারা যাবে না।৮৪ কিন্তু হে নরশ্রেষ্ঠ, যদি চেষ্টা করতেই হবে শীঘ্র বলুন, এখনই গমন করি। এ-বিষয়ে আপনার পুত্র এবং নানা শাস্ত্রীয় বিধানের সঙ্গে বহুবিধ যুদ্ধ হোক।'৮৫ তখন নরপতি তাঁদের আদেশ দিলেন: 'তবে আপনারা দ্রুত এখান থেকেই প্রস্থান করুন। পুত্রলোভী বনবিহঙ্গের মতোই আমার হৃদয় শান্তি লাভ করছে না।'৮৬ 'উত্তম', এই বলে নরপতির আদেশে মন্ত্রী এবং পুরোহিত সেই বনে গমন করলেন। নরপতিও 'সমাধান হলো' এই ভেবে বধূ এবং পত্নীদের সঙ্গে অবশিষ্ট কর্ম সম্পাদন করলেন।৮৭

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'অন্তঃপুরে বিলাপ'-নামক অষ্টম সর্গ সমাপ্ত।

× × × × × × × × × × × × × নবম সর্গ × × × × × × × × × × × × × ×

কুমারের অন্বেষণ

তারপর সেই মন্ত্রী এবং পুরোহিত রাজার অশ্রুরূপ কশায় তাড়িত হয়ে উত্তম অশ্বযুগলের মতো মৈত্রীবশত সর্বপ্রযত্নে অবিলম্বে সেই বনে উপস্থিত হলেন।১ পরিশ্রান্ত হয়ে তাঁরা যথাকালে যোগ্য অনুচরদের সঙ্গে সেই আশ্রমে উপস্থিত হলেন, তারপর রাজকীয় আড়ম্বর ত্যাগ করে বিনীতভাবে ভার্গবের গৃহে গেলেন।২

তাঁরা বিধিমতো ভার্গবের অর্চনা করলেন, ভার্গবও অনুরূপভাবে তাঁদের অর্চনা করলেন। তাঁরা আসনে উপবেশন করলেন। তারপর আসনে উপবিষ্ট ভার্গবের কাছে অন্য কথা বর্জন করে আপন কর্তব্য বিবৃত করলেন।৩ 'আমাদের দুজনকে শুদ্ধতেজ, নির্মল এবং বিশাল কীর্তিমণ্ডিত ইক্ষ্বাকুবংশজাত রাজার শস্ত্র গ্রহণে এবং মন্ত্রণা গ্রহণে শিক্ষিত বলে জানবেন।৪ তিনি ইন্দ্রকল্প—জয়ন্তের মতো তাঁর পুত্র জরা ও মৃত্যুর ভয় উত্তীর্ণ হবার ইচ্ছায় এখানে এসেছেন শুনেছি। আপনাকে জানাই, তাঁর জন্যেই আমরা দুজনে এখানে এসেছি।'৫

ভার্গব তাঁদের বললেন, 'সেই দীর্ঘবাহু কুমার এসেছিলেন কিন্তু তিনি অবোধ নন। আমাদের এই ধর্ম পুনর্জন্ম ফিরিয়ে আনে এই উপলব্ধি করে, মুক্তিকামী হয়ে তিনি অরাড়ের নিকটে গিয়েছেন।'৬ তখন তাঁরা দুজন তাঁর কাছে বৃত্তান্ত অবগত হয়ে সেই

ব্রাহ্মণকে বিদায় সম্ভাষণ জানালেন। পরিশ্রান্ত হলেও রাজভক্তিতে অক্লান্তের মতো তাঁরা অবিলম্বে সেই পথে অগ্রসর হলেন যে-পথে তিনি গিয়েছেন।৭ তারপর যেতে-যেতে তাঁরা দেখলেন তিনি বৃক্ষমূলে বসে আছেন। তিনি অস্নাত, প্রদীপ্ত দেহ এবং মেঘমণ্ডলের মধ্যে প্রবিষ্ট সূর্যের মতো।৮ তখন পুরোহিত যান থেকে নেমে মন্ত্রীর সঙ্গে তাঁর কাছে গেলেন, যেমন বামদেবের সঙ্গে উর্বশীপুত্র বশিষ্ঠ মুনি বনবাসী শ্রীরামচন্দ্রের দর্শনে গিয়েছিলেন।৯ স্বর্গে শুক্র এবং বৃহস্পতিকে ইন্দ্র যেমন অর্চনা করেন তিনি সেইভাবে তাঁদের যোগ্য অভ্যর্থনা করলেন এবং সেখানে শুক্র এবং বৃহস্পতি ইন্দ্রকে যেমন অর্চনা করেন তাঁরাও তাঁকে সেইভাবে অর্চনা করলেন।১০ তারপর অনুমতি লাভ করে তাঁরা শাক্যকুলধ্বজের সম্মুখে উপবেশন করলেন যেন চন্দ্রের সংযোগে এলেন পুনর্বসু নক্ষত্রযুগল।১১

স্বর্গে পারিজাতবৃক্ষের মূলে উপবিষ্ট ইন্দ্রপুত্র জয়ন্তকে যেমন বৃহস্পতি বলেছিলেন তেমনি বৃক্ষমূলে অবস্থিত প্রদীপ্ত সেই রাজপুত্রকে পুরোহিত বললেন ;১২ 'কুমার, আপনার শোকের শল্য হৃদয়ে বিদ্ধ হলে মুহূর্তের জন্য রাজা ভূমিতলে মূর্ছিত হন ; তারপর অশ্রুবর্ষণ করে আপনাকে তিনি যা বলেছেন তা শুনুন।১৩ "ধর্মের প্রতি তোমার সংকল্প আমি জানি, তোমার ভবিতব্য বিষয়ও আমি অবগত আছি। কিন্তু অকালে তোমার বন-আশ্রয়ের জন্য অগ্নির তুল্য শোকাগ্নিতে আমি জ্বলছি।১৪ সুতরাং হে ধর্মপ্রিয়, আমার প্রিয়সাধনের জন্য ধর্মের কারণেই এই বুদ্ধি ত্যাগ কর। বর্ধিত নদীবেগ কূলকে যেমন আহত করে এই শোকবেগ আমাকে তেমনি আহত করছে।১৫ বায়ু, সূর্য, অগ্নি এবং মহাবজ্রের মেঘ, জল, শুষ্ক ঘাস এবং পর্বতে যে-আচরণ হয় অর্থাৎ বিক্ষেপ, শোষণ, দাহ ও বিদারণ, একমাত্র শোক আমার প্রতি একসঙ্গে সেই আচরণ করছে।১৬ সুতরাং এখন পৃথিবীর আধিপত্য ভোগ কর, শাস্ত্রনির্দিষ্টকালে পরে বনে গমন করবে। আমি অনিষ্টবন্ধু অর্থাৎ মৃত্যুর আশঙ্কাযুক্ত, আমার কথা বিবেচনা কর। সমস্ত প্রাণীর প্রতি দয়াই ধর্ম।১৭ তাছাড়া, এই ধর্ম বনেই সিদ্ধ হয় এমন নয়। যতিদের নগরেও সিদ্ধি নিশ্চিত। বুদ্ধি ও যত্নই সিদ্ধির হেতু। বন এবং যতির চিহ্ন অর্থাৎ ভিক্ষুবেশ দুই-ই ভীরুতার নিদর্শন।১৮ মুকুটধারী, কণ্ঠে হার বিলম্বিত, বাহু কেয়ূরবন্ধ, লক্ষ্মীর ক্রোড়ে লুণ্ঠনরত এমন রাজগণও গৃহে অবস্থান করেই মোক্ষ লাভ করেছেন।১৯ ধ্রুবের দুই অনুজ বলি এবং বজ্রবাহু, বৈভ্রাজ, আষাঢ়, অন্তিদেব, বিদেহরাজ জনক এবং রাম, দ্রুম ও সেনজিৎ প্রভৃতি গৃহস্থ রাজগণ ২০ এদেরও মোক্ষ ধর্মবিধিতে শিক্ষিত জেনো। সুতরাং জ্ঞানের আধিপত্য এবং রাজশ্রী উভয়েরই যুগপৎ ভজনা কর।২১ তুমি অভিষিক্ত হবে, তোমাকে সলিলসিক্ত অবস্থাতেই গাঢ় আলিঙ্গন করে, রাজছত্রের তলে তোমাকে দেখতে-দেখতে সেই আনন্দের সঙ্গেই আমি বনে প্রবেশ করতে ইচ্ছা করি।"২২

নৃপতি আপনাকে এই কথাই বলেছেন। তাঁর কথার প্রতি অক্ষরই ছিল বাষ্পসিক্ত। শুনে তাঁর প্রীতির জন্য আপনার উচিত স্নেহের দ্বারা তাঁর স্নেহকে অনুসরণ করা।২৩ আপনি যেই শোকের হেতু সেই শোক সলিলময় দুঃখসমুদ্রে শাক্যরাজ মগ্ন হতে যাচ্ছেন ; সুতরাং সেই অনাথ নিরাশ্রয়কে সমুদ্রে মগ্ন ব্যক্তিকে নৌকার মতো আপনি উদ্ধার করুন।২৪ গঙ্গার উদর থেকে সঞ্জাত ভীষ্ম, এবং ভৃগুপুত্র পরশুরাম এঁরা সকলেই পিতার জন্য যে-কাজ করেছেন তা শুনে আপনারও পিতার অভিলষিত কাজ

করা উচিত।২৫ আপনি শুনুন, আপনাকে যিনি পালন করেছেন সেই দেবী না মরলেও মৃতবৎসা স্নেহময়ী গাভীর মতো করুণভাবে অজস্র রোদন করছেন।২৬ হংসের থেকে বিচ্ছিন্ন হংসীর মতো, হস্তীর দ্বারা বনে পরিত্যক্ত হস্তিনীর মতো আর্ত; পতিমতী হয়েও পতিহীন বধূকে দর্শন দিয়ে তাকে আপনার রক্ষা করা উচিত।২৭ আপনার একমাত্র শিশুপুত্র দুঃখবহনেরও অযোগ্য তবু সে অন্তরে দুঃখ বহন করছে। রাহুলকে পিতৃশোক থেকে মুক্ত করুন, গ্রাস থেকে পূর্ণচন্দ্রকে মুক্ত করা হবে।২৮ শোকের অগ্নিতে অন্তঃপুর ও সমগ্র নগর জ্বলছে। 'আপনার বিরহ' এই অগ্নির ইন্ধন 'দীর্ঘনিশ্বাস' এর ধূম, 'মোহ' এর শিখা। আপনার দর্শন হবে এই অগ্নি-নির্বাপনের জল, সমগ্র নগর তাই প্রার্থনা করছে।'২৯

গুণবানের গুণে অভিজ্ঞ এবং পূর্ণ সংকল্পে প্রতিষ্ঠিত সেই বোধিসত্ত্ব পুরোহিতের কথা শুনে মুহূর্তকাল চিন্তা করলেন, পরে এই বিনয়যুক্ত উত্তর দিলেন।৩০ 'পুত্রের প্রতি পিতার মনোভাব আমি জানি, বিশেষত আমার প্রতি ভূপতির মনোভাবও আমার জানা। জেনেও ব্যাধি, জরা ও মৃত্যুর ভয়ে অগত্যা আমি স্বজনকে ত্যাগ করছি।৩১ যদি অন্তিমে প্রিয়বিচ্ছেদ না হতো তবে প্রিয় স্বজনকে কি দেখতে ইচ্ছে করত না? যেহেতু বিলম্ব হলেও বিয়োগ হবেই সেই কারণে আমি স্নেহশীল পিতাকেও ত্যাগ করছি।৩২ আপনি যে বলেছেন, 'আমার জন্যই নরপতির শোক তা আমার ভালো লাগে নি, কারণ মিলন যখন স্বপ্নের মতো এবং বিচ্ছেদ যখন অবশ্যম্ভাবী তখন তিনি সন্তপ্ত হচ্ছেন।৩৩ জগতের বিচিত্র গতি দেখে আপনার বুদ্ধি এই সিদ্ধান্তই করুক যে সন্তাপের হেতু পুত্র নয়, বন্ধু (পিতা) নয়, অজ্ঞানবশতই এই দুঃখ।৩৪ যেহেতু এ-জগতে সম্মিলিত, পথগামী মানুষদের যথাকালে বিচ্ছেদ নিশ্চিত, কোন প্রাজ্ঞ ব্যক্তি বন্ধুরূপে পরিচিতজনদের বিচ্ছেদে শোক করবে?৩৫ মানুষ (পূর্বজন্মে) স্বজন ত্যাগ করে এখানে আসে, এখানেও (স্বজন) লাভ করে, আবার অন্যত্র চলে যায়। সেখানে গিয়েও আবার অন্যস্থানে যায়, সুতরাং এমন ত্যাগধর্মী মানুষে কিসের অনুরাগ?৩৬ আর যখন গর্ভ থেকে আরম্ভ করে সমস্ত অবস্থাতেই 'মৃত্যু' বধের জন্য প্রবৃত্ত তখন পুত্রবৎসল পূজনীয় পিতা কেন বললেন, আমি অকালে বনে আশ্রয় নিয়েছি?৩৭ বিষয়ভোগে অকাল আছে তেমনি অর্থের উপার্জনেও কাল নির্দিষ্ট হয়েছে। কাল সর্বদাই জগৎকে পীড়িত করছে। যা মঙ্গলের জন্য পরিচালিত করে তার কোন কাল নেই।৩৮ রাজা যে আমার উপর রাজ্য ছেড়ে দিতে চান তা উদার এবং পিতারই যোগ্য কিন্তু আমার তা গ্রহণ করা সংগত নয় তা হবে পীড়িত ব্যক্তির লোভবশত অপথ্য-গ্রহণের মতো।৩৯ রাজত্ব মোহের ভাণ্ডার, এতে আছে উদ্বেগের সম্পর্ক, অহঙ্কার পরিশ্রম এবং পরের প্রতি অত্যাচারজনিত ধর্মপীড়া জ্ঞানী ব্যক্তির পক্ষে তা গ্রহণ করা কিভাবে যুক্তিযুক্ত হতে পারে?৪০ রাজ্য রমণীয় এবং বিপদের আশ্রয় প্রজ্বলিত স্বর্ণময় প্রাসাদের মতো, বিষমিশ্রিত উত্তম অন্নের মতো এবং কুম্ভীরে পূর্ণ পদ্মময় জলাশয়ের মতো।৪১ এইভাবে রাজ্য সুখ নয়, ধর্মও নয়। তাই পূর্ববর্তী রাজশ্রেষ্ঠগণ যখন দুঃখ অবশ্যম্ভাবী সেই বৃদ্ধাবস্থায় রাজ্য ত্যাগ করে বনেই গিয়েছেন।৪২ সন্তোষকে পরম রত্নের মতো বুকে জড়িয়ে রেখে অরণ্যে তৃণভোজন বরং ভাল, ঐশ্বর্যের মধ্যে সুলভ অদৃশ্য কৃষ্ণসর্পের মতো দোষসমূহের মধ্যে বাস কোন মতে নয়।৪৩ রাজগণের পক্ষে রাজ্য ত্যাগ করে ধর্মের অভিলাষে বনে প্রবেশ করা

প্রশংসনীয় কিন্তু প্রতিজ্ঞা ভঙ্গ করে বন ত্যাগ করে গৃহে প্রবেশ করা যুক্তিযুক্ত নয়।৪৪ উচ্চ বংশে জাত কোন্‌ সারবান্‌ পুরুষ ধর্মাভিলাষে বনে এসে, কাষায় বিসর্জন দিয়ে, লজ্জা ত্যাগ করে ইন্দ্রপুরীতেও প্রবেশ করতে পারে ?৪৫ লোভে মোহে বা ভয়ে যে ব্যক্তি বমন করা অন্ন পুনরায় ভোজন করতে পারে সে-ই ভোগের বস্তুগুলি ত্যাগ করে লোভ, মোহ বা ভয়বশত পুনরায় গ্রহণ করতে পারে।৪৬ জ্বলন্ত গৃহ থেকে কোনক্রমে নিষ্ক্রান্ত হয়ে যে পুনরায় তাতেই প্রবেশ করে সে-ই দোষ দেখে সংসার জীবন ত্যাগ করে আবার মোহবশত তা-ই গ্রহণ করে।৪৭ শোনা যায় গৃহস্থ নৃপগণ মোক্ষলাভ করেছিলেন, তা হয় না। কোথায় শম-প্রধান মোক্ষ ধর্ম আর কোথায় দণ্ডপ্রধান রাজধর্ম।৪৮ শান্তিতে যদি রুচি হয় তবে বুঝতে হবে রাজ্য শিথিল, রাজ্যে যদি মতি হয় তবে শান্তিভঙ্গ অনিবার্য। যেমন শীতল ও উষ্ণ, জল ও অগ্নির একত্র থাকা চলে না তেমনি শম ও উগ্রতা মিলিত থাকে না।৪৯ হয় সেই সিদ্ধান্তের জন্যই সেই ভূপতিগণ রাজ্য ত্যাগ করে শম লাভ করেছিলেন অথবা রাজ্যের সঙ্গে যুক্ত থেকে জিতেন্দ্রিয়তার জন্য যে অবস্থা চূড়ান্ত নয় তাতেই মোক্ষের অভিমান করেছেন।৫০ রাজ্যে তাঁদের শান্তিলাভ যথাযথভাবেই হোক, আমি কিন্তু সিদ্ধান্ত না করে আসি নি। গৃহ এবং বন্ধু নামক জাল ছিন্ন করে আমি মুক্ত, সেই বন্ধনে আর প্রবেশ করতে চাই না।'৫১

রাজপুত্রকে নিজের জ্ঞান ও গুণের অনুরূপ, নিঃস্পৃহ, যুক্তিযুক্ত এবং ওজস্বী এই কথা বলতে শুনে মন্ত্রীও প্রত্যুত্তরে বললেন ;৫২ 'ধর্মবিধিতে আপনার এই যে সংকল্প এটি অযৌক্তিক নয়, তবে কালোচিতও নয়। বয়স্থ পিতাকে শোকে মগ্ন করে আপনি ধর্মাভিলাষী, আপনার ধর্ম হবে না।৫৩ অবশ্যই আপনার বুদ্ধি অতি সূক্ষ্ম নয় ; অথবা ধর্ম, অর্থ এবং কামের বিষয়ে বিচক্ষণ নয়, কারণ আপনি অদৃষ্টফলের জন্য প্রত্যক্ষ বস্তুকে অগ্রাহ্য করে যাচ্ছেন।৫৪ কেউ-কেউ বলেছেন, পুনর্জন্ম আছে কোন-কোন দৃঢ়প্রতিজ্ঞ পুরুষ বলেছেন, নেই। যেহেতু এই বিষয় এইরূপ সংশয় আছে তখন উপস্থিত ঐশ্বর্য ভোগ করাই কর্তব্য।৫৫ পুনরায় যদি কোন জন্ম থাকে, সেই জন্মে যা পাব তাতেই আমরা আনন্দ করব। আর যদি পরে কোন জন্ম না থাকে তবে বিনা প্রযত্নেই জগতের মুক্তি সিদ্ধ হলো।৫৬ কেউ-কেউ বলেন পরলোক আছে, কিন্তু তারা মোক্ষের উপায় বর্ণনা করেন না। অগ্নির যেমন উষ্ণতা, জলের যেমন তরলতা সেইরকম সৃষ্টিতেও এরা স্বভাবের কথাই বলেন।৫৭ কেউ বলেন—শুভ, অশুভ, জন্ম ও মৃত্যু স্বভাব থেকে হয়। যেহেতু এইসবই স্বাভাবিক, এই কারণে সকল প্রকার প্রযত্নই ব্যর্থ।৫৮ ইন্দ্রিয়গুলির ক্রিয়া যে নির্দিষ্ট, বস্তুগুলির মধ্যে যে প্রিয়ত্ব বা অপ্রিয়ত্ব, মানুষ যে জরা ও রোগের সঙ্গে যুক্ত হয়, সেখানে কোন যত্ন বা চেষ্টা আছে ? অবশ্য তা স্বভাব।৫৯ জল অগ্নিকে প্রশমিত করে, অগ্নি শুষ্ক করে জলকে। ভিন্নভিন্ন ভূত দেহবন্ধ এবং একীভূত হয়ে জগৎ গঠন করছে।৬০ মাতৃগর্ভে যে গমন করেছে তার হস্ত, চরণ, উদর, পৃষ্ঠ এবং মস্তক যে উৎপন্ন হয় এবং তার আত্মার যে সেই দেহের সঙ্গে যোগ হয়—অভিজ্ঞগণ এই সবকেই স্বাভাবিক বলেন।৬১ কণ্টকের তীক্ষ্ণতা বা পশুপক্ষীদের বৈচিত্র্য কে সম্পাদন করে ? স্বভাব থেকেই এসব উৎপন্ন হয়েছে। আপন ইচ্ছায় কাজ করবার কেউ নেই প্রযত্ন কোথা থেকে হবে ?৬২ তেমনি অন্যেরা বলেন, সৃষ্টি ঈশ্বর থেকে। সে-ক্ষেত্রে মানুষের প্রযত্নে কি প্রয়োজন ?

জগতের সৃষ্টিতে যিনি কারণ, নিবৃত্তিতে তিনিই কারণরূপে নির্দিষ্ট রয়েছেন।৬৩ কেউ-কেউ বলেন, জন্ম এবং জন্মক্ষয় আত্মার জন্যই কিন্তু তাঁরা জন্মকে 'বিনা যত্নে' সম্পন্ন বলে ব্যাখ্যা করেন আর বলেন, যত্নের দ্বারা মোক্ষলাভ হয়।৬৪ মানুষ সন্তানের দ্বারা পিতৃগণের, বেদের দ্বারা ঋষিদের এবং যজ্ঞের দ্বারা দেবতাদের ঋণ থেকে মুক্ত হয়। মানুষ এই তিনটি ঋণ নিয়েই উৎপন্ন হয়, সেই তিনটি ঋণ থেকে যার মুক্তি হয়েছে মুক্তি তারই।৬৫ মোক্ষে অভিজ্ঞগণ বলেছেন, এই বিধি অনুযায়ী যিনি যত্নবান তিনিই মোক্ষ লাভ করেন। অত্যন্ত যত্নবান হলেও শক্তির দ্বারা মুক্তির অভিলাষিগণ দুঃখই লাভ করেন।৬৬ সুতরাং হে সৌম্য, মোক্ষে যদি ভক্তি থাকে নীতি অনুসারে যথোক্ত বিধি পালন করুন, এইভাবে মোক্ষেরও সিদ্ধি হবে, নরপতিরও দুঃখনাশ হবে।৬৭ আর তপোবন থেকে গৃহে প্রবেশের বিষয়ে আপনার যে দোষবুদ্ধি জন্মেছে, তাতেও আপনার যেন চিন্তা না হয়। পূর্ববর্তীরাও বন থেকে গৃহে গেছেন।৬৮ তপোবন থেকেও প্রজাদের প্রার্থনায় রাজা অম্বরীষ নগরে ফিরে গিয়েছিলেন। তেমনি রাম তপোবন থেকে এসে রক্ষা করেছিলেন অনার্যদের দ্বারা উৎপীড়িত পৃথিবীকে।৬৯ তেমনিভাবেই শাল্বগণেব অধিপতি দ্রুম পুত্রের সঙ্গে বন থেকে নগরে প্রবেশ করেছিলেন; সংকৃতির পুত্র অন্তিদেব ব্রহ্মর্ষি হবার পর বশিষ্ঠ মুনির কাছ থেকে রাজলক্ষ্মী গ্রহণ করেছিলেন।৭০ ধর্ম এবং যশে প্রদীপ্ত এইরূপ ব্যক্তিগণ বন ত্যাগ করে গৃহে ফিরে গিয়েছেন সুতরাং ধর্মের জন্য বন থেকে গৃহে ফিরে যাওয়ায় কোন দোষ নেই।'৭১

এরপর নৃপতির চক্ষুস্বরূপ সেই মন্ত্রীর প্রিয় ও হিতকর কথা শুনে রাজপুত্র বললেন। 'তিনি ধৈর্যে অবস্থিত; যে-কথা তিনি বলেন তা অলঙ্ঘ্য, সংলগ্ন, আসক্তিহীন ও ধীর।৭২ 'পরলোক' আছে কি নেই ইহলোকে এই যে সংশয় এ-বিষয়ে অন্যের বাক্যে আমার কোন সিদ্ধান্ত নেই, স্বয়ং তপস্যা ও শমের দ্বারা তত্ত্ব জেনে যেখানে যে নিশ্চিত সিদ্ধান্ত হবে আমি তাই গ্রহণ করব।৭৩ সংশয়জাত, অস্পষ্ট এবং পরস্পরবিরোধী দর্শন আমার গ্রহণ করা উচিত নয়। অন্ধকারে অন্ধনায়ক-চালিত অন্ধের মতো অন্যের উপর বিশ্বাস করে কোন ব্যক্তি ভ্রমণ করবে?৭৪ যদিও আমার তত্ত্বদর্শন হয় নি তবু সংশয়যুক্ত শুভ ও অশুভের মধ্যে শুভেই আমার মন। শুভ বিষয়ে যার মন তার বৃথা পরিশ্রমও ভাল; নিন্দিত বিষয়ে মন তার তত্ত্বের পথে সুখও কিছু নয়।৭৫ কিন্তু এই শাস্ত্রকে অস্থির দেখে আপ্তগণ যা বলেছেন তাকেই সৎ বলে জেনে রাখুন। দোষহীনতাই আপ্ততা বলে জানবেন। দোষহীন ব্যক্তি অসত্য বলবেন না।৭৬ আপনি আমার গৃহ প্রবেশ সম্পর্কে রাম প্রভৃতির দৃষ্টান্ত এনেছেন কিন্তু তাঁরা প্রমাণ নন কারণ ধর্মের নির্ণয়ে ব্রতভঙ্গকারিগণ যোগ্য প্রমাণ বলে বিবেচিত হন না।৭৭ এই অবস্থায় যদি সূর্যও পৃথিবীতে পতিত হন, হিমালয়ও যদি তাঁর স্থিরত্ব ত্যাগ করেন তবু তত্ত্ব দর্শন না করে, বিষয়ভোগে ইন্দ্রিয় উন্মুখ রেখে মূর্খের মতো আমি গৃহ আশ্রয় করব না।৭৮ আমি প্রজ্বলিত অগ্নিতে প্রবেশ করব কিন্তু অসফল হয়ে গৃহে প্রবেশ করব না;' অভিমানের সঙ্গে তিনি এই প্রতিজ্ঞা করলেন এবং মমতাহীনের মতো উঠে ইচ্ছে মতো প্রস্থান করলেন।৭৯ তখন মন্ত্রী এবং পুরোহিত (ব্রাহ্মণ) দুজনেই উপলব্ধি করলেন তাঁর সংকল্প দৃঢ়; সাশ্রুলোচনে দুঃখিত ও বিষণ্ণ মুখে তাঁকে (কিছু দূর) অনুসরণ করলেন; তারপর অগত্যা ধীরে-

ধীরে নগরের দিকেই যাত্রা করলেন।৪০ তাঁর প্রতি স্নেহ এবং নৃপতির প্রতি ভক্তিবশত তাঁরা তাঁর আগে গেলেন আবার দাঁড়িয়ে রইলেন। আপন তেজে দীপ্ত ও দুর্ধর্ষ সূর্যের মতো তিনি, তাঁরা পথে-পথে তাঁর দিকে দৃষ্টিপাত করতেও পারলেন না, ত্যাগ করতেও পারলেন না।৪১ পরম যাঁর গতি, তাঁর গতি জানবার জন্য তাঁরা প্রচ্ছন্ন ও বিশ্বস্ত চরদের নিযুক্ত করলেন। প্রিয় পুত্রের দর্শন লালসায় রাজা বসে আছেন, কিরূপে তাঁর কাছে গিয়ে দাঁড়াব, এইসব ভাবতে-ভাবতে কোনমতে তাঁরা পথ চলতে লাগলেন।৪২

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'কুমারের অন্বেষণ'-নামক নবম সর্গ সমাপ্ত।

× × × × × × × × × × × × × দশম সর্গ × × × × × × × × × × × × ×

বিম্বসারের আগমন

মন্ত্রী ও পুরোহিতকে বিদায় দিয়ে রাজকুমার এগিয়ে চললেন। প্রশস্ত ও দৃঢ় বক্ষ তাঁর, তিনি চঞ্চলতরঙ্গা গঙ্গা পার হলেন, গেলেন রাজগৃহে ; এখানকার সব গৃহই শ্রীসম্পন্ন।১ এই নগর পর্বতের দ্বারা সুরক্ষিত এবং সুশোভিত, মঙ্গলময় তপ্ত কুণ্ডের দ্বারা অলঙ্কৃত এবং পাঁচটি পর্বতের দ্বারা চিহ্নিত। শান্তচিত্ত রাজকুমার এই নগরে প্রবেশ করলেন ব্রহ্মা যেমন স্বর্গে প্রবেশ করেন তেমনি।২ স্থায়ী ব্রতী শিবের তুল্য তিনি সমস্ত মানুষকে অতিক্রম করে আছে তার গাম্ভীর্য, প্রভাব, দেহ এবং দীপ্তি। সবাই দেখে বিস্মিত হলো।৩ তাঁকে দেখে যে অন্যের সঙ্গে যাচ্ছিল সে থেমে গেল, যে পথে দাঁড়িয়ে ছিল সে পেছনে-পেছনে যেতে লাগল, যে ধীরে যাচ্ছিল সে দ্রুত চলতে লাগল, যে বসে ছিল সে উঠে দাঁড়াল।৪ কোন ব্যক্তি তাঁকে করযুগল দিয়ে অর্চনা করলেন, কেউ সম্মান করে নতশিরে বন্দনা করলেন, কেউ বা প্রিয় বচনে এঁকে অভিনন্দিত করলেন। পূজা না করে কেউ-ই গেলেন না।৫ বিচিত্র বেশধারীরা তাঁকে দেখে লজ্জিত হলেন, বহুভাষীরা মৌন হলেন। যেন সাক্ষাৎ ধর্মের সান্নিধ্যে কোন ব্যক্তিরই অন্যায় বোধ এল না।৬ অন্য কাজে নিযুক্ত থাকলেও রাজপথে নারী বা পুরুষেরা সাদরে সেই দেবকল্প রাজকুমারকে দেখতে লাগল। তাদের দৃষ্টি তৃপ্ত হলো না।৭ দুই ভ্রূ, ললাট, মুখ, দুই নয়ন, দেহ, দুই হাত, দুই চরণ বা তাঁর গমন যেখানে যিনি তাঁর যা দেখলেন তাই তাঁর দৃষ্টিকে বেঁধে রাখল।৮ রোমবহুল ভ্রূ, বিশাল নয়ন, দীপ্ত দেহ শুভ জালমণ্ডিত হস্ত তিনি পৃথিবী পালনের উপযুক্ত ; তাঁকে ভিক্ষুর বেশে দেখে রাজগৃহের লক্ষ্মী ক্ষুব্ধ হলেন।৯

এরপর মগধ প্রান্তের অধিপতি শ্রেণ্য প্রাসাদের বহির্ভাগ থেকে সেই বিপুল জনতা দেখলেন এবং তার কারণ জিজ্ঞাসা করলেন। তখন এক ব্যক্তি তাকে বলল ;১০ ব্রাহ্মণগণ যাঁর সম্পর্কে বলেছিলেন 'তিনি পরম জ্ঞান বা পৃথিবীর ঐশ্বর্য লাভ করবেন' ইনিও শাক্যরাজ্যের সেই পুত্র, পরিব্রাজক হয়েছেন, লোকে তাঁকে দেখছে।১১ তখন সেই কথা শুনে সশ্রদ্ধ অন্তরে রাজা সেই পুরুষকেই বললেন 'জেনে এস তো কোথায় যাচ্ছেন।' 'উত্তম' এই বলে সে-ব্যক্তিই এঁর অনুসরণ করল।১২ সেই ভিক্ষুশ্রেষ্ঠ দেহ ও চঞ্চল চিত্তকে স্থির রেখে ভিক্ষা প্রার্থনা করছিলেন তাঁর চক্ষু অচঞ্চল, ভূমিতলের দিকেই

সেই দৃষ্টি নিবদ্ধ ছিল ; তাঁর বাণী মৌন, তাঁর গতি ধীর ও নিয়মিত ।১৩ যথাপ্রাপ্ত ভিক্ষাগ্রহণ করে তিনি পর্বতের নিভৃত ঝর্ণার কাছে গেলেন। তারপর নিয়ম অনুযায়ী তা ভক্ষণ করে পাণ্ডব পর্বতের উপর আরোহণ করলেন ।১৪

সেই পর্বত লোধ্রবনে আচ্ছাদিত, তার কুঞ্জ ময়ূর ধ্বনিতে পূর্ণ। সেখানে সেই নরসূর্য এমন শোভিত হলেন, মনে হলো যেন উদয়গিরির উপরে বালসূর্য উদিত ।১৫ সেই রাজভৃত্য সেখানে এঁকে দেখে রাজা শ্রেণ্যকে সব কথা জানাল। রাজা শুনে সমাদর পূর্বক পরিমিত অনুচরের সঙ্গে প্রস্থান করলেন ।১৬ পাণ্ডবতুল্য বীর্যবান্, পর্বতসমান দেহ মুকুটধারী, সিংহগতি সেই নরসিংহ চঞ্চলকেশর মণ্ডিত সিংহের মতো পর্বত শ্রেষ্ঠ পাণ্ডবে আরোহণ করলেন ।১৭ তারপর তার উপরে শিখরসদৃশ, শান্ত ইন্দ্রিয় বীরাসনে উপবিষ্ট বোধিসত্ত্বকে দেখলেন, মেঘপুঞ্জ থেকে উদীয়মান শশাঙ্কের মতো ।১৮ বিস্মিত রাজা বিনীত হয়ে রূপের শোভায় এবং শমগুণে ধর্মের মূর্তির মতো উপবিষ্ট কুমারের কাছে গেলেন যেন ব্রহ্মার নিকটে গেলেন ইন্দ্র ।১৯

নীতিবিদ্‌গণের মধ্যে শ্রেষ্ঠ সেই কুমারের কাছে এসে তিনি তাঁর স্বাস্থ্য বিষয়ে প্রশ্ন করলেন। তিনিও সমান প্রিয়বচনে রাজাকে তাঁর মনের স্বাস্থ্য ও রোগহীনতার কথা বললেন ।২০ তখন রাজা হস্তীর কর্ণের মতো নীল, পবিত্র শিলাতলে উপবেশন করলেন এবং নিকটে উপবেশন করে অনুমতি নিয়ে তাঁর মনের ভাব জানবার ইচ্ছায় এই কথা বললেন ;২১ 'আপনার কুলের সঙ্গে আমার পরম্পরাগত এবং পরীক্ষিত পরম প্রীতি রয়েছে। আপনার আমার নিজের বয়স তাই এই প্রীতিবচন শুনুন,২২ আপনার বিশাল কুল, সূর্য তার আদি পুরুষ, আপনার নবীন বয়স দীপ্ত দেহ। ক্রম ভঙ্গ করে আপনার এই বুদ্ধি কেন ভিক্ষায় রত হলো, রাজ্যে নয় ?২৩ আপনার দেহ রক্ত চন্দনের যোগ্য, এত কাষায় সংযোগের যোগ্য নয় ।২৪ এই হস্ত প্রজাপালনের যোগ্য, পরদত্ত অন্নভোজনের যোগ্য নয়। সুতরাং হে সৌম্য! পিতার স্নেহে যদি আপনি বিক্রমের দ্বারা পৈতৃক রাজ্য গ্রহণ করতে ইচ্ছা না করেন এবং উত্তরাধিকারের নিয়ম সহ্য করবার অভিলাষও যদি আপনার না থাকে, অবিলম্বে আমার রাজ্যের অর্ধেক ভোগ করুন ।২৫ এইভাবে স্বজনপীড়ন হবে না, লক্ষ্মী ও শান্তি আশ্রয় করে প্রতিষ্ঠিত হবেন। সুতরাং আপনি আমার সঙ্গে মৈত্রী স্থাপন করুন। সজ্জনগণের মিলনই সজ্জনগণের সমৃদ্ধি ।২৬ আর যদি কুলের অভিমানে আমাদের প্রতি আপনার বিশ্বাস না থাকে বিশাল সেনাবাহিনীর মধ্যে প্রবেশ করুন , আমাকে সহায় করে। বাণের সাহায্যে শত্রু জয়ে অভিলাষী হোন ।২৭ এই দুই বুদ্ধির মধ্যে একটিকে গ্রহণ করুন , বিধিমতো ধর্ম অর্থ ও কামকে ভজনা করুন। আসক্তির বশে ইহলোকে ত্রিবর্গের ক্রম-বিপর্যয় করে পরলোক ও ইহলোকে মানুষের পতন হয় ।২৮ সম্পূর্ণ সিদ্ধি যদি বাঞ্ছিত হয়, অর্থ ও ধর্মকে পীড়িত করে যে কাম, ধর্ম ও কামকে অবজ্ঞা করে যে অর্থ, এবং কাম ও অর্থের নিবৃত্তির দ্বারা যে ধর্ম, তাকে ত্যাগ করতে হবে ।২৯ সুতরাং ত্রিবর্গের সেবার দ্বারা আপনি আপনার এই রূপকে সফল করুন। পণ্ডিতগণ ধর্ম, অর্থ ও কামের পূর্ণ প্রাপ্তিকেই মানুষের পূর্ণ পুরুষার্থ বলেছেন ।৩০ তাই ধনুক আকর্ষণের যোগ্য আপনার এই দুটি পুষ্ট বাহুকে আপনি নিষ্ফল করতে পারেন না। এরা মান্ধাতার মতো তিন লোককেই জয় করার যোগ্য, এখানে এই পৃথিবীর কথা আর কি ?৩১ আমি স্নেহের বশেই একথা বলছি, ঐশ্বর্যের প্রতি আসক্তি বা অভিমানবশে

নয়। আপনার এই ভিক্ষুবেশ দেখে আমার অনুকম্পা জেগেছে, চক্ষু অশ্রুসিক্ত হয়েছে।৩২

সুতরাং হে স্ববংশের প্রতিমূর্তি! যতদিন জরা আপনার রূপকে বহু পরিমাণে অভিভূত করে আগমন না করে ততদিন হে ভিক্ষাশ্রমঅভিলাষি বিষয় ভোগ করুন। হে ধর্মপ্রিয়, যথাকালে আপনি ধর্ম পালন করবেন।৩৩ জীর্ণ ব্যক্তিও ধর্মলাভ করতে পারে, বিষয় ভোগে কিন্তু জরার গতি নেই। এই কারণেই পণ্ডিতগণ যুবকের জন্য বিষয়ভোগ, মধ্যবয়সের জন্য অর্থ এবং বৃদ্ধের জন্য ধর্ম ব্যবস্থা করেছেন।৩৪ জীব-জগতে যৌবন ধর্ম ও অর্থের শত্রু। সযত্নে রক্ষিত হলেও একে ধারণ করা কঠিন, কারণ কাম বিষয়ভোগের পথে তাকে আকর্ষণ করে।৩৫ জীর্ণ বয়স বিচারপরায়ণ, ধীর এবং স্থিতিশীল। গতি না থাকায় এবং লজ্জার বশে অল্প যত্নে শান্ত স্বভাব লাভ করে।৩৬ এই কারণেই চঞ্চল, বিষয়প্রধান, প্রমত্ত অধীর, অদূরদর্শী ও বহু ছলনাময় যৌবনকে অতিক্রম করে মানুষ যেন অরণ্য পার হয়ে আশ্বাস লাভ করে।৩৭ সুতরাং অধীর, চপল, ভ্রান্ত এই নবীন বয়স অপগত হোক। প্রথম বয়সই কামের লক্ষ্য ইন্দ্রিয়সমূহ থেকে তাকে রক্ষা করা যায় না।৩৮ আর যদি ধর্মেই আপনার অভিলাষ তবে যজ্ঞ করুন। এ-আপনার কুলধর্ম, যজ্ঞের দ্বারা হস্তীর পৃষ্ঠে অধিষ্ঠিত হয়েই ইন্দ্রও স্বর্গে গমন করেছিলেন।৩৯ স্বর্ণকেয়ূরের দ্বারা চিহ্নিত বাহু, মণিরূপ প্রদীপে উজ্জ্বল। বিচিত্র মুকুট মণ্ডিত রাজর্ষিগণ যজ্ঞের দ্বারা সেই গতিই লাভ করেছিলেন মহর্ষীরা যা শ্রমের দ্বারা প্রাপ্ত হয়েছেন।'৪০ মগধপতি এই কথা বললেন, বলতে-বলতে তিনি ইন্দ্রের মতো উদ্ভাসিত হলেন। সেই রাজপুত্র তা শুনে বহু বিচিত্র শিখর মণ্ডিত কৈলাস পর্বতের মতোই অবিচল রইলেন।৪১

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'বিম্বসারের আগমন' নামক দশম সর্গ সমাপ্ত।

× × × × × × × × × × × × × একাদশ সর্গ × × × × × × × × × × × × × ×

কামনিন্দা

তখন সুহৃৎপ্রধান মগধাধিপতি এইরূপ বিরোধী মন্তব্য করবার পর শুদ্ধোদনপুত্র এই বললেন। তিনি ছিলেন প্রকৃতিস্থ, নির্বিকার এবং কুল আচারে শুদ্ধ।১

'হে মিত্রাকাঙ্ক্ষ! আপনি বিরাট চন্দ্রবংশে জন্মগ্রহণ করেছেন, আপনি শুদ্ধ-স্বভাব। আপনার এই কথায় আশ্চর্য কিছুই নেই, আপনার মিত্র সম্পর্কে এইরূপ আচরণই সঙ্গত।২ ভীরু ব্যক্তিতে যেমন লক্ষ্মী বাস করেন না কুলপরম্পরাগত মৈত্রীও অসৎ ব্যক্তিতে অবস্থান করেন না। সজ্জনগণ প্রীতিপরম্পরা দ্বারা পূর্বপুরুষের স্থাপিত সেই মৈত্রীকে বৃদ্ধি করেন।৩ অর্থের কষ্ট হলেও জগতে যারা সুহৃদ্‌গণের সঙ্গে পূর্বের মতো একই আমি তাদের মিত্র মনে করি। স্বচ্ছল অবস্থায় সুখী ব্যক্তির বন্ধু কে না হয়?৪ এইভাবে জগতে যারা বিত্ত লাভ করে, মিত্র এবং ধর্মের জন্য তা নিয়োগ করেন, তারাই ঐশ্বর্যের সার লাভ করেছেন। পরিণামে নষ্ট হয়ে গেলেও ঐশ্বর্য তাদের দুঃখ দেয় না। ৫ হে রাজন, আমার প্রতি আপনার এই যে সংকল্প, মিত্রতা ও শিষ্টতা থেকেই তা উৎপন্ন হয়েছে। আমিও মিত্রতা দ্বারাই আপনাকে তৃপ্ত

করব। আমার কাছ থেকে এ-বিষয়ে আর অন্য উত্তর নেই।৬ আমি জরা ও মৃত্যুর ভয় অবগত হয়ে মুক্তির ইচ্ছায় প্রথমেই অমঙ্গলের কারণ কামনাগুলিকে এবং অশ্রুমুখ প্রিয়জনদের ত্যাগ করে এই ধর্ম আশ্রয় করেছি।৭ বিষয়কে আমি যেমন ভয় করি, বিষাক্ত সর্প, আকাশ থেকে বিচ্যুত বজ্র কিংবা বায়ুযুক্ত অগ্নিকেও তেমন ভয় করি না।৮ ভোগ্য বিষয়গুলি জগতে অনিত্য; এরা মানুষের কল্যাণ ও অর্থ হরণ করে। এরা শূন্য এবং মায়াবৎ। কেবলমাত্র আশা করলেই এরা মানুষের চিত্ত মোহগ্রস্ত করে; ব্যক্তির জীবনে অবস্থিত হলে আর কথা কি?৯ কামে অভিভূত মানুষ স্বর্গেও সুখ পায় না, মর্তলোকে পাবে কি? বায়ুসখা অগ্নির যেমন কাষ্ঠে তৃপ্তি নেই, তৃষ্ণাযুক্ত ব্যক্তির তেমনি বিষয়ভোগে তৃপ্তি নেই।১০ জগতে বিষয়ের মতো অনর্থ নেই এবং মোহবশত মানুষ এতেই আসক্ত হয়। সত্যকে এইভাবে অবগত হয়ে অনর্থ থেকে ভীত কোন্ জ্ঞানী ব্যক্তি স্বয়ং অনর্থ আকাঙ্ক্ষা করবে?১১ সমুদ্রমেখলা পৃথিবী লাভ করেও মানুষ মহাসমুদ্রের পার জয় করতে চায়। নিপতিত বারিধারা দ্বারা যেমন সমুদ্রের তৃপ্তি হয় না, বিষয়ের দ্বারা বিষয়ী লোকেরও তেমনি তৃপ্তি হয় না।১২

মান্ধাতা চার মহাদেশ সম্পূর্ণ জয় করেছিলেন; তাঁর জন্য আকাশ থেকে স্বর্ণ-বৃষ্টি হয়েছিল। দেবরাজের অর্ধাসন তিনি লাভ করেন, তবু তিনি ভোগে অতৃপ্ত রইলেন।১৩ ইন্দ্র যখন বৃত্রের ভয়ে পলায়িত, নহুষ তখন স্বর্গে দেবরাজ্য ভোগ করেন। তিনি দর্পবশত মহর্ষিদের দিয়ে তাঁর বাহকের কাজ করিয়েছিলেন। এত করেও তিনি ভোগে অতৃপ্ত রইলেন, তাঁর পতন হলো।১৪ পুরূরবা স্বর্গে প্রবেশ করে দেবী উর্বশীকে বশীভূত করেছিলেন তবু তিনি ভোগে অতৃপ্ত রইলেন। পরে লোভবশত ঋষিদের স্বর্ণ হরণ করতে যাওয়ায় তার বিনাশ হলো।১৫ বলি থেকে মহেন্দ্র, মহেন্দ্র থেকে নহুষ এবং নহুষ থেকে পুনরায় মহেন্দ্র যা লাভ করেছিলেন অদৃষ্টের ক্রীড়ায় বিক্ষিপ্ত সেই বিষয়কে স্বর্গেই হউক, বা মর্তেই হউক, কে বিশ্বাস করবে?১৬ চীরবসনধারী, মূল, ফল ও জলাহারী, সর্পের মতো দীর্ঘ জটাধারী, যাঁদের তপস্যা ছাড়া অন্য কোন কার্য নেই, সেই মুনিগণ যার কাছে পরাস্ত হয়েছে, সেই 'বিষয়' নামধারী শত্রুদের কে প্রার্থনা করবে?১৭ যার জন্য উগ্র আয়ুধ (অস্ত্র) ধারী উগ্রায়ুধের ভীষ্মের হাতে মৃত্যু হয়েছিল, তার চিন্তাও অশুভ। বিষয়চিন্তা সদাচারী ব্যক্তিদেরও ধ্বংস করে ব্রতহীন অসংযত ব্যক্তিদের আর কথা কি।১৮ স্বাদ যার তুচ্ছ, উৎকৃষ্ট যোগাযোগেও যাতে তৃপ্তি নেই, যা সজ্জন-নিন্দিত সুনিশ্চিত পাপ সেই বিষকে কে গ্রহণ করবে?১৯ কৃষি প্রভৃতি কর্মের দ্বারা পীড়িত বিষয়ীস্বভাব ব্যক্তিদের দুঃখ এবং ভোগে অনুৎসুক ব্যক্তিদের স্বাস্থ্য দেখে সংযত ব্যক্তিদের বিষয়ভোগ ত্যাগ করাই উচিত।২০ বিষয়-সম্পদকে বিষয়ী ব্যক্তির বিপদ বলেই জানা প্রয়োজন। কামনা সিদ্ধ হলে মত্ততা আসে; মত্ততা বশত মানুষ কাজ না করে অকাজ করে এবং তাতে নষ্ট হয়ে দুর্গতি লাভ করে।২১

যত্নের দ্বারা লব্ধ এবং রক্ষিত হয়ে যারা ছলনা করে পুনরায় অদৃশ্য হয় সেই বিষয়গুলি তো ঋণতুল্য। (অর্থাৎ ঋণলব্ধ বস্তুর মতো অস্থায়ী); তাতে কোন্ সংযমী বিদ্বান আনন্দলাভ করবে?২২ যাকে অন্বেষণ করে লাভ করার পর তৃষ্ণা জন্মে, যাকে ত্যাগ না করলে দুঃখ পেতে হয় সেই বিষয় যেন তৃণজাত অগ্নির মতো; তাতে কোন্ আত্মসংযমীর আনন্দ হবে?২৩ অসংযমিগণ যাদের দ্বারা হৃদয়ে আহত হয়ে

শান্তিলাভ না করে ধ্বংসলাভ করে সেই ক্রুদ্ধ উগ্র সর্পের মতো বিষয়গুলিতে কোন্ সংযমী পুরুষের আনন্দ হবে? ২৪ ক্ষুধার্ত কুক্কুর যেমন অস্থি ভোজন করে তৃপ্ত হয় না তেমনি যা ভোগ করেও মানুষ তৃপ্ত হয় না, জীর্ণ অস্থি ও কঙ্কালের সমান সেই বিষয়গুলিতে কোন্ জিতেন্দ্রিয়ের আনন্দ হবে? ২৫ যাতে রাজা, চোর, জল ও অগ্নির সমান অধিকার রয়েছে এবং সেইজন্যই যা দুঃখ সৃষ্টি করে সেই বিষয় তো বঁড়শিবিদ্ধ মাংসের মতো! তাতে কোন্ সংযত ব্যক্তির আনন্দ হবে? ২৬ যার মধ্যে থাকলে শত্রুর কাছ থেকে, এমনকি বন্ধুর কাছ থেকেও চারিদিক থেকেই বিপদ আসতে থাকে, 'বিষয়' সেই মারাত্মক স্থান! এতে কোন্ সংযমীর আনন্দ হবে? ২৭ যার জন্য পর্বত, অরণ্য, জল ও সাগর লঙ্ঘন করতে গিয়ে মানুষ ধ্বংসপ্রাপ্ত হয় সেই বিষয় বৃক্ষের উপরে স্থিত ফলের মতো। কোন্ বশী ব্যক্তি তাতে প্রীতিলাভ করবে? ২৮ নানাবিধ তীব্র যত্নের সাহায্যে যা পাওয়া যায়, আর পাওয়ার পর ক্ষণকালের মধ্যেই নষ্ট হয়ে যায় তা স্বপ্নলব্ধ ভোগের মতো। সেই বিষয়ে কোন সংযমীর আনন্দ হবে? ২৯ যাকে অর্জন করে সুখ হয় না, বর্ধন করে বা রক্ষা করেও সুখ হয় না, অঙ্গারের খাতের মতো সেই বিষয়ভোগে কোন্ আত্মসংযমীর আনন্দ হবে? ৩০ যার জন্য কুরু, বৃষ্ণি, অন্ধক, মেখল ও দণ্ডকগণ ধ্বংস হলেন সেই বিষয়ভোগ তো সৈনিক গৃহের অসি ও কাষ্ঠের তুল্য। কোন্ বশী ব্যক্তি তাতে প্রীতি ও আনন্দলাভ করবে? ৩১ যার জন্য সুন্দ ও উপসুন্দ নামক দুই অসুর পরস্পর শত্রুতা করে বিনষ্ট হলো, সৌহার্দনাশক সেই বিষয়গুলিতে কোন্ সংযত ব্যক্তি প্রীতি ও আনন্দলাভ করবে? ৩২ এই সংসারে যার জন্য মানুষ নিজেকে জলে, অগ্নিতে এবং মাংসাশী জন্তুর কাছে উৎসর্গ করে, শত্রুর ন্যায় অশুভ সেই বিষয়ে কোন্ বশী ব্যক্তি প্রীতিলাভ করবে? ৩৩

বিষয়ের জন্য মূঢ়গণ দীনের ন্যায় আচরণ করে এবং বধ, বন্ধন প্রভৃতি দুঃখভোগ করে। বিষয়ের জন্য আশায় দীন ক্লেশসহিষ্ণু জীবজগৎ ক্লান্তি ও মৃত্যুকে বরণ করে। ৩৪ মৃগগণ মৃত্যুর জন্য গীতের দ্বারা আকৃষ্ট হয়, পতঙ্গগণ রূপের লোভে অগ্নিতে ঝাঁপ দেয় এবং আমিষ-অভিলাষী মৎস বঁড়শী গ্রাস করে। সুতরাং বিষয় কেবল অনর্থই সৃষ্টি করে থাকে। ৩৫ কিন্তু বিষয়গুলি 'ভোগ' এই যে ধারণা, এতে বক্তব্য এই যে কোন বিষয়ই ভোগ বলে গণ্য হয় না, কারণ জগতে বস্ত্র প্রভৃতি ইন্দ্রিয়ের বিষয়গুলিকে দুঃখের প্রতিকাররূপেই গ্রহণ করতে হবে। ৩৬ আমরা তৃষ্ণা উপশমের জন্য জল, ক্ষুধানাশের জন্য খাদ্য, রৌদ্র জল ও বায়ু থেকে রক্ষা পাবার জন্য গৃহ এবং নগ্নতা ও শীতাবরণের জন্য বস্ত্র অভিলাষ করে থাকি। ৩৭ তেমনি নিদ্রার বিঘ্ন দূর করার জন্য শয্যা, পথশ্রম নাশ করার জন্য যান, উত্থান-শ্রম দূর করার জন্য উপবেশন এবং শুদ্ধি, আরোগ্য ও বললাভের জন্য স্নান করে থাকি। ৩৮ সুতরাং বিষয় দুঃখ প্রতিকারের নিমিত্ত মাত্র, একে প্রাণীগণের 'ভোগ' বলা যায় না। দুঃখ-প্রতিকারের উপায়ে প্রবৃত্ত কোন্ প্রাজ্ঞ ব্যক্তি স্বীকার করবেন 'আমি বিষয় ভোগ করছি'? ৩৯ পিত্তজনিত জ্বালায় দগ্ধ হতে-হতে যে শীতল হবার প্রক্রিয়াকে 'ভোগ' বলে মনে করবে, দুঃখের প্রতিকার করতে উদ্যোগী সেই ব্যক্তিই বিষয়গুলিকে 'ভোগ' এই নাম দেবে। ৪০ তাছাড়া বিষয়গুলিতে যেহেতু ঐক্য নেই, সেই কারণেও আমি তাদের ভোগ বলি না। যে-বস্তুগুলি প্রথমে সুখ দান করে, সেইগুলিই আবার দুঃখ বহন করে আনে। ৪১ অগুরু এবং গুরুভার বস্ত্র শীতকালেই সুখ দেয়, গ্রীষ্মকালে দেয় দুঃখ। তেমনি

চন্দ্রকিরণ ও চন্দন গ্রীষ্মেই সুখকর হয়, শীতে দুঃখ দান করে।৪২ যেহেতু লাভ ও ক্ষতি প্রভৃতি বিরুদ্ধ ভাবগুলি জগতে সকল বস্তুতেই জড়িয়ে আছে, এই কারণেও জগতে কোন পুরুষ একান্তভাবে সুখি বা একান্তভাবে দুঃখী নয়।৪৩ সুখ-দুঃখের এইরকম মিশ্রণ দেখে আমার কাছে রাজ্য ও দাসত্ব সমান মনে হয়। রাজাও নিত্য হাসেন না, ভৃত্যও নিত্য সন্তপ্ত হয় না।৪৪

'নৃপত্বে প্রভুত্ব অধিক' এই যদি যুক্তি হয় তবে এই কারণেই রাজার দুঃখও বিপুল। রাজা ভারবাহী দণ্ডকাষ্ঠের (বাঁকের) ন্যায় লোকের জন্য ক্লেশ ভোগ করেন।৪৫ একদিন ত্যাগ করবে এইরকম ব্যক্তি অথবা বহু শত্রুতে ভরা রাজ্যে রাজা যদি বিশ্বাস করেন তবে বিপন্ন হবেন, আর যদি বিশ্বাস করতে না পারেন তবে সেই শঙ্কিত রাজার আর সুখ কোথায়?৪৬ সমগ্র পৃথিবী জয় করলেও দেখা যায় রাজা কেবল একটি পুরীতেই বাস করতে পারেন তার মধ্যেও একটিমাত্র গৃহ ভোগ করতে পারেন। তাহলে রাজত্ব শুধু পরার্থে শ্রম ছাড়া কিছু নয়।৪৭ রাজারও পরিধেয় বস্ত্র দুইটি, ক্ষুধা নিবৃত্তির অন্নের পরিমাণও সামান্য, তেমনি একটি শয্যা, আসনও একটিই, অন্য যা কিছু অধিক রয়েছে তা কেবল অহংকারের জন্য।৪৮ এই রাজ্যফল তুষ্টির জন্য এই যদি বক্তব্য হয়, তবে আমি রাজ্য ছাড়াই তুষ্ট আছি। জগতে পুরুষের যদি তুষ্টি থাকে তবে সকল ঐশ্বর্যই কি তার কাছে তুচ্ছ নয়?৪৯ আমি শুভ কল্যাণমার্গ লাভ করেছি, সুতরাং আমাকে বিষয়ভোগের প্রতি চালনা করা আপনার উচিত নয়। বরং আমাদের বন্ধুত্বের কথা স্মরণ রেখে আমাকে বারবার বলুন, 'তোমার প্রতিজ্ঞা পালন কর।'৫০ আমি ক্রোধের বশে কিংবা শত্রুর বাণে আমার মুকুট কম্পিত হচ্ছে বলে বনে আসি নি। আরও অধিক ভোগফলের জন্য উৎসুক হয়ে যে আপনার কথা মেনে নিচ্ছি না তাও নয়।৫১ যে ক্রুদ্ধ ও হিংস্র সর্পকে কিংবা দহনস্বভাব প্রদীপ্ত মশালকে ত্যাগ করে আবার তাই গ্রহণ করতে ইচ্ছুক হয় সে-ই কাম বর্জন করে আবার তারই ভজনা করে।৫২ যে অন্ধ না হয়েও অন্ধ হতে চায়, মুক্ত হয়েও বন্ধ হতে চায়, ধনী হয়েও দরিদ্র হতে চায়, সুস্থচিত্ত হয়েও উন্মাদ হতে চায় সে-ই বিষয়ী হতে ইচ্ছা করে।৫৩ জরা ও মৃত্যুর ভয়কে যিনি উত্তীর্ণ হতে চান সেই কৃতী ব্যক্তি ভিক্ষান্ন ভোজন করেন বলে অনুকম্পার যোগ্য নন। ইহলোকে তিনি পরম শান্তি সুখ অনুভব করেন, পরলোকেও তাঁর দুঃখ নষ্ট হয়।৫৪ বিপুল ঐশ্বর্যের মধ্যে থেকেও যে তৃষ্ণায় অভিভূত সে-ই কৃপার পাত্র। সে ইহলোকে শান্তিসুখ পায় না, পরলোকেও দুঃখ ভোগ করে।৫৫ কিন্তু এইরকম বলা আপনার শক্তি, চরিত্র ও বংশের অনুরূপ; আমারও এই প্রতিজ্ঞা রক্ষা করা আমার শক্তি, চরিত্র ও বংশের অনুরূপ।৫৬

'আমি সংসারের জন্মমৃত্যুরূপ শরে বিদ্ধ হয়ে শান্তিলাভের আশায় বেরিয়ে এসেছি। আমি স্বর্গেও নিষ্কণ্টক রাজ্য চাই না মানুষের মধ্যে আর কথা কি।৫৭ রাজন্। আপনি বলছেন, 'সমগ্রভাবে ত্রিবর্গের সেবাই পরম পুরুষার্থ' কিন্তু আমার দৃষ্টিতে এটি অনর্থই। কারণ ত্রিবর্গও ক্ষয়শীল এবং তৃপ্তিদায়কও নয়।৫৮ যেখানে জরা, ভয়, ব্যাধি বা জন্ম মৃত্যু নেই, যেখানে উদ্বেগ নেই, যেখানে কর্মের পুনরাবৃত্তি নেই তাকেই আমি পরম পুরুষার্থ মনে করি।৫৯ আপনি যে বললেন 'জরার প্রতীক্ষা কর; নবীন বয়সে চিত্তের বিকার হয়' এটিও অনিশ্চিত। কেন-না প্রায় দেখা যায় জরায় অধীরতা এবং যৌবনে ধৈর্য থাকে।৬০ যখন স্বকর্মে দক্ষ যমরাজ জগতের

সকলকে সকল বয়সেই জোর করে আকর্ষণ করছেন তখন শান্তিকামী বিজ্ঞ ব্যক্তি কিভাবে জরার প্রতীক্ষা করবে? ৬১ অশুভ যমরাজ ব্যাধের মতো অপেক্ষা করছেন। জরা তার অস্ত্র, ব্যাধি তার নিক্ষিপ্ত শর। অদৃষ্টে অরণ্যে আশ্রিত প্রাণীগণ মৃগ-সমূহের মতো আহত হচ্ছে। এই অবস্থায় বয়স-বৃদ্ধির প্রতি কার অভিলাষ থাকবে? ৬২ সুতরাং যুবাই হোন, বৃদ্ধ অথবা শিশুই হোন, সবারই ত্বরান্বিত হয়ে সেইরকম করা উচিত যাতে তাঁরা ধর্মাত্মা ও কৃতার্থ হয়ে তাঁদের অভিলষিত স্বর্গ প্রভৃতি উচ্চলোকে জন্ম (প্রবৃত্তি) অথবা মোক্ষ (নিবৃত্তি) লাভ করতে পারেন। ৬৩ আপনি বলেছেন, 'ধর্মের জন্য অভীষ্ট ফলদায়ক কুলোচিত যজ্ঞের অনুষ্ঠান করুন'। যজ্ঞকে নমস্কার! পরের দুঃখ সৃষ্টি করে যে-সুখ প্রার্থনা করা হয় তা আমি চাই না। ৬৪ ফললাভের আকাঙ্ক্ষায় অন্য অসহায় প্রাণীকে হত্যা করা দয়ালু সাধুজনের কর্তব্য নয়। যজ্ঞের ফল যদি শাশ্বত হতো তবু তা উচিত হতো না, ক্ষয়াত্মক যজ্ঞের আর কথা কি? ৬৫ যদি অন্যরূপে অর্থাৎ ব্রতের দ্বারা, শীলের দ্বারা, চিত্তদমনের দ্বারা ধর্ম না হতো তবু 'পরের হত্যায় ফল লাভ হয়' যে-যজ্ঞ সম্পর্কে এই কথা বলা হয়েছে সেই যজ্ঞের অনুষ্ঠান কখনই উচিত হতো না। ৬৬ পরের হিংসায় যে-সুখ হয় ইহলোকে থাকার কালে তা-ই যখন বুদ্ধিমান, দয়ালু ব্যক্তি কামনা করেন না তখন দৃষ্টির অগোচর অন্য লোকের আর কথা কি! ৬৭ ফলে প্রবৃত্ত হওয়ার জন্য আমাকে প্রতারণা করা যাবে না। হে রাজন্, সংসারে আমার মন আনন্দ পায় না। মেঘের বর্ষণ তাড়িত লতার মতোই প্রবৃত্তি সর্বগামী ও চঞ্চল। ৬৮ আমি মোক্ষবাদী অরাড়মুনিকে দেখবার ইচ্ছায় এখানে এসেছি, আজই এ-স্থান থেকে চলে যাব। রাজন্, আপনার মঙ্গল হোক; আমার এই কঠোর সত্যভাষণ ক্ষমা করবেন। ৬৯

হে রাজন্, আপনি স্বর্গবাসী ইন্দ্রের ন্যায় প্রভুত্ব করুন, সূর্যের ন্যায় চিরদীপ্ত থাকুন, গুণের দ্বারা শোভিত হন। ইহলোকে যা শ্রেয় তা কামনা করুন; পৃথিবীকে পালন করুন, দীর্ঘ আয়ুলাভ করুন; আর্য ও সজ্জন-সন্তানকে তৃপ্ত করুন, ঐশ্বর্য বর্ধিত করুন এবং আপনার নিজ ধর্ম আচরণ করুন। ৭০ হিমশত্রু অগ্নি থেকে ধূম এবং ধূম থেকে মেঘ জন্মে। সেই মেঘজাত বৃষ্টিতে অগ্নি বাহ্যরূপ থেকে মুক্ত হন তেমনি আপনিও তমোনাশ রূপ শত্রুনাশের দ্বারা চিত্তকে মুক্ত করুন।' ৭১ রাজা কৃতাঞ্জলি হয়ে সাগ্রহে বললেন, 'আপনি আপনার অভীষ্ট বস্তু বিনা বাধায় লাভ করুন। যথা-কালে সিদ্ধিলাভ করে আমার প্রতিও আপনি যেন অনুগ্রহ করেন।' ৭২ রাজার কাছে 'তাই হবে' এই বলে তিনি দৃঢ় প্রতিজ্ঞা করলেন। তারপর তিনি 'বৈশ্বন্তর' আশ্রমের দিকে গেলেন। তাঁকে যেতে দেখে বিস্মিত রাজাও নিজপুরী 'গিরিব্রজে' প্রস্থান করলেন। ৭৩

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'কামনিন্দা'-নামক একাদশ সর্গ সমাপ্ত।

× × × × × × × × × × × × × দ্বাদশ সর্গ × × × × × × × × × × × × ×

অরাড়-দর্শন

রাজকুমার ছিলেন ইক্ষ্বাকুবংশের চন্দ্রস্বরূপ। অরাড় মুনি ছিলেন শান্তিতে প্রতিষ্ঠিত। রাজপুত্র প্রবেশ করলেন। সেই আশ্রম যেন তাঁর দেহের দীপ্তিতে ভরে গেল।১ কালায়সগোত্রীয় সেই মুনি দূর থেকে তাঁকে দেখে উচ্চকণ্ঠে উচ্চারণ করলেন, 'স্বাগতম্'। তখন তিনি তাঁর কাছে গেলেন।২ তাঁরা দুজন পরস্পর শিষ্টাচার মতো শারীরিক কুশল সম্পর্কে প্রশ্ন করলেন। তারপর পবিত্র স্থানে পবিত্র কাষ্ঠাসনে উপবেশন করলেন।৩ মুনিবরের চক্ষু দুইটি শ্রদ্ধায় বিস্ফারিত মনে হলো, তাঁর দৃষ্টিতে যেন রাজকুমারকে পান করছেন। তিনি বললেন, ৪ 'হে সৌম্য, দৃপ্ত হস্তী যেমন বন্ধন ছিন্ন করে তেমনি স্নেহময় বন্ধন ছিন্ন করে তুমি যেভাবে গৃহ থেকে নিষ্ক্রান্ত হয়েছ তা আমি জানি।৫ তোমার চিত্ত সকল প্রকারে জ্ঞানে ও ধৈর্যে পূর্ণ, তুমি বিষফলযুক্ত লতার মতো রাজলক্ষ্মীকে ত্যাগ করে এসেছ।৬ রাজগণ যে-বৃদ্ধ বয়সে ভুক্তাবশিষ্ট মালার মতো রাজলক্ষ্মী পুত্রদের দিয়ে বনে যেতেন তা আশ্চর্য নয়।৭ আমার কাছে এইটিই আশ্চর্য মনে হয়েছে যে বিষয় ভোগের স্থানে থেকেও রাজসম্পদ ভোগ না করেই চলে এসেছ।৮ সুতরাং এই ধর্ম জানবার জন্য তুমিই উপযুক্ত পাত্র। জ্ঞানের তরীতে আরোহণ করে শীঘ্র দুঃখের সাগর পার হও।৯ যদিও শিষ্যের পরিচয় সম্পূর্ণরূপে জানবার পর যথাকালে তার কাছে শাস্ত্র ব্যাখ্যা করা হয়ে থাকে তবু তোমার গাম্ভীর্য ও অধ্যবসায় দেখে আমি তোমার পরীক্ষা নেব না।'১০

সেই নরশ্রেষ্ঠ অরাড়ের এই কথা শুনে পরম প্রীত হয়ে উত্তরে বললেন,১১ 'অনাসক্ত হলেও আমার প্রতি আপনার এই যে পরম দাক্ষিণ্য, এতে এখনও অভীষ্ট লাভ না করেও এখন কৃতার্থ বোধ করছি।১২ দেখতে ইচ্ছুক ব্যক্তির কাছে যেমন আলো, যেতে ইচ্ছুক লোকের নিকট যেমন পথপ্রদর্শক, পারে যেতে যিনি উদ্যত তাঁর কাছে যেমন নৌকা, আপনার দর্শনও আমার কাছে তেমনি।১৩ সুতরাং আমি কোন্ উপায়ে জরা, মরণ ও রোগ থেকে মুক্ত হতে পারি, তা যদি প্রকাশযোগ্য মনে করেন আমার কাছে প্রকাশ করুন।'১৪

ঋষি অরাড় কুমারের মাহাত্ম্যে অনুপ্রেরিত হয়ে তাঁর নিজের শাস্ত্রের সিদ্ধান্ত সংক্ষেপে বললেন।১৫ 'শ্রোতাদের মধ্যে তুমি শ্রেষ্ঠ। কিভাবে এই সংসার অর্থাৎ এই জন্ম মৃত্যুর ধারা প্রবর্তিত হয়, এবং কিভাবে তা নিবৃত্ত হয় সে-বিষয়ে আমাদের সিদ্ধান্ত তুমি শোন।১৬ হে স্থিরবুদ্ধি! তুমি জেনে রাখ, প্রকৃতি ও বিকার, জন্ম মৃত্যু ও জরা এই সকলকেই আমরা 'সত্ত্ব' বলি।১৭ তুমি বস্তুর স্বরূপ সম্পর্কে স্বভাবতই অভিজ্ঞ। তাদের মধ্যে পঞ্চভূত, অহংকার, বুদ্ধি এবং অব্যক্তকে প্রকৃতি বলে জান।১৮ বিষয়, ইন্দ্রিয়, হস্ত, পদ, মলদ্বার, লিংগ এবং মনকে 'বিকার' বলে জান।১৯ যার সংজ্ঞা বা চেতনা আছে, এবং এই ক্ষেত্র বা দেহ সম্পর্কে যার জ্ঞান আছে তাকে ক্ষেত্রজ্ঞ বলা হয়। যাঁরা আত্মা সম্পর্কে চিন্তা করেন তাঁরা আত্মাকে ক্ষেত্রজ্ঞ বলেন।২০ স-শিষ্য কপিলকে এ-বিষয়ে (ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ জ্ঞান বিষয়ে) 'প্রতিবুদ্ধ' বলা হয়; কিন্তু এই তত্ত্বজ্ঞানীই পুত্রের সংগে সংসারে 'প্রজাপতি' (কেবল পুত্রপালনে

চতুর) নামে অভিহিত হন ।২১ যা জন্মে, জীর্ণ হয়, দুঃখভোগ করে এবং মৃত্যুমুখে পতিত হয় তাকে 'ব্যক্ত' আর তার বিপরীতকে 'অব্যক্ত' বলে জান ।২২ অজ্ঞান, কর্ম ও তৃষ্ণাকে সংসারের হেতু বলে জানবে। যে-প্রাণী এই তিনটিকে অবলম্বন করে থাকে সে (পূর্বোক্ত) সত্ত্বকে অতিক্রম করে না ।২৩ বিপ্রত্যয়, অহঙ্কার, সন্দেহ, অভিসংপ্লব, অবিশেষ, অনুপায়, সঙ্গ, অভ্যবপাত এই সমস্ত কারণেও প্রাণী সত্ত্বকে অতিক্রম করতে পারে না ।২৪ এগুলোর মধ্যে 'বিপ্রত্যয়' অর্থ বিপরীত জ্ঞান। বিপরীত জ্ঞানযুক্ত প্রাণী বিপরীত আচরণ করে। কাজ বিপরীতভাবে করে, যা চিন্তা করবার তা বিপরীতভাবে চিন্তা করে ।২৫ আমি বলছি, আমি জানি, আমি যাচ্ছি, আমি আছি, হে নিরহঙ্কার! এইভাবেই সংসারে অহংকারের উদয় হয় ।২৬ হে সংশয়হীন! যা পৃথক-পৃথক বস্তুতেও মৃৎপিণ্ডের মতো একাকার দেখে তাকেই বলা হয় 'সন্দেহ' ।২৭ যে এই আমি, সে-ই এই 'মন বুদ্ধি ও কর্ম'। এই মন, বুদ্ধি ও কর্ম যে, আমিও সে-ই। এইরকম যে-সিদ্ধান্ত তাকেই বলা হয় 'অভিসংপ্লব' ।২৮ যা প্রতিবুদ্ধ ও অপ্রতিবুদ্ধ এবং প্রকৃতি সমূহের ভেদ বুঝতে পারে না, হে বিশেষজ্ঞ, তাকেই বলা হয়েছে 'অবিশেষ' (বিশেষ ভেদ) ।২৯ হে উপায়জ্ঞ! নমস্কার, বষট্‌কার, প্রোক্ষণ, অভ্যুক্ষণ প্রভৃতিকে প্রাজ্ঞ ব্যক্তিগণ 'অনুপায়' (ধর্মের উপায় নয়) এইভাবেই জেনেছেন ।৩০ হে অনাসক্ত! যার ফলে দুর্বুদ্ধি পুরুষ মন, বাক্য, কর্ম ও বুদ্ধিসহ বিষয়ে আসক্ত হয় তাকেই 'অভিষঙ্গ' বলা হয় ।৩১ 'ঐ আমার', 'আমি এর' এইভাবে মানুষ যে-দুঃখ কল্পনা করে আর যার ফলে সংসারে (জন্ম-মৃত্যুর আবর্তে) নিক্ষিপ্ত হয় তাকে 'অভ্যবপাত' বলে জান ।৩২ তমঃ, মোহ, মহামোহ এবং দুই প্রকার তামিস্র এইভাবে অবিদ্যাকে সেই বিদ্বান ব্যক্তি (কপিল) পাঁচটি পর্বযুক্ত বলেছেন '৩৩ হে মোহহীন! এদের মধ্যে আলস্য 'তমঃ', জন্ম-মৃত্যুকে 'মোহ' এবং কামকে 'মহামোহ' বলে জানবে ।৩৪ যেহেতু এতে মহা-মহা প্রাণীরাও মোহগ্রস্ত হয় একে বলা হয় মহামোহ ।৩৫ হে ক্রোধহীন, বিদ্বানগণ ক্রোধকেই তামিস্র বলেন এবং হে বিষাদহীন, তারা বিষাদকে বলেন অন্ধতামিস্র ।৩৬ মূঢ়গণ এই পঞ্চপর্ব অবিদ্যায় যুক্ত হয়ে এই দুঃখ বহুল সংসারে বারবার জন্মগ্রহণ করে ।৩৭ আমিই দ্রষ্টা, শ্রোতা, জ্ঞাতা, আমিই কার্য এবং কারণ এইরূপ ধারণা করে তারা সংসারচক্রে ভ্রমণ করতে থাকে ।৩৮ হে ধীমন্, এই হেতুসমূহের দ্বারাই সংসারে জন্মস্রোত চলছে। হেতুব অভাবে ফলেব অভাব এটি তোমাকে জানতে হবে ।৩৯ হে মোক্ষকামি, তার মধ্যে যথার্থই মতিমান ব্যক্তি প্রতিবুদ্ধ, অপ্রতিবুদ্ধ, ব্যক্ত এবং অব্যক্ত এই চারটিকে জানবেন ।৪০ ক্ষেত্রজ্ঞ পুরুষ (আত্মা) এই চারটিকে যথাযথভাবে জেনে জন্ম-মৃত্যুর পথ ছেড়ে দিয়ে অক্ষয়পদ লাভ করেন ।৪১ এইজন্যই পরম ব্রহ্মবাদী ব্রাহ্মণগণ সংসারে ব্রহ্মচর্য পালন করেন ও ব্রাহ্মণদের তা শিক্ষা দেন ।'৪২

রাজপুত্র মুনির এই কথা শুনে উপায় এবং মুক্তির অবস্থা সম্পর্কে প্রশ্ন করলেন ।৪৩ 'এই ব্রহ্মচর্য যেমন করে, যতদিন, যেখানে পালন করতে হবে এবং এই ধর্মের অন্ত কোথায় এই সম্পর্কে বিশদ করে বলুন ।'৪৪ এই কথা শুনে অরাড স্পষ্টভাবে, সংক্ষেপে এবং শাস্ত্রানুসারে সেই ধর্মই অন্য পদ্ধতিতে ব্যাখ্যা করলেন ।৪৫ 'ব্রহ্মচারী প্রথমে গৃহত্যাগ করে, ভিক্ষুর বেশ ধারণ করে শিষ্টাচার পরিপূর্ণ শীল গ্রহণ করে থাকেন ।৪৬ সেই শাস্ত্রজ্ঞ কৃতী ব্যক্তি যেখান থেকে যা পান তাতেই সন্তোষ

লাভ করেন, নির্জনে এককভাবে বাস করেন।৪৭ তারপর আসক্তি থেকে ভয় আর বৈরাগ্য থেকে পরম কল্যাণ দেখে তিনি ইন্দ্রিয় বশ করে মনের শান্তির জন্য চেষ্টা করতে থাকেন।৪৮ তখন মন কাম ও হিংসা প্রভৃতি থেকে মুক্ত হয়, বিবেকজনিত বিতর্ক জাগে এই হলো প্রথম সমাধি ; এই সমাধি তিনি লাভ করেন।৪৯ সেই ধ্যানের সুখ লাভ করে, সেই বিষয়ে বারবার চিন্তা করতে-করতে মূর্খ মানুষ সেই অনাস্বাদিত আনন্দে মুগ্ধ হয়ে লক্ষ্যভ্রষ্ট হন।৫০ চিত্তের এই শান্তি রাগ ও দ্বেষের বিরোধী, এর ফলে তিনি ব্রহ্মলোক প্রাপ্ত হন। এই রকম সন্তুষ্টির জন্য তাকে বঞ্চিত হতে হয়।৫১ কিন্তু যিনি জ্ঞানী তিনি জানেন বিতর্ক চিত্তের উদ্বেগজনক। তিনি তা থেকে মুক্ত হয়ে বিতর্কহীন এবং প্রীতিসুখযুক্ত 'দ্বিতীয়ধ্যান' লাভ করেন।৫২ সেই প্রীতিসুখে মুগ্ধ হয়ে যিনি ধ্যানের উচ্চতর স্তর দেখতে পান না, তিনি 'আভাস্বর' দেবগণের মধ্যে ভাস্বর স্থান লাভ করেন।৫৩ কিন্তু যিনি সেই প্রীতিসুখ থেকে মনকে মুক্ত রাখেন তিনি প্রীতিবর্জিত সুখরূপ 'তৃতীয় ধ্যান' লাভ করেন।৫৪ যিনি সেই সুখে মগ্ন হয়ে উচ্চতর স্তরের জন্য যত্ন করেন না তিনি 'শুভকৃৎস্ন' দেবগণের সমান সুখলাভ করেন।৫৫ যিনি সুখলাভ করেও তাতে আসক্ত না হয়ে অপেক্ষা করেন তিনি সুখ-দুঃখ বিবর্জিত 'চতুর্থ ধ্যান' লাভ করেন।৫৬ এই অবস্থায় সুখদুঃখের অনুভূতি থাকে না, চিত্তের ক্রিয়াও বন্ধ হয়। অভিমানী ব্যক্তিগণ একে মোক্ষ ভেবে এতেই স্থিতি লাভ করেন।৫৭ এই ধ্যানের ফল, 'বৃহৎফল' দেবগণের ন্যায় সুদীর্ঘকাল স্থায়ী। বৃহৎফলের (অর্থাৎ ব্রহ্মজ্ঞানের) পরীক্ষকগণ এই কথাই বলেন।৫৮ এই সমাধি থেকে উঠে দেহধারীর দোষ দেখে প্রাজ্ঞ ব্যক্তি দেহের নিবৃত্তির জন্য জ্ঞানের আশ্রয় গ্রহণ করেন।৫৯ তারপর সেই ধ্যান ত্যাগ করে উচ্চতর ধ্যানের জন্য কৃতসংকল্প হয়ে সেই প্রাজ্ঞজন কামের মতো রূপ থেকেও বিরত হন।৬০ প্রথমে দেহের মধ্যে যে অবকাশ (ইন্দ্রিয়, ছিদ্র) রয়েছে তার ভাবনা (শূন্যভাবনা) করতে-করতে শেষে ঘনদ্রব্যের মধ্যেও তিনি অবকাশ (শূন্য) দর্শন করতে থাকেন।৬১ কিন্তু অন্য কোন বিজ্ঞজন আকাশ পরিব্যাপ্ত আত্মাকে সংকুচিত করে তাকে অনন্তরূপে দেখতে-দেখতে উচ্চতর অবস্থা লাভ করেন।৬২ অধ্যাত্মবিষয়ে নিপুণ অন্য কোন বিজ্ঞজন আত্মার দ্বারা আত্মাকে নিবর্তিত করে 'কিছুই নেই' (অকিঞ্চন) এই দৃষ্টি লাভ করেন। তিনি 'আকিঞ্চন্য' নামে অভিহিত হন।৬৩ তখন মুঞ্জতৃণ থেকে তার দণ্ড বা পিঞ্জর থেকে পাখি যেমন বেরিয়ে আসে তেমনি দেহ থেকে আত্মাও পৃথক হয়ে আসে। তখনই আত্মাকে মুক্ত বলা হয়।৬৪

এই সেই লিঙ্গরহিত, ধ্রুব, অক্ষর, পরম ব্রহ্ম। তত্ত্বজ্ঞ ব্যক্তিগণ একেই মোক্ষ বলেছেন।৬৫ এইভাবে আমি তোমাকে মোক্ষ এবং তা লাভ করবার উপায়ের কথা বললাম। যদি বুঝে থাক, যদি রুচি হয় তবে যথাযথভাবে গ্রহণ কর।৬৬ জৈগীষব্য, জনক, বৃদ্ধ পরাশর ও অন্যান্য মোক্ষকামিগণ এই পথ অনুসরণ করেই মুক্ত হয়েছেন।'৬৭

মুনির সেই বাক্যের অর্থ গ্রহণ করে এবং তা বিচার করে পূর্বজন্মের সাধনাবশত, শক্তিমান সেই রাজকুমার প্রত্যুত্তরে বললেন,৬৮ 'উত্তরোত্তর কল্যাণময় এই সূক্ষ্ম ধর্মের ব্যাখ্যা শুনলাম। কিন্তু এই ধর্মে আত্মাকে ত্যাগ না করায় আমি একে নিত্য বা চিরস্থায়ী মনে করি না।৬৯ বিকার ও প্রকৃতি থেকে মুক্ত হলেও আত্মা প্রসবধর্মী ও

বীজধর্মী থাকে, এই আমার ধারণা।৭০ বিশুদ্ধ আত্মা যদিও মুক্ত বলে কল্পিত হয় তবু সমবায়ী কারণ থাকার জন্য সে পুনরায় বন্ধ হবে।৭১ ঋতু, ভূমি ও জল না থাকলে বীজ অঙ্কুরিত হয় না। কিন্তু ঐসব সমবায়ী কারণ থাকলে অঙ্কুরিত হয়, আত্মার ব্যাপারও সেইরূপ, এই আমার মত।৭২ কর্ম, অজ্ঞান ও তৃষ্ণার ত্যাগ হলে মোক্ষ হবে এই কল্পনা করা হয়, কিন্তু আত্মা বর্তমান থাকলে তাদের সম্পূর্ণ ত্যাগ সম্ভব নয়।৭৩ এই তিনটিকে (কর্ম, অজ্ঞান, তৃষ্ণা) ক্রমাগত ত্যাগ করতে-করতে উচ্চতর অবস্থা লাভ হয় বটে, কিন্তু যেখানে বা যতক্ষণ আত্মার অস্তিত্ব থাকবে বা ততক্ষণ সূক্ষ্মভাবে এই তিনটিও থাকবে।৭৪ দোষগুলি সূক্ষ্ম হয়, চিত্তের ক্রিয়া বন্ধ হয় আয়ু দীর্ঘ হয়, এই অবস্থায় মোক্ষ হয়েছে বলে মনে করা হয়।৭৫ আর এই যে 'অহঙ্কার-ত্যাগে'র কথা বলা হয় তা কল্পনা মাত্র; আত্মা থাকতে অহঙ্কারের ত্যাগ হয় না।৭৬ সম্যক জ্ঞান প্রভৃতি থেকে মুক্ত না হওয়ায় আত্মা নির্গুণ হয় না, আর নির্গুণ ভাব না থাকায় 'এর মোক্ষ হয়েছে' এ-কথা বলা যাবে না।৭৭ গুণী ও গুণের ভেদ নেই। রূপ ও উষ্ণতা না থাকলে অগ্নির উপলব্ধি হয় না। ৭৮ দেহের অস্তিত্বের পূর্বে দেহী হয় না, গুণের অস্তিত্বের পূর্বে গুণী হয় না। যেহেতু আত্মা শরীরধর্মী তাই প্রথমে দেহ থেকে মুক্ত হলেও, পরে দেহের সঙ্গে বন্ধনযুক্ত হয়। ৭৯ এই ক্ষেত্রজ্ঞ (আত্মা) দেহহীন হলে হয় জ্ঞাতা কিংবা অজ্ঞ হবে। যদি জ্ঞাতা হয় তবে এর জ্ঞেয় আছে, জ্ঞেয় থাকলে মুক্তি হয় না।৮০ আবার যদি আত্মাকে অজ্ঞ বলেই স্বীকার করা হয় তবে এই কল্পিত আত্মার কি প্রয়োজন? কাঠ এবং দেওয়াল প্রভৃতির অজ্ঞান তো প্রসিদ্ধ।৮১ উত্তরোত্তর ত্যাগ যখন এই ধর্মে অধিকতর গুণবান বলা হচ্ছে তখন সব ত্যাগ থেকেই পূর্ণ কৃতার্থতা'।৮২

অরাড়ের এই ধর্ম জেনে তিনি সন্তুষ্ট হলেন না। ধর্ম অসম্পূর্ণ এই জেনে সেখান থেকে চলে গেলেন।৮৩ এরপর আরও উন্নততর কিছু শোনবার ইচ্ছায় তিনি উদ্রকের আশ্রমে গেলেন কিন্তু মুক্তিতে আত্মাকে স্বীকার করায় তাঁর দর্শনও গ্রহণ করলেন না।৮৪ মুনি উদ্রক সংজ্ঞা (চেতন) ও অসংজ্ঞাব (জড়) দোষ জেনে 'আকিঞ্চন্যে'রও ঊর্ধ্বে সংজ্ঞা ও অসংজ্ঞা-রহিত তত্ত্ব লাভ করেছিলেন।৮৫ যেহেতু সূক্ষ্ম সংজ্ঞা (চেতনা) এবং অসংজ্ঞা (জড়ত্ব) কর্মের আশ্রয় এবং পরেও জড় নয় বা চেতন নয় এমন অবস্থা আছে, সেই কারণেই উদ্রক মুনি সেই বিষয়েই অভিলাষী হয়েছিলেন।৮৬ এবং যেহেতু বুদ্ধি সূক্ষ্ম এবং নিষ্ক্রিয় হয়ে সেখানেই থাকে, অন্যত্র যায় না, সেই কারণেই ঐ অবস্থায় চেতনার অভাব নেই, চেতনাও নেই।৮৭ এবং যেহেতু সেই অবস্থাকেও লাভ করে মানুষ আবার সংসারে ফিরে আসে সেই কারণে বোধিসত্ত্ব পরম অবস্থা প্রাপ্তির ইচ্ছায় উদ্রককে ত্যাগ করলেন।৮৮ তারপর কল্যাণ-অভিলাষী দৃঢ় সঙ্কল্প রাজকুমার উদ্রকের আশ্রম ত্যাগ করে রাজর্ষি গয়ের 'নগরী' নামক আশ্রমে গেলেন।৮৯

তারপর একান্তে বিহারাভিলাষী পূতপরাক্রম সেই শাক্যমুনি পবিত্র নিরাঞ্জনা তীরে বাস করতে লাগলেন।৯০ সেখানে তিনি পাঁচজন ভিক্ষুকে দেখতে পেলেন, তাঁরা তাঁর আগেই এসেছিলেন। তাঁরা ব্রতধারী এবং তপস্যায় রত; পঞ্চ ইন্দ্রিয় বশ করেছিলেন বলে তাঁরা গৌরবান্বিত।৯১ যিনি পুণ্যের দ্বারা ধন ও আরোগ্য লাভ করেছেন সেই ঐশ্বর্যশালী ব্যক্তির নিকটে যেমন ইন্দ্রিয়গ্রাহ্য ভোগ্য বস্তুগুলি উপস্থিত হয় তেমনি

তাঁকে দেখে সেই মুক্তিকামী পঞ্চভিক্ষু কাছে এল ।৯২ চঞ্চল ইন্দ্রিয়গণের দ্বারা যেমন মন পূজিত হয় সেইরূপ বশবর্তী বিনয়ে অনুগামী শিষ্যগণের ন্যায় তাদের দ্বারা তিনি পূজিত হলেন ।৯৩ 'জন্ম-মৃত্যুর অবসানের এই হলো উপায়' এই মনে করে তিনি অনাহারে দুষ্কর তপস্যা আরম্ভ করলেন ।৯৪ শান্তিলাভের জন্য তিনি ছয় বৎসর ধরে মানুষের পক্ষে দুষ্কর নামা-প্রকার উপবাস বিধি পালন করে নিজের দেহকে শুষ্ক ও শীর্ণ করে তুললেন।৯৫ পারহীন সংসারের পারপ্রাপ্তির ইচ্ছায় তিনি আহারকালে মাত্র একটি বদরী, তিল ও তণ্ডুলকণা গ্রহণ করতে লাগলেন ।৯৬ তাঁর সেই তপস্যার জন্য দেহের যে-ক্ষয় হলো তাঁর দেহের তেজের দ্বারা তাই আবার পরিপুষ্ট হলো ।৯৭ শুক্লপক্ষের প্রথম চন্দ্র যেমন কুমুদকে আহ্লাদিত করে তিনিও তাঁর অ-কৃশ মহিমার সৌন্দর্যে অন্যের চক্ষুর আনন্দ বিধান করেছিলেন।৯৮ মেদ-মাংস-রক্ত বর্জিত অস্থিচর্মসার ক্ষীণ হয়েও তিনি অক্ষীণ গাম্ভীর্য সমুদ্রের মতো দীপ্তি পেতে লাগলেন ।৯৯ ক্লেশকর সেই তপস্যায় বৃথাই দেহ ক্লিষ্ট হচ্ছে, এই সত্য স্পষ্টভাবে বুঝতে পেরে সংসার-ভীরু সেই মুনি বুদ্ধত্ব লাভের আশায় এই বিচার করলেন ।১০০

'এই ধর্ম বৈরাগ্য দান করে না, জ্ঞানও নয়, মুক্তিও নয় । জম্বুবৃক্ষের মূলে আমি তখন যা লাভ করেছিলাম ত ই শাশ্বত বিধি ।১০১ কিন্তু দুর্বল ব্যক্তি তা লাভ করতে পারে না' এই ভেবে সাগ্রহে দেহের শক্তি বৃদ্ধির জন্য আবার এইভাবে চিন্তা করলেন । ১০২ ক্ষুধা, পিপাসা এবং শ্রান্তিতে ক্লিষ্ট, ক্লান্তিতে অসুস্থ চিত্ত অশান্ত মানুষ কেমন করে সেই ফল লাভ করবে যা চিত্তের দ্বারা লাভ করা যায় ?১০৩ সর্বদা ইন্দ্রিয়কে পরিতৃপ্ত করলে সম্যক শান্তি লাভ হয় । ইন্দ্রিয় সম্যকরূপে তৃপ্ত হওয়ায় মনের স্বাস্থ্যলাভ ঘটে ।১০৪ স্থির ও প্রসন্ন চিত্তের পক্ষে একাগ্রতা সম্ভব । যাঁহার চিত্ত একাগ্র তিনিই ধ্যানযোগ লাভ করে থাকেন ।১০৫ ধ্যান উৎপন্ন হলে সেই ধর্মগুলি আয়ত্ত হয় যার সাহায্যে দুর্লভ, শান্ত, জরাহীন, মৃত্যুহীন সেই পরমপদ লাভ করা যায় ।১০৬ 'সুতরাং এই উপায় আহারমূলক' এই স্থির করে সেই অমিতবুদ্ধি ধীর শাক্যপুত্র আহার সম্পর্কে মতি স্থির করলেন ।১০৭

স্নান শেষ করে শাক্যপুত্র ক্ষীণদেহে তীরবর্তী বৃক্ষের অবনত শাখার সাহায্যে ধীরে-ধীরে নিরঞ্জনা তীর থেকে উঠে এলেন । তীরবর্তী বৃক্ষগণ যেন তাঁর সাহায্যের জন্য ভক্তিতে তাঁদের শাখাহস্ত প্রসারিত করে দিয়েছিল ।১০৮ তারপর দেবতাদের দ্বারা প্রেরিত হয়ে গোপরাজকন্যা নন্দবলা আনন্দে উচ্ছ্বসিত হৃদয়ে সেখানে এলেন ।১০৯ শুভ্র শঙ্খে উজ্জ্বল তাঁর বাহু, পরিধানে নীল উত্তরীয় যেন নদীশ্রেষ্ঠা, ফেনরাজিমণ্ডিতা নীলসলিলা যমুনা ।১১০ শ্রদ্ধায় তাঁর প্রীতি বর্ধিত হয়েছিল, বিকশিত হয়েছিল তাঁর পদ্মের মতো লোচন । তিনি এঁকে নতশিরে প্রণাম করে পায়স খাওয়ালেন ।১১১ তিনি আহার করলেন, সেই গোপকন্যার জন্ম সার্থক হলো । ছয় ইন্দ্রিয় তৃপ্ত হবার পর তিনি বোধিলাভে সামর্থ্য লাভ করলেন ।১১২ কীর্তিসহ তাঁর দেহ পূর্ণভাবে পুষ্ট হলো ; শাক্যমুনি একাকীই শশাঙ্ক এবং সমুদ্রের কান্তি এবং ধৈর্য ধারণ করলেন ।১১৩ সেই পঞ্চভিক্ষু তাঁকে বিষয়ে পুনরাবৃত্ত মনে করে তাঁকে পরিত্যাগ করলেন যেমন মুক্ত মনীষীর আত্মাকে পঞ্চভূত ত্যাগ করে ।১১৪

তারপর জ্ঞানের জন্য কৃতসঙ্কল্প হয়ে তিনি সঙ্কল্পমাত্রকে সঙ্গী করে অশ্বত্থ-

বৃক্ষের মূলে সবুজ তৃণাচ্ছন্ন ভূমিতলে উপস্থিত হলেন।১১৫ তারপর ঐ সময়ে তাঁর অনুপম পদধ্বনিতে গজরাজের মতো বিক্রমশালী 'কাল' নামে নাগশ্রেষ্ঠ জাগরিত হলো; সে তাঁর বোধিলাভ নিকটবর্তী জেনে সেই মহামুনির স্তুতি করতে লাগলেন।১১৬ 'হে মুনি, আপনার চরণবিক্ষেপের দ্বারা যেভাবে পৃথিবী বারবার ধ্বনিত হচ্ছে, আপনার প্রভা যেভাবে সূর্যের ন্যায় প্রকাশিত হচ্ছে তাতে নিশ্চয় আপনি আজ অভীষ্ট ফল ভোগ করবেন।১১৭ হে কমলনয়ন, যেভাবে আকাশে বিচরণশীল চাতক পঙ্‌ক্তি আপনাকে প্রদক্ষিণ করছে, যেভাবে আকাশে শান্ত বায়ু প্রবাহিত হচ্ছে, তাতে নিশ্চয় আপনি আজ বুদ্ধ হবেন।'১১৮ নাগশ্রেষ্ঠ এইভাবে তাঁর স্তুতি করলেন; তারপর তিনি এক তৃণচ্ছেদকের কাছ থেকে পবিত্র তৃণ গ্রহণ করলেন। শেষে দৃঢ়সংকল্প হয়ে সেই পবিত্র মহাতরুর মূলে বোধির জন্য আসন গ্রহণ করলেন।১১৯ তারপর তিনি সুপ্ত সর্পের পিণ্ডিত ফণার মতো নিশ্চল ও উৎকৃষ্ট পর্যঙ্ক-আসন রচনা করলেন। বললেন, 'যতদিন কৃতার্থ না হই ততদিন আমি আমার এই আসন ত্যাগ করব না।'১২০ ভগবান্ এরূপ দৃঢ় সংকল্পের সঙ্গে আসন গ্রহণ করার পর দেবগণ অতুল আনন্দলাভ করলেন। পক্ষীগণ কূজন করল না, পশুগণ নীরব হলো। বায়ুতে আহত হয়েও বনের বৃক্ষরাজি মর্মরধ্বনি বন্ধ করল।১২১

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'অরাড়-দর্শন'-নামক দ্বাদশ সর্গ সমাপ্ত।

×××××××××××××× ত্রয়োদশ সর্গ ××××××××××××××

মার বিজয়

রাজর্ষি বংশোদ্ভূত সেই মহর্ষি মুক্তির জন্য প্রতিজ্ঞা করে আসনে উপবেশন করলেন. এতে জগৎ আনন্দিত হলো, কিন্তু সৎ ধর্মের শত্রু 'মার' সন্ত্রস্ত হয়ে উঠল।১ লোকে কামদেব, চিত্রায়ুধ, পুষ্পশর প্রভৃতি বলে সেই কামপ্রচারের অধিপতিকে মোক্ষরিপু মারও বলা হয়।২ তাঁর তিন পুত্র—বিভ্রম, হর্ষ এবং দর্প তিন কন্যা—রতি, প্রীতি ও তৃষা। তারা তাঁকে তাঁর মনের বিকারের কারণ জিজ্ঞাসা করল। তিনি তাদের এই কথা বললেন।৩ 'বর্ম পরিহিত ধনুর্ধর ঐ মুনি -র আকর্ষণ করে আমার রাজ্য জয়ে অভিলাষী হয়েছেন, সেই জন্যই আমর চিত্তের এই বিষাদ। সংকল্প ও'র বর্ম, সত্ত্বগুণ ও'র ধনু, বুদ্ধি ও'র শর, ঐ উনি উপবিষ্ট রয়েছেন।৪

যদি উনি আমাকে পরাস্ত করে যান এবং জগতে মুক্তির পথ প্রচার করেন তবে চরিত্র ভ্রষ্ট বিদেহরাজের মতোই আমার এই রাজ্য জনশূন্য হবে।৫ সুতরাং দিব্য দৃষ্টি লাভ করার আগে যতক্ষণ উনি আমার গণ্ডীর মধ্যে রয়েছেন সেই সময়ের মধ্যে সেতুভঙ্গ করবার জন্য অতি-বর্দ্ধিত নদী বেগের মতোই এর ব্রত ভঙ্গ কবতে যাব।'৬

তারপর পুষ্পময় ধনু ও বিশ্বজগতের মোহকর পঞ্চশর নিয়ে প্রাণীগণের মনোবিকারকারী মার পুত্রদের সঙ্গে অশ্বত্থ বৃক্ষের মূলে উপস্থিত হলেন।৭ তখন অস্ত্রের অগ্রভাগে বাম হাত রেখে, বাণ নিয়ে খেলা করতে করতে আসনস্থ ভাবসাগর উত্তরণকারী সেই প্রশান্ত মুনিকে বললেন।৮ 'হে মৃত্যুভীত ক্ষত্রিয়, ওঠ, আপন ধর্ম আচরণ কর। বাণের দ্বারা ইহলোক জয় করে যজ্ঞের দ্বারা পরলোকে ইন্দ্রত্ব লাভ কর।৯

পূর্ববর্তী নরপতিগণ যে-পথে গিয়েছেন এই হচ্ছে সেই পথ, এই পথে বিচরণ করাই প্রশংসনীয়। বিরাট রাজর্ষিবংশে জন্মগ্রহণ করে ভিক্ষাবৃত্তি গ্রহণ করা নিন্দনীয়।১০ হে দৃঢ়চিত্ত, আজ যদি না ওঠ তবে স্থির হও; প্রতিজ্ঞা ভঙ্গ কোরো না। যেই শর মীনশত্রু শূর্পকের প্রতি নিক্ষেপ করেছিলাম, সেই শর এই উদ্যত হলো।১১ এর অল্পমাত্র স্পর্শে চন্দ্রের পুত্র ঐড় সজ্ঞা হারিয়েছিলেন আর শান্তনু নিজের স্বাতন্ত্র্য হারিয়েছিলেন। এই ক্ষীণ যুগে দুর্বল অন্য পুরুষের আর কথা কি?১২ সুতরাং শীঘ্র ওঠ, চৈতন্য লাভ কর। এই শরটি লেলিহান হয়ে আছে। চক্রবাকের মতো প্রিয়ার অনুগত রতিপ্রিয় ব্যক্তিদের প্রতি এই বাণ আমি প্রয়োগ করি না।'১৩

এইভাবে বললেও যখন শাক্যমুনি উপেক্ষা করে আসন ত্যাগ করলেন না তখন কন্যা ও পুত্রদের সামনে রেখে মার এঁর প্রতি বাণ নিক্ষেপ করলেন।১৪ সেই বাণ নিক্ষিপ্ত হলেও তিনি গ্রাহ্য করলেন না এবং ধৈর্য থেকেও বিচলিত হলেন না। এঁকে এইভাবে দেখে মার বিষণ্ণ হলেন এবং দ্বিধাগ্রস্ত হয়ে ধীরে-ধীরে বললেন,১৫ 'যে-শরে বিদ্ধ হয়ে দেব শম্ভুও পর্বতরাজকন্যার প্রতি আসক্তিতে বিচলিত হয়েছিলেন সেই বাণকেও গ্রাহ্য করছে না। এই ব্যক্তি কি চিত্তহীন? না, এটি সেই বাণ নয়?১৬ সুতরাং এই ব্যক্তি পুষ্পশরের লক্ষ্য হতে পারে না। আনন্দদায়ক বস্তু বা রতিক্রিয়ায় যুক্ত হওয়ার যোগ্যও এ নয়। এই ব্যক্তি ভয়ঙ্কর ভূতগণের দ্বারা ভীতিপ্রদর্শন তর্জন ও প্রহারেরই উপযুক্ত।১৭ তারপর মার শাক্যমুনির শান্তিতে বাধা সৃষ্টি করবার ইচ্ছায় নিজের সৈন্যগণকে স্মরণ করলেন। তখন পাহাড়, বৃক্ষ, বর্শা, গদা ও তরবারি হাতে নিয়ে নানা আকারের অনুচরদল তার চারদিকে এসে দাঁড়াল।১৮

শূকর, মৎস্য, অশ্ব, গর্দভ আর উটের মতো তাদের মুখ; কারও মুখ বাঘ, ভালুক, সিংহ বা হাতির মতো। কারও একটি চোখ, কারও অনেক মুখ, কারও তিনটে মাথা, কারও উদর লম্বা, আবার উদরে গোলাকার চিহ্ন।১৯ তাদের কারও বা জানু নেই, কারও বা উরু নেই আবার কারও জানু ঘটের মতো; কারও অস্ত্র দাঁত, কারও বা নখ। কারও কঙ্কালের মতো মুখ, কারও অনেক দেহ, কারও মুখের অর্ধেক ভাঙ্গা, আবার কারও মুখ বিরাট।২০ কারও দেহ ভস্মের মতো কালো-লালে মেশা, কারও দেহ লাল-লাল বিন্দুতে চিত্রিত, কারও হাতে মুদ্গর, কারও বানরের মতো ধোঁয়াটে কেশ, কারও মালা ঝুলছে, কারও হাতির মতো লম্বা কান, চামড়ার বস্ত্র, কেউ আবার নগ্ন।২১ কারও মুখের অর্ধেক সাদা, দেহের অর্ধেক সবুজ, তামাটে, ধোঁয়াটে, নীল-হলুদে মেশান বা কালো। কারও বা সাপের উত্তরীয়, কোমরে শব্দময় বহু ঘণ্টা বাঁধা।২২ কেউ তালগাছের মতো লম্বা, হাতে শূল কারও শিশুর মতো আকার, উঁচু দাঁত, ভেড়ার মুখ, পাখির মতো চোখ, বিড়ালের মতো মুখ, মানুষের মতো দেহ।২৩ কারও ছড়ান কেশ, কারও বা চূড়া বাঁধা, কেহ বা অর্ধমুণ্ডিত, কারও এলোমেলো পাগড়ি, কারও মুখ প্রফুল্ল, কারও বা ভ্রূকুটিভরা, কেউ শক্তি হরণ করে নেয় অথচ মনোহর।২৪

কেউ চলতে-চলতে বিরাট লাফ দিচ্ছিল, আবার কেউ অন্যের উপর ঝাঁপ দিয়ে পড়তে লাগল, কেউ শূন্যে উঠে গিয়ে খেলছিল, আবার কেউ গাছের মাথায় উঠে ঘুরে বেড়াতে লাগল।২৫ কেউ ত্রিশূল ঘুরিয়ে নাচল, কেউ গদা ঘুরিয়ে আস্ফালন করল, কেউ আনন্দে ষাঁড়ের মতো গর্জন শুরু করল, কার বা কেশ থেকে আগুন ঝলকাতে

লাগল ।২৬ এই জাতীয় ভূতেরা শাক্যমুনিকে ধরবার এবং বধ করবার আগ্রহে সেই বোধিবৃক্ষকে ঘিরে দাঁড়াল প্রভুর আদেশের অপেক্ষায় ।২৭ রাত্রির গোড়ার দিকে মার ও শাক্যশ্রেষ্ঠের মধ্যে যুদ্ধের সময় উপস্থিত দেখে আকাশ মলিন হয়ে গেল, পৃথিবী কাঁপতে লাগল, সমস্ত দিক সশব্দে জ্বলে উঠল ।২৮ সমস্ত দিকে বায়ু তীব্র বেগে প্রবাহিত হলো, নক্ষত্র দীপ্তিহীন হলো, জ্যোতি হারাল চন্দ্র। রাত্রি আরও গভীর অন্ধকার বিস্তার করল আর সমস্ত দিক সশব্দে জ্বলে উঠল ।২৯ যে-ধর্মপরায়ণ সর্পগণ পৃথিবী ধারণ করে আছে তাঁরা মহামুনির তপস্যার বিঘ্ন সইতে না পেরে ক্রোধে চক্ষু ঘুরিয়ে নিঃশ্বাস ফেলতে লাগল আর হাই তুলতে লাগল ।৩০

সৎ ধর্মের সিদ্ধির জন্য প্রবৃত্ত শুদ্ধাধিবাস দেবর্ষিগণ কিন্তু মারের প্রতি হৃদয়ে দয়া অনুভব করলেন, তাঁরা উদাসীন বলেই ক্রুদ্ধ হলেন না ।৩১ হিংস্র সেই মারসৈন্য বোধিবৃক্ষের মূল ঘিরে রেখেছে দেখে জগতের মুক্তিকামী ধর্মাত্মাগণ অন্তরীক্ষে হাহাকার করে উঠলেন ।৩২ কিন্তু ধর্মবিধির বিঘ্নস্বরূপ সেই মারসৈন্যকে অবস্থিত দেখে মহর্ষি ক্ষুব্ধ হলেন না, তাঁর মনেও কোন বিকার হলো না। তিনি গো-গণের মধ্যে সিংহের মতো বসে রইলেন ।৩৩

মার তখন উত্তেজিত ভূতসেনাকে তাঁর ভয় উৎপাদনের আদেশ দিলেন। তখন সেই সেনা নিজের-নিজের প্রভাবে তাঁর ধৈর্যভঙ্গ করার সংকল্প করল ।৩৪ কোন কোন ভূত ভয় দেখাতে-দেখাতে দাঁড়িয়ে রইল, তাদের জিহ্বা দীর্ঘ ও চঞ্চল, দন্তের অগ্রভাগ তীক্ষ্ণ, চক্ষু সূর্যমণ্ডলের মতো (বড় আর গোল), বিদারিত মুখ আর কীলকের মতো কান ।৩৫ রূপে ও ভঙ্গীতে ভয়ংকর সেই ভূতগুলিকে ঐভাবে থাকতে দেখে মহামুনি ব্যথিত বা উদ্বিগ্ন হলেন না, যেমন খেলায় মত্ত উদ্ধত শিশুদের দেখে লোকে ব্যথিত বা উদ্বিগ্ন হয় না ।৩৬

তারপর একজন ক্রোধে চোখ ঘুরিয়ে গদা নিয়ে এগিয়ে এল তাঁর দিকে, তখন তার গদাশুদ্ধ হাত অতীতে ইন্দ্রের বজ্রধারী হাতের মতোই নিশ্চল হয়ে রইল ।৩৭ কেউ কেউ বহু প্রস্তর ও বৃক্ষ তুলেও মুনির প্রতি নিক্ষেপ করতে পারল না, বজ্রভগ্ন বিন্ধ্যাচলের মতোই তারা বৃক্ষ ও প্রস্তর নিয়ে মাটিতে পড়ে গেল ।৩৮ কেউ-কেউ আকাশে উঠে প্রস্তর, বৃক্ষ আর কুঠার নিক্ষেপ করল, কিন্তু সেইগুলো নিচে পড়ল না, সন্ধ্যার নানা রং-এর মেঘখণ্ডের মতো আকাশেই রয়ে গেল ।৩৯ আর একজন তাঁর উপর পর্বতশৃঙ্গের সমান জ্বলন্ত কাষ্ঠখণ্ড নিক্ষেপ করল। কিন্তু নিক্ষিপ্ত হওয়া মাত্র আকাশেই তা শতখণ্ডে বিদীর্ণ হয়ে গেল ।৪০ কেউ বা জ্বলন্ত সূর্যের মতো উদিত হয়ে কল্পান্তে মেরুপর্বত যেমন তার স্বর্ণ গহ্বরের চূর্ণ বর্ষণ করে তেমনি আকাশ থেকে বিপুল জ্বলন্ত কয়লা বর্ষণ করল ।৪১ কিন্তু মুনিশ্রেষ্ঠের মৈত্রীর প্রভাবে সেই বোধিবৃক্ষের মূলে ছড়িয়ে-পড়া অঙ্গার বর্ষণ হয়ে উঠল রক্তপদ্মের পাপড়ি বর্ষণ ।৪২ দেহ ও মনের দুঃখ ও সন্তাপজনক এই জাতীয় সেই বস্তুগুলি নিক্ষিপ্ত হলেও নিজের সঙ্কল্পকে বন্ধুর মতো আলিঙ্গন করে শাক্যমুনি তাঁর আসন থেকে বিচলিত হলেন না ।৪৩

অন্য ভূতেরা জীর্ণ বৃক্ষরাজির মতো মুখ থেকে সর্প উদ্গীরণ করল। সেই সর্প মন্ত্রমুগ্ধের মতো তাঁর কাছে এল, তারা নিশ্বাস নিল না, মাথা তুলল না, নড়লও না ।৪৪ অন্য ভূতেরা বিদ্যুৎ ও বজ্রের প্রচণ্ড গর্জনযুক্ত বিশাল মেঘ হয়ে সে-বৃক্ষে শিলাবৃষ্টি

করল, সেই শিলাবর্ষণ মনোরম কুসুম বর্ষণে পরিণত হলো।৪৫ আর একজন ভূত তার ধনুকে বাণ রাখল কিন্তু ক্রুদ্ধ দরিদ্র ব্যক্তির ক্রোধ যেমন নিজের মধ্যেই জ্বলতে থাকে সেই বাণও ধনুকেই জ্বলে উঠল। ৪৬ আর এক ভূত পঞ্চবাণ নিক্ষেপ করল। সংসারভীরু জ্ঞানী ব্যক্তির পঞ্চ-ইন্দ্রিয় যেমন বিষয়ের দিকে যায় না তেমনি সেই পঞ্চবাণও আকাশেই রইল, তাঁর দিকে এল না।৪৭ আর এক ভূত বধের আকাঙ্ক্ষায় গদা নিয়ে মহর্ষির দিকে এগিয়ে গেল কিন্তু দুর্বল যেমন পাপে পতিত হয় তেমনি বিবশ হয়ে পড়ে গেল।৪৮ মেঘের মতো কৃষ্ণবর্ণা এক রমণী মহর্ষির চিত্তে মোহ সৃষ্টি করবার জন্য নর-কঙ্কাল হাতে নিয়ে অবিশ্রাম ঘুরতে লাগল। চঞ্চল স্বভাব পুরুষের বুদ্ধি যেমন শাস্ত্রে স্থির হয় না তেমনি সে-ও স্থির হলো না।৪৯ একজন বিষাক্ত সর্পের মতো তাঁকে দগ্ধ করতে ইচ্ছুক হয়ে তাঁর দিকে জ্বলন্ত দৃষ্টি নিবদ্ধ করল। কিন্তু কামী ব্যক্তি যেমন উপবিষ্ট কল্যাণের পথ দেখতে পায় না সে-ও সেখানে উপবিষ্ট ঋষিকে দেখতে পেল না।৫০

কেউ বা বিরাট এক শিলাখণ্ড তাঁর দিকে উদ্যত করল। কিন্তু জ্ঞানের দ্বারা লভ্য মুক্তি-ধর্মকে দেহক্লেশের দ্বারা লাভ করতে গেলে মানুষ যেমন ব্যর্থ হয় তেমনি তার চেষ্টাও ব্যর্থ হলো।৫১ নেকড়ে বাঘ ও সিংহের আকৃতি বিশিষ্ট অন্য ভূতেরা উচ্চকণ্ঠে বিপুল গর্জন করতে শুরু করল, চারদিকে প্রাণীরা তাতে বজ্রাঘাতে আকাশ বিদীর্ণ হচ্ছে মনে করে সন্ত্রস্ত হয়ে উঠল।৫২ হরিণ আর হস্তীরা আর্তনাদ করতে-করতে ছুটে গেল এবং আত্মগোপন করল। সেই রাত্রিতে দিনের মতোই আর্ত বিহঙ্গেরা চারদিক থেকে কোলাহল করতে-করতে উড়তে লাগল।৫৩ তাদের সেই শব্দে সমস্ত প্রাণী কম্পিত হলেও মুনি কিন্তু ভীত হলেন না, কাকের শব্দে গরুড় যেমন ভীত হয় না, তেমনি।৫৪ এই ভয়াবহ দলগুলি থেকে মুনি যতই ভীত হলেন না, ধার্মিকগণের শত্রু মার শোকে ও ক্রোধে ততই অবসন্ন হয়ে পড়লেন।৫৫

তখন অদৃশ্যমূর্তি কোন বিশিষ্ট প্রাণী ঋষির প্রতি মারের অনিষ্ট আচরণ এবং বিনা শত্রুতায় ক্রোধ দেখে আকাশে থেকেই গম্ভীর স্বরে বললেন, ৫৬ 'হে মার, বৃথা শ্রম করো না, হিংস্রভাব ত্যাগ কর, শান্ত হও। বায়ু যেমন মহাগিরি মেরুকে কম্পিত করতে পারে না তেমনি তুমিও একে কম্পিত করতে পারবে না।৫৭

অগ্নি তার উষ্ণতা ত্যাগ করতে পারে, জল তার তরলতা ত্যাগ করতে পারে, আর পৃথিবীও তার স্থিরতা ত্যাগ করতে পারে কিন্তু বহুকল্পসঞ্চিত পুণ্যের অধিকারী এই মুনি তাঁর সঙ্কল্প ত্যাগ করবেন না।৫৮ কারণ, এঁর যে-সঙ্কল্প, যে-পরাক্রম, যে তেজ, প্রাণীদের প্রতি যে-দয়া, তাতে সত্যলাভ না করে ইনি উঠবেন না, যেমন অন্ধকার নাশ না করে সূর্য ওঠেন না।৫৯ কাষ্ঠ ঘর্ষণ করতে-করতে মানুষ অগ্নিলাভ করে, মাটি খুঁড়তে-খুঁড়তে জলও পায়। তীব্র আগ্রহশীল ব্যক্তির অসাধ্য কিছুই নেই। ন্যায়ের সঙ্গে যা যুক্ত ত, সবই সিদ্ধ হয়। ৬০

রোগ ও আসক্তি প্রভৃতিতে এই জগৎ আর্ত, এতে করুণাসিক্ত হয়ে যে মহাচিকিৎসক জ্ঞানরূপ ঔষধের জন্য পরিশ্রম করছেন তার বাধা সৃষ্টি করা উচিত নয়।৬১ জনগণ বিভিন্ন কুপথে ভ্রষ্ট। পরিশ্রম করে সৎপথের সন্ধান করছেন। সেই গুরুকে ক্ষুব্ধ করা সঙ্গত নয়। ইনি যেন পথভ্রষ্ট বণিকদলকে সৎপথে চালনা করবেন।৬২ মানুষ গভীর অন্ধকারে পথ হারিয়েছে। ইনি এসেছেন জ্ঞানের প্রদীপ রূপে, অন্ধকারে

জ্বলছে এই প্রদীপ। এঁকে নিভিয়ে দেওয়া আর্যজনের পক্ষে সঙ্গত নয়।৬৩ জন্ম মৃত্যুপূর্ণ মহাপ্রবাহে মগ্ন জগতের পরপারে যেতে সক্ষম জনগণকে যিনি পার করতে উদ্যোগী হয়েছেন কোন্ আর্যগণ তাঁর অনিষ্ট চিন্তা করবেন?৬৪ ক্ষমা যার শিকড়, ধৈর্য যার দৃঢ় মূল, চরিত্রই যার ফুল, ধ্যান ও বুদ্ধি যার শাখা ধর্মরূপ ফলদাতা সেই জ্ঞানবৃক্ষ বেড়ে উঠছে, এই বৃক্ষ উৎপাটনের যোগ্য হতে পারে না।৬৫ দৃঢ় মোহজালে বন্ধ জীবগণকে মুক্ত করবার জন্য যাঁর প্রজ্ঞা, জগতের বন্ধন মুক্তির জন্য উদ্যোগী সেই ব্যক্তিকে তোমার বধ করার আগ্রহ সঙ্গত নয়।৬৬ জ্ঞানলাভের জন্য ইনি অতীত জীবনে যে-সমস্ত কর্ম করেছেন আজ তার ফললাভের নির্দিষ্ট দিন। অতীত যুগের মুনি-গণের মতো ইনিও এখানে সাধনার আসনে উপবেশন করেছেন।৬৭ এই স্থানই ধরাতলের নাভি, শ্রেষ্ঠ শক্তির সঙ্গে সমগ্রভাবে যুক্ত। এটি ছাড়া পৃথিবীর অন্য কোন স্থান নেই যা এঁর সমাধির বেগ সহ্য করবে।৬৮

সুতরাং হে মার, শোক কোরো না, শান্ত হও, আপন শক্তির অভিমান ত্যাগ কর। চঞ্চলা লক্ষ্মীকে বিশ্বাস করতে নেই, তোমার মর্যাদাই যখন কম্পমান তখন কেন দম্ভ করছ?'৬৯ তখন তাঁর সেই কথা শুনে আর মহামুনির অচঞ্চল ভাব দেখে ব্যর্থ মার চলে গেল। সঙ্গে নিয়ে গেল সেই সমস্ত শর যার দ্বারা জগৎ আহত হয়।৭০

তখন এর সেই বাহিনী সবদিকে পালিয়ে গেল, তার আনন্দ গেল, পরিশ্রম ব্যর্থ প্রতিপন্ন হলো, তার প্রস্তর, কাষ্ঠখণ্ড, বৃক্ষ প্রভৃতি সব ছড়িয়ে রইল। শত্রু নায়ককে নিহত করলে বিপক্ষের সেনা যেমন পালিয়ে যায় তেমনি করেই তারা ছুটে পালাল।৭১ কামদেব পরাস্ত হয়ে সপরিবারে পলায়ন করলেন। যখন মহর্ষি রজ ও তমোগুণ ত্যাগ করে জয়লাভ করলেন তখন চন্দ্রশোভিত আকাশ হাস্যময়ী যুবতীর মতো শোভিত হলো, আর সেখান থেকে সুগন্ধি ও সজল পুষ্পবৃষ্টি হতে লাগল।৭২

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'মারবিজয়' নামক ত্রয়োদশ সর্গ সমাপ্ত।

×××××××××××××× চতুর্দশ সর্গ ××××××××××××××

বুদ্ধত্ব প্রাপ্তি

তারপর ধৈর্য ও শমগুণে মারের বাহিনী জয় করে সেই ধ্যানপণ্ডিত পরমতত্ত্ব জানবার জন্য ধ্যান করতে লাগলেন।১ সমস্ত ধ্যানবিধিতে সম্পূর্ণ আধিপত্য লাভ করে রাত্রির প্রথম যামে তিনি পূর্ব-পূর্ব জন্মের ধারা স্মরণ করলেন।২ 'অমুক স্থানে আমি এই ছিলাম, সেখান থেকে চ্যুত হয়ে এখানে এসেছি' এইভাবে অনুভব করতে-করতে যেন সহস্র জন্ম স্মরণ করলেন। সেই-সেই আবির্ভাবে জন্ম ও মৃত্যুর কথা স্মরণ করে সেই সদয় পুরুষ প্রাণীদের প্রতি দয়া অনুভব করলেন।৪ এখানে স্বজন ত্যাগ করে আবার অন্যত্র (অর্থাৎ অন্য জন্ম গ্রহণ করে) কাজকর্ম করছে। এ-জগতে রক্ষার ব্যবস্থা নেই। চাকার মতো ঘুরছে।৫ এইভাবে চিন্তা করতে-করতে সেই জিতেন্দ্রিয় পুরুষের এই স্থির বিশ্বাস হলো যে সংসার কদলীবৃক্ষের গর্ভের

মতো সারহীন।৬ দ্বিতীয় প্রহর আগত হলে অদ্বিতীয় শক্তিমান সমস্ত চক্ষুষ্মানদের শ্রেষ্ঠ পরম দিব্য চক্ষু লাভ করলেন।৭

তখন সেই দিব্য বিশুদ্ধ নয়ন দিয়ে তিনি যেন নির্মল দর্পণে সারা বিশ্ব দর্শন করলেন।৮ উৎকৃষ্ট এবং নিকৃষ্ট কর্মের প্রাণীদের কর্ম অনুসারে বিনাশ ও জন্ম দেখে তার কারুণ্য বৃদ্ধি পেল।৯ এই দুষ্কর্মকারীরা স্বর্গে প্রতিষ্ঠা লাভ করছেন।১০ হায়, পূর্বোক্ত ঐ প্রাণীরা অতি ঘোর ভয়ংকর নরকে উৎপন্ন হয়ে নানাপ্রকার দুঃখে করুণভাবে পীড়িত হচ্ছে।১১ কাউকে আগুন রঙের গলিত লোহার রস পান করান হচ্ছে, অন্যদের অতি তপ্ত লোহার স্তম্ভে বসিয়ে দিচ্ছে, তারা আর্তনাদ করছে।১২ লোহার কলসীতে নিচের দিকে মুখ করিয়ে রেখে কাউকে খাদ্যদ্রব্যের মতো পাক করছে; কাউকে জ্বলন্ত অঙ্গার রাশির মধ্যে করুণভাবে দগ্ধ করছে।১৩ কাউকে তীক্ষ্ণ লোহার দাঁত দিয়ে ভয়ঙ্কর কুকুরেরা, আবার কাউকে যেন লোহার তৈরি ধৃষ্ট কাকেরা লোহার তৈরি মুখ দিয়ে ভোজন করছে।১৪ দাহে অবসন্ন কেউ-কেউ শীতল ছায়ায় অভিলাষী হয়ে ঐ যে বন্দীর মতো অন্ধকার 'অসিপত্রে'র বনে গমন করছে।১৫ হাত-বাঁধা কাউকে কুঠার দিয়ে কাঠের মতো বিদীর্ণ করছে, দুঃখেও তারা মরছে না, কর্ম তাদের প্রাণ ধারণ করে আছে।১৬ সুখ হবে মনে করে দুঃখ নিবৃত্তির জন্য যে-সকল কর্ম এরা করেছিল তার ফল হিসাবে দুঃখই তারা ভোগ করছে নিজের ইচ্ছার বিরুদ্ধে।১৭ এই যারা সুখের জন্য অশুভ কর্ম করে অশেষ দুঃখভোগ করছে সেই সুখের আস্বাদ কি এদের অণুমাত্র সুখ দান করছে?১৮ পাপী প্রাণীরা হাসতে-হাসতে যে-পাপ করেছে পরিণাম কালে কাঁদতে-কাঁদতে এই ফলভোগ করছে।১৯ যদি পাপীরা কর্মের এমন ফল দেখতে পেত তবে যেন মর্মস্থলে আহত হয়ে উষ্ণরক্ত বমন করত।২০ অবশ্য এই হতভাগ্যের চিত্তের চাঞ্চল্য হেতু বিভিন্ন কর্ম করেছে, তার ফলে পশুপক্ষীরূপে জন্ম গ্রহণ করেছে।২১ সেই অবস্থায় তারা মাংস, চর্ম, কেশ বা দন্তের জন্য কিংবা শত্রুতা বা অহংকার বশত বন্ধুজনের সম্মুখেই নিহত হচ্ছে।২২ যারা গরু ও ঘোড়ায় পরিণত হয়েছে তারা ক্ষুধা তৃষ্ণা ও শ্রমে পীড়িত হয়ে অসমর্থ হলেও কশার আঘাত ক্ষতদেহে বহন করতে বাধ্য হচ্ছে।২৩ বলিষ্ঠ হস্তীতে পরিণত হয়েও অঙ্কুশের আঘাতে তাদের মস্তক ক্লিষ্ট; দুর্বলেরা পায়ের গোড়ালি দিয়ে তাদের আঘাত করছে।২৪ সেই অবস্থায় অন্য অনেক দুঃখ থাকলেও বিশেষ দুঃখ হচ্ছে পরস্পর বিরোধ এবং পরাধীনতা।২৫ কারণ পরস্পরকে ধরে আকাশচারীরা আকাশচারীদের, জলচরেরা জলচরদের এবং স্থলবাসীরা স্থলবাসীদের পীড়ন করছে।২৬ ঈর্ষায় এই প্রাণীদের চিত্ত আক্রান্ত; এরা আলোকহীন পিতৃলোকে জন্ম নিয়ে দীন কর্মফল ভোগ করছে।২৭ এই দুঃখভাগীরা সূচীছিদ্রের মতো মুখ আর পর্বতের ন্যায় উদর লাভ করে ক্ষুধা ও তৃষ্ণাজনিত দুঃখে পীড়িত হচ্ছে।২৮ এদের আশা নেই, নিজের কর্মফলে জীবিত আছে; জীবিত থেকে ওরা ইতস্তত ছড়ান অপবিত্র বস্তুও খেতে পায় না।২৯ ঈর্ষার ফল এইরকম। জীব যদি তা জানত, তবে সে সর্বপ্রকারে শিবির মতো দেহের অঙ্গগুলিও দান করত।৩০ এই অন্য আর একদল নরকতুল্য 'গর্ভ' নামক অপবিত্র হ্রদে মানুষদের মধ্যে জন্মগ্রহণ করে দুঃখভোগ করছে।৩১

'বুদ্ধচরিত' মহাকাব্যে 'বুদ্ধত্ব প্রাপ্তি' নামক চতুর্দশ সর্গ সমাপ্ত

সংস্কৃত ভাষায় রচিত মূলে বুদ্ধচরিতের চতুর্দশ সর্গের একত্রিশ শ্লোক পর্যন্ত পাওয়া যায়। অতঃপর এই সর্গের আকস্মিক বিরতির অতৃপ্ততা নিবারণের জন্য 'বুদ্ধচরিতে'র তিব্বতী অনুবাদকে ভিত্তি করে সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো।

রাত্রির তৃতীয় যামে তিনি জগতের স্বরূপ সম্বন্ধে ধ্যান করলেন। তিনি বুঝলেন, জন্ম হলেই জরা এবং মৃত্যু অভিভূত করে। জন্মের কারণ হলো কর্ম। কোন সৃষ্টিকর্তা বা প্রকৃতি, কিংবা আত্মা অথবা অভাব থেকে জীব উৎপন্ন হয় না। কর্ম উৎপন্ন হয় বিভিন্ন উপাদান (গ্রহণ, আদান) থেকে। উপাদান হলো নানা নিয়ম, আচার ইত্যাদি। এইসব উপাদানের কারণ হলো তৃষ্ণা। তৃষ্ণার উৎস বেদনা (অনুভব)। বেদনার কারণ ইন্দ্রিয়, বিষয় এবং মনের সংযোগ। এই সংযোগের নাম 'স্পর্শ'। স্পর্শের কারণ ইন্দ্রিয়। অন্ধের চক্ষুরূপ ইন্দ্রিয় নেই, অতএব বিষয় দর্শন করে না বলে বিষয়ের সঙ্গে মনের স্পর্শ বা সংযোগ হয় না। নাম এবং রূপই ইন্দ্রিয়ের কারণ। নাম এবং রূপের কারণ হলো বিজ্ঞান (Consciousness)। বিজ্ঞান থেকে নাম এবং রূপ উৎপন্ন; আবার নাম এবং রূপই হলো সেই আধার যাতে বিজ্ঞান আশ্রিত থাকে। জলে নৌকা মানুষকে বহন করে আবার স্থলে মানুষ নৌকাকে বয়ে নিয়ে যায়। তাই বিজ্ঞান এবং নাম-রূপ একটি আর একটির কারণ। এইভাবে স্পর্শ থেকে অনুভব, অনুভব থেকে তৃষ্ণা, তৃষ্ণা থেকে উপাদান এবং উপাদান থেকে সত্তা বা অস্তিত্ব, অস্তিত্ব থেকে জন্ম এবং জন্ম থেকে জরা ও মৃত্যু উৎপন্ন হয়। অতএব তিনি সিদ্ধান্ত করলেন জন্মের বিনাশ হলে জরা এবং মৃত্যুর বিনাশ হবে। সত্তার বিনাশে জন্মের অবসান ঘটবে এবং উপাদানের যদি নিরোধ ঘটে তবে সত্তাও নিরুদ্ধ হবে। উপাদানের অবসানের জন্য তৃষ্ণা দূর করতে হবে। বেদনা বা অনুভবের ধ্বংস হলে তৃষ্ণাও বিলুপ্ত হবে। স্পর্শ বা সংযোগের বিনাশ ঘটলে বেদনার অস্তিত্ব থাকবে না। দুটি ইন্দ্রিয় যদি না থাকে তবে স্পর্শ বা সংযোগও ঘটবে না। নাম এবং রূপ যদি নিরুদ্ধ হয় তবে ইন্দ্রিয় দুটিও বিনষ্ট হবে। বিজ্ঞানের নিরোধে নাম এবং রূপও নিরুদ্ধ হবে এবং সংস্কার (পূর্বজন্মের অর্জিত কর্ম) যদি নিরুদ্ধ হয় তবে বিজ্ঞানেরও সমাপ্তি ঘটবে। কিন্তু বিজ্ঞান নিরুদ্ধ হবে কেমন করে? মহর্ষি বুঝলেন অবিদ্যা, (অজ্ঞান) নাশ হলেই সমস্ত সংস্কার ধ্বংস হবে। নরশ্রেষ্ঠ বিশ্বের বাহিরে বা অন্তরে কোথাও আত্মা দেখলেন না। যা জানবার তা জেনে তিনি বুদ্ধ হয়ে জগতের সম্মুখে দণ্ডায়মান হলেন। রাত্রির চতুর্থ প্রহরে বিশ্বচরাচর যখন শান্ত তখন ঋষি সর্বজ্ঞতা লাভ করলেন।

সাতদিন নিষ্পলক নেত্রে তিনি বসে রইলেন। তারপর বিশ্বের মুক্তির জন্য উত্থান করলেন। অরাড় (দ্বাদশ সর্গ) এবং উদ্রককে (দ্বাদশ সর্গ) তিনি তাঁর ধর্মগ্রহণের উপযোগী মনে করলেন কিন্তু তাঁরা স্বর্গে গমন করলেন দেখে পঞ্চ ভিক্ষুর (দ্বাদশ সর্গ) কথা স্মরণ করলেন।

অতঃপর লোকের অজ্ঞান অন্ধকার নাশ করবার জন্য উদীয়মান সূর্যের মতো বুদ্ধদেব পবিত্র বারাণসী নগরীতে গমন করলেন।

প্রসঙ্গ কথা

××××××××××××× **প্রথম সর্গ** ×××××××××××××

১. শাক্য : কপিলাবস্তুতে ক্ষত্রিয় রাজবংশের নাম।
ইক্ষ্বাকুবংশ : বৈবস্বত মনুর পুত্র ইক্ষ্বাকু তাঁর বংশ। শুদ্ধোদন এই বংশে জন্মগ্রহণ করেছিলেন।

৬. দোহদ : গর্ভিণীর আগ্রহ, চলতি ভাষায় 'সাধ' বলা হয়।

৯. পুষ্য : অশ্বিনী, ভরণী প্রভৃতি ২৭টি নক্ষত্রের একটি। 'পুষ্যা'ও বলা হয়।

১০. উর্ব : একজন বিখ্যাত মুনি। জননীর উরু ভেদ করে ইনি জন্মগ্রহণ করেন।
পৃথু : বেণ রাজার পুত্র। পিতার দক্ষিণ হস্ত থেকে ইনি জন্মেছিলেন।
মান্ধাতা : সূর্যবংশের প্রসিদ্ধ রাজা। এখানে ইনি মস্তক থেকে জাত বলে কথিত হয়েছেন কিন্তু অন্যত্র পিতা রাজা যুবনাশ্বের বাম পার্শ্বদেশ থেকে জাত বলে খ্যাত।
কক্ষীবান্ : দীর্ঘতমা মুনির পুত্র ঋকবেদের কয়েক সূক্তের ঋষি। 'অভিধান-চিন্তামণি'র রচয়িতা হেমচন্দ্রের মতে এঁর অপর নাম স্ফোটায়ন।

১৪. সপ্তর্ষি নক্ষত্র : কথিত আছে যে মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু এবং বশিষ্ঠ, এই সাতজন ঋষি নক্ষত্র হয়ে আকাশে বিরাজ করছেন। এঁদেরই সপ্তর্ষি নক্ষত্র বলা হয়।

১৯. অতীত বুদ্ধদের : গৌতমবুদ্ধের পূর্বে বৌদ্ধ সম্প্রদায়ের মতে আরও চব্বিশ জন বুদ্ধ জন্মগ্রহণ করেন। কারও-কারও মতে তাঁর পূর্বে ছয়জন প্রধান বৌদ্ধ আবির্ভূত হন।

২০. তথাগত : গৌতম বুদ্ধের এক নাম। তথা (সেই প্রকারে) গত। যে পথে মুনি ঋষিগণ গিয়াছেন সেই পথে গত।
শুদ্ধাধিবাস দেবগণ : এক শ্রেণীর দেবতা।

২১. পর্বতরাজে নিবদ্ধ পৃথিবী : পর্বতরাজ এখানে পুরাণে বর্ণিত সুমেরু পর্বত। পুরাণের মতে পৃথিবী তার উপরে এঁটে বসান রয়েছে।

৪১. ভৃগু : প্রসিদ্ধ মুনি, ব্রহ্মার মানসপুত্র। ভৃগুবংশের আদি পুরুষ। ইনি ধনুর্বিদ্যার প্রবর্তন করেন।
অঙ্গিরা : প্রখ্যাত ঋষি, সপ্তর্ষিদের অন্যতম। ইনিও ব্রহ্মার মানসপুত্র এবং বংশের প্রবর্তক। বৃহস্পতি এবং উতথ্য এঁর দুই পুত্র ইনি অঙ্গিরস্ সংহিতার রচয়িতা।
শুক্র এবং বৃহস্পতি : এঁরা দুজন রাজনীতি শাস্ত্রের আদি কর্তা, যথাক্রমে 'শুক্রনীতি' এবং 'বার্হস্পত্য' বা 'বার্হস্পত্য নীতি'র রচয়িতা।

৪২. বসিষ্ঠ বা বশিষ্ঠ : প্রসিদ্ধ মুনি, বশিষ্ঠ-সংহিতার রচয়িতা।

৪৩. বাল্মীকি : আদি কবি, রামায়ণ প্রণেতা।
চ্যবন : প্রসিদ্ধ ঋষি, মহর্ষি ভৃগুর পুত্র। ইনি যে-ঔষধ সেবন করে বার্ধক্যে যৌবন লাভ করেছিলেন তারই নাম 'চ্যবনপ্রাশ'।

অত্রি : ব্রহ্মার মানসপুত্র, সপ্তর্ষিদের অন্যতম। বনবাসের সময় রামচন্দ্র অত্রি মুনির আশ্রমে অতিথি হয়েছিলেন।

আত্রেয় : অত্রিমুনির পুত্র কিংবা অত্রিমুনির বংশে জাত আয়ুর্বেদের আচার্য। 'নাড়ীজ্ঞান প্রকরণ' নামক চিকিৎসা-গ্রন্থ এঁরই রচিত।

৪৪. কুশিক এবং গাধি বিশ্বামিত্রের পিতার নাম। বিশ্বামিত্র ক্ষত্রিয় রাজা ছিলেন। ব্রাহ্মণ বশিষ্ঠের ব্রহ্মতেজ দেখে অতি দীর্ঘকাল কঠোর তপস্যা করে ব্রহ্মার নিকট হতে ব্রাহ্মণত্ব লাভ করেন।

সাগর : সূর্যবংশের একজন রাজা। এঁরই পুত্রেরা সমুদ্র খনন করেছিলেন বলে তার নাম 'সাগর' হয়েছে।

৫২. অন্তিদেব : বেশির ভাগ ক্ষেত্রেই এঁকে 'রন্তিদেব' বলা হয়েছে। ইনি চন্দ্রবংশের একজন রাজা, সংকৃতির পুত্র। বিপুল অর্থব্যয় করে ইনি বহু বিশাল-বিশাল যজ্ঞ সম্পন্ন করেছিলেন। এই সমস্ত যজ্ঞে যেসব পশুবলি দেওয়া হয় তাদের শোণিত ধারা জলে পরিণত হয়ে চর্মণ্বতী নদীর সৃষ্টি করে।

৫৮. ইন্দ্রধ্বজ : ভাদ্রমাসের শুক্লপক্ষের দ্বাদশী তিথিতে প্রাচীনকালে রাজারা উত্তম বর্ষণের জন্য পুরদ্বারে বাঁশের মাথায় ধ্বজ বা ধ্বজা অর্থাৎ পতাকা উড্ডীন করতেন ইন্দ্রের উদ্দেশ্যে, তারই নাম ইন্দ্রধ্বজ। দেবরাজের উদ্দেশ্যে এই পতাকা উত্তোলন 'শক্রোত্থান' বা শক্রোৎসব' নামে খ্যাত। আজও কোন-কোন স্থানে এই অনুষ্ঠান পালিত হয়। শক্র ইন্দ্রেরই এক নাম।

৬০. ঊর্ণা : দুই ভ্রূর মাঝখানে অবস্থিত রোমের আবর্ত অর্থাৎ গোল আকৃতি। এটি সৌভাগ্যের চিহ্ন।

বস্তি : নাভির নিম্নদেশ যা ক্রমশ সূক্ষ্ম হয়ে থেমেছে।

৭১. ব্রতচক্রবাকমণ্ডি : ব্রত=নিয়ম, যা পাপ ক্ষয় করে এবং পুণ্য উৎপাদন করে। চক্রবাক= কোক পাখি, চকা। নদীর তীরে চক্রবাক থাকে। সিদ্ধার্থ যে ধর্মনদী প্রবাহিত করবেন তাতে চক্রবাকের অংশ নেবে ব্রত।

৮৬. সিতপুষ্প : জটাধর শীতপুষ্পের অর্থ বলেছেন 'কৈবর্তীমুস্তকম্'। চলিত ভাষায় 'কেওট মুথা'। একজাতীয় মুথা। শব্দটি 'সিতপুষ্পম্' অর্থাৎ ক্লীবলিঙ্গ। মূলজাতীয় দ্রব্য, তা দিয়ে পালঙ্ক সাজান চলে কিভাবে এই আশঙ্কা উদিত হয়। মূলের শব্দটি হলো 'সিত সিতপুষ্প ভৃতাম্'। এখানে সিতপুষ্পের 'সিত' অর্থাৎ শুভ্র এই বিশেষণ আছে। মুথা দেখতে কালো সুতরাং 'সিত' এই উপাধি সঙ্গত হয় কেমন করে?

এর সমাধান এই হতে পারে যে সিতপুষ্প অর্থাৎ কেওট মুথার আবরণটি মলিন হতে পারে কিন্তু ভিতরের পদার্থটি অর্থাৎ আসল বস্তুটি সাদা। সুতরাং চালের উপরের পাতলা আবরণটি রক্তিম বা ঈষৎ হলদে-হলদে হলেও অভ্যন্তরের প্রধান বস্তু অর্থাৎ তণ্ডুলটির শুভ্রতার জন্য যেমন 'সিত তণ্ডুল' বা শুভ্র চাল বলা হয় তেমনি মুস্তা বলতে যা বোঝায় তার বর্ণটি শুভ্র হওয়ায় 'সিত সিতপুষ্প' অথাৎ সাদা কেওট মুথা বলা চলতে পারে।

৮৯. নলকুবর : যক্ষদের অধিপতি কুবেরের পুত্র।

দ্বিতীয় সর্গ

২. কৃতাকৃতস্যঃ নির্মিত এবং অনির্মিত স্বর্ণ ঃ নির্মিত স্বর্ণের অর্থ সংস্কৃত অর্থাৎ বিশুদ্ধ স্বর্ণ হতে পারে, যে-সোনা দিয়ে গয়না গড়া হয়েছে তা-ও এর দ্বারা বোঝান সম্ভব। অনির্মিত স্বর্ণ সম্ভবত অসংস্কৃত বা অবিশুদ্ধ অর্থাৎ প্রকৃতি থেকে যেমন পাওয়া গেছে অবিকল সেই স্বর্ণকে বোঝাচ্ছে।

৩. পদ্ম ঃ পৌরাণিক এক হস্তীর নাম।

৬. মধ্যস্থভাব ঃ উদাসীনভাব।

৮. সেই ওষধিগুলিই ঃ পূর্বে রাজ্যে যেসব ওষধি উৎপন্ন হতো তারাই অতিরিক্ত রস এবং শক্তিতে সর্বোত্তম হলো। ওষধি=যে-সমস্ত উদ্ভিদের ফল পাকলে গাছ মরে যায় সেই সমস্ত উদ্ভিদ, যেমন—কলাগাছ, ধানগাছ. ইত্যাদি।

১১. নহুষ ঃ চন্দ্রবংশের রাজা। অগস্ত্য ঋষির শাপে সর্পে পরিণত হয়েছিলেন।
যযাতি ঃ নহুষের পুত্র। এঁরই পুত্র পুরু পিতার অকালে আগত জরা গ্রহণ করেছিলেন।

১৫. অনরণ্য ঃ ইক্ষ্বাকুর বংশে জাত পুষ্যের পুত্র। রামায়ণের অযোধ্যাকাণ্ডের ১১৯ অধ্যায়ের ৯-১০ শ্লোকে অনরণ্যের বিবরণ আছে। তাঁর রাজত্বে অনাবৃষ্টি, দুর্ভিক্ষ এবং তস্কর ছিল না।

২৭. সনৎকুমার প্রতিম ঃ সনৎকুমারের মতো। সনৎ=ব্রহ্মা, সনৎকুমার—ব্রহ্মার পুত্র। ইনি ব্রহ্মার মানসপুত্র, মহাতপস্বী এবং পরম ধর্মজ্ঞ।

৩৬. আঙ্গিরস ঃ অধিদেবতাযুক্ত উজ্জ্বল নক্ষত্র ঃ এই উজ্জ্বল নক্ষত্রটি সিদ্ধার্থের জন্মনক্ষত্র, নাম পুষ্য বা পুষ্যা। অঙ্গিরা মুনির পুত্র বলে দেবগুরু বৃহস্পতির নাম আঙ্গিরস। প্রত্যেকটি নক্ষত্রের একজন অধিষ্ঠাত্রী দেবতা আছেন, তাঁকেই ঐ নক্ষত্রের অধিদেবতা বলা হয়। পুষ্যা নক্ষত্রের অধিদেবতা বৃহস্পতি। বৃহস্পতিকে অনুকূল করতে হলে মুক্তা দান করতে হবে জ্যোতিষ শাস্ত্রের এই নির্দেশ। তাই মহারাজ শুদ্ধোদন পুত্রের কল্যাণের জন্য ব্রাহ্মণদের মুক্তা দান করেছিলেন।

৩৯. ব্যবহারশাস্ত্র ঃ ব্যবস্থাশাস্ত্র, আইন।

৪০. দানসলিলের দ্বারা ঃ কোন কিছু দানের সময় দানের নিয়ম অনুসারে দাতাকে গ্রহীতার হাতে জল দিতে হয়, শাস্ত্রের এই বিধি। সেই হলো দানসলিল। জল তৃষ্ণা মেটায়। এখানে দানসলিল প্রার্থীর আকাঙ্ক্ষারূপ তৃষ্ণাকে নিবৃত্ত করত।

৪৩. রজোগুণ ঃ সত্ত্ব, রজঃ এবং তমঃ এই তিনটি গুণ আছে। এর মধ্যে রজোগুণ বিষয়ে আসক্ত করে এবং অহংকার, দ্বেষ প্রভৃতি উৎপন্ন করে।

৫১. স্বায়ম্ভুবম্ ঃ স্বায়ম্ভুর পুত্র ; স্বয়ম্ভু অর্থাৎ ব্রহ্মার পুত্র। প্রথম মনু।

তৃতীয় সর্গ

১০. নীলপদ্মের খণ্ডে : নীলপদ্মের টুকরোয়। পথে খণ্ড খণ্ড নীলপদ্ম ছড়ান ছিল।

১২. দেবতার……মতো : দেবপ্রতিমা নিয়ে শোভাযাত্রার সময় সর্বাগ্রে যে পতাকাটি থাকে তাকে যেমন লোক প্রণাম করে, সিদ্ধার্থকে তেমনি প্রণাম করলেন।

১৪. স্খলিতকাঞ্চী : কোমরে পরবার অলঙ্কারের নাম কাঞ্চী। মেখলা। সেই মেখলা খুলে পড়েছিল।

২৪. পুষ্পকেতু : মদন, প্রেমের দেবতা। পুষ্প হয়েছে যাঁর কেতু অর্থাৎ প্রতীক, কিংবা পুষ্প দিয়ে তৈরি কেতু অর্থাৎ পতাকা যাঁর।

৪২. ধাতু : আয়ুর্বেদমতে বাত, পিত্ত, কফ এই তিনটি ধাতু শরীরে বর্তমান। রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা এবং শুক্র শরীরে অবস্থিত এই সপ্ত ধাতুরও উল্লেখ আছে। শরীরকে এরা ধারণ করে বলে এদের নাম ধাতু। এদের কোন একটির 'প্রকোপ' অর্থাৎ অত্যন্ত ক্রোধ বা প্রবলতা ঘটলে দেহ অসুস্থ হয়।

৬০. কুবর : যুগন্ধর। যে-পশু রথ বা শকট টানবে তার কাঁধের জোয়ালটা যেখানে এসে যুক্ত হয় তারই নাম কুবর বা যুগন্ধর।

৬৫. অলকাধিপতি : অলকা=কুবেরপুরী। তার অধিপতি অর্থাৎ রাজা, কুবের।

চতুর্থ সর্গ

১১. উত্তরকুরু : ভারতবর্ষের উত্তরে অবস্থিত বিশাল ভূখণ্ড। এখানে একদা কুরুজাতির বাস ছিল বলে এর নাম কুরুবর্ষ। বিভিন্ন কাব্য এবং পুরাণে, রামায়ণে (অরণ্যকাণ্ড, ৩৯, ১৮), মহাভারতে, একে স্বর্গের মতো পুণ্যস্থান বলা হয়েছে। উত্তরকুরুর অবস্থান সম্পর্কে মতভেদ আছে। পণ্ডিতেরা বলেন, একালের তুর্কিস্থান এবং তিব্বতের উত্তর-পশ্চিম অংশকে উত্তরকুরু বলা হতো।

১৩. আপন বিষয়ে বিযুক্ত : যে-কাজ করতে এসেছ তা থেকে বিচ্ছিন্ন। সিদ্ধার্থকে আসক্ত করাই রমণীদের কাজ ছিল।

১৮. গৌতম : প্রসিদ্ধ ঋষি, গৌতমসংহিতার রচয়িতা। অহল্যার পতি।

১৯. ঋষ্যশৃঙ্গ : ঋষ্য অর্থাৎ শ্বেতপাদ মৃগের মতো শৃঙ্গ অর্থাৎ শিঙ্ বা চিহ্ন যাঁর। ইনি বিভাণ্ডক ঋষির পুত্র, মহাতপস্বী। স্ত্রীজনে সম্পূর্ণ অনভিজ্ঞ ছিলেন। জিতেন্দ্রিয় এই মুনিবরের সঙ্গে কালে দশরথের কন্যা এবং দশরথের বন্ধু রাজা লোমপাদের দ্বারা প্রতিপালিতা শান্তার বিবাহ হয়।

২০. বিশ্বামিত্র : কুশিক ঋষির পুত্র, বিখ্যাত মুনি। ইনি মেনকার দ্বারা প্রলুব্ধ হয়েছিলেন এ-কথা রামায়ণে আছে। উভয়ের মিলনের ফলে

শকুন্তলার জন্ম হয়। অশ্বঘোষ মেনকার পরিবর্তে ঘৃতাচীর উল্লেখ করেছেন।
ঘৃতাচী ঃ স্বর্গের একজন প্রসিদ্ধ অপ্সরা।

৪৯. সিন্ধুবার ঃ নিসিন্দা গাছ।

৫১. পরপুষ্ট ঃ পরের দ্বারা পুষ্ট বা পালিত। পরভৃত। কোকিল। কোকিল অন্য পাখির বাসায় ডিম পাড়ে এবং তার শাবক অন্যের দ্বারা পালিত হয়।

৭২. পুরন্দর ঃ পুর অর্থাৎ সুদৃঢ়ভাবে নির্মিত নগর বা গৃহ যিনি বিদীর্ণ করেন। ইন্দ্র একদিন ঋষি গৌতমের অনুপস্থিতিকালে ইন্দ্র গৌতমের রূপ ধারণ করে তাঁর পত্নীকে কামনা করেছিলেন।

৭৩. সোম ঃ চন্দ্র। রোহিণী ঃ চন্দ্রের পত্নী।
অগস্ত্য ঃ প্রসিদ্ধ মুনি। বহু অলৌকিক কর্ম সম্পাদন করেছিলেন। সমুদ্রের জল নিঃশেষে পান, হরিণরূপী দানব বাতাপীকে ভক্ষণ প্রভৃতি তাদের অন্তর্গত। বিবাহে অভিলাষী হয়ে সমস্ত জীবের শ্রেষ্ঠ অংগ নিয়ে তিনি একটি কন্যা সৃষ্টি করেন এবং সন্তানকামী বিদর্ভরাজকে সেই কন্যাটি দান করেন। তাঁর নাম হলো লোপামুদ্রা। পরে এঁরই সংগে অগস্ত্যের বিবাহ হয়। রোহিণীর জন্য অগস্ত্যের আগ্রহ সম্বন্ধে কিছু জানা যায় না।
লোপামুদ্রা ঃ নারীদের রূপের অভিমান লোপ করিয়ে যিনি স্বামীর পক্ষে আনন্দদানকারিণী। অগস্ত্যের পরম রূপবতী পত্নী। ঋক্‌বেদের কিছু মন্ত্র ইনি দর্শন করেছিলেন।

৭৫. হোমকার্যে রত মহিষী ঃ ইনি তারা, দেবগুরু বৃহস্পতির ভার্যা।
বুধ ঃ তারার গর্ভে উৎপন্ন চন্দ্রের পুত্র।

৭৬. পরাশর ঃ বশিষ্ঠতনয় শক্ত্রির পুত্র। বিখ্যাতকীর্তি ঋষি। ব্যাসদেবের পিতা। এঁর বরে মৎস্যের গন্ধযুক্ত মৎস্যগন্ধার দেহে পদ্মগন্ধের আবির্ভাব হয়। পরাশর তাঁর নাম রাখেন সত্যবতী। ইনি যমুনাতীরে নৌকা চালাতেন। এঁর গর্ভে পরাশরের যে-পুত্র জন্মে তাঁরই নাম ব্যাসদেব। পরাশর-সংহিতা পরাশরের সংকলিত অতি বিখ্যাত গ্রন্থ। এতে কলিকালে পালনীয় আচার-নিয়মের বিস্তৃত বিবরণ আছে।

৭৭. অক্ষমালা ঃ বশিষ্ঠের এক পত্নী। এই চণ্ডালকন্যা মুনিবরের সংসর্গে পরম গুণের আধার হয়েছিলেন।

পঞ্চম সর্গ

৩. খলীন ঃ লাগাম বাঁধবার লোহা। এটি ঘোড়ার মুখে থাকে।
কিঙ্কিণী ঃ ছোট ঘণ্টা।
কেতু ঃ নবগ্রহের অন্যতম গ্রহ।

৪. লাঙ্গলপথযুক্ত ঃ কর্ষিত মৃত্তিকায় লাঙ্গল নালার মতো পথ সৃষ্টি করে। এই পথ ঢেউএর মতো উঁচু-নিচু, আঁকা-বাঁকা, তাই পরিবর্তনশীল।
১১. সমাধি ঃ চিত্তের বিভিন্ন ক্রিয়া নিরোধ। এর আর এক নাম 'যোগ'।
১৮. অক্ষয়পদ ঃ যে-পদ বা আশ্রয়ের ক্ষয় নেই। মুক্তি।
২৩. মণ্ডল ঃ বন্য হাতি ধরবার বেষ্টনী। খেদা।
২৪. নির্বৃত ঃ এই শব্দটির দুটি অর্থ, সন্তুষ্ট এবং নির্বাণ অর্থাৎ মুক্তিপ্রাপ্ত। রাজকন্যা প্রথম অর্থে একে ব্যবহার করেছেন, সিদ্ধার্থ দ্বিতীয় অর্থে গ্রহণ করেছেন।
৩৪. কলবিঙ্ক ঃ চড়ুই পাখি।
৩৬. ক্রমভঙ্গ ঃ যৌবনে ভোগসুখ বার্ধক্যে দার্শনিক চিন্তা—এটিই সংসারে প্রচলিত ক্রম। সিদ্ধার্থ সেই ক্রম ভঙ্গ করে যৌবনেই ধর্ম এবং দর্শনের তত্ত্বে স্থির হয়েছেন, তাই রাজার মতে তাঁর ক্রমভঙ্গ দোষ ঘটেছে।
৪৪. দীপবৃক্ষ ঃ দীপ ধারণের জন্য বৃক্ষের মতো বস্তু। পিলসুজ প্রভৃতি।
৫০. অঙ্গদ ঃ বাহুর ভূষণ, বাজু, অনন্ত প্রভৃতি।
৫১. কর্ণিকার ঃ একজাতীয় বৃক্ষ।
৫২. তোরণে ঃ বহির্দ্বারে।
শালভঞ্জিকা ঃ পুতুল।
৫৩. দষ্ট ঃ যাকে দংশন করা হয়েছে। কর্ণের কুণ্ডল গাল স্পর্শ করেছিল, একেই কুণ্ডলের দংশন বলেছেন কবি।
কারণ্ডব ঃ এক শ্রেণীর হংস।
শতপত্র ঃ একশত পাঁপড়ি আছে যার, কমল। একেই শতদল বলা হয়।
৫৬. পণব ঃ একরকমের ঢাক।
৮০. হনুরবহীন ঃ হনু অর্থাৎ চোয়ালের শব্দরহিত।
৮১. প্রকোষ্ঠ ঃ কফোণি অর্থাৎ কনুই থেকে মণিবন্ধ অর্থাৎ কব্জি পর্যন্ত অংশ।

ষষ্ঠ সর্গ

৫. তার্ক্ষ্য ঃ পাখিদের রাজা গরুড়। বিষ্ণুর বাহন।
২৩. দীপের-কর্মকারী ঃ প্রদীপের কাজ যে করে। প্রদীপের কাজ আলো দেওয়া। মণি তাই করছিল।
সূর্যসনাথ মন্দারবৃক্ষের মতো ঃ সূর্যসনাথ—সূর্যযুক্ত। মন্দারবৃক্ষ—স্বর্গের দেবতরু। উজ্জ্বল মণিটি যেন সূর্য, কুমার যেন মন্দারবৃক্ষ। মণিযুক্ত কুমার সূর্যযুক্ত মন্দারবৃক্ষের মতো শোভা পেয়েছিলেন।
২৫. ছন্দ ঃ সিদ্ধার্থের সারথিকে কোথায়ও (যেমন ৬. ৪-এ) ছন্দক, কোথায়ও ছন্দ বলা হয়েছে।
৫৪. চক্রচিহ্ন ঃ চক্র বিষ্ণুর হাতে অবস্থিত একটি অস্ত্র। চাকার মতোই চেহারা। হাতে চক্রের চিহ্ন রেখাভিজ্ঞদের মতে অতি শুভপ্রদ।

৫৯. অলঙ্কাররূপ পত্নীর সংযোগ : পত্নী মানুষের শ্রীবৃদ্ধি করে এবং মানুষের সঙ্গে সংযুক্ত থাকে তাই অলঙ্কারকে তার সঙ্গে তুলনা করা হয়েছে। সিদ্ধার্থ পত্নীর সঙ্গে সম্পর্ক আগেই ত্যাগ করেছেন, এবার অলঙ্কারের সম্পর্ক পরিত্যাগ করলেন।

সপ্তম সর্গ

৭. বসুগণের অষ্টম : অর্থাৎ বসু। বসু=গণদেবতা। সংখ্যায় আট। যথা— ১. আপ ২. ধ্রুব ৩. সোম ৪. ধর ৫. অনিল ৬. অনল ৭. প্রত্যূষ ৮. প্রভাস। বসুগণের অষ্টম হলেন প্রভাস। প্রভাস শব্দের অর্থ আলোক। সিদ্ধার্থের আলোকময় কান্তি দেখে মুনিদের চিত্তে প্রভাসের কথা উদিত হয়েছিল।

অশ্বিনীকুমারদ্বয় : সূর্যের পত্নী সংজ্ঞা ঘটনাক্রমে অশ্বিনী অর্থাৎ ঘোটকীর রূপ ধারণ করেন। সূর্য অশ্বের রূপ ধারণ করে তাঁর সঙ্গে মিলিত হন। এর ফলে দুই যমজ পুত্র জন্মগ্রহণ করে, তাঁদেরই নাম অশ্বিনীকুমার। এঁরা চিকিৎসাবিদ্যায় নিপুণ হয়ে স্বর্গে দেববৈদ্যের পদে আসীন হন। মাদ্রীর পুত্র নকুল এবং সহদেবের এঁরাই জনক।

৮. লেখর্ষভ : ইন্দ্র। লেখ+ঋষভ। লেখা=দেবতা, ঋষভ=বৃষ, 'শ্রেষ্ঠ' এই অর্থে গৃহীত, যেমন, পুরুষর্ষভ=পুরুষশ্রেষ্ঠ। ফলত লেখর্ষভ শব্দের অর্থ হলো দেবশ্রেষ্ঠ বা দেবরাজ। ইন্দ্রের 'লেখর্ষভ' নাম অতি অল্প ব্যবহৃত। অমরকোষ ইন্দ্রের নামাবলী বলবার সময় এটি অন্তর্ভুক্ত করেছেন। যথা, 'জিষ্ণুর্লেখর্ষভঃ শক্রঃ' (অমরকোষ ১.৪২)।

১৫. উঞ্ছ : কুল্লুকভট্ট মনুসংহিতার চতুর্থ অধ্যায়ের পঞ্চম শ্লোকের টীকায় বলেছেন : 'একৈকধান্যাদিগুড়কোচ্চয়নমু উঞ্ছঃ'—একটি একটি করে ধান ইত্যাদির অংশ সংগ্রহের নাম উঞ্ছ। এইভাবে জীবনযাপন করার নামই উঞ্ছবৃত্তি।

১৬. পাথর দিয়ে খাদ্য : পাথর নিক্ষেপ করে ফল পেড়ে খান কিংবা রান্না না করে শুধু পাথরে চূর্ণ করে খাদ্য খান।

৩৬. অনুরুধ্যমানঃ : তপস্বীরা তাঁকে অনুরোধ করায়।

৩৮. জীবন আকাঙ্ক্ষীর দেহকে, ইত্যাদি : জীবন আকাঙ্ক্ষী=ঋষিগণ, দেহ =আশ্রম ; আয়ু=সিদ্ধার্থ।

৩৯. ব্রহ্মর্ষি : ব্রাহ্মণ অথচ ঋষি, যেমন বশিষ্ঠ। জ্ঞানমার্গে বিচরণ করে যিনি পরমতত্ত্ব জেনেছেন তিনি ঋষি। 'ঋষয়ো মন্ত্রদ্রষ্টারঃ' এই উক্তিতে বেদের মন্ত্র যাঁরা দর্শন করেছেন তাঁরা ঋষি, এই বলা হয়েছে। অমরকোষ বলেছেন : 'ঋষয়ঃ সত্যবচসঃ'—যাঁদের বাক্য সত্য অর্থাৎ যা বলেন তাই হয়, তাঁরা ঋষি। বস্তুত, ঋষ্ ধাতুর অর্থ জানা। 'ঋষন্তি, জানন্তি' ইতি ঋষ্+ইন্=ঋষি। ফলে ঋষি=জ্ঞানী। রাজর্ষি : রাজা অথচ ঋষি, যেমন জনক।

৪৩. বৃহস্পতি ঃ ব্রহ্মার মানসপুত্র অঙ্গিরার পুত্র। দেবগুরু।
৪৬. হৃদয়ঙ্গম ঃ বোধগম্য, মনোহর।
আমি নূতন ধর্মগ্রাহী হলেও, ইত্যাদি ঃ সিদ্ধার্থ ধর্মে নবীন কিন্তু প্রাচীন তপস্বীরা তাঁকে তাঁদের চেয়েও প্রবীণের সম্মান দিচ্ছেন। এতে তাঁর হৃদয়ে আহ্লাদ উদ্বেল হয়েছে। সম্ভবত এই হলো মহাকবির বক্তব্য।
৪৭. পক্ষপাত ঃ অনুগ্রহ, আসক্তি।
৫২. স্বর্গ এবং অপবর্গ ঃ স্বর্গ—দেবতাদের আলয়, বিশেষ সুখের স্থান। অপবর্গ=মুক্তি, পুনঃপুনঃ জন্মগ্রহণের সম্পূর্ণ অবসান। পৃথিবীতে যজ্ঞ প্রভৃতিতে পুণ্য কর্ম করে লোক স্বর্গে যায় মৃত্যুর পরে, কিন্তু যে পুণ্য স্বর্গ দিয়েছিল সেই পুণ্য ক্ষীণ হলে মর্তলোকে আবার ফিরে আসে। এই কারণেই গীতা বলেছেন ঃ 'ক্ষীণে পুণ্যে মর্তলোকং বিশান্তি' (৯. ১৫)। রবীন্দ্রনাথের 'স্বর্গ হইতে বিদায়' কবিতায় 'পুণ্যবল হলো ক্ষীণ / আজি মোর স্বর্গ হতে বিদায়ের দিন', এই প্রসঙ্গে স্মরণীয়। অপবর্গ বা মুক্তি হলে আর সংসারে ফিরতে হয় না। ছান্দোগ্য উপনিষদ্ বলেছেন ঃ 'ন চ পুনরাবর্ততে' (৯. ১৫) সেই মুক্ত পুরুষ আর ফেরে না, অর্থাৎ জন্মগ্রহণ করে না।
তিনিই আছেন ঃ তিনিই স্থির, কোন কিছুর অভিলাষে তাঁর দেহ বা মন চঞ্চল হয় না।
৫৪. বিন্ধ্যকোষ্ঠ ঃ বিন্ধ্যপর্বতে অবস্থিত কোন গৃহ বা গুহা হওয়া সম্ভব। বিন্ধ্যপর্বত সাংখ্যদর্শনের আচার্যদের প্রিয় স্থান ছিল কিনা এই বিষয়ে পণ্ডিতেরা চিন্তা করেছেন। সাংখ্যদর্শনের একজন আচার্যের নাম বিন্ধ্যবাসী। বর্তমান শ্লোকে যে-মুনি অরাড়ের কথা বলেছেন বিন্ধ্যপর্বতনিবাসী তিনিই সাংখ্যদর্শনেরও প্রবক্তা বলে মনে হয়। 'বুদ্ধ চরিতের' দ্বাদশ সর্গে সিদ্ধার্থের সঙ্গে তাঁর সাক্ষাৎকার হয়েছে।
৫৬. জ্ঞাতব্য সমুদ্র ঃ জ্ঞেয় অর্থাৎ জানবার যাকিছু আছে তার সমুদ্র। অগস্ত্য নিঃশেষে সমুদ্র পান করেছিলেন, সেই চিত্র মনে আসে।

অষ্টম সর্গ

২২. বঞ্চিত স্তন ঃ যে-স্তন থেকে অলঙ্কার অপহৃত হয়েছিল। হার ছিল না বলে এই বিশেষণ।
২৪. মহিষী ঃ প্রথম 'মহিষী' শব্দটির অর্থ মহিষের স্ত্রী, দ্বিতীয় 'মহিষী' শব্দের অর্থ রাজার প্রধান পত্নী।
২৭. স্রবজ্জলেস্তামরসৈ ঃ জল ঝরে পড়ছে এমন পদ্ম। তামরস—পদ্ম।
২৮. নিরন্তরৈ ঃ অবকাশহীন ; ফাঁক নেই। আঙুলগুলি ঘন সন্নিবিষ্ট।
গূঢ়শিরা ঃ শিরাগুলো ঢাকা।

৩৭. বিটঙ্ক ঃ কপোতপালিকা, পায়রার খোপ।
বিমান ঃ সাততলা প্রাসাদ।

৫০. মনের জ্বরে ঃ দুঃখজনিত মনের জ্বালায়।

৫১. কুররী ঃ স্ত্রীজাতীয় কুরল পাখি।

৫৩. মেঘদুন্দুভি ঃ দুন্দুভি—নাগরা, বড় ঢাক। মেঘের দুন্দুভি হলো বজ্র।

৫৫. গূঢ়গুল্ফ ঃ আবৃত গোড়ালি। যে-গোড়ালির হাড় দেখা যায় না।

৭৭. স্বর্ণনিষ্ঠীবী ঃ মুখ দিয়ে কিছু ত্যাগ করার নাম নিষ্ঠীবন। স্বর্ণ অর্থাৎ সোনা যিনি মুখ দিয়ে ফেলেন তাঁরই নাম স্বর্ণনিষ্ঠীবী। মহাভারতে এঁর নাম আছে স্বর্ণষ্ঠীবী। দুটি শব্দরই অর্থ এক।
সৃঞ্জয় ঃ স্বর্ণষ্ঠীবীব পিতা। মহাভারতে ইনি সৃঞ্জয় বলে অভিহিত হয়েছেন
মহাভারতের দ্রোণপর্বে স্বর্ণষ্ঠীবী এবং সৃঞ্জয়েব উপাখ্যান লিপিবদ্ধ আছে। রাজা সৃঞ্জয় নারদের কাছে প্রার্থনা করেছিলেন যেন তাঁর এমন একটি পুত্র জন্মে যার মূত্র, বিষ্ঠা, ক্লেদ, ঘর্ম, সবই হবে সোনা। নারদ বর দিলেন। তেমনি পুত্র হলো রাজাব। রাজা নাম রাখলেন স্বর্ণষ্ঠীবী। সে দেহ থেকে যা ত্যাগ করে তা-ই সোনা। ফলে রাজা তাঁর শয্যা, আসন, রথ, ঘর, দেওয়াল, যা ইচ্ছা সব পুত্রের দৌলতে সোনায় গড়ে নিলেন। একদা সোনার লোভে দস্যুরা স্বর্ণষ্ঠীবীকে অপহরণ কবে অবণ্যে টুকরো-টুকবো কবে কাটল। মৃতেব কোন শক্তি থাকে না সুতরাং সোনা না পেয়ে দস্যুরা নিজেদের মধ্যেই কলহ করতে-কবতে মরল। এদিকে সৃঞ্জয় পুত্রের শোকে বিলাপ করতে লাগলেন। দ্রোণপর্বের ৬৯ অধ্যায়ে বলা হয়েছে নারদই 'পুনর্দামি তে পুত্রম্' তোমার পুত্রকে আবার দান করছি,-এই বলে স্বর্ণষ্ঠীবীকে পুনরায় জীবিত করে সৃঞ্জয়ের হাতে সমর্পণ করলেন।
মহাভারতের শান্তিপর্বের ২৯-৩১ অধ্যায়েও এই কাহিনী বর্ণিত হয়েছে, তবে এখানে স্বর্ণষ্ঠীবী ব্যাঘ্রের দ্বার ১।
উভয় পর্বেই পিতার নাম সৃঞ্জয কিন্তু অশ্বঘোষ এঁকে সঞ্জয বলেছেন। তাছাড়া দুই ক্ষেত্রেই স্বর্ণষ্ঠীবী প্রাণ ফিরে পান কিন্তু অশ্বঘোষের বলার ভঙ্গিতে মনে হয় যেন তিনি পুনরুজ্জীবিত হন নি।

৮০. জলাঞ্জলি ঃ মৃত পিতা প্রভৃতির উদ্দেশ্যে গৃহীত অঞ্জলিভবা তর্পণের জল। এখানে আলংকারিক প্রয়োগে জলদানকাবী পুত্র সিদ্ধার্থকে বোঝান হয়েছে।
প্রাণগুলি ঃ সংস্কৃত ভাষায় প্রাণ শব্দ নিত্য বহুবচনান্ত। প্রাণ শব্দের দ্বারা বায়ু বোঝায়। দেহের বিভিন্ন স্থানে পাঁচ রকম বায়ু আছে বলেই সম্ভবত বহুবচনে প্রাণ শব্দটির ব্যবহার। এই পাঁচটি বায়ু হলো ঃ ১. হৃদয়ে—প্রাণবায়ু ২. গুহ্যদেশে—আপানবায়ু ৩. নাভিদেশে—সমান বায়ু ৪. কণ্ঠদেশে—উদানবায়ু ৫. সর্বশরীরে—ব্যানবায়ু।

৮৪. চক্রবর্তীরাজ্যে ঃ চক্রে অর্থাৎ দেশসমূহে যিনি বর্তমান তিনিই চক্রবর্তী।

অতিবিস্তৃত সাম্রাজ্যের অধিপতি। চক্রবর্তীর রাজ্যে—চক্রবর্তীর রাজার বিপুল সাম্রাজ্যে।

নবম সর্গ

৯. বামদেব ঃ দশরথের মন্ত্রী।

উর্বশীর পুত্র মুনি ঃ বশিষ্ঠ। ইনি ব্রহ্মার মানসপুত্র বলেই প্রসিদ্ধ। একদা মহারাজ নিমি বশিষ্ঠকে চৈতন্যহীন হবার অভিশাপ দেন। তখন ব্রহ্মা এঁকে মিত্রাবরুণের ঔরসে পুনরায় জন্মগ্রহণের উপদেশ দেন। ঋক্‌বেদ বলছেন ঃ 'উতাসি মৈত্রাবরুণো বসিষ্ঠোর্বশ্যা ব্রহ্মন্ মনসোঽধিজাতঃ'। (৭. ৩৫. ১১) হে বসিষ্ঠ, তুমি মিত্রাবরুণের পুত্র। হে ব্রহ্মণ্, উর্বশীর মন থেকে তুমি জাত। এই মন্ত্রে বসিষ্ঠকে উর্বশীর পুত্র বলা হয়েছে।

বশিষ্ঠ এবং বসিষ্ঠ দুটি নামই সূর্যবংশের এই পুরোহিতের সম্বন্ধে ব্যবহৃত হয়। বশিষ্ঠ=বশিন্+ইষ্ঠ। জিতেন্দ্রিয়দের মধ্যে শ্রেষ্ঠ। বসিষ্ঠ=বসিন্+ইষ্ঠ।

২০. ধ্রুব ঃ এই ধ্রুব, রাজা উত্তানপাদের পুত্র হরিভক্ত সেই ধ্রুব নন। ডক্টর জনষ্টন তাঁর সম্পাদিত 'বুদ্ধচরিতে' এঁকে ব্রহ্মা বলে অভিহিত করেছেন।

আষাঢ় ঃ মহাভারতে বর্ণিত জনৈক রাজকুমারের নাম।

বিদেহ ঃ বিহার বা মিথিলার প্রাচীন নাম।

দ্রুম ঃ রুক্মিণীর গর্ভে জাত কৃষ্ণের পুত্র।

২৫. ভীষ্ম ঃ রাজর্ষি শান্তনুর পুত্র গঙ্গাদেবীর গর্ভে জাত। প্রখ্যাত অষ্ট বসুদের অন্তর্গত অষ্টম বসু ইনি। বশিষ্ঠের শাপে স্বর্গচ্যুত হয়েছিলেন। পিতার স্বেচ্ছা-বিবাহে নিজেকে অন্তরায় বলে উপলব্ধি করে ইনি 'ভীষ্ম' অর্থাৎ ভয়ংকর প্রতিজ্ঞা করেন যে তিনি কখনই পিতৃরাজ্য গ্রহণ করবেন না এবং চিরকাল অবিবাহিত থাকবেন। ফলে তাঁর নাম হয় ভীষ্ম। মহাত্যাগী, মহাবীর, মহাপ্রাজ্ঞ এই অতুলনীয় চরিত্র ভারতীয় সংস্কৃতির এক উজ্জ্বল জ্যোতিষ্ক। এঁর কর্ম এবং উক্তিগুলি মহাভারতের বহু অধ্যায়কে ভাস্বর করেছে।

রাম ঃ দশরথের পুত্র রাম। পিতৃসত্য পালনের জন্য বনে গিয়েছিলেন। ভৃগুর বংশে জাত রাম ঃ পরশুরাম। রেণুকার গর্ভে মুনিবর জমদগ্নির পুত্র। শৈশবে এঁর নাম ছিল রাম, পরে পরশু অর্থাৎ কুঠারকে অস্ত্ররূপে গ্রহণ করায় নাম হয় পরশুরাম।

২৬. অগস্ত্যজুষ্টাম্ অগস্ত্যসেবিত দিকে ঃ দক্ষিণ দিকে অর্থাৎ যমালয়ের দিকে। অগস্ত্য মিত্রাবরুণের পুত্র, বিখ্যাত মুনি। বর্তমান প্রসঙ্গ সম্বন্ধে কাহিনীটি হলো, একবার বিন্ধ্যপর্বত আপন দেহ বর্ধিত করে সূর্যের

গতিপথ রুদ্ধ করতে চান। সৃষ্টির বিপদ দেখে দেবতারা অগস্ত্যের কাছে যান কারণ অগস্ত্য বিন্ধ্যপর্বতের গুরু ছিলেন। মুনিবর বিন্ধ্যপর্বতের কাছে গেলে শিষ্য মস্তক আনত করে প্রণাম করলেন। গুরু আদেশ করলেন, 'যাবৎ আমি না ফিরি তাবৎ এই অবস্থায় থাক,' অগস্ত্য কিন্তু আর ফিরলেন না ফলে বিন্ধ্য মাথা তুলতে পারলেন না, সূর্যের গমন পথ নির্বিঘ্ন হলো। অগস্ত্য দক্ষিণ দিকে চলে যান, তাই দক্ষিণ দিককে অগস্ত্যসেবিত দিক বলা হয়েছে।

৬২. স্বভাবতঃ সর্বমিদং প্রবৃত্তম্ঃ স্বভাবকারণবাদীদের এটি প্রিয় উক্তি। মন্ত্রীর বক্তব্য, মুক্তি যদি হবার হয় তবে আপনা থেকেই হবে, গৃহত্যাগ করে চেষ্টা করবার প্রয়োজন নেই। মন্ত্রী বিভিন্ন মত বলে সিদ্ধার্থকে অভিভূত করবার প্রয়াস করছেন।

৬৫. জাত মানুষ তিনটি ঋণে আবদ্ধ হয়, যথা—'দেবানাং চ পিতৃণাং চ ঋষীণাং চ তথা নরঃ। ঋণবান্ জায়তে যস্মাৎ তন্মোক্ষে প্রযতেৎ সদা।।' (বিষ্ণুধর্মোত্তর) যেহেতু মানুষ দেবতা, পিতৃপুরুষ এবং ঋষিদের কাছে ঋণী হয়ে জন্মগ্রহণ করে অতএব তা থেকে মুক্তির বিষয়ে সর্বদা যত্ন করবে। বর্তমান শ্লোকে এই তিন ঋণ থেকে মুক্তির উপায় বর্ণিত হয়েছে। মন্ত্রী বলতে চাইছেন, এই তিনটি ঋণ থেকে মুক্তিই মুক্তি, অন্য মুক্তির কথা ওঠে না এবং এই তিনটি থেকে মুক্তি গৃহে থেকেই হয় অতএব গৃহে চলুন।

দশম সর্গ

অভিগমনঃ নিকটে গমন। শ্রেণ্য সিদ্ধার্থের নিকটে গিয়েছিলেন, এটি এই অধ্যায়ে বর্ণিত হয়েছে।

১. রাজগৃহঃ বিহারের অন্তর্গত মগধের প্রাচীন রাজধানীর ধ্বংসাবশেষ। এই স্থানটি মহাভারতে কথিত মগধরাজ জরাসন্ধের রাজধানী গিরিব্রজ নামেও অভিহিত হয়েছে। বর্তমান রাজগীর-এরই কিছু দূরে স্থাপিত নূতন শহর।

৬. বহুভাষীরা ঃ মূলে আছে প্রকীর্ণবাচঃ—'প্রকীর্ণ'। অর্থাৎ ছড়িয়ে পড়েছে, 'বাক্' অর্থাৎ বাক্য যাদের। যাঁরা বক্‌বক্ করছিলেন। প্রকীর্ণ শব্দের আর একটি অর্থ হলো 'অসংলগ্ন'। 'অসংলগ্নভাষী'র চেয়ে 'বহুভাষী' অর্থ বর্তমান ক্ষেত্রে খাটে ভালো। সিদ্ধার্থকে দেখে লোকের কথা বলা বন্ধ হয়েছিল এইটি কবির বক্তব্য। 'অসংলগ্নভাষীরা মৌন হলেন' বললে যাঁরা সংলগ্ন অর্থাৎ প্রাসঙ্গিক কথা বলছিলেন তাঁদের নীরব হওয়া বোঝায় না। ফলে একাংশমাত্রের নীরবতা মাত্র ব্যক্ত হলো। এতে সিদ্ধার্থের উপস্থিতির সর্বজনব্যাপ্ত প্রভাবটি প্রকাশিত হয় না।

১৪ পাণ্ডব ঃ একটি পর্বতের নাম।

১৫. লোধ্র ঃ এক জাতীয় বৃক্ষ। প্রাচীন ভারতে নারীরা এর ফুলের রেণু

মুখে মাখতেন। কালিদাস বলেছেন: 'নীতা লোধ্রপ্রসবরজসা পাণ্ডুতামাননে শ্রীঃ,' (মেঘদূত, উত্তর মেঘ, ২)—লোধ্রকুসুমের পরাগ মুখশ্রীকে পাণ্ডুবর্ণ করেছে।
উদয়গিরি: উদয় পর্বত। যে-পর্বতে সূর্য এবং চন্দ্রকে প্রথম উদিত দেখা যায়।

২০. ধাতু সাম্যবিষয়ে: ধাতুর সমতা আছে কিনা এই সম্বন্ধে। আয়ুর্বেদ-মতে বায়ু, পিত্ত, কফ এই তিনটি ধাতু শরীর রক্ষা করছে। এরা সমানভাবে থাকলে শরীর সুস্থ থাকে। এদের একটি যদি প্রবল হয় তবে শরীর অসুস্থ হয়।

৪০. কেয়ূর: অঙ্গদ, বাহুর ভূষণ।

৪১. বলভিদ্: বল নামক দৈত্যের বিনাশক। ইন্দ্র।

একাদশ সর্গ

২. হর্যঙ্ক: হরি=সিংহ, অঙ্ক=চিহ্ন। সিংহচিহ্নিত ছিল মগধাধিপতিদের পতাকা। বস্তুত, 'হর্যঙ্কুল' বলতে সূর্যবংশ বোঝায়। কারণ এই বংশের প্রতীক ছিল সিংহ। শুদ্ধোদন সূর্যবংশের রাজা ছিলেন।

১০. ত্রিপিটক: স্বর্গ।

১৪. পৌরাণিক কাহিনী: বৃত্রাসুরকে বধ করে ইন্দ্র যখন ব্রহ্মহত্যা ভয়ে ভীত হয়ে স্বর্গ ত্যাগ করে নিরুদ্দিষ্ট হন, দেবতা এবং ঋষিরা তখন চন্দ্রবংশীয় নহুষকে স্বর্গের রাজা করেন। নহুষ সেখানে ইন্দ্রের পত্নী শচীকে কামনা করেন। শচী বৃহস্পতির কাছে এসে বিপদ জানালে তিনি সময় প্রার্থনা করতে বলেন। নহুষ রাজি হলেন। শচী অলৌকিক শক্তির বলে সূক্ষ্ম মৃণালের মধ্যে আত্মগোপনকারী ইন্দ্রের সঙ্গে দেখা করলে তিনি শচীকে বলেন, বিক্রমে নয়, কৌশলে নহুষকে পদানত করতে হবে। নহুষকে বলবে: 'ঋষিযানেন দিব্যেন মামুপৈহি জগৎপতে। এবং তব বশে প্রীতা ভবিষ্যামি ॥' (মহাভারত, ৫. ১৫. ৪) হে জগৎপতি, ঋষিদের দ্বারা বাহিত দিব্যযানে আরোহণ করে আমার কাছে আসুন, তবেই প্রীত হয়ে আমি আপনার বশীভূত হব। উৎসাহিত নহুষ ঋষিদের দ্বারা শিবিকা বহন করাতে লাগলেন। একবার শ্রান্ত ঋষিগণ নহুষকে শাস্ত্রীয় প্রশ্ন করলে তর্কের উদ্ভব হয় এবং অগস্ত্যের ভাষায় নহুষ 'অথ মামস্পৃশন্ মূর্ধ্নি পাদেনাধর্মতাড়িতঃ' (ঐ ৫ ৭. ১২) অধর্মতাড়িত নহুষ পা দিয়ে আমার মস্তক স্পর্শ করল। তাতেই হীনতেজ হয়ে স্বর্গ থেকে ভ্রষ্ট হলেন নহুষ। শচীপতি পুনরায় স্বপদে প্রতিষ্ঠিত হলেন। অগস্ত্য শাপ দিলেন, দশ সহস্র বৎসর সর্পরূপে অবস্থান করে নহুষ স্বর্গে গমন করবেন। শাপের বিস্তৃত বিবরণ মহাভারতের বনপর্বের ১৭৭-১৮০ অধ্যায়ে আছে। বৃহৎ অজগরের অবস্থায়ও নহুষ অতৃপ্ত, পাণ্ডবদের বনবাসের সময় পরিপুষ্ট

ভীমসেনকে দেখে গ্রাস করতে উদ্যত হন। পরে তিনি আপন পরিচয় দেন এবং ভীম বুঝলেন চন্দ্রবংশের এই নৃপতি তাঁর পূর্বপুরুষ। ইতিমধ্যে যুধিষ্ঠির সন্ধান করতে-করতে সেখানে উপস্থিত হলে প্রশ্নোত্তরের ফলে শাপের শর্তানুসারে 'স নহুষো নৃপঃ। দিব্যং বপুঃ সমাস্থায় গতস্ত্রিদিবমেব হ ॥' (বনপর্ব ১৮১. ৪৪) দিব্য দেহ ধারণ করে নহুষ স্বর্গে গমন করলেন।

১৫. ঐড়ঃ ইড়ার পুত্র। পুরূরবা। ইড়াকে ইলাও বলা হয়, এই কারণে পুরূরবা 'ঐল' বলেও অভিহিত। ইনি চন্দ্রবংশের অতি প্রসিদ্ধ প্রথম নরপতি। উর্বশী ইন্দ্রের শাপে পৃথিবীতে এসে কিছুকাল বাস করেছিলেন. সেই সময়ে পুরূরবার পত্নীত্ব স্বীকার করেন। শাপের অবসানে স্বর্গে যখন ফিরতে হবে সেই বিদায়কালীন অপূর্ব আলাপ ঋক্‌বেদের ১০ম মণ্ডলের ৯৫ সূক্তে বিবৃত আছে।

কৌটিল্য 'অর্থশাস্ত্রে'র ইন্দ্রিয়জয়প্রকরণে বলেছেন, 'লোভাদ্ ঐলঃ' (১. ৬) লোভবশত ঐল অর্থাৎ পুরূরবা নষ্ট হয়েছিলেন। মহামহোপাধ্যায় টি. গণপতি শাস্ত্রী-এর টীকায় 'ইতি ঐতিহ্যং কৈশ্চিদ্ বর্ণ্যতে' এরকম কাহিনী কেউ-কেউ বলেন, এই বলে যে কাহিনী বলেছেন তা হলো, পুরূরবা লোভবশত নৈমিষারণ্যে ঋষিদের যজ্ঞশালায় প্রবেশ করে সেখান থেকে অপরিমিত ধন হরণ করতে উদ্‌যুক্ত হওয়ায় ব্রাহ্মণশাপে বিনষ্ট হন।

১৬. বলি: পৌরাণিক কাহিনী, বিষ্ণুভক্ত প্রহ্লাদের পুত্র বিরোচন, বিরোচনের পুত্র বলি, প্রসিদ্ধ দৈত্যরাজ। কঠোর তপস্বী এবং পরাক্রান্ত রাজা। স্বর্গরাজ্য অধিকার করে ইন্দ্রাদি দেবগণকে স্বর্গচ্যুত করেন। দেবগণ বিষ্ণুর শরণাপন্ন হলে বিষ্ণু কশ্যপের ঔরসে খর্বাকৃতি বামনরূপে জন্মগ্রহণ করেন। বামন শব্দের অর্থ খর্বকায় পুরুষ। দশ অবতারের মধ্যে বিষ্ণুর এটি পঞ্চম অবতার। বিষ্ণু দৈত্যরাজ বলির যজ্ঞে গিয়ে তাঁকে ছলনা করবেন, যোগবলে দৈত্যগুরু শুক্রাচার্য এটি জানতে পেরে বলিকে সাবধান করেন কিন্তু দান-বীর বলি সাবধান বাণী না শুনে দানে প্রবৃত্ত হন।

১৮. উগ্রায়ুধ: প্রাচীন পুরুবংশের এক রাজা। ইনি উগ্র অর্থাৎ তীব্র আয়ুধ বা অস্ত্র সম্পন্ন ছিলেন। ভীষ্ম যখন পিতৃশোকে কাতর ছিলেন তখন উগ্রায়ুধ দূতের মুখে বলে পাঠান যে ভীষ্ম যদি স্ত্রীগণের মধ্যে রত্নস্বরূপা তাঁর জননী গন্ধকালীকে উগ্রায়ুধের হাতে প্রদান করেন তবে ভীষ্মকে তিনি প্রচুর ধনরত্ন দেবেন। ভীষ্ম নীরব রইলেন। তারপর অশৌচ গেলে ভীষণ যুদ্ধ করে উগ্রায়ুধকে বিনষ্ট করেন। এই কাহিনী হরিবংশের ২০ অধ্যায়ে বর্ণিত আছে।

২২. ঋণের তুল্য: ঋণ যেমন ফিরিয়ে দিতে হয়, বিষয়গুলিও তেমনি চলে যায়। ঋণ রাখা চলে না, বিষয়ও রাখা যায় না।

২৩. তৃণোল্কা: তৃণ অর্থাৎ শুষ্ক ঘাস থেকে জাত উল্কা বা অগ্নি। তৃণজাত অগ্নি।

৩২. সুন্দ এবং উপসুন্দ: প্রহ্লাদের পিতা দৈত্যরাজ হিরণ্যকশিপুর বংশে

নিকুম্ভ জন্মগ্রহণ করেন। তাঁর দুই পুত্রের নাম সুন্দ এবং উপসুন্দ। এই মহাবীর অসুরেরা স্বভাবে এবং আচরণে এত ঐক্যবদ্ধ ছিলেন যে মনে হতো একজনকে দুভাগে ভাগ করে এই দুই ভাই হয়েছে 'একশীলসমাচারৌ দ্বিধৈবেকোঽভবৎ কৃতঃ,' (মহাভারত, আদিপর্ব ২০৯.৬)। এঁরা ব্রহ্মার আরাধনা করে এই বর চাইলেন যে 'সর্বস্মান্ নৌ ভয়ং ন স্যাদ্ ঋতেঽন্যোন্যং পিতামহ' (ঐ, ২০৯.২৪), আমাদের পরস্পরের কাছ থেকে ছাড়া আর কারও কাছ থেকে ভয় অর্থাৎ বিনাশ হবে না। পিতামহ বললেন 'তথাস্তু'। অতঃপর অজেয় হয়ে ত্রৈলোক্যের আধিপত্য অর্জন করে সমস্ত দেবকুল, সূর্য, চন্দ্র, গ্রহ, তারকাকে তীব্রভাবে উৎপীড়িত করলেন। তাঁরা শরণ নিলেন ব্রহ্মার। ব্রহ্মার আদেশে বিশ্বকর্মা অপরূপ রূপসী এক কন্যা গড়লেন। 'তিলং তিলং সমানীয় রত্নানাং যদ্ বিনির্মিতা। তিলোত্তমেতি তৎ তস্যা নাম চক্রে পিতামহঃ॥' (ঐ, ২১১. ১৮) সমস্ত রত্ন থেকে তিল-তিল করে আহরণ করে যেহেতু সে নির্মিত হয়েছিল তাই পিতামহ ব্রহ্মা তার নাম করলেন তিলোত্তমা। সে দুই ভাইয়ের কাছে গেল। তারা দুজনেই এর পাণিপ্রার্থী হয়ে কলহ আরম্ভ করলেন। 'মম ভার্যা তব গুরুরিতি সুন্দোঽভ্যভাষত। মম ভার্যা তব বধূরূপ সুন্দোঽভ্যভাষত।' (ঐ, ২১২.১৬) সুন্দ বললেন, এ-আমার স্ত্রী, তোমার গুরুজন; উপসুন্দ বললেন, এ আমার স্ত্রী, তোমার বৌমা। অতঃপর ভ্রাতৃবন্ধন ছিন্ন হলো। পরস্পর সেই রমণীর জন্য যুদ্ধ করে তাঁরা ধ্বংস হলেন। বরের মধ্যে যে অভিশাপ ছিল সেটি পূর্ণ হলো।

৩৬. ভোগ ঃ আনন্দজনক ভোগ্য পদার্থ।

৩৮. তন্দ্রা ঃ অল্প নিদ্রা, অবসন্নতা।

৪৫ আসঙ্গকাষ্ঠ ঃ বাঁক। এর দুদিকে দড়ির সাহায্যে দ্রব্য নিয়ে কাঁধে করে বহন করা হয়।

৭৯. শীতের শত্রুর পতাকা, ইত্যাদি ঃ শীতের শত্রু = অগ্নি, তার পতাকা = ধূম, তা থেকে উৎপন্ন বস্তু = মেঘ; তা থেকে উৎপন্ন বস্তু = বৃষ্টি। অতএব 'শীতের শত্রুর······উৎপন্ন বস্তুতে' এই অংশের নির্গলিত অর্থ হলো 'বৃষ্টিতে'। দ্বিজ = অগ্নি।

শীতের শত্রু = সূর্য; তাঁর শত্রু = অন্ধকার, তমঃ। 'শীতের শত্রুর··· শত্রুনাশের দ্বারা' এই অংশের নির্গলিত অর্থ হলো—'অজ্ঞান নাশের দ্বারা'। 'দ্বিজ' শব্দের এখানে অর্থ 'অগ্নি'। 'দ্বিজন্মা' অর্থাৎ দুবার জন্মগ্রহণ করেন বলে ঋক্‌বেদে অগ্নির উল্লেখ আছেঃ 'দ্বিজন্মানং রয়িমিব প্রশস্তম্' (১. ৬০. ১) দ্বিজন্মা অগ্নি বিত্তের মতো প্রশংসিত। 'অভি দ্বিজন্মা ত্রিবৃদন্নম্ ঋজ্যতে' (১. ১৪০. ২) দ্বিজন্মা (অগ্নি) তিনপ্রকার অন্ন সম্মুখে এনে (ভক্ষণ করছেন)। অগ্নি দ্বিজন্মা এই কারণে যে তিনি দুই অরণি অর্থাৎ যজ্ঞকাষ্ঠ থেকে উৎপন্ন। উপরের কাষ্ঠটির নাম 'উত্তর অরণি' এবং নিচের কাষ্ঠটির নাম 'অধর অরণি'। এদের ঘর্ষণের দ্বারা যজ্ঞের অগ্নি উৎপাদিত হতো। বর্তমান শ্লোকটি একটি প্রহেলিকা।

ই, বি, কাওয়েল একে 'অত্যন্ত কঠিন শ্লোক' বলেছেন। 'প্রহেলিকা তু সা জ্ঞেয়া বচঃ সংবৃতিকারি যৎ' অভিপ্রেত অর্থকে বচনবিন্যাসের দ্বারা আবৃত করার নাম 'প্রহেলিকা'। ইচ্ছাকৃত বাক্‌চাতুর্যের ফলে এই শ্লোকের অতি সরল অর্থ কষ্ট-গ্রাহ্য হয়েছে। রসোপলব্ধির বিঘ্ন ঘটায় বলেই বিশ্বনাথ একে অলঙ্কার বলে স্বীকার করেন নি: 'রহস্য পরিপন্থিত্বান্ নালঙ্কারঃ প্রহেলিকা' (সাহিত্যদর্পণ, ১০. ১৬)।

দ্বাদশ সর্গ

২০. ক্ষেত্রজ্ঞ : ক্ষেত্র অর্থাৎ শরীরকে যিনি জানেন, তিনি আত্মা। গীতায় আছে : 'ইদং শরীরং কৌন্তেয়, ক্ষেত্রম্ ইত্যভিধীয়তে। এতদ্ যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্বিদঃ ॥' (১৩.২) হে অর্জুন, এই শরীরকে ক্ষেত্র বলা হয়। একে যিনি জানেন, ক্ষেত্র এবং ক্ষেত্রজ্ঞবিদ্‌গণ তাঁকে 'ক্ষেত্রজ্ঞ' বলেন।

২৬. অহঙ্কার : 'এবং জাতি-রূপ-বিত্ত-বৃত্ত-বুদ্ধি-শীল-বিদ্যাভিজন-বয়োবীর্য-প্রভাব-সম্পন্নঃ অহম্ ইতি অহঙ্কারঃ' (শরীরস্থান, ৫. ১১) এইরকম জাতি, রূপ, বিত্ত, চরিত্র, বুদ্ধি, স্বভাব, বিদ্যা, বংশ, বয়স, বীর্য এবং প্রভাব সম্পন্ন আমি এই হলো 'অহঙ্কার'।

২৭. সন্দেহ : 'কর্মফল-মোক্ষ-পুরুষ-প্রেত্যভাবাদয়ঃ সন্তি ন বা ইতি সংশয়ঃ' (ঐ, ৫. ১৩) কর্মফল, মোক্ষ, পুরুষ (আত্মা) এবং পরলোক প্রভৃতি আছে কি নেই এই ভাব হলো 'সংশয়'।

২৮. গণ : মন, বুদ্ধি এবং কর্ম নিয়ে যে শ্রেণী বা সমূহ।

৩০. বষট্‌কার : দেবযজ্ঞ, হোম, আহুতি। 'স্যাদ্ দেবযজ্ঞ আহুতিঃ। হোমো হোত্রং বষট্‌কারঃ।' হেমচন্দ্র, অভিধানচিন্তামণি, মর্ত্যকাণ্ড, (৩৯), প্রোক্ষণঃ 'উত্তানেনৈব হস্তেন প্রোক্ষণং সমুদাহৃতম্' (ছন্দোগপরিশিষ্ট) চিৎ হাতে কোন কিছুতে জলের ছিটা দেওয়ার নাম 'প্রোক্ষণ।'
অভ্যুক্ষণ : 'ন্যঞ্চতাভ্যুক্ষণং প্রোক্তম্' (ছন্দোগপরিশিষ্ট) উপুড় হাতে জলের ছিটা দেওয়ার নাম 'অভ্যুক্ষণ'। যজ্ঞ প্রভৃতিতে ভিন্ন-ভিন্ন ব্যাপারে ভিন্ন-ভিন্ন প্রকারে জলের ছিটা দেওয়ার বিধি আছে।

৪৮. নিগৃহীত : সংযত। বিষয়ের প্রতি গমন থেকে নিবারিত।

৪৯. বিবেক : জড় এবং চেতনের ভেদ।

৫৩. আভাস্বর : একশ্রেণীর দেবতা, এঁদের সংখ্যা ৬৪। অন্য নাম 'আভাস্বর'।

৫৫. শুভকৃৎস্ন : একশ্রেণীর দেবতা। এঁরা দেহে এবং মনে সম্পূর্ণ একপ্রকার।

৬১. আকাশ : অবকাশ, শূন্যতা।
বক্তব্য এই যে শরীরে শূন্যস্থান কিছু-কিছু আছে আবার তার বহু অংশ ঘন। যোগী প্রথমে শূন্যস্থানগুলির কথা ভাববেন, ক্রমশ শূন্যতার দ্বারা চিত্ত পরিপূর্ণ বলে ঘন দেহের মধ্যেও শূন্যতা চিন্তা করেন।

৬৩. আকিঞ্চন্য ঃ অকিঞ্চনের ভাব। 'অকিঞ্চন' শব্দের অর্থ যার কিছুই নেই। বর্তমান শ্লোকে কথিত ধ্যানে কোন বিষয় প্রতিভাত হয় না বলে অনুরূপ ধ্যান যুক্ত পুরুষের 'আকিঞ্চন্য' সংজ্ঞা হয়েছে।

৬৪. মুঞ্জ তৃণ থেকে ইষীকা ঃ মুঞ্জ একরকমের তৃণ। ইষীকা=শীষ। মুঞ্জ তৃণ থেকে ইষীকা বা শীষ যেমন আকর্ষণের ফলে বেরিয়ে আসে, সাধনার ফলে তেমনি ক্ষেত্র বা দেহ থেকে ক্ষেত্রজ্ঞ বেরিয়ে আসেন। এই উপমাটি প্রসিদ্ধ।

কঠোপনিষদ্ বলেছেন ঃ 'অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঽন্তরাত্মা সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ। তং স্বাচ্ছরীরাৎ প্রবৃহেন্ মুঞ্জাদিবেষীকাং ধৈর্যেণ। তং বিদ্যাচ্ছুক্রম্ অমৃতম্ ॥' (২. ৩. ১৭) অঙ্গুষ্ঠপ্রমাণ অন্তরাত্মা পুরুষ সর্বদা সর্বজনের হৃদয়ে নিবিষ্ট আছেন। মুঞ্জ তৃণ থেকে যেমন ইষীকা তুলে নেওয়া হয় তেমনি আপন শরীর থেকে তাঁকে পৃথক করতে হবে। তাঁকেই জানতে হবে শুদ্ধ, মরণধর্মবর্জিত (ব্রহ্ম) বলে। শতপথব্রাহ্মণ এবং মহাভারতেও অনুরূপ উক্তি আছে।

৬৫. লিঙ্গরহিত ঃ চিহ্নরহিত, ফলত বাক্যের দ্বারা ব্যাখ্যার অযোগ্য।

অক্ষর ঃ 'ক্ষর সঞ্চলনে' ক্ষর্ ধাতুর অর্থ প্রবাহিত হওয়া। 'ন ক্ষরতি, ন চলতি ইতি অক্ষরম্' (শ্রীধর স্বামীর টীকা, গীতা, ৮.৩) যার ক্ষরণ অর্থাৎ চলন নেই তা-ই অক্ষর। 'অক্ষর' শব্দের 'অবিনাশী' অর্থও প্রসিদ্ধ। বিকাররহিত ব্রহ্মকে 'অক্ষর' বলা হয়েছে বহুস্থানে, যেমন, 'এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি সূর্যাচন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠতঃ' (বৃহদারণ্যক উপনিষদ্ ৩.৮.৯) হে গার্গি, এই অক্ষরের শাসনেই সূর্য এবং চন্দ্র বিধৃত রয়েছে। গীতায় বলা হয়েছে ঃ 'অক্ষরং ব্রহ্ম পরমম্' (৮.৩) যা পরম অক্ষর তা ব্রহ্ম।

ধ্রুব ঃ নিশ্চল, অটল।

৬৭. জৈগীষব্য ঃ প্রসিদ্ধ মুনি এবং সাংখ্যদর্শনের আচার্য। মহাভারতের শান্তিপর্বে গন্ধর্ব বিশ্বাবসু সাংখ্যদর্শনের প্রবক্তাদের মধ্যে জৈগীষব্য অন্যতম বলে উল্লেখ করেছেন। শান্তিপর্বের ২২৯ অধ্যায়ে দেবলের সঙ্গে জৈগীষব্যের যে-আলাপ লিপিবদ্ধ রয়েছে তাতে নৈতিক আচরণকে চরম শ্রেয়প্রাপ্তির উপায় বলে প্রতিপাদন করেছেন জৈগীষব্য।

৬৯. ক্ষেত্রজ্ঞের পরিত্যাগ না হওয়ায় ঃ ক্ষেত্রজ্ঞ=আত্মা, দ্রষ্টা, জ্ঞাতা (১২.২০ দ্রষ্টব্য)। সমাধিতে 'আকিঞ্চন্যের' (১২.৬৩ দ্রষ্টব্য) যে-অবস্থা হয় তাতে তিনি কিছুই দর্শন করেন না। রূপ বা অরূপ কোন-কিছুরই অনুভব তাঁর হয় না। কিন্তু যাঁর কোন কিছুর অনুভব হচ্ছে না সেই ক্ষেত্রজ্ঞ তো রয়েছেন। নইলে 'কোন-কিছুরই অনুভব হচ্ছে না' এই উক্তি বা অনুভূতি সম্ভব কেমন করে?

অনৈষ্ঠিক ঃ যা চূড়ান্ত বা চরম নয়। অরাড়্ সমাধিতে আকিঞ্চন্যের স্তর ব্যাখ্যা করেছেন কিন্তু সিদ্ধার্থের কাছে এটি নৈষ্ঠিক বা চূড়ান্ত নয় কারণ এই অবস্থায় ক্ষেত্রজ্ঞ আত্মা থাকায় আবার সংসারে অর্থাৎ

জন্মমৃত্যুর প্রবাহে ফিরে আসবার আশঙ্কা রয়েছে। সিদ্ধার্থ নির্বাণ বা আত্মার অবলুপ্তির প্রয়াসী।

৭০. প্রসবধর্মী : বাচস্পতি মিশ্র বলেছেন : 'প্রসব-রূপো ধর্মঃ যঃ স অস্য অস্তি ইতি প্রসবধর্মী" (তত্ত্বকৌমুদী, সাংখ্যকারিকা, ১১) প্রসব অর্থাৎ উৎপাদন রূপ যে-ধর্ম, তা এর আছে বলে প্রসবধর্মী। উৎপাদন করবার স্বভাব বিশিষ্ট। সাংখ্য মতে ক্ষেত্রজ্ঞ আত্মা প্রসবধর্মী নন; জড়প্রকৃতি, মহৎ, অহংকার প্রভৃতিই প্রসবধর্মী। আত্মা নিষ্ক্রিয়। সিদ্ধার্থ অরাড়ের বক্তব্যের উত্তরে আপন মত এখানে ব্যক্ত করছেন।

বীজধর্মী : উৎপাদনশক্তিযুক্ত। উৎপাদন শক্তিই বীজের ধর্ম। সাংখ্য মতে প্রকৃতি, মহৎ, অহংকার এবং পাঁচটি সূক্ষ্মভূত, যাদের পঞ্চ 'তন্মাত্র' বলা হয়েছে, এরাই বীজধর্মী। 'ন প্রকৃতির্ন বিকৃতিঃ পুরুষঃ' (সাংখ্যকারিকা, ৩) পুরুষ অর্থাৎ আত্মা কোন-কিছু উৎপাদন করে না, কোনকিছুর দ্বারা উৎপাদিত হয় না। সুতরাং আত্মা বীজধর্মী নয়। ন জায়তে ম্রিয়তে বা' (কঠোপনিষদ্, ১. ২. ১৮) এই আত্মা জন্মগ্রহণ করে না, মৃত্যুর অধীনও হয় না। 'ন চাস্য কশ্চিজ্জনিতা' (শ্বেতাশ্বতর উপনিষদ্, ৬. ৯) এর কোন উৎপাদনকারী নেই। একে বলা হয়েছে 'নিষ্ক্রিয়' (ঐ, ৬. ১৯)।

৭২. ঋতু : ঋতু শব্দের ব্যবহার হয়েছে কাল বোঝাবার জন্য। বীজ, মৃত্তিকা এবং জল থাকলেও অনুকূল সময় না থাকলে বীজ অঙ্কুরিত হয় না, হলেও সুফল প্রসব করে না।

৭৩. সিদ্ধার্থ আপন দর্শন ব্যক্ত করছেন এই শ্লোক এবং পরবর্তী শ্লোকগুলিতে। সাংখ্যমতে আত্মা 'নিষ্ক্রিয়', তার কর্ম নেই, অজ্ঞান তার স্বাভাবিক নয়, আগন্তুক। 'ন স্বভাবতো বদ্ধস্য মোক্ষসাধনোপদেশ বিধিঃ' (সাংখ্যদর্শন, ১. ৭) স্বভাবত যে বদ্ধ তার সম্বন্ধে মোক্ষসাধনের উপদেশ দেওয়া হয় না। কারণ স্বভাবত মলিন অঙ্গারের যেমন মলিনতা শতবার ধৌত হলেও যায় না তেমনি মুক্তির শত উপদেশবিধিতেও স্বভাবত বদ্ধ আত্মার বন্ধন ঘুচবে না। নিত্য, শুদ্ধ, বুদ্ধ মুক্ত স্বভাব আত্মার (সাংখ্যদর্শন, ১. ১৯) বন্ধন যে অজ্ঞানকৃত সেই অজ্ঞানও আত্মার স্বাভাবিক ধর্ম নয়, এই হলো সাংখ্যদর্শনের মত, কারণ আত্মা স্বপ্রকাশ, জ্ঞানস্বরূপ। ব্যাসদেব বলেছেন, 'চিতিরেব পুরুষঃ' (যোগভাষ্য, ১.৯) চৈতন্যই আত্মা। চৈতন্য পুরুষের গুণ নয় কারণ পুরুষ (আত্মা) নির্গুণ, তাই চৈতন্য বা জ্ঞান পুরুষের স্বরূপ এই কথা বোঝাবার জন্য সাংখ্যদর্শন বলেছেন 'নির্গুণত্বান্ন চিদ্ধর্মা' (১. ১৪৬) আত্মা নির্গুণ বলে চৈতন্য বা জ্ঞান পুরুষের ধর্ম বা গুণবিশেষ নয়। বিজ্ঞানভিক্ষু আত্মা সম্পর্কে সাংখ্যদর্শনের এই সিদ্ধান্তকে স্পষ্ট করে বলার জন্য স্মৃতির বচন উদ্ধৃত করেছেন : 'জ্ঞানং নৈবাত্মনো ধর্মো ন গুণো বা কথঞ্চন। জ্ঞানস্বরূপ এবাত্মা নিত্যঃ'। (সাংখ্যদর্শনভাষ্য, ১. ১৪৬) জ্ঞান কোন প্রকারেই আত্মার ধর্ম বা গুণ নয়। আত্মা জ্ঞানস্বরূপই বটে এবং নিত্য। 'তৃষ্ণা' ও আত্মার

স্বাভাবিক নয়। উপনিষদ্ তাকে বলেছেন 'বিজিঘৎসঃ, অপিপাসঃ' (ছান্দোগ্য উপনিষদ্, ৮. ৭. ১) ক্ষুধাহীন, তৃষ্ণাহীন। জ্ঞানস্বরূপের পক্ষে অজ্ঞানও স্বাভাবিক নয় কিন্তু নৈমিত্তিক। বস্তুর যা স্বাভাবিক ধর্ম, তা যতক্ষণ বস্তুটি আছে ততক্ষণ থাকবেই, হয়ত ক্রিয়া বিশেষের দ্বারা সাময়িকভাবে তাকে তিরোহিত করা যেতে পারে কিন্তু যা স্বভাবসিদ্ধ নয়, বস্তু থেকে তাকে বিচ্ছিন্ন করে বস্তুটিকে অক্ষত অবস্থায় রাখা যায়। চর্ম দেহের পক্ষে স্বাভাবিক, কিন্তু বস্ত্র নয়, তাই বস্ত্রকে দেহ থেকে বিযুক্ত করা চলে এবং করলেও দেহ অবিকৃতই থাকে। অজ্ঞান, কর্ম এবং তৃষ্ণা ইত্যাদি সাংখ্যদর্শন মতে নির্গুণ আত্মার স্বভাব বা ধর্ম না হওয়ায় মুক্তিতে আত্মা থাকলেও এরা থাকে না, সম্পূর্ণ বর্জিত হয়। বস্তুত সাংখ্যমতে অজ্ঞান বা অবিদ্যার নাশ এবং তার ফলে কর্ম ও তৃষ্ণা ইত্যাদি যাকিছু অজ্ঞানকৃত তার সম্পূর্ণ বিনাশই চিরস্থায়ী আত্মার মুক্তি। এবং একবার যদি এদের বর্জন করে তবে পুনরায় গ্রহণের প্রশ্ন থাকে না। সাপ যে খোলস ছেড়েছে তাতে আর প্রবেশ করে না।

৭৫ সিদ্ধার্থ এই শ্লোকে যে কল্পিত মুক্তির কথা বলেছেন তা সাংখ্যদর্শনে মুক্তি বলে গৃহীত হয় নি। সাংখ্যদর্শনে প্রতিপাদিত মুক্তিতে দোষ সূক্ষ্মভাবেও থাকে না, সে তখন সম্পূর্ণ অনুপস্থিত। চিত্ত নেই কেননা পুরুষ মুক্তিতে উপাধিহীন। চিত্ত পুরুষের উপাধি। ফলত মুক্তিতে চিত্তবিহীন পুরুষ 'কেবল' অর্থাৎ একাকী। তার এই একাকীত্বকেই 'স্বরূপপ্রতিষ্ঠা' বা 'কৈবল্য' বলা হয়েছে সাংখ্যদর্শনে। তবে মুক্তি নয় অথচ মূঢ়ভাবে মুক্তি বলে কল্পিত হয় এমন অবস্থার কথাও এই দর্শনে রয়েছে। যোগদর্শন বলেছেনঃ 'ভাবপ্রত্যয়ো বিদেহপ্রকৃতিলয়ানাম্' (১. ১৯.) যা আত্মা নয় তাকে অর্থাৎ ভূত, ইন্দ্রিয় এবং প্রকৃতিকে আত্মা বলে উপাসনা করে যাঁরা সিদ্ধ হন সেই দেবগণ এবং প্রকৃতিতে লীন ব্যক্তিগণের সমাধি অজ্ঞানমূলক। এই জাতীয় অবস্থা গৌণমুক্তি বলে অভিহিত। বায়ুপুরাণ এই অবস্থা বর্ণনা প্রসঙ্গে বলেছেনঃ 'দশ মন্বন্তরাণীহ তিষ্ঠন্তীন্দ্রিয়চিন্তকাঃ। ভৌতিকাস্তু শতং পূর্ণং সহস্রং ত্বাভিমানিকাঃ। বৌদ্ধা দশ সহস্রাণি তিষ্ঠন্তি বিগতজ্বরাঃ। পূর্ণং শতসহস্রং তু তিষ্ঠন্ত্যব্যক্তচিন্তকাঃ। নির্গুণং পুরুষং প্রাপ্য কালসংখ্যা ন বিদ্যতে॥' ইন্দ্রিয়ের উপাসকদের মুক্তিকাল দশ মন্বন্তর, সূক্ষ্মভূত উপাসকদের শত মন্বন্তর, অহংকারের উপাসকদের সহস্র মন্বন্তর, বুদ্ধি বা মহৎ-তত্ত্বের উপাসকদের দশ হাজার মন্বন্তর এবং প্রকৃতির উপাসকদের লক্ষ মন্বন্তর। এক মন্বন্তর = মনুষ্যজগতের ৪,৩২,,০০০ বৎসর। এই দীর্ঘকাল এঁদের আর আবির্ভাব হয় না। কিন্তু যার যেটি নির্ধারিত সময় তার অবসানে পুনরায় জগতে জন্মগ্রহণ করতে হয় বলে এটি যথার্থ মুক্তি নয়। নির্গুণ পুরুষকে লাভ করলে অর্থাৎ আত্মজ্ঞান হলে যে-মুক্তি হয় তা কোন কালের দ্বারা সীমিত নয়। 'ন চ পুনরাবর্ততে' (ছান্দোগ্য উপনিষদ্, ৮. ১৫) সে আর সংসারে ফিরে আসে না। এই হলো প্রকৃত মুক্তি।

৮২. সর্বপরিত্যাগ ঃ এমনকি আত্মাকেও। সিদ্ধার্থ আপন অভিপ্রেত শূন্যবাদের কথা বলছেন। বাচস্পতি মিশ্র এই অভিমতকে লক্ষ্য করেই বলেছেন ঃ 'কোচৎ পশ্যন্তি হ্যতুঃ স্বরূপোচ্ছেদ এব মোক্ষঃ। তথা আহুঃ "প্রদীপস্যেব নির্বাণং বিমোক্ষস্তস্য তায়িনঃ" ইতি' (তত্ত্ববৈশারদী, যোগসূত্র, ২. ১৫) কেউ-কেউ মনে করেন, দুঃখবহুল সংসার যিনি ত্যাগ করবেন তাঁর স্বরূপের উচ্ছেদ বা বিনাশই মুক্তি। তাঁরা বলেন, "সেই ক্ষণিকবিজ্ঞানসন্তানরূপ আত্মার মুক্তি হলো প্রদীপের নিভে যাওয়ার মতো।" অর্থাৎ আত্মাব সম্পূর্ণ অনস্তিত্ব বা বিনাশই মুক্তি। একেই বলা হয় নির্বাণ। এই মতে সবই ক্ষণিক। জ্ঞানও ক্ষণিক। একটি জ্ঞান উৎপন্ন হয়েই বিনষ্ট হয় এবং সঙ্গে-সঙ্গে আর একটি জ্ঞান উৎপন্ন হয়। এই ক্ষণে-ক্ষণে উৎপন্ন জ্ঞানের যে-সন্তান বা সমূহ তা-ই আত্মা। তাই আত্মা=ক্ষণিকবিজ্ঞানসন্ততি।

৮৪. উদ্রক ঃ জনৈক মুনি।

৮৯. রাজর্ষি গয়ের নগরী ঃ এরই নাম গয়া। হেমচন্দ্র বলেছেন, 'গয়া পুঃ গয়রাজর্ষেঃ' (অভিধানচিন্তামণি, ভূমিকাণ্ড) 'গয়' নামক রাজর্ষির নামে নগরীর নাম গয়া। বায়ুপুরাণের দ্বিতীয় অধ্যায়ে বলা হয়েছে 'গয়' নামক অসুরেব নামে গয়া নামকরণ হয়েছে স্থানটিব। প্রসিদ্ধ তীর্থ।

১২০. পর্যঙ্ক আসন ঃ বীরাসন। মল্লিনাথ কুমারসম্ভবের ৩. ৪৫ শ্লোকের টীকায় বশিষ্ঠের উক্তি বলে বীরাসনের সংজ্ঞা উদ্ধৃত করেছেন ঃ 'একং পাদমথৈকস্মিন্ বিন্যস্যোরৌ তু সংস্থিতম্। ইতরস্মিংস্তথৈবোরৌ বীরাসনমুদাহৃতম্ ।।, দক্ষিণ চবণ বাম উরুর উপরে এবং বাম চবণ দক্ষিণ উরুর উপরে রেখে বসার নাম বীরাসন।

ত্রয়োদশ সর্গ

৫. **উরুভঙ্গ**—এক অঙ্কে রচিত উরুভঙ্গের অবলম্বন ভীম ও দুর্যোধনের যুদ্ধ এবং শেষ পর্যন্ত ভীমের গদাঘাতে দুর্যোধনের 'উরু-বিপর্যয়'! দৃশ্যটি অত্যন্ত করুণ, যেখানে দুর্যোধনের তরুণ পুত্র পিতার ভগ্ন উরুর উপরে উঠে বসার চেষ্টা করছে সেখানে করুণরস আরও ঘনীভূত হয়েছে। অনুতপ্ত বীর দুর্যোধন বিরোধের অবসানের জন্যই পুত্রকে উপদেশ দিয়েছেন। 'উরুভঙ্গ' নাটক সংস্কৃত নাট্য সাহিত্যে একমাত্র ট্র্যাজেডি।

৬. **পঞ্চরাত্র**—তিন অঙ্কের নাটক। দুর্যোধন যজ্ঞের অনুষ্ঠান করেছেন। এই উপলক্ষে উদারভাবে প্রার্থীদের দান করা হচ্ছে। অস্ত্রগুরু দ্রোণাচার্যকে তিনি দক্ষিণা দিতে ইচ্ছুক। দ্রোণ চাইলেন পাণ্ডবদের জন্য অর্ধেক রাজত্ব। শকুনি একটি শর্ত আরোপ করলেন, দ্রোণকে পাঁচ রাত্রির মধ্যে পাণ্ডবদের সংবাদ এনে দিতে হবে। এই সময়ে সংবাদ এল, যজ্ঞীয় অনুষ্ঠানে বিরাটরাজ উপস্থিত হতে পারেন নি, কেন-না তাঁরই আত্মীয় একশত কীচককে কেবলমাত্র বাহুর আঘাতেই কোন এক অজ্ঞাত যোদ্ধা বধ করেছে—। ভীষ্ম বুঝলেন এ-যোদ্ধা আর কেউ নয় স্বয়ং ভীম। শকুনির শর্তে দ্রোণাচার্য সম্মত হলেন। এদিকে বিরাট রাজার গোধন অপহরণের জন্য ভীষ্মের পরামর্শে এক অভিযান প্রেরিত হলে—রাজকুমার উত্তর এগিয়ে এলেন যুদ্ধে, তাঁর সারথি হলেন বৃহন্নলাবেশী অর্জুন। যুদ্ধে কৌরবদল পরাজিত হলেন, দ্রৌপদীপুত্র অভিমন্যু বন্দী হলেন বিরাট রাজার পাচকবেশী ভীমের হাতে। নাটকে শেষ পর্যন্ত দেখান হয়েছে অভিমন্যুর সঙ্গে রাজকুমারী উত্তরার বিবাহ হলো ; দুর্যোধন তার শপথ পালন করলেন।

৭. **বালচরিত**—পাঁচ অঙ্কের নাটক। নাট্যবস্তু কংসবধ পর্যন্ত শ্রীকৃষ্ণের বাল্য-জীবনের কাহিনী। নাটকে হত্যাকাণ্ডের প্রাচুর্য দেখা যায়।

৮. **অভিষেক**—কাহিনীর উৎস রামায়ণ। ছয় অঙ্কে সমাপ্ত এই নাটকে আছে তিনটি অভিষেকের কাহিনী। বালি ও সুগ্রীবের অভিষেক থেকে কাহিনীর শুরু আর সীতার অগ্নিপরীক্ষা ও রামের অভিষেকে সমাপ্ত।

৯. **প্রতিমা নাটক**—ভাস-রচিত রামায়ণ অবলম্বনে নাটকগুলির মধ্যে শ্রেষ্ঠ নাটক 'প্রতিমা'। রচনা সর্বত্র নাটকীয়গুণে সমৃদ্ধ। রামচন্দ্রের রাজ্যাভিষেকের আয়োজন চলেছে। সহসা সব বন্ধ হয়ে গেল। সংবাদ এল বৃদ্ধ রাজা দশরথ মূর্ছিত হয়ে পড়েছেন। এই বিপর্যয়ের মূলে রয়েছে কৈকেয়ীর দাবী। তাঁর দাবী—রামকে চৌদ্দ বছরের জন্য বনবাসী হতে হবে, আর ভরতকে অভিষিক্ত করতে হবে রাজসিংহাসনে।

রামচন্দ্র বনে যাত্রা করলেন, তাঁর অনুগামী হলেন লক্ষ্মণ ও সীতা। ভরত তখন মাতুলালয়ে ছিলেন, কিছুই জানতেন না। তিনি ফিরে এসে প্রতিমাগৃহে দেখতে পেলেন দশরথের মূর্তি; এই গৃহে মৃত রাজাদেরই মূর্তি রক্ষিত হতো। ভরত সব কথা জানতে পারলেন, এটুকু জানতে বাকি রইল যে তাঁর মা এই সর্বনাশের মূলে। ভবত রামকে ফিরিয়ে আনবার জন্যে বনে যাত্রা করলেন। কিন্তু রাম ফিরলেন না, পিতৃসত্য তাঁকে পালন করতে হবে; তখন রামচন্দ্রের পাদুকা নিয়ে ভরত ফিরে গেলেন অযোধ্যায়, পাদুকার প্রতিনিধি হয়েই তিনি রাজকার্য চালাবেন।

এইভাবেই কাহিনী অগ্রসর হযেছে—সীতা উদ্ধারের পর রামচন্দ্রেব অযোধ্যায় ফিরে আসা পর্যন্ত। নাটকটি সাত অঙ্কে সমাপ্ত।

১০. **স্বপ্নবাসবদত্তা**—ভাস-রচিত নাটকগুলির মধ্যে 'স্বপ্নবাসবদত্তা' শ্রেষ্ঠ স্থান দাবী করতে পারে। এই নাটক ছয় অঙ্কে রচিত। নাটকটি স্বপ্ন-নাটক নামেও পরিচিত। নাটকের উৎস 'বৃহৎকথা'।

১১. **প্রতিজ্ঞাযৌগন্ধরায়ণ**—এই নাটকেরও উৎস 'বৃহৎকথা'। নাটকটি যেন 'স্বপ্নবাসবদত্তা'র ভূমিকা। চার অঙ্কের এই নাটকে আছে—যৌগন্ধরায়ণ উজ্জয়িনীতে এসেছেন, উদয়ন প্রদ্যোত মহাসেন কর্তৃক বন্দী; বাসবদত্তার সঙ্গে উদয়নের পলায়নব্যবস্থা সুসম্পূর্ণ করতে। শেষ পর্যন্ত সুদক্ষ মন্ত্রী যৌগন্ধরায়ণের সাহায্যে বাসবদত্তাকে নিয়ে উদয়ন পালিয়ে গেলেন কিন্তু যৌগন্ধরায়ণ বন্দী হলেন মহাসেনের হাতে। পরে উদয়নের সঙ্গে বাসবদত্তার বিবাহ স্থির হলো, যৌগন্ধরায়ণ মুক্তি পেলেন। নাটকটি চার অঙ্কে সমাপ্ত। এই নাটক 'স্বপ্নবাসবদত্তা'র পূর্ববর্তী কাহিনীর ভিত্তিতে রচিত।

১২. **অবিমারক**—ছয় অঙ্কের নাটক। ইহার আখ্যানবস্তু কুমার বিষ্ণুসেনের (অরিমারক) সঙ্গে রাজা কুন্তীভোজের কন্যা কুরঙ্গীর মিলন। কাহিনীর উৎস—বৃহৎকথা। নাটকটি অতি নাটকীয় এবং ভাবাবেগপ্রধান।

১৩. **চারুদত্ত**—চার অঙ্কের এক অসম্পূর্ণ নাটক। বিদগ্ধ মহলের মতে পরবর্তী কালে শূদ্রক 'চারুদত্ত'কে অবলম্বন করেই 'মৃচ্ছকটিক' রচনা করেছিলেন। নাটকের আখ্যানবস্তু ব্রাহ্মণ চারুদত্ত ও নটী বসন্তসেনার প্রেম, সে-যুগের এক জনপ্রিয় কাহিনী।

স্বপ্ন নাটকের কথা

স্বপ্ন নাটককে অর্ধ-ঐতিহাসিক নাটক বলা যেতে পারে। 'কথাসরিৎসাগরে' যে উদয়ন-কথা বর্ণিত হয়েছে তা ঐতিহাসিক হলেও নাট্যকার প্রয়োজন মতো নিজের কল্পনার সাহায্য নিয়েছেন।

নাটক সম্পর্কে আলঙ্কারিক যেসব বিধান দিয়েছেন, ভাস সেইসব সম্পর্কে খানিকটা উদাসীন বলেই মনে হয়।

আলঙ্কারিক বিধি নির্দেশ করলেন, নাটক রচনায় মঞ্চে কোনো যুদ্ধ মৃত্যু বা শোকাবহ দৃশ্য কিংবা বধ প্রভৃতি দেখান চলবে না, ভাস 'উরুভঙ্গ' লিখে বিধিভঙ্গের দুঃসাহস দেখালেন।

সংস্কৃত নাটক নান্দীশ্লোক (শুভেচ্ছা বা আশীর্বাণী সূচক) দিয়ে সুরু হয়। নান্দীপাঠের পর মঞ্চ নির্দেশ থাকে 'নান্দ্যন্তে সূত্রধারঃ' অর্থাৎ নান্দীপাঠের পর সূত্রধার প্রবেশ করবেন। কিন্তু ভাস-রচিত নাটকে দেখা যাচ্ছে এই শুভেচ্ছা শ্লোকের আগেই মঞ্চ নির্দেশ থাকে—'নান্দ্যন্তে ততঃ প্রবিশতি সূত্রধারঃ'। তার অর্থ এই—নান্দী হয়ে গেছে নেপথ্যে, হবার পর সূত্রধার মঞ্চে প্রবেশ করে একটি শ্লোক পাঠ করেন। কিন্তু সেই শ্লোকটিকে কি আর নান্দী বলে চিহ্নিত করা যাবে?

স্বপ্ন নাটকেও তাই। ভাসের যুগে নিশ্চয়ই আলঙ্কারিকের নিয়ম তেমন বাধ্যতামূলক ছিল না অথবা সেই যুগে প্রচলিত অন্য কোনো নাট্যশাস্ত্রের বিধান তিনি পালন করেছেন। নইলে 'প্রস্তাবনার' পরিবর্তে 'স্থাপনা' তিনি পেলেন কোথা থেকে?

পঞ্চসন্ধি

সূচনা থেকে পরিসমাপ্তি পর্যন্ত সমগ্র নাটকীয় আখ্যানকে পাঁচটি ভাগে বিভক্ত করে দিতে হয়, এই হলো অলঙ্কার শাস্ত্রের নির্দেশ। এই পাঁচটি ভাগের এক একটিকে বলা হয় সন্ধি। স্বপ্ন নাটকে এই পঞ্চসন্ধির ব্যাপারটি বেশ স্পষ্ট। সন্ধিগুলির নাম—মুখ, প্রতিমুখ, গর্ভ, বিমর্শ ও উপসংহৃতি। স্বপ্ন নাটকে প্রথম অঙ্কে মুখ সন্ধির সূচনা, যেখানে মন্ত্রী যৌগন্ধরায়ণ পদ্মাবতীকে বললেন—'ভোঃ অহম্ প্রার্থী'। মুখসন্ধির এই বীজ বিকশিত হতে-হতে ক্রমশ অভিপ্রেত ফলের দিকে অগ্রসর হতে থাকে, তার নাম প্রতিমুখ সন্ধি। স্বপ্ন নাটকের দ্বিতীয়, তৃতীয় আর চতুর্থ অঙ্কে বর্ণিত ঘটনা প্রতিমুখসন্ধির অন্তর্গত। এই অংশে বাসবদত্তা পদ্মাবতীর সহচরী, ঘটনাগুলোও এমনভাবে ঘটে যাচ্ছে যাতে নায়ক ও নায়িকার মিলন হতে পারে।

এরপর গর্ভসন্ধি। এই অংশে কতকগুলো অনুকূল ঘটনার ঘাত-প্রতিঘাতে নাটকের মূল উদ্দেশ্য সার্থকতার পথে অগ্রসর হয়ঃ স্বপ্ন নাটকে দেখা যায়—পঞ্চম অঙ্কে নায়ক-নায়িকার সঙ্গে সমুদ্রগৃহে সামান্য সময়ের জন্য হলেও মিলিত হয়েছেন। উদয়ন যেখানে বাসবদত্তার স্পর্শে জেগে উঠেই আর্তনাদ করে উঠেছেন—'তিষ্ঠ! তিষ্ঠ!'—সেইখানেই গর্ভসন্ধির সমাপ্তি। গর্ভসন্ধির পর বিমর্শ সন্ধি। আখ্যানের এই অংশে নায়ক-নায়িকার বিরহের বর্ণনা থাকে। ষষ্ঠ অঙ্কের যেখানে বাসবদত্তার

ছবি উদয়নের হাতে তুলে দেওয়া হলো (এসা চিত্তফলআ তব সআসং পেসিদা) সেই পর্যন্ত বিমর্শ সন্ধি বিস্তৃত। উপসংহৃতি অর্থাৎ উপসংহার। ষষ্ঠ অঙ্কে যেখানে পদ্মাবতী চিত্রের দিকে তাকিয়ে উদয়নকে বলছেন—তার সঙ্গিনী আবন্তিকার (বাসবদত্তা) সঙ্গে প্রতিকৃতির সাদৃশ্যের কথা সেখান থেকেই নির্বহণ সন্ধির (উপসংহারের) সূচনা। এই অংশে ধীরে-ধীরে মিলনের বাধাগুলো অপসারিত হচ্ছে এবং শেষপর্যন্ত নায়ক-নায়িকার মিলনের মধ্যে আখ্যান সম্পূর্ণ হয়েছে। নির্বহণ সন্ধিতে থাকে বাধা অপসারণ আর ফলপ্রাপ্তির কথা।

নাটকের নাম

নাটকের নাম প্রসঙ্গে খুব বিচলিত হবার দরকার নেই, কেন-না প্রাচীন যুগের লেখকগোষ্ঠী খুব সোজাসুজি নাম রাখারই পক্ষপাতী ছিলেন। যাতে নামের মধ্যে বিষয়বস্তুটা ধরা পড়ে সেইদিকেই তাঁদের যত্ন ছিল। রচনার নাম বেশ ইঙ্গিতবহ হবে এ-ব্যতিকটা আধুনিক কালের।

ভাস-রচিত একটি নাটকের নাম 'ঊরুভঙ্গম্' ব্যাপারটা বুঝতে অসুবিধা হয় না। আর একটি নাটক 'দূতঘটোৎকচম্'—দূতরূপী ঘটোৎকচের কাহিনী; অন্য একটি নাটকের নাম অভিষেক নাটকম্'—এর মধ্যেও দুর্বোধ্য কিছু নেই। তবে 'প্রতিমা নাটকম্' বা 'পঞ্চরাত্রম্'—এই জাতীয় নামকরণের বিশেষ তাৎপর্য রয়েছে। 'স্বপ্ন-বাসবদত্তম্' নাটকটিও এই পর্যায়ের। 'বাসবদত্তা'র সঙ্গে 'স্বপ্ন' যুক্ত হওয়ার ফলেই একটা কৌতূহল জাগে,—নামকরণের মধ্যে এই উৎকণ্ঠা সৃষ্টি রীতিমত নাটকীয়।

'স্বপ্নবাসবদত্তম্' নামটি তিনভাবে ব্যাখ্যা করা যেতে পারে—

১. 'বাসবদত্তামধিকৃত্য কৃতং নাটকম্'—'বাসবদত্তম্' বাসবদত্তাকে নিয়ে লেখা নাটক। 'স্বপ্ন প্রধানম্ বাসবদত্তম্'—অর্থাৎ বাসবদত্তাকে নিয়ে লিখিত যে নাটকে 'স্বপ্নই' প্রাধান্য পেয়েছে।

২. স্বপ্ন দৃষ্টা বাসবদত্তা—স্বপ্নবাসবদত্তা, স্বপ্নবাসবদত্তাম্ অধিকৃত্য কৃতং নাটকম্।

৩. স্বপ্নদৃষ্টা বাসবদত্তা যস্মিন (বহুব্রীহি) তৎ (নাটকম্)।

কাহিনী

মগধের রাজধানী রাজগৃহের একপ্রান্তে তপোবন। সেই তপোবনের পথে এসে দাঁড়ালেন এক পরিব্রাজক আর তারই সঙ্গে এক রমণী।

সঙ্গে-সঙ্গে নেপথ্যে এক কোলাহল শোনা গেল। পরিব্রাজক জানতে পারলেন মগধরাজ দর্শকের ভগিনী পদ্মাবতী তপোবনে এসেছেন তাঁর মাকে দেখতে, রাতটা তপোবনেই কাটাবেন, পরে ফিরে যাবেন রাজগৃহে।

পদ্মাবতী এলেন। এসে ঘোষণা করলেন—যাঁর যেমন ইচ্ছে প্রার্থনা করুন, আমি দান করব। কারও প্রার্থনা অপূর্ণ থাকবে না।

পরিব্রাজক এগিয়ে এলেন। পদ্মাবতীকে প্রণাম জানিয়ে বললেন, আমি প্রার্থী। সঙ্গে আমার ভগিনী আছেন। এঁকে আপনার কাছে কিছুকালের জন্য রেখে যেতে চাই, কেন-না এঁর স্বামী আছেন প্রবাসে।

পদ্মাবতী সম্মত হলেন।

এমন সময় এক ব্রহ্মচারী এলেন আশ্রমে। তিনি লাবাণক থেকে এসেছেন। লাবাণক বৎসরাজ্যেরই একটি অঞ্চল। ব্রহ্মচারীর মুখে শোনা গেল—লাবাণকে সম্প্রতি একটি অগ্নিকাণ্ড ঘটেছে। সেখানে ছিলেন বৎসরাজ উদয়ন আর তাঁর স্ত্রী বাসবদত্তা। একদিন উদয়ন মৃগয়ায় গেলেন, সুরু হলো অগ্নিকাণ্ড, বাসবদত্তা সেই আগুনে পুড়ে মরলেন; উদয়নের মন্ত্রী যৌগন্ধরায়ণ রানীকে রক্ষা করতে গিয়ে আগুনে ঝাঁপ দিলেন কিন্তু তাঁরও মৃত্যু হলো। উদয়ন ফিরে এসে সব শুনলেন। তাঁর অবস্থা আর চোখে দেখা যায় না, দিনরাত করুণ বিলাপের মধ্যে তাঁর দিন কাটছে।

কাহিনী শুনে পরিব্রাজকের ভগিনীরূপে পরিচিতা সেই রমণীর চোখে জলের ধারা নামল।

একি পরদুঃখ কাতরতা? না অন্য কিছু?

ভগিনীকে পদ্মাবতীর আশ্রমে রেখে পরিব্রাজক চলে গেলেন।

পদ্মাবতীর আশ্রিতা সেই রমণীর নাম 'আবন্তিকা'।

রাজভবনে সুখের অভাব নেই। মগধরাজ দর্শকের ভগিনী পদ্মাবতী তিনি তাঁর সহচরী। পদ্মাবতীর যত্নে, তাঁর সঙ্গে আলাপে ও বিহারে আবন্তিকার বেশ আনন্দেই দিন কাটছিল।

রাজবাড়িতে এসে পদ্মাবতীর এক দাসীর মুখেই আবন্তিকা শুনলেন, উজ্জয়িনীর রাজা প্রদ্যোত মহাসেনের ছেলের সঙ্গে পদ্মাবতীর বিয়ের প্রস্তাব চলেছে। কিন্তু পদ্মাবতীর ইচ্ছে নয়, ওখানে বিয়ে হোক। পদ্মাবতী নাকি বৎসরাজ উদয়নকেই স্বামীরূপে পেতে ইচ্ছুক।

তারপর দ্রুত কয়েকটি ঘটনা ঘটে গেল।

উদয়নের সঙ্গেই পদ্মাবতীর বিবাহ স্থির হলো একদিন উৎসব ও আড়ম্বরের মধ্যে উদয়ন-পদ্মাবতীর বিবাহ হয়ে গেল।

কিন্তু এই আনন্দোৎসবের উচ্ছলতায় আবন্তিকাকে যেন ঠিক মানায় না, যেন সে এক সর্বসুখবঞ্চিতা দুঃখিনীর প্রতিমূর্তি।

পদ্মাবতীকে পেয়েও উদয়ন বাসবদত্তাকে ভুলতে পারেন নি। একদিন বয়স্যের কাছে তিনি মনের কথা বলেই ফেললেন—রূপে, শীলে আর মাধুর্যে পদ্মাবতী আমার আদরের পাত্রী কিন্তু বাসবদত্তায় আবদ্ধ আমার মনটিকে তিনি হরণ করতে পারেন নি।

কখনও বা উদয়ন কথাপ্রসঙ্গে বাসবদত্তার নাম পর্যন্ত উচ্চারণ করে ফেলেন—ভুলে যান যে তিনি আর জীবিত নেই।

এমনি করেই দিন যাচ্ছিল।

একদিন পদ্মাবতীর ভয়ানক মাথার যন্ত্রণা, সমুদ্রগৃহে তার শয্যা রচিত হয়েছে। দাসীর মুখে খবর পেয়ে আবন্তিকা এগিয়ে গেলেন সমুদ্রগৃহের দিকে বিদূষক গেলেন উদয়নকে সংবাদ দিতে, দাসী ছুটে গেল মাথার প্রলেপ আনতে।

কিছুক্ষণের মধ্যেই বিদূষকের সঙ্গে উদয়ন এসে দাঁড়ালেন সমুদ্রগৃহের সামনে।

ঘরে ঢুকে দেখলেন বিছানায় পদ্মাবতী নেই।

বিদূষক বললেন, বোধহয় এসে চলে গেছেন।

উদয়ন একটু দেখে বললেন, না আসাই সম্ভব। বিছানায় কেউ শুয়েছে বলে মনে হয় না। কিন্তু আমার ঘুম আসছে বয়স্য!

বিদূষকের সঙ্গে কথা বলতে-বলতে উদয়ন ঘুমিয়ে পড়লেন। তাঁকে ঘুমন্ত দেখে বিদূষক ছুটে গেলেন রাজার গায়ের চাদর আনতে।

বিদূষক চলে যেতেই ঘরে ঢুকলেন বাসবদত্তা—দাসীকে নিয়ে। দাসী চলে গেল মাথার প্রলেপের খোঁজে। আবন্তিকা বিছানার দিকে এগিয়ে গেলেন।

পদ্মাবতীকে খুশি করবার জন্যেই আবন্তিকা বিছানার কাছে বসলেন, তারপর পাশে শুয়ে পড়লেন।

ওদিকে স্বপ্নের মধ্যে উদয়ন বলে উঠেছেন, হায় বাসবদত্তা!

আবন্তিকা চমকে উঠলেন, পদ্মাবতী তো নয়! সর্বনাশ! দেখে ফেলেছেন নাকি?

স্বপ্নের ঘোরেই উদয়ন বললেন, প্রিয়ে! আমার কথার উত্তর দাও!

আবন্তিকা বললেন, আমি তো বলছি।

রাজা বললেন, তুমি কি রাগ করেছ?

আবন্তিকা জবাব দিলেন, না, না, রাগ কিসের? তবে আমার বড় দুঃখ!

রাজা বললেন, তুমি কি বিরচিকার কথা ভাবছ?

আবন্তিকা উত্তর দিলেন, আঃ যাও! এখানেও বিরচিকা? রাজা তখনও স্বপ্নের ঘোরে। তিনি বললেন, আমি তোমাকে প্রসন্ন দেখতে চাই, এস কাছে এস হাত বাড়ালেন ঘুমন্ত উদয়ন।

আবন্তিকা সরে গেলেন! অনেকক্ষণ আছেন, কেউ হয়তো দেখে ফেলতে পারে। তিনি বেরিয়ে গেলেন ঘর থেকে। সঙ্গে-সঙ্গে ঘুম ভেঙে গেল উদয়নের। বিদূষক ঘরে এসে ঢুকতেই উদয়ন ব'লে উঠলেন, একটি সুসংবাদ বয়স্য, বাসবদত্তা জীবিত আছেন!

বিদূষক বোঝাতে চাইলেন, এ স্বপ্ন ছাড়া কিছু নয়, অত্যধিক তদ্গতচিন্তার ফলমাত্র!

উদয়ন বুঝতে চাইলেন না।

এদিকে সংবাদ এল বৎসরাজ্য নিষ্কণ্টক, উদয়নের মন্ত্রী রুমণ্বান সৈন্যবল নিয়ে অগ্রসর হয়েছেন, রাজা দর্শকের সৈন্যবাহিনীও প্রস্তুত।

উদয়ন তাঁর পরম শত্রু আরুণির বিরুদ্ধে অভিযানের জন্য প্রস্তুত হলেন।

বৎসরাজ্যের রাজধানী কৌশাম্বী—

উদয়নের রাজপ্রাসাদ!

এরই মধ্যে একদিন একটি বীণা উদয়নের হাতে এল, একটা লোক বীণাটিকে খুঁজে পেয়েছিল নর্মদার তীরে কুঁচি লতার ঝোপের মধ্যে।

বহু অতীত সুখের স্মৃতি উদয়নের কাছে বহন করে এনেছে সেই বীণা। বীণার নাম 'ঘোষবতী' বাসবদত্তা বাজাতেন।

ঘোষবতী বীণা নূতন তারে বাঁধিয়ে নিয়ে আসা হলো!

উদয়নের শোক যেন দ্বিগুণ হয়ে উঠল।

সেদিন রাজসভায় বসে আছেন উদয়ন, খবর এল প্রদ্যোত মহাসেনের কাছ থেকে বাসবদত্তার ধাত্রী এসেছেন। বাসবদত্তার পিতা মহাসেন। তিনি পিতার কাছ থেকে

কন্যাকে হরণ করে এনেছিলেন কিন্তু তাকে রক্ষা করতে পারেননি। উদয়ন ভীত হয়ে উঠলেন। মহাসেন তাঁর হাতে বাসবদত্তাকে তুলে দেবার জন্যেই উজ্জয়িনীতে এনেছিলেন। তিনি বাসবদত্তাকে বীণা শেখাতেন—অনংগদেবের লীলা। বিবাহ পর্যন্ত অপেক্ষা না করেই তিনি কন্যাকে নিয়ে পালিয়ে এসেছিলেন।

ধাত্রীর মুখে শোনা গেল আর এক ইতিহাস। তিনি চলে আসার পর নাকি দুজনের ছবি একত্র করে, সামাজিক বিবাহের ব্যবস্থা করা হয়েছিল। বাসবদত্তার মাতা সেই দম্পতীর ছবি ধাত্রীর হাতে পাঠিয়ে দিয়েছেন, উদয়ন পত্নীবিরহে সান্ত্বনা পাবেন এই আশায়।

পদ্মাবতী সেই ছবি দেখেই চমকে উঠলেন, এ-যে আবন্তিকা। তাঁর সহচরীর ছবি।

পদ্মাবতী উদয়নকে বললেন, এক পরিব্রাজক ব্রাহ্মণ তাঁর ভগিনীকে আমার কাছে গচ্ছিত রেখে গিয়েছিলেন, এর স্বামী প্রবাসে আছেন, তাই তিনি পরপুরুষ দর্শন করেন না। উদয়ন বললেন, রূপের সাদৃশ্য কি থাকে না? যাইহোক, আবন্তিকাকে ডেকে পাঠাও।

পদ্মাবতী চলে গেলেন আবন্তিকাকে খবর দিতে। এমন সময় দ্বারপালের সঙ্গে ঘরে এলেন এক পরিব্রাজক। তিনি বললেন, আমার ভগিনীকে মহিষীর কাছে রেখে গিয়েছিলাম। তাকে ফিরিয়ে নিতে এসেছি।

উদয়ন চমকে উঠল, এ-স্বর তাঁর পরিচিত।

পদ্মাবতীর সঙ্গে অবগুণ্ঠনবতী আবন্তিকা এসে দাঁড়ালেন। ধাত্রী দেখেই বলে উঠলেন, এ-যে রাজকন্যা বাসবদত্তা।

বিস্মিত উদয়ন বলে উঠলেন, একি। এ-যে মহাসেনপুত্রী। দেবি। তুমি পদ্মাবতীর সঙ্গে অন্তপুরে—

বাধা দিয়ে পরিব্রাজক বললেন, না, না, ও'র ভিতরে যাওয়া চলবে না, উনি আমার ভগিনী!

অবগুণ্ঠন মোচন করা হলো।

উদয়ন দেখলেন বাসবদত্তাকে, চিনতে পারলেন পরিব্রাজক-বেশী মন্ত্রী যোগন্ধরায়ণকে।

যৌগন্ধরায়ন বললেন, দেবীকে আমি আপনার কাছ থেকে সরিয়ে নিয়েছিলাম। আমি অপরাধী আমাকে ক্ষমা করুন। কিন্তু এসবই আপনার কল্যাণের জন্য—মহারাজ দর্শকের ভগিনীর সঙ্গে এ-বিবাহ না হলে আপনার শত্রু আরুণিকে পরাজিত করা সম্ভব হোতো না। সুখময় মিলন পর্বের পরে ঠিক হলো উদয়ন সকলকে নিয়ে মহাসেনের সঙ্গে দেখা করতে যাবেন।

চরিত্রলিপি

উদয়ন

উদয়ন বৎস রাজ্যের রাজা তাঁর রাজধানী কৌশাম্বী। কিন্তু আলোচ্য নাটকে রাজা হিসাবে তাঁর কোন পরিচয় নেই। নাটকের চতুর্থ অঙ্কে তাঁর প্রথম আবির্ভাব কিন্তু সে-আবির্ভাব প্রেমিকরূপে। অবশ্য, বাসবদত্তার প্রতি তাঁর গভীর প্রেমই যে তাঁর

চরিত্রকে মহিমান্বিত করেছে তাতে কোন সন্দেহ থাকতে পারে না। পদ্মাবতীকে বিবাহ করার পরেও তিনি মুহূর্তের জন্য বাসবদত্তাকে বিস্মৃত হতে পারেন নি। নাটকে উদয়ন চরিত্রের অন্যান্য অনেক গুণের কথাই আমরা শুনেছি, কিন্তু তাঁর প্রেমিকসত্তাই প্রাধান্য পেয়েছে। নাটকের যুদ্ধ যাকিছু সব নেপথ্যেই ঘটেছে, তবু এটুকু বলতে হবে যে যুদ্ধের আহ্বানে তিনি বীরের মতোই সাড়া দিয়েছেন পঞ্চম অঙ্কের শেষে স্বপ্নে দৃষ্টা বাসবদত্তার স্মৃতিতে মুহ্যমান থেকেও তিনি উঠে দাঁড়িয়েছেন আরুণির বিরুদ্ধে অভিযানের জন্য। তার উক্তি—'তমারুণিং দারুণকর্মদক্ষং মহার্ণবাভে যুধি নাশয়ামি'। অর্থাৎ সাগরতুল্য মহাসংগ্রামে নির্মম সেই আরুণিকে আমি বধ করব।

উদয়নের চরিত্র শালীনতামণ্ডিত। মহাসেনের কাছে তিনি যে-অপরাধ করেছেন তারজন্য তিনি অনুতপ্ত। ষষ্ঠ অঙ্কে ধাত্রী বসুন্ধরা এবং কঞ্চুকীর প্রতি বাক্যালাপে বাসবদত্তার পিতামাতার প্রতি এক গভীর শ্রদ্ধার ভাব ব্যক্ত হয়েছে।

উদয়ন আদর্শ প্রেমিক। পঞ্চম অঙ্কে স্বপ্নের মধ্যে তিনি বিরচিকার প্রসঙ্গ তুলে ফেলেছেন, নইলে আমাদের জানবার কোন অবকাশ হতো না। কালিদাসের দুষ্যন্ত নিজের সম্পর্কে বলেছিলেন 'সকৃৎকৃতপ্রণয়োঽয়ং জনঃ' আমরা শুধু একেবার প্রণয় করে ছেড়ে দিই উদয়নকে সে-পর্যায়ে ফেলা চলবে না। বিরচিকার জন্য তিনি অনুতপ্ত, তার জন্য বাসবদত্তার নিকটে তিনি ক্ষমাপ্রার্থী।

মোটকথা উদয়ন ধীরোদাত্ত শ্রেণীর নায়ক, প্রজাপ্রিয়, হৃদয় ও মস্তিষ্কের বিচিত্র গুণে মণ্ডিত।

বাসবদত্তা

কেবল উদয়নের প্রিয়তমা মহিষী, এইটুকুই বাসবদত্তার পরিচয় নয়। এই চরিত্রে ভারতীয় নারীত্বের বহুবিচিত্র গুণের সমাবেশ ঘটেছে। পতিপ্রেমের জন্য, রাজ্যের কল্যাণের জন্য তিনি জীবনের সর্বসুখ থেকে নিজেকে আড়াল করে রেখেছেন, স্বেচ্ছায় বিরহ বরণ করেছেন। স্বপ্ন-নাটকের নায়িকা বাসবদত্তা এক অপরিসীম মমতায় ভরা কারুণ্যের প্রতিমূর্তি। দুর্লভ আত্মত্যাগের জন্য তিনি সকল সময় দর্শকহৃদয় আকর্ষণ করে রাখেন। তিনি দেহের মাধুর্যে সুন্দর কিন্তু অন্তরের ঐশ্বর্যে সুন্দরতম। পদ্মাবতীকে স্বামীর হাতে সঁপে দেবার পরেও তিনি তার বিরুদ্ধে বিন্দুমাত্র ঈর্ষ্যাবোধ করেন নি। পদ্মাবতীর প্রতি তাঁর অসীম মমতা, আশ্চর্য দাক্ষিণ্য। ধৈর্য ও ক্ষমার তিনি মূর্ত বিগ্রহ। পতির জন্য তিনি সর্বস্ব ত্যাগে প্রস্তুত; কখনও বা তিনি ভাবের আবেগে কিছুটা উচ্ছ্বসিত হয়ে পড়েছেন কিন্তু আশ্চর্য সংযমশক্তির গুণে মুহূর্তেই নিজেকে সংযত করে নিয়েছেন। গোপনে তিনি যে-অশ্রু বিসর্জন করেছেন, দর্শকগণ তা দেখে তার প্রতি সমবেদনা বোধ করবেন। বাসবদত্তার প্রেম ত্যাগের ভিত্তিতে প্রতিষ্ঠিত। তিনি বলেছেন, 'বিরহপর্যুৎসুকস্য আর্যপুত্রস্য বিশ্রামস্থানভূতা ইয়মপি অস্বস্থা জাতা'। স্বামী আমার বিরহে কাতর, এখন পদ্মাবতীর কাছে এসেই তিনি সান্ত্বনা পাবেন=পদ্মাবতীও অসুস্থ হয়ে পড়ল।

স্বপ্ন নাটকের নায়িকা বাসবদত্তা, আদর্শ প্রেমিকা। নাটকে তাঁকে মাতৃত্বের অধিকারিণীরূপে দেখান হয়নি একথা সত্য, তবু আমরা অনুভব করি বাসবদত্তার

প্রেম মাতৃত্বভাবমণ্ডিত। অনুগত সকলের প্রতিই তিনি মাতৃরূপা, পঞ্চম অংকের স্বপ্নদৃশ্যে যেখানে তিনি চলে আসবার সময় নিদ্রিত উদয়নের হাত শয্যায় যথাযথভাবে বিন্যস্ত করে এলেন তা এক কথায় অপূর্ব। ঠিক মা যেমন করে সন্তানকে ঠিকমতো শুইয়ে রেখে চলে আসেন তেমনি।

যৌগন্ধরায়ণ

নাটকেব প্রথম অংকে আর শেষ অংকে দুইবার মাত্র মঞ্চে এই চরিত্রটির আবির্ভাব, দুইবারই ছদ্মবেশে। সমস্ত নাটকীয় ঘটনার কেন্দ্রবিন্দুতে রয়েছেন উদয়নের মন্ত্রী যৌগন্ধরায়ণ। নেপথ্যে থেকেও তিনি দর্শকের মন জুড়ে থাকেন। রাজনৈতিক পরিকল্পনার এমন সুনিপুণ গঠনশক্তি, এমন নিখুঁৎ বয়নবিদ্যা ভারতীয় সাহিত্যে তো বটেই, পাশ্চাত্যেও সুলভ নয়। মনে হয় রাজ্যের শাসনযন্ত্রের পরিচালক তিনিই, উদয়ন নামে মাত্র রাজা।

ভাসের 'প্রতিজ্ঞা যৌগন্ধরায়ণ'ও এই শ্রেণীর রাজনৈতিক ষড়যন্ত্রমূলক নাটক। ভাসের অংকিত যৌগন্ধরায়ণ চরিত্রটির সঙ্গে বিশাখদত্ত রচিত 'মুদ্রারাক্ষস' নাটকের চাণক্য চরিত্রটির তুলনা চলতে পারে। সেখানেও কূটনীতিবিদ্ চাণক্য অপূর্ব কৌশলে নন্দরাজার উচ্ছেদ সাধন করেছেন এবং তার মন্ত্রী রাক্ষসকে স্বপক্ষে এনেছেন।

স্বপ্ন-নাটকে যৌগন্ধরায়ণ রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য লাবাণকের অগ্নিদাহে নিজের ও বাসবদত্তার মৃত্যুর কাহিনী প্রচারিত করেছিলেন। বাসবদত্তাকে ভগিনী পরিচয়ে পদ্মাবতীর কাছে গচ্ছিত রেখেছিলেন, উদ্দেশ্য—সফলতার দিন পর্যন্ত প্রতীক্ষমানা বাসবদত্তার চরিত্র সম্পর্কে কোন প্রশ্ন না ওঠে। তারপর পদ্মাবতীর সঙ্গে উদয়নের বিবাহ, পদ্মাবতী মগধরাজ দর্শকের ভগিনী এরপর মগধের রাজশক্তিকে উদয়নের শত্রু আরুণির বিরুদ্ধে প্রয়োগ করার আর কোন বাধা রইল না।

এসবই যৌগন্ধরায়ণ করেছেন প্রভুর কল্যাণের জন্য, স্বামীর কল্যাণের জন্য বাসবদত্তাও তার সঙ্গে হাত মিলিয়ে দিলেন। রাজভক্ত বীর যৌগন্ধরায়ণের পরিকল্পনা যখন সফল হলো তখনও তিনি উদয়নের নিকটে ক্ষমাপ্রার্থী। অভিভূত উদয়ন শুধু বলেছিলেন, 'ভবদ্ যত্নৈঃ খলু বয়ং মজ্জমানাঃ সমুদ্ধৃতাঃ'। আমরা বিপদ সাগরে ডুবে গিয়েছিলাম, তোমার যত্নেই আমাদের উদ্ধার সম্ভব হয়েছে।

এইখানেই যৌগন্ধরায়ণের মহত্ত্ব যে শাসনযন্ত্রের পরিচালক হয়েও তিনি রাজা উদয়নের দীনতম সেবক।

পদ্মাবতী

স্বপ্ন নাটকের এই নারীচরিত্রটি সর্বাংশে অপরূপ স্নিগ্ধতায় ও লাবণ্যে ভরা। তিনি মগধের রাজা দর্শকের ভগিনী, সংস্কৃতিগত শুচিতা তাঁর চরিত্রে থাকবে। এতে বিস্ময়ের কিছু নেই। এর সঙ্গে ছিল তাঁর স্বভাবগত ধর্মবোধ আলাপে ও আচরণে, নাটকের সর্বত্র তাঁর এ-মহিমান্বিত রূপটিই ফুটে উঠেছে।

বিবাহের পরেও স্বামী বাসবদত্তাকে ভুলতে পারেন নি একথা জেনেও তিনি বাসবদত্তার প্রতি ঈর্ষান্বিতা নন। এমনকি উদয়ন যখন বিদূষককে বললেন, 'বাসবদত্তাবদ্ধং নতু তভাবন্ মে মনো হরতি'। অর্থাৎ বাসবদত্তায় আবদ্ধ আমার মন পদ্মাবতী হরণ করতে পারেনি', তখনও পদ্মাবতী অবিচলিত; তিনি বলছেন, আর্যপুত্রের হৃদয় কেমন অনুকম্পায় ভরা, এখনও তিনি বাসবদত্তার গুণ ভুলতে পারছেন না।

এইদিক দিয়ে পদ্মাবতী চরিত্র দর্শকের হৃদয়ে শ্রদ্ধার আসন অধিকার করবে। মহাসেনের কাছ থেকে বাসবদত্তার চিত্র যখন উদয়নের হাতে এল, তখন পদ্মাবতী বললেন, চিত্রগতং গুরুজনং দৃষ্ট্বা অভিবাদয়িতুমিচ্ছামি, অর্থাৎ চিত্রে গুরুজনকে দেখে আমি প্রণাম করব। আর যখন পদ্মাবতী জানতে পারলেন, আবন্তিকা প্রকৃতপক্ষে বাসবদত্তা, তখন তিনি বললেন, এতদিন সখীজনের মতো দেখেছি, আপনি তো গুরুজন, কোথাও ত্রুটি ঘটে থাকলে ক্ষমা করুন।

নাটকে উদয়ন-বাসবদত্তার কাহিনী প্রধান হলেও পদ্মাবতী কোনক্রমেই অপ্রধান নয়। চরিত্রের মহিমায় তিনি প্রথম থেকে শেষ পর্যন্ত দর্শকের মন অধিকার করে থাকেন।

বসন্তক (বিদূষক)

সংস্কৃত নাটকে বিদূষকের বিশেষ কোনো কাজ নেই, হাস্যপরিহাসে রাজার মন সরল রাখা আর উদরভর্তি করে ভোজনপর্ব সমাধা করা, এর বাইরে বিদূষকের দৃষ্টি দেবার দরকার নেই। বসন্তকও ভোজন বিলাসী ছিল সন্দেহ নেই। উদয়ন একবার প্রশ্ন করেছিলেন, বয়স্য, কে তোমার প্রিয়—বাসবদত্তা না পদ্মাবতী ? বিদূষক তার জবাবে বলেছিলেন, পদ্মাবতীর সবই ভাল, কিন্তু বাসবদত্তার মতো তিনি ভোজ্যদ্রব্য হাতে নিয়ে আমার খোঁজ করে বেড়ান না। উদয়ন-পদ্মাবতীর বিবাহের পরে আমরা বিদূষকের আক্ষেপ শুনেছি, 'আহার্য দ্রব্যের তেমন পরিপাক হচ্ছে না।'

বসন্তক ঔদরিক; কিন্তু শুধু এদিক দিয়ে দেখলে অবিচার করা হবে। কতকগুলো গুণেরও তিনি অধিকারী। বাসবদত্তার শোকে অভিভূত রাজাকে তিনি সান্ত্বনা দিয়েছেন—গল্প বলে সখাকে ভুলিয়েছেন। পঞ্চম অঙ্কে বিদূষকের সেই গল্পটি খুবই উপভোগ্য, সেই যে 'এক নগর—নাম ব্রহ্মদত্ত সেখানে এক রাজ্য—নাম কাম্পিল্য। উপস্থিত বুদ্ধি ও তার কম নেই। বাসবদত্তার কথায় রাজার চোখে জল এল, বিদূষক গেলেন জল আনতে; আনবার পথে পদ্মাবতীর সঙ্গে দেখা। —পদ্মাবতী জানতে চাইলেন, ও জল কিসের ? একটু আমতা-আমতা করেই তিনি জবাব দিলেন, কাশফুলের রেণু রাজার চোখে লেগেছে তাই।

স্বপ্ন-নাটকের বিদূষকের একটি স্বতন্ত্র রূপ আছে, শুধু ভোজন সর্বস্ব নয়। শকুন্তলার 'মাধবের' সঙ্গে তুলনা করলেই এই স্বাতন্ত্র্য বুঝতে পারা যাবে।

নাট্যালোক

প্রেক্ষাগৃহে বসেই নাটকটিকে একবার দেখে নেওয়া যেতে পারে।

প্রথম অঙ্কের ঘটনাপুঞ্জ সুপরিকল্পিত—মূল ঘটনা, একজন পরিব্রাজক এসে এক রমণীকে তার ভগিনীর পরিচয়ে পদ্মাবতীর কাছে রেখে চলে গেলেন।

দ্বিতীয় অঙ্কের গতি অত্যন্ত দ্রুত। পদ্মাবতী তাঁর আশ্রিতা বাসবদত্তার সঙ্গে একদিন খেলায় মত্ত। সেদিন দাসীর মুখে বাসবদত্তা শুনলেন পদ্মাবতীর বিবাহ উদয়নের সঙ্গে স্থির হয়ে গেছে—আর একজন দাসী এসে জানিয়ে গেল শুভদিন, বিবাহ সেইদিনই অনুষ্ঠিত হবে।

হোক, আপত্তি নেই, কিন্তু সবই যেন বড় দ্রুত ঘটে যাচ্ছে, মনে হয়।

পঞ্চম অঙ্কে বর্ণিত স্বপ্ন দৃশ্যটি চমৎকার কিন্তু দিঙ্নাগ হয়তো মাথা উঁচু করে বলে বসবেন—নিদ্রিত মানুষের স্বপ্নে কি জাগ্রত কারো সঙ্গে বার্তালাপ সম্ভব? উদয়ন স্বপ্নে কথা বলছেন বাসবদত্তার সঙ্গে, অথচ বাসবদত্তা জাগ্রত। তিনি যা বলছেন উদয়ন তা শুনছেন, শুনে নূতন প্রশ্ন করছেন। জাগ্রত বাসবদত্তার কণ্ঠস্বর তিনি শুনছেন অথচ তিনি নিদ্রিত। এই দৃশ্যের পরিকল্পনায় মনে হয় ভাস সম্ভাব্যতার সীমা একটু লঙ্ঘন করে গেছেন।

আর একটি প্রশ্ন দর্শকের মনে জাগবে পঞ্চম অঙ্কের স্বপ্নদৃশ্যে পদ্মাবতী কোথায়? সমুদ্রগৃহে তিনি মাথার যন্ত্রণায় শুয়ে আছেন তাই সেখানে থাকবার শিরঃপীড়া তো তারই। সকলের মুখেই শোনা গেল তিনি সমুদ্রগৃহে, কিন্তু উদয়ন তাঁকে পাননি, বাসবদত্তা এসে তাঁকে পাননি। না-থাকার একটা কৈফিয়ত থাকলে সঙ্গত হত। হয়তো এই 'Comedy of errors' লিখতে গিয়ে ভাসেরও সামান্য 'error' হয়ে গেছে।

বিদূষক স্বপ্ন নাটকের উল্লেখযোগ্য আকর্ষণ।

উদয়ন ও বাসবদত্তার মিলনের পথে তাঁর যেটুকু করণীয় তিনি তা করেছেন। কিন্তু নাটক দেখার পর দর্শকের মনে একটি প্রশ্ন নিশ্চয়ই জাগবে—এত দুঃখের পর পতি-পত্নীর মিলন-দৃশ্যে বিদূষক নেই কেন? থাকলে ভাল হতো একথা বলব না—বলব এই চরিত্র না থাকায় এই মিলন-দৃশ্য অসম্পূর্ণ থেকে গেছে, উৎসবের আনন্দদীপ্তিও ম্লান মনে হয়েছে। ভাস ভুলেছেন বিদূষককে কিন্তু দর্শক মনে রেখেছেন। ষষ্ঠ অঙ্কের শেষে উদয়ন বলেছেন—

দেবী পদ্মাবতীকে নিয়ে আমরা সবাই যাব মহাসেনের কাছে। যৌগন্ধরায়ণ বললেন—আপনার যেমন ইচ্ছে। ঠিক এই মুহূর্তে বিদূষক বসন্তক প্রবেশ করলে নাটকের কোনো ক্ষতি হতো না—প্রবেশ করে তিনি অনায়াসে বলে উঠতে পারতেন—'কহং। দুবে বি ভাট্টিদারিআ। অহুনা দাব কিম্পি ভোজং ণ শক্কং সিণিদ্ধং ভোঅণং বজ্জিঅ!'—কি আশ্চর্য। এযে দুজন ভর্তৃদারিকাই একসঙ্গে। তাহলে এখন প্রথমে স্নিগ্ধ ভোজন পর্ব বাদ দিয়ে অন্য কিছুই হতে পারবে না।

সূক্তি রত্নাবলী

ভাসের রচনায় বহু স্থানেই এমন বাক্য রয়েছে যা প্রবাদ-বাক্যের মতোই জ্ঞানগর্ভ, সংক্ষিপ্ত হলেও তাৎপর্যময়। স্বপ্ন-নাটক থেকে এমনি কয়েকটি অংশ উল্লেখ করা যেতে পারে:

১. চক্রার পঙ্‌ক্তিরিব গচ্ছতি ভাগ্যপঙ্‌ক্তিঃ। (প্রথম অঙ্ক)
চক্রনেমির মতোই মানুষের ভাগ্য পরিবর্তিত হয়।

২. প্রদ্বেষো বহুমানো বা সংকল্পাদ্ উপজায়তে। (প্রথম অংক)
বিদ্বেষ বা ভালবাসাব মূল—মানুষের বাসনা।

৩. দুঃখং ন্যাসস্য বক্ষণম্। (প্রথম অংক)
গচ্ছিত বস্তুব রক্ষা খুবই কঠিন।

৪. তথা পবিশ্রমঃ পবিখেদং নোৎপাদয়তি যথায়ং পবিভবঃ—(প্রথম অংক)
শ্রমে দুঃখ নেই, দুঃখ পরাজযে।

৫. নহি সিদ্ধবাক্যানুৎক্রম্য গচ্ছতি বিধিঃ সুপবীক্ষিতানি—(প্রথম অংক)
স্মৃতিব মধ্যেই দুঃখ।


৬ স্মৃত্বা স্মৃত্বা যাতি দুঃখং নবত্বম্—(চতুর্থ অংক)
স্মৃতিব মধ্যেই দুঃখ।

৭. স্ত্রী স্বভাবস্ত কাতবঃ--(চতুর্থ অংক)
স্ত্রীলোক স্বভাবতই অধীব।

৮. কর্ত্তারঃ সুলভা লোকে বিজ্ঞাতাবস্তু দুর্লভাঃ—(চতুর্থ অংক)
কাজ কববাব লোক মিলে কিন্তু যিনি সব জানেন এমন লোক দুর্লভ।

৯ পবস্পবতা লোকে দৃশ্যতে রূপতুল্যতা।
পবস্পব রূপেব সাদৃশ্য সংসাবে দেখা যায।

১০. বজ্জুচ্ছেদে কে ঘটং ধাবযন্তি—(৬ষ্ঠ শ্লোক)
বজ্জু যদি ছিন্ন হয় তবে ঘট ধবে রাখবে কে ?



স্বপ্নবাসবদত্তা

স্থাপনা[1]

(নান্দী[2] পাঠের শেষে সূত্রধারের প্রবেশ)

সূত্রধার—বলরামের দুই বাহু তোমাদের রক্ষা করুক ; ঐ দুই বাহু উদীয়মান নূতন চন্দ্রের ন্যায় বর্ণযুক্ত, মদ্যপানহেতু বিশেষ শক্তিমান এবং বসন্তের আবির্ভাবে অপরূপ শ্রীসম্পন্ন ।

সভ্যগণকে একটি কথা জানাই—কিন্তু কি আশ্চর্য । জানাবার আগেই যেন কোথাও শব্দ শুনতে পাচ্ছি ! একটু দেখতে হচ্ছে—

(নেপথ্যে চীৎকার শোনা গেল—'সরে যান, সরে যান, ভদ্রমহোদয়গণ সরে যান !')

সূত্রধার—বুঝতে পেরেছি মগধ রাজকন্যা এসেছেন তপোবনে, তাই রাজভৃত্যেরা অশোভনভাবে আশ্রমের লোকদের সরিয়ে দিচ্ছে ! (নিষ্ক্রান্ত)

স্থাপনা সমাপ্ত

প্রথম অঙ্ক

(প্রহরীদ্বয়ের প্রবেশ)

প্রহরীদ্বয়—সরে যান, ভদ্রমহোদয়গণ, সরে যান ।

[মঞ্চে এসে দাঁড়ালেন পরিব্রাজক বেশী[3] যৌগন্ধরায়ণ সঙ্গে আছেন বাসবদত্তা—তাঁর সঙ্গে অবন্তীনারীর ছদ্মবেশ]

যৌগন্ধরায়ণ—(কান পেতে শুনলেন) কি আশ্চর্য ! এখানেও কেন লোকজন সরিয়ে দেওয়া হচ্ছে ? এরা বল্কলধারী বনফলে তুষ্ট, শান্ত, আশ্রমবাসী ; এরা সম্মানের যোগ্য, এদের মধ্যেও ত্রাস সৃষ্টি করা হচ্ছে কেন ? চঞ্চলভাগ্যে গর্বিত কে এমন উদ্ধত অবিনয়ী পুরুষ যে আদেশ প্রচারে এই শান্ত তপোবনকে কোলাহলময় গ্রামে পরিণত করতে চায় ?

বাসবদত্তা—আর্য ! এই লোকজন সরিয়ে দিচ্ছে কে ?

যৌগন্ধরায়ণ—যে ধর্মপথ থেকে নিজেকেই সরিয়ে নিচ্ছে ।

বাসবদত্তা—আমি তা বলিনি । আমি বলতে চেয়েছিলাম, আমাকেও কি সরে যেতে হবে ?

যৌগন্ধরায়ণ—ভদ্রে, দেবতারাও অজ্ঞাতসারে এইভাবেই অনাদৃত হয়ে থাকেন ।

বাসবদত্তা—আর্য, পথশ্রমে আমার দুঃখ হয় নি কিন্তু এই অবজ্ঞা আমার অসহ্য ।

যৌগন্ধরায়ণ—একদিন আপনি সৌভাগ্য ভোগ করেছেন পরে স্বেচ্ছায় তা ত্যাগও করেছেন । এখন এসব কথা ভাববেন না । ভেবে দেখুন, আগে আপনিও তো জীবন ইচ্ছেমতোই ভোগ করেছেন, সেই গৌরবের পদ স্বামীর বিজয়লাভের

পরেই আপনি ফিরে পাবেন। চক্রনেমির মতোই ভাগ্যেরও পরিবর্তন হয়ে থাকে। (দুইজন প্রহরীর প্রবেশ)

প্রহরীদ্বয়—সরে যান, সরে যান! (কঞ্চুকীর[৪] প্রবেশ)

কঞ্চুকী—না, না সম্ভষক, সরিয়ে দিও না। রাজার যাতে নিন্দে হয় এমন কাজ কেন করবে? নগরের গ্লানি থেকে মুক্ত হবার জন্যই তো এইসব মনস্বী বনে এসে বাস করছেন।

প্রহরীদ্বয়—বেশ, তাই হোক! (উভয়ের প্রস্থান)

যৌগন্ধরায়ণ—একে দেখে মনে হয় ইনি জ্ঞানী—বৎসে, চলো কাছে যাই!

বাসবদত্তা—তাই হোক! (দুইজনে কঞ্চুকীর কাছে এলেন)

যৌগন্ধরায়ণ—এই লোকজন সরাবার কারণ কি?

কঞ্চুকী—তপস্বিন্!

যৌগন্ধরায়ণ—সম্বোধনটি গৌরবের কিন্তু পরিচয় নেই বলে মনে ঠিক লাগছে না।

কঞ্চুকী—শুনুন! আমাদের মহারাজ সার্থকনামা দর্শকের ভগিনী পদ্মাবতী এসেছেন মহারাজ জননী আশ্রমবাসিনী মহাদেবীকে দেখতে। আজ তিনি তপোবনে বাস করবেন, এই তাঁর ইচ্ছে, পরে রাজমাতাব অনুমতি নিযে রাজগৃহে ফিরে যাবেন। আপনারা তীর্থজল, যজ্ঞীয় কাষ্ঠ, পুষ্প, কুশ এইসব উপকবণ ইচ্ছেমতো সংগ্রহ করুন। তপস্বীদের পুতকর্মে কোন বাধা সৃষ্টি হোক, তা ধর্মপ্রিয়া রাজকন্যার ইচ্ছে নয়।

যৌগন্ধরায়ণ—(স্বগত) বটে ইনিই সেই মগধরাজপুত্রী পদ্মাবতী। পুষ্পকভদ্র প্রভৃতি দৈবজ্ঞগণ ভবিষ্যদ্‌বাণী করেছেন, ইনিই হবেন আমাব প্রভু বৎসবাজ উদয়নের দ্বিতীয় মহিষী। তাই দেখছি, মনের ভাবনা অনুযায়ী বিদ্বেষ বা প্রীতি জন্মে থাকে, প্রভুপত্নীরূপে একে পেতে চাই বলেই একে আমার পরমাত্মীয় বলে মনে হচ্ছে।

বাসবদত্তা—(স্বগত) 'ইনিই রাজকন্যা' এই কথা শুনে এর প্রতি আমারও ভগিনী স্নেহ জেগে উঠেছে।

(পরিজন সহ পদ্মাবতী প্রবেশ করলেন, সঙ্গে চেটী)

চেটী—ভর্তৃদারিকে, আসুন! আসুন! এই তো আশ্রম; আপনি প্রবেশ করুন।

(জনৈকা তাপসীর[৫] প্রবেশ)

তাপসী—স্বাগত, রাজপুত্রী!

বাসবদত্তা—(স্বগত) ইনিই সেই রাজকন্যা! এর রূপ বংশের যোগ্যই বটে।

পদ্মাবতী—আর্যে! আপনাকে প্রণাম করি।

তাপসী—চিরজীবী হও! এস বৎসে এস, তপোবন অতিথিদেরই নিজের গৃহ।

পদ্মাবতী—তাই হোক তাই হোক—! আমি আশ্বস্ত হলাম; এই সম্মান-বাক্যে আমি ধন্য হলাম।

বাসবসদত্তা—(স্বগত) কেবল রূপ নয়, এর কথাও মধুর।

তাপসী—আচ্ছা, দর্শক রাজার এই ভগিনীকে কোন রাজা কি বরণ করেন নি?

চেটী—উজ্জয়িনীর রাজা প্রদ্যোৎ তাঁর পুত্রের জন্য দূত পাঠাচ্ছেন।

বাসবদত্তা—(আত্মগত) আহা, তাই হোক। তাহলে ইনি আমার আত্মীয়া হতে চলেছেন।

তাপসী—এর রূপ এই সমাদরের যোগ্য। শুনেছি দুই রাজবংশই মহৎ!

পদ্মাবতী—আর্য! আমাকে অনুগ্রহ করতে পারেন এমন কোন মুনি আপনি দেখেছেন কি? কে কি পেতে ইচ্ছে করেন তা জানবার জন্য তপস্বীগণকে বলুন, আমি তাঁদের ঈপ্সিত বস্তু দান করব।

কঞ্চুকী—আপনার যেমন ইচ্ছে। 'হে আশ্রমবাসী তপস্বীগণ! আপনারা শুনুন—শুনুন! মাননীয়া মগধরাজপুত্রী দানের দ্বারা ধর্ম অর্জন করতে ইচ্ছুক হয়ে জানাচ্ছেন, কার কি প্রয়োজন তা বলুন। কার কলস চাই, কার বস্ত্র চাই? দীক্ষিত ব্যক্তিগণ গুরুকে কি দান করতে ইচ্ছুক? কাকে কি দিতে হবে, আপনারা বলুন।'

যৌগন্ধরায়ণ—(স্বগত) এইবার পথ খুঁজে পেয়েছি! (প্রকাশ্যে) আর্য! আমি একজন প্রার্থী!

পদ্মাবতী—ভাগ্যবশত আমার তপোবনে আসা তাহলে সার্থক হলো!

তাপসী—এই আশ্রমের তপস্বীগণ তো সকলেই সন্তুষ্ট। ইনি নিশ্চয়ই কোন আগন্তুক হবেন।

কঞ্চুকী—বলুন, আপনার জন্য কি করতে হবে?

যৌগন্ধরায়ণ—(বাসবদত্তাকে লক্ষ্য করে) ইনি আমার ভগিনী; এর স্বামী এখন প্রবাসী। আমার প্রার্থনা, রাজকুমারী কিছুকাল এর প্রতিপালনের ভার গ্রহণ করুন। আমার অর্থে, ভোগে বা বস্ত্রে কোন প্রয়োজন নেই, আমি জীবিকার জন্য এই কাষায় ধারণ করি নি। আমি মনে করি এই ধীরা ও ধর্মপ্রিয়া রাজপুত্রীই আমার ভগিনীর চরিত্র রক্ষা করতে পারবেন।

বাসবদত্তা—(স্বগত) দেখছি, আর্য যৌগন্ধরায়ণ আমাকে এই রাজকন্যার হাতে তুলে দিতে চান। যাইহোক, বিচার না করে তিনি নিশ্চয়ই কিছু করবেন না।

কঞ্চুকী—ভদ্রে, এঁর প্রার্থনা বেশ গুরুতর, কিভাবে কথা দেব? কেননা, অর্থ, প্রাণ বা তপস্যা অনায়াসে দান করা চলে। অন্য সবকিছু দানেই সুখ, কিন্তু গচ্ছিত বস্তুর রক্ষা অত্যন্ত দুঃখজনক!

পদ্মাবতী—আর্য! প্রথমে ঘোষণা করলেন—কে কি চান! তারপর এখন এভাবে ভাবা অন্যায়। ইনি যা বলছেন তাই করুন।

কঞ্চুকী—একথা আপনারই যোগ্য!

চেটী—সত্যবাদিনী রাজপুত্রী চিরজীবী হোন!

তাপসী—ভদ্রে আপনার দীর্ঘ জীবন কামনা করি।

কঞ্চুকী—ভদ্রে, তবে তাই হোক! (কাছে গিয়ে) মাননীয়া পদ্মাবতী আপনার ভগিনীর পরিপালনে সম্মত হয়েছেন!

যৌগন্ধরায়ণ—আমি অনুগৃহীত হলাম। বৎসে, এর কাছে যাও।

বাসবদত্তা—(স্বগত) তাছাড়া আর উপায়? আমি মন্দভাগিনী, তাই আমাকে যেতে হচ্ছে।

পদ্মাবতী—আচ্ছা আচ্ছা, ভালই ত হলো; এখন থেকে ইনি আমাদের আত্মীয়া হলেন।

তাপসী—এর যা রূপ, একেও রাজকন্যা বলেই মনে হচ্ছে।

চেটী—আপনি ঠিকই বলেছেন; আমারও মনে হচ্ছে ইনি পূর্বে রাজসুখ ভোগ করেছিলেন।

যৌগন্ধরায়ণ—(স্বগত) যাক, ভগবানের আশীর্বাদে অর্ধেক ভার নেমে গেল। মন্ত্রীদের সংগে যেমন পরামর্শ করেছিলাম সেইভাবেই ঘটনা ঘটে যাচ্ছে। প্রভু রাজ্যে প্রতিষ্ঠিত হবার পর যখন দেবীকে নিয়ে যাব তখন তাঁর চরিত্র সম্পর্কে সাক্ষী থাকবেন এই মগধরাজপুত্রী। মহারাজের বিপদ দেখে যাঁরা বলেছিলেন, পদ্মাবতী তাঁর মহিষী হবেন তাঁদের কথায় বিশ্বাস করেই এই কাজ করলাম। দৈব কখনও সুপরীক্ষিত সিদ্ধ বাক্যকে লঙ্ঘন করে না।

(একজন ব্রহ্মচারীর প্রবেশ)

ব্রহ্মচারী—(আকাশের দিকে তাকিয়ে) মধ্যাহ্ন উপস্থিত। আমি অত্যন্ত ক্লান্ত। কোথায় গিয়ে বিশ্রাম করব? (পরিক্রমণ করে) এই তো দেখতে পেয়েছি। চারদিক দেখে মনে হচ্ছে এটি একটি তপোবন, কেননা হরিণগুলি গভীর বিশ্বাসে অচকিতভাবে বিচরণ করছে। পুষ্পফলে সমৃদ্ধ, শাখায় শোভিত বৃক্ষগুলি এখানে সযত্নে রক্ষিত; কপিল বর্ণের বহু গাভী এখানে-ওখানে ঘুরে বেড়াচ্ছে, চারদিকে চাষ না-করা জমি। বহুস্থানে বহ্নি থেকে ধূম নির্গত হচ্ছে। নিঃসন্দেহে এটি তপোবন। তাহলে এখন প্রবেশ করা যেতে পারে।

(ব্রহ্মচারী অগ্রসর হলেন)

এটি দেখে মনে হয় আশ্রম বিবুদ্ধ! (অন্যদিকে তাকিয়ে) তাইতো, এখানে যে তপস্বীও আছেন, তাহলে কাছে যাওয়া নিশ্চয়ই দোষের হবে না! বটে! স্ত্রীলোকও আছেন দেখতে পাচ্ছি!

কঞ্চুকী—আপনি স্বচ্ছন্দভাবে আসুন, আশ্রম সর্বসাধারণের।

(বাসবদত্তা অসম্মতিসূচক অভিনয় করলেন)

পদ্মাবতী—আর্য পরপুরুষের দর্শন এড়িয়ে যাচ্ছেন। গচ্ছিত বস্তুর রক্ষণ সহজেই হবে বলে মনে হচ্ছে!

কঞ্চুকী—আমরা এখানে আগে এসেছি। আমাদের আতিথ্য গ্রহণ করুন।

ব্রহ্মচারী—বেশ বেশ তাই হোক্। (জলে আচমন করে) যাক, শ্রম অনেকটা দূর হলো!

যৌগন্ধরায়ণ—আপনি কোথা থেকে আসছেন, কোথায় যাবেন? আর আপনার বাসস্থানই বা কোথায়?

ব্রহ্মচারী—শুনুন আমি আসছি রাজগৃহ থেকে! বেদপাঠের জন্য বৎসদেশের লাবাণক গ্রামে বাস করতাম।

বাসবদত্তা—(স্বগত) লাবাণক। গ্রামের নামেই যেন আমার দুঃখ নূতন করে জেগে উঠল।

যৌগন্ধরায়ণ—আপনার বিদ্যাগ্রহণ শেষ হয়েছে?

ব্রহ্মচারী—আজ্ঞে না, এখনও হয় নি।

যৌগন্ধরায়ণ—কিন্তু বিদ্যাগ্রহণ যদি না শেষ হয়ে থাকে তবে এখানে এলেন কেন, জানতে পারি কি?

ব্রহ্মচারী—নিশ্চয়ই। সেখানে এখন ভীষণ এক বিপদ—

যৌগন্ধরায়ণ—(উৎসুক কণ্ঠে) কিরকম?

ব্রহ্মচারী—সেখানে উদয়ন নামে এক রাজা বাস করতেন—

যৌগন্ধরায়ণ—হ্যাঁ, রাজা উদয়নের কথা শুনেছি বটে। তার কী হয়েছে ?
ব্রহ্মচারী—অবন্তীরাজপুত্রী বাসবদত্তা তাঁর প্রিয়তমা পত্নী—
যৌগন্ধরায়ণ—তা হবে। কিন্তু তারপর ?
ব্রহ্মচারী—একদিন রাজা মৃগয়া উপলক্ষ্যে বাইরে যাবার পর গ্রামের একটি অগ্নিকাণ্ডে বাসবদত্তা প্রাণত্যাগ করেন।
বাসবদত্তা—(স্বগত) মিথ্যে, সব মিথ্যে! হতভাগিনী তো এখনও বেঁচে আছে!
যৌগন্ধরায়ণ—তারপর কি হলো বলুন—
ব্রহ্মচারী—তারপর তাঁকে উদ্ধার করতে গিয়ে রাজমন্ত্রী যৌগন্ধরায়ণ সেই অগ্নিতে ঝাঁপিয়ে পড়েন!
যৌগন্ধরায়ণ—সত্যি ? তারপর ?
ব্রহ্মচারী—তারপর রাজা ফিরে এলেন। সব কথা শুনে তিনি তাঁদের মৃত্যুশোকে অধীর হয়ে অগ্নিতে প্রাণ বিসর্জন দিতে উদ্যত হলেন, কিন্তু মন্ত্রিগণ তাঁকে বাধা দিলেন।
বাসবদত্তা—(স্বগত) জানি, আমার প্রতি আমার স্বামীর অনুকম্পার কথা আমি জানি বই কি!
যৌগন্ধরায়ণ—তারপর কি হলো বলুন।
ব্রহ্মচারী—তখন মহিষীর ব্যবহৃত সেই দগ্ধাবশিষ্ট অলঙ্কারগুলি আলিঙ্গন করে রাজা মূর্চ্ছিত হয়ে পড়লেন!
সকলে—আহা! তারপর ?
বাসবদত্তা—(স্বগত) এখন তাহলে আর্য যৌগন্ধরায়ণের অভিলাষ পূর্ণ হোক!

(বাসবদত্তার দুই চোখে দেখা দিল অশ্রুবিন্দু)

চেটী—রাজপুত্রী! দেখুন, আর্যা কাঁদছেন।
পদ্মাবতী—নিশ্চয়ই, পরের দুঃখে অনুকম্পাই এর কারণ!
যৌগন্ধরায়ণ—হাঁ, হাঁ, আমার ভগিনী পরের দুঃখ একেবারেই সইতে পারেন না। কিন্তু তারপর ?
ব্রহ্মচারী—তারপর ধীরে-ধীরে তাঁর জ্ঞান ফিরে এল—
পদ্মাবতী—তিনি বেঁচে উঠেছেন, খুবই ভাগ্যের কথা! মূর্চ্ছার সংবাদে খুবই বিচলিত হয়ে পড়েছিলাম।
যৌগন্ধরায়ণ—তারপর কি হলো ?
ব্রহ্মচারী—জ্ঞান ফিরে আসার পর তিনি উঠে দাঁড়ালেন, ভূমিতে লুণ্ঠনের জন্য তাঁর দেহ ধুলায় ধূসরিত। হায় বাসবদত্তে, হায় অবন্তীরাজপুত্রী, হায় প্রিয়ে, হায় প্রিয়শিষ্যে তুমি কোথায়—এই বলে তিনি কতভাবে বিলাপ করতে লাগলেন। বেশি কি আর বলব ? এখন চক্রবাকও তাঁর চেয়ে বেশি বিরহ-কাতর নয়। গুণবতী পত্নীর মৃত্যুতে আর কাকেও এমন শোক করতে দেখা যায় না! স্বামী যে পত্নীকে এই চোখে দেখবেন—সেই স্ত্রী তো ধন্য। পত্নী প্রেমের গুণে ইনি দগ্ধ হয়েও দগ্ধ হলেন না।
যৌগন্ধরায়ণ—তাঁকে প্রকৃতিস্থ করার জন্যে কোন মন্ত্রীই কি চেষ্টা করেন নি ?

ব্রহ্মচারী—হ্যাঁ—রুমন্বান্[৭] নামে এক মন্ত্রী সুস্থ করে তুলতে খুবই চেষ্টা করেছিলেন। তিনি দিবারাত্র সযত্নে রাজার সেবা করছেন। রাজার মতোই তিনিও অনাহারী; সকল সময় অশ্রুপাতের ফলে তাঁর মুখ শীর্ণ, রাজার দুঃখে সহানুভূতির ফলে তিনিও দেহের সংস্কার করেন না। যদি রাজার মৃত্যু হয়—তাঁরও মৃত্যু হবে।

বাসবদত্তা—আর্যপুত্র সুজনের হাতে পড়েছেন এটি ভাগ্যের কথা।

যৌগন্ধরায়ণ—(স্বগত) রুমন্বান্ গুরুভার বহন করছেন। আমি যে বাসবদত্তার ভার নিয়েছি তাতে তো বিশ্রাম আছে। কিন্তু রুমন্বানের কাজে কোন বিরাম নেই। রাজা যার অধীন, সকলেই তার অধীন, একথা মানতেই হয়। (প্রকাশ্যে) রাজা কি এখন প্রকৃতিস্থ ?

ব্রহ্মচারী—ঠিক বলতে পারব না। লাবাণকে[৮] তাঁর মুখে শুধু একটি বিলাপই শোনা যেত—'এখানে তাঁর সঙ্গে হেসেছিলাম, এখানে কথা বলেছিলাম, এখানে রাগ করেছিলাম, এখানেই একসঙ্গে বাস করেছিলাম, একসঙ্গে শুয়েছিলাম!' যখন রাজার এই বিলাপ চলতে থাকল তখন মন্ত্রিগণ বহু চেষ্টায় তাঁকে গ্রাম থেকে নিয়ে গেছেন। রাজা চলে যাবার পর মনে হলো লাবাণক নক্ষত্রহীন আকাশের মতোই শ্রীহীন—আমিও সেই গ্রাম ছেড়ে চলে এসেছি।

তাপসী—এই আগন্তুক যাঁকে এত প্রশংসা করছে, নিশ্চয়ই সেই রাজা গুণবান!

চেটী—রাজপুত্রী! আপনার কি মনে হয় রাজা অন্য এক স্ত্রী গ্রহণ করবেন ?

পদ্মাবতী—(স্বগত) ঠিক আমার মনের কথাই বলেছে!

ব্রহ্মচারী—আমাকে বিদায় দিন। এখন আমি যাই!

উভয়ে—আচ্ছা, আসুন, আপনার ইষ্টসিদ্ধি হোক।

ব্রহ্মচারী—তাই হোক্। (প্রস্থান)

যৌগন্ধরায়ণ—রাজপুত্রীর অনুমতি পেলে আমিও যেতে চাই।

কঞ্চুকী—(পদ্মাবতীর প্রতি) ইনি যাবার অনুমতি চান।

পদ্মাবতী—আপনি চলে গেলে আপনার ভগিনী যে উৎকণ্ঠিতা হবেন।

যৌগন্ধরায়ণ—ওকে আপনার হাতে রেখে গেলাম, উৎকণ্ঠার কারণ নেই। (কঞ্চুকীর প্রতি) আমি যাই।

কঞ্চুকী—আচ্ছা আসুন। আবার যেন দেখা হয়।

যৌগন্ধরায়ণ—তাই হোক্! (প্রস্থান)

কঞ্চুকী—এখন ভিতরে যাবার সময় হয়েছে!

পদ্মাবতী—আর্যে আপনাকে প্রণাম করি।

তাপসী—বৎসে, তুমি তোমার যোগ্য স্বামী লাভ কর।

বাসবদত্তা—আর্যে! আমিও অভিবাদন জানাই।

তাপসী—অচিরে পতির সঙ্গে মিলিত হও।

বাসবদত্তা—আমি কৃতার্থ হলাম।

কঞ্চুকী—তবে আসুন ভদ্রে, এইদিকে—এইদিকে। পাখিরা কুলায় ফিরেছে, মুনিগণ স্নানে রত, উজ্জ্বল শিখায় জ্বলেছে অগ্নি, ধূমরাশি ছড়িয়ে

পড়েছে তপোবনে; সূর্যদেবও মধ্য গগন থেকে সরে গিয়ে কিরণ সংকুচিত করেছেন এবং রথ ফিরিয়ে অস্তাচল শিখরে অবতরণ করতে উদ্যত হয়েছেন।

প্রথম অঙ্ক সমাপ্ত

দ্বিতীয় অঙ্ক

(চেটীর প্রবেশ)

চেটী—কুঞ্জরিকে! কুঞ্জরিকে! রাজপুত্রী পদ্মাবতী কোথায়? (কান পেতে) কি বললে? রাজপুত্রী মাধবীলতা মণ্ডপের পাশে বল নিয়ে খেলছেন? আচ্ছা তবে যাই ও'র কাছে (পদচারণা করে চেয়ে দেখলে) এই যে রাজপুত্রী বল খেলতে-খেলতে এইদিকেই আসছেন; ওর কানের অলঙ্কার উপরের দিকে উঠে গেছে, মুখখানি ক্লান্তি হেতু সুন্দর শ্রমজনিত স্বেদবিন্দুতে চিত্রিত। (প্রস্থান)

প্রবেশক সমাপ্ত

(এরপর বল নিয়ে খেলতে-খেলতে বাসবদত্তা ও পরিজনবর্গের সঙ্গে পদ্মাবতী প্রবেশ করলেন।)

বাসবদত্তা—সখি, এই নাও তোমার বল!

পদ্মাবতী—আর্যে, আজ এই পর্যন্তই থাক!

বাসবদত্তা—সখি, অনেকক্ষণ বল খেলতে-খেলতে তোমার হাত দুটি রক্তিম হয়ে উঠেছে, মনে হচ্ছে যেন আর কারও হাত।

চেটী—খেলুন, রাজপুত্রী খেলুন! রমণীয় কন্যাকাল এইভাবেই কাটুক।

পদ্মাবতী—আর্যে, পরিহাসের ভঙ্গীতে আমার দিকে তাকিয়ে আছেন যে!

বাসবদত্তা—না, না তা নয়। আসল কথা, আজ তোমাকে বড় সুন্দর দেখাচ্ছে—তোমার চারদিকেই যেন তোমার বরের মুখ দেখতে পাচ্ছি।

পদ্মাবতী—আপনি যান তো এখান থেকে; আমাকে আর উপহাস করতে হবে না।

বাসবদত্তা—ওগো ভাবী মহাসেন পুত্রবধূ! এই আমি চুপ করলাম।

পদ্মাবতী—মহাসেন আবার কে?

বাসবদত্তা—উজ্জয়িনীর রাজা প্রদ্যোৎ; বিপুল সেনার অধিকারী বলেই তার নাম 'মহাসেন'।

চেটী—কিন্তু তার সঙ্গে কোন সম্বন্ধ হোক এটা তো রাজপুত্রীর ইচ্ছে নয়—

বাসবদত্তা—তবে কার সঙ্গে সম্বন্ধ স্থাপন তাঁর ইচ্ছে?

চেটী—বৎসরাজ উদয়ন রয়েছেন। রাজপুত্রী তাঁর গুণে মুগ্ধ!

বাসবদত্তা—(স্বগত) আমার স্বামীকেই পতিরূপে পেতে ইচ্ছুক। (প্রকাশ্যে) কিন্তু কোন্ গুণে?

চেটী—তিনি খুব দয়ালু তাই!

বাসবদত্তা—(স্বগত) তা কি আর জানি না? আমিও তো ঐ গুণেই মুগ্ধ হয়েছিলাম।

চেটী—কিন্তু রাজপুত্রী! সেই রাজা যদি দেখতে কুৎসিত হন?

বাসবদত্তা—না, না তিনি খুবই সুন্দর দেখতে।

পদ্মাবতী—আপনি কি করে জানলেন ?

বাসবদত্তা—(স্বগত) স্বামীর প্রতি পক্ষপাতিত্বের জন্য সীমা লঙ্ঘন করে ফেলেছি। এখন কি করি। আচ্ছা, এইভাবে বলি। (প্রকাশ্যে) সখি উজ্জয়িনীবাসীবাই ওকথা বলে থাকে।

পদ্মাবতী—তা বটে। উজ্জয়িনীতে তাঁর দর্শন সুলভ। সৌন্দর্য সবাব কাছেই মনোহারী। (ধাত্রীর প্রবেশ)

ধাত্রী—রাজপুত্রীর জয় হোক্। রাজপুত্রী। আপনি এখন বাগ্‌দত্তা হলেন।

বাসবদত্তা—কার কাছে ?

ধাত্রী—বৎসদেশের রাজা উদয়নেব কাছে।

বাসবদত্তা—সেই বাজার কুশল তো ?

ধাত্রী—তিনি কুশলেই আছেন, তাছাড়া রাজপুত্রীকে গ্রহণ কবেছেন।

বাসবদত্তা—সর্বনাশ।

ধাত্রী—সর্বনাশ কেন ?

বাসবদত্তা—না—না, তেমন কিছুই নয়। তবে এইটেই ভয়েব কথা যে তিনি ঐরকম সন্তাপে আবাব উদাসীন হযে না পড়েন।

ধাত্রী—আর্যে, মহাপুরুষদেব হৃদয় শাস্ত্রজ্ঞানে পূর্ণ, তাই হৃদয প্রকৃতিস্থ হতে দেবী হয় না।

বাসবদত্তা—আর্যে, তিনি নিজেই কি বরণ করেছেন ?

ধাত্রী—না, না তিনি এখানে এসেছিলেন অন্য প্রয়োজনে। তাঁব বংশ, কাল, বয়স ও রূপ দেখে মহারাজ নিজেই দান করেছেন।

বাসবদত্তা—(স্বগত) তাহলে এ-ব্যাপারে আর্যপুত্রের কোন অপরাধ নেই। (অন্য এক চেটীর প্রবেশ)

চেটী—আর্যে, শীঘ্র আসুন, আজই ভাল নক্ষত্র, বাণী বললেন আজই কৌতুক মঙ্গল করতে হবে।

বাসবদত্তা—(স্বগত) এরা যত তাড়াতাড়ি কবছে আমাব হৃদয় ততই অন্ধকার হয়ে উঠছে।

ধাত্রী—রাজপুত্রী আসুন। আসুন! (সকলের প্রস্থান)

দ্বিতীয় অঙ্ক সমাপ্ত

তৃতীয় অঙ্ক

(চিন্তাব্যাকুল বাসবদত্তার প্রবেশ)

বাসবদত্তা—বিবাহের আনন্দোৎসবে উচ্ছ্বসিত অন্তঃপুর। চতুঃশালায় বিদ্যাবতীকে রেখে আমি চলে এলাম এই প্রমোদবনে, দুঃখের সান্ত্বনার আশায়।

(ঘুরে বেড়াতে-বেড়াতে)

কি দুর্ভাগ্য আমার। আজ আমার স্বামীও অন্যের হতে চলেছেন। একটু বসি এখানে।

(বসলেন ; একটু পরে)

চক্রবাক বধূই ধন্যা, প্রিয়তমের বিচ্ছেদে সে বেঁচে থাকে না, কিন্তু আমি ত প্রাণত্যাগ করতে পারছি না, আমি নিশ্চয়ই হতভাগিনী, আর্যপুত্রকে দেখবার আশায় এখনও বেঁচে আছি।

(হাতে ফুল নিয়ে চেটীর প্রবেশ)

চেটী—(এদিক-ওদিক তাকিয়ে) আর্যা আবন্তিকা গেলেন কোথায় ? (একটু অগ্রসর হয়ে বাসবদত্তাকে দেখে) এই যে প্রিয়ংগুলতার নিচে শিলায় বসে আছেন—অলংকার নেই, কিন্তু পরিচ্ছন্ন বেশ, কিসের ধ্যানে যেন মগ্ন। দেখে মনে হচ্ছে যেন কুয়াশায় আচ্ছন্ন চন্দ্রলেখা। কাছে যাই।

(বাসবদত্তার কাছে এসে)

আর্যে আবন্তিকে ! কতক্ষণ আপনাকে খুঁজে বেড়াচ্ছি।

বাসবদত্তা—কেন ?

চেটী—আমাদের রাণী বললেন, আপনি উচ্চবংশে জাতা, স্নেহময়ী ও নিপুণা, তাই আপনাকে বিবাহের মালা গাঁথতে হবে।

বাসবদত্তা—কার জন্য গাঁথব ?

চেটী—আমাদের রাজপুত্রীর জন্য।

বাসবদত্তা—(স্বগত) এই কাজটিও আমাকেই করতে হবে, এই কি নিয়তির নির্দেশ। দেবগণ কি নিষ্ঠুর !

চেটী—এখন আর ভাববার সময় নেই। জামাতা মণিভূমিতে স্নান করছেন। তাড়াতাড়ি মালা গেঁথে দিন।

বাসবদত্তা—(স্বগত) আমি যে আর কিছুই ভাবতে পারছি না ! (প্রকাশ্যে) তুমি কি জামাতাকে দেখেছ ?

চেটী—রাজপুত্রীর প্রতি স্নেহ, আর আমাদের কৌতূহল, দেখা হয়ে গেছে বই কি।

বাসবদত্তা—জামাতা কেমন দেখতে ?

চেটী—সত্যি বলছি, এমন আর আগে দেখিনি !

বাসবদত্তা—ওগো বল না, দেখতে সুন্দর তো ?

চেটী—কি আর বলব, মনে হলো যেন ধনুঃশর হীন স্বয়ং কামদেব ! মনে হলো—

বাসবদত্তা—থাক্, ও-কথা থাক।

চেটী—বলতে বারণ করছেন কেন ?

বাসবদত্তা—পরপুরুষের গুণকীর্তন শুনতে নেই !

চেটী—তাহলে মালা গাঁথার কাজটি তাড়াতাড়ি করে ফেলুন—

বাসবদত্তা—ফুল নিয়ে এস গেঁথে দিচ্ছি।

চেটী—এই নিন ফুল ! (হাতের ফুল ঢেলে দিল)

বাসবদত্তা—(ফুলগুলি পরীক্ষা করে) এই ওষুধীর নাম কি ?

চেটী—'অবিধবাকরণ'

বাসবদত্তা—(স্বগত) আমার ও পদ্মাবতীর জন্য এটি বহুবার গাঁথব ! (প্রকাশ্যে) এটির কি নাম ?

চেটী—'সপত্নীসংহার'।

বাসবদত্তা—এটি গাঁথব না।

চেটী—কেন ?

বাসবদত্তা—তাঁর ভার্যা ত মরেছে, কাজেই এর আর প্রয়োজন নেই।

(অন্য এক চেটীর প্রবেশ)

দ্বিতীয় চেটী—আর্যে, একটু তাড়াতাড়ি গাঁথুন। এয়ো-দল জামাতাকে অন্তঃপুরের চতুঃশালাতে নিয়ে যাচ্ছেন।

বাসবদত্তা—গাঁথা হয়ে গেছে। এই নাও।

চেটী—সুন্দর হয়েছে। আর্যে। আমি তবে এখন যাই।

(দুই চেটীর প্রস্থান)

বাসবদত্তা—যাক্ চলে গেছে! দুর্ভাগ্য আমার! আর্যপুত্রও আজ পরের হয়ে গেলেন। যদি নিদ্রা হয়, শয্যাতেই আমার দুঃখ দূর করব।

তৃতীয় অংক সমাপ্ত

চতুর্থ অঙ্ক

(বিদূষকের প্রবেশ)

বিদূষক—(সহর্ষে) বৎসরাজের বিবাহোৎসব, খুবই রমণীয় ব্যাপার সন্দেহ নেই। সৌভাগ্যের কথা, সেই উৎসবে যোগদান করে সময়টা বেশ ভালই কেটেছে! সংকটের ঘূর্ণিজলে ডুবতে বসেছিলাম, কে জানত যে আবার উপরে ভেসে উঠতে পারব। এখন প্রাসাদে বাস করি, অন্তঃপুরের দীঘিতে স্নান করি আর মিষ্টদ্রব্য ভোজন করি—সেই মিষ্টি, বলব কি, খুবই মধুর আর কোমল। এ-যেন শান্তিময় স্বর্গবাস—শুধু অপ্সরাই নেই। কিন্তু একটি বিরাট ত্রুটি দেখা যাচ্ছে; আমার খাদ্যটা ঠিক হজম হচ্ছে না। বিছানায় সুন্দর আচ্ছাদন। কিন্তু তার উপর শুয়েও ঘুম আসে না—চারদিকে দেখছি বাতবক্তের বিভীষিকা! রোগে কাবু হয়ে পড়ব এদিকে প্রাতর্ভোজনটাও বাদ যাবে, ব্যাপারটা মোটেই সুখকর নয়।

(চেটীর প্রবেশ)

চেটী—আর্য বসন্তক কোথায়? (অগ্রসর হয়ে) এই যে আর্য বসন্তক! (কাছে এসে) আর্য বসন্তক! কতক্ষণ আপনাকে খুঁজে বেড়াচ্ছি।

বিদূষক—ভদ্রে! কিসের জন্য এত খোঁজাখুঁজি ?

চেটী—আমাদের রাণীমা জিজ্ঞেস করলেন, জামাতা স্নান করেছেন কি ?

বিদূষক—ভদ্রে! তিনি কেন জিজ্ঞেস করছেন, জানতে পারি ?

চেটী—কেন আবার ? পুষ্প, গন্ধদ্রব্য এসব নিয়ে আসতে হবে না ?

বিদূষক—জামাতা স্নান করেছেন। ভদ্রে, খাদ্য বাদে সবকিছুই নিয়ে এস।

চেটী—খাদ্য নিষিদ্ধ হলো যে।

বিদূষক—আমি হতভাগ্য! উদরের মধ্যে গোলযোগ শুরু হয়ে গেছে।

চেটী—তাহলে আপনি এইভাবেই থাকুন।

বিদূষক—তুমি যাও, আমিও মহারাজের কাছে যাচ্ছি।

(উভয়ের প্রস্থান)

প্রবেশক সমাপ্ত

(এরপর প্রবেশ করলেন পরিজন সহ পদ্মাবতী এবং আবন্তিকা বেশধারিণী বাসবদত্তা)

চেটী—রাজপুত্রী ! প্রমোদ বনে কেন এলেন ?

পদ্মাবতী—শেফালিকাগুচ্ছে ফুল ফুটেছে কিনা তাই দেখতে ?

চেটী—ফুটেছে ; দেখে মনে হবে যেন প্রবালখচিত মুক্তামালায় ছেয়ে গেছে।

পদ্মাবতী—তাই যদি হয় তবে আর দেরী কিসের ?

চেটী—তাহলে আপনি এই শিলার উপর কিছুক্ষণ বসুন, আমি তুলে আনছি।

পদ্মাবতী—আর্যে, এইখানেই বসা যাক।

বাসবদত্তা—তাই হোক।

(দুইজনে বসলেন)

চেটী—(ফুল তুলতে-তুলতে) দেখুন, শেফালি ফুলে আমার অঞ্জলি ভরে গেছে !

পদ্মাবতী—(দেখে) কি বিচিত্র ফুল। চেয়ে দেখুন।

বাসবদত্তা—সত্যি কি সুন্দর ফুল !

চেটী—আর তুলব কি ?

পদ্মাবতী—না, আর তুলে কাজ নেই।

বাসবদত্তা—তুলতে বারণ করছ কেন ?

পদ্মাবতী—আর্যপুত্র এখানে এসে এই ফুলের সমারোহ দেখবেন তাই আমারই গৌরব বাড়বে।

বাসবদত্তা—সখি, স্বামী তোমার প্রিয় হয়েছেন তো ?

পদ্মাবতী—তা জানি না, তবে তাঁর বিরহে ব্যাকুল হয়ে উঠি।

বাসবদত্তা—(স্বগত) স্বামীর বিরহে থেকে আমি নিশ্চয়ই কঠিন কর্মে ব্রতী হয়েছি, এও তো এই কথাই বলছে !

চেটী—রাজপুত্রী ঠিকই বলেছেন—'স্বামী আমার প্রিয়'।

পদ্মাবতী—কিন্তু একটি বিষয়ে আমার সন্দেহ জাগছে !

বাসবদত্তা—সন্দেহ কিসে ?

পদ্মাবতী—আর্যপুত্র আমার কাছে যেমন প্রিয়—আর্যা বাসবদত্তার কাছেও সেইরকমই ছিলেন কিনা—

বাসবদত্তা—তার চেয়েও বেশি !

পদ্মাবতী—কিসে জানলেন ?

বাসবদত্তা—(স্বগত) তাইতো, আর্যপুত্রের প্রতি পক্ষপাত আছে বলেই একটু বাড়াবাড়ি করে ফেলেছি। এখন একটু ঘুরিয়ে বলি। (প্রকাশ্যে) তাঁর ভালবাসা যদি অল্পই হতো তাহলে তিনি কখনও স্বজন ত্যাগ করতেন না।

পদ্মাবতী—তা হয়তো সম্ভব।

চেটী—রাজপুত্রী। স্বামীকে ভাল করে বলুন, আমিও বীণা শিখব।

পদ্মাবতী—বলেছিলাম ওঁকে।

বাসবদত্তা—তিনি কি বললেন ?
পদ্মাবতী—কিছু বলেন নি তো। দীর্ঘনিঃশ্বাস ফেলে শুধু চুপ করে রইলেন।
বাসবদত্তা—তাতে তুমি কি ভাবলে ?
পদ্মাবতী—ভাবলাম, নিশ্চয়ই ওঁর বাসবদত্তার গুণাবলীর কথা মনে পড়েছে, তাই নীরব রইলেন, শুধু দেখতে খারাপ হবে বলেই যেন চোখের জল ফেলেন নি।
বাসবদত্তা—(স্বগত) যদি তাই সত্য হয়, তবে আমি ধন্যা।

(রাজা ও বিদূষকের প্রবেশ)

বিদূষক—কি সুন্দর। চয়নের পরে ওখানে-ওখানে ছড়িয়ে আছে 'বন্ধুক' ফুল। তাতে প্রমোদবনটি চমৎকার দেখাচ্ছে। এদিকে আসুন মহারাজ।
রাজা—সখে বসন্তক, আমি আসছি। যখন আমি উজ্জয়িনীতে অবন্তিরাজকুমারী বাসবদত্তাকে দেখে এক অনির্বচনীয় অবস্থার মধ্যে পড়েছিলাম তখন পঞ্চশর মদন তার পাঁচটি শরই নিক্ষেপ করেছিলেন, সেই শর কয়টি আজও হৃদয়ে বিঁধে আছে। পদ্মাবতীকে বিবাহ করে আর এক নূতন সমস্যার সম্মুখীন হলাম। মদন যখন পঞ্চশর, তখন এই ষষ্ঠ শরটি কেমন করে নিক্ষিপ্ত হলো ?
বিদূষক—দেবী পদ্মাবতী কোথায় গেলেন ? বোধহয় লতামণ্ডপে গিয়েছেন কিংবা 'পর্বততিলক' নামক সেই শিলাখণ্ডে 'অসন' কুসুমে ব্যাপ্ত বলেই যাকে মনে হয় ব্যাঘ্রচর্মে আচ্ছাদিত। কিংবা তাঁর গন্তব্যস্থান প্রবল কটু গন্ধে ভরা 'সপ্তপর্ণবন' অথবা বিচিত্র মৃগপক্ষীপূর্ণ 'দারু পর্বত' ? (ঊর্ধ্বে দৃষ্টিপাত করে) কি অপরূপ! শরতের নির্মল আকাশে বলদেবের প্রসারিত বাহুর মতো রমণীয় সুশ্রী সারসশ্রেণী দলবদ্ধভাবে উড়ে যাচ্ছে। দেখুন একবার।
রাজা—দেখছি বই কি সখা। কখনও সরল ও প্রসারিত, কখনও বিচ্ছিন্ন, কখনও উপরে উড়ে যাচ্ছে, কখনও আবার নিচে নেমে আসছে। খোলস ছেড়ে দিলে সাপের উদর যেমন নির্মল দেখায় তেমনি নির্মল ঐ আকাশ, সপ্তর্ষি মণ্ডলের ন্যায় কুটিল এই সারসশ্রেণী যেন ঐ আকাশকে দুই ভাগে বিভক্ত করে দিয়েছে।
চেটী—রাজপুত্রী দেখুন, দেখুন। শ্বেতপদ্মমালার মতো পাণ্ডুবর্ণ অথচ সুন্দর ঐ সারসশ্রেণী কেমন দলবেঁধে উড়ে যাচ্ছে। এই যে প্রভু।
পদ্মাবতী—তাইতো আর্যপুত্র যে! আর্যে, আপনার জন্যই আমার স্বামীকে আমি দর্শন দেবো না। চলুন, আমরা মাধবীমণ্ডপে যাই।
বাসবদত্তা—তাই হোক।

(দুইজনে মাধবীলতা কুঞ্জে প্রবেশ করলেন)

বিদূষক—দেবী পদ্মাবতী এখানে এসে চলে গেছেন।
রাজা—বুঝলে কি করে ?
বিদূষক—এই দেখুন না, শেফালিকাকুঞ্জ থেকে ফুল তোলা হয়েছে।
রাজা—বসন্তক! সত্যি ফুলের কি বৈচিত্র্য!
বাসবদত্তা—(স্বগত) 'বসন্তক' কথাটি শুনে আমার মনে হচ্ছে যেন আমি উজ্জয়িনীতেই আছি।
রাজা—তাহলে এস বসন্তক। আমরা এই শিলাতলে বসে পদ্মাবতীর জন্য অপেক্ষা করি।

বিদূষক—তাই হোক্। (বসেই উঠে পড়ল) উঃ শরতের তীক্ষ্ণ রোদ একেবারে অসহ্য! চলুন, মাধবীমণ্ডপে প্রবেশ করি।
রাজা—বেশ, তুমি আগে চল।
বিদূষক—তাই হোক।

(দুজনে অগ্রসর হলেন)

পদ্মাবতী—সব পণ্ড করতে আসছেন আর্য বসন্তক! এখন কি করি?
চেটী—রাজপুত্রী! এই লতায় কত ভ্রমর এসে বসেছে, লতাটিকে কাঁপিয়ে দিই প্রভুকে ওরাই বারণ করবে।
পদ্মাবতী—তবে তাই কর।

(চেটী নির্দেশ মতো কাজ সুরু করল)

বিদূষক—কি বিপদ, কি বিপদ—দাঁড়ান, দাঁড়ান।
রাজা—কেন?
বিদূষক—দুর্বিনীত ভ্রমরের দল আমাকে আক্রমণ করেছে!
রাজা—না, না তুমি ও-কথা বল না। ভ্রমরগুলিকে তুমি ভয় দেখিও না! ঐ দেখ ফুলের মধু পান করে অস্ফুট গুঞ্জনকারী ভ্রমরের দল কামার্তা প্রিয়ার আলিঙ্গনে আবদ্ধ! আমাদের পাদক্ষেপে পীড়িত হলে আমার মতোই ওরা প্রিয়ার বিচ্ছেদে কষ্ট পাবে! তারচেয়ে এস, আমরা এইখানেই বসি।
বিদূষক—বেশ, তবে তাই কর।

(দুজনে উপবেশন করলেন)

চেটী—রাজপুত্রী! এইবার আমরা কারারুদ্ধ হলাম!
পদ্মাবতী—ভাগ্যের কথা, আর্যপুত্র বসে পড়েছেন!
বাসবদত্তা—আমার ভাগ্য, আর্যপুত্র সুস্থই আছেন।
চেটী—রাজপুত্রী! আর্যার চোখে জল!
বাসবদত্তা—না, না মধুকরের উৎপাতে কাশফুলের রেণু চোখে এসে পড়েছে, তাই!
পদ্মাবতী—তা হতে পারে!
বিদূষক—প্রমোদবন তো শূন্য দেখতে পাচ্ছি। কিছু জিজ্ঞাসা আছে।
রাজা—স্বচ্ছন্দে বল।
বিদূষক—কে আপনার প্রিয়তমা? তখনকার দেবী বাসবদত্তা? না এখনকার পদ্মাবতী?
রাজা—তুমি তো দেখছি আমাকে এক জটিল প্রেম সংকটে ফেলে দিলে!
পদ্মাবতী—সত্যি, আর্যপুত্র কি বিষম সংকটেই না পড়েছেন!
বাসবদত্তা—(স্বগত) আর, হতভাগিনী আমিও সংকটে পড়েছি বই কি।
বিদূষক—আপনি স্বচ্ছন্দে বলুন। একজন তো মরেই গেছেন আর একজন কাছে নেই!
রাজা—আমি বলব না। তুমি বড্ড মুখর!
পদ্মাবতী—এতে তো সবই বলা হয়ে গেল!
বিদূষক—আমি শপথ করছি, কাউকে বলব না। এই জিভ্ কাটলাম।
রাজা—সখে, বলতে আমার উৎসাহ নেই।

পদ্মাবতী—কি নির্বোধ। এতেও আর্যপুত্রের মন বুঝতে পারল না?

বিদূষক—কি, আমাকে বলবেন না? তাহলে এই শিলাখণ্ড থেকে এক পা-ও নড়তে পারবেন না। এই আপনাকে বন্দী করলাম।

রাজা—জোর করে?

বিদূষক—হ্যাঁ, জোর করে।

রাজা—তাহলে দেখা যাক্‌।

বিদূষক—প্রসন্ন হউন প্রসন্ন হউন। আমি বয়স্য ভাবেই ও-কথা বলেছি। আমার দিব্যি, আমাকে সত্য কথা বলুন।

রাজা—না বলে আর উপায় কি। তবে শোনো, পদ্মাবতী যদিও রূপে শীলে ও মাধুর্যে আমার আদরের পাত্রী, তবু বাসবদত্তায় আবদ্ধ আমার মনটি তিনি হরণ করতে পারেন নি।

বাসবদত্তা—(স্বগত) আমার সকল দুঃখের পুরস্কার আজ পেলাম, আজ মনে হচ্ছে এই অজ্ঞাতবাসও কত মধুর!

চেটী—রাজপুত্রী! আপনার স্বামী নিষ্ঠুর!

পদ্মাবতী—ও কথা বল না। আমার আর্যপুত্র করুণাময়। আর্যা বাসবদত্তার গুণ তিনি এখনও ভুলতে পারেন নি।

বাসবদত্তা—ভদ্রে, তুমি যা বললে তা তোমার উচ্চ বংশেরই যোগ্য।

রাজা—আচ্ছা, আমি তো বললাম। এখন তুমি বল, কে তোমার প্রিয়, পূর্বের বাসবদত্তা না বর্তমানের পদ্মাবতী?

বিদূষক—প্রলাপে কাজ নেই, দুজনেই আমার সম্মানের পাত্রী।

রাজা—মূর্খ! আমার কাছ থেকে জোর করে শুনে নিয়ে এখন নিজে চুপ করে আছ?

বিদূষক—তাহলে কি আমার কাছ থেকেও জোর করে শুনবেন?

রাজা—হ্যাঁ, জোর করে।

বিদূষক—তাহলে শুনতে পাবেন না।

রাজা—হে মহাব্রাহ্মণ![১১] প্রসন্ন হও, প্রসন্ন হও! স্বচ্ছন্দে বল।

বিদূষক—এখন তবে শুনুন। বাসবদত্তা আমার সম্মানের পাত্রী আর পদ্মাবতীও তরুণী, সুন্দরী, ও করুণাময়ী—কোন রাগ নেই, অহংকারও নেই! কিন্তু বাসবদত্তার একটি মহৎ গুণ ছিল—তিনি মধুর খাদ্যসম্ভার নিয়ে আমাকে অভ্যর্থনা জানাতেন এই বলে—'আর্য বসন্তক কোথায় গেলেন'?

বাসবদত্তা—(স্বগত) বসন্তক! এখন তাহলে এইটুকুই মনে রেখ!

রাজা—বেশ বেশ বসন্তক দেবী বাসবদত্তাকে আমি সব কথাই বলব।

বিদূষক—হায় বাসবদত্তা! বাসবদত্তা কোথায়? অনেকদিন আগেই তো তার মৃত্যু হয়েছে!

রাজা—হ্যাঁ, বাসবদত্তা তো জীবিত নেই! পরিহাসের প্রসঙ্গে আমার মন চঞ্চল হয়ে উঠেছিল, তাই আগের অভ্যাস মতোই কথাগুলো বলে ফেলেছি!

পদ্মাবতী—সুন্দর কথা চলছিল, এই নিষ্ঠুর লোকটিই বাধা দিল!

বাসবদত্তা—(স্বগত) এখন আমি আশ্বস্ত হলাম; এমন কথা আড়াল থেকে শোনাই ভাল!

বিদূষক—আপনি ধৈর্য ধরুন। দৈবকে অতিক্রম করা যায় না, যা ঘটবার তা এইভাবে ঘটেছে।

রাজা—বয়স্য, আমার অবস্থা তুমি বুঝতে পারছ না। কেননা, গভীর অনুরাগ ত্যাগ করা কঠিন, বার-বার স্মরণ করলে দুঃখ নতুন হয়ে ওঠে। এমন অবস্থায় বুদ্ধি চায় অশ্রুবিসর্জনে ঋণমুক্ত হতে, মুক্তির পর প্রসন্নতা লাভ করতে।

বিদূষক—চোখের জলে আপনার মুখ সিক্ত হচ্ছে, আমি মুখধোবার জল নিয়ে আসছি।

(প্রস্থান)

পদ্মাবতী—আর্যে, আর্যপুত্রের মুখ অশ্রুসিক্ত! চলুন, আমরা বেরিয়ে যাই!

বাসবদত্তা—তাই ভাল। কিংবা তুমিই থাক, উৎকণ্ঠিত স্বামীকে ছেড়ে যাওয়া ঠিক হবে না। আমিই যাই।

চেটী—আর্যা ঠিক বলেছেন। প্রভুপত্নীর স্বামীর কাছে যাওয়াই ভাল।

পদ্মাবতী—আমি কি তাহলে প্রবেশ করব?

বাসবদত্তা—যাও ভগ্নি, প্রবেশ কর। (প্রস্থান)

(এরপর প্রবেশ করলেন বিদূষক ও পদ্মাবতী—বিদূষকের হাতে পদ্মের পাতায় জল)

বিদূষক—এই যে দেবী পদ্মাবতী!

পদ্মাবতী—আর্য বসন্তক! এটা কি?

বিদূষক—(বিমূঢ় কণ্ঠে) এটা—মানে, মানে ওটা—

পদ্মাবতী—বলুন আর্য, বলুন।

বিদূষক—বাতাসে কাশফুলের রেণু মহারাজের চক্ষে এসে পড়েছে, মুখ ভেসেছে চোখের জলে। এই মুখ ধোবার জল; তা আপনিই গ্রহণ করুন।

পদ্মাবতী—(স্বগত) প্রভুর যেমন দাক্ষিণ্য, ওর পরিজনেরও তাই। (কাছে গিয়ে) আর্যপুত্রের জয় হোক। এই যে মুখ ধোবার জল।

রাজা—এই যে পদ্মাবতী (জনান্তিকে) বসন্তক এ কি ব্যাপার?

বিদূষক—(রাজার কানে কানে) ব্যাপারটা এই।

রাজা—সাধু বসন্তক সাধু। (আচমন করে) বস পদ্মাবতী।

পদ্মাবতী—আর্যপুত্রের যেমন আদেশ। (বসলেন)

রাজা—পদ্মাবতী। শরৎকালের চাঁদের মতো শাদা কাশফুলের রেণু বাতাসে উড়ে এসে পড়ল চোখে, তাই মুখে নামল চোখের ধারা। (স্বগত) নূতন বিবাহিতা এই বালিকা হয়তো সত্য কথা শুনে ব্যথা পাবে। এর স্বভাব ধীর কিন্তু স্ত্রীজাতি স্বভাবতই অধীর!

বিদূষক—সখে, আজ অপরাহ্ণে মগধরাজ আপনাকে সঙ্গে নিয়ে বন্ধুপরিজনদের সঙ্গে দেখা করবেন। সৎকারের বিনিময়ে সৎকার হলে প্রীতির বন্ধন দৃঢ় হয়। সুতরাং এখন উঠুন।

রাজা—বেশ ভাল কথা। (আসন ত্যাগ করলেন) বিশাল গুণরাশির অধিকারী কিংবা বিপুল সৎকারের কর্তা সুলভ কিন্তু বোদ্ধাই দুর্লভ।

চতুর্থ অঙ্ক সমাপ্ত

পঞ্চম অঙ্ক

(পদ্মাবতীর পরিচারিকা পদ্মিনিকার প্রবেশ)

পদ্মিনিকা—মধুকরিকে। মধুকরিকে। শীগ্‌গির এস।

(দ্বিতীয় পরিচারিকা মধুকরিকার প্রবেশ)

মধুকরিকা—ওগো, এই যে আমি! কি করতে হবে শুনি?

পদ্মিনিকা—কেন, তুমি কি জান না, প্রভুপত্নী পদ্মাবতী শিরঃপীড়ায় ভীষণ কষ্ট পাচ্ছেন?

মধুকরিকা—ওমা, তাই নাকি। কি সর্বনাশ?

পদ্মিনিকা—ওগো তুমি শীগ্‌গির যাও। আর্যা আবন্তিকাকে খবর দিয়ে এস। শুধু প্রভুপত্নীর মাথার যন্ত্রণার কথাটি বোলো, তাহলে তিনি নিজেই আসবেন।

মধুকরিকা—এসে তিনি কি করবেন?

পদ্মিনিকা—তিনি সুন্দর গল্প বলে যন্ত্রণা দূর করতে পারবেন।

মধুকরিকা—ঠিক বলেছ তুমি! কিন্তু প্রভুপত্নীর শয্যারচনা কোথায় করা হয়েছে?

পদ্মিনিকা—সমুদ্রগৃহে। তুমি এখন যাও, আমিও প্রভুকে সংবাদ দেবার জন্য আর্য বসন্তকের খোঁজ করি।

মধুকরিকা—তবে তাই হোক্।

(প্রস্থান)

পদ্মিনিকা—আর্য বসন্তককে এখন কোথায় পাই?

(বিদূষক বসন্তকের প্রবেশ)

বিদূষক—বাসবদত্তার বিয়োগে সখার যে-হৃদয় ছিল বেদনার্ত, পদ্মাবতীর সঙ্গে এই মধুর মিলনোৎসবে আজ সেখানেই জ্বলে উঠেছে কামানল! (পদ্মিনিকাকে দেখে) এ যে পদ্মিনিকা, ব্যাপার কি?

পদ্মিনিকা—আর্য বসন্তক, প্রভুপত্নী পদ্মাবতী দারুণ শিরঃপীড়ায় কাতর হয়ে পড়েছেন?

বিদূষক—ভদ্রে, আমি সত্যই জানি না।

পদ্মিনিকা—তাহলে প্রভুকে খবর দিন। আমি ততক্ষণ মাথার প্রলেপ নিয়ে আসি।

বিদূষক—যাও তুমি—আমিও সখাকে সংবাদ দিই।

প্রবেশক সমাপ্ত (উভয়ের প্রস্থান)

(রাজার প্রবেশ)

রাজা—(স্বগত) কালক্রমে আবার পত্নীভার গ্রহণ করেছি, কিন্তু লাবাণকের সেই অগ্নিকাণ্ডে ভস্মীভূতা গৌরবময়ী অবন্তী-রাজকন্যাকে আমি কিছুতে ভুলে থাকতে পারছি না। হিমাহতা পদ্মিনীর মতোই সে আমার স্মৃতিতে জেগে আছে!

বিদূষক—সখা, শীগ্‌গির চলে এস।

রাজা—কেন?

বিদূষক—আর্যা পদ্মাবতী মাথার যন্ত্রণায় কাতর হয়ে পড়েছেন।

রাজা—কে বলেছে এ-কথা?

বিদূষক—পদ্মিনিকা বলেছে।

রাজা—কি দুঃখের কথা। রূপময়ী এবং গুণবতী প্রিয়া লাভ করে আমার পূর্বেকার দুঃখের দাহ কিছু যেন কমে গিয়েছিল। একবার দুঃখ ভোগ করেছি, পদ্মাবতীও যেন বাসবদত্তার মতোই আমার দুঃখের কারণ হয়ে উঠল। আচ্ছা, পদ্মাবতী এখন কোথায় আছেন?

বিদূষক—সমুদ্রগৃহে[১১] শয্যা রচনা করা হয়েছে।

রাজা—তাহলে পথ দেখিয়ে নিয়ে চল।

বিদূষক—এস সখা এস। (দুজনে অগ্রসর হলেন)

বিদূষক—এই যে সমুদ্রগৃহ। প্রবেশ করুন!

বিদূষক—বেশ, তবে তাই হোক! (প্রবেশ করল)

ওরে বাপুরে, কি সর্বনাশ! মহারাজ, যাবেন না, একটু দাঁড়ান!

রাজা—কেন?

বিদূষক—মাটিতে একটা সাপ কুণ্ডলী পাকিয়ে পড়ে আছে।

(রাজা পরীক্ষা করেই হেসে উঠলেন)

রাজা—হায়রে, মূর্খের সর্পজ্ঞান! ওরে মূর্খ! গৃহের তোরণে সজ্জিত একটি সরল মালা মাটিতে খসে পড়েছে, তুমি তাকেই ভেবেছ সর্প! অবশ্য মৃদু বায়ুতে নড়ে-নড়ে উঠছে, অনেকটা সর্পের মতোই দেখাচ্ছে বটে!

বিদূষক—(ভাল করে দেখে) হ্যাঁ, এটা সাপ নয়, আপনি ঠিকই বলেছেন।

(ভিতরে গিয়ে চারদিক দেখে)

দেবী পদ্মাবতী এখানে এসে আবার চলে গেছেন।

রাজা—সখা, আমার মনে হচ্ছে তিনি আসেন নি।

বিদূষক—কি করে জানলেন?

রাজা—জানাজানির কিছু নেই এতে। চেয়ে দেখ, শয্যা কোথাও কুঞ্চিত হয় নি, সমানভাবেই বিছান আছে। ওপরের চাদরটিও তাই। বালিশ পরিচ্ছন্ন, মাথা-ব্যথার ওষুধ লেগে তো মলিন হবার কথা। রোগহেতু চক্ষের আরামদায়ক কোন শোভা করা হয় নি। তাছাড়া রোগের জন্য যে একবার শয্যার আশ্রয় নেয় সে কি অত শীগ্‌গির তা ছেড়ে চলে যেতে পারে?

বিদূষক—তাহলে আপনি কিছুকাল এই শয্যায় বসে তার জন্য অপেক্ষা করুন।

রাজা—বেশ।

(রাজা শয্যায় উপবেশন করলেন)

কিন্তু সখা, আমার ঘুম পাচ্ছে—একটা গল্প বল।

বিদূষক—বেশ আমি বলছি, আপনি হুঁ দিয়ে যান—

রাজা—বেশ তাই হবে।

বিদূষক—উজ্জয়িনী নামে একটি নগরী আছে। শোনা যায়, সেখানকার 'উদকস্নান' অত্যন্ত রমণীয়—

রাজা—উজ্জয়িনীর কথা কেন?

বিদূষক—যদি আপনার অপছন্দ হয় তবে অন্য একটি গল্প বলি।

রাজা—সখা, এই গল্প যে অপছন্দ তা নয়। কিন্তু আমাদের প্রস্থান কালে অবন্তী-

রাজপুত্রী যে নয়নকোণে পুঞ্জীভূত অশ্রুধারায় আমার বক্ষ প্লাবিত করেছিলেন তাই মনে পড়ে। তাছাড়া, বীণাশিক্ষার পাঠ গ্রহণের সময় আমার দিকেই চেয়ে থাকতেন বলে হাত থেকে বীণার ছড় পড়ে যেত আর তিনি খালি হাতেই শূন্যে বাজাতে থাকতেন, সেই কথাও আমার মনে পড়ে।

বিদূষক—আচ্ছা, থাক। আমি অন্য গল্প বলছি—ব্রহ্মদত্ত নামে এক নগর ছিল, সেখানকার রাজার নাম কাম্পিল্য।

রাজা—কি, কি বললে ?

(বিদূষক বাক্যটি পুনঃ উচ্চারণ করল)।

রাজা—মূর্খ। বলো, রাজা ব্রহ্মদত্ত, নগর কাম্পিল্য।

বিদূষক—কি ? রাজা ব্রহ্মদত্ত আর নগর কাম্পিল্য ?

রাজা—হ্যাঁ।

বিদূষক—তাহলে একটু অপেক্ষা করুন, আমি ওটা মুখস্থ করে নিচ্ছি—

(বিদূষক বহুবার বাক্যটি আবৃত্তি করল)

—'রাজা ব্রহ্মদত্ত—নগর কাম্পিল্য'। হ্যাঁ, এইবার শুনুন! আরে, আপনি যে ঘুমিয়ে পড়লেন। যাক, আমার গায়ের চাদরটা নিয়ে আসি, এখানে বড় ঠাণ্ডা! (প্রস্থান)

(আবন্তিকা বেশধারিণী বাসবদত্তা ও চেটীর প্রবেশ)

চেটী—আসুন, আসুন। প্রভুপত্নী শিরঃপীড়ায় কাতর হয়ে পড়েছেন।

বাসবদত্তা—খুবই দুঃখের কথা। কোথায় পদ্মাবতীর শয্যা রচিত হয়েছে ?

চেটী—সমুদ্রগৃহে।

বাসবদত্তা—আমাকে পথ দেখিয়ে নিয়ে চল।

(দুজনে অগ্রসর হলেন)

চেটী—এই সমুদ্রগৃহ। আপনি প্রবেশ করুন। আমি ততক্ষণ কপালের প্রলেপ নিয়ে আসছি। (প্রস্থান)

বাসবদত্তা—(স্বগত) হায় দেবতারা কি নিষ্ঠুর! বিরহক্লিষ্ট আর্যপুত্রের বিশ্রামস্থান এই পদ্মাবতী! তিনিও অসুস্থ হয়ে পড়লেন ? যাইহোক আমি প্রবেশ করি। (প্রবেশ করে চারিদিক চেয়ে দেখলেন) পরিজনেরা কি অসতর্ক! অসুস্থা পদ্মাবতীর সাহায্যের জন্য একটিমাত্র দীপ রেখে সবাই চলে গেছে ? এই যে পদ্মাবতী। ঘুমিয়ে পড়েছেন। এইখানে বসি। অন্য আসনে বসলে পদ্মাবতীর প্রতি আমার অনাদর প্রকাশ পাবে, আমি বিছানার ধারেই বসি। (বাসবদত্তা শয্যায় বসলেন) কিন্তু এঁর কাছে বসতে আমার হৃদয় এত উৎফুল্ল হয়ে উঠছে কেন ? খুবই ভাগ্যের কথা, এঁর নিঃশ্বাস বেশ ধীরে এবং অবিচ্ছিন্নভাবেই পড়ছে। মনে হয়, রোগ আর নেই। শয্যার এক পাশে শুয়ে আছেন, এঁর ইঙ্গিত যেন এই—'আমাকে আলিঙ্গন করে থাক।' বেশ তাহলে পাশেই শুয়ে থাকি।

(বাসবদত্তা পাশে শয়ন করলেন ; রাজা স্বপ্ন দেখছেন—স্বপ্নের ঘোরেই বলে উঠলেন—)

রাজা—হায় বাসবদত্তা! (চমকিতা বাসবদত্তা উঠে পড়লেন)

বাসবদত্তা—একি, আর্যপুত্র। পদ্মাবতী তো নয়। আমাকে ইনি দেখলেন না তো? তাহলে যে আর্য যৌগন্ধরায়ণের পবিত্র শপথ ব্যর্থ হয়ে যাবে।

রাজা—(স্বপ্নের ঘোরে) হায় অবন্তী রাজপুত্রী।

বাসবদত্তা—আর্যপুত্র স্বপ্ন দেখছেন, ভাগ্যের কথাই বলতে হবে। এখন আর কেউ নেই। একটু থেকে আমার চক্ষু আর হৃদয় তৃপ্ত করি।

রাজা—হায় প্রিয়ে। হায় প্রিয় শিষ্যে। আমার কথার উত্তর দাও।

বাসবদত্তা—আমি বলছি।

রাজা—তুমি কি রাগ করেছ?

বাসবদত্তা—না, না, রাগ করি নি, আমি দুঃখ পেয়েছি।

রাজা—যদি রাগ না করে থাক তাহলে অলংকার পরনি কেন?

বাসবদত্তা—এর চেয়ে কাম্য আর কি হতে পারে?

রাজা—আচ্ছা, তুমি কি বিরচিকার[১৩] কথা ভাবছ?

বাসবদত্তা—(সরোষে) আঃ যাও! এখানেও বিরচিকা?

রাজা—তাহলে বিরচিকার জন্য তোমাকে প্রসন্ন করি—

(হাত বাড়ালেন)

বাসবদত্তা—(স্বগত) অনেকক্ষণ এখানে আছি, হয়তো কেউ দেখে ফেলতে পারে। তাহলে এখন যাই। ও'র হাতখানি ঝুলে পড়েছে বিছানা থেকে, তুলে রেখে যাই।

(বাসবদত্তা হাত তুলে রাখলেন তারপর তাঁর প্রস্থান; প্রস্থান করতেই ঘুম থেকে জেগে উঠলেন রাজা)

রাজা—যেয়ো না বাসবদত্তা, দাঁড়াও। হায়, ছুটে বেরোতে গিয়ে, আমিই দরজার কাঠে আহত হলাম। এটা সত্য না মনের কল্পনা? কি করে বুঝব?

(বিদূষকের প্রবেশ)

বিদূষক—এই যে আপনি জেগে উঠেছেন?

রাজা—সখে, একটি প্রিয় সংবাদ তোমাকে দিচ্ছি, বাসবদত্তা জীবিত আছেন।

বিদূষক—হায় বাসবদত্তা? কোথায় বাসবদত্তা? অনেকদিন আগেই তো তার মৃত্যু হয়েছে।

রাজা—না, সখা তা হতে পারে না। আমি ঘুমিয়েছিলাম শয্যায়, আমাকে জাগিয়ে দিয়ে তিনি চলে গেছেন। তিনি অগ্নিতে দগ্ধ হয়েছেন এই কথা প্রচার করে রুমণ্বান্ আমাকে প্রতারিত করেছেন।

বিদূষক—আঃ। এটা তো অসম্ভব নয়। কিন্তু আমার কাছে উজ্জয়িনীর উদকস্নানের কথা শুনেছিলেন আপনি হয়তো তাকে স্বপ্নেই দেখে থাকবেন।

রাজা—স্বপ্ন? আমি তাহলে স্বপ্ন দেখেছি? যদি স্বপ্ন হয় তবে কেন জেগে উঠলাম? যদি ভুল হয় এ-ভুল আমার চিরকাল হোক্।

বিদূষক—সখে! এই নগরে এক যক্ষিণী থাকে, নাম অবন্তিসুন্দরী; আপনি হয়তো তাকেই স্বপ্নে দেখেছেন।

রাজা—না, না। আমি যখন জেগে উঠলাম তখন তার মুখ আমি দেখতে পেয়েছিলাম; কাজলহীন দুই চোখ; দীর্ঘ অলকে শোভিত সেই মুখ। এই দেখ বয়স্য, তিনি

যে স্বপ্নে আমার বাহু নিপীড়ন করেছিলেন সেই রোমাঞ্চের চিহ্ন এখনও রয়েছে!

বিদূষক—আপনি এখন আর এইসব অনর্থ চিন্তা করবেন না। আসুন, আমরা চতুঃশালার দিকে যাই।

(কঞ্চুকীর প্রবেশ)

কঞ্চুকী—জয় হোক আর্যপুত্রের! মহারাজ দর্শক আপনাকে বলে পাঠিয়েছেন—'আপনার মন্ত্রী রুমণ্বান্ অনেক সৈন্য-সামন্ত নিয়ে আরুণিকে[১৪] বধ করবার জন্য উপস্থিত হয়েছেন। আমার হস্তী, অশ্ব, পদাতিক প্রভৃতি জয়লাভের সকল উপকরণই সুসজ্জিত। সুতরাং আপনি উদ্যোগী হোন্। আপনার শত্রুদের মধ্যে ভেদ সৃষ্টি করা হয়েছে, আপনার গুণমুগ্ধ পুরবাসীরাও আশ্বস্ত হয়েছে। শত্রুদমনের জন্য যা-যা প্রয়োজন সবই আমি করেছি। গঙ্গা পার হয়ে এসেছে সৈন্যদল—বৎসদেশ এখন আপনার হস্তগত।

রাজা—(উঠে দাঁড়ালেন) বেশ। আমিও তাহলে শ্রেষ্ঠ হস্তী ও অশ্বপূর্ণ রণাঙ্গনে আরুণির বিরুদ্ধে অভিযান করে তাকে বিনাশ করব—সেই রণক্ষেত্র উৎক্ষিপ্ত এবং তীরে তীরে তরঙ্গায়িত এক মহাসমুদ্রের মতোই উদ্বেল হয়ে উঠবে।

(সকলের প্রস্থান)

পঞ্চম অঙ্ক সমাপ্ত

ষষ্ঠ অঙ্ক

(কঞ্চুকীর প্রবেশ)

কঞ্চুকী—এই কাঞ্চন তোরণ দ্বারে কে আছে?

(প্রতিহারীর[১০] প্রবেশ)

প্রতিহারী—আমি বিজয়া! কি করতে বলুন।

কঞ্চুকী—আর্যে, বৎসরাজ্য ফিরে পাওয়ায় রাজা এখন সমৃদ্ধ ও শক্তিশালী! ও'কে গিয়ে বল, মহাসেনের প্রেরিত কঞ্চুকী আর মহিষী অঙ্গারবতীর প্রেরিত বসুন্ধরা দ্বারদেশে উপস্থিত, বসুন্ধরা বাসবদত্তার ধাত্রী।

প্রতিহারী—কিন্তু সামান্য দ্বারপালিকার পক্ষে এই স্থান বা সময় যোগ্য নয়!

কঞ্চুকী—কেন?

প্রতিহারী—শুনুন, আজ সূর্যামুখ[১]প্রাসাদে কোন এক ব্যক্তি বীণা বাজিয়েছিল। শুনে প্রভু বলেছিলেন—যেন ঘোষবতীর[১১] সুর শুনতে পাচ্ছি!

কঞ্চুকী—তারপর?

প্রতিহারী—তারপর সেখানে গিয়ে সেই ব্যক্তিকে প্রশ্ন করা হলো—এ-বীণা তুমি কোথায় পেলে? সে বলল—এই বীণা আমি নর্মদা তীরে এক কুর্চলতার ঝোপে কুড়িয়ে পেয়েছি, যদি দরকার থাকে ত আপনি নিন। বীণা আনা হলে পর তাকে কোলে নিয়ে প্রভু মূর্চ্ছিত হয়ে পড়লেন। মূর্চ্ছা ভাঙবার পরে অশ্রু কণ্ঠে তিনি বললেন—'ঘোষবতী। তোমাকে আমি পেলাম কিন্তু তাকে ত

দেখতে পেলাম না!' আর্য! এই কারণেই বলছিলাম, এটা এসব কথা জানাবার সময় নয়, কেমন করে জানাব?

কঞ্চুকী—তুমি সব জানাও, এই ব্যাপার নিয়েই ওদের আসা।

প্রতিহারী—আচ্ছা, আমি বলছি? এই যে প্রভু সূর্যামুখ প্রাসাদ থেকে নেমে আসছেন, আমিও এইখানেই আমার কথা নিবেদন করি।

কঞ্চুকী—আর্যে, তাই হোক।

(উভয়ের প্রস্থান)

মিশ্র বিষ্কম্ভক[১৮]

(তারপর রাজা ও বিদূষকের প্রবেশ)

রাজা—হে বীণে! তোমার ধ্বনি কত শ্রুতিমধুর! আগে তুমি দেবীর স্তনে ও জঘনে লীন হয়ে থাকতে, পরে তুমি বিহগগণের ধূলিতে ধূসরিত হয়ে কেমন করে নির্জন অরণ্যে বাস করেছিলে? তুমি নিশ্চয়ই হৃদয়হীনা ঘোষবতী! সেই প্রিয়ার শ্রোণিদেশের সমুদ্বহন, পার্শ্বদেশের নিপীড়ন, বক্ষের সুখকর আলিঙ্গন—এই বিরহে আমার উদ্দেশ্যে তার বিলাপ, বাদনের মধ্যে-মধ্যে তার হাস্যমধুর উক্তিগুলি কিছু তুমি স্মরণ করছ না!

বিদূষক—আপনি আর এখন এভাবে শোক প্রকাশ করবেন না।

রাজা—না, না সখে, ও কথা বোলো না! আমার চিরসুপ্ত কামরা আবার এই বীণার সুরে জেগে উঠেছে। ঘোষবতী যার প্রিয়তমা সেই দেবীকে যে কোথাও খুঁজে পাচ্ছি না। বসন্তক! শিল্পীর কাছ থেকে তুমি ঘোষবতীকে নূতন তার দিয়ে বাঁধিয়ে নিয়ে এস—দেরী না হয়।

বিদূষক—আপনার যেমন আদেশ। (বীণা নিয়ে প্রস্থান)

(প্রতিহারীর প্রবেশ)

প্রতিহারী—প্রভুর জয় হোক। মহাসেনের কাছ থেকে রৈভ্যগোত্রীয়[১৯] কঞ্চুকী আর মহিষী অংগারবতীর[২০] কাছ থেকে বাসদত্তার ধাত্রী বসুন্ধরা[২১] এসেছেন।

রাজা—তাহলে পদ্মাবতীকে সংবাদ দাও।

প্রতিহারী—যে আজ্ঞে। (প্রস্থান)

(পদ্মাবতী ও প্রতিহারীর প্রবেশ)

প্রতিহারী—আসুন, এইদিকে আসুন!

রাজা—পদ্মাবতী! মহাসেনের কাছ থেকে কঞ্চুকী আর মহিষী অংগারবতীর কাছ থেকে বাসবদত্তার ধাত্রী বসুন্ধরা এসেছেন এ-সংবাদ তুমি শুনেছ কি?

পদ্মাবতী—আর্যপুত্র আত্মীয়দের কুশল সংবাদ আমিও শুনতে ইচ্ছুক!

রাজা—তুমি ঠিকই বলেছ, 'বাসবদত্তার স্বজন আমারও স্বজন!' এখানে বস তুমি! একি, বসছ না কেন?

পদ্মাবতী—আমার সংগে বসেই কি আপনি এঁদের সংগে সাক্ষাৎ করবেন?

রাজা—কেন, তাতে দোষ কি?

পদ্মাবতী—আপনি আবার বিবাহ করেছেন, তাতে উদাসীনতা প্রকাশ পাবে না কি?

রাজা—যারা স্ত্রী-দর্শন করবার যোগ্য তাদের তা থেকে বঞ্চিত রাখলে অনেক দোষের কথা হবে। তুমি বস।

পদ্মাবতী—আপনার যেমন আদেশ। (আসনে উপবেশন করলেন)
আর্যপুত্র, পিতামাতা কি বলবেন তা ভেবেই আমি ব্যাকুল হয়ে পড়েছি।

রাজা—সে কথা সত্য পদ্মাবতী! ওঁরা কি বলবেন তা ভেবে আমিও শঙ্কিত; আমি তাদের কন্যাকে অপহরণ করে এনেছিলাম, কিন্তু তাকে রক্ষা করতে পারি নি। ভাগ্যের বিড়ম্বনায় আমি গুরুজনের মর্যাদা লঙ্ঘন করেছি। আমি পিতার নিকট অপরাধী পুত্রের মতোই শঙ্কিত।

পদ্মাবতী—সময় এলে কিছুই রক্ষা করা যায় না।

প্রতিহারী—কঞ্চুকী আর ধাত্রী দ্বারদেশে অপেক্ষা কবছেন।

(প্রতিহারীর প্রবেশ)

রাজা—যাও, প্রবেশ করতে বল।

প্রতিহারী—প্রভুর যেমন আদেশ। (প্রস্থান)

(কঞ্চুকী, ধাত্রী বসুন্ধরা ও প্রতিহারীর প্রবেশ)

কঞ্চুকী—কুটুম্বের রাজ্যে এসে আনন্দ হচ্ছে আবার রাজকন্যার মৃত্যুর কথা ভেবে বিষাদে মন আচ্ছন্ন হচ্ছে। হায়, দেবী যদি বেঁচে থাকতেন, না হয় বৎসরাজের রাজ্য শত্রুর অধিকারেই থাকত।

প্রতিহারী—এই আমাদের প্রভু। আর্য! আপনি এগিয়ে আসুন।

কঞ্চুকী—(এগিয়ে এসে) আর্যপুত্রের জয় হোক্।

ধাত্রী—প্রভুর জয় হোক্।

রাজা—(সসম্মানে) পৃথিবীর রাজগণের উত্থান ও পতনের যিনি প্রভু, আমার আকাঙ্ক্ষিত আত্মীয়, সেই রাজাব কুশল তো?

কঞ্চুকী—হ্যাঁ, মহাসেনের কুশল। তিনিও এখানকার সর্বাঙ্গীন কুশল প্রশ্ন করেছেন।

রাজা—(আসন থেকে উঠে) মহাসেনের কি আদেশ?

কাঞ্চুকী—বৈদেহী পুত্রের যোগ্য আচরণই বটে। তবে আপনাকে আসনে বসেই মহাসেনের কথা শুনতে হবে।

রাজা—মহাসেনের যেমন আদেশ। (আসনে বসলেন)

কঞ্চুকী—খুবই ভাগ্যের কথা, শত্রু যে রাজ্য জয় করেছিল আপনি আবার তা অধিকার করেছেন। কারণ যারা অবসন্ন বা শক্তিহীন তাদের কখন উৎসাহ থাকে না। যারা উৎসাহী তারাই রাজ্যলক্ষ্মী ভোগ করে থাকেন।

রাজা—আর্য! সবই মহাসেনের প্রভাবে সম্ভব হয়েছে! আগে শত্রুর হাতে পরাজিত হয়ে আমি তাঁর পুত্রদের সঙ্গে সমভাবে লালিত হয়েছি। তাঁর কন্যাকে বলপূর্বক হরণ করেছি, কিন্তু রক্ষা করতে পারি নি। কন্যার নিধন সংবাদ শুনেও তিনি আমার প্রতি স্নেহশীল। আমি যে রাজ্য ফিরে পেয়েছি তার কারণও তিনিই।

কঞ্চুকী—মহাসেনের সংবাদ বলেছি। মহিষীর সংবাদ ইনি বলবেন।

রাজা—হায় মাতঃ যিনি ষোড়শ পত্নীগণের[২২] মধ্যে জ্যেষ্ঠা, পবিত্রা ও নগরদেবতা স্বরূপিণী, আমার প্রবাসদুঃখে কাতর সেই মাতৃদেবীর কুশল তো?

ধাত্রী—মহিষী কুশলেই আছেন, তিনি আপনার সর্বাঙ্গীন কুশল জিজ্ঞাসা করেছেন।

রাজা—সর্বাঙ্গীন কুশল? হায় মাতঃ, এই তো কুশলের নমুনা!

ধাত্রী—প্রভু, আপনি অধিক সন্তপ্ত হবেন না।

কঞ্চুকী—আর্যপুত্র, আপনি ধৈর্য ধারণ করুন। আপনার এত অনুকম্পা। মনে হয়, মহাসেনের কন্যা মরেও মরেন নি। কিন্তু মৃত্যুকালে কে কাকে রক্ষা করতে পারে? রজ্জু ছিন্ন হলে কে আর ঘট ধরে রাখতে পারে! সংসার ও বন—এই দুইয়ের এই তো সমান ধর্ম, যে কালে তাদের ছেদনও চলতে থাকে, আবার উদ্ভবও হতে থাকে।

রাজা—আর্য! ও কথা বলবেন না! মহাসেনের কন্যা আমার শিষ্যা, আমার প্রিয়তমা মহিষী—জন্মান্তরেও কি আমি তাকে ভুলে থাকতে পারব?

ধাত্রী—মহিষী বলেছেন, বাসবদত্তা আর নেই। আমার বা মহাসেনের কাছে যেমন গোপালক ও পালক[১] তুমিও তেমনি প্রথম থেকেই আমাদের অভিপ্রেত জামাতা! তাই তোমাকে উজ্জয়িনীতে নিয়ে এসেছিলাম এবং অগ্নিসাক্ষী না করেই বীণাশিক্ষার ছলে বাসবদত্তাকে দিয়েছিলাম—নিজের চঞ্চলতাহেতু বিবাহমঙ্গল শেষ না করেই তুমি এসেছিলে। আমরা কিন্তু চিত্রফলকে তোমার ও বাসবদত্তার প্রতিকৃতি অঙ্কিত করে বিবাহকর্ম সম্পন্ন করেছিলাম। সেই চিত্রফলক তোমার কাছে পাঠাচ্ছি, তা দেখে শান্ত হতে চেষ্টা কোরো।

রাজা—এসব কথা অত্যন্ত স্নেহপূর্ণ, মহিষীরই যোগ্য কথা! শত রাজ্যলাভের চেয়ে এই কথা আমার কাছে অধিক প্রিয়। কেন-না, আমি অপরাধী হলেও তিনি তাঁর স্নেহ থেকে আমাকে বঞ্চিত করেন নি।

পদ্মাবতী—আর্য! চিত্রাঙ্কিত গুরুজনকে অভিবাদন জানাব!

ধাত্রী—এই যে দেখুন।

(ফলকের আবরণ খুলে দিলেন)

পদ্মাবতী—(দেখে স্বগত) একি! এ-চিত্র যে আর্যা আবন্তিকার মতোই! (প্রকাশ্যে) আর্যপুত্র এই চিত্র কি আবন্তিকার বলে মনে হয়—?

রাজা—এত সাদৃশ্য যে মনে হয় তিনিই। হায় কি কষ্ট। এই স্নিগ্ধ বর্ণের এই দারুণ বিপর্যয় কেমন করে ঘটল, অগ্নিদেব কেমন করে এই রূপমাধুরী কলঙ্কিত করলেন।

পদ্মাবতী—আর্যপুত্রের প্রতিকৃতি দেখলে সব বুঝতে পারব।

ধাত্রী—এই দেখুন।

পদ্মাবতী—(দেখে) হ্যাঁ, আর্যপুত্রের চিত্র সন্দেহ নেই, আর এটিই আবন্তিকার তুল্য!

রাজা—দেবি। চিত্রদর্শনের পর থেকেই তোমাকে উৎফুল্ল এবং উৎকণ্ঠিত দেখছি। ব্যাপার কি?

পদ্মাবতী—এই প্রতিকৃতির আদর্শ এইখানেই আছেন।

রাজা—কি? বাসবদত্তার?

পদ্মাবতী—হ্যাঁ।

রাজা—তাহলে তাকে নিয়ে এস।

পদ্মাবতী—আর্যপুত্র, আমি যখন কুমারী ছিলাম, তখন এক ব্রাহ্মণ এঁকে আমার কাছে গচ্ছিত রেখে গিয়েছিলেন, বলেছিলেন, 'আমার ভগিনী'। এঁর স্বামী প্রবাসে আছেন, ইনি পরপুরুষ দর্শন করেন না। তাই, আমার সঙ্গে এলেই বুঝে

নেবেন তাকেই নিয়ে এসেছি।—তিনি যদি ব্রাহ্মণের ভগিনী হন, তাহলে নিশ্চয়ই অন্য কেউ হবেন। সংসারে রূপের সাদৃশ্য তো আছেই।

(প্রতিহারীর প্রবেশ)

প্রতিহারী—প্রভুর জয় হোক। উজ্জয়িনীর এক ব্রাহ্মণ এসে বলছেন—'আমি মহিষীর হস্তে আমার ভগিনীকে গচ্ছিত রেখেছি। তিনি তাকে ফিরিয়ে নিয়ে যেতে এসেছেন।

রাজা—পদ্মাবতী, ইনিই কি সেই ব্রাহ্মণ ?

পদ্মাবতী—হয়তো তাই।

রাজা—অন্তঃপুরের শিষ্টাচারের সংগে সেই ব্রাহ্মণকে নিয়ে এস।

প্রতিহারী—যে আজ্ঞে। (প্রস্থান)

রাজা—পদ্মাবতী! তুমি যাও, তাকে নিয়ে এস।

পদ্মাবতী—আর্যপুত্রের আদেশ নিশ্চয়ই পালন করব। (প্রস্থান)

(যৌগন্ধরায়ণ ও প্রতিহারীর প্রবেশ)

যৌগন্ধরায়ণ—(স্বগত) রাজার কল্যাণের জন্য রাজমহিষীকে লুকিয়ে রেখে হিতকর জেনেই আমি সব কাজ করেছি। এখন আমার কাজ শেষ হয়েছে কিন্তু রাজা কি বলবেন তাই ভেবে আমার মন শঙ্কিত হয়ে উঠছে।

প্রতিহারী—এই যে প্রভু! এগিয়ে চলুন।

(যৌগন্ধরায়ণ এগিয়ে এলেন)

যৌগন্ধরায়ণ—আপনার জয় হোক।

রাজা—(স্বগত) এ-স্বর যে আগে কোথায় শুনেছি বলে মনে হচ্ছে! (প্রকাশ্যে) ব্রাহ্মণ! আপনি কি আপনার ভগিনীকে পদ্মাবতীর হস্তে গচ্ছিত রেখেছিলেন ?

যৌগন্ধরায়ণ—হ্যাঁ।

রাজা—তাহলে অবিলম্বে এঁর ভগিনীকে নিয়ে এস।

প্রতিহারী—প্রভুর যেমন আদেশ। (প্রস্থান)

(পদ্মাবতী, আবন্তিকা, ও প্রতিহারীর প্রবেশ)

পদ্মাবতী—আসুন আর্যে, একটি প্রিয় সংবাদ আপনাকে দিচ্ছি।

আবন্তিকা—কি ?

পদ্মাবতী—আপনার ভ্রাতা এসেছেন।

আবন্তিকা—এখনও মনে রেখেছেন, আমার সৌভাগ্য!

পদ্মাবতী—(এগিয়ে এসে) আর্যপুত্রের জয় হোক! এই সেই গচ্ছিতা!

রাজা—পদ্মাবতী! গচ্ছিত বস্তু ফিরিয়ে দাও, হ্যাঁ, সাক্ষী রেখেই ফিরিয়ে দিতে হবে। এ-বিষয়ে আর্য রৈভ্য এবং মাননীয়া বসুন্ধরা রইলেন, বিচারালয়ের কাজ ওদের দিয়েই চলবে।

পদ্মাবতী—আর্য, একে গ্রহণ করুন!

(ধাত্রী আবন্তিকাকে লক্ষ্য করলেন—তারপর বলে উঠলেন)

ধাত্রী—একি! এ যে প্রভুপত্নী বাসবদত্তা!

রাজা—কি! মহাসেনের পুত্রী ? দেবি, পদ্মাবতীর সংগে অন্তঃপুরে যাও!

যৌগন্ধরায়ণ—না, না, অন্তঃপুরে প্রবেশ করা চলবে না। ইনি যে আমার ভগিনী।

রাজা—আপনি কি বলছেন ? ইনি যে মহাসেনের কন্যা !

যৌগন্ধরায়ণ—রাজন্, আপনি ভরতবংশে জন্মগ্রহণ করেছেন! আপনি বিনীত জ্ঞানবান্, শুচি ও রাজধর্মের গুরু! বলপূর্বক হরণ আপনার অনুচিত।

রাজা—বেশ, আমি রূপের সাদৃশ্য পরীক্ষা করে দেখব! মুখের আবরণ খুলে দাও।

(আবরণ উন্মোচিত হলো)

যৌগন্ধরায়ণ—প্রভুর জয় হোক্!

বাসবদত্তা—আর্যপুত্রের জয় হোক!

রাজা—কি আশ্চর্য! এ যে যৌগন্ধরায়ণ—আর ইনি মহাসেনপুত্রী! একি সত্য না স্বপ্ন? আবার তাকে আমি দেখতে পাচ্ছি! সেই স্বপ্নকালে একে দেখেও আমি বঞ্চিত হয়েছিলাম।

যৌগন্ধরায়ণ—প্রভু, দেবীকে সরিয়ে নিয়েছিলাম, আপনার কাছে আমি অপরাধী। আমাকে ক্ষমা করুন। (চরণে প্রণত হলেন : রাজা তাকে উঠিয়ে বললেন)

রাজা—মিথ্যা উন্মাদের অভিনয়ে, যুদ্ধ বলে, শাস্ত্রীয় মন্ত্রণা কৌশলে তুমি যে নৈপুণ্য দেখিয়েছ, বিপদসাগরে মজ্জমান হয়ে আমরা তার ফলেই তো বেঁচে গিয়েছি!

যৌগন্ধরায়ণ—আমরা স্বামিভাগ্যের অনুগামী মাত্র।

পদ্মাবতী—ইনি কি তবে আর্যা! সখীজনের মতো ব্যবহার করে আচার অতিক্রম করেছি। তাই নতমস্তকে প্রসন্ন করছি। (চরণে প্রণত হলেন)

বাসবদত্তা—(পদ্মাবতীকে উঠিয়ে) ওঠো, অবিধবে ওঠো। আমি তোমার কাছে যৌগন্ধরায়ণের ভগিনীরূপে নির্দিষ্ট হয়েছিলাম, এই দেহটাই অপরাধী।[১০]

পদ্মাবতী—আমি অনুগৃহীতা।

রাজা—বয়স্য যৌগন্ধরায়ণ! কোন্ বুদ্ধিতে দেবীকে আমার কাছ থেকে সরিয়ে নিয়েছিলে?

যৌগন্ধরায়ণ—উদ্দেশ্য—কৌশাম্বী রাজ্যের রক্ষা।

রাজা—আর পদ্মাবতীর হস্তে তাকে গচ্ছিত রাখার কারণ?

যৌগন্ধরায়ণ—পুষ্পকভদ্র প্রভৃতি দৈবজ্ঞগণ ভবিষ্যদ্‌বাণী[১১] করেছিলেন। ইনি মহারাজের মহিষী হবেন।

রাজা—রুমণ্বান্ এসব কথা জানত?

যৌগন্ধরায়ণ—সবাই একথা জানত।

রাজা—ওঃ! রুমণ্বান্ কি শঠ!

যৌগন্ধরায়ণ—মহাসেনপুত্রীর কুশল সংবাদ জানাবার জন্য আর্য রৈভ্য এবং বসুন্ধরা আজই ফিরে যান।

রাজা—না, না—আমরা সবাই পদ্মাবতীকে নিয়ে সেখানে যাব।

যৌগন্ধরায়ণ—আপনার যেমন ইচ্ছে।

(ভরত[১২] বাক্য)

আমাদের রাজসিংহ সাগর পর্যন্ত বিস্তৃতা হিমালয়-বিন্ধ্যাকুণ্ডলা একচ্ছত্রা এই মহী শাসন করিতে থাকুন।

ষষ্ঠ অঙ্ক সমাপ্ত

'স্বপ্নবাসবদত্তম্ নাটক সমাপ্ত'

কুশীলব

পুরুষ চরিত্র

সূত্রধার—নাট্যপরিচালক
রাজা—বৎসরাজ্যের অধিপতি উদয়ন
যৌগন্ধরায়ণ—উদয়নের মন্ত্রী
বিদূষক—(বসন্তক) রাজা উদয়নের বন্ধু
ব্রহ্মচারী—লাবাণকের অধিবাসী জনৈক ছাত্র
কঞ্চুকী—অন্তঃপুরচারী বৃদ্ধ
সম্ভাষক }
ভট } পদ্মাবতীর ভৃত্যদ্বয়

স্ত্রী চরিত্র

বাসবদত্তা—উদয়নের প্রথমা স্ত্রী (আবন্তিকাবেষধারিণী)
পদ্মাবতী—মগধরাজ দর্শকের ভগিনী উদয়নের দ্বিতীয়া স্ত্রী
তাপসী—
চেটী—পরিচারিকা
মধুকরিকা }
পদ্মিনিকা } পদ্মাবতীর দুই সহচরী
ধাত্রী—পদ্মাবতীর প্রতিপালিকা
বিজয়া—রাজপ্রাসাদের দ্বারপালিকা
ধাত্রী—বাসবদত্তার প্রতিপালিকা

প্রসঙ্গ কথা

প্রথম অঙ্ক

ভাসের স্বপ্ন নাটক ছয়টি অঙ্কে সমাপ্ত। প্রেক্ষাগারে দর্শকের আসনে বসে দর্শকের দৃষ্টি দিয়েই নাটকের কাহিনী উপভোগ করা ভাল। নাট্যকার সব কথা আগেই বলেন না, নাটকীয় উৎকণ্ঠা অক্ষুণ্ণ রেখে ধীরে-ধীরে কাহিনীর গ্রন্থি মোচন করতে থাকেন। সুতরাং অধীর হয়ে লাভ নেই। ভাস যে কত বড় নাট্যকার ছিলেন তা নাটকের কাহিনী বিন্যাসের মধ্যেই স্পষ্ট হয়ে উঠেছে।

প্রথম অঙ্কের দৃশ্য—রাজগৃহের সমীপবর্তী একটি আশ্রম পথ। পথে কোলাহল, প্রহরীরা লোকজন সরিয়ে দিচ্ছে। মগধরাজ দর্শকের ভগিনী পদ্মাবতী এসেছেন আশ্রমবাসিনী তাঁর মাকে দেখতে। এক পরিব্রাজকও এসেছেন আশ্রমে। তাঁর সঙ্গে আছেন এক রমণী।

পদ্মাবতী আশ্রমবাসীদের বিভিন্ন দ্রব্য দান করবেন, কার কি প্রার্থনা তা তিনি জানতে চাইলেন। পরিব্রাজক এগিয়ে এলেন সঙ্গিনী রমণীকে নিয়ে বললেন, তিনিও প্রার্থী। তাঁর প্রার্থনা—তাঁর ভগিনীকে পদ্মাবতীর আশ্রয়ে কিছুকাল রাখতে হবে, কেননা ওর স্বামী এখন প্রবাসে আছেন। পদ্মাবতী সম্মত হলেন। এমন সময় এলেন এক ব্রহ্মচারী, তাঁর মুখে শোনা গেল, লাবাণক থেকে তিনি আসছেন। লাবাণক বৎসরাজ্যের অন্তর্গত একটি গ্রাম। বৎসরাজ উদয়নের স্ত্রী বাসবদত্তাকে নিয়ে লাবাণকে বাস করছিলেন। উদয়ন মৃগয়া উপলক্ষে অন্যত্র ছিলেন। সেই সময়ে এক অগ্নি-কাণ্ডে বাসবদত্তার মৃত্যু ঘটেছে, মন্ত্রী যৌগন্ধরায়ণও তাঁকে বাঁচাতে গিয়ে প্রাণ দিয়েছেন। উদয়ন পত্নীশোকে উন্মাদ।

পরিব্রাজকদের সঙ্গিনীই যে বাসবদত্তা তা বুঝতে অসুবিধে হয় না, কারণ বাসবদত্তার 'স্বগতোক্তি'গুলি অন্ততঃ দর্শকদের শ্রুতিগোচর হবার কথা। পরিব্রাজক যে উদয়নের মন্ত্রীই যৌগন্ধরায়ণ সে কথাও না হয় বুঝে নেওয়া গেল। কিন্তু প্রশ্ন জাগে, ব্যাপার কি? উৎকণ্ঠা জাগে—ততঃ কিম্? প্রথম অঙ্কের এই দৃশ্যে পদ্মাবতীর কাছে বাসবদত্তাকে রেখে যৌগন্ধরায়ণ চলে গেলেন।

১. নান্দী

সংস্কৃত নাটকের প্রযোজনায় 'নান্দী' একটি বিশেষ স্থান অধিকার করে আছে। নাটকে লেখা থাকে—'নান্দ্যন্তে সূত্রধারঃ'। নান্দীর পরে (নান্দ্যন্তে) মঞ্চে প্রবেশ করলেন সূত্রধার। সূত্রধার মঞ্চে প্রবেশ করে যে স্তুতিশ্লোক উচ্চারণ করবেন (দেবদ্বিজনৃপাদীনাং স্তুতিঃ) তারও নাম নান্দী; তবে সেই নান্দী অবশ্যকর্তব্য—উদ্দেশ্য নাট্যাভিনয়ে সকল প্রকার বিঘ্নের অবসান। বিঘ্নোপশমের জন্য অনুষ্ঠান বিচিত্র। প্রথমে পূর্বরঙ্গ, তারপর সভাপূজা, তারপর দেবতা ব্রাহ্মণ বা নৃপতির স্তুতিমূলক শ্লোকপাঠ। এইসব অনুষ্ঠান মঞ্চের নেপথ্যেই হয়ে থাকে, কারণ নাটকের পাত্র-পাত্রীগণ। অনুষ্ঠানগুলির মিলিত নাম 'নান্দী'। এদের মধ্যে দেবতাদির

স্তুতিমূলক যে-শ্লোকপাঠ তা অবশ্যই করতে হবে। অন্য অনুষ্ঠান (সভাপূজা, পূর্বরঙ্গ) বাদ দিলেও ক্ষতি নেই।

'অভিজ্ঞান শকুন্তলা' নাটকের বিখ্যাত ভাষ্যকার রাঘব ভট্ট অলঙ্কার শাস্ত্র থেকে নান্দীর যে-সংজ্ঞা উদ্ধৃত করেছেন তা হলো—'আশীর্নমস্ক্রিয়ারূপঃ শ্লোকঃ কাব্যার্থসূচকঃ'। এই সংজ্ঞা অনুযায়ী আলোচ্য নাটকে নান্দীর অন্তে সূত্রধার মঞ্চে প্রবেশ করে যে-শ্লোকটি উচ্চারণ করলেন (উদয়নবেন্দুসবর্ণা ইত্যাদি) তাকে নান্দী বলতে হয়। আশীর্নমস্ক্রিয়া ছাড়া কাব্যার্থের সূচনাও এতে আছে। প্রধান চারটি চরিত্রের উল্লেখ এখানে শ্লেষের সাহায্যে ব্যক্ত করা হয়েছে—উদয়ন, বাসবদত্তা, পদ্মাবতী ও বসন্তক।

তবু মঞ্চ নির্দেশ যখন দেওয়া আছে 'নান্দ্যন্তে (অর্থাৎ নান্দীর অন্তে) ততঃ প্রবিশতি সূত্রধারঃ,' তখন এখানে সূত্রধার মঞ্চে এসে যে-শ্লোকটি উচ্চারণ করলেন তাকে সূক্ষ্মবিচারে 'নান্দী' না বলাই ভাল। নান্দী নাটকের নেপথ্যে আগেই হয়ে গেছে। ভরতের নাট্যশাস্ত্রের নির্দেশ অনুযায়ী একে বলা যেতে পারে 'রঙ্গদ্বার'।

২. স্থাপনা

সংস্কৃত নাট্যাভিনয়ের এক প্রধান অংশ এই 'স্থাপনা'। নান্দীপাঠের পর স্থাপনা অংশটি অভিনীত হবে। অলঙ্কার শাস্ত্রে এর আরও দুটি নাম আছে—'আমুখ' বা 'প্রস্তাবনা' ('আমুখং তত্তু বিজ্ঞেয়ং নাম্না প্রস্তাবনাপি সা')। এই অংশে সূত্রধার অন্য কোন নটের সঙ্গে কথাবার্তার মধ্য দিয়ে নাট্যকারের নাম ও অভিনেয় নাটকের উল্লেখ করেন, কেবল নামোল্লেখ নয়, অভিনেতব্য নাটকের বিষয়বস্তুরও একটু আভাস দেওয়াও এই প্রস্তাবনা বা স্থাপনার লক্ষ্য।

এইসব নিয়ম হয়তো তখন অবশ্য পালনীয় ছিল না, কেননা ভাস-রচিত কোন নাটকের স্থাপনা অংশে নাট্যকারের নাম নেই।

৩. পরিব্রাজকবেষঃ

'বেষ' শব্দটির অর্থ অঙ্গব্যাপক অর্থাৎ পরিচ্ছদ। পরিব্রাজকের তুল্য বেষ যাহার। সমার্থবাচক শব্দ 'বেশ' (সাজ)। উদয়নের মন্ত্রী যৌগন্ধরায়ণ পরিব্রাজক বা সন্ন্যাসীর বেশে মঞ্চে আবির্ভূত।

৪. কাঞ্চুকীয়

কঞ্চুকী আর কাঞ্চুকীয় দুটি শব্দই সংস্কৃত নাটকে প্রয়োগ করা হয়েছে। সংস্কৃত নাটকের একটি চরিত্রের নাম কঞ্চুকী। রাজান্তঃপুরে এর অবাধ গতি, ইনি বৃদ্ধ ব্রাহ্মণ সর্বগুণের আধার এবং সকল কার্যে কুশল। নাট্যশাস্ত্রে এঁর পরিচয়—'অন্তঃপুরচরো বৃদ্ধঃ বিপ্রো গুণগণান্বিতঃ। সর্বকার্যার্থকুশলঃ কঞ্চুকীত্যভিধীয়তে।' মঞ্চে প্রথম এসেই ইনি সাধারণত বার্ধক্যের অক্ষমতাহেতু নৈরাশ্যসূচক কথা বলে থাকেন।

৫. দর্শকস্য

অজাতশত্রুর পুত্র দর্শক মগধের রাজা, বৎসরাজ উদয়নের সমসাময়িক। ইনি ছিলেন উদয়নের দ্বিতীয়া স্ত্রী পদ্মাবতীর ভ্রাতা।

৬. **চেটী**

অর্থ দাসী। বাংলায় 'চেড়ী'।

৭. **প্রবিশতি উপবিষ্টা তাপসী**

এখানকার মঞ্চনির্দেশ একটু অদ্ভুত মনে হতে পারে। উপবিষ্ট অবস্থায় যদি তাপসীর প্রবেশ কল্পনা করতে হয় তাহলে এই সিদ্ধান্তও অনিবার্য হয়ে ওঠে যে সে-যুগের নাট্যপ্রয়োজনায় হয়তো Revolving stage বা ঘূর্ণায়মান রংগমঞ্চের অস্তিত্ব ছিল। প্রকৃতপক্ষে 'উপবিষ্টা তাপসী প্রবিশতি' কথাটির অর্থ 'উপবিষ্টা তাপসী দর্শকানাং গতিপথং প্রবিশতি' যবনিকার (curtain) ব্যবহার পূর্বে ছিল। যবনিকা তুললেই দর্শকেরা দেখবেন—তাপসী আসনে উপবিষ্ট আছেন।

৮. **আত্মীয়া ইদানীং সংবৃত্তা** (অত্তণীআ দাণিং সংবুত্তা)

রাজা প্রদ্যোত তাঁর পুত্রের সঙ্গে পদ্মাবতীর বিবাহ প্রস্তাব এনেছেন এই সংবাদে বাসবদত্তা খুশী হয়ে উঠেছেন; কেন-না, সেই ক্ষেত্রে বাসবদত্তার সহোদর ভ্রাতার সঙ্গে পদ্মাবতীর বিবাহ।

৯. **ব্যাপাশ্রয়না**

প্রার্থনা

১০. **বিশ্বাসস্থানম্**

পরিকল্পনা এইরকমই ছিল যে যৌগন্ধরায়ণ বাসবদত্তাকে যখন উদয়নের নিকট ফিরিয়ে দেবেন, তখন পদ্মাবতী নিজেই তার চরিত্র বিষয়ে সাক্ষী থাকবেন।

১১. **ব্রহ্মচারী**

এই চরিত্রটির নাটকীয় গুরুত্ব রয়েছে। এর মুখে লাবাণকের গৃহ-কাহিনী শোনা গেল তাতে বাসবদত্তার প্রতি উদয়নের গভীর প্রেম ব্যক্ত হয়েছে। নায়ক-নায়িকার পরবর্তী মিলনের জন্য এটি প্রয়োজন।

১২. **লাবাণক**

নাটকে আছে—'বৎসভূমৌ লাবাণকং নাম গ্রামঃ'। লাবাণক বৎসরাজ্যের অন্তর্গত একটি গ্রামের নাম। এখানে উদয়ন বাসবদত্তার সঙ্গে কিছুদিন কাটিয়েছিলেন।

১৩. **প্রিয়শিষ্যে**

রাজা প্রদ্যোত বা মহাসেন-কন্যা বাসবদত্তার সংগীত-শিক্ষকরূপে নিযুক্ত করেছিলেন উদয়নকে। বাসবদত্তা উদয়নের প্রেমাসক্ত হন, তারপর দুজনেই গোপনে রাজ্য ত্যাগ করে চলে আসেন।

১৪. **রুমণ্বান্**

রুমণ্বান্ উদয়নের অমাত্য, যৌগন্ধরায়ণ মন্ত্রী; অমাত্যও একশ্রেণীর মন্ত্রী—তবে মন্ত্রীর চেয়ে পদমর্যাদায় ছোট। পদগৌরবে প্রথম সচিব, তারপরে মন্ত্রী, সবশেষে অমাত্য।

দ্বিতীয় অঙ্ক

দৃশ্য—রাজগৃহে রাজপ্রাসাদের অন্তর্গত উদ্যান। একমাস পরবর্তী ঘটনা। পদ্মাবতীর আশ্রিতা বাসবদত্তা রাজগৃহের প্রাসাদে দিন কাটাচ্ছেন।

বাসবদত্তার জীবনে দ্রুত কতকগুলো ঘটনা ঘটে যাচ্ছে। এই দৃশ্যে বাসবদত্তা চেটীর মুখে জানতে পারলেন পদ্মাবতী উদয়নের গুণমুগ্ধা। এই দৃশ্যেই ধাত্রীর মুখে শুনলেন পদ্মাবতীর সঙ্গে উদয়নের 'বিবাহ সম্পর্ক' স্থির হয়ে গেছে। এমনকি অন্য এক দাসী এসে জানিয়ে গেল সেইদিনই শুভদিন। (অজ্জা এব্ব কিল সোভণং ণক্খত্তং—আজই শুভ নক্ষত্র)—

পদ্মাবতীর বিয়ে হতে চলেছে তাঁরই স্বামীর সঙ্গে। বাসবদত্তার ব্যাকুলতা দর্শক নিশ্চয়ই বুঝতে পারবেন। দৃশ্যের শেষে তাঁর আর্তনাদ একটি মাত্র কথায় ফুটে উঠেছে—'অন্ধীকরেদি মে হিঅঅং'। (অন্ধীকরোতি মে হৃদয়ম্)।

প্রশ্ন জাগে এই সময়ে যৌগন্ধরায়ণ কোথায়? কি তার পরিকল্পনা?

দর্শকের ভাববার সময় নেই, কেননা নাটকের ঘটনা অত্যন্ত দ্রুত ঘটে যাচ্ছে!

১৫. প্রবেশক

রঙ্গমঞ্চে নাটকীয় বিষয়বস্তুর আনুপূর্বিক বিন্যাস সম্ভব হয়ে ওঠে না। যে অংশ দীর্ঘ বা নিষ্প্রয়োজন, শিল্পী সেইসব অংশ মঞ্চে উপস্থিত করেন না, না করলেও সেইসব অংশের আভাস তাঁকে দিয়ে যেতে হয়। সংস্কৃত নাটকে যে-পাঁচটি পদ্ধতির সাহায্যে এই আভাস সৃষ্টি করতে হয় তাদের বলা হয়েছে 'অর্থোপক্ষেপক', 'প্রবেশক' এই পাঁচটির অন্যতম। প্রবেশক রচনায় কয়েকটি কথা মনে রাখতে হবে—

ক) 'প্রবেশক' থাকবে দুটি অঙ্কের মধ্যে। দুটি অঙ্কের মধ্যে এর অবস্থান। এ থেকে বোঝা যাচ্ছে প্রথম অঙ্কে 'প্রবেশক' রচনা নিষিদ্ধ।

খ) 'প্রবেশক' এ-সমাজের নিম্নস্তরের পাত্র-পাত্রীরা অংশগ্রহণ করবে। সংলাপের ভাষা হবে প্রাকৃত। আলোচ্য প্রবেশকের চরিত্র—চেটী, বলাবাহুল্য-নিম্নস্তরের।

১৬. কন্দুকেন ক্রীড়ন্তি

এক ধরনের বলখেলা প্রাচীন ভারতে মেয়েদের মধ্যে বেশ প্রচলিত ছিল। বল আকারে ছোট আর খুব হাল্কা, এই বল উপরে ছুঁড়ে দিয়ে আবার তা ধরতে চেষ্টা করা বা অন্যের দিকে ছুঁড়ে দেওয়া, এইরকমই বোধহয় খেলার ধরন ছিল। 'কুমার-সম্ভব' কাব্যে কালিদাস পার্বতীর 'কন্দুকক্রীড়ার' বর্ণনা দিয়েছেন; 'রঘুবংশে'র ষোড়শ সর্গেও এই ক্রীড়ার উল্লেখ দেখা যায়। দণ্ডী-রচিত 'দশকুমারচরিতে'ও 'কন্দুকবতীর' আখ্যান রয়েছে।

১৭. ভবিষ্যন্মহাসেনবধূ

উজ্জয়িনীরাজ প্রদ্যোত বিশাল সেনাবাহিনীর অধিকারী ছিলেন বলে 'মহাসেন' নামেও পরিচিত ছিলেন। বাসবদত্তা ইচ্ছে করেই পদ্মাবতীকে 'মহাসেনবধূ' বলে সম্বোধন করেছেন, উদ্দেশ্য উদয়ন সম্পর্কে পদ্মাবতীর মনোভাব জেনে নেওয়া। প্রদ্যোত নিজের পুত্রের সঙ্গে পদ্মাবতীর সম্বন্ধ প্রস্তাব করে পাঠিয়েছিলেন কিন্তু পদ্মাবতীর তাতে সম্মতি ছিল না।

১৮. আগমপ্রধানানি

আগম অর্থ শাস্ত্র। শাস্ত্র যাহাদের নিকটে প্রধান অর্থাৎ যারা সাংসারিক জীবনে শাস্ত্রের উপরে অধিক মূল্য দিয়ে থাকেন।

১৯. কৌতুকমঙ্গল

কৌতুক অর্থ বিবাহসূত্র—বিবাহের পূর্বে বিবাহসূত্র হাতে বেঁধে নেওয়া নিয়ম ; এই উপলক্ষে যে-অনুষ্ঠান হয় তার নাম 'কৌতুকমঙ্গল'।

তৃতীয় অঙ্ক

দৃশ্য সেই দ্বিতীয় অঙ্কের মতোই—প্রাসাদের অন্তর্গত উদ্যানে।

আজ বাসবদত্তার বড় দুঃখের দিন। পদ্মাবতী ও উদয়নের বিবাহ সম্পন্ন হয়ে গেছে। উদ্যানের নির্জনতায় বসে বাসবদত্তা নিজের অদৃষ্টের কথাই ভাবছিলেন। এমন সময়ে দাসী এল—নববিবাহিত দম্পতির জন্য মিলন-মালা গেঁথে দিতে হবে বাসবদত্তাকেই। বাসবদত্তা হাসিমুখে গেঁথে দিলেন সেই মালা।

২০. প্রিয়ঙ্গুশিলাপট্টকে

প্রিয়ঙ্গুলতার নিচে একটি শিলাসনে বাসবদত্তা উপবিষ্ট ছিলেন। কবিরা বলেন —নারীর পাদস্পর্শে প্রিয়ঙ্গুলতার কুসুমবিকাশ ঘটে !

২১. কঃ কালঃ !

অর্থটা এই, কতক্ষণ তোমাকে খুঁজে বেড়াচ্ছি ! এই জাতীয় বাগ্‌বিন্যাস ভাসের অত্যন্ত প্রিয়।

২২. কৌতুকমালিকাম্

বিবাহের মালা ঃ 'কথাসরিৎসাগরে' বর্ণিত ঘটনা অন্যরূপ। সেখানে বাসবদত্তার গাঁথা মালা 'অমলিন' দেখে পরে কাহিনীর শেষে উদয়নের মনে সন্দেহ জাগবে তিনি পদ্মাবতীকে প্রশ্ন করবেন, এ-মালা কে গেঁথেছে ? নিশ্চয়ই এ-মালা বাসবদত্তার গাঁথা। কৌতুকমালা বিয়ের কন্যাকেই গাঁথতে হয়। নাটকে বাসবদত্তাকে গাঁথতে হয়েছে। তিনি স্বেচ্ছায় গাঁথেন নি নাটকে তাঁর উক্তি—'ইদমপি ময়া কর্তব্যমাসীৎ—অহো অকরুণা ঃ খলু ঈশ্বরাঃ'—'এও করতে হলো, বিধাতা কি নিষ্ঠুর।'

২৩. মণিভূম্যাম্

মণিময় ভূমিবিশিষ্ট চতুষ্কোণ শৌচাগার। চার কোণে চারটি স্তম্ভ থাকবে সর্বত্র মণিখচিত।

২৪. গতা এষা

দাসী মালা নিয়ে চলে গেছে। অথবা এই অর্থও হতে পারে—আমার গাঁথা মালা এখন গেছে পদ্মাবতীর হাতে।

২৫. অবিদা

দুঃখসূচক অব্যয়।

স্বপ্ন নাটকের তৃতীয় অংক বিষাদাচ্ছন্ন—দ্বিতীয় অংকে যে দুঃখের সূচনা হয়েছিল তৃতীয় অংকে তারই অত্যন্ত গভীরতর অভিব্যক্তি। এখানে বাসবদত্তার শুধু দুঃখের গভীরতাই নয়, তাঁর অন্তর্দ্বন্দ্বের দিকটিও সুন্দর ফুটে উঠেছে।

চতুর্থ অঙ্ক

দৃশ্য—প্রাসাদের একটি অংশ এবং প্রমোদ উদ্যান। এই দৃশ্যেই বিদূষকের মঞ্চে প্রথম আবির্ভাব।

সংস্কৃত-নাটকের সাধারণ প্রথা এই যে কোন ফুল বা ঋতুর নামে বিদূষকের নাম রাখতে হয়। স্বপ্ন নাটকের বিদূষকের নাম 'বসন্তক', অভিজ্ঞান শকুন্তলের বিদূষক 'মাধব্য' (মধু—Spring) শ্রীহর্ষের রত্নাবলীতেও বিদূষকের নাম 'বসন্তক'। স্বপ্ন নাটকে বিদূষক চরিত্র ঠিক প্রধানুগত নয়, তুলনায় অনেক সজীব। পদ্মাবতী ও উদয়নের বিবাহোৎসবে একটু অধিক ভোজনের ফলে তার পরিপাকশক্তি বিঘ্নিত।

দৃশ্যটি এই—পদ্মাবতী বাসবদত্তার সংগে এলেন উদ্যানে, ওঁরা উদয়নের কথাই বলছিলেন এমন সময়ে বিদূষকের সংগে সেখানে এলেন উদয়ন। উদয়নকে দেখে ওঁরা একটা মাধবীকুঞ্জে আত্মগোপন করলেন ওখান থেকে ওঁরা উদয়ন ও বিদূষকের কথা শুনতে লাগলেন।

অনেক কথাই ওঁরা শুনলেন। বাসবদত্তা শুনলেন—পদ্মাবতীর অনেক গুণ থাকা সত্ত্বেও বাসবদত্তার স্মৃতি তিনি ভুলতে পারেন নি। বলতে-বলতে উদয়নের চোখে এল জল, বসন্তক গেল জল আনতে। এদিকে পদ্মাবতী গেলেন উদয়নের কাছে, বাসবদত্তা চলে গেলেন স্বস্থানে।

ওদিকে জল নিয়ে এল বসন্তক। পদ্মাবতীকে রাজার কাছে দেখে ওঁর এক বিহ্বল অবস্থা। সেই অবস্থায় রাজার চোখের জলের ইতিহাস সে যা বলল তা উপভোগ্য।

উদয়ন এখনও জানেন না, যাকে মৃত ভেবে তিনি শোকাকুল, তিনি তাঁর কাছে-কাছেই আছেন। খুব সম্ভব দর্শকগণ উভয়ের মিলনের জন্য উৎকণ্ঠিত—কিন্তু সে-মিলন হবে কোন্ পথে ?

২৬. অনঙ্গর সংবাসঃ উত্তরকুরুবাসঃ

উত্তরকুরুর ভৌগোলিক অবস্থান হিমালয়ের ওপারে যেখানেই হোক, এই স্থান সুখ ও শান্তিময়। রামায়ণে এই দেশ দেবতাদের ভূমি এবং অনন্তশান্তিধাম বলে বর্ণিত হয়েছে। বিদূষকের বক্তব্য এই—যথারীতি স্নান ও ভোজন করে এমন সুখে তার দিন কাটছে, মনে হচ্ছে সে যেন উত্তরকুরুর অধিবাসী, কেবলমাত্র অপ্সরার অভাব। এইটুকু যা পার্থক্য।

২৭. পরিণমতি

পরি+নম্, হজম হওয়া অর্থে প্রযুক্ত। ভুক্তদ্রব্যের পরিপাক সম্পর্কিত অভিযোগ 'অভিজ্ঞান শকুন্তলম্'-এর মাধব্যও বহুবার করেছে।

২৮. **অকল্যবর্তম্**

'কল্যবর্তম্—প্রাতভোজনম্ ; ন কল্যবর্তঃ—তদ্‌রহিতঃ অর্থাৎ বদ্‌হজমের ভয়ে সামান্য প্রাতভোজনও নিষিদ্ধ। আহারপরিণামভয়গ্রস্তম্—বিদূষকের বক্তব্য—রোগে অভিভূত এবং প্রাতভোজনবর্জিত হওয়াটা মোটেই সুখের নয়।

২৯. **বর্জয়িত্বা ভোজনম্**

ঔদরিক বসন্তকের ভোজন সম্পর্কে এই বৈরাগ্য খুবই সাময়িক বলা বাহুল্য। বৈরাগ্যের কারণ উদরের শোচনীয় অবস্থা!

৩০. **অক্ষিপরিবর্তঃ**

চেটীর প্রশ্ন ছিল—আপনি ভোজন বারণ করলেন কেন?

বসন্তক একটি উপমা দিয়ে বোঝাবার চেষ্টা করছে—কোকিলের চোখ যেমন ঘনঘন পরিবর্তিত হয়, তেমনি পরিবর্তন চলেছে তার উদরের মধ্যে। অর্থাৎ সেখানে ভয়ানক গোলযোগের ব্যাপার!

বিদূষক এখানে 'কাক' বলতে 'কোকিল' বলে ফেলেছে। কাকেরই দুটি চোখের জন্য একটি তারা, তাই ঘন ঘন পরিবর্তন করতে হয়। অবশ্য, এ-জাতীয় ভাষা বিপর্যয় বিদূষকের পক্ষে স্বাভাবিক এবং উপভোগ্য। উদরের গোলমালে ভাষার গোলমাল!

৩১. **প্রবেশক**

সংস্কৃত নাটকে দুটি অঙ্কের মধ্যে প্রবেশক রচনার বিধি আছে। আলোচ্য 'প্রবেশকে'র উদ্দেশ্য শুধু হাস্যরস সৃষ্টি নয়, দর্শকদেরও কয়েকটি সংবাদ দেওয়া। প্রথম সংবাদ—উদয়ন ও পদ্মাবতীর বিবাহ নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে; দ্বিতীয় সংবাদ—উদয়ন ভালোই আছেন। আলোচ্য প্রবেশকের আর একটি উদ্দেশ্য, দর্শকবৃন্দকে উদয়নের আবির্ভাবের জন্য প্রস্তুত রাখা।

৩২. **আর্যপুত্রেণ বিরহিতা উৎকণ্ঠিতা**

উদয়নের জন্য পদ্মাবতীর প্রেম এখানে অত্যন্ত গভীরভাবে এই সামান্য কথাতেই ব্যক্ত হয়েছে। পদ্মাবতীর উক্তি—কত গভীর সে-ভালোবাসা বোঝাবার উপায় নেই, শুধু এইটুকুই বলতে পারি—'তাঁকে না দেখলে উৎকণ্ঠিত হয়ে পড়ি।'

৩৩. **আর্যপুত্রপক্ষপাতেন অতিক্রান্তঃ সমুদাচারঃ**

স্বামীর প্রতি গভীর প্রেমবশত বাসবদত্তা একটু সীমা লঙ্ঘন করে গেছেন। তিনি ভুলে গেছেন তাঁর এখনও অজ্ঞাতবাস চলছে, তিনি এখনও ছদ্মবেশে আছেন। পদ্মাবতীর সঙ্গে উদয়নের বিবাহ—পদ্মাবতী উদয়নকে দেখেন নি। চেটী প্রশ্ন করেছে—যদি তিনি কুরূপ হন? বাসবদত্তা সঙ্গে-সঙ্গে বলে ফেলেছেন—না, না তিনি দেখতে খুবই সুন্দর। বলেই ভাবলেন, বলা ঠিক হয় নি। সঙ্গে-সঙ্গে পদ্মাবতীর প্রশ্ন—আপনি কি করে জানলেন? বুদ্ধিমতী বাসবদত্তা ঘুরিয়ে বললেন—উজ্জয়িনীতে সবাই তো ঐরকম বলে থাকে।

৩৪. **পঞ্চেষবঃ**

প্রেমদেবতার পঞ্চশরের (মদন) পাঁচটি শর—

অরবিন্দ মশোকঞ্চ চূতঞ্চ নবমল্লিকা
নীলোৎপলঞ্চ পঞ্চৈতে পঞ্চবাণস্য সায়কাঃ।

উদয়নের বক্তব্য—আমি যখন অবন্তিরাজতনয়া বাসবদত্তার প্রেমে মত্ত তখনই তো কামদেব আমার প্রতি পঞ্চশর নিক্ষেপ করেছিলেন। আবার এখন পদ্মাবতীর সঙ্গে বিবাহের পরে আমি শরে বিদ্ধ। এই ষষ্ঠ শর কোথা থেকে এল ? (তুলনীয়—'পথিক-যুবতিলক্ষ্যঃ পঞ্চ্যভ্যামধিকঃ শরো ভব'—শকুন্তলা, ষষ্ঠ অঙ্ক)

৩৫. **পাদন্যাসনিষণ্ণাঃ কান্তবিযুক্তাঃ**

দুইটি বিশেষণই বিশেষ তাৎপর্যপূর্ণ। উদয়ন বিদূষককে অনুরোধ করছেন—ভ্রমরগণকে ত্রস্ত কোরো না। এরা এখন প্রিয়ার দ্বারা আলিঙ্গিত। পাদক্ষেপে পীড়িত হলে এরা আমার মতোই কান্তাবিযুক্ত হয়ে পড়বে। বাসবদত্তার প্রতি উদয়নের গভীর প্রেম এখানে কারুণ্যের সুরে অভিব্যক্ত।

৩৬. **কাশকুসুমরেণুনা**

আড়াল থেকে বাসবদত্তা দেখেছেন উদয়নকে। চোখে জল আসা স্বাভাবিক। চেটী বলছে—আপনার চোখে জল ! বাসবদত্তা বললেন—না, না, ও কিছু নয়—কাশফুলের রেণু চোখে এসে লাগল, তাই।

৩৭. **অসন্নিহিতা**

বিদূষক উদয়নকে প্রশ্ন করেছে—কে আপনার প্রিয় ? তখনকার বাসবদত্তা না এখনকার পদ্মাবতী ? রাজা বলতে অনিচ্ছুক। বিদূষক বলছে—স্বচ্ছন্দে বলুন, একজন তো মরেই গেছেন, আর একজন কাছে নেই।

অদৃষ্টের পরিহাস ! দুজনেই তখন আড়ালে বসে সব কথা শুনছেন !

৩৮. **সত্ত্যেন শপামি (সচ্চেন সবামি)**

বিদূষকের শপথ বাক্য—সত্যের নামে শপথ করছি, কাউকে বলব না ! বিদূষক মুখর চরিত্র—রাজা জানতেন, আমরাও জানি এই শপথের কোন মূল্য নেই। তবু এই শপথ উপভোগ্য, একদিকে উদয়নের মতো গভীর অনুভূতিশীল ব্যক্তি—অন্যদিকে বিদূষকের মতো চপল চরিত্র, উভয়ের সংলাপ এই কারণেই আকর্ষণীয়।

৩৯. **অজ্ঞাতবাসোঽপি অত্র বহুগুণঃ**

বাসবদত্তার উক্তি। তিনি উদয়নের মুখে শুনেছেন—তাঁর প্রতি তাঁর গভীর নিষ্ঠা ও প্রেমের স্বীকারোক্তি। তাই তাঁর মনে হয়েছে—এই অজ্ঞাতবাসের দুঃখ ও ত্যাগের বিনিময়ে তিনি বহুগুণ পুরস্কার ফিরে পেয়েছেন।

৪০. **বৈধেয়**

শব্দটির অর্থ—অজ্ঞ, মূঢ় বা মূর্খ। যে 'বিধেয়' অনুসারে চলে ; বিধেয়ে অনভিজ্ঞ।

৪১. **মহাব্রাহ্মণ**

হীন ব্রাহ্মণ ! এখানে অবশ্য কৌতুকের ছলেই উদয়ন এই সম্বোধনটি প্রয়োগ করেছেন। একটি সংস্কৃত কারিকা আছে—

> শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে
> যাত্রায়াং পথি নিদ্রায়াং মহচ্ছব্দো ন দীয়তে।

কারিকায় উল্লিখিত শব্দগুলির সঙ্গে মহৎ শব্দের সমাস হবে না। আলোচ্য ক্ষেত্রে

দ্বিজ শব্দের সঙ্গে সমাস হয় নি, হয়েছে তার সমার্থক ব্রাহ্মণ শব্দের সঙ্গে। সুতরাং 'মহাব্রাহ্মণ' হীনার্থক হবে না, এরকম মত কেউ-কেউ পোষণ করে থাকেন। অবশ্য উক্ত কারিকাটি পরবর্তীকালের—কালিদাস নিজেও প্রয়োগ করেছেন 'সন্তানকাকীর্ণং মহাপথম্ ('কুমারসম্ভব', সপ্তম সর্গ), ভট্টি প্রয়োগ করেছেন 'পুণ্যো মহাব্রহ্মসমূহজুষ্টঃ (ভট্টিকাব্য, প্রথম সর্গ)—কোন প্রয়োগই হীনার্থক নয়।

৪২. **এতদিদম্। ইদমেতৎ** (এদং ইদং। ইদং এদং)

বাসবদত্তার স্মৃতিরোমন্থনে উদয়নের মুখ অশ্রুলিপ্ত ; বিদূষক পদ্মপত্রে জল বহন করে এনেছেন, হঠাৎ পদ্মাবতীর সঙ্গে সাক্ষাৎ। হাতে জল, কি ব্যাখ্যা দেবেন ? বিহ্বল বিদূষক—কিছুই বলতে না পেরে বলে উঠলেন এই এই, এই, এই—

পদ্মাবতী জেদ করতে থাকেন, বলুন, বলুন ; তাতে কৌতুকরসটি আরো জমে ওঠে।

৪৩ **অপবার্য্য**

অন্য কেউ না শুনতে পায় এইভাবে মুখ ফিরিয়ে নিয়ে আড়ালে কথা বলাকে সংস্কৃত-নাট্যশাস্ত্রে বলা হয়েছে 'অপবারিত'। বাংলায় বলি—জনান্তিকে কথা বলা।

চতুর্থ অঙ্ক নাটকের অন্য অঙ্কগুলির মধ্যে দীর্ঘতম। কিন্তু দর্শকের কৌতূহল, আগ্রহ বা উৎসুক্য কোথাও ক্ষুণ্ণ হয় না। চরিত্রচিত্রণে বা ঘটনাবিন্যাসে নাট্যকার ভাস সর্বত্র তাঁর প্রতিভার স্বাক্ষর রেখেছেন। এই অঙ্কেই বিদূষকের প্রথম আবির্ভাব কিন্তু সে তার সরলতা ও রসবোধের সাহায্যে সহজেই দর্শকের মন জয় করে।

পঞ্চম অঙ্ক

পত্নী বিরহিত উদয়নের জাগ্রত অবস্থার ভাববৈচিত্র্য অঙ্কিত হয়েছে প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ অঙ্কে। পঞ্চম অঙ্কের রূপ পৃথক। এখানে নিদ্রিত অবস্থায় উদয়নের স্বপ্নচারণার মধ্যে উদ্ঘাটিত হয়েছে সূক্ষ্মতর মনোবিশ্লেষণ। এ-যেন সমুদ্রগৃহের রঙ্গমঞ্চে অভিনীত আর এক 'ভ্রান্তি বিলাস' নাটক (A Comedy of Errors)—আখ্যান-গঠনের কৌশলে সংস্কৃত সাহিত্যে তুলনাহীন।

৪৪. **সমুদ্রগৃহ**

প্রাসাদ থেকে একটু দূরে সমুদ্রতীরে নির্মিত গ্রীষ্মাবাস। (Summer House) প্রতিমা নাটকে সমুদ্রগৃহের উল্লেখ আছে (দ্বিতীয় অঙ্ক) ; কালিদাসের মালবিকাগ্নিমিত্র নাটকেও সমুদ্রগৃহের উল্লেখ দেখতে পাওয়া যায়।

৪৫. **কাকোদর**

কাকের ন্যায় উদর যার—কুৎসিতোদর, সর্প।

৪৬. **অস্তি নগরং ব্রহ্মদত্তম্**

বিদূষক বিস্মৃতিনিপুণ—তাই নগরের নামে ও রাজার নামে এই ভ্রান্তি।

৪৭. **সূচয়ন্তি মামালিঙ্গেতি**

সমুদ্রগৃহের এই দৃশ্যটিই শৃঙ্গাররসের উদ্দীপন বিভাব। সুশীতল পরিবেশ ; শয্যার অধিকারী ছাড়া গৃহে আর কেউ নেই। নিষ্প্রভ আলো, বাসবদত্তার সমস্ত

হৃদয় স্বামীর প্রেমস্মৃতিতে পূর্ণ। এই অবস্থায় বাসবদত্তার হৃদয়ে শৃঙ্গাররসের উদ্বোধন ঘটবে এতে আর বিচিত্র কি?

বাসবদত্তা জানতেন না—ঘরে আর কেউ থাকতে পারে। নাটকের নায়ক এবং নায়িকা এই প্রথম মুহূর্তের জন্য মিলিত হলেন, তারপরেই আবার ক্ষণিক বিচ্ছেদ ঘটবে।

৪৮. মহান্ প্রতিজ্ঞাভারঃ

মন্ত্রী যৌগন্ধরায়ণের কাছে বাসবদত্তার এই শপথ, পরিকল্পনা পূর্ণ হওয়ার আগে আত্মপ্রকাশ করা চলবে না।

৪৯. নহি নহি দুঃখিতাস্মি

অদ্ভুত ভাসের প্রকাশভঙ্গী! বাসবদত্তা বলছেন—না, না আমি রাগ করিনি, আমি দুঃখিত। এই সংক্ষিপ্ত উক্তির মধ্যে বাসবদত্তার গভীর দুঃখ কেমন সুন্দর-ভাবে ব্যক্ত হয়েছে।

৫০. বিরচিকাং স্মরসি

'কথাসরিৎসাগরে'র কাহিনীতে আছে—বিরচিকা ছিল এক অন্তঃপুরচারিকা—উদয়ন এক সময়ে তার প্রেমাসক্ত ছিলেন।

৫১. আরুণি

উদয়নের পরম শত্রু—আরুণি বৎসরাজ্যের অধিকাংশই গ্রাস করেছিলেন। অবশ্য 'কথাসরিৎসাগরে' বা গুণাঢ্যের 'বৃহৎ কথায়' আরুণির উল্লেখ নেই; হয়ত ভাসের সময়ে আরুণির কাহিনী প্রচলিত ছিল।

৫২. ত্রিপথগা

তিন পথে যার গতি—গঙ্গা। স্বর্গে মন্দাকিনী, মর্ত্যে গঙ্গা—পাতালে ভোগবতী।

আলোচ্য পঞ্চম অঙ্কের একটি ঘটনাকে কেন্দ্র করেই নাটকের নামকরণ করা হয়েছে। ভাসের কৃতিত্ব এইখানে যে তিনি স্বপ্নে নায়ক-নায়িকার মিলন ঘটিয়েছেন—কিন্তু বাস্তবতাকে ক্ষুণ্ণ করেন নি। নিদ্রিত নায়ক স্বপ্নে কথা বলছেন জাগ্রতা নায়িকার সঙ্গে, এই সূক্ষ্ম সংলাপ মনস্তত্ত্বের দিক দিয়ে অপূর্ব।

মনে রাখা প্রয়োজন, যৌগন্ধরায়ণের আরুণি প্রকল্পই নাটকের প্রধান ব্যাপার নয়, নাট্যকারের প্রকৃত লক্ষ্য ছদ্মবেশিনী বাসবদত্তার সঙ্গে উদয়নের মিলন সংঘটন। সমস্ত দৃশ্যটিই করুণরসে সিক্ত। বাসবদত্তার সংক্ষিপ্ত সংলাপ সেই কারুণ্যের সঙ্গে সম্পূর্ণ সঙ্গতি রক্ষা করেছে।

দৃশ্যটির শেষে একটি প্রশ্ন জাগতে পারে। সমুদ্রগৃহে পদ্মাবতী নেই কেন? না থাকার কারণ নাটকে কিছু নেই।

ষষ্ঠ অঙ্ক

এই দৃশ্যের স্থান—কৌশাম্বী, বৎসরাজ্যের রাজধানী।

আরুণির সঙ্গে যুদ্ধের আয়োজনের কথা বলা হয়েছে পঞ্চম দৃশ্যের শেষে। সেখানে আমরা জেনেছি, মন্ত্রী রুমন্বান এসেছেন বিশাল বাহিনী নিয়ে। আরুণির বিরুদ্ধে অভিযানের জন্য উদয়নও প্রস্তুত হয়েছেন।

কিন্তু নাটকে যে সুর বেজে উঠেছে তার সঙ্গে যুদ্ধের সুর মেলে না। পঞ্চম দৃশ্যে সমুদ্রগৃহে যে-দৃশ্যের সূচনা, সেখানে ভিন্নতর এক সংগ্রাম সুরু হয়েছে উদয়নের মনে, বাসবদত্তা নিশ্চয়ই জীবিত।

নাট্যকার ভাস সার্থক শিল্পী। তিনি নাটকের করুণ সুরটি কখনও ক্ষুণ্ণ করতে চান নি তাই যুদ্ধের ফলাফল জানিয়েই তিনি নিশ্চিন্ত। তাঁর লক্ষ্য—নায়ক নায়িকার মিলন।

বহু দুঃখ ও বিড়ম্বনা ভোগের পর এই মিলন বর্ণিত হয়েছে ষষ্ঠ দৃশ্যে।

৫৩. **প্রতিহারী**

প্রতিহার শব্দটির অর্থ দ্বাররক্ষক, দৌবারিক—স্ত্রীলিঙ্গে প্রতিহারী।

৫৪. **সূর্যামুখপ্রাসাদ**

'সূর্যঃ আমুখঃ যস্য স সূর্যামুখঃ,' অর্থ—'সূর্যাভিমুখঃ' সূর্যকে সম্মুখবর্তী করে নির্মিত প্রাসাদ। শব্দটির একটি পাঠান্তর—শয্যামুখ। সে-ক্ষেত্রে অর্থ হবে—শয্যাকক্ষ বা নিদ্রাকক্ষ যে-প্রাসাদের সম্মুখে বর্তমান। অন্য একটি পাঠ—সুযামুনপ্রাসাদ। 'সুযামুনং যস্মাৎ' যে-প্রাসাদ থেকে যমুনার দৃশ্য সুন্দর দেখা যায়। বুদ্ধস্বামীর 'বৃহৎকথাশ্লোকসংগ্রহে' আছে—'সুযামুনপ্রাসাদ' নামে উদয়নের একটি প্রাসাদ ছিল। এই পাঠটিই সঙ্গত এবং গ্রহণযোগ্য।

৫৫. **ঘোষবতী**

উদয়নের বীণার নাম। এই বীণা উদয়ন পেয়েছিলেন বাসুকির ভ্রাতা বসুনেমির কাছ থেকে। বসুনেমিকে শবরদের হাত থেকে রক্ষা করেছিলেন উদয়ন—বীণা তারই পুরস্কার। ঘোষবতীর সুরে উদয়ন হাতিকেও পোষ মানাতে পারতেন। 'কথাসরিৎসাগরে' আছে, বাসবদত্তা এই বীণা বাজাবার দক্ষতা অর্জন করেছিলেন।

৫৬. **মিশ্রবিষ্কম্ভক**

প্রবেশক বা বিষ্কম্ভক—দুই-ই একজাতীয় অর্থাৎ দুইয়েরই উদ্দেশ্য যা ঘটে গেছে, বা যা ঘটতে যাচ্ছে তারই সংক্ষিপ্ত আভাস দর্শকদের কাছে দিয়ে যাওয়া। তবে প্রবেশক আর বিষ্কম্ভকের মধ্যে সামান্য পার্থক্য আছে। প্রবেশক থাকবে দুই অঙ্কের মধ্যে, সুতরাং প্রথম অঙ্কের আদিতে 'প্রবেশক' থাকতে পারবে না। কিন্তু দুই-ই হবে 'বৃত্ত বর্তিষ্যমানানাং কথাংশানাং নিদর্শকঃ'।

পাত্র-পাত্রীর দিক থেকেও পার্থক্য আছে। প্রবেশক—'নীচপাত্র প্রযোজিতঃ', বিষ্কম্ভক—মধ্যপাত্র প্রযোজিতঃ'। কিন্তু কোন বিষ্কম্ভকে যদি নীচ এবং মধ্যশ্রেণীর পাত্র-পাত্রীর মিশ্রণ ঘটে তাহলে তাকে বলা হবে মিশ্র বিষ্কম্ভক (অথবা সঙ্কীর্ণ বিষ্কম্ভক)। ষষ্ঠ অঙ্কের প্রথমে আছে মিশ্র বিষ্কম্ভক—এই অংশে কঞ্চুকী মধ্যম পাত্র, প্রতিহারী নীচ পাত্র। 'সঙ্কীর্ণো নীচমধ্যমৈঃ'।

৫৭. **রৈভ্য সগোত্র**

রৈভ্য—বাসবদত্তার পিতা মহাসেনের এক বৃদ্ধ কঞ্চুকীর নাম। রৈভ্য উদয়নের পরিচিত। সমান গোত্র যাহার—সগোত্র ; রৈভ্যের সগোত্র।

৫৮. **অঙ্গারবতী**

মহাসেনের মহিষী—ইঁহার দুই পুত্র গোপাল ও পালক, এক কন্যা—বাসবদত্তা।

৫৯. **বসুন্ধরা**

বাসবদত্তার ধাত্রী।

৬০. **বৈদেহীপুত্রস্য**

নাটকে আছে 'সদৃশমেতৎ বৈদেহীপুত্রস্য' (উদয়নস্য) কিন্তু 'কথাসরিৎসাগরে' আছে উদয়নের মাতা অযোধ্যার রাজকুমারী ছিলেন। অবশ্য মাতার অন্য নাম 'বৈদেহী' হতে পারে।

৬১. **ষোড়শান্তঃপুরজ্যেষ্ঠা**

মহাসেনের ষোড়শ মহিষীর মধ্যে যিনি প্রধানা। 'অন্তঃপুর' শব্দের লক্ষ্যার্থ 'অন্তঃপুরস্থা স্ত্রী'।

৬২. **সর্বগতং কুশলমিতি**

খুবই অল্প কথায় উদয়নের হৃদয়ভাবের সুন্দর প্রকাশ। ধাত্রী বলেছেন—'ভর্তা সর্বগতং কুশলং পৃচ্ছতি'। অর্থাৎ বাসবদত্তার মাতা আপনার সর্বাঙ্গীণ কুশল জানতে চেয়েছেন। উদয়ন উত্তর দিলেন, 'সর্বগতং কুশলমিতি। অম্ব! ঈদৃশং কুশলম্।' সর্বাঙ্গীন কুশলই বটে! এই তো, কুশল—দেখতেই পাচ্ছেন!

বাসবদত্তার স্মৃতিবিজড়িত হৃদয়ের সার্থক অভিব্যক্তি। এই কথাটুকুর মধ্যে উদয়নের করুণ নিঃশ্বাসের ধ্বনিও যেন স্পষ্ট হয়ে উঠেছে।

৬৩. **প্রবিশ ত্বমভ্যন্তরম্**

আবন্তিকারূপে পরিচিতা রমণী যে বাসবদত্তা—একথা শোনামাত্র উদয়ন উত্তেজিত হয়ে বলে উঠেছেন—কি! ইনি মহাসেনপুত্রী! দেবি, তবে পদ্মাবতীর সঙ্গে অন্তঃপুরে যাও। কিন্তু যৌগন্ধরায়ণ বাধা দিলেন—তিনি তাঁদের পরিচয় প্রতিষ্ঠিত করতে চান।

৬৪. **কৌশাম্বী**

বৎসরাজ উদয়নের রাজধানী।

৬৫. **ভরত বাক্যম্**

নাটকের শেষে শুভেচ্ছা প্রকাশক শ্লোক। ভরত শব্দের অর্থ নট—এই শ্লোক কোন এক প্রধান নাটকীয় চরিত্রের কণ্ঠে উচ্চারিত হতে পারে। তাছাড়া, ভরত ছিলেন নাট্যশাস্ত্রের আদি প্রবর্তক—সুতরাং নাটকের শেষে তাঁকে স্মরণ করাও এই শ্লোকের উদ্দেশ্য।

'ভরতবাক্য' একজন প্রধান চরিত্রের কণ্ঠে উচ্চারিত হতে পারে অথবা মঞ্চনির্দেশ এভাবেও দেওয়া চলে—নাটকের শেষ দৃশ্য অভিনীত হয়ে গেল—নাটকে অংশগ্রহণকারী নট-নটী সবাই এসে দাঁড়ালেন রঙ্গমঞ্চে, তাঁরা মিলিত কণ্ঠে আবৃত্তি করলেন এই 'ভরতবাক্য'।

শ্লোকে রাজসিংহের কথা আছে—খুব সম্ভব 'রাজসিংহ' কোন বিশেষ রাজার নাম নয়। কেউ-কেউ অবশ্য বলেন, রাজসিংহ ভাসের সমসাময়িক এক রাজা। এখানে উল্লেখযোগ্য যে ভাস-রচিত তেরটি নাটকের মধ্যে ছয়টি নাটকের সমাপ্তি ঘটেছে এই একই ভরতবাক্যে।

❋❋❋❋❋❋❋❋ স্বপ্নবাসবদত্তম্ ❋❋❋❋❋❋❋❋

(নান্দ্যন্তে ততঃ প্রবিশতি সূত্রধারঃ)

সূত্রধার ঃ—

উদয়নবেন্দুসবর্ণাবাসবদত্তাবলৌ স্বাম্ ।
পদ্মাবতীর্ণপূর্ণৌ বসন্তকম্রৌ ভুজৌ পাতাম্ ।।১।।

এবমার্যমিশ্রান্ বিজ্ঞাপয়ামি । অয়ে ! কিং নু খলু ময়ি বিজ্ঞাপনব্যগ্রে শব্দ ইব শ্রূয়তে ! অঙ্গ ! পশ্যামি । (পশ্যামি । (নেপথ্যে) উস্সরহ উস্সরহ অয্যা ! উস্সরহ । [উৎসরত উৎসরত আর্যাঃ ! উৎসরত ।]

সূত্রধার ঃ—ভবতু, বিজ্ঞাতম্ ।

ভৃত্যৈর্মগধরাজস্য স্নিগ্ধৈঃ কন্যানুগামিভিঃ ।
ধৃষ্টমুৎসার্যতে সর্বস্তপোবনগতো জনঃ ।।২।।

(নিষ্ক্রান্তঃ)

প্রথমোঽঙ্কঃ

(প্রবিশ্য)

ভটৌ—উস্সরহ উস্সরহ অয্যা ! উস্সরহ । [উৎসরত উৎসরত আর্যাঃ ! উৎসরত ।]

(ততঃ প্রবিশতি পরিব্রাজকবেষো যৌগন্ধরায়ণ আবন্তিকাবেষধারিণী বাসবদত্তা চ ।)

যৌগন্ধরায়ণঃ—(কর্ণং দত্বা) কথমিহাপ্যুৎসার্যতে ! কুতঃ ?

ধীরস্যাশ্রমসংশ্রিতস্য বসতস্তুষ্টস্য বন্যৈঃ ফলৈ—
র্মানার্হস্য জনস্য বল্কলবতস্ত্রাসঃ সমুৎপাদ্যতে ।
উৎসিক্তো বিনয়াদপেতপুরুষো ভাগ্যৈশ্চলৈর্বিস্মিতঃ
কোঽয়ং ভো নিভৃতং তপোবনমিদং গ্রামীতরোত্যাজ্ঞয়া ? ।।৩।।

বাসবদত্তা—অয্য ! কো এসো উস্সরেদি ? [আর্য ! ক এষ উৎসারয়তি ?]

যৌগন্ধরায়ণ ঃ—ভবতি ! যো ধর্মাদাত্মানমুৎসারয়তি ।

বাসবদত্তা—অয্য ! ণ হি এব্বং বত্তুকামা । অহং বি ণাম উস্সারইদব্বা হোমি ত্তি ? [আর্য ! ন হ্যেবং বক্তুকামা, অহমপি নামোৎসারয়িতব্যা ভবামীতি ?]

যৌগন্ধরায়ণঃ—ভবতি ! এবমনিজ্ঞাতানি দৈবতান্যবধূয়ন্তে ।

বাসবদত্তা—অয্য ! তহ পরিস্সমো পরিখেদং ণ উপ্পাদেদি জহ অঅং পরিভবো । [আর্য ! তথা পরিশ্রমঃ পরিখেদং নোৎপাদয়তি, যথায়ং পরিভবঃ ।]

যৌগন্ধরায়ণঃ—ভুক্তোজ্ঝিত এষ বিষয়োঽত্রভবত্যা । নাত্র চিন্তা কার্যা । কুতঃ ?

পূর্বং ত্বয়াপ্যভিমতং গতমেবমাসী—
চ্ছ্লাঘ্যং গমিষ্যসি পুনর্বিজয়েন ভর্তুঃ।
কালক্রমেণ জগতঃ পরিবর্তমানা
চক্রারপঙ্‌ক্তিরিব গচ্ছতি ভাগ্যপঙ্‌ক্তিঃ ॥৪॥

ভটৌ—উস্সরহ অয্যা। উস্সরহ। [উৎসরত আর্যা উৎসরত।]

(ততঃ প্রবিশতি কাঞ্চুকীয়ঃ)

কাঞ্চুকীয়ঃ—সম্ভষক। ন খলু ন খলূৎসারণা কার্যা। পশ্য—

পরিহরতু ভবান্ নৃপাপবাদং
ন পরুষমাশ্রমবাসিষু প্রযোজ্যম্।
নগরপরিভবান্ বিমোক্তুমেতে
বনমভিগম্য মনস্বিনো বসন্তি ॥৫॥

উভৌ—অয্য! তহ। [আর্য! তথা।] (নিষ্ক্রান্তৌ)

যৌগন্ধরায়ণঃ—হন্ত! সবিজ্ঞানমস্য দর্শনম্। বৎসে! উপসর্পাবস্তাবদেনম্।

বাসবদত্তা—অয্য! তহ। [আর্য। তথা]

যৌগন্ধরায়ণঃ—(উপসৃত্য) ভোঃ! কিং কৃতেয়মুৎসারণা ?

কাঞ্চুকীয়ঃ—ভোস্তপস্বিন্।

যৌগন্ধরায়ণঃ—(আত্মগতম্) তপস্বিন্নিতি গুণবান্ খল্বয়মালাপঃ। অপরিচয়াত্তু ন শ্লিষ্যতে মে মনসি।

কাঞ্চুকীয়ঃ—ভোঃ শ্রূয়তাম্। এষা খলু গুরুভিরভিহিতনামধেয়স্যাস্মাকং মহারাজদর্শকস্য ভগিনী পদ্মাবতী নাম। সৈষা নো মহারাজমাতরং মহাদেবীমাশ্রমস্থামভিগম্যানুজ্ঞাতা তত্রভবত্যা রাজগৃহমেব যাস্যতি। তদদ্যাস্মিন্নাশ্রমপদে বাসোঽভিপ্রেতোঽস্যাঃ। তদ্ভবন্তঃ—

তীর্থোদকানি সমিধঃ কুসুমানি দর্ভান্
স্বৈরং বনাদুপনয়ন্তু তপোধনানি।
ধর্মপ্রিয়া নৃপসুতা ন হি ধর্মপীড়া-
মিচ্ছেৎ তপস্বিষু কুলব্রতমেতদস্যাঃ ॥৬॥

যৌগন্ধরায়ণঃ—(স্বগতম্) এবম্। এষা সা মগধরাজপুত্রী পদ্মাবতী নাম, যা পুষ্পকভদ্রাদিভিরাদেশিকৈরাদিষ্টা স্বামিনো দেবী ভবিষ্যতীতি। ততঃ—

প্রদ্বেষো বহুমানো বা সংকল্পাদুপজায়তে।
ভর্তৃদারাভিলাষিত্বাদস্যাং মে মহতী স্বতা ॥৭॥

বাসবদত্তা—(স্বগতম্) রাঅদারিঅত্তি সুণিঅ ভইণিআসিণেহো বি মে এত্থ সম্পজ্জই [রাজদারিকেতি শ্রুত্বা ভগিনিকাস্নেহোঽপি মেঽত্র সম্পদ্যতে।]

(ততঃ প্রবিশতি পদ্মাবতী সপরিবারা চেটী চ)

চেটী—এদু এদু ভট্টিদারিআ, ইদং অস্সমপদং, পবিসদু। [এত্বেতু ভর্তৃদারিকা, ইদমাশ্রমপদং, প্রবিশতু।]

তাপসী—সাঅদং রাঅদারিআএ। [স্বাগতং রাজদারিকায়াঃ]

বাসবদত্তা—(স্বগতম্) ইঅং সা রাঅদারিআ। অভিজণাণুরূবং খু সে রূবং। ইয়ং সা রাজদারিকা। অভিজনানুরূপং খল্বস্যা রূপম্।]

পদ্মাবতী—অয্যে। বন্দামি। [আর্যে। বন্দে।]

তাপসী—চিরং জীব। পবিস জাদে। পবিস। তবোবণাণি ণাম অদিহিজণস্স সঅগেহম্। [চিরং জীব। প্রবিশ জাতে! প্রবিশ। তপোবনানি নামাতিথিজনস্য স্বগেহম্।]

পদ্মাবতী—ভোদু ভোদু। অয্যে। বিস্সত্থম্হি। ইমিণা বহুমাণবঅণেণ অণুগ্গহিদাহ্মি। [ভবতু ভবতু। আর্যে। বিশ্বস্তাস্মি। অনেন বহুমানবচনেনানুগৃহীতাস্মি।]

বাসবদত্তা—(স্বগতম্) ণ হি রূবং এব্ব, বাআ বি খু সে মহুরা। [ন হি রূপমেব, বাগপি খল্বস্যা মধুরা।]

তাপসী—ভদ্দে! ইমং দাব ভদ্দমুহস্স ভইণিঅং কোচ্চি রাআ ণ বরেদি? [ভদ্রে! ইমাং তাবদ্ ভদ্রমুখস্য ভগিনিকাং কশ্চিদ্ রাজা ন বরয়তি?]

চেটী—অত্থি রাআ পজ্জোদো নাম উজ্জইণোএ। সো দাহঅস্স কারণাদো দূদসম্পাদং করেদি। [অস্তি রাজা প্রদ্যোতো নামোজ্জয়িন্যাঃ! স দারকস্য কারণাৎ দূত-সম্পাতং করোতি।]

বাসবদত্তা—(আত্মগতম্) ভোদু ভোদু। এসা অ অত্তণীআ দাণি সংবুত্তা। [ভবতু ভবতু। এষা চাত্মীয়েদানীং সংবৃত্তা।]

তাপসী—অহ্ণা খু ইঅং আইদী ইমস্স বহুমাণস্স। উভে রাজকুলে মহত্তরাণি ত্তি সুণীঅদি! [অর্হা খল্বিয়মাকৃতিরস্য বহুমানস্য। উভে রাজকুলে মহত্তরে ইতি শ্রূয়তে।]

পদ্মাবতী—অয্য। কিং দিট্ঠো মুণিজণো অত্তাণং অণুগ্গহীদুং? অভিপ্পেদপ্পদাণেণ তবস্সিজণো উবণিমন্তীঅদু দাব কো কিং এত্থ ইচ্ছদি ত্তি। [আর্য। কিং দৃষ্টো মুনিজনঃ আত্মানমনুগ্রহীতুম্? অভিপ্রেতপ্রদানেন তপস্বিজন উপনিমন্ত্র্যতাং তাবৎ কঃ কিমত্রেচ্ছতীতি।]

কাঞ্চুকীয়ঃ—যদভিপ্রেতং ভবত্যা। ভো ভো আশ্রমবাসিনস্তপস্বিনঃ। শৃণ্বন্তু শৃণ্বন্তু ভবন্ত। ইহাত্রভবতী মগধরাজপুত্রী অনেন বিস্রম্ভেণোৎপাদিতবিস্রম্ভা ধর্মার্থমর্থেনোপনিমন্ত্রয়তে—

কস্যার্থঃ কলশেন কো মৃগয়তে বাসো যথানিশ্চিতং
দীক্ষাং পারিতবান্ কিমিচ্ছতি পুনর্দেয়ং গুরোর্যদ্ভবেৎ।
আত্মানুগ্রহমিচ্ছতীহ নৃপজা ধর্মাভিরামপ্রিয়া
যদ্যস্যাস্তি সমীপ্সিতং বদতু তৎ কস্যাদ্য কিং দীয়তাম্ ॥৮॥

যৌগন্ধরায়ণঃ—হন্ত দৃষ্ট উপায়ঃ (প্রকাশম্) ভোঃ। অহমর্থী।

পদ্মাবতী—দিট্ঠিআ সহলং মে তবোবণাভিগমণং। [দিষ্ট্যা সফলং মে তপোবনাভিগমনম্।]

ষোড়শান্তঃপুরজ্যেষ্ঠা পুণ্যা নগরদেবতা।
মম প্রবাসদুঃখার্তা মাতা কুশলিনী ননু?॥৯॥

ধাত্রী—অরোআ ভট্টিনী ভট্টারং সব্বগদং কুশলং পুচ্ছদি। [অরোগা ভট্টিনী ভর্তারং সর্বগতং কুশলং পৃচ্ছতি।]
রাজা—সর্বগতং কুশলমিতি। অম্ব। ঈদৃশং কুশলম্!
ধাত্রী—মা দাণি ভট্টা অদিমত্তং সন্তপ্পিদুং। [মেদানীং ভর্তাতিমাত্রং সন্তপ্তুম্।]
কাঞ্চুকীয়ঃ—ধারয়ত্বার্যপুত্রঃ। উপরতাপ্যনুপরতা। মহাসেনপুত্রী এবমনুকম্পমানার্যপুত্রেণ। অথবা,

কঃ কং শক্তো রক্ষিতুং মৃত্যুকালে
রজ্জুচ্ছেদে কে ঘটং ধারয়ন্তি?
এবং লোকস্তুল্যধর্মা বনানাং
কালে কালে ছিদ্যতে রুহ্যতে চ॥১০॥

রাজা—আর্য মা মৈবং,

মহাসেনস্য দুহিতা শিষ্যা দেবী চ মে প্রিয়া।
কথং সা ন ময়া শক্যা স্মর্তুং দেহান্তরেষ্বপি?॥১১॥

ধাত্রী—আহ ভট্টিণী—উবরদা বাসবদত্তা। মম বা মহাসেণস্স বা জাদিসা গোবাল-অপালআ, তাদিসো এব্ব তুমং পঢ়মং এব্ব অভিপ্পেদো জামাদুঅ ত্তি। এদণ্ণিমিত্তং উজ্জইনিং আণীদো। অণগ্গিসক্খিঅং বীণা—ববদেসেণ দিণ্ণা। অত্তণো চবলদাএ অণিব্বুত্তবিবাহমঙ্গলো এব্ব গদো। অহঅ অম্হেহিং তব অ বাসবত্তাএ অ পড়িকিদিং চিত্তফলআএ অলিহিঅ বিবাহো ণিব্বুত্তো! এসা চিত্তফলআ তব সআসং পেসিদা। এদং পেক্খিঅ ণিব্বুদো হোহি। [আহ ভট্টিনী—উপরতা বাসবদত্তা। মম বা মহাসেনস্য বা যাদৃশৌ গোপালকপালকৌ, তাদৃশ এব ত্বং প্রথমমেবাভিপ্রেতো জামাতেতি। এতন্নিমিত্তমুজ্জয়িনীমানীতঃ। অনগ্নিসাক্ষিকং বীণাব্যপদেশেন দত্তা আত্মনশ্চপলতয়াঽনির্বৃত্তবিবাহমঙ্গল এব গতঃ। অথ চাবাভ্যাং তব চ বাসবদত্তায়াশ্চ প্রতিকৃতিং চিত্রফলকায়ামালিখ্য বিবাহো নির্বৃত্তঃ। এষা চিত্রফলকা তব সকাশং প্রেষিতা। এতাং দৃষ্ট্বা নির্বৃত্তো ভব।]

রাজা—অহো! অতিস্নিগ্ধমনুরূপং চাভিহিতং তত্রভবত্যা।
বাক্যমেতৎ প্রিয়তরং রাজলোভ শতাদপি।
অপরাদ্ধেষ্বপি স্নেহো যদস্মাসু ন বিস্মৃতঃ ॥১২॥

পদ্মাবতী—অয্যউত্ত! চিত্তগদং গুরুঅণং পেক্খিঅ অভিবাদেদুং ইচ্ছামি। [আর্যপুত্র! চিত্রগতং গুরুজনং দৃষ্ট্বাভিবাদয়িতুমিচ্ছামি।]

ধাত্রী—পেক্খদু ভট্টিদারিআ। [পশ্যতু পশ্যতু ভর্তৃদারিকা]

(চিত্রফলকাং দর্শয়তি)

পদ্মাবতী—(দৃষ্ট্বা আত্মগতম্) হং অদিসদিসী খু ইঅং অয্যাএ আবন্তিআএ! (প্রকাশম্) অয্যউত্ত! সদিসী খু ইঅং অয্যাএ? [(দৃষ্ট্বা আত্মগতম্) হম্, অতিসদৃশী খল্বিয়মার্যায়া আবন্তিকায়াঃ। (প্রকাশম্) আর্যপুত্র! সদৃশী খল্বিয়মার্যায়াঃ?]

রাজা—ন সদৃশী। সৈবেতি মন্যে। ভো কষ্টম্!
অসা স্নিগ্ধস্য বর্ণস্য বিপত্তির্দারুণা কথম্?
ইদং চ মুখমাধুর্যং কথং দূষিতমগ্নিনা? ॥১৩॥

পদ্মাবতী—অয্যউত্তস্স পড়িকিদিং পেক্খিঅ জাণামি ইঅং অয্যাএ সদিসী ণ বেত্তি। [আর্যপুত্রস্য প্রতিকৃতিং দৃষ্ট্বা জানামীয়মার্যায়াঃ সদৃশী ন বেতি।]

ধাত্রী—পেক্খদু পেক্খদু ভট্টিদারিআ। [পশ্যতু ভর্তৃদারিকা।]

পদ্মাবতী—(দৃষ্ট্বা) অয্যউত্তস্স পড়িকিদীএ সদিসদাএ জাণামি ইঅং অয্যাএ সদিসিত্তি। [(দৃষ্ট্বা) আর্যপুত্রস্য প্রতিকৃত্যাঃ সদৃশতয়া জানামীয়মর্যায়াঃ সদৃশীতি।]

রাজা—দেবি! চিত্রদর্শনাৎ প্রভৃতি প্রহৃষ্টোদ্বিগ্নামিব ত্বাং পশ্যামি। কিমিদম্?

পদ্মাবতী—অয্যউত্ত! ইমাএ পড়িকিদীএ সদিসী ইহ এব্ব পড়িবসদি। [আর্যপুত্র! অস্যাঃ প্রতিকৃত্যাঃ সদৃশীহৈব প্রতিবসতি।]

রাজা—কিং বাসবদত্তায়াঃ?

পদ্মাবতী—আম। [আম্।]

রাজা—তেন হি শীঘ্রমানীয়তাম্ ।

পদ্মাবতী—অয্যউত্ত ! মম কণ্ণাভাবে কেণবি বম্হণেণ মম ভইণিআত্তি ণ্ণাসো ণিক্খিত্তো। পোসিদভত্তুআ পরপুরুসদংসণং পরিহরদি। তা অয্যং মএ সহ আঅদং পেক্খিঅ জাণাদু অয্যউত্তো। [আর্যপুত্র! মম কন্যাভাবে কেনাপি ব্রাহ্মণেন মম ভগিনিকেতি ন্যাসো নিক্ষিপ্তঃ। প্রোষিতভর্তৃকা পরপুরুষদর্শনং পরিহরতি। তদার্যাং ময়া সহাগতাং দৃষ্ট্বা জানাত্বার্যপুত্রঃ।]

রাজা—যদি বিপ্রস্য ভগিনী ব্যক্তমন্যা ভবিষ্যতি ।
পরস্পরগতা লোকে দৃশ্যতে রূপতুল্যতা ॥১৪ ॥

(প্রবিশ্য)

প্রতিহারী—জেদু ভট্টা ! এসো উজ্জইণীও বম্হণো, ভট্টিণীএ হত্থে মম ভইণিআত্তি ণ্ণাসো ণিক্খিত্তো, তং পড়িগ্গহিদুং পডিবারং উবট্ঠিদো। [জয়তু ভর্তা! এষ উজ্জয়িনীয়ো ব্রহ্মণঃ, ভট্টিন্যা হস্তে মম ভগিনিকেতি ন্যাসো নিক্ষিপ্তঃ, তং প্রতিগ্রহীতুং প্রতিহারমুপস্থিতঃ।]

রাজা—পদ্মাবতি ! কিন্নু স ব্রাহ্মণঃ ?

পদ্মাবতী—হোদব্বং। [ভবিতব্যম্ ।]

রাজা—শীঘ্রং প্রবেশ্যতামভ্যন্তরসমুদাচারেণ স ব্রাহ্মণঃ ।

প্রতিহারী—জং ভট্টা আণবেদি। [যদ্ ভর্তাজ্ঞাপয়তি ।]

(নিষ্ক্রান্তা)

রাজা—পদ্মাবতি ! ত্বমপি তামানয় ।

পদ্মাবতী—জং অয্যউত্তো আণবেদি ! [যদার্যপুত্র আজ্ঞাপয়তি ।]

(নিষ্ক্রান্তা)

(ততঃ প্রবিশতি যৌগন্ধরায়ণঃ প্রতীহারী চ)

যৌগন্ধরায়ণঃ—ভোঃ। (আত্মগতম্)

প্রচ্ছাদ্য রাজমহিষীং নৃপতের্হিতার্থং
কামং ময়া কৃতমিদং হিতমিত্যবেক্ষ্য ।
সিদ্ধেঽপি নাম মম কর্মণি পার্থিবোঽসৌ
কিং বক্ষ্যতীতি হৃদয়ং পরিশঙ্কিতং মে ॥১৫॥

প্রতিহারী—এসো ভট্টা। উপসপ্পদু অয্যো। [এষ ভর্তা। উপসর্পত্বার্যঃ]

যৌগন্ধরায়ণঃ—(উপসৃত্য) জয়তু ভবান্, জয়তু ।

রাজা—শ্রুতপূর্ব ইব স্বরঃ। ভো ব্রাহ্মণ! কিং ভবতঃ স্বসা পদ্মাবত্যা হস্তে ন্যাস ইতি নিক্ষিপ্তা ?

যৌগন্ধরায়ণঃ—অথ কিম্ ।

রাজা—তেন হি ত্বর্যতাং ত্বর্যতামস্য ভগিনিকা ।

প্রতিহারী—জং ভট্টা আণবেদি। [যদ্ ভর্তাজ্ঞাপয়তি ।] (নিষ্ক্রান্তা)

(ততঃ প্রবিশতি পদ্মাবতী আবন্তিকা প্রতিহারী চ)

পদ্মাবতী—এদু এদু অয্যা। পিঅং দে নিবেদেমি। [এত্বেত্বার্যা। প্রিয়ং তে নিবেদয়ামি।]

আবন্তিকা—কিং কিং ? [কিং কিম্ ?]
পদ্মাবতী—ভাদা দে আঅদো। [ভ্রাতা তে আগতঃ]
আবন্তিকা—দিট্‌ঠিআ ইদানিং পি সমরীদি। [দিষ্ট্যেদানীমপি স্মরতি।]
পদ্মাবতী—(উপসৃত্য) জেদু অয্যউত্তো এসো ণ্ণাসো। [(উপসৃত্য) জয়ত্বার্যপুত্রঃ। এষ ন্যাসঃ।]
রাজা—নির্যাতয় পদ্মাবতি। সাক্ষিমন্ন্যাসো নির্যাতয়িতব্যঃ। ইহাত্রভবান্ রৈভ্যঃ অত্রভবতী চাধিকরণং ভবিষ্যতঃ।
পদ্মাবতী—অয্য। ণীঅদাং দাণি অয্যা। [আর্য। নীয়তামিদানীমার্যা।]
ধাত্রী—(আবন্তিকাং নির্বর্ণ্য) অম্মো। ভট্টিদারিআ বাসবদত্তা। [(আবন্তিকাং নির্বর্ণ্য) অম্মো। ভর্তৃদারিকা বাসবদত্তা।]
রাজা—কথং মহাসেনপুত্রী। দেবি। প্রবিশ ত্বভ্যন্তরং পদ্মাবতী সহ।
যৌগন্ধরায়ণঃ—ন খলু ন খলু প্রবেষ্টব্যম্। মম ভগিনী খল্বেষা।
রাজা—কিং ভবানাহ ? মহাসেনপুত্রী খল্বেষা।
যৌগন্ধরায়ণঃ—ভো রাজন্ !

ভারতানাং কুলে জাতো বিনীতো জ্ঞানবাঞ্ছুচিঃ।
তন্নাহসি বলাদ্ধর্তুং রাজধর্মস্য দেশিকঃ ॥১৬॥

রাজা—ভবতু, পশ্যামস্তাবদ্ রূপসাদৃশ্যম্। সংক্ষিপ্যতাং যবনিকা।
যৌগন্ধরায়ণঃ—জয়তু স্বামী !
বাসবদত্তা—জেদু অয্যউত্তো। [জয়ত্বার্যপুত্র।]
রাজা—অয়ে। অসৌ যৌগন্ধরায়ণঃ। ইয়ং মহাসেনপুত্রী।

কিন্নু সত্যমিদং স্বপ্নঃ সা ভূয়ো দৃশ্যাতে ময়া।
অনয়াপ্যেবমেবাহং দৃষ্ট্যা বঞ্চিতস্তদা ॥১৭॥

যৌগন্ধরায়ণঃ—স্বামিন্। দেব্যাপনয়েন কৃতাপরাধঃ খল্বহম্। তৎ ক্ষন্তুমর্হতি স্বামী। (ইতি পাদয়োঃ পততি)
রাজা- (উত্থায়) যৌগন্ধরায়ণো ভবান্ ননু।

মিথ্যোন্মাদৈশ্চ যুদ্ধৈশ্চ শাস্ত্রদৃষ্টৈশ্চ মন্ত্রিতৈঃ।
ভবদ্যত্নৈঃ খলু বয়ং মজ্জমানাঃ সমুদ্ধৃতাঃ ॥১৮॥

যৌগন্ধরাণঃ—স্বামিভাগ্যানামনুগন্তারো বয়ম্।
পদ্মাবতী—অম্হহে। অয্যা খু ইঅং। অয্যে। সহীজণসমুদাআরেণ অজাণন্তীএ অদিক্কন্দো সমুদাআরো। তা সীসেন পসাদেমি। [অহো। আর্যা খল্বিয়ম্। আর্যে। সখীজনসমুদাচারেণাজানন্ত্যাতিক্রান্তঃ সমুদাচারঃ। তচ্ছীর্ষেণ প্রসাদয়ামি।]
বাসবদত্তা—(পদ্মাবতীমুত্থাপ্য) উট্‌ঠেহি উট্‌ঠেহি অবিহবে। উট্‌ঠেহি। অত্থিসঅং ণাম সরীরং অবরজ্ঝই। [(পদ্মাবতীমুত্থাপ্য) উত্তিষ্ঠ-ত্তিষ্ঠাবিধবে। উত্তিষ্ঠ। অর্থিস্বকং নাম শরীরমপরাধ্যতি।]
রাজা—বয়স্য। যৌগন্ধরায়ণ। দেব্যাপনয়ে কা কৃতা তে বুদ্ধি ?

যৌগন্ধরায়ণঃ—কৌশাম্বীমাহং পরিপালয়ামীতি।

রাজা—অথ পদ্মাবত্যা হস্তে কিং ন্যাসকারণম্?

যৌগন্ধরায়ণঃ—পুষ্পকভদ্রাদিভিরাদেশিকৈরাদিষ্টা স্বামিনো দেবী ভবিষ্যতীতি।

রাজা—ইদমপি রুমণ্বতা জ্ঞাতম্?

যৌগন্ধরায়ণ—স্বামিন্ সর্বৈরেব জ্ঞাতম্।

রাজা—অহো! শঠঃ খলু রুমণ্বান্।

যৌগন্ধরায়ণঃ—স্বামিন্! দেব্যাঃ কুশলনিবেদনার্থমদ্যৈব প্রতিনিবর্ততামত্রভবান্ রৈভ্যোঽত্রভবতী চ।

রাজা—ন, ন। সর্ব এব বয়ং যাস্যামো দেব্যা পদ্মাবত্যা সহ।

যৌগন্ধরায়ণঃ—যদাজ্ঞাপয়তি স্বামী।

(ভরতবাক্যম্)

ইমাং সাগরপর্যন্তাং হিমবদ্বিন্ধ্যকুণ্ডলাম্।
মহীমেকাতপত্রাঙ্কাং রাজসিংহঃ প্রশাস্তু নঃ ॥১৯॥

(নিষ্ক্রান্তাঃ সর্বে)

॥ ইতি ষষ্ঠোঽঙ্কঃ ॥

॥ ইতি স্বপ্ননাটকমবসিতম্ ॥

ভাস

প্রতিমানাটকম্

ভূমিকা

যে তেরোটি নাটক মহামহোপাধ্যায় গণপতি শাস্ত্রী ভাসের লেখা বলে সিদ্ধান্ত করেছেন তার মধ্যে 'অভিষেক' ও 'প্রতিমা নাটক' এই দুইটি রামায়ণের কাহিনী নিয়ে লেখা। 'অভিষেকে'র অবলম্বন কিষ্কিন্ধ্যা, সুন্দরা ও যুদ্ধকাণ্ড, আর 'প্রতিমা' নাটকের অবলম্বন অযোধ্যা ও অরণ্যকাণ্ড। সেই পুরাতন তবু চির-নূতন কাহিনী। কবি-কল্পনার ক্ষেত্রে রামায়ণ-মহাভারত সত্যিই কল্পতরু। যুগ-যুগ ধরে কবি-কল্পনাকে উদ্দীপিত করেছে এই দুই মহাকাব্য। একই অবলম্বন কিন্তু রূপায়ণে, কী বৈচিত্র্যে এক-একটি কাব্য বা নাটকের এক-এক স্বাদ। ভাসের ক্ষেত্রেও তাই। তিনি সেই সনাতন বিষয়বস্তু নিয়েই প্রতিমা নাটক লিখেছেন, কিন্তু উপস্থাপনা ও কলাকৌশলে তা হয়েছে একটি বিশিষ্ট নাট্যকাব্য।

সঙ্গীতশালায় এসেছেন সীতা। মানায় কিনা দেখবার জন্যে তিনি বল্কল পরেছেন। সখীরা বলছে, বল্কল যেন সোনা হয়ে গেছে। ইতিমধ্যে মঙ্গলবাদ্য একবার বেজে উঠেই থেমে গিয়েছে। রামচন্দ্রের অভিষেক হতে-হতে হলো না। কৈকেয়ী ভরতের জন্যে রাজ্য চেয়েছেন, আর রামের জন্যে চেয়েছেন বনবাস। দশরথ দুঃসহ বেদনা নিয়ে সত্য রক্ষা করেছেন।" রামচন্দ্র তাতে দুঃখিত নন। সীতাকে খুঁজতে-খুঁজতে সঙ্গীতশালাতেই এসেছেন তিনি। সীতাও সব শুনে খুসি, কারণ রামচন্দ্র রামচন্দ্রই রইলেন, মহারাজ মহারাজই রইলেন। রামচন্দ্র লক্ষ্য করলেন সীতা নিরাভরণ দেহে বল্কল পরেছেন। তিনিও বল্কল চেয়ে নিলেন রঙ্গশালা থেকে। এই বল্কলই তো তাঁর যোগ্য আভরণ এখন। এই রঙ্গশালাতেই প্রবেশ করলেন লক্ষ্মণ। অত্যন্ত ক্রুদ্ধ তিনি—রামচন্দ্র ন্যায্য সিংহাসন থেকে কেন বঞ্চিত হবেন? সীতা আর রামচন্দ্র তাঁকে শান্ত করলেন। সীতা রামের সঙ্গে বনে যেতে চাইলেন। রাম কোন যুক্তিতেই তাঁকে বিরত করতে পারলেন না। লক্ষ্মণও সহগামী হতে চাইলেন। রামের দক্ষিণ চরণটি সীতার আর বামটি হবে লক্ষ্মণের। কঞ্চুকী দশরথের করুণ অবস্থার বর্ণনা দিয়ে তাঁদের নিবৃত্ত করতে চেষ্টা করলেন। কিন্তু রাম কৃতসংকল্প, প্রস্থানে উদ্যত হলেন তিনি। রামের আদেশে অবগুণ্ঠন মোচন করলেন সীতা, পুরবাসীরা নিঃসংকোচে অযোধ্যাবধূকে দেখুক। (১ম অঙ্ক)

দশরথ সমুদ্রগৃহে পড়ে আছেন, মহিষীরা পরিচর্যা করছেন। সুমন্ত্র শূন্য রথ নিয়ে ফিরে এলেন। দশরথ সে-সংবাদে আরও অবসন্ন হয়ে পড়লেন। রাম সীতা ও লক্ষ্মণের ক্ষণিক স্পর্শ পাবার জন্যে হাহাকার করতে লাগলেন। তাঁর মনে হলো, তাঁকে সান্ত্বনা দেবার জন্যে পিতৃপুরুষেরা নেমে এসেছেন। লোকান্তরিত হলেন দশরথ। (২য় অঙ্ক)

ভরত ফিরছেন অযোধ্যায়। পথে মন্দির দেখে রথ থামালেন তিনি। প্রবেশ করে দেখলেন কয়েকটি পাষাণ-প্রতিমা পর-পর রয়েছে। মন্দিররক্ষকের কাছ থেকে জানলেন এঁরা দেবতা নয়। ইক্ষ্বাকুবংশীয় রাজাদের প্রতিমূর্তি এগুলো। দিলীপ-রঘু-অজ এই তিনজন পূর্বপুরুষের সঙ্গে দশরথের প্রতিমা দেখে তিনি জানতে

চাইলেন জীবিতদের প্রতিমাও এখানে রাখা হয় কি-না। মন্দিররক্ষক বললেন, 'না, যাঁরা পরলোকগত তাঁদের প্রতিমাই শুধু রাখা হয়।' সঙ্গে-সঙ্গে মূর্ছিত হয়ে পড়লেন ভরত। পুরোহিতের কাছে সমস্ত ঘটনাও তিনি জানতে পারলেন। এমন সময় অমাত্য সুমন্ত্রের সঙ্গে প্রতিমাগৃহে এলেন রাজমহিষীরা। ভরত বিহ্বলতা কাটিয়ে উঠে কৌশল্যা ও সুমিত্রাকে প্রণাম করলেন কিন্তু কৈকেয়ীকে ভর্ৎসনা করলেন : 'গঙ্গা-যমুনার মধ্যে প্রবিষ্ট পঙ্কিল কোন নদীর মতো আমার এই দুই মায়ের মধ্যে তোমার অবস্থান শোভা পায় না।' ভরত সেই মুহূর্তেই রামের সন্ধানে যেতে চাইলেন। (৩য় অঙ্ক)

ভরত সুমন্ত্রকে নিয়ে রামচন্দ্রের কাছে এলেন। ভরত রামের কাছেই থাকতে চাইলেন। রাম তাঁকে অযোধ্যায় ফিরে যেতে বললেন, সেখানে রাজ্যপালনের মধ্য দিয়েই তিনি রামের সেবা করতে পারবেন। সুমন্ত্র জানতে চাইলেন রাজ্যাভিষেকের কী হবে। রাম বললেন কৈকেয়ীর অভিলাষ মতোই অভিষেক হবে। ভরত আঘাত পেলেন। সীতাও ভরতের জন্যে সমবেদনা প্রকাশ করলেন। কিন্তু রাম পিতৃসত্য পালনে দৃঢ়সংকল্প, তাঁর ফিরে যাওয়া অসম্ভব। বনবাস থেকে ফিরে রাম রাজ্যভার গ্রহণ করবেন এই প্রতিশ্রুতি পেয়ে ভরত ফিরে যেতে সম্মত হলেন। ভরত এবারে রামের পাদুকা দুটি চাইলেন বললেন, যতদিন রাম না ফিরছেন ততদিন এই পাদুকার প্রতিনিধি হয়েই তিনি রাজ্য পরিচালনা করবেন, অভিষেক বারি ঢেলে দেবেন এই পাদুকা দুটিতে। (৪র্থ অঙ্ক)

রাম চিন্তিত। আগামীকাল তাঁর পিতার বাৎসরিক শ্রাদ্ধ। সীতা বললেন, অবস্থা অনুযায়ী ফল-জল দিয়েই তিনি শ্রাদ্ধ করুন। কিন্তু রামচন্দ্রের মন ভারাক্রান্ত। এমন সময়ে অতিথির ছদ্মবেশে রাবণ দেখা দিলেন আশ্রমদ্বারে। রামচন্দ্র তাঁকে অভ্যর্থনা করে বসালেন। কথা প্রসঙ্গে রামচন্দ্র অতিথির নানা শাস্ত্রজ্ঞানের কথা জানলেন। রামচন্দ্র তাঁকে জিজ্ঞাসা করে জানলেন কাঞ্চনপার্শ্ব মৃগ দিয়ে তর্পণ করলে পিতৃপুরুষের আত্মার তৃপ্তি হয়। রামচন্দ্র সেই মৃগের সন্ধানে হিমালয়ের দুর্গম প্রদেশে যাবার সংকল্প করলেন। কিন্তু কী আশ্চর্য! হঠাৎ কাঞ্চনপার্শ্ব মৃগকে সেইখানেই প্রধাবিত দেখা গেল। রামচন্দ্র ধনুর্বাণ নিয়ে ছুটলেন। রাবণ সেই সুযোগে সীতাকে নিয়ে শূন্যে পাড়ি দিলেন। (লক্ষ্মণ অনুপস্থিত ছিলেন, তীর্থযাত্রা থেকে প্রত্যাগত কুলপতিকে আনবার জন্যে রামচন্দ্র তাঁকে পাঠিয়েছিলেন)। জটায়ু বাধা দিলেন রাবণকে। কিন্তু প্রচণ্ড যুদ্ধে নিহত হলেন তিনি। (৫ম অঙ্ক)

সুমন্ত্র জনস্থানে রামের সঙ্গে সাক্ষাৎ করে ফিরে এসেছেন। ভরতের প্রশ্নবাণে জর্জরিত হয়ে অনেক ইতস্তত করে তিনি সীতাহরণের ঘটনাটি বলতে বাধ্য হলেন। ভরত মূর্ছিত হয়ে পড়লেন। সংজ্ঞালাভের পর কৈকেয়ীর কাছে গেলেন তিনি, সমস্ত অনর্থের মূলে যে তিনি এ-কথা সুতীব্র ধিক্কারে তাঁকে শোনাবার জন্যেই তিনি এলেন, কিন্তু কৈকেয়ী তাঁকে শোনালেন নতুন কথা, নিজের মুখে নয়, সুমন্ত্রের মুখ দিয়ে। অন্ধমুনির পুত্র বধের অভিশাপে দশরথের পুত্রশোক ছিল অনিবার্য। রামের বনবাসে বিচ্ছেদের আঘাত পেয়ে শাপমুক্ত হবেন দশরথ এই ছিল কৈকেয়ীর অভিপ্রায়। রাজ্য লোভ নয়। রাজ্যের মঙ্গলের জন্যই তিনি অপযশ মাথা পেতে নিয়েছিলেন। বিহ্বলতায় চোদ্দ দিন বলতে গিয়ে চোদ্দ বছর তিনি বলে ফেলেছিলেন

সে জন্যে তিনি অনুতপ্ত। সমস্ত ঘটনাটি কুলগুরুদের অনুমোদিত এ-কথা জেনে ভরত মায়ের প্রতি প্রসন্ন হলেন। ক্ষমা চাইলেন দুর্ব্যবহারের জন্যে। কৈকেয়ীও মার্জনা করলেন ভরতকে। ভরত সীতার উদ্ধারের জন্যে বিপুল সৈন্য সমাবেশের সংকল্প করলেন। (ষষ্ঠ অঙ্ক)

রামচন্দ্র রাবণ বধ করে সীতাকে উদ্ধার করেছেন। সেই একদা-পরিচিত আশ্রমে সীতা মিলিত হয়েছেন আশ্রম কন্যাদের সঙ্গে। পুরনো কথা মনে করিয়ে দিচ্ছেন রামচন্দ্র। ভরত মায়েদের নিয়ে সেখানে এলেন। পুনর্মিলন ঘটল সকলের। ভরত রামচন্দ্রকে রাজ্যভার গ্রহণ করতে বললেন। কৈকেয়ী পূর্ণ সমর্থন জানালেন এ-প্রস্তাবে। বিভীষণ, সুগ্রীব, হনুমান প্রমুখ মিত্রদের জয়ধ্বনির মধ্যে রামের অভিষেক ক্রিয়া সম্পন্ন হলো, রামের ইচ্ছে অনুযায়ী রাবণের পুষ্পকরথটি এল সকলকে রাজধানীতে নিয়ে যাবার জন্যে। (৭ম অঙ্ক)

সংক্ষিপ্ত কাহিনী থেকেই নাটকটির নামকরণের ইঙ্গিত পাওয়া যাবে। মাতুলালয় থেকে অযোধ্যায় আসবার পথে ভরত যে-প্রতিমাগৃহে আশ্রয় নিয়েছিলেন সেখান থেকেই তিনি দশরথের মৃত্যু এবং অযোধ্যার অন্যান্য ঘটনা জানতে পেরেছিলেন। এই প্রতিমাগৃহের বৃত্তান্ত থেকেই নাটকটির নামকরণ করেছেন কবি, যদিও নাটকের বিবর্তনে প্রতিমাগৃহের ভূমিকা তেমন গুরুত্ব পায় নি।

প্রতিমাগৃহের মতো আরও অনেক বিষয়েই ভাস বাল্মীকিকে অনুসরণ করেন নি। নাট্যশালার বল্কলবৃত্তান্ত, কাঞ্চনপার্শ্বের অবতারণা, কৈকেয়ীর দোষস্খালন ইত্যাদি সবই কবির উদ্ভাবন। ভরতের চেয়ে লক্ষ্মণের জ্যেষ্ঠত্বও ভাস পরিকল্পিত।

রামায়ণ মহাভারত বা পুরাণের কাহিনীতে কিছু-কিছু পরিবর্তন অনেক কবিই করেছেন, নাটকের কাব্যোৎকর্ষের প্রয়োজনে। এই পরিবর্তনের মধ্য দিয়েই কবিকে আমরা ঠিক-ঠিক চিনে নিতে পারি। প্রথম অঙ্কে সঙ্গীতশালার দৃশ্যটি অত্যন্ত বাস্তবধর্মী অথচ নাট্যমুহূর্ত সৃষ্টিতে একটি আশ্চর্য প্রয়োগ। সীতাহরণের বৃত্তান্তটি একটু অতিরঞ্জিত হলেও কল্পনা ও কাব্যের অনুরঞ্জনে রসোত্তীর্ণ।

সহজ সুন্দর সংলাপ ভাসের নাটকে প্রাণস্বরূপ। প্রতিমা নাটকের বহু সংলাপ গভীরতায় অথচ প্রসাদগুণে রমণীয়। অল্পের মধ্যে বহুকে প্রকাশ করা একটি দুর্লভ সাহিত্যকর্ম। ভাস সেদিক দিয়ে কৃতকর্মা। যাবার মুখে রামের ঠোঁট দুটো কেঁপে উঠল, কিছু না বলেই তিনি চলে গেলেন। এ-কথা শুনে ধৈর্যের বাঁধ ভেঙে গেল দশরথের। ওই যে অধর-কম্পন, ঐ যে অনুক্তি তার মধ্যেই তো হৃদয়ের প্লাবন স্নেহ মমতার উৎসারিত প্রস্রবণ। দুঃখশোকের বর্ণনায় ভাস সিদ্ধহস্ত, দ্বিতীয় অঙ্ক পড়লে বলতে ইচ্ছে হবে তিনি হয়তো দুঃখের কবি, কিন্তু প্রথম অঙ্কে মনে হয় তিনি যেন কৌতুকরসেরই কবি। অথচ হাসির অন্তরালে মুক্তোর মতো অশ্রু টলমল করে উঠেছে ওখানে।

উপমা এবং উপমাত্মক অলংকার প্রয়োগে সুকবিকে চেনা যায় এক নজরে। সেদিক থেকে ভাসের শক্তির স্বাক্ষর প্রতিমা নাটকের পাতায়-পাতায়।

> সূর্য ইব গতো রামঃ সূর্যং দিবস ইব লক্ষ্মণোঽনুগতঃ।
> সূর্য দিবসাবসানে ছায়েব ন দৃশ্যতে সীতা॥

সূর্যের মতো রাম গেল, দিন যেমন সূর্যের সঙ্গে যায় লক্ষ্মণও তাই গেল, সূর্য আর দিনের অবসানে ছায়ার মতো সীতাও হলো অদৃশ্য। (দশরথের উক্তি)। কত সহজ আর স্বাভাবিক এই উপমা, আর সেই জন্যেই মর্মস্পর্শী।

বিভিন্ন দৃশ্য বর্ণনায় ভাসের আশ্চর্য পর্যবেক্ষণ শক্তির পরিচয় মেলে। সীতা যে কিছুক্ষণ আগেই অলঙ্কার খুলেছেন রাম তাব প্রমাণ দিচ্ছেন পুঙ্খানুপুঙ্খভাবে ঃ

তাড়াতাড়ি অলঙ্কার খুলে নেওয়ায় দু-কানের প্রান্ত একটু যেন বাঁকা হয়ে আছে, জোরে টানবার জন্যে হাতের তালুটাও রাঙা হয়ে আছে, দেহের অলঙ্কারগুলোর চেপে বসা জায়গাগুলো এখনও সমান হয়ে ওঠে নি।

সীতাকে খুঁজছেন রাম, সদ্যসিক্ত তরুমূল দেখে তাঁর মনে হচ্ছে সীতা কাছেই আছেন, কারণ ঃ

গাছের গোড়ায় এখনও ফেনময় জল আবর্তিত হচ্ছে, তৃষ্ণার্ত হলেও পাখিরা নেমে এসে ঘোলাজল পান করছে না। গর্তগুলো জলে ভরে যাওয়ায় আর্দ্রকীটেরা মূলের দিকে উঠে আসছে, তার মূলে জল গড়িয়ে যাওয়ায় যে-দাগ পড়েছে তাতে মনে হচ্ছে গাছেবা নতুন বলয় ধারণ করেছে।

বহু ক্ষেত্রে ভাস কালিদাসকে প্রভাবিত করেছেন এ-কথা বলা চলে। তবে সব প্রভাবিত কালিদাসের প্রতিভা যা ছুঁয়েছে তাই সোনা হয়ে গেছে।

ভাসের সামান্য আভাস বা ইঙ্গিত কালিদাসে স্বতন্ত্র স্বাদের কাব্য হয়ে উঠেছে।

নাগেন্দ্রা যবসাভিলাষবিমুখাঃ
'গজেরা তৃণগ্রাসে বিমুখ'

ভাসেব এই শ্লোকাংশটি কালিদাসকে উদ্দীপিত করেছে অনবদ্য একটি শ্লোক রচনায় রবীন্দ্রনাথ যার অনুবাদ করেছেন—

মৃগেব গলি পড়ে মুখের তৃণ
ময়ূর নাচে না যে আর
খসিয়া পড়ে পাতা লতিকা হ'তে
যেন সে আঁখি জলধার।

মৈথিলি!

আপৃচ্ছ পুত্রকৃতকান্ হরিণান্ দ্রুমাংশ্চ
বিন্ধ্যং বনং তব সখীর্দয়িতা লতাশ্চ। (৫ অঙ্ক)

(সীতা, তোমার পুত্রের মতো পালিত মৃগ আর তরুরাজি, বিন্ধ্যপর্বত এবং সখা স্থানীয় লতাদের কাছ থেকে বিদায় লও)

ভাসের এই পঙ্ক্তি শ্লোকাংশটি শকুন্তলার চতুর্থ অঙ্কের শ্রেষ্ঠ কিছু কাব্যাংশের প্রেরণা হয়ে থাকবে।

বলা বাহুল্য, এ ঠিক অনুকরণ নয় একটি মহৎ ভাব অনুরূপ ভাবের শিল্প-চেতনাকে নতুন করে অভ্যর্থনা করে আনে।

প্রতিমা নাটকের রথের গতি বর্ণনার অনেকখানিই হয়তো শকুন্তলা নাটকে দুষ্মন্তের রথ-গতি বর্ণনায় অনুকৃত কিন্তু তার আবেদন অন্যরকম ঃ

বিয়তি বহুতরং স্তোকমুর্ব্যাং প্রয়াতি
(বেশির ভাগই যে শূন্যে, অল্পই মাটিতে)
এই শেষ চরণেই কালিদাস
কৃতকৃত্য, স্বাতন্ত্র্য মাহাত্ম্যে সমুজ্জ্বল।

এ হো বাহ্য। নাট্যকার শুধু মাঝে-মাঝে কবি কল্পনার ফুলকি তুলবেন, বর্ণনার গুণে মন কিনবেন, তাতে কী এসে গেল। আসল নাট্য প্রয়োজন কতটা সিদ্ধ হলো তাতো দেখতে হবে। সেদিক থেকে দেখলে প্রতিমানাটককে সার্থক নাট্য প্রচেষ্টা বলতে দ্বিধা নেই। চরিত্রাঙ্কনের গতানুগতিকতার মধ্যে বাঁধা পড়েও কবি চরিত্র-গুলোকে জীবন্ত করে তুলতে পেরেছেন, সহজ সংলাপে হৃদয়কে অনাবৃত করেছে রাম, লক্ষ্মণ, সীতা, ভরত এবং অন্যান্য পার্শ্বচরিত্র। স্নেহ প্রেম ও সৌভ্রাত্র রসে নাটকটি একান্নবর্তী পরিবারের চিত্রটিকেই যেন জীবন্ত করে তুলেছে। রাজকর্মচারীও নিছক বৃত্তিচারী হয়ে ওঠে নি, তাদের হৃদয়ও রাজপরিবারের সুখ-দুঃখের সঙ্গে তরঙ্গিত হয়েছে।

চরিত্র সৃষ্টির ব্যাপারে বিশেষভাগে উল্লেখ্য কৈকেয়ী। যিনি রামায়ণে কলঙ্কিতা তাঁকেই তিনি দিলেন শুচিতার সম্মান। ভরতের কাছে যিনি হলেন নিন্দিতা তিনিই পরে হলেন বন্দিতা। যে ভরতের কাছে কৈকেয়ী 'মাতাপ্যমাতা' (মাতা হয়েও অমাতা ছিলেন) সেই কৈকেয়ীর কাছেই ভরত হলেন নতজানু। অসহ্য কলঙ্কের জ্বালা বুকে বয়ে, ভরতের কাছে তাঁর আচরণকে বিশ্লেষণ করে কৈকেয়ী হলেন মানবতায় উত্তীর্ণা।

কবি মধুসূদন ধিক্কৃত পুরুষ চরিত্র রাবণকে সম্মান দিয়েছিলেন, ধিক্কৃত নারীচরিত্র কৈকেয়ীকে ভাস দিলেন সম্মান। তবে মধুসূদন যে রেনেসাঁসের আলোকে রাবণ চরিত্রের উত্তরণ ঘটিয়েছিলেন, বলা বাহুল্য—ভাসের ক্ষেত্রে সে-প্রশ্নই ওঠে না, (কৈকেয়ী চরিত্র-চিত্রণ সর্বত্র তেমন যুক্তি নির্ভরও হয়ে ওঠেনি) তবু ভাসের এই প্রচেষ্টায় তাঁর বলিষ্ঠ মানসিকতার পরিচয় পাওয়া যায়, এ-কথা বললে হয়তো অতিশয়োক্তি হবে না।

ত্রুটি-বিচ্যুতি এ-নাটকে নেই তা নয়। রামায়ণ থেকে বিচ্যুতি সর্বত্র শোভন যুক্তিসম্মত হয় নি, নামকরণের সার্থকতাও অনেকে স্বীকার করেন না, নাট্য বীজের যথাযথ সম্প্রসারণ হয় নি বলেও আপত্তি উঠেছে, একই শ্লোকের পুনরাবৃত্তিও সমর্থনীয় নয় (বক্ষঃ 'প্রসারয়' ইত্যাদি)। ব্যাকরণদুষ্ট কিছু পদ এবং শব্দার্থবোধে কাঠিন্যও কোথাও-কোথাও আছে। (সপ্তম অঙ্ক)

কিন্তু এসব সত্ত্বেও সামগ্রিকভাবে ভাসের প্রতিমা নাটক এক সুখপাঠ্য এবং রসোত্তীর্ণ নাটক। তাঁর তেরোটি নাটকের মধ্যে এটি যে অন্যতম শ্রেষ্ঠ এ-বিষয়ে সন্দেহ নেই।

সংস্কৃত-সাহিত্যে প্রথম নাটক অশ্বঘোষের 'সারিপুত্রপ্রকরণ'। ভাসের নাটক-চক্র হয়তো এরই সমকালীন অথবা কিছু পরের। এতদিন আগের নাটকের এত পরিণতরূপ দেখে সত্যি বিস্মিত হতে হয়। পরিণতির এটি লক্ষণ তার জড়তাহীন সহজ রূপ। আর যা সহজ সুন্দর তার অলংকার বাহুল্য নিষ্প্রয়োজন। ভাসের কথায়—'সর্ব

সোহনীয়ং সুরূবং ণাম' (সর্বশোভনীয়ম সুরূপং নাম) যাহার অনুরণন পেলাম কালিদাসে—কিমিহ হি মধুরাণাং মণ্ডনং নাকৃতীনাম্ ।

সূক্তি রত্নাবলী

১ম অঙ্ক

১. সব্বসোহনীয়ং সুরূবং ণাম (সর্ব শোভনীয়ম্ সুরূপং নাম)
যার রূপ আছে সে যা-ই পরুক তাতেই সে সুন্দর ।

২. বহুবৃত্তান্তানি রাজকুলানি নাম ।
রাজকুলের কতই না ব্যাপার ।

৩. স্বঃ পুত্রঃ কুরুতে পিতুর্যদি বচঃ কস্তত্র ভো বিস্ময়ঃ
নিজের সন্তান যদি পিতৃবচন পালন করে তাতে অবাক হবার কী আছে ?

৪. অল্পং তুল্যশীলানি দ্বন্দ্বানি সৃজ্যন্তে ।
সমচরিত্রের দম্পতির সৃষ্টি অল্পই হয় ।

৫. শরীরেঽরিঃ প্রহরতি হৃদয়ে স্বজনস্তথা ।
শত্রুর প্রহার শরীরেই পড়ে, কিন্তু স্বজনের প্রহার পড়ে অন্তরে ।

৬. অনুচরতি শশাঙ্কং রাহুদোষেঽপি তারা
চাঁদ রাহুদুষ্ট হলেও তারা তার অনুগমন করে ।

৭. ভর্তৃনাথা হি নার্যঃ ।
নারীদের স্বামীই সব ।

৮. নির্দোষ দৃশ্যা হি ভবন্তি নার্যো
যজ্ঞে বিবাহে ব্যসনে বনে চ ।
যজ্ঞে, বিবাহে, বিপদে এবং বনে নারীদের দিকে দৃষ্টি দিলে দোষ হয় না ।

২য় অঙ্ক

৯. বিধিরনতিক্রমণীয়ঃ ।
বিধি দুর্লঙ্ঘ্য ।

১০. বহুদোষাণ্যরণ্যানি ।
অরণ্যের বহু দোষ ।

৩য় অঙ্ক

১১. হস্তস্পর্শো হি মাতৃণামজলস্য জলাঞ্জলিঃ
মায়ের হাতের স্পর্শ জলহীনের কাছে জলাঞ্জলির মতো ।

৫ম অঙ্ক


১২. বাচানুবৃত্তিঃ খল্বতিথিসৎকারঃ
শিষ্ট বচনেই আসলে অতিথি সৎকার ।

১৩ সর্বং শ্রদ্ধয়া দত্তং শ্রাদ্ধম্
যা শ্রদ্ধায় প্রদত্ত তাই শ্রাদ্ধ ।

৬ষ্ঠ অঙ্ক

১৪. কুতঃ ক্রোধো বিনীতানাং লজ্জা বা কৃতচেতসাম্
যে বিনীত তার ক্রোধ কোথায় ? যে কৃত-সংকল্প তার লজ্জা কোথায় ?

১৫. তির্যগ্‌যোনয়োঽপ্যুপকৃতমবগচ্ছন্তি ।
পশু-পাখিরাও উপকার বুঝতে পারে ।



কুশীলব

পুরুষ চরিত্র

সূত্রধার	নাট্যপরিচালক
রাজা	অযোধ্যাপতি দশরথ
রাম	নায়ক, দশরথের জ্যেষ্ঠপুত্র, কৌশল্যাগর্ভজাত
লক্ষ্মণ	দশরথের অন্যতম পুত্র, সুমিত্রার গর্ভজাত
ভরত	দশরথের অন্যতম পুত্র, কৈকেয়ী গর্ভজাত
শত্রুঘ্ন	দশরথের অন্যতম পুত্র, সুমিত্রা গর্ভজাত
সুমন্ত্র	দশরথের মন্ত্রী
রাবণ	লঙ্কাপতি, রাক্ষসরাজ
কাঞ্চুকীয়	অন্তঃপুরবাসী গুণান্বিত বৃদ্ধ
সূত	ভরতের রথচালক
দেবকুলিক	প্রতিমাগৃহের রক্ষক
সুধাকর	ভবনশিল্পী
বৃদ্ধতাপসদ্বয়	
নন্দিলক	তাপসসেবক
ভট	রাজকর্মচারী

স্ত্রী চরিত্র

নটী	সূত্রধারপত্নী, নাট্যপরিচালনে সহকারিণী
সীতা	নায়িকা, রামপত্নী
কৌশল্যা	দশরথের প্রধানা মহিষী
সুমিত্রা	দশরথের অন্যতম মহিষী, লক্ষ্মণ ও শত্রুঘ্ন জননী
কৈকেয়ী	দশরথের অন্যতম মহিষী, ভরত জননী
অবদাতিকা	সীতার সখী
চেটী	পরিচারিকা
প্রতিহারী	রাজভবনের দ্বারপালিকা
বিজয়া	কৈকেয়ীর পরিচারিকা
নন্দিনীকা	কৈকেয়ীর পরিচারিকা
তাপসী	

প্রতিমানাটক

প্রথম অঙ্ক

(নান্দী সমাপ্ত হলে সূত্রধারের প্রবেশ)

সূত্রধার[১]—যিনি সীতার মঙ্গলাধার, যিনি সুমন্ত্রে তুষ্ট, যিনি সুন্দরগ্রীবাবিশিষ্ট ও সুদর্শন, যিনি লক্ষ্মণসান্নিধ্যে স্থিত, যিনি রাবণরিপু ও শৌর্যবীর্যাদিতে অদ্বিতীয়, যিনি বিভীষণের আত্মাস্বরূপ, যিনি সর্বজনপালক, তিনি (সেই রামচন্দ্র) দেবীর (সীতার) সঙ্গে যুক্ত থেকে জন্মে-জন্মে আমাদের রক্ষা করুন।[২]

(নেপথ্যের দিকে তাকিয়ে) আর্যে, এদিকে এসো

নটী—আর্য এই যে আমি।

সূত্রধার—আর্যে, এখন এই শরৎকাল অবলম্বন করে গান কর তো।

নটী—তাই করছি আর্য। (গান আরম্ভ করলেন)

সূত্রধার—এই সময়ে—

কাশফুলের মতো শুভ্রবর্ণা আনন্দিতা হংসী নদীতীরে বিচরণ করছে।

(নেপথ্যে—আর্য! আর্য!)

সূত্রধার—(শুনে) ও, বুঝেছি—রাজবাড়িতে আনন্দিতা প্রতিহাররক্ষী যেমন দ্রুতচরণে চলেছে তেমনি।

(দুজনের প্রস্থান)

স্থাপনা[৩]

প্রতিহারী[৪]—(প্রবেশ করে)। আর্য। কাঞ্চুকীয়দের মধ্যে এখানে কে আছে?

কাঞ্চুকীয়[৫]—(প্রবেশ করে)। আজ্ঞে, এই যে আমি। কী করতে হবে?

প্রতিহারী—আর্য, দেবাসুরসংগ্রামে অপ্রতিহত রথিশ্রেষ্ঠ মহারাজ দশরথ আদেশ করছেন—শিগ্‌গিরই যুবরাজ রামের জন্যে রাজপ্রভাব প্রকাশ পায় এমন অভিষেকের উপকরণ আনা হোক।

কাঞ্চুকীয়—ভদ্রে! মহাবাজ যা আনতে আদেশ করেছেন তা সবই এনে সাজান হয়েছে।

দেখুন—

চামর ও রাজছত্র, আনন্দ পটহ ও মঙ্গলাসন সাজান হয়েছে। কুশ ও কুসুমে আস্তীর্ণ তীর্থবারিতে ঘটগুলো পূর্ণ করা হচ্ছে। শুষ্যারঙ্গ[৬] ও (মঙ্গলাসন) প্রস্তুত। মন্ত্রিগণ ও পৌরবর্গ সবাই উপস্থিত। এসব কিছুরই মঙ্গলাধায়ক ভগবান বশিষ্ঠ বেদীতে অধিষ্ঠিত হয়েছেন।

প্রতিহারী—যদি তাই হয়, তবে তো কথাই নেই।

কাঞ্চুকী—কী আনন্দ! রামনামাঙ্কিত পৃথিবীর চন্দ্রকে অভিষিক্ত করে আজ মহারাজ প্রজাকুলের মনস্কামনা পূরণ করলেন।

প্রতিহারী—তাড়াতাড়ি করুন, তাড়াতাড়ি করুন।

কাঞ্চুকীয়—ভদ্রে, এক্ষুণি দেখছি সব।

(প্রস্থান)

প্রতিহারী—আর্য! সম্ভবক, সম্ভবক! যাও তুমিও মহারাজের আদেশ জানিয়ে যথাযোগ্য সম্মানের সংগে মাননীয় পুরোহিতকে ত্বরান্বিত কর। সারসিকে! সারসিকে! সংগীতশালায় গিয়ে নটনটীদের বল সময়োপযোগী নাটক অভিনয়ের প্রস্তুতি নিতে।[৭] আমিও, এদিকে সব প্রস্তুত, এ-কথা মহারাজকে নিবেদন করি।

(অবদাতিকার বল্কল সহ প্রবেশ)

অবদাতিকা—কি সর্বনাশ! পরিহাসচ্ছলে অন্যের বল্কল এনেও আমার এমন ভয় হচ্ছে, ভাবছি লোভে পড়ে যারা পরের ধন হরণ করে তাদের কী অবস্থা হয়? আমার হাসতে ইচ্ছে হচ্ছে। একা-একা হাসা তো ঠিক নয়। (লোকে দেখলে কী বলবে?)

(পরিজনদের নিয়ে সীতার প্রবেশ)

সীতা—ওরে! অবদাতিকার কেমন ভয়কাতুরে চেহারা দেখছি। কী হয়েছে রে?

চেটী—ভট্টিনী[৮]! পরিজনেরা সহজেই অপরাধ করে বসে। হয়তো কোন দোষ করে থাকবে।

সীতা—না না! দেখনা যেন হাসি চাপতে চাইছে।

অবদাতিকা—(এগিয়ে এসে) জয় হোক ভট্টিনীর। ভট্টিনী! সত্যি, কোন অপরাধ করি নি কিন্তু।

সীতা—কে তোকে জিজ্ঞেস করেছে শুনি? অবদাতিকে! বাঁ হাতে কী নিয়েছিস বল্ তো?

অবদাতিকা—ভট্টিনী, ওটা একটা বল্কল মাত্র।

সীতা—বল্কল। কি জন্যে এনেছিস শুনি?

অবদাতিকা—শুনুন, ভট্টিনী! আর্যা নাট্যশালার কাজ শেষ হয়ে যাবার পর নেপথ্যে পালিকা[৯] রেবার কাছ থেকে আমি একটা পল্লব চেয়েছিলাম, রেবা আমাকে দেন নি। তারি যোগ্য সাজা—এইটে নিয়ে এসেছি।

সীতা—অন্যায় করেছিস্। যা ফিরিয়ে দিয়ে আয়।

অবদাতিকা—ভট্টিনী, শুধু কৌতুক করার জন্যে এটা আমি এনেছি।

সীতা—ওরে পাগলিনী! এই করেই তো অপরাধ বেড়ে যায়। ফিরিয়ে দিয়ে আয়।

অবদাতিকা—তাই দিচ্ছি, ভট্টিনী।

সীতা—ওলো, এ দিকে আয় তো!

অবদাতিকা—এই যে এসেছি ভট্টিনী।

সীতা—এটা পরলে আমাকেও মানাবে তো রে?

অবদাতিকা—ভট্টিনী! রূপ থাকলে যে যা পরবে তাকে তাই মানায়।[১০] পরুন না আপনি।

সীতা—আন্ দেখি। (নিয়ে এবং পরিধান করে) দেখ দেখি, মানিয়েছে কি না।

অবদাতিকা—খুব মানিয়েছে আপনাকে। বল্কল যেন সোনা হয়ে গেছে।

সীতা—হ্যাঁরে! তুই তো কিছু বলছিস না ?

চেটী[১১]—কথায় কাজ কী। এই রোমাঞ্চই জানিয়ে দিচ্ছে।

(রোমাঞ্চ প্রদর্শন)

সীতা—ওলো! একটা আয়না নিয়ে আয় দেখি।

চেটী—আনছি, ভট্টিনী।

(প্রস্থান ও পুনঃপ্রবেশ)

ভট্টিনী—এই-যে আয়না।

সীতা—(চেটীর মুখ দেখে) থাক আয়না। তুই কী যেন বলতে চাইছিস মনে হচ্ছে।

চেটী—ভট্টিনী! আমি শুনলাম কঞ্চুকী আর্যবালাকে বলছেন—'অভিষেক অভিষেক'।

সীতা—রাজ্যে হয়তো কার অভিষেক হবে।

(আর একজন চেটীর প্রবেশ)

চেটী—ভট্টিনী, সুখবর! সুখবব!

সীতা—কী জেনে একথা বলছিস ?

চেটী—শুনলাম কুমার অভিষেক হবে ?

সীতা—বাবা ভালো আছেন তো ?

চেটী—মহারাজই অভিষেক করছেন।

সীতা—যদি তাই হয় আরও একটা ভালো খবর শুনলাম বলতে হবে। কোলের আঁচল বেশ করে পাত দেখি।

চেটী—ভট্টিনী, পেতেছি। [আঁচল পাতল]

(সীতা অলংকার খুলে দিলেন)

চেটী—ভট্টিনী। পটহের ধ্বনি শুনলাম যেন ?

সীতা—হ্যাঁ, তাই।

চেটী—পটহ যে একবার বেজে উঠেই থেমে গেল। ব্যাপার কী!

সীতা—অভিষেকের কোন একটা প্রতিবন্ধক কিছু ঘটল নাকি ? রাজপুরীতে অবশ্য কত-কীই না হয়ে থাকে।

ভট্টিনী! আমি শুনলাম কুমারের অভিষেকের পর মহারাজ বনে যাবেন।

সীতা—যদি তাই হয় তবে সে অভিষেকের জল নয়, ঐ জলই আমাদের অশ্রুভেজা মুখ ধোয়ার জল।

(তারপর রামের প্রবেশ)

রাম—বেশ হলো। আশ্চর্য! অভিষেকের জন্যে যখন পটহ বেজে উঠল, গুরুজনেরা সমবেত হলেন, আমি মঙ্গলাসনে গিয়ে বসলাম, কাঁধে তোলা ঘটে নতমুখ থেকে জল পড়তে লাগল, এমন সময়ে মহারাজ আমাকে ডেকে বিদায় দিলেন। উপস্থিত সবাই আমার ধৈর্য দেখে অবাক হলেন। কিন্তু সন্তান যদি পিতৃ-আদেশ পালন করে তাতে অবাক হবার কী আছে ?

'বৎস, এখন কিছুদিন বিশ্রাম কর', এই বলে মহারাজ আমাকে বিদায় দিলে আমার ভারমুক্ত মন উল্লাসিত হয়ে উঠল। সৌভাগ্যক্রমে এখন আমি যে রাম

সেই রামই রইলাম আর মহারাজ মহারাজই রইলেন। যাই এখন সীতার সঙ্গে দেখা করি।

অবদাতিকা—ভট্টিনী, কুমার আসছেন। বল্কল খোলেন নি এখনও ?

রাম—সীতা, কি করছ এখানে বসে ?

সীতা—তাই তো, আর্যপুত্রই এসেছেন দেখছি। জয় হোক আর্যপুত্রের।

রাম—সীতা, বসো।

সীতা—এই যে বসছি।

অবদাতিকা—কুমারের বেশ তো আগের মতোই দেখছি। এ আমার কাছে অলীক বলে মনে হচ্ছে। ওসব (অভিষেকের যা) তবে হয়তো মিথ্যে।

সীতা—ওরকম মানুষ (কঞ্চুকী) মিথ্যা বলেন না। রাজপুরীতে তো কত ঘটনাই ঘটে।

রাম—সীতা, কী বলাবলি করছে এরা ?

সীতা—না কিছু না, এই মেয়েটি বলছিল—অভিষেক, অভিষেক।

রাম—তোমাদের কিসে কৌতূহল বুঝেছি ! অভিষেকই বটে। শোনো—আজ মহারাজ উপাধ্যায়, অমাত্য ও পুরবাসীর সামনে একরকম সমস্ত কোশল-রাজ্যকে জড়ো করে আমার আবাল্য পরিচিত সেই কোলে বসিয়ে সস্নেহে মাতৃনামে সম্বোধন করে বললেন, 'পুত্র রাম, এই রাজ্যের ভার গ্রহণ কর'।

সীতা—তখন আর্যপুত্র কী বললেন ?

রাম—তোমার কী মনে হয় সীতা ?

সীতা—আমার মনে হয় আর্যপুত্র কিছু না বলে শুধু একটি দীর্ঘশ্বাস ফেলে মহারাজের পদমূলে পড়েছিলেন।

রাম—ঠিক ধরেছ। একই স্বভাবের দম্পতী—বিধাতা কমই সৃষ্টি করেন। হ্যাঁ, আমি তাঁর পাদুটিতেই লুটিয়ে পড়েছিলাম। তখন একই সঙ্গে পিতার স্নেহাশ্রু আমার মাথায় পড়ল, এবং নিচে আমার চোখের জল পড়ল তাঁর চরণে।

সীতা—তারপর ? তারপর ?

রাম—তাঁর অনেক অনুনয়েও আমি রাজ্যগ্রহণে অসম্মতি জানালে তিনি তাঁর জরাগ্রস্ত দেহের ভাবী পরিণামের কথা স্মরণ করিয়ে দিব্যি দিলেন !

সীতা—তারপর ? তারপর ?

রাম—তারপর শত্রুঘ্ন ও লক্ষ্মণ ঘট ধরে দাঁড়াল, মহারাজ ধরে রইলেন রাজচ্ছত্র, অভিষেক শুরু হতে যাবে এমন সময় মন্থরা মহারাজের কানে কী যেন বলল আর আমিও রাজা হলাম না।

সীতা—খুব ভাল হলো। মহারাজ মহারাজই রইলেন, আর্যপুত্রও আর্যপুত্রই রইলেন।

রাম—সীতা, অলঙ্কার খুলে ফেলেছ কেন ?

সীতা—অলঙ্কার পরিই নি।

রাম—তা নয়। তুমি একটু আগেই অলঙ্কার খুলে থাকবে। কারণ—তাড়াতাড়ি অলঙ্কার খুলে নেওয়ায় দু-কানের প্রান্ত একটু যেন বাঁকা হয়ে আছে, জোরে টানবার জন্যে হাতের তালুটাও রাঙা হয়ে আছে। দেহের অলঙ্কারগুলোর চেপে বসা জায়গাগুলো এখনও সমান হয়ে ওঠে নি।

সীতা—আর্যপুত্র মিথ্যাকেও সাজিয়ে সত্যের মতো করে বলতে পারেন।

রাম—তবে অলঙ্কার পরো, আমি আয়না ধরছি। (আয়নায় সীতার প্রতিবিম্ব দেখে) দাঁড়াও। আয়নায় বল্কলের মতো কী দেখছি ?[১৩] এ কি সূর্যরশ্মি, তোমার হাসি দেখে বুঝেছি ঠিক ধরেছি, এ বল্কল। কিন্তু কেন পরেছ বল তো, এ কি নিছক কৌতুক না বিশেষ ব্রত পালনের ইচ্ছে ? অবদাতিকা, ব্যাপার কি বলো তো ?

অবদাতিকা—প্রভু, পরলে কেমন লাগে, মানায় কিনা তাই দেখবার জন্যে কৌতুক করেই উনি পরেছিলেন।

রাম—সীতা, একি। ইক্ষ্বাকুবংশে বার্ধক্যের যা অলংকার তাই তুমি পরেছ। আমারও ভাল লাগে। আনো তো।

সীতা—না, না, এমন অলক্ষুণে কথা মুখে এনো না।

রাম—সীতা, কেন বারণ করছ ?

সীতা—অভিষেক হতে গিয়ে হলো না এটা আমার অমঙ্গল বলেই মনে হচ্ছে।

রাম—অনর্থক দুঃখশোকের আশংকা করো না, বিশেষ করে যখন নিছক কৌতুকের ব্যাপার। তাছাড়া আমার অর্ধাঙ্গ তুমি তো আগেই পরে বসে আছ।

(নেপথ্যে) হা মহারাজ! হা মহারাজ!

সীতা—আর্যপুত্র! কী হলো ?

রাম—নারী ও পুরুষের মিলিত কলরব যখন সীমা ছাড়িয়েছে তখন স্পষ্টই বোঝা যাচ্ছে 'আমিই প্রভু' এ-কথা বোঝানর জন্যে দৈব একেবারে মূলে আঘাত হেনেছেন। শিগ্‌গির জেনে এস এই কলরবের কারণ কী।

কাঞ্চুকীয়—(প্রবেশ করে) রক্ষা করুন, রক্ষা করুন, কুমার!

রাম—আর্য, কাকে রক্ষা করব ?

কাঞ্চুকীয়—মহারাজকে।

রাম—মহারাজকে! একটি দেহে সংক্ষিপ্ত সমস্ত পৃথিবীকে রক্ষা করতে হবে। কিন্তু এ-বিপদ এল কোথা থেকে ?

কাঞ্চুকীয়—স্বজন থেকে।

রাম—স্বজন থেকে ? হায়, তা হলে তো তার প্রতিকার নেই। শত্রু আঘাত করে শরীরে, আর স্বজন একেবারে হৃদয়ে। এই স্বজন শব্দে চিহ্নিত কে আমার লজ্জার কারণ হবেন ?

কাঞ্চুকীয়—মাননীয়া কৈকেয়ী।

রাম—কী! মা কৈকেয়ী ? তবে পরিণামে নিশ্চয় শুভ হবে।

কাঞ্চুকীয়—কি করে ?

রাম—শুনুন, ইন্দ্রতুল্য যাঁর স্বামী, আমি যাঁর পুত্র, কোন্ ফলের আকাঙ্ক্ষায় তিনি অন্যায় করবেন ?

কাঞ্চুকীয়—কুমার। আপনার সরল মন দিয়ে স্বভাব-কুটিল স্ত্রীবুদ্ধির বিচার করবেন না। তাঁরই কথায় আপনার অভিষেক বন্ধ হয়েছে।

রাম—এতে তো ভালই হয়েছে, আর্য।

কাঞ্চুকীয়—কেমন করে ?

রাম—শুনুন—মহারাজকে বনে যেতে হলো না (বাণপ্রস্থ নিতে হলো না) আমি

পিতার অধীন রইলাম, আমার সেই শৈশবই বজায় রইল। নতুন রাজা কেমন হবেন, এ-নিয়ে প্রজাদের দুঃশ্চিন্তা রইল না, আর আমার ভাইয়েরাও ভোগসুখে বঞ্চিত হলেন না।

কাঞ্চুকীয়—কিন্তু তিনি যে বিনা আহ্বানে এগিয়ে এসে ভরতকে রাজ্যে অভিষিক্ত করা হোক এ-কথা বললেন। এবারও কি বলবেন, লোভ নেই তাঁর ?

রাম—আর্য আমার দিকটা দেখছেন বলেই এর আসল সত্য আপনার চোখে পড়ছে না। কেন বলছি শুনুন—

পুত্রের জন্যে পণে প্রতিশ্রুত রাজ্য যদি তিনি চেয়ে থাকেন তাতেই তাঁর লোভ হলো ; আর ভাইয়ের প্রাপ্য রাজ্য যদি আমরা অপহরণ করি তাতে আমাদের লোভ নেই বলতে হবে ?

কাঞ্চুকীয়—তারপর—

রাম—এরপর আমি আর মায়ের নিন্দা শুনতে চাই না। মহারাজের সংবাদ দিন।

কাঞ্চুকীয়—তারপর তখন—

শোকে নির্বাক মহারাজ আমাকে হাতের ইঙ্গিতেই বিদায় দিলেন, তারপর মূর্ছিত হয়ে পড়লেন। এই মূর্ছাই যেন তিনি কামনা করেছিলেন।

রাম—কী ? মূর্ছিত হয়ে পড়লেন।

(নেপথ্যে) কী! মূর্ছিত হয়ে পড়লেন! যদি রাজার এই মূর্ছিত হয়ে পড়া সহ্য করতে না পার, তবে ধনুক নাও, দয়া কর না।

রাম—যে কিছুতেই ক্ষুব্ধ হয় না, সেই ধৈর্যসাগর লক্ষ্মণকে কে ক্ষুব্ধ করে তুলেছে ? ক্রোধে উদ্দীপ্ত তাকে দেখে মনে হচ্ছে আমার সামনে যেন শত লক্ষ্মণের সমাবেশ।

(তারপর ধনুর্বাণ হাতে লক্ষ্মণের প্রবেশ)

কী! কী! মূর্ছিত হয়ে পড়লেন!

যদি রাজার মূর্ছা সহ্য না হয় তা হলে ধনুক ধর, দয়া করো না। স্বজনদের প্রতি ক্ষমাশীল, স্বভাবকোমল সবাই এইভাবে লাঞ্ছিত হয়। যদি ধনুর্ধারণ তোমার অভিপ্রেত না হয়, আমাকে ছেড়ে দাও! আমি সংকল্প করেছি যেহেতু যুবতী (কৈকেয়ী) আমাদের বঞ্চনার কারণ সেহেতু সমস্ত পৃথিবীকে আমি যুবতীহীন করে ছাড়ব।

সীতা—যখন কান্নার সময়, তখন লক্ষ্মণ ধারণ করেছে ধনু।[১১] তার এমন আচরণ তো আগে কখনও দেখিনি।

রাম—লক্ষ্মণ, কী হলো, এত উত্তেজিত কেন ?

লক্ষ্মণ—কী হলো, কেন—এ কি বলতে হবে ?

যে রাজ্য উত্তরাধিকার সূত্রে প্রাপ্য সে রাজ্য হাতছাড়া হলো, মহারাজ শোচনীয় অবস্থায় ভূমিতে লুণ্ঠিত। এখনও সন্দেহ-সংশয় ? এখনও ক্ষমা ? আত্মসম্মানে জলাঞ্জলি ?

রাম—আমার রাজ্যচ্যুতি তোমাকে চঞ্চল করে তুলেছে। এতে কিন্তু তোমাকে আদৌ সুবিবেচক বলতে পারছি না। ভরত রাজা হোক বা আমিই রাজা হই, এতো

একই কথা। তোমার যদি ধনুর্বিদ্যার অহঙ্কার থাকে তাহলে সেই রাজাকে (ভরতকে) রক্ষা কর।

লক্ষ্মণ—আমি ক্রোধ সংবরণ করতে পারছি না। যা খুশি হোক। আমি যাচ্ছি।

রাম—লক্ষ্মণের ললাটে এই ভ্রূকুটি দেখে মনে হচ্ছে তা যেন ত্রিভুবন দগ্ধ করতে চায়। এ-যেন সাক্ষাৎ নিয়তি। লক্ষ্মণ, এদিকে এসো।

লক্ষ্মণ—আর্য, এই যে আর্য।

রাম—তোমাকে শান্ত করার জন্যেই আমি এসব বলেছি। এখন বল—আমার প্রতি অভিষেক প্রতিশ্রুতি পালন করেন নি বলে ধনুক তুলব তাঁর পিতার ওপর, নিজের প্রতিশ্রুত ধন গ্রহণ করছেন বলে মায়ের ওপর বাণ নিক্ষেপ করব, না, সমস্ত দোষের অতীত অনুজ ভরতকে হত্যা করব? এই তিন পাতকের মধ্যে কোন্‌টা করলে তোমার ক্রোধ প্রশমিত হবে?

লক্ষ্মণ—(সাশ্রুনেত্রে) কী হতভাগ্য আমি। না বুঝেই আমাকে তিরস্কার করছ। নিদারুণ দুঃখ হলেও রাজ্যপ্রাপ্তির ব্যাপারটিকেই আমি বড় করে দেখছি না, তোমাকে যে চোদ্দ বছর বনে বাস করতে হবে তাতেই আমার এ ধৈর্যচ্যুতি।

রাম—এই জন্যেই মহারাজ মূর্ছিত হয়েছেন। হায়। (স্নেহে) নিজের উপর প্রভুত্ব হারিয়েছেন তাঁর মূর্ছায় তাই বোঝা যাচ্ছে। সীতা। শুভকাজে (বন গমনে) অবদাতিকার দেওয়া বল্কল আন তো। আমার পূর্বতন রাজারা যে-ধর্ম পালন করেন নাই বা পালনের সুযোগ পান নাই আমি সেই ধর্ম পালন করব।

সীতা—আর্য পুত্র? এই যে বল্কল।

রাম—সীতা। তুমি কী ঠিক করলে?

সীতা—কেন আমি তো সহধর্মিণী।

রাম—আমাকে একাই যেতে হবে।

সীতা—এই জন্যেই তো আমি যাব।

রাম—বনে থাকতে হবে কিন্তু।

সীতা—সেই তো আমার প্রাসাদ।

রাম—শ্বশুর-শাশুড়ীর সেবাও তো তোমার করা উচিত।

সীতা—ও এজন্যে দেবতাদের উদ্দেশে প্রণাম নিবেদন করছি।

রাম—লক্ষ্মণ, একে বারণ কর।

লক্ষ্মণ—প্রশস্ত সময়ে এঁকে বারণ করতে চাই না। কারণ, চাঁদ রাহুগ্রস্ত হলেও তারকা তার অনুগমন করে। বনের ত পাতিত হলে লতাও ভূমিতে লুটিয়ে পড়ে, হস্তী পঙ্কমগ্ন হস্তিনীকে পরিত্যাগ করে না। ইনিও তোমার অনুগমন করে, ধর্মপালন করুন। স্বামীই স্ত্রীর একান্ত আশ্রয়।

(প্রবেশ করে)

চেটী—জয় হোক ভট্টিনীর। নেপথ্যপালিনী আর্যা রেবা প্রণাম করে জানাচ্ছেন—অবদাতিকা সংগীত শালা থেকে না বলে বল্কল এনেছে। এগুলো অন্য বল্কল, এখনও এগুলোকে কেউ ব্যবহার করে নি। এগুলো দিয়ে প্রয়োজন মেটান।

রাম—আনো, উনি (সীতা) তো আগেই পেয়েছেন, আমার দরকার।

চেটী—এই যে নিন, প্রভু। (প্রস্থান)

(রাম নিয়ে পরলেন)

লক্ষ্মণ—প্রসন্ন হোন, আর্য। পরিচ্ছদ, অলংকার, মালা সবকিছুর অর্ধেক আমাকে দিয়ে আজ বল্কল কেন একা গ্রহণ করলে; আমাকে বল্কল দেবার ব্যাপারে তোমার ঈর্ষা কেন?[১৪]

রাম—সীতা! ওকে বারণ কর।

সীতা—লক্ষ্মণ, নিবৃত্ত হও।

লক্ষ্মণ—আর্যে! আমার গুরুর পদসেবা আপনি একাই করতে চান? দুটি চরণের দক্ষিণটি আপনার আর বামটি হবে আমার।

সীতা—আর্যপুত্র দয়া করুন। লক্ষ্মণ দুঃখ পাচ্ছে।

রাম—লক্ষ্মণ! শোন—বল্কল হচ্ছে তপস্যা সংগ্রামের কবচ, ব্রত হস্তীর অংকুশ, ইন্দ্রিয় অশ্বের বল্গা, ধর্ম রথের সারথি এই বল্কল গ্রহণ কর।

লক্ষ্মণ—অনুগৃহীত হলাম। (গ্রহণ করে পরিধান করল)

রাম—পুরবাসীরা সমস্ত ঘটনা শুনে রাজপথ অবরোধ করেছেন। তাঁদের সরিয়ে দাও।

লক্ষ্মণ—আর্য! আমি আগে যাচ্ছি। পথ ছাড়ুন, পথ ছাড়ুন।

রাম—সীতা, অবগুণ্ঠন খুলে ফেল।

সীতা—(অবগুণ্ঠন খুললেন) আর্যপুত্র যা আদেশ করেন।

রাম—হে পুরবাসীজন! শুনুন শুনুন, আপনারা সাশ্রুনেত্রে অবাধে আজ আমার পত্নীকে দর্শন করুন। যজ্ঞানুষ্ঠানে, বিবাহে, বিপদে এবং বনগমনে নারী-দর্শনে দোষ নেই।

(কাঞ্চুকীয় প্রবেশ করে)

কাঞ্চুকীয়—কুমার! যাবেন না, যাবেন না, মহারাজ—ভ্রাতৃস্নেহে বনযাত্রায় কৃতসংকল্প লক্ষ্মণের সঙ্গে সপত্নীক আপনার বনগমনের সংবাদ শুনে বন্যগজের মতো ধূলি-ধূসরিত জীর্ণ দেহে উঠে আসছেন।

লক্ষ্মণ—আর্য! বল্কলমাত্র যাদের উত্তরীয়, সেই বনবাসীদের আর দেখার কী আছে?

রাম—আমরা চলে গেলে মহারাজ আমাদের (শূন্য) বাসভবনগুলো দেখবেন।

॥ প্রথম অংক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × দ্বিতীয় অঙ্ক × × × × × × × × × × × × ×

(তারপর কাঞ্চুকীয়ের প্রবেশ)

কাঞ্চুকীয়—দ্বারপালকেরা! তোমরা যে যার জায়গায় সতর্ক থাকো।

(প্রতিহারী প্রবেশ করে)

প্রতিহারী—আর্য, ব্যাপার কী।

কাঞ্চুকীয়—সত্যপালনে অচঞ্চল আমাদের মহারাজ রামচন্দ্রকে বনগমনে নিবৃত্ত করতে না পেরে পুত্রবিচ্ছেদের শোকাগ্নিতে দগ্ধ হৃদয় হয়ে সমুদ্রগৃহে শুয়ে আছেন, উন্মত্তের মতো নানারকম প্রলাপ বকছেন তিনি।

প্রলয়কাল কাছে এলে মেরু পর্বত যেমন বিচলিত হয়, অসীম সমুদ্র যেমন শুকিয়ে যেতে থাকে, অস্তগামী সূর্যের যেমন শুধু নিষ্প্রভ মণ্ডলটুকুই অবশিষ্ট থাকে, মহারাজের দেহ ও মনও তেমনি একেবারে শিথিল হয়ে পড়েছে।

প্রতিহারী—হায় কী যে অবস্থা হলো মহারাজের।

কাঞ্চুকীয়—ভদ্রে, যাও।

প্রতিহারী—আর্য, এই যাচ্ছি। (প্রস্থান)

কাঞ্চুকীয়—(চারদিক দেখে) রামের বনগমনের দিন থেকেই অযোধ্যা যেন শূন্য বলে মনে হচ্ছে। কেননা, মহাগজেরা তৃণাহারে বিমুখ, অশ্বেরা অশ্রুসজল, তাদের মুখে হ্রেষারব নেই, আবালবৃদ্ধবনিতা পুরবাসীরা শোকে পানাহার প্রসঙ্গ বিস্মৃত হয়ে উচ্চকণ্ঠে রোদন করতে-করতে রাম-সীতা-লক্ষ্মণ যেদিকে গিয়েছেন বিষণ্ণমুখে সেইদিকেই চেয়ে আছেন। আমিও এই অবসরে মহারাজের কাছে যাই। (চারদিক ঘুরে দেখে) এই যে মহারাজ, মহাদেবী (কৌশল্যা ও সুমিত্রা) দুঃসহ পুত্রশোক সংবরণ করে নিজেদের কোনোভাবে শান্ত করে মহারাজের সেবা করছেন। কী করুণ অবস্থা। এই দেখ, এই দেখ মহারাজ। 'হায় হায়' বলে উচ্চকণ্ঠে বিলাপ করতে-করতে বারবার উঠে-উঠে পড়ে যাচ্ছেন, আর রাম যেদিকে গিয়েছেন সেদিকেই চেয়ে আছেন। (প্রস্থান)

[মিশ্র বিষ্কম্ভক]

(তারপর যথাবর্ণিত রাজা ও দুই মহিষীর প্রবেশ)

রাজা—হায়, হায়, বৎস রাম, জগতের নয়নাভিরাম। হায় বৎস লক্ষ্মণ, সমস্ত দেহে যার সুলক্ষণ। হায় সাধ্বী সীতা, পতিতেই যার সমস্ত মন-প্রাণ সমর্পিত। হায় হায় আমার সন্তানেরা সবাই বনে চলে গেল।

কী আশ্চর্য দেখে, লক্ষ্মণ ভ্রাতৃস্নেহে পিতৃস্নেহ পরিত্যাগ করলেও তাকে দেখতে মন চায়। বধূ বৈদেহি। রাম আমাকে পরিত্যাগ করেছে, লক্ষ্মণ আমাকে ধিক্কার দিয়েছে, এখন কি তুমিও আমাকে পরিত্যাগ করলে। সংসারে অখ্যাতিভাজন হয়েই রইব আমি!

পুত্র রাম। বৎস লক্ষ্মণ। বধূ বৈদেহি। আমার কথার উত্তর দাও বাছারা। সমস্ত শূন্য দেখছি। আমার কথায় উত্তর দিচ্ছে না কেউ। কৌশল্যাপুত্র, তুমি কোথায়? সত্যাসন্ধ, জিতক্রোধ, শঙ্কাহীন, জগৎপ্রিয়, গুরুসেবাপরায়ণ। আমার কথার উত্তর দাও।

হায়! কোথায় আমার সর্বজনের হৃদয়-নয়নরঞ্জন রাম? কোথায় আমার প্রতি সেই গভীর আজ্ঞাবর্তিতা, কোথায় সেই শোকার্তের প্রতি অনুকম্পা। কোথায় সেই তৃণবৎ রাজৈশ্বর্যত্যাগী পুত্র রাম। বৃদ্ধ পিতাকে পরিত্যাগ করে অসংগত ধর্ম দিয়ে তোমার কী হবে? হায় ধিক্ আমাকে! কী অসহ্য কষ্ট!

সূর্যের মতো রাম গেল, দিন যেমন সূর্যের সঙ্গে-সঙ্গে যায়, লক্ষ্মণও তাই গেল। সূর্য আর দিনের অবসানে ছায়ার মতো সীতাও অদৃশ্য হলো।[১]

(ঊর্ধ্বে তাকিয়ে)

হে দুর্দৈব ! আমাকে নিঃসন্তান করলে না কেন ? রামকে অন্য রাজার সন্তান করলে না কেন ? কৈকেয়ীকে কোন বনের ব্যাঘ্রী করলে না কেন ? এ-তিনটি জিনিস তুমি কেন করলে না বলত !

কৌশল্যা—(রোদন করতে-করতে) মহারাজ ! এত শোকাতুর হয়ে নিজেকে এমন করে পরবশ করো না। সত্যপালনের শেষে তাকে (বধূকে) আর কুমারদের তো আবার দেখতে পাবে।

রাজা—কে গো তুমি ?

কৌশল্যা—আমি সেই স্নেহহীন পুত্রের প্রসবিনী।

রাজা—কী ! কী ! সর্বজনের হৃদয়-নয়নরঞ্জন রামের জননী কৌশল্যা তুমি ?

কৌশল্যা—মহারাজ ! আমিই সেই হতভাগিনী।

রাজা—কৌশল্যা ! তুমিই সারবতী ! তুমিই রামকে গর্ভে ধারণ করেছ। আগুনের মতো দারুণ অসহনীয় এই দুঃখ আমি সহ্য করতে পাচ্ছি না বা দমন করতে পারছি না, আমার সমস্ত ইন্দ্রিয় যেন অবশ হয়ে আসছে।

(সুমিত্রাকে দেখে) এই আর একজন কে ?

কৌশল্যা—মহারাজ : বৎস লক্ষ্মণ— (অর্ধেক উচ্চারণ করতেই)

রাজা—(হঠাৎ উঠে) কোথায়—কোথায় সেই লক্ষ্মণ ? দেখছি না তো ? উঃ কী করি। (মহিষীরা সসম্ভ্রমে উঠে রাজাকে ধরলেন)

কৌশল্যা—মহারাজ ! 'ইনি বৎস লক্ষ্মণের জননী সুমিত্রা' এই বলতে চেয়েছিলাম।

রাজা—সুমিত্রা ! তোমার পুত্রই সুপুত্র যে দিনরাত বনে রঘুকুলশ্রেষ্ঠ রামকে ছায়ার মতো অনুগমন করছে।

(প্রবেশ করে)

কাঞ্চুকীয়—মহারাজের জয় হোক। এই যে মাননীয় সুমন্ত্র এসেছেন।

রাজা—(হঠাৎ সানন্দে উঠে) রামের সঙ্গে ?

কাঞ্চুকীয়—না শুধু রথ নিয়ে।

রাজা—কী ? কী ? শুধু রথ নিয়ে। (মূর্ছিত হয়ে পড়ে গেলেন)

মহিষীশ্বয়—মহারাজ ! শান্ত হও, শান্ত হও।

কাঞ্চুকীয়—হায়। কী কষ্ট ! এরকম মহনীয় পুরুষেরাও এমন বিপদগ্রস্ত হন—নিয়তি সত্যিই অলঙ্ঘনীয়। শান্ত হোন, শান্ত হোন মহারাজ।

রাজা—(কিছুটা শান্ত হয়ে) বল কি। সুমন্ত্র কি একাই এসেছেন ?

কাঞ্চুকীয়—হাঁ মহারাজ।

রাজা—হায় কি কষ্ট ! যদি শূন্য রথ এসে থাকে তবে আমার মনোরথও ভগ্ন হলো। নিশ্চয় দশরথকে নিয়ে যাবার জন্যে কাল (যম) তার রথ পাঠিয়েছেন। তবে, তাকে (সুমন্ত্রকে) শিগ্‌গির ভিতরে নিয়ে এস।

কাঞ্চুকীয়—তাই আনছি মহারাজ। (প্রস্থান)

রাজা—বনে বিচরণশীল রামচন্দ্রকে যা ইচ্ছামতো স্পর্শ করে পথদীর্ঘ-সঞ্চারী সেই বায়ুই ধন্য।

(তারপর সুমন্ত্রের প্রবেশ)

সুমন্ত্র—(চারদিক দেখে সখেদে) শোকাগ্নিতে দগ্ধদেহ চিন্তামলিন এই ভৃত্যেরা রামের প্রতি স্নেহবশত সজল নয়নে নিজেদের কাজ ছেড়ে বিলাপকারী রাজাকে নিন্দা করছে।

রাজা—ভাই সুমন্ত্র। আমার জ্যেষ্ঠ পুত্র রাম কোথায়। না, না কথাটা ঠিক হলো না। তোমার প্রিয় জ্যেষ্ঠ পুত্র রাম কোথায় ? গুরুজনের প্রতি অপরিসীম ভক্তিপরায়ণা বিদেহরাজদুহিতা সীতা কোথায় ? আর সুমিত্রার পুত্রই বা কোথায় ? সর্বজনের দুঃখসাগরের স্রষ্টা, আসন্ন মৃত্যু, হতভাগ্য পিতার উদ্দেশে তারা কি কিছু বলেছে ?

সুমন্ত্র—মহারাজ। এমন অলক্ষুণে কথা বলবেন না। আপনি শিগ্গিরই তো তাদের দেখতে পাবেন।

রাজা—সত্যি, আমি ভুল কথাই বলেছি। যারা তপস্বী তাদের সম্বন্ধে এ-কথা বলা অনুচিত ? তবে তুমি বল তপস্বীদের তপস্যা নির্বিঘ্ন তো ? মুক্ত অরণ্যে ভ্রমণ করতে সীতার কোন কষ্ট হচ্ছে না তো ?

সুমিত্রা—বহু বল্কলে অলঙ্কৃত দেহ, বালিকা হয়েও পরিণত বয়স্কার মতো আচরণে অভ্যস্তা পতির সহধর্মচারিণী সীতা আমাদের বা মহারাজের উদ্দেশে কি কিছুই বলে নি ?

সুমন্ত—সকলেই মহারাজকে—

রাজা—না না। আমার শ্রুতিসুখকর আমার হৃদয় ব্যাধির মহৌষধির মতো তাদের নাম করে-করে আমাকে শোনাও।

সুমন্ত্র—তাই শোনাচ্ছি মহারাজ ! আয়ুষ্মান রাম—

রাজা—রাম। এই যে রাম। তার নাম শোনামাত্রই আমার মনে হচ্ছে আমি তাকে স্পর্শ করেছি। তারপর তারপর ?

সুমন্ত্র—আয়ুষ্মান লক্ষ্মণ—

রাজা—এই যে লক্ষ্মণ। তারপর, তারপর ?

সুমন্ত্র—জনকরাজ দুহিতা আয়ুষ্মতী সীতা—

রাজা—এই যে সীতা। রাম, লক্ষ্মণ, সীতা—এতে ক্রমটা যেন ঠিক হচ্ছে না।

সুমন্ত্র—তাহলে ক্রমটা কী হলে ঠিক হয় ?

রাজা—রাম, সীতা, লক্ষ্মণ এইভাবে বল—এখানেও মৈথিলীর নাম মধ্যে থাক, বহু দোষযুক্ত অরণ্যে। তাহলে সে (সীতা) অনাথা থাকবে না।

সুমন্ত্র—তাই বলছি মহারাজ। আয়ুষ্মান রাম—

রাজা—এই রাম।

সুমন্ত্র—আয়ুষ্মতী জনকরাজদুহিতা—

রাজা—এই সীতা।

সুমন্ত্র—আয়ুষ্মান লক্ষ্মণ—

রাজা—এই লক্ষ্মণ। রাম। সীতা। লক্ষ্মণ। আমাকে আলিঙ্গন কর বাছারা। যদি রামকে একবার স্পর্শ করতে পারি, বা একবার শুধু দেখতে পাই তাহলে মুমূর্ষু যেমন অমৃত পানে বেঁচে ওঠে আমিও তেমনি বেঁচে যাব মনে হচ্ছে।

সুমন্ত্র—শৃঙ্গবেরপুরে রথ থেকে নেমে অযোধ্যার দিকে মুখ করে থেকে সবাই মহারাজকে মাথা নত করে প্রণাম করে বলতে আরম্ভ করে, বেশ কিছুক্ষণ চিন্তা করে কিছু একটা বলার জন্যে অধর কম্পিত হতে থাকলেও বাষ্পোদ্‌গমে তাদের কণ্ঠ অবরুদ্ধ হওয়ায় কোন কথাই না বলে তারা বনে চলে গেলেন।

রাজা—কী। কোন কথা না বলেই বনে চলে গেল ?

সুমন্ত্র—(ব্যাকুল হয়ে) বালাকি। অমাত্যদের সংবাদ দাও মহারাজ যে-অবস্থায় এসেছেন তাতে প্রতিকারের আর কোন আশা দেখছি না।

কাঞ্চুকীয়—এক্ষুনি সংবাদ দিচ্ছি।

মহিষীদ্বয়—মহারাজ। শান্ত হও, শান্ত হও।

রাজা—(একটু শান্ত হয়ে) কৌশল্যা! আমার অঙ্গ স্পর্শ কর। আমি তোমাকে চোখে দেখতে পাচ্ছি না। আমার বুদ্ধিবৃত্তি রামের সঙ্গে গিয়েছে, তা এখন ফিরে আসছে না।

পুত্র! রাম! আমি যে সবসময় ভেবেছি রাজ্যে তোমাকে অভিষিক্ত করে উত্তম নৃপতিলাভে প্রজাদের কৃতার্থ করে 'ভাইদের সমান সম্পদের অধিকারী করে', তোমাকে এই দিয়ে রাজ্য ছেড়ে তপোবনে যাব। কিন্তু, হায়, এক নিমেষে কৈকেয়ী সব পণ্ড করে দিল। সুমন্ত্র! কৈকেয়ীকে বল—তোমার ইচ্ছা সফল হোক, রাম বনে গিয়েছে। আমিও আসন্ন মৃত্যুর পথে। ছেলেকে এবার শিগ্‌গিরই এনে ফেল। পাপ সফল হোক।

সুমন্ত্র—তাই গিয়ে বলছি মহারাজ।

রাজা—(ঊর্ধ্বে দৃষ্টি দিয়ে) এই যে রামকথাশ্রবণে সন্তপ্তহৃদয় আমাকে সাহায্য দেবার জন্যে পিতৃপুরুষেরা এসেছেন। কে আছে এখানে ?

(প্রবেশ করে)

কাঞ্চুকীয়—জয় হোক মহারাজের।

রাজা—জল আন।

কাঞ্চুকীয়—এই আনছি মহারাজ।

(প্রস্থান ও প্রবেশ)

জয় হোক মহারাজের। এই যে জল।

রাজা—(আচমন করে এবং অবলোকন করে) এই যে ইন্দ্রের সখা দিলীপ, এই যে রঘু আর এই আমার পূজ্যপাদ পিতা অজ। আপনারা এলেন কেন ? আমারও যে আপনাদের সঙ্গে বাসের সময় এসেছে। রাম! সীতা! লক্ষ্মণ! আমি এই পিতৃপুরুষদের কাছে যাচ্ছি। হে পিতৃগণ, এই যে আমি আসছি।

(মূর্ছিত হলেন)

(সকলে) হায় হায় মহারাজ! (সকলের প্রস্থান)

।। দ্বিতীয় অঙ্ক সমাপ্ত ।।

×××××××××××××× তৃতীয় অঙ্ক ××××××××××××××

(সুধাকরের প্রবেশ)

সুধাকর—(ঝাঁটা হাতে করে)। যা হোক, এখন আমি আর্য সম্ভবকের হুকুম মতো কাজ করেছি। এবারে একটু ঘুমিয়ে নিই। (নিদ্রিত হলো)।

(প্রবেশ করে)

ভট[১]—(কাছে এসে তাকে প্রহার করে)। ওরে বাঁদীর ব্যাটা, বলি কাজ করছিস না কেন ?

সুধাকর—(জেগে উঠে) মার আমাকে মার।

ভট—মারলে কী করবি তুই ?

সুধাকর—হতভাগা আমি। কার্তবীর্যের মতো হাজার হাত নাই আমার।

ভট—হাজার হাত দিয়ে তুই কী করবি শুনি ?

সুধাকর—তোকে মেরে ফেলব।

ভট—তবে রে বাঁদীর ব্যাটা। আয় দেখি, তুই মরলে তবে ছাড়ব তোকে।

সুধাকর—(কেঁদে), আমার দোষটা কী তা বলবে তো কর্তা।

ভট—না। তোর দোষ নেই, না ? আমি না তোকে বলে গেলাম—কুমার রামচন্দ্রের রাজ্যে অভিষেক পণ্ড হলো বলে বিলাপ করতে-করতে মহারাজ দশরথ স্বর্গে গেছেন, তাঁর প্রতিমাগৃহ দেখার জন্যে আজ কৌশল্যা এবং অন্যান্য অন্তঃপুরবাসিনীরা সবাই এখানে আসবেন। তা তুই এখন এখানে কী করছিস ?

সুধাকর—আজ্ঞে ! দেখুন কর্তা, পায়রা ঢোকার জন্যে যে-জাল ঘিরে রাখা হয়েছিল তা গর্ভগৃহ থেকে সরিয়ে দিয়েছি। দেয়ালে চুণকাম করেছি। তার ওপর পাঁচ আঙুলের ছাপ মেরেছি। দুয়োরের মাথায় ফুলের মালা ঝুলিয়ে সাজিয়েছি। বালু ছড়িয়েছি। এখন বলুন তো কী না করেছি ?

ভট—তাই বুঝি ! তবে তুই নিশ্চিন্ত হয়ে যা ! আমি, সব কাজ হয়ে গেছে এ-কথা মন্ত্রী মশাইকে বলি গিয়ে। [প্রস্থান]

(প্রবেশক)

(তারপর রথে করে ভরতের ও সারথির প্রবেশ)

ভরত—(আবেগে) সারথি ! আমি দীর্ঘদিন মাতুলালয়ে থাকায় কোন খবরই জানি না। শুনেছি মহারাজের শরীর খুব খারাপ। তুমি তা বল দেখি—বাবার অসুখটা কী ?

সারথি—মনের কষ্টটাই খুব বেশি।

ভরত—চিকিৎসকেরা কী বলেন ?

সারথি—চিকিৎসকেরা এ-বিষয়ে তেমন অভিজ্ঞ নন।

ভরত—কী খান উনি ? শোনই বা কোথায় ?

সারথি—অনশন এবং ভূমিশয্যা।

ভরত—কোন আশা আছে কী ?

সারথি—দৈবই জানেন।

ভরত—আমার বুক দুরুদুরু করছে, শিগ্গির রথ চালাও।

সারথি—যে-আজ্ঞে।

ভরত—(রথের বেগ দেখে) কী অদ্ভুত রথের বেগ। এই গাছেরা যেন দৌড়ে চলেছে। দ্রুত রথ-গতির জন্যে দুপাশের সবকিছু যেন আবছা দেখাচ্ছে। নদীর জল যেমন উচ্ছ্বসিত হয়ে ওঠে মাটিও যেন তেমনি হয়ে চাকার পরিধির মাঝখানটায় এসে পড়ছে। চাকার কাঠিগুলো যে আছে তা বোঝাই যাচ্ছে না। প্রচণ্ড বেগের দরুন চাকাগুলো যেন থেমে আছে বলে মনে হচ্ছে। ঘোড়ার খুরে ছিটকে ওঠা ধুলোগুলো সামনেই পড়ছে, রথের পিছু-পিছু ছুটতে পারছে না।[১]

সারথি—আয়ুষ্মন্। গাছগুলোর স্নিগ্ধতা দেখে মনে হচ্ছে আমরা অযোধ্যার খুব কাছাকাছিই এসে পড়েছি।

ভরত—স্বজনদের দেখার আগ্রহে আমার মনের কী ব্যগ্রতা! মনে হচ্ছে এই আমার মাথা নত হলো পিতার চরণে। রাজা সস্নেহে তুলে ধরলেন আমাকে। ছুটে এলেন ভাইয়েরা। মায়েরা চোখের জলে ভিজিয়ে দিলেন আমাকে। 'ভাইদের মতোই দেখতে,' 'বেশ লম্বা হয়েছ তো', 'দোহারা চেহারা বটে' এইভাবে পরিজনেরা নানা কথায় আমাকে খুসি করে তুলছে। আর লক্ষ্মণ যেন আমার বেশ আর ভাষা নিয়ে পরিহাস করছে।

সারথি—(স্বগত) হায়, কী কষ্ট। মহারাজের মৃত্যু সংবাদ জেনে ভবিষ্যতের নিষ্ফল আশা বহন করে কুমার অযোধ্যায় প্রবেশ করছেন। আমরা জানলেও ওঁকে জানাতে পারছি না। কারণ—পিতার প্রাণত্যাগ, মাতার ঐশ্বর্য-লোলুপতা, জ্যেষ্ঠ ভ্রাতার প্রবাস—এই তিনটি অনর্থের কথা কে বলবে?

ভট—(প্রবেশ করে) জয় হোক কুমারের!

ভরত—ভদ্র! শত্রুঘ্ন কি আমার কাছেই আসছে?

ভট—কুমার কাছেই আছেন। উপাধ্যায়েরা আপনাকে বলেছেন—

ভরত—কী? কী বলেছেন তাঁরা?

ভট—কৃত্তিকা নক্ষত্রের এক নাড়িকা (দণ্ড) মাত্র অবশিষ্ট আছে। তাই রোহিণী নক্ষত্রের শুরুতেই কুমার অযোধ্যায় প্রবেশ করবেন।[২]

ভরত—আচ্ছা, তবে তাই হবে। আমি আগে কখনও গুরুবাক্য লঙ্ঘন করি নি। তুমি যাও।

ভট—যে আজ্ঞে। (নিষ্ক্রান্ত)

ভরত—তা হলে কোথায় বিশ্রাম করব? হ্যাঁ, দেখেছি। এই গাছের আড়ালে যে-মন্দির দেখা যাচ্ছে সেইখানেই কিছুক্ষণ বিশ্রাম নেব। তাতে দুটো জিনিস হবে—দেবপুজো এবং বিশ্রাম। তাছাড়া নগরের উপকণ্ঠে বিশ্রাম নিয়ে-নিয়েই নগরে প্রবেশ করতে হয় এমন সদাচারেরও বিধান আছে। তাই রথ এখানেই রাখ।

সূত—যে আজ্ঞে। (রথ স্থাপন করল)

ভরত—(রথ থেকে নেমে) সারথি। ঘোড়াদের একান্তে বিশ্রাম করাও।

সারথি—আয়ুষ্মন্ কুমার যা বললেন তাই করব।

ভরত—সুন্দরভাবে খৈ আর ফুল দিয়ে সাজান নৈবেদ্য। দেয়ালের গায়ে চন্দনমাখা

পাঁচ আঙুলের ছাপ, ঝোলান মালায় দুয়োরগুলো সাজান, বালুও ছড়ান দেখছি। আজ কি কোন বিশেষ পার্বণ, না এটা প্রাত্যাহিক অনুষ্ঠান। কোন দেবতার মন্দির হবে নিশ্চয়।[৩] কিন্তু কোন ত্রিশূলাদি প্রহরণ বা পতাকা জাতীয় বাহ্যিক লক্ষণ নেই।

যাইহোক ভিতরে প্রবেশ করে জেনে নিই। (প্রবেশ করে)। কী শিল্প-নৈপুণ্য এই পাষাণমূর্তিগুলোর। আর কী দেবসুলভ আকৃতি। দেবতারূপে নির্মিত হলেও প্রতিমাগুলোকে মানুষ বলে মনে হয়। এটা কি চতুর্দেবতার এক সমষ্টি? অথবা যাইহোক। আমার মনটা কিন্তু আনন্দরসে পূর্ণ হয়ে উঠছে।

'দেবতা' বলেই তো প্রণাম করা উচিত। কিন্তু মন্ত্রহীন প্রণামও তো শূদ্রোচিত হবে।

(দেবকুলিকের প্রবেশ)

দেবকুলিক—সে কি। নিত্যকর্মান্তে আহার গ্রহণের সময়ে অনেকটা এই প্রতিমাগুলোর মতোই দেখতে কে এই প্রতিমাগৃহে প্রবেশ করলো? দেখি, ভিতরে গিয়ে জানতে পারব। [প্রবেশ করল]

ভরত—প্রণত হই।

দেবকুলিক—না না প্রণাম করবেন না, প্রণাম করবেন না।

ভরত—বারণ করছেন কেন বলুন? আমাকে বিশেষ করে কিছু বলবার আছে? না বিশিষ্ট কারো জন্যে অপেক্ষা করে আছেন? কিসের জন্যে এই নিষেধ? অথবা কেউ প্রণাম করতে পারবে, কেউ পারবে না এমন কোন নিয়ম আছে কি?

দেবকুলিক—না, এসব কারণে আপনাকে নিষেধ করি নি। কিন্তু দেবতা বলে ভুল করে কোনো ব্রাহ্মণ যেন প্রণাম না করেন এই জন্যেই আপনাকে নিষেধ করেছিলাম। কারণ বিগ্রহগুলো ক্ষত্রিয়ের।

ভরত—ও, এঁরা ক্ষত্রিয়? কে এঁরা।

দেবকুলিক—এঁরা সবাই ইক্ষ্বাকুবংশের।

ভরত—(সানন্দে) এঁরা ইক্ষ্বাকুবংশীয়? এঁরা সেই অযোধ্যার রাজারা—এঁরাই তাঁরা যাঁরা অসুরদের নগর ধ্বংস করতে দেবতাদের সাহায্যে সর্বাগ্রে গমন করেন। এঁরাই নিজেদের সুকৃতির বলে পুরজনদের সংগে ইন্দ্রলোকে গমন করেন। এঁরাই নিজ বাহুবলে সমস্ত পৃথিবীকে করায়ত্ত করেন, এঁরাই তাঁরা—মৃত্যু যাঁদের ইচ্ছামতো দীর্ঘকাল অপেক্ষা করে থাকে কিন্তু স্বেচ্ছায় গ্রাস করতে পারে না।

দেখুন, হঠাৎ আমি মহাফল লাভ করেছি। এখন বলুন তো ইনি কে?

দেবকুলিক—ইনি হলেন দিলীপ। যিনি শ্রেষ্ঠ রত্নাদি একত্রিত করে বিশ্বজিৎ যজ্ঞের প্রবর্তন করেন এবং এইভাবে ধর্মের দীপকে যিনি প্রজ্জ্বলিত করেন।[৪]

ভরত—ধর্মপরায়ণকে নমস্কার করি। এবারে বলুন ইনি কে?

দেবকুলিক—শয়নে ও জাগরণে বহু ব্রাহ্মণ যাঁর উদ্দেশ্যে 'পুণ্যাহ' শব্দ উচ্চারণ করতেন এই সেই রাজা রঘু।

ভরত—হায় বলবান্ মৃত্যু এই আশীর্বচন রূপ দৃঢ়রক্ষা দুর্গকেও অতিক্রম করেছে! ব্রাহ্মণদের যিনি রাজ্যফল প্রদান করেছিলেন তাঁকে প্রণাম করি। এবারে ইনি কে বলুন তো?

দেবকুলিক—পত্নীর বিচ্ছেদদুঃখে যিনি রাজ্যভার পরিত্যাগ করেছিলেন এবং নিত্য অবভৃথ স্নানে যাঁর রজোগুণ প্রশমিত হয়েছিল ইনিই সেই অজ।

ভরত—যাঁর অনুতাপ প্রশংসনীয় তাঁকে প্রণাম করি। (দশরথের প্রতিমা দেখে ব্যাকুল হয়ে) আচ্ছা! গভীর শ্রদ্ধায় চিত্ত বিক্ষিপ্ত হওয়ায় কোন্ প্রতিমা কার তা ঠিকমত বুঝতে পারি নি। বলুন তো ইনি কে?

দেবকুলিক—ইনি দিলীপ।

ভরত—মহারাজের পিতৃপিতামহ। তারপর, তারপর।

দেবকুলিক—ইনি রঘু।

ভরত—মহারাজের। পিতামহ। তারপর, তারপর।

দেবকুলিক—ইনি হলেন অজ।

ভরত—পিতার পিতা। কী কী পরপর বলুন তো।

দেবকুলিক—ইনি দিলীপ, ইনি রঘু, ইনি অজ।

ভরত—আপনাকে কিছু জিজ্ঞাসা করছি। যাঁরা জীবিত তাঁদের প্রতিমাও কি এখানে রাখা হয়?

দেবকুলিক—না যাঁরা দেহরক্ষা করেছেন শুধু তাঁদেরই।

ভরত—এবারে তাহলে আমি বিদায় নিচ্ছি।

দেবকুলিক—দাঁড়ান। যিনি পত্নীর পণরক্ষার জন্যে নিজের প্রাণ ও রাজ্য বিসর্জন দিয়েছেন সেই দশরথের এই প্রতিমা বিষয়ে আপনি কিছু জিজ্ঞাসা করলেন না কেন?

ভরত—হায় পিতা! (মূর্ছা ও পতন, তারপর সংজ্ঞা লাভ করে) হে হৃদয়! তুমি সফলকাম হও।[৫] তুমি যা আশঙ্কা করছিলে তাই হলো, পিতার মৃত্যুবার্তা শোন। ধৈর্য ধর।

কিন্তু যদি ঘৃণিত শুল্কশব্দ আমাকে স্পর্শ করে আর তা যদি সত্য হয় তবে আমার দেহকে শুদ্ধ করতে হবে। আর্য!

দেবকুলিক—আর্য—এই সম্বোধন ইক্ষ্বাকুবংশীয়েরা করেন, আপনি কি কৈকেয়ীর পুত্র ভরত?

ভরত—হ্যাঁ, তাই। আমি দশরথের পুত্র, কৈকেয়ীর নই।

দেবকুলিক—এই জন্যেই আমি আপনাকে জিজ্ঞেস করলাম।

ভরত—দাঁড়ান। শেষ পর্যন্ত বলুন।

দেবকুলিক—উপায় কী। শুনন তবে। পূজ্যপাদ দশরথ লোকান্তরিত হয়েছেন। লক্ষ্মণ ও সীতাসহ রামের বনগমনের উদ্দেশ্য অবশ্য আমি জানি না।

ভরত—কী? কী বলছেন? আর্য রামও বনে গিয়েছেন?

(দ্বিগুণ মোহ প্রাপ্ত হলেন)

দেবকুলিক—কুমার শান্ত হোন, শান্ত হোন।

ভরত—(শান্ত হয়ে)—

পিপাসার্ত যেমন ক্ষীণজল নদীর দিকে ধাবিত হয় আমিও তেমনি পিতৃবর্জিত ও ভ্রাতৃবর্জিত অরণ্যে পরিণত অযোধ্যার দিকে ছুটে চলেছি।

আর্য। সমস্ত কিছু বিস্তারিতভাবে শুনলে আমার মনে স্থিরতা আসবে। তাই আপনি কোন কিছু বাদ না দিয়ে সমস্ত ঘটনা বলুন।

দেবকুলিক—শুনুন মাননীয় মহারাজ যখন রামচন্দ্রকে রাজ্যে অভিষিক্ত করতে যাচ্ছিলেন ঠিক সেই সময়ে আপনার জননী বললেন—

ভরত—থামুন।

অনর্থের মূলে পণের কথা স্মরণ করে তিনি বললেন 'আমার পুত্র রাজা হোক', আর পরে তাঁর (রামচন্দ্রের) ধৈর্যে আশ্বস্ত হয়ে, আর্যও বললেন, পুত্র বনে যাও। এবং বল্কল পরিহিত পুত্রকে দেখে নিশ্চয় রাজাও অসদৃশ মরণ বরণ করলেন। প্রজারা নিশ্চয় যথোচিত নিন্দাবাদ আমার উপর নিঃশেষে বর্ষণ করছেন।

(মূর্ছিত হলেন)

(নেপথ্যে)

সরে যান, সবাই সরে যান।

দেবকুলিক—(অবলোকন করে) এই যে। পুত্র মূর্ছিত হলে ঠিক সময়েই মায়েরা এসে পড়েছেন। মায়েদের হাতের স্পর্শ বিনাজলেও জলাঞ্জলির মতো হয়ে থাকে।

(মহিষীদের এবং সুমন্ত্রের প্রবেশ)

সুমন্ত্র—এইদিকে আসুন, এইদিকে আসুন আপনারা। এই সেই প্রতিমারূপ নৃপতিদের গৃহ যার উচ্চতা রাজপ্রাসাদেও দুর্লভ। পথিকেরা দ্বার পালিকাদের অনুমতি ছাড়াই অবাধে এখানে প্রবেশ করে বিনা প্রণামে উপাসনা করে থাকেন।

(প্রবেশ করে এবং অবলোকন করে)

না, না দেবীরা, আপনারা প্রবেশ করবেন না। এখানে কোন এক তরুণ রাজা ভূমিতে পড়ে আছেন বলে মনে হচ্ছে।

দেবকুলিক—পর বলে মনে করবেন না, এঁকে ভরত বলে গ্রহণ করুন। (প্রস্থান)

দেবীরা—(সহসা উপস্থিত হয়ে) হায় বাছা ভরত।

ভরত—(একটু শান্ত হয়ে) আর্য!

সুমন্ত্র—জয় হোক মহা—(অর্ধেক উচ্চারণ করে সখেদে) হায়, কী স্বরসাম্য, মনে হচ্ছে প্রতিমাস্থিত মহারাজই কথা বলছেন।

ভরত—এখন মায়েদের কী অবস্থা ?

দেবীরা—বাছা! এই আমাদের অবস্থা (অবগুণ্ঠন মোচন করলেন)।

সুমন্ত্র—উৎকণ্ঠা দূর করুন দেবীরা।

ভরত—(সুমন্ত্র দেখে) সমস্ত প্রয়োজনীয় ব্যাপারে আপনার স্বজনোচিত সান্নিধ্য আমাকে যেন ইঙ্গিত দিচ্ছে, আচ্ছা বলুন তো, আপনিই কি পূজনীয় সুমন্ত্র!

সুমন্ত্র—কুমার। ঠিক ধরেছ। আমিই সুমন্ত্র। দীর্ঘজীবনের অভিশাপ বয়ে, অকৃতজ্ঞতায় বিভূষিত হয়ে আমি এখনও সেই লোকান্তরিত নৃপতির শূন্য-রথের সারথি বেঁচে আছি।

ভরত—হায় তাত। (উঠে) তাত! মায়েদের কার পরে কাকে অভিবাদন করব আপনি সেই ক্রমটি বলে দিন!

সুমন্ত্র—বলছি। ইনি মাননীয় রামের জননী দেবী কৌশল্যা।

ভরত—মা! নিরপরাধ আমি আপনাকে অভিবাদন করছি।

কৌশল্যা—বৎস। সন্তাপহীন হও।

ভরত—(স্বগত)। এই আশিসবচনে যেন ধিক্কৃতই হলাম। (প্রকাশ্যে) অনুগৃহীত হলাম। তারপর তারপর?

সুমন্ত্র—ইনি মাননীয় লক্ষ্মণের জননী দেবী সুমিত্রা।

ভরত—মা! লক্ষ্মণ দ্বারা বঞ্চিত আমি (জ্যেষ্ঠের অনুগমন সৌভাগ্যে) অভিবাদন করছি।

সুমিত্রা—বৎস! যশস্বী হও।

ভরত–মা! তাই হতে চেষ্টা করব। অনুগৃহীত হলাম। তারপর, তারপর!

সুমিত্রা—ইনি তোমার জননী।

ভরত—(সরোষে উঠে) আঃ পাপীয়সী। গঙ্গাযমুনার মধ্যে প্রবিষ্টা কলুষিত নদীর মতো আমার এই দুই মায়ের মধ্যে তুমি শোভা পাও না।

কৈকেয়ী—বাছা, কী করেছি আমি!

ভরত—কী করেছি আমি, জিজ্ঞেস করছ? তুমি আমাকে নিন্দাভাজন করছ, আর্যকে (রামচন্দ্রকে) বল্কল দিয়েছ, রাজার গৃহমৃত্যু ঘটিয়েছ, কান্নায় পূর্ণ করেছ সমস্ত অযোধ্যাবাসীকে, লক্ষ্মণকে পশুসহচারী করেছ। পুত্রস্নেহাতুর মাদের শোকাভিভূত করেছ, পুত্রবধূকে পথশ্রমে জর্জরিত করেছ আর নিজেকে ধিক্ ধিক্ এই উগ্রবাক্যের বিষয়ীভূত করেছ।

কৌশল্যা—বৎস। তুমি তো সমস্ত সদাচারে দীক্ষিত, তুমি মাকে বন্দনা করছ না কেন?

ভরত মা কে? মা! তুমিই আমার মা। তোমাকে বন্দনা করি।

কৌশল্যা—না, না। ইনিই তোমার মা।

ভরত—আগে ছিলেন এখন নন। তুমি দেখ—স্বভাবসংক্রান্ত দোষে স্নেহ ত্যাগ করে, মা পুত্রকেও অপুত্র করে তোলে। স্বামীর প্রতি বিদ্বেষাত্মক আচরণে মাতাও অমাতা হন, আমি সংসারে এই নূতন ধর্ম স্থাপন করছি।

কৈকেয়ী—মহারাজের সত্যবচন রক্ষার জন্যেই আমি ওরকম বলেছিলাম।

ভরত—কী বললে কী বললে!

কৈকেয়ী—আমার পুত্র রাজা হবে।

ভরত—তাহলে বল তো আর রামচন্দ্র তোমার তবে কে? তিনি কি পিতার ঔরস পুত্র নন? জ্যেষ্ঠত্বের অধিকারে কি তাঁর অভিষেক অসংগত? ভাইয়েরা কি তাঁর প্রিয় নয়, প্রজারা কি তাঁকে ভালবাসে না?

কৈকেয়ী—বৎস! শুল্কলোভকে প্রশ্ন কর [পণ ভঙ্গের দোষে যে এই শুল্কলোভ দেখাতে বাধ্য হয়েছে প্রশ্নটা তাকেই করা উচিত।]

ভরত—রাজশ্রী ভ্রষ্ট হয়ে বল্কল পরে পায়ে হেঁটে স্ত্রীকে নিয়ে বনবাসে যাবার জন্যে যে তুমি আদেশ দিয়েছিলে এ-ও কি শুল্কে উল্লিখিত ছিল?

কৈকেয়ী—বৎস। উপযুক্ত সময়ে এবং উপযুক্ত স্থানে তোমাকে বলব।

ভরত—নিন্দায় যদি তোমার লোভ, তবে তাতে আমার নাম জড়ালে কেন? রাজ্যভোগের তৃষ্ণাই যদি তোমার হয়ে থাকে, রাজা কি তা পূরণ করতেন না? আর যদি রাজমাতা এই আখ্যাটি তোমার ঈপ্সিত হয় তবে, সত্যি বল তো আর্য রামচন্দ্র কি তোমার পুত্র নন? অত্যন্ত দুষ্কর্ম করেছ তুমি—তুমি রাজ্যলুব্ধা হয়ে রাজার জীবন গতি গণনার মধ্যে আন নি, বনে যাও বলে জ্যেষ্ঠপুত্রকে বনে পাঠিয়েছ, জনকতনয়াকে বল্কল পরতে দেখেও তোমার হৃদয় বিদীর্ণ হয় নি। আশ্চর্য, বিধাতা তোমার হৃদয় বজ্রকঠিন করে নির্মাণ করেছেন।

সুমন্ত্র—কুমার! এই যে বশিষ্ঠ ও রামদেব প্রজাদের নিয়ে অভিষেকের সামগ্রী নিয়ে উপস্থিত হয়ে জানাচ্ছেন—

গোপহীন গাভীরা যেমন অপালিত হয়ে বিনষ্ট হয়—তেমনি নৃপতিহীন হয়ে প্রজাদেরও সেই অবস্থা ঘটে।

ভরত—প্রজারা আমায় অনুসরণ করুন।

সুমন্ত—অভিষেক বর্জন করে কোথায় যাবে তুমি?

ভরত—অভিষেক? এই মাননীয়াকে অভিষেক দান করুন।

সুমন্ত্র—কোথায় যাচ্ছ তুমি?

ভরত—সেইখানে যাব যেখানে লক্ষ্মণপ্রিয় রামচন্দ্র আছেন। তিনি ছাড়া অযোধ্যা অযোধ্যা নয়, সেই অযোধ্যা যেখানে রাঘব।

(সকলের প্রস্থান)

(তৃতীয় অঙ্ক সমাপ্ত)

××××××××××××× চতুর্থ অঙ্ক ××××××××××××××

(দুজন চেটীর প্রবেশ)

বিজয়া—ওলো নন্দিনিকা, বল্ তো বল্ তো, কৌশল্যার সঙ্গে আজ যে অন্তঃপুরের সকলেই প্রতিমাগৃহ দেখতে গিয়েছিল, শুনলুম সেখানে তাঁরা ভরতকে দেখতে পেয়েছিলেন। পোড়া কপাল আমার, আমাকে দোরগোড়াতে দাঁড়িয়ে থাকতে হয়েছিল।

নন্দিনিকা—আমরা রাজকুমার ভরতকে দেখতে পেয়েছিলাম। সত্যি, কী কৌতূহলই না হচ্ছিল!

বিজয়া—ভট্টিনীকে (কৈকেয়ীকে) কুমার কী বললেন?

নন্দিনিকা—কী বললেন? কুমার তাঁর মুখই দেখতে চাইলেন না।

বিজয়া—কী কাণ্ডটাই না হলো বল্ তো! রাজ্যলোভে কুমার রামচন্দ্রকে রাজ্যভ্রষ্ট করলেন, নিজের বৈধব্যকেও ডেকে আনলেন। দেশসুদ্ধ লোকের সর্বনাশ হলো। সত্যি দয়ামায়া বলতে কিছুই নেই ভট্টিনীর। পাপ কাজ করলেন তিনি।

নন্দিনিকা—ওলো শোন্, মন্ত্রীরা অভিষেকের যেসব জিনিসপত্র আনলেন তার দিকে ফিরেও না তাকিয়ে রাম যে তপোবনে আছেন সেখানে গেলেন কুমার।

বিজয়া—ওমা তাই নাকি ? এমনি করে চলে গেলেন কুমার। নন্দিনিকা, চল্ আমরা ভট্টিনীকে দেখে আসি চল্ ! (প্রস্থান)

॥ প্রবেশক[১] ॥

(তারপর বনে ভরত, সুমন্ত্র ও সারথির প্রবেশ)

ভরত—রাজা তাঁর সুকৃতি সঙ্গে নিয়ে স্বর্গে গেলেন। আমি এখন রাম-নামে জগতের অন্য এক চাঁদ দেখতে উদার তপোবনে যাচ্ছি, পুরবাসীর অশ্রু আমার অনুগমন করছে।

সুমন্ত্র—এই যে এই আয়ুষ্মান্ ভরত—শ্রেষ্ঠ দৈত্যদের দর্প যিনি চূর্ণ করেছেন সেই রাজার পুত্র, যজ্ঞে সমস্ত সম্পদ উৎসর্গ যিনি করতেন, সেই রাজার পৌত্র, পিতার প্রিয়ংকর জগৎপ্রিয় রামের ভ্রাতা রামের মতোই ন্যায়ের পথে যাত্রা করেছেন।

ভরত—তাত !

সুমন্ত্র—কুমার, এই-যে আমি।

ভরত—আমার পূজনীয় আর্য রামচন্দ্র কোথায় ? কোথায় সেই মহারাজের প্রতিনিধি ? কোথায় ধৈর্যশালীদের উজ্জ্বল নিদর্শন ? কোথায় সেই রাজ্যলুব্ধ কৈকেয়ীর মূর্ত প্রতিবাদ, কোথায় সেই যশের আধার, কোথায় সেই রাজপুত্র ? কোথায় সেই সত্যব্রত ? আমার মায়ের মনস্তুষ্টির জন্যে যিনি রাজলক্ষ্মীকে পরিত্যাগ করেছেন আমার সেই পরম দেবতাকে আমি দেখতে চাই।

সুমন্ত্র—কুমার, এই আশ্রমে আছেন রাম, সীতা এবং যশস্বী লক্ষ্মণ, যাঁদের মধ্যে সত্য, শীল ও ভক্তি যেন মূর্তিমান বিগ্রহ হয়ে আছেন।

ভরত—তাহলে রথ (এখানেই) রাখুন।

সারথি—তাই রাখছি। (রথস্থাপনা)

ভরত—(রথ থেকে নেমে) সারথি। ঘোড়াগুলোকে নির্জনে বিশ্রাম করতে দাও।

সারথি—কুমার যা বললেন তাই করছি।

ভরত—তাত ! জানিয়ে দিন, জানিয়ে দিন।

সুমন্ত্র—কুমার ! কী জানিয়ে দেব ?

ভরত—রাজ্যলুব্ধা কৈকেয়ীর পুত্র ভরত এসেছে।

সুমন্ত্র—আত্মজনের নিন্দার প্রয়োজন কী ?

ভরত—আপনি ঠিক বলেছেন। পরনিন্দা না করাই ভাল। তাহলে বলুন ইক্ষ্বাকু-কুলের কলঙ্ক ভরত দর্শনপ্রার্থী।

সুমন্ত্র—কুমার ! এ-কথা আমি বলতে পারব না। আমি বরং ভরত এসেছেন শুধু এই কথাই বলি।

ভরত—না না। শুধু নামটুকু উচ্চারণে আমার প্রায়শ্চিত্ত করা হবে না বলে মনে হচ্ছে। ব্রহ্মহত্যা করে নিজের নাম কি অন্যকে দিয়ে জানায় ? তাই, আপনাকে কিছু বলতে হবে না, তাত। আমিই বলছি। শুনুন, শুনুন, পিতৃসত্যপালক রামচন্দ্রকে নিবেদন করুন—

নির্দয়, কৃতঘ্ন, নীচ, দুঃসাহসী কিন্তু ভক্তিমান একজন এসেছে। সে থাকবে, না চলে যাবে ?

(তারপর সীতা ও লক্ষ্মণসহ রামের প্রবেশ)

রাম—(শুনে, সানন্দে)। লক্ষ্মণ, শুনছ ? সীতা, তুমিও শুনছ ? অবিকল আমার পিতার মতো এ কার কণ্ঠস্বর যা গাম্ভীর্যে মেঘগর্জনকে পরাভূত করে ? এ কার স্নিগ্ধ কণ্ঠস্বর যা আমার মনে 'এ আমার আপন জন' এই ভাবের উদ্রেক করে পরম বাঞ্ছিত ধ্বনি হয়ে আমার কর্ণকুহরে প্রবেশ করছে ?

লক্ষ্মণ—আমার কাছেও এ-কণ্ঠস্বর বন্ধুজনোচিত এবং অত্যন্ত আদরণীয় বলে মনে হচ্ছে। এই স্বর—ঘন, স্পষ্ট, ধীর, মত্তবৃষভের স্বরের মতো স্নিগ্ধ-মধুর এবং অব্যক্ত গম্ভীর। এর বেগ কণ্ঠ ও বক্ষে অপ্রতিহতভাবে সঞ্চরমান। বিভিন্ন অক্ষরগুলো ঠিক-ঠিক উচ্চারণস্থান থেকে স্পষ্টত উদ্ভূত হওয়ায় মনে হচ্ছে এ-যেন চতুর্বর্ণের অভয়দানে প্রবৃত্ত।

রাম—এ-স্বর কোন অনাত্মীয়ের হতেই পারে না। এ-আমার হৃদয়কে বিচলিত করছে। বৎস লক্ষ্মণ। একবার দেখ তো।

লক্ষ্মণ—আর্য, এক্ষুণি দেখছি। (পরিক্রমণ করলেন)

ভরত—এ কী ? কেউ তো কোন সাড়া দিচ্ছে না ? তবে কি কেউ জেনেছে যে কৈকেয়ীর পুত্র ভরত এসেছে ?

লক্ষ্মণ—(দেখে) এ কী। ইনি রাম ? না না, দেখতে একবকম। চাঁদের মতো সুন্দর অনুপম মুখে রামচন্দ্রের ছায়া, আমাব পিতার দৈত্যশরে-ক্ষত উন্নত বক্ষের মতোই এর বক্ষ। প্রভাসমণ্ডলবেষ্টিত এ এক তেজঃপুঞ্জ। জগতের প্রিয়দর্শন এই পুরুষ কি কোন রাজা, না দেবরাজ না স্বয়ং বিষ্ণু ? (সুমন্ত্রকে দেখে) এই যে তাত !

সুমন্ত্র—এই যে কুমার লক্ষ্মণ।

ভরত—ও ! ইনি গুরুজন। আর্য ! অভিবাদন করি।

লক্ষ্মণ—এসো, এসো। দীর্ঘজীবী হও। (সুমন্ত্রকে দেখে) তাত ! এর পবিচয ?

সুমন্ত্র—কুমার ! রঘু থেকে চতুর্থ, অজ থেকে তৃতীয়, তোমার খ্যাতিমান পিতা থেকে দ্বিতীয় এবং যে কুলশ্রেষ্ঠ রামচন্দ্রেব তুমি কনিষ্ঠ সহোদব তাঁরই অনুজ—ইনি ভবত।

লক্ষ্মণ—এসো, এসো, ইক্ষ্বাকু কুমার। মঙ্গল হোক। বৎস, দীর্ঘজীবী হও। অসুরদের সঙ্গে যুদ্ধে নিপুণ যাদের ধনু দেবরাজের বজ্রের সংস্পর্শে এসেছিলেন, অনুপম বলবীর্যশালী সেই নিজের বংশেব উপযুক্ত পরাক্রমশালী হও। আর যে রঘুরাজ যজ্ঞে সমস্ত নিজের সম্পদ নিঃশেষ করেছিলেন তাঁর মতো জগতে উজ্জ্বল গুণের অধিকারী হও।

ভরত—অনুগৃহীত হলাম।

লক্ষ্মণ—কুমার ? এখানেই থাক। তোমার আসার কথা আর্যকে নিবেদন করি।

ভরত—আর্য। আমি অবিলম্বে তাঁকে অভিবাদন কবতে চাই। শিগ্‌গিরই তাঁকে নিবেদন করুন।

লক্ষ্মণ—তাই করছি। (অগ্রসর হও) আর্যের জয় হোক, আর্য। এই তোমার প্রিয় ভ্রাতা ভ্রাতৃবৎসল ভরত, যার মধ্যে তোমার রূপ যেন দর্পণে প্রতিফলিত।

রাম—বৎস লক্ষ্মণ। তবে ভরত এসেছে ?

লক্ষ্মণ—হাঁ, আর্য।

রাম—সীতা। ভরতকে দেখার জন্যে তোমার চোখকে বিস্ফারিত কর।

সীতা—আর্যপুত্র। কি বললে, ভরত এসেছে?

রাম—হাঁ, সীতা। আজ আমি বুঝতে পারছি পিতা কী কঠিন কাজই না করেছেন। ভ্রাতৃস্নেহই যদি এমন হয়, তাহলে পুত্রস্নেহ না জানি আরও কত গভীর গহন?

লক্ষ্মণ—আর্য, কুমার কি আসবে?

রাম—বৎস লক্ষ্মণ। এ-বিষয়েও কি তুমি আমার আদেশের অপেক্ষা করছ। যাও সাদরে কুমারকে নিয়ে এসো।

লক্ষ্মণ—এক্ষুণি আনছি, আর্য।

রাম—আচ্ছা, তুমি থাক। তুষারপূর্ণ পদ্মপত্রের মতো নয়নে আনন্দাশ্রু ধারাকারে বর্ষণ করতে-করতে পুত্রের প্রতি মাতা যেভাব পোষণ করে সেই ভাব নিয়ে ভরতের সমাদরের জন্যে স্বয়ং ইনিই যান।

সীতা—তাই যাচ্ছি, আর্যপুত্র। (উঠে, পরিক্রমণান্তে ভরতকে দেখে) এ কী! আর্যপুত্রও কি একই সঙ্গে বেরিয়েছেন নাকি? না না, এ রূপ সাদৃশ্য মাত্র।

সুমন্ত্র—এই যে বধূমাতা!

ভরত—ও, ইনি তাহলে পূজনীয় জনকরাজদুহিতা! রাজা জনকের তপস্যার শ্রেষ্ঠ নিদর্শন হলো কর্ষণে ভূমি থেকে জাত এই নারীরূপ তেজঃপুঞ্জ। আর্যে! অভিবাদন করছি। আমি ভরত।

সীতা—(স্বগত) শুধু রূপ নয় কণ্ঠস্বরও একরকম। (প্রকাশ্যে) বৎস, দীর্ঘজীবী হও।

ভরত—অনুগৃহীত হলাম।

সীতা—এসো বৎস। ভাইয়ের মনোবাসনা পূর্ণ কর।

সুমন্ত্র—প্রবেশ কর কুমার।

ভরত—তাত! এখন কী করবেন?

সুমন্ত্র—আমি পরে প্রবেশ করব। মহারাজ স্বর্গত হলে সে-সংবাদ জানার পর রামের সঙ্গে এই আমার প্রথম সাক্ষাৎ।

ভরত—তাই হোক তবে। (রামের কাছে গিয়ে) আর্য। অভিবাদন করি। আমি ভরত।

রাম—এসো এসো ইক্ষ্বাকুকুমার। কল্যাণ হোক। দীর্ঘজীবী হও। প্রসারিত কর কবাটপুটের মতো তোমার বক্ষ। আমাকে সুবিপুল বাহু দুটি দিয়ে আলিঙ্গন কর। শরৎকালের চাঁদের মতো মুখটি নত কর, আমার দুঃখদগ্ধ দেহকে আনন্দিত কর।

ভরত—অনুগৃহীত হলাম।

সুমন্ত্র—(অগ্রসর হয়ে) আয়ুষ্মানের জয় হোক।

রাম—হায় তাত! পূর্বে যিনি দেবাসুর যুদ্ধে সাহায্যের জন্যে যাবার সময়ে যথাযোগ্য বিমানে সসৈন্যে স্বর্গে উপস্থিত হয়ে 'ইনি এসেছেন' বলে কীর্তিত হতেন সেই শ্রীসম্পন্ন মহারাজ দেহত্যাগের পর আপনার মতো স্নেহশীল ও প্রিয়জন ছেড়ে স্বর্গে গিয়ে স্ববংশীয় রাজাদের সঙ্গে আনন্দে আছেন কি?

সুমন্ত্র—(সশোকে) দীর্ঘজীবন গুণ হলেও, মহারাজের মৃত্যু, তোমার বনবাস, ভরতের বিষাদ, কুলের অসহায়তা—এইসব অসহনীয় দুঃখ অনুভূত করে আমার মনে হয় আমার দীর্ঘ জীবনই যেন বহু অপরাধ করেছে।

সীতা—আর্যপুত্র তো এমনিতেই কাঁদছেন, তাও তো দেখি তাঁকে আরও বেশি করে কাঁদাচ্ছেন।

রাম—সীতা! এই আমি নিজেকে আশ্বস্ত করছি। বৎস লক্ষ্মণ, জল আনো তো?

লক্ষ্মণ—এই আনছি।

ভরত—আর্য! এটা ঠিক হলো না। যথাক্রমে শুশ্রূষা করব। আমিই যাচ্ছি। (কলস নিয়ে নিষ্ক্রান্ত হয়ে আবাব প্রবেশ করে) এই যে জল।

রাম—সীতা! লক্ষ্মণের কাজ কিন্তু অনেক কমে যাচ্ছে।

সীতা—আর্যপুত্র! এরও তো সেবা করা কর্তব্য।

রাম—ঠিক বলেছ। লক্ষ্মণ এখানে আমার সেবা করুক আর ভরত সেখানে (অযোধ্যা) থেকে আমার সেবা করুক।

ভরত—প্রসন্ন হোন আর্য। এখানে থাকব দেহে, ওখানে (অযোধ্যা) থাকব কার্যে। আপনার নামেই রাজ্য রক্ষিত হবে।

রাম—বৎস ভরত, তা হয় না। পিতৃ-আদেশে আমি বনে এসেছি, বৎস, অহংকার, ভয় বা ভ্রান্তিতে আসি নি। আমাদের বংশ সত্যকেই সম্পদ মনে করে। তোমাকে বলি, তুমি কেন এই নীচ পথে প্রবর্তিত হবে!

সুমন্ত্র—তবে এখন অভিষেকবারি কোথায় থাকবে?

রাম—আমার মা যেখানে বলেছেন সেইখানেই থাকবে।

ভরত—প্রসন্ন হোন, আর্য। ক্ষতস্থানে আর আঘাত করবেন না। হে গুণাধার! আপনার বংশ আমারও বংশ। সেই স্থিতধী আপনার পিতা আমারও পিতা, হে সুপুরুষ! মাতৃদোষ পুরুষদের (স্বকৃত) দোষ নয়। হে অভীষ্টপূরক, আর্ত ভরতকে যথার্থ দৃষ্টিতে দেখুন।

সীতা—আর্যপুত্র। ভরত অত্যন্ত করুণভাবে জানাচ্ছে। ও'র সম্বন্ধে তুমি কী ভাবছ বল তো?

রাম—সীতা! আমি ভাবছি সেই স্বর্গত নৃপতির কথা যিনি এই পুত্রের বিশিষ্ট গুণ দেখতে পেলেন না। সংসারে এরকম গুণবানকে পেয়ে শ্রেষ্ঠ পুরুষেরা যদি দৈবাধীন হয় তার চেয়ে দুঃখের বিষয় আর কী আছে? বৎস ভরত! সত্যিই তুমি আমাকে সন্তুষ্ট করেছ। তুমি নিষ্পাপ, তোমার কথায় আমি বশীভূত, তোমার খ্যাতগুণে আমি পরাভূত। কিন্তু মহারাজের কথা মিথ্যায় পরিণত করা তোমার অনুচিত। তোমার মতো পুত্রের জন্ম দিয়ে পিতা কি মিথ্যাবাদী হবেন?

ভরত—যতদিন না আপনার ব্রতপালনের অবসান হবে, ততদিন হে রাজন, আমি আপনারই পদমূলে থাকব।

রাম—না, তা হয় না। রাজা তাঁর নিজ পুণ্য বলে সিদ্ধিলাভ করুন। তুমি যদি নিজের রাজ্য রক্ষা না কর, আমার দিব্য রইল।

ভরত—হায়, এরপর আর কথা বলার কিছু রইল না। যা হোক এক শর্তে আপনার রাজ্য পালন করতে পারি।

রাম—শর্তটি কী?

ভরত—আমার হাতে সমর্পিত আপনার রাজ্য চোদ্দ বছর পরে আপনাকে ফিরিয়ে দেব।

রাম—তাই হোক।

ভরত—আর্য! শুনলেন আর্যে! শুনলেন। তাত! শুনলেন?

সকলে—সকলেই শুনলাম।

ভরত—আর্য! আর একটা বর প্রার্থনা করি।

রাম—কী চাও বল? কী দেব? কী করতে হবে আমাকে?

ভরত—আমি মাথা নত করে আপনার ব্যবহৃত পাদুকা দুটি প্রার্থনা করি। ও-দুটি আমাকে দিন। যতদিন না আপনাব কার্য সিদ্ধ হয়, ততদিন আমি এই দুটির বশবর্তী হয়ে থাকব।

রাম—ধন্য। দীর্ঘকাল ধরে আমি কিছু যশ অর্জন করেছিলাম। ভরত আজ নিমেষেই সেই যশ অর্জন করল।

সীতা—আর্যপুত্র! ভরতের এই প্রার্থনা পূরণ কর।

রাম—তাই হোক! বৎস! গ্রহণ কর। (পাদুকাজোড়া দিলেন)

ভরত—অনুগৃহীত হলাম (গ্রহণ করে) আর্য, এতেই আমি অভিষেক বারি ঢেলে দেব।

রাম—তাত! ভরত যা যা চায় তাই করুন।

সুমন্ত্র—তাই করছি, আয়ুষ্মন্।

ভরত—কী আনন্দ! এবারে আমি স্বজনদের কাছে শ্রদ্ধেয় হলাম, পুরবাসীদের কাছে হলাম অভিপ্রেত, লোকের দৃষ্টি আর আমার কাছে অসহনীয় হবে না, স্বর্গত রাজার প্রিয় চরিত্রবান্ পুত্র হিসেবে চিহ্নিত হলাম আমি, গুণবান্ ভাইদের কাছে হলাম বহু-আদৃত। বিপুল কীর্তির আধার হলাম আর গুণীদের আলোচনার বিষয় হলাম আমি। যাঁরা ইষ্টলাভ করেছেন তাঁদের সকলেরই প্রিয় হলাম এবারে।

রাম—বৎস ভরত! রাজ্য কিন্তু এক মুহূর্তও উপেক্ষা করার জিনিস নয়। তাই আজই জয়লাভের জন্যে ফিরে যাও।

সীতা—কী! কুমার ভরত আজই যাবে?

রাম—বেশি স্নেহ দেখিও না। জয়ের জন্যে আজই ফিরে যাক কুমার।

ভরত—আর্য! আজই যাব আমি। পুরবাসীরা আপনাকে দেখবার জন্যে উদগ্রীব। আপনার অনুগ্রহের নিদর্শন এই পাদুকা দেখিয়ে আমি তাদের সন্তুষ্ট করব।

সুমন্ত্র—আয়ুষ্মন্! আমি তখন কী করব?

রাম—তাত! মহারাজের মতো কুমারকে প্রতিপালন করুন।

সুমন্ত্র—যদি বেঁচে থাকি নিশ্চয় চেষ্টা করব।

রাম—বৎস, ভরত! আমার সামনেই রথে আরোহণ কর।

ভরত—তাই করছি। (রথে আরোহণ করলেন)

রাম—সীতা। এদিকে এস। বৎস লক্ষ্মণ এদিকে এস। আশ্রমের দ্বার পর্যন্ত আমরা ভরতের অনুগমন করব।

(সকলে নিষ্ক্রান্ত)

।। চতুর্থ অংক সমাপ্ত ।।

× × × × × × × × × × × × × পঞ্চম অঙ্ক × × × × × × × × × × × × ×

(তারপর সীতা ও তাপসীর প্রবেশ)

সীতা—আর্যে। পূজার নির্মাল্য ছড়ান আশ্রমগৃহতল পরিষ্কার করা হয়েছে। আশ্রমজাত ফলপুষ্পে দেবপূজা অনুষ্ঠিত হয়েছে। তাই যতক্ষণ আর্যপুত্র না আসেন ততক্ষণ চারাগাছগুলোকে জলসিঞ্চনে তৃপ্ত করি।

তাপসী—তোমার কাজ নির্বিঘ্ন হোক।

রাম—(শোকার্তভাবে) যেখানে পিতা নেই আমি নেই, সেই রম্য অযোধ্যাপুরী পরিত্যাগ করে আমার অভিষেকের উপকরণ নিয়ে ভরত এসেছিল আমার কাছে, কিন্তু সেই গুণনিধিকে আবার রাজ্যরক্ষার জন্যে সেখানেই পাঠালাম। হায় কী কষ্ট! এই সুবিপুল রাজ্যভার সে একাই বহন করছে। (চিন্তা করে) এই রকমই হয়। থাক, আমি এই শোক দূর করার জন্যে আমার সকল অবস্থার সঙ্গিনী সীতাকে দেখি। কোথায় গেল বৈদেহী। (পরিক্রমণ করে দেখে) সদ্যসিক্ত তরুমূল দেখে মনে হচ্ছে সীতা কাছে আছেন। কারণ গাছের গোড়ায় এখনও সফেন জল আবর্তিত হচ্ছে। তৃষ্ণার্ত হলেও নেমে এসে পাখিরা ঘোলা জল পান করছে না। গর্তগুলো জলে ভরে যাওয়ায় আর্দ্র কীটেরা স্থলের দিকে উঠে আসছে। মূলে জল শুকিয়ে যাওয়ায় যে-দাগ পড়েছে তাতে মনে হচ্ছে গাছেরা নতুন বলয় ধারণ করছে। (দেখে) এই-যে বৈদেহী। কী কষ্ট! এঁর যে-বাহু দর্পণ ধারণেই ক্লান্তি বোধ করত সেই বাহু কলস বহনেও অক্লান্ত। হায়, অরণ্য স্ত্রীজনের কোমলতা লতার মতোই কঠিন করে তোলে।[১] (এগিয়ে এসে) মৈথিলি! তোমার তপশ্চর্যা নির্বিঘ্ন তো?

সীতা—ও, আর্যপুত্র! আর্যপুত্রের জয় হোক।

রাম—মৈথিলি! যদি তোমার ধর্মকাজে বাধা না হয় এখানে উপবেশন কর।

সীতা—উপবেশন করছি।

রাম—মৈথিলি! তোমাকে দেখে মনে হচ্ছে কিছু যেন জিজ্ঞেস করবে।

সীতা—আর্যপুত্রের মুখ দেখে মনে হচ্ছে শোকে যেন শূন্যহৃদয়। কী হয়েছে বল তো?

রাম—মৈথিলি, তুমি ঠিকই ধরেছ। দুর্দৈবের তীক্ষ্ণ অস্ত্রাঘাতে জর্জরিত আমার দেহে হৃদয়ের ক্ষত ঠিক আগের মতোই আছে। নানারকম সূচীমুখ শোক-শরাঘাত ঠিক সেইখানেই বার-বার এসে পড়ছে।

সীতা—আর্যপুত্রের সন্তাপের কারণ কী?

রাম—আগামীকাল পূজ্যপাদ পিতার বাৎসরিক শ্রাদ্ধ। বিশেষ ক্রিয়া অনুসারে পিণ্ডদানাদি সম্পন্ন হয় পিতৃপুরুষেরা তাই চান। কিভাবে আমি তা সম্পন্ন করব তাই ভাবছি। অথবা যে-কোন অনুষ্ঠানেই তাঁরা তুষ্ট হবেন, তাঁরা তো আমার অবস্থা বিলক্ষণ জানেন। তবু পিতার ও রামের যা যোগ্য সেইমতো অর্চনার আয়োজন করতে চাই।

সীতা—আর্যপুত্র। ভরত আড়ম্বরে শ্রাদ্ধ সম্পন্ন করবে, অবস্থানুরূপ ফল ও জল দিয়ে তুমি করবে। এতেই পিতৃদেব পরম তৃপ্তি লাভ করবেন।

রাম—মৈথিলি! কুশের উপর আমার নিজের হাতে রাখা ফল দেখে আমাদের বনবাসের কথা স্মরণ করে স্বর্গেও পিতা রোদন করবেন।

(তারপর পরিব্রাজকের বেশে রাবণের প্রবেশ)

রাবণ—(স্বগত) এই যে, আমি সংযমী কিন্তু রাম জিতেন্দ্রিয় কিন্তু খরকে বধ করে আমার সঙ্গে শত্রুতা করেছে সে। তাই এ তপস্বি বেশে তাকে প্রতারিত করে বিনা-মন্ত্রে আহুত ঘৃতধারাকে (রাক্ষস হিসেবে) যেমন করে হরণ করি তেমনি করে সীতাকে হরণ করতে চলেছি।[২]

(পরিক্রমণ করে দেখে নিয়ে) এই যে রামের আশ্রমদ্বার ; যাক্ এইখানেই নামি (অবতরণ) আমি এখন অতিথির আচরণ অনুসরণ করি। (প্রকাশ্যে) আমি অতিথি। কে আছ এখানে ?

রাম—(শুনে) অতিথিকে স্বাগত জানাচ্ছি।

রাবণ—(স্বগত) বা—,বেশ, আমার ছদ্মরূপকে সমর্থন করেছে আমার কণ্ঠস্বর।

রাম—ভগবন্! অভিবাদন করি।

রাবণ—মঙ্গল হোক।

রাম—ভগবন্! এই যে আসন, উপবেশন করুন।

রাবণ—(স্বগত) আমাকে যেন আদেশ করছে বলে মনে হচ্ছে। (প্রকাশ্যে) হ্যাঁ, উপবেশন করছি। (উপবেশন)

রাম—মৈথিলি! পাদোদক আন।

সীতা—এই আনছি, আর্যপুত্র। (প্রস্থান ও প্রবেশ) এই যে জল।

রাম—তুমি এই মাননীয়ের সেবা কর।

সীতা—আর্যপুত্রের যা আদেশ।

রাবণ—(কপটরূপ ধরা পড়ে যাবার ভয়ে ব্যাকুল হয়ে) থাক্ থাক্। এই পৃথিবীতে ইনিই একা নারীদের মধ্যে অরুন্ধতীস্বরূপ।[৩] যাঁর স্বামীবলে আপনিও সমস্ত নারীকুলে বিশেষ সম্মানের পাত্ররূপে কীর্তিত।

রাম—তা হলে আন, আমি-ই সেবা করব।

রাবণ—ছায়া পরিহার করে আমি শরীর লঙ্ঘন করব না। সুনৃত ভাষণই তো অতিথি সৎকার। আমি যথোচিত আতিথ্য লাভ করেছি। বসুন।

রাম—বসছি। (উপবেশন)

রাবণ—(স্বগত) যাক, আমিও এখন ব্রাহ্মণোচিত আচার-অনুষ্ঠান করতে থাকি। (প্রকাশ্যে) দেখুন আমি কাশ্যপগোত্রীয়। অঙ্গ ও উপাঙ্গ সহ বেদ,

মনু-প্রণীত ধর্মশাস্ত্র, মহেশ্বর-ভাষিত যোগশাস্ত্র, বৃহস্পতি প্রণীত অর্থশাস্ত্র মেধাতিথির ন্যায় শাস্ত্র এবং বরুণ রচিত শ্রাদ্ধবিধি অধ্যয়ন করেছি।

রাম—কী, কী বললেন? শ্রাদ্ধ বিধি?

রাবণ—সমস্ত শ্রুতিশাস্ত্র বাদ দিয়ে বিশেষ করে শ্রাদ্ধবিধিতে আগ্রহ দেখাচ্ছেন, এর কারণ কী?

রাম—ভগবন্, পিতা লোকান্তরিত হলে এই শাস্ত্রই তো প্রয়োজন।

রাবণ—কোন সংকোচ করবেন না। এ-বিষয়ে যা জানতে চান জিজ্ঞেস করুন।

রাম—পিণ্ডাদি দানের সময় কী দিয়ে পিতৃপুরুষের তৃপ্তি বিধান করব।

রাবণ—শ্রদ্ধায় যা দেওয়া হয় তাই তো শ্রাদ্ধ।

রাম—অনাদরের দান পরিত্যক্ত হয় বটে, তবে বিশেষ করে কোন্ জিনিস আদৃত হবে তা জানার জন্যেই আমার প্রশ্ন।

রাবণ—শুনুন, তৃণের মধ্যে কুশ, ওষধির মধ্যে তিল, শাকের মধ্যে কলাই, মাছের মধ্যে মহাশঙ্কর, রাখিদের মধ্যে বার্ধ্রাণস[৭], পশুদের মধ্যে গো বা গণ্ডার—এইসবই লোক-বিহিত।

রাম—আপনার 'বা' শব্দের বিকল্পবিধানে মনে হচ্ছে অন্য কিছু হয়তো আছে।

রাবণ—আছে, তবে তা প্রয়াস সাধ্য।

রাম—ভগবন্! ঐটিই আমার সংকল্প। দু-রকম শক্তিই আমার আয়ত্ত, এখন যেটা দিয়ে ঐ সংকল্প সিদ্ধ হবে—তপোবলে কাজ না হলে ধনু, আর ধনুতে কাজ না হলে তপোবল।

রাবণ—আছে, তবে তারা হিমালয়ে বাস করে।

রাম—হিমালয়? তারপর তারপর?

রাবণ—কাঞ্চনপার্শ্ব নামে মৃগ আছে হিমালয়ের সপ্তম শিখরে। সাক্ষাৎ শিবের শিরোদেশ থেকে যে গঙ্গাজল নির্গত হয় তাই তারা পান করে বৈদূর্যমণির মতো শ্যামবর্ণ তাদের পৃষ্ঠদেশ, বায়ুর মতো বেগবান তারা। বৈখানস বালখিল্য নৈমিষীয় প্রমুখ মুনিদের চিন্তামাত্র ঐ মৃগেরা উপস্থিত হয়ে প্রাণ ত্যাগ করে। মহর্ষিরা ঐ মৃগ মাংসে শ্রাদ্ধানুষ্ঠান করেন। সেই মৃগ মাংসে তৃপ্ত হলে পিতৃপুরুষেরা পুত্রপ্রাপ্তির ফল লাভ করেন। জরাহীন দেহ ধারণ করে স্বর্গে গমন করেন, দেবতাদের মতো স্বর্গবাস লাভ করেন এবং আবর্তনশীল বিষয়ে তাঁদের উপর প্রভাব বিস্তার করে তাদের আবদ্ধ করতে পারে না।

রাম—মৈথিলি! তুমি তোমার পুত্রস্নেহে পালিত মৃগ ও তরুরাজি, বিন্ধ্যপর্বত এবং সখীস্থানীয় প্রিয় লতাগুলির কাছ থেকে বিদায় নাও।[৫] আমি দীপ্ত ওষধিরঞ্জিত হিমালয় পর্বতের অরণ্যাঞ্চলে বাস করব।

সীতা—তুমি যা আদেশ করছ তাই করব।

রাবণ—কৌশল্যানন্দন! খুব বেশি আশা করবেন না। মানুষ তাদের দেখতে পায় না।

রাম—ভগবন্! হিমালয়ে তারা বাস করে তো?

রাবণ—হ্যাঁ।

রাম—তাহলে আপনি দেখুন—হয় হিমালয় আমাকে সেই সুবর্ণদ্যুতি মৃগদের

দেখাবে আর তা না হলে ক্রৌঞ্চত্ব লাভ করবে। (কার্তিকেয় ক্রৌঞ্চপর্বতং যেমন বিদীর্ণ করেছিলেন, হিমালয় পর্বতকেও আমি তেমনি বিদীর্ণ করব)।

রাবণ—(স্বগত) উঃ, অসহ্য এর গর্ব। (প্রকাশ্যে) একি! বিদ্যুৎপ্রভার মতো কি যেন দেখা যাচ্ছে। কৌশল্যানন্দন! এখানেই অবস্থিত আপনাকে হিমালয় সম্মান দেখিয়েছেন। এই দেখুন কাঞ্চনপার্শ্ব।

রাম—এ আপনারই প্রভাব।

সীতা—সৌভাগ্যক্রমে তোমার এই বাঞ্ছিত সিদ্ধি।

রাম—না মা। যদি কাঞ্চনপার্শ্ব নিজেই এখানে এসে থাকে তবে বলব এ পিতারই সৌভাগ্য। এই পূজার যোগ্য, মৈথিলি, লক্ষ্মণকে বল।

সীতা—আর্যপুত্র! তীর্থযাত্রা থেকে কুলপতিকে আনবার জন্যে তুমিই তো লক্ষণকে পাঠিয়েছ।

রাম—তাহলে আমিই যাই।

সীতা - আর্যপুত্র! আমি কী করব?

রাম—তুমি এই মাননীয়ের সেবা কর।

সীতা—তোমার যা আদেশ। (রামের প্রস্থান)

রাবণ - এই যে, রাম অর্ঘ্য নিয়ে অগ্রসর হচ্ছেন। এই, পূজা উপেক্ষা করে মৃগ ধাবিত হলো দেখে রামচন্দ্র ধনুতে বাণ জুড়লেন। কী বল! কী বীর্য! কী সাহস! কী বেগ! 'রাম' এই অল্প অক্ষরে সমস্ত জগৎ ব্যাপ্ত হয়ে আছে, তা খুবই স্বাভাবিক। এই মৃগ এক লাফে বাণের লক্ষ্যের বাইরে গহন বনে প্রবেশ করল!

সীতা—(স্বগত) আর্যপুত্র কাছে না থাকায় আমার ভয় হচ্ছে।

রাবণ—(স্বগত) রাম মায়াবলে দূরে অপসারিত হলে মন্ত্রহীন ঘৃতাহুতির মতো একা সীতাকে তপোবন থেকে হরণ করব।

সীতা—যাই কুটীরে প্রবেশ করি। (প্রবেশ করতে উদ্যত হলেন)

রাবণ—(স্বরূপ গ্রহণ করে) সীতা! দাঁড়াও, দাঁড়াও।

সীতা—(সভয়ে) একি, এ আবার কে?

রাবণ—জান না? আয়তলোচনে! আমি সেই রাবণ যে যুদ্ধে দানবসহ ইন্দ্রাদি দেবতাদের পরাজিত করেছে। সুর্পণখার বিকৃতরূপ দেখে এবং দুই ভায়ের নিধন-সংবাদ শুনে গর্বোদ্ধত অমিত বলশালী রামকে ছলনায় প্রলুব্ধ করে তোমাকে অপহরণ করতে এসেছি।

সীতা—ওঃ রাবণ! (প্রস্থানোদ্যতা)

রাবণ—আঃ, রাবণের চোখে পড়েছ, পালাবে কোথায়?

সীতা—আর্যপুত্র! রক্ষা কর, রক্ষা কর। সুমিত্রানন্দন। রক্ষা কর, রক্ষা কর।

রাবণ—সীতা! আমার পরাক্রমের কথা শোনো। ইন্দ্র পরাভূত, কম্পিত, চন্দ্র স্বস্থানভ্রষ্ট, যম বিমর্দিত। ভীরু দেবতারা যেখানে থাকে সেই স্বর্গকে ধিক্। সীতা যেখানে আছে সেই ভূমিই ধন্য।

সীতা—আর্যপুত্র! রক্ষা কর, রক্ষা কর। সৌমিত্রি! রক্ষা কর, আমাকে রক্ষা কর।

রাবণ—রাম, লক্ষ্মণ, স্বর্গস্থ দশরথ যারই স্মরণ নাও, এইসব কাপুরুষদের ডেকে লাভ নেই। কারণ মৃগশিশু কখনও ব্যাঘ্রকে আক্রমণ করে না।

রাম—আর্যপুত্র! রক্ষা কর, রক্ষা কর। লক্ষ্মণ! রক্ষা কর, রক্ষা কর আমাকে।

রাবণ—আয়তলোচনে! অনর্থক বিলাপ করছ কেন? আমাকেই তোমার 'আর্যপুত্র' বলে মনে কর। বিপুলবিক্রম রাম সমস্ত দেবতাদের সাহায্যেও আমার সঙ্গে যুদ্ধ করতে পারবে না।

সীতা—তোমাকে অভিশাপ দিচ্ছি।

রাবণ—হা হা, পতিব্রতার কী তেজ! যে আমি বেগে উৎক্ষিপ্ত হয়ে সূর্যরশ্মিতেও দগ্ধ হই নি, এর স্বল্পাক্ষর 'অভিশপ্ত হলে' এই কথাতেই আমি দগ্ধ হয়ে গেলাম আর কি!

সীতা—আর্যপুত্র! রক্ষা কর, রক্ষা কর।

রাবণ—(সীতাকে নিয়ে) হে জনস্থানবাসী তপস্বীরা, শুনুন আপনারা, আমি রাবণ, সবলে সীতাকে নিয়ে যাচ্ছি, ক্ষাত্রধর্মে যদি প্রীতি থাকে তাহলে রাম যেন পরাক্রম প্রকাশ করে।

সীতা—আর্যপুত্র! রক্ষা কর, রক্ষা কর।

রাবণ—(পরিক্রমণ করে দেখে নিয়ে) পক্ষ-সঞ্চালনজনিত বায়ুর বেগে তরুরাজিকে আলোড়িত করে জটায়ু এই দিকেই ছুটে আসছে। ঠিক আছে। অপেক্ষা কর। আমার হাতের খড়্গের আঘাতে ছিন্নপক্ষে ক্ষত থেকে উৎসারিত রক্তধারায় আর্দ্র দেহে তোমাকে যমালয়ে পাঠাচ্ছি।

(সকলের প্রস্থান)

॥ পঞ্চম অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × ষষ্ঠ অঙ্ক × × × × × × × × × × × × × ×

(তারপর দুজন বৃদ্ধ তাপসের প্রবেশ)

উভয়ে—রক্ষা করুন, রক্ষা করুন আপনারা।

প্রথম তাপস—নিশার্ধচারী রাক্ষসরাজ রাবণ মৃগীর মতো সীতাকে বিবশ করে হরণ করে নিয়ে যাচ্ছে। নীলকমলের মালার মতো কান্তি, মৃণালের মতো শুভ্রোজ্জ্বল দন্তপঙ্‌ক্তি বিকশিত করে যে হাসতে-হাসতে চলেছে।

দ্বিতীয় তাপস—আর পূজনীয়া সীতা যেন ভুজঙ্গিনীর মতো মুক্তি পাবার চেষ্টা করছেন। তিনি যেন পুষ্পিতালতার মতো কম্পমানা। রাবণ তাঁকে সবলে অপহরণ করছে। মনে হচ্ছে, তপোবনের সিদ্ধিকেই সে অপসারিত করছে।

উভয়ে—রক্ষা করুন, রক্ষা করুন আপনারা।

প্রথম—একি! বলতে না বলতে দশরথের ঋণ শোধের অভিপ্রায় নিয়ে জটায়ু 'আমি থাকতে পালাবি কোথায়' এই বলে রাবণকে দ্বন্দ্বে আহ্বান জানিয়ে আকাশে উড়ে গেল।

দ্বিতীয়—ঐ দেখ, রোষকষায়িতলোচনে রাবণ ফিরে দাঁড়াল।

প্রথম—এই যে রাবণ।
দ্বিতীয়—এই যে জটায়ু।
উভয়ে—সর্বনাশ। আকাশেই যুদ্ধ আরম্ভ হয়ে গেল যে।
প্রথম—কাশ্যপ, কাশ্যপ দেখ দেখ গৃধ্ররাজের কী শক্তি। দুই পক্ষপুটে শত্রুকে পরাভূত করে আক্রমণ ও প্রতিআক্রমণ করছেন। নিজে অচঞ্চল থেকে দুই চঞ্চুপুটের সুতীক্ষ্ণ ঘর্ষণে তাকে বেষ্টন করার চেষ্টা করছেন। তীক্ষ্ণ লৌহকণ্টকের মতো নখে রাবণের বিশাল বক্ষ থেকে মাংসপিণ্ড উৎপাটিত করছেন, মনে হচ্ছে বজ্রবিদারিত পর্বত থেকে শিলাখণ্ড উৎক্ষিপ্ত হচ্ছে।
দ্বিতীয়—হায় হায়, ক্রুদ্ধ রাবণের তরবারির আঘাত গৃধ্ররাজের ডান কাঁধে পড়ল।
উভয়ে—ধিক্-ধিক্। পূজনীয় জটায়ু পতিত হলেন।
প্রথম—হায় কী কষ্ট! পূজনীয় জটায়ু নিজের পরাক্রমের উপযুক্ত চরম চেষ্টা করে, শত্রুকে ক্রীড়াময়ূরের মতো তুচ্ছ করে, রাক্ষসরাজের দীপ্ত তেজ পরাভূত করে গজেন্দ্রভগ্ন বনবৃক্ষের মতো অবসন্ন হলেন।
উভয়ে—ওঁর স্বর্গবাস হোক!
প্রথম—কাশ্যপ। এসো। এই ঘটনা পূজনীয় রামচন্দ্রকে নিবেদন করি।
দ্বিতীয়—হ্যাঁ, তাই চল। এখন এটাই আমাদের প্রথম কাজ। (উভয়ে নিষ্ক্রান্ত)

(বিষ্কম্ভক)[১]

(তারপর কাঞ্চুকীয়ের প্রবেশ)

কাঞ্চুকীয়—কে আছ এখানে? কাঞ্চনতোরণদ্বারে কে আছ?
প্রতিহারী—আর্য। আমি বিজয়া। কী আদেশ, বলুন?
কাঞ্চুকীয়—বিজয়া। তুমি কুমার ভরতকে জানাও, রামচন্দ্রকে দেখবার জন্যে মাননীয় সুমন্ত্র জনস্থানে গিয়েছিলেন, তিনি ফিরে এসেছেন।
প্রতিহারী—আর্য! তাত সুমন্ত্র সফলকাম হয়ে ফিরে এসেছেন তো?
কাঞ্চুকীয়—ভদ্রে, তা তো জানি। হৃদয়স্থ শোকানলে বিশুষ্ক মুখ তাঁর। তাঁকে ওভাবে আসতে দেখেই আমার মন ব্যাকুল হয়ে আছে।
প্রতিহারী—আর্য, একথা শুনে আমার মনও উদ্বিগ্ন হয়ে উঠল।
কাঞ্চুকীয়—ভদ্রে, আর দেরি করো না, এক্ষুণি গিয়ে জানাও।
প্রতিহারী—আর্য, আমি এক্ষুণি গিয়ে জানাচ্ছি। (প্রস্থান)
কাঞ্চুকীয়—(অবলোকন করে) এই যে মাননীয় কুমার ভরত, সুমন্ত্রের আসার সংবাদ পেয়ে কৌতূহলী হয়ে এই দিকেই আসছেন। ওঁর পরনে রয়েছে বল্কল, মাথায় বিচিত্র পিঙ্গল জটাজাল। এই ইনি প্রখ্যাত সদ্গুণের আধার, প্রতিপক্ষের কাছে কৃতান্ত, সূর্যবংশের তিলক, ইন্দ্রতুল্য, ভ্রাতৃআজ্ঞায় সমগ্র বসুধারক্ষণে রত, সৌন্দর্যমণ্ডিত, উদারচেতা ও করিশাবকের মতো রম্যগতি।

(তারপর ভরত ও প্রতিহারীর প্রবেশ)

ভরত—বিজয়া তাহলে আর্য সুমন্ত্র সত্যই ফিরেছেন। আগে আমি আর্যের দর্শনে গিয়ে তাঁর প্রসাদ ও শপথ নিয়ে ফিরে এলাম। তারপর গেলেন মাননীয় সুমন্ত্র। তিনি কি প্রজাদের নয়ন ও হৃদয়রঞ্জন রামচন্দ্রকে দেখে ফিরে এসেছেন?

কাঞ্চুকীয়—(কাছে গিয়ে) কুমারের জয় হোক।
ভরত—আচ্ছা, আর্য সুমন্ত্র কোথায় আছেন ?
কাঞ্চুকীয়—তিনি কাঞ্চন তোরণদ্বারে।
ভরত—তাহলে শিগ্‌গির তাকে নিয়ে আসুন।
কাঞ্চুকীয়—কুমারের যা আদেশ।

(উভয়ে নিষ্ক্রান্ত)

(তারপর সুমন্ত্র ও প্রতিহারীর প্রবেশ)

সুমন্ত্র—(শোকার্তভাবে) হায় কী কষ্ট। মহারাজের মৃত্যু প্রত্যক্ষ করলাম। বনবাসও দেখলাম। সীতার অপহরণবৃত্তান্তও শুনলাম। দীর্ঘায়ু গুণ বলে বিবেচিত হলেও আমার কাছে তা বহু অপরাধে অপরাধী।

প্রতিহারী—(সুমন্ত্রকে উদ্দেশ্য করে) আসুন, আসুন আর্য। এই যে কুমার এগিয়ে আসুন।

সুমন্ত্র—(এগিয়ে এসে) কুমারের জয় হোক।

ভরত—তাত। দেখেছেন কি তাঁকে যিনি জগৎকে দেখিয়েছেন পিতৃস্নেহ কাকে বলে ? দেখেছেন কি তাঁকে যিনি দ্বিতীয় অরুন্ধতী চিত্র ? দেখেছেন কি তাঁকে যিনি অকারণে বনবাস বরণ করেছেন সেই মূর্ত সৌভ্রাত্রকে ?

(সুমন্ত্র চিন্তান্বিত হয়ে দাঁড়িয়ে রইলেন)

প্রতিহারী—কুমার আপনাকে জিজ্ঞাসা করছেন।

সুমন্ত্র—ভদ্রে। আমাকে কি ?

ভরত—(স্বগত) খুব কষ্ট হচ্ছে। শোকে তিনি শূন্যহৃদয় হয়েছেন। (প্রকাশ্যে) আপনি কি মাঝপথ থেকেই ফিরে এসেছেন ?

সুমন্ত্র—কুমার। তোমার আদেশে রামকে দেখতে জনস্থানে যাত্রা করে পথ থেকেই ফিরে আসব কেন ?

ভরত—তারা কি ক্রোধে বা লজ্জায় দেখা দিলেন না ?

সুমন্ত্র – কুমার। যারা বিনীত তাঁদের ক্রোধ কোথায় ? যাঁরা স্থিরচিত্ত তাঁদের লজ্জাই বা কোথায় ? তাঁদের পরিত্যক্ত তপোবন আমি শূন্য দেখে এলাম।

ভরত—কোথায় গিয়েছেন কিছু শুনেছেন ?

সুমন্ত্র—কিষ্কিন্ধ্যা নামে বানরদের এক রাজ্য আছে, শুনেছি সেইখানেই গিয়েছেন !

ভরত—হায়, বানরেরা বিশিষ্ট পুরুষদের ঠিক বুঝতে পারে না, খুব কষ্টেই সেখানে আছেন ওরা।

সুমন্ত্র—কুমার। তির্যক জাতিরাও (পশুপাখি) উপকার বুঝতে পারে।

ভরত—তাত। কেন একথা বলছেন ?

সুমন্ত্র—জ্যেষ্ঠভ্রাতা, সুগ্রীবের স্ত্রীকে অপহরণ করে তাকে রাজ্যচ্যুত করেছিল। সুগ্রীব থাকত পর্বতে। সমদুঃখে দুঃখী রামচন্দ্র তাকে কিন্তু তার দুঃখ থেকে মুক্তি দিয়েছেন।

ভরত—তাত। 'সমদুঃখী' এ-কথা বললেন কেন ?

সুমন্ত্র—(স্বগত)। হায়! প্রায় সবই বলে ফেলেছি দেখছি। (প্রকাশ্যে) না, ও কিছু না। ঐশ্বর্যনাশের সমতার কথাই আমি বলতে চেয়েছিলাম।

ভরত—তাত। আপনি গোপন করছেন কেন? স্বর্গত মহারাজের চরণ যুগলের দিব্যি, যদি সত্যকথা না বলেন।

সুমন্ত্র—কী আর করি, শুনুন তবে। রাম মুনিদের প্রয়োজনে রাক্ষসদের সঙ্গে শত্রুতা করেছিলেন। তাই রাবণ মায়াবলে সীতাকে অপহরণ করেছে।

ভরত—কী বললেন? তিনি অপহৃতা! (মূর্চ্ছিত হলেন)

সুমন্ত্র—শান্ত হোন! শান্ত হোন।

ভরত—(শান্ত হয়ে)। হায় কী কষ্ট। আমার আর্য (রামচন্দ্র) পিতা ও বন্ধুজন থেকে বিচ্ছিন্ন হয়ে বনাঞ্চলে বহু দুঃখ ভোগ করে এখন পত্নীবিচ্ছেদ মেঘাচ্ছন্ন চাঁদের মতো নিষ্প্রভ হয়ে পড়েছেন। হায়, কী করি এখন। হাঁ, ঠিক হয়েছে। তাত, আমার অনুগমন করুন।

সুমন্ত্র—কুমারের যা অভিপ্রায়!

(উভয়ে নিষ্ক্রান্ত)

সুমন্ত্র—কুমার। যাবেন না, যাবেন না, এ হচ্ছে মহিষীদের চতুঃশালা (অন্তঃপুর)।

ভরত—এখানেই আমার দরকার। ওহে! এখানে কে আছ?

(প্রবেশ করে)

প্রতিহারী—কুমারের জয় হোক! আমি বিজয়া।

ভরত—বিজয়া! আমি এসেছি এ-সংবাদ তাঁকে দাও।

প্রতিহারী—কোন্ রাণীমাকে জানাব?

ভরত—যিনি আমাকে রাজা দেখতে চান।

প্রতিহারী—(স্বগত) ও, তা না জানি কী হয়! (প্রকাশ্যে) তাই হোক।

(প্রস্থান)

(তারপর কৈকেয়ী ও প্রতিহারীর প্রবেশ)

কৈকেয়ী—বিজয়া। ভরত কী আমাকে দেখতে এসেছে?

প্রতিহারী—হাঁ, দেবি! তাই। তাত সুমন্ত্র রাজকুমার রামচন্দ্রের কাছ থেকে এসেছেন। তার সঙ্গে কুমার ভরত আপনার সঙ্গে দেখা করতে এসেছেন।

কৈকেয়ী—(স্বগত) কোন এক ব্যাপারে নিশ্চয় ভরত মাকে তিরস্কার করবে।

প্রতিহারী—রাণী-মা, কুমার কি ভেতরে আসবেন?

কৈকেয়ী—যাও, নিয়ে এস তাকে।

প্রতিহারী—আনছি, রাণী মা।

(পরিক্রমণ করে এগিয়ে এসে)

জয় হোক কুমারের। আপনি ভেতরে আসুন।

ভরত—বিজয়া। তুমি বলেছ।

প্রতিহারী—হাঁ।

ভরত—তাহলে প্রবেশ করি।

(উভয়ের প্রবেশ)

কৈকেয়ী—বৎস, বিজয়া বলছিল রামের কাছ থেকে সুমন্ত্র এসেছেন।

ভরত—তারপর আরও সুখবর দিচ্ছি তোমাকে।

কৈকেয়ী—বৎস! তবে কৌশল্যা আর সুমিত্রাকেও তো ডাকা উচিত।

ভরত—না, না। ও'দের দুজনের শোনবার মতো কথা নয়।

কৈকেয়ী—(স্বগত) কী হতে পারে, বুঝতে পারছি না। (প্রকাশ্যে), বল, বৎস।

ভরত—শোন, যিনি তোমার আদেশে রাজ্য ছেড়ে চলে গিয়েছেন, তাঁর পত্নী সীতা অপহৃতা হয়েছেন, তোমার মনস্কামনা এবার পূর্ণ হলো তো ?

কৈকেয়ী—অপহৃতা !

ভরত—হায়, তুমি বধূরূপে এই বংশে প্রবেশ করেছিলে, তারই ফলে এই সত্ত্বগুণান্বিত মনস্বী ইক্ষ্বাকু কুলে বধূধর্ষণও সম্ভব হলো।

কৈকেয়ী—(স্বগত) হাঁ, বলবার এই সুযোগ। (প্রকাশ্যে) বৎস। তুমি মহারাজের অভিশাপের কথা জান না ?

ভরত—মহারাজ কি অভিশপ্ত হয়েছিলেন ?

কৈকেয়ী—সুমন্ত্র, বিস্তারিতভাবে বলুন আপনি।

সুমন্ত্র—আপনি যা আদেশ করেন। শুনুন কুমার, অনেক দিন আগে মহারাজ মৃগয়া করতে বনে গিয়েছিলেন। এক সরোবরে এক মুনিকুমার কলসিতে জল ভরছিল। বন্যগজের গর্জনের মতো শব্দ শুনে মহারাজ শব্দভেদী বাণে অন্ধ মুনির নয়নের মণি সেই মুনিপুত্রকে বধ করেন।

ভরত—বধ করেন ? ঈশ্বর যেন এমন না করেন। তারপর, তারপর ?

সুমন্ত্র—তারপর ছেলেকে সেই অবস্থায় দেখে, সেই সত্যবাক্ মুনি কান্নার শেষে বললেন—'আমি যেমন পুত্রশোকে বিপন্ন হলাম তুমিও তাই হবে।'

ভরত—হায় কী নিদারুণ দুঃখের কথা।

কৈকেয়ী—পুত্র। এইজন্যে আমাকে অপরাধে নিক্ষেপ করে রামকে বনবাসে পাঠান হয়েছিল। রাজ্যলোভে নয়। মহর্ষির অভিশাপ অব্যর্থ, পুত্র প্রবাস ছাড়া তা সম্ভব হতে পারে না।

ভরত—যে কোন পুত্রের প্রবাস হলেই যখন চলত তখন আমাকে বনে পাঠান হলো না কেন ?

কৈকেয়ী—বৎস! মাতুল কুলে ছিলে তুমি, এতো স্বাভাবিক প্রবাস।

ভরত—তা হলে 'চোদ্দ বছর' বনবাস বলার কারণ কী।

কৈকেয়ী—বৎস! 'চোদ্দ দিন' বলতে গিয়ে মনের অস্থিরতার জন্য 'চোদ্দ বছর' বলে ফেলেছিলাম।

ভরত—সম্যক্ বিচারের বুদ্ধি তোমার আছে। আচ্ছা, এ-কথা গুরুজনেরা জানেন ?

সুমন্ত্র—কুমার! বশিষ্ঠ, বামদেব সবাই এ-কথা জানেন এবং এর সত্যতা স্বীকার করেন।

ভরত—হায়! এঁরা তো ত্রিভুবনের সাক্ষী। সৌভাগ্যক্রমে তুমি নিরপরাধা। মা, আমি ভ্রাতৃস্নেহে ক্রুদ্ধ হয়ে তোমাকে যে ভর্ৎসনা করেছি সে-সব তুমি ক্ষমা কর।' মা, আমি প্রণাম করছি তোমাকে।

কৈকেয়ী—পুত্র! কোন্ মা পুত্রের অপরাধ ক্ষমা করে না! ওঠো ওঠো। এতে দোষ নেই।

ভরত—অনুগৃহীত হলাম। এখন আমি তোমার কাছ থেকে বিদায় নিচ্ছি। আজই আর্যের সাহায্যের জন্যে সমস্ত রাজমণ্ডলকে কাজে লাগাচ্ছি। আমি এখন

সমুদ্রবেলাকে মত্ত গজের দ্বারা অন্ধকার এবং সৈন্য সমাবেশে পূর্ণ করব! তরণশীল সৈন্যদের দিয়ে রাবণ সহ সমুদ্রকে গ্লানি অনুভব করাব। ওহে, কিসের যেন শব্দ হচ্ছে, শিগ্‌গির জেনে এসো তো।

(প্রতিহারীর প্রবেশ)

প্রতিহারী—কুমারের জয় হোক! এই বৃত্তান্ত শুনে রাণী-মা কৌশল্যা মূর্ছিতা হয়েছেন।

কৈকেয়ী—তাই নাকি?

ভরত—মা মূর্ছিতা হলেন কেন?

কৈকেয়ী—এসো বৎস! আর্যাকে আশ্বস্ত করি এসো।

ভরত—তাই চল, মা। (উভয়ের প্রস্থান)

।। ষষ্ঠ অঙ্ক সমাপ্ত ।।

× × × × × × × × × × × × × **সপ্তম অঙ্ক** × × × × × × × × × × × × ×

(তারপর তাপসের প্রবেশ)

তাপস—নন্দিলক! নন্দিলক!

নন্দিলক—আর্য! এই যে আমি।

তাপস—নন্দিলক? কুলপতি জানাচ্ছেন—তাঁর (রামের) পত্নীকে যিনি অপহরণ করেছিলেন ত্রিভুবনের ভয়ের কারণ সেই রাবণকে বধ করে, রাক্ষসবিরুদ্ধস্বভাব-বিবিধ গুণে ভূষিত বিভীষণকে রাজ্যে অভিষিক্ত করে, দেব ও দেবর্ষির সম্মুখে যাঁর চরিত্রের নিষ্কলঙ্কতা প্রতিপন্ন হয়েছে সেই পূজনীয়া সীতাকে নিয়ে শ্রেষ্ঠ ঋক্ষ, রাক্ষস ও বানর পরিবৃত হয়ে শরৎকালের নির্মল আকাশের চাঁদের মতো মনোরম রামচন্দ্র এসেছেন! তাই আমাদের আশ্রমে আমাদের যা সম্বল তাই দিয়ে যে-আয়োজন করা সম্ভব তা প্রস্তুত করে রাখ।

নন্দিলক – সমস্তই ঠিক করে রেখেছি, কিন্তু—

তাপস—ব্যাপার কী?

নন্দিলক—এখানে বিভীষণের কুটুম্ব রাক্ষসেরা আছেন কিন্তু। তাদের খাওয়া-দাওয়ার ব্যবস্থাটা কিন্তু কুলপতিই করবেন।

তাপস—কেন?

নন্দিলক – তারা কিন্তু আহারে বেশ পটু।[১]

তাপস—সে ভয় নেই। রাক্ষসেরা বিভীষণের অনুগত।[২]

নন্দিলক—রাক্ষস সজ্জনকে (বিভীষণকে) নমস্কার। (প্রস্থান)

তাপস—(অবলোকন করে) এই যে পূজনীয় রামচন্দ্র 'হে নরশ্রেষ্ঠ, তোমার জয় হোক! দ্বিতীয় শত্রু থাকলে তাকেও যেন জয় করতে পারো। একচ্ছত্র ভুবন তোমার শাসনাধীন হোক।'—এইভাবে বহু মুনিজনস্তুত হয়ে মানবশ্রেষ্ঠ রামচন্দ্র বিমান থেকে ভূমিতে অবতীর্ণ হলেন। জয় হোক! তোমার জয় হোক!

(প্রস্থান)

(মিশ্র বিষ্কম্ভক[৩] সমাপ্ত)

(তারপর রামের প্রবেশ)

রাম—পর্যাপ্তবলবীর্যশালী রাবণকে বধ করে জগতে সর্বগুণান্বিত পতিচরিতা সীতাকে লাভ করে গুরুজনের আদেশ সম্পূর্ণ পালন করে আবার মুনিজনের তপোবনে এসেছি। তাপসীদের অভিবাদন করতে ভিতরে প্রবেশ করে সীতা দেরি করছেন। (অবলোকন করে) এই যে সীতা, মুনিপত্নীদের বয়স অনুযায়ী 'সখী', 'সীতা', 'জানকী', বধূ ইত্যাদি নানা স্নেহ-সম্বোধনে সম্ভাষিত হয়ে ধীরে-ধীরে আসছেন।

(তারপর সীতা ও তাপসীর প্রবেশ)

তাপসী—ওগো, এই তোমার স্বামী। যাও, এঁর কাছে যাও। তোমাকে আর একা দেখতে পারি না।

সীতা—এখনও যেন নিজের নিরাপত্তায় বিশ্বাস রাখতে পারছি না। (কাছে গিয়ে) জয় হোক আর্যপুত্রের।

রাম—সীতা, তোমার মনে পড়ে? এই জনস্থানে আমরা আগে ছিলাম। মনে আছে তোমার পুত্রতুল্য গাছপালার কথা?

সীতা—জানি জানি। আগে যাদের পাতাগুলো অবনত মস্তকেই দেখা যেত এখন মাথা তুলে দেখতে হয় তাদের।

রাম—তাই হয়। কালের প্রভাবেই নিচু হয় উঁচু, উঁচু হয় নিচু। সীতা, মনে পড়ে তোমার? এই সপ্তপর্ণের নিচে শুভ্রবসন ভরতকে দেখে হরিণের দল ভয় পেয়েছিল।

সীতা—খুব মনে আছে, আর্যপুত্র।

রাম—এই আমাদের তপস্যার সাক্ষী তটপ্রদেশ। এইখানে বসেই আমরা যখন পিতৃদেবের পিণ্ডাদি দানের কথা ভাবছিলাম তখন কাঞ্চনপার্শ্ব মৃগ দেখেছিলাম।

সীতা—না, না, আর্যপুত্র, ও-কথা আর বলো না।

রাম—ভয় পেয়ো না, ভয় পেয়ো না। সে-সময় আর নেই। (চারদিক থেকে) এ কি? কোথা থেকে লোধ্রকুসুমের মতো শুভ্র ধূলিকণা উড়ে আসছে, বায়ুতাড়িত হয়ে তা চারদিক আচ্ছন্ন করে দিচ্ছে। পটহের গম্ভীর ধ্বনিতে পরিবর্ধিত হয়ে শঙ্খধ্বনি এই বনকে নগরে পরিণত করছে।

(প্রবেশ করে)

লক্ষ্মণ—জয় হোক আর্যের! আর্য! তোমাকে দেখবার জন্যে উন্মুখ হয়ে বিশাল বাহিনী নিয়ে ভ্রাতৃ বৎসল ভরত মায়েদের সঙ্গে এসে পড়েছেন।

রাম—বৎস লক্ষ্মণ! তাই নাকি? ভরত এসেছে?

লক্ষ্মণ—হাঁ, আর্য।

রাম—সীতা, তোমার শ্বশ্রূমাতাদের সম্মুখস্থ ভরতকে দেখবার জন্যে তোমার নয়নদ্বয় প্রসারিত কর।

(তারপর মায়ের সঙ্গে ভরতের প্রবেশ)

ভরত—মেঘমুক্ত শরতের নির্মল চাঁদের মতো একের-পর-এক নানা সংকট থেকে সদ্যমুক্ত, আর্যা-সমন্বিত আমার গুরুকে দর্শনের জন্যে আজ আমি স্বজনদের নিয়ে হৃষ্টচিত্তে এখানে এসেছি।

রাম—মায়েরা ! তোমাদের প্রণাম করছি ।
সকলে—বৎস ! দীর্ঘজীবী হও । সৌভাগ্যক্রমে সম্পূর্ণ প্রতিজ্ঞা পালনের পর বধূর সঙ্গে তোমাকে কুশলে দেখে আমরা আনন্দিত হয়েছি ।
রাম—অনুগৃহীত হলাম ।
লক্ষ্মণ—মায়েরা, আমি প্রণাম করছি ।
সকলে—বৎস ! দীর্ঘজীবী হও ।
লক্ষ্মণ—অনুগৃহীত হলাম ।
সীতা—মায়েরা, আমি প্রণাম করছি ।
সকলে—বৎসে ! চিরকল্যাণময়ী হও ।
সীতা—অনুগৃহীত হলাম ।
ভরত—আর্য ! আমি ভরত, প্রণাম করছি !
রাম—এসো । এসো বৎস । মঙ্গল হোক, দীর্ঘজীবী হও । কপাটপুটের মতো তোমার বিশাল বক্ষ প্রসারিত কর । সুবিশাল বাহু দুটি দিয়ে আমাকে আলিঙ্গন কর । শরৎকালের চাঁদের মতো তোমার মুখখানি তোল, দুঃখদগ্ধ আমার এ-দেহকে আহ্লাদিত কর ।[০]
ভরত—অনুগৃহীত হলাম । আর্যে ! আমি ভরত, আপনাকে অভিবাদন করছি ।
সীতা—আর্যপুত্রের চিরসাথী হও ।
ভরত—অনুগৃহীত হলাম । আর্য, প্রণাম করছি ।
লক্ষ্মণ—এসো, এসো বৎস । দীর্ঘায়ু হও ! আমাকে গাঢ় আলিঙ্গন কর ।
ভরত—অনুগৃহীত হলাম । আর্য । রাজ্যভার গ্রহণ কর !
রাম—কেন বৎস ।
কৈকেয়ী—বৎস । এ আমাদের চিরদিনের বাসনা ।[১]

(তারপর শত্রুঘ্নের প্রবেশ)

শত্রুঘ্ন—নানা দুঃখে জর্জরিত হলেও যাঁর গুণ বা তেজ বিন্দুমাত্র ম্লান হয় নি সেই রাবণান্তক গুরুকে দেখবার জন্যে আমার মন অধীর হচ্ছে ।

(অগ্রসর হয়ে)

আর্য—আমি শত্রুঘ্ন অভিবাদন করছি ।
রাম—এসো, এসো বৎস ! তোমার মঙ্গল হোক, দীর্ঘজীবী হও ।
শত্রুঘ্ন—অনুগৃহীত হলাম । আর্য ! প্রণাম করি ।
লক্ষ্মণ—কল্যাণ হোক । দীর্ঘজীবী হও ।
শত্রুঘ্ন—অনুগৃহীত হলাম । আর্য ! (রামের প্রতি) বশিষ্ঠ ও বামদেব সমস্ত প্রজাদের সঙ্গে অভিষেক সম্ভার নিয়ে আপনার সঙ্গে দেখা করার জন্য উদ্‌গ্রীব হয়ে আছেন । মুনিরা আপনার শুভ কামনায় নানা নদ-নদীর তীর্থবারি স্বয়ং আহরণ করে এনেছেন । এখন তাঁরা জলসিক্ত পদ্মের মতো আপনার প্রথমাভিষিক্ত মুখখানি দেখতে চান ।
কৈকেয়ী—যাও বৎস ! অভিষেক গ্রহণ কর ।
রাম—মায়ের যা আদেশ । (প্রস্থান)

(নেপথ্যে)

আপনার জয় হোক। প্রভুর জয় হোক। মহারাজের জয় হোক। দেবের জয় হোক। জয় হোক ভদ্রমুখের। জয় হোক আর্যের, রাবণান্তক জয়ী হোন।

কৈকেয়ী—এই পুরোহিত ও কাঞ্চুকীয়েরা আমার পুত্রের বিজয় ঘোষণা করে আশীর্বাদে অভিনন্দিত করছেন।

সুমিত্রা—প্রজা, পরিচারক ও সজ্জনেরা আমার পুত্রের বিজয় ঘোষণা করছেন। (নেপথ্যে) জনস্থানবাসী তপস্বিগণ! আপনারা শুনুন। সূর্য যেমন রশ্মিদ্বারা অন্ধকার বিনাশ করেন, সেইরকম শত্রু থেকে জাত ঘোর সংকটকে শৌর্যে বিধ্বস্ত করে সর্বশুভলক্ষণা সীতাকে উদ্ধার করে সকলের নয়নাভিরাম রাম পৃথিবী জয় করলেন।

কৈকেয়ী—এই যে আমার পুত্রের বিজয় ঘোষণা ক্রমবর্ধমান!

(তারপর অভিষেকান্তে রামের সপরিবারে প্রবেশ)

রাম—(আকাশে দৃষ্টিপাত করে) হে তাত! আপনি স্বর্গে থেকে তৃপ্তি লাভ করুন, দৈন্য পরিহার করুন। আপনি আমার উপর যে কর্তব্যভার অর্পণ করেছিলেন তা পূর্ণ হয়েছে। এখন আমি পৃথিবীতে সৎকর্মের ভারবাহী রাজা হয়েছি, ধর্মত লোকরক্ষার দায়িত্ব স্বীকার করেছি।

ভরত—যিনি 'রাজা উপাধি লাভ করেছেন, যাঁর মাথায় রাজচ্ছত্র শোভিত' (মুকুট পরিধানে) শিরোদেশ সমুজ্জ্বল, যিনি তীর্থ বারিতে অভিষিক্ত ও রাজবিলাস প্রাপ্ত, প্রজাবন্দিত নবচন্দ্রের মতো সেই গুরুকে দেখে আমার কিছুতেই আশা মিটছে না।

শত্রুঘ্ন—আর্যের অভিষেকে আমাদের বংশ পাপ মুক্ত হয়ে চন্দ্রোদয়ে পৃথিবীর মতো পুনঃপ্রকাশিত হলো।

রাম—বৎস লক্ষ্মণ। আমি রাজ্যভার পেলাম।

লক্ষ্মণ—সৌভাগ্যবশত আপনার এই অভ্যুদয়!

(প্রবেশ করে)

কাঞ্চুকীয়—মহারাজের জয় হোক। মাননীয় বিভীষণ জানাচ্ছেন, এবং সুগ্রীব, মৈন্দ, জাম্ববান্, হনুমান প্রমুখ সকলে তাঁর অনুবর্তী হয়ে জানাচ্ছেন—সৌভাগ্যক্রমে আপনার এই অভ্যুদয়।

রাম—আমাকে যাঁরা সাহায্য করেছেন তাঁদের অনুগ্রহেই আমার এ-অভ্যুদয় এ-কথাই তাঁদের বলুন।

কাঞ্চুকীয়—মহারাজ যা আদেশ করেন।

কৈকেয়ী—আমি সত্যিই ধন্যা। এই অভ্যুদয় উৎসব আমি অযোধ্যায় দেখতে চাই।

রাম—তা নিশ্চয়ই দেখতে পাবেন। (অবলোকন করে) সমস্ত বনস্থলী যেন প্রভাত সূর্যের মতো উজ্জ্বল হয়ে উঠল। (চিন্তা করে) ওঃ বুঝেছি। রাবণের পুষ্পকবিমান আকাশে উপস্থিত হয়েছে। শপথ-অনুসারে এই বিমান স্মরণ করা মাত্রই উপস্থিত হবে। তাহলে সকলেই আরোহণ করুন।

(সকলে আরোহণ করলেন)

রাম—স্বজন ও বন্ধুদের সঙ্গে আজই অযোধ্যা নগরীতে যাব।

লক্ষ্মণ—উদয়াচলে তারাদের মধ্যে চাঁদের মতো প্রজারা আজই আপনার দর্শন লাভ করুন।

(ভরতবাক্য১)

রাম যেমন জানকী ও স্বজনদের সঙ্গে সমাগত হলেন সেইরকম রাজা লক্ষ্মীযুক্ত হয়ে পৃথিবী পালন করুন। (সকলের প্রস্থান)

সপ্তম অঙ্ক সমাপ্ত

মহাকবি ভাসকৃত প্রতিমানাটক সমাপ্ত।

প্রসঙ্গ কথা

স্থাপনা

প্রথম অঙ্ক

১. 'নান্দী' মানে কোন দেবতা, ব্রাহ্মণ বা কোন রাজার স্তুতি বা কোন আশীর্বচন। সংস্কৃত নাটকের আগে 'পূর্বরঙ্গ' নামে একটি অনুষ্ঠান হয়। নাটক নির্বিঘ্নে সম্পন্ন হোক এই কামনা নিয়েই এই অনুষ্ঠান। এই অনুষ্ঠানের পর সূত্রধার মঞ্চে প্রবেশ করে নান্দীপাঠ করেন। কিন্তু ভাসের নাটকে 'নান্দী' পূর্বরঙ্গেরই অংশ। সেটি হয়ে যাবার পর সূত্রধার এসে যে-শ্লোকটি পাঠ করেন তাকে মঙ্গল-শ্লোক বলা যেতে পারে।

সূত্রধারই নট-নেতা, তিনি নাটকটি উদ্বোধন করে দেন, তারপর তাব আর কোন ভূমিকা নেই। এই পরিভাষাটিতে অনেক পণ্ডিত প্রাচীন 'পুতুল-নাচের' আভাস পান। নাট্য-উদ্ভবের ইতিহাসে পুতুল-নাচের কোন ভূমিকা হয়তো ছিল বলেই তাঁদের ধারণা।

২. প্রথম শ্লোকটিতে শ্লেষ আছে। অধিকাংশ শব্দই দ্ব্যর্থক। যেমন 'সুগ্রীব-বামঃ' মানে 'সুন্দর গ্রীবাযুক্ত রাম', আবার 'সুগ্রীব সমন্বিত রাম' এর দুই অর্থই হতে পারে! এই শ্লোকটিতে নাটকীয় পাত্রপাত্রীর নামোল্লেখ করা হয়েছে এবং নাটকের পরিণতির ইঙ্গিতও করা হয়েছে। 'দেবীর সঙ্গে' কথাটিতে বিচ্ছেদের পর পুনর্মিলনের ইঙ্গিত আছে।

৩. 'প্রস্তাবনা' বা 'আমুখ'-কেই ভাস স্থাপনা' বলেছেন। এ হলো কৌশলে আসল নাট্যবস্তুর অবতারণা। অপ্রসঙ্গ থেকে আসার এটি একটি প্রাচীন নাট্যরীতি।

৪. দ্বারপালিকা।

৫. কাঞ্চুকী বা কাঞ্চুকীয় হচ্ছে নিষ্কাম সত্যপরায়ণ এবং জ্ঞানবিজ্ঞানে পাবদর্শী প্রবীণ রাজকর্মী।

> যে নিত্যং সত্যসম্পন্নাঃ কামদোষ বিবর্জিতাঃ।
> জ্ঞানবিজ্ঞানকুশলাঃ কাঞ্চুকীয়াস্তু তে মতাঃ ।।

৬. পুষ্পরথ বা মঙ্গলরথ।

৭. বোঝা যাচ্ছে, স্থায়ী নাট্যশালা ছিল এবং নানারকম নাটকের চর্চা হতো সেখানে, সময়োপযোগী নানা নাটক প্রস্তুত করা হতো অভিনয়ের জন্যে।

৮. 'ভর্ত্রী" শব্দটির প্রাকৃতরূপ 'ভট্টিনী' সংস্কৃতে গৃহীত হয়েছে মনে হয়। রাণীকে পরিচারিকাদি নিম্নশ্রেণীর পাত্রীরা এই বলেই সম্বোধন করত।

৯. 'নেপথ্য' মানে যেখানে নটনটীদের বেশ রচনা হয়, বা তাদের সাজান হয়। সেই নেপথ্যের তত্ত্বাবধানের ভার যাঁর উপর তিনিই নেপথ্যপালিকা।

১০. মনে পড়বে—

কিমিব হি মধুরাণাং মণ্ডনং নাকৃতীনাম্ । (শকুন্তলা)

১১. চেটী—পরিচারিকা । লক্ষণীয়ঃ পরিচারিকার মুখেও বুদ্ধিদীপ্ত সুন্দর সংলাপ ।

১৩ কিন্তু এতক্ষণ কি রাম লক্ষ্যই করেন নি যে সীতার পরণে বল্কল ?

১৪. স্বল্পতম পরিসরে তীব্র আবেগ সৃষ্টির ক্ষমতা লক্ষ্যণীয় ।

১৫. 'শিরঃস্থানানি' নিয়ে অনেকেরই শিরঃপীড়া । কেউ বলেন প্রধান ভবনগুলি কেউ বলেন এটির অর্থ 'রম্য উদ্যান' ।

দ্বিতীয় অঙ্ক

১ উপমা ভাসস্য !

তৃতীয় অঙ্ক

১. ভট—প্রহরী ।

১. 'রথগতি'র বর্ণনা । 'অভিজ্ঞান শকুন্তলম্' নাটকের রথগতিকে স্মরণ করিয়ে দেবে ।

২. কৃত্তিকানক্ষত্রের কালে নগর প্রবেশ অপ্রশস্ত । কৃত্তিকার অনুবর্তন করবে রোহিণী । যাত্রা বা পুরপ্রবেশের জন্যে এই নক্ষত্রটি শুভ ।

৩. ভাসের নিজস্ব উদ্ভাবনা ।

৪. ইক্ষ্বাকুবংশীদের এই ক্রম রামায়ণ বিরোধী, তবে কালিদাস এই ক্রমই গ্রহণ করেছেন ।

৫. মনে পড়বে শকুন্তলার— হৃদয় ভব সাভিলাষম্' (শকুন্তলা)

চতুর্থ অঙ্ক

১. প্রবেশকঃ—প্রবেশক অতীত ঘটনা ও ভবিষ্যৎ ঘটনার সংযোজক (Interlude) নিম্নশ্রেণীর পাত্রের কথোপকথন থাকে প্রবেশকে ।

প্রবেশকোঽনুদাত্তোক্ত্যা নীচপাত্রপ্রযোজিতঃ ।
অঙ্কদ্বয়ান্তর্বিজ্ঞেয়ঃ শেষো বিষ্কম্ভকে যথা (সাহিত্য দর্পণ)

পঞ্চম অঙ্ক

১. মনে পড়বে অভিজ্ঞান শকুন্তলার সেই অংশটির কথা যেখানে শকুন্তলাকে জলসেচনে নিযুক্ত দেখে দুষ্মন্ত বলেছিলেন, ঋষির পক্ষে এ-যেন নীলোৎপলের পাতা দিয়ে শমীলতা ছেদন করার মতো ।

২. যথার্থ মন্ত্রোচ্চারণ যুক্ত না হলে ঘৃতাহুতি সফল হয় না, তা দেবভোগ্য না হয়ে রাক্ষসভোগ্য হয় ।

৩. অরুন্ধতী ঋষি বশিষ্ঠের পত্নী, পতিব্রতাদের অগ্রগণ্যা।
'তুলনীয়ঃ দদর্শ বশিষ্ঠমন্বাসিতমরুন্ধত্যা'। (রঘু—১ম) সীতা যে পরম শ্রদ্ধেয়া দুষ্কৃতকারী রাবণ সে-সম্বন্ধে কিন্তু সম্পূর্ণ সচেতন।

৪ বার্ধ্রানস—এক রকমের পাখি; তাদের ঘাড় নীল, মাথা লাল, পা কালো এবং পাখনা সাদা রঙের হয়ে থাকে। শ্রাদ্ধে দেয় বস্তুর মধ্যে তাদের মাংসও অন্যতম; পিতৃপুরুষগণ এতে তৃপ্তিলাভ করেন। শব্দটি অপ্রচলিত।

৫. পুত্রতুল্য হরিণ ও তরুদের কাছ থেকে বিদায় নাও—এই পঙ্ক্তিটি অভিজ্ঞান শকুন্তলমের চতুর্থ অঙ্কের অংশবিশেষ স্মরণ করিয়ে দেবে। যে অংশের রবীন্দ্রনাথকৃত অনুবাদ, ইঙ্গুদীর তৈল দিতে কুশক্ষত হলে মুখ যার এই মৃগ পুত্র সে তোমার।
আর কণ্বমুনিও গাছগুলোর সঙ্গে শকুন্তলার অচ্ছেদ্য স্নেহসম্বন্ধ স্মরণ করে তাদেরই সম্বোধন করে শকুন্তলাকে বিদায় দিতে বলেছেন।

৬. ক্রৌঞ্চ পর্বত মৈনাকের পুত্র, হিমালয়ের পৌত্র। পুরাণে আছে, পরশুরাম ও কার্তিকেয় এই পর্বত বিদীর্ণ করেন। কার্তিকেয় ধনুর্বিদ্যার প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান করলে পরশুরাম বাণাঘাতে ক্রৌঞ্চপর্বত বিদীর্ণ করেন।
তুলনীয় মেঘদূত, পূর্বমেঘ—৫৯

ষষ্ঠ অঙ্ক

১. বিষ্কম্ভকঃ

> বৃত্তবর্তিষ্যমাণানাং কথাংশানাং নিদর্শকঃ
> সংক্ষিপ্তার্থস্তু বিষ্কম্ভ আদাবঙ্কস্য দর্শিতঃ।
> মধ্যেন মধ্যমাভ্যাং বা পাত্রাভ্যাং সম্প্রযোজিতঃ।
> শুদ্ধঃ স্যাৎ স তু সঙ্কীর্ণো নীচমধ্যমকল্পিতঃ।

যা ঘটেছে এবং যা ঘটতে চলেছে তার নির্দেশক হিসেবে অঙ্কের শুরুতে সংক্ষেপে যে বিশেষ সংলাপাংশ ব্যবহৃত হয় তার নাম বিষ্কম্ভক। মধ্যম পাত্রের মধ্যে সংলাপ থাকলে তাকে শুধু বিষ্কম্ভক বলে, আর মধ্যম ও নীচ পাত্রের মধ্যে সংলাপ থাকলে তাকে সঙ্কীর্ণ বা মিশ্র বিষ্কম্ভক বলে। এই বিষ্কম্ভকটিকে আমরা শুদ্ধ বিষ্কম্ভক বলতে পারি।
'বিষ্কম্ভক' কথাটির ব্যুৎপত্তিগত অর্থ সংযোজক।

২. যে ভরত মাতৃ-ভর্ৎসনা করেছিলেন তীব্র ভাষায় তিনিই এখন অনুতপ্ত ও ক্ষমাপ্রার্থী। রামায়ণ থেকে এটি একটি বিচ্যুতি। কবি কৈকেয়ীকে মহনীয়া করে তুললেন। প্রতিমানাটক প্রসঙ্গে এটি বিশেষভাবে উল্লেখযোগ্য।

সপ্তম অঙ্ক

১. কবির কৌতুকরস সৃষ্টির প্রয়াস লক্ষণীয়।

২. অর্থাৎ বিভীষণ তাদের নিশ্চয় বুঝিয়ে বললেন—'দেখ এঁরা তপস্বী, যা পারেন তাই খাওয়াবেন, তোমরা কিন্তু বেশি কিছু আশা করো না, না হয় একটু কম-সম করেই খেও।'

[কোন-কোন টীকাকার 'তে খলু খাদন্তি'-র অর্থ করেছেন তারা কিন্তু মানুষ খায়। সে-ক্ষেত্রে এই অর্থ হবে—'মানুষ খাওয়ার প্রশ্নই ওঠে না, কারণ এরা বিভীষণের অনুগত অর্থাৎ আমাদের বন্ধুস্থানীয়।']

৩. এটি মিশ্র বিষ্কম্ভক, কারণ সংলাপ এখানে মধ্যমপাত্র তাপস এবং নীচপাত্র নন্দিলকের মধ্যে।

৪. এই শ্লোকটি পুনরাবৃত্ত। (দ্রষ্টব্য—চতুর্থ অঙ্কের ১৬ সংখ্যক শ্লোক)।

৫. রামায়ণ-অভ্যস্ত কানে কৈকেয়ীর মুখে এ-কথা শুনে আমরা চমকে উঠব। কিন্তু ভাস কৈকেয়ীকে মহনীয় চরিত্র করেই দেখাতে চেয়েছেন, তাই এই উক্তি তিনি দিয়েছেন কৈকেয়ীর মুখে।

৬. ভরত-বাক্যকে নাটকের উপসংহার-বাক্য বলা যেতে পারে। যেখানে নাটকীয় পাত্রপাত্রীদের কথা শেষ হচ্ছে তারপরেই একটি শ্লোকে কোন শুভকামনা জানান হয়। যে-নট নাটক শুরু করেছিলেন প্রস্তাবনা অংশে সেই নটই উচ্চারণ করবেন। ভরত-বাক্য আসলে নট-বাক্য। কিন্তু 'নট' কি করে 'ভরত' পদবাচ্য হবে? ভরত নাট্যশাস্ত্র প্রণেতা, তাই প্রধান নট তাঁরই নামে হয়তো চিহ্নিত হয়েছেন।

'অভিজ্ঞান শকুন্তলম্' নাটকের ভরত-বাক্যের টীকা প্রসঙ্গে রাঘবভট্ট বলছেন : 'বরপ্রদানসম্প্রাপ্তিঃ কাব্যসংহার ইতি ভরতবাক্যং নটবাক্যম্। নাটকাভিনয়-সমাপ্তৌ সামাজিকেভ্যো নটেন আশীর্দীয়তে।'

প্রতিমানাটকম্

অথ প্রথমোঽঙ্কঃ

(নান্দ্যন্তে ততঃ প্রবিশতি সূত্রধারঃ)

সূত্রধারঃ—সীতাভবঃ পাতু সুমন্ত্রতুষ্টঃ সুগ্রীবরামঃ সহলক্ষ্মণশ্চ।
যো রাবণার্যপ্রতিমশ্চ দেব্যা বিভীষণাত্মা ভরতোঽনুসর্গম্ ॥ ১ ॥

(নেপথ্যাভিমুখমবলোক্য)

আর্যে—ইতস্তাবৎ।

(প্রবিশ্য)

নটী -অয্য ! ইয়হ্মি। [আর্য ! ইয়মস্মি]

সূত্রধারঃ—আর্যে ! ইমমেবেদানীং শরৎকালমধিকৃত্য গীযতাং তাবৎ !

নটী—অয্য ! তহ। (গাযতি) আর্য। তথা।]

সূত্রধারঃ—অস্মিন্ হি কালে
চরতি পুলিনেষু হংসী কাশাংশুকবাসিনী সুসংহৃষ্টা

(নেপথ্যে)

অয্য ! অয্য ! [আর্য ! আর্য !]

(আকর্ণ্য)

সূত্রধারঃ—ভবতু, বিজ্ঞাতম্।
মুদিতা নরেন্দ্রভবনে ত্বরিতা প্রতিহাররক্ষীব ॥ (নিষ্ক্রান্তৌ)

স্থাপনা

প্রবিশ্য

নটী—অয্য ইয়হ্মি। [আর্য ! ইযমস্মি]

প্রতিহারী—অয্য ! কো ইহ কঞ্চুইআণং সণ্ণিহিদো। [আর্য ! ক ইহ কাঞ্চুকীয়নাং সন্নিহিতঃ]

প্রবিশ্য

কাঞ্চুকীয়ঃ—ভবতি অয়মস্মি। কিং ক্রিয়তাম্ ?

প্রতিহারী—অয্য ! মহারাও দেবাসুরসংগমেসু অপ্পডিহদমহারহো দসরহো—আণবেদি দিগ্ঘং ভট্টিদারঅস্স রামস্স রজ্জপহাব সঞ্জোঅকারআ অহি সেঅসম্ভারা আণীঅন্তু ত্তি। [আর্য ! মহারাজো দেবাসুর সংগ্রামেষ্ব-প্রতিহতমহারথো দশরথ আজ্ঞাপয়তি—শীঘ্রং ভর্তৃদারকস্য রামস্য রাজ্যপ্রভাবসংযোগকারকা অভিষেকসম্ভারা আনীয়ন্তামিতি।]

কাঞ্চুকীয়ঃ—ভবতি। যদাজ্ঞপ্তং মহারাজেন, তৎ সর্বং সংকল্পিতম্। পশ্য—
ছত্রং সব্যজনং সনন্দিপটহম্ ভদ্রাসনং কল্পিতং,
ন্যস্তা হেমময়াঃ সদর্ভকুসুমাস্তীর্থাম্বুপূর্ণা ঘটাঃ।
যুক্তঃ পুষ্যরথশ্চ মন্ত্রিসহিতাঃ পৌরাঃ সমভ্যাগতাঃ
সর্বস্যাস্য হি মঙ্গলং স ভগবান্ বেদ্যাং বশিষ্ঠঃ স্থিতঃ ॥ ২ ॥

প্রতিহারী—জই এব্বং, সোহণং কিদং। [যদ্যেবং, শোভনং কৃতম্]

কাঞ্চুকীয়ঃ—হন্ত ভোঃ।

ইদানীং ভূমিপালেন কৃতকৃত্যাঃ কৃতাঃ প্রজাঃ।
সীতা—অয্যউত্ত ! পরিত্তাআহি পরিত্তাআহি ! সোমিত্তে ! পরিত্তআহি মং ।
[আর্যপুত্র ! পরিত্রায়স্ব পরিত্রায়স্ব । সৌমিত্রে ! পরিত্রায়স্ব পরিত্রায়স্ব মাম্ ।]
রাবণঃ—রামং বা শরণমুপেহি লক্ষ্মণং বা

স্বর্গস্থং দশরথমেব বা নরেন্দ্রম্ ।
কিং বা স্যাৎ কুপুরুষসংশ্রিতৈর্বচোভি-
র্ন ব্যাঘ্রং মৃগশিশবঃ প্রধর্ষয়ন্তি ।। ১৮ ।।

সীতা—অয্যউত্ত ! পরিত্তআহি পরিত্তাআহি । সোমিত্তী । পরিত্তআহি পরিত্তআহি মং । [আর্যপুত্র ! পরিত্রায়স্ব পরিত্রায়স্ব । সৌমিত্রে ! পরিত্রায়স্ব পবিত্রায়স্ব মাম্ ।]
রাবণঃ—বিসর্পসি কিমিদং বিশালনেত্রে !

বিগণয় মাং চ যথা তবার্যপুত্রম্ ।
বিপুলবলযুতো ময়ৈষ যোদ্ধুং
সসুরগণোঽপ্যসমর্থ এব রামঃ ।। ১৯ ।।

সীতা—(সরোষম্) সত্তো সি ! [শপ্তোঽসি ।]
রাবণঃ—অহহ । অহো পতিব্রতায়াস্তেজঃ ।

যোঽহমুৎপতিতো বেগান্ন দগ্ধঃ সূর্যরশ্মিভিঃ ।
অস্যাঃ পরিমিতৈর্দগ্ধঃ শপ্তোঽসীত্যেভিরক্ষরৈঃ ।। ২০ ।।

সীতা—অয্যউত্ত ! পরিত্তাআহি পরিত্তাআহি [আর্যপুত্র ! পরিত্রায়স্ব পরিত্রায়স্ব ।]
রাবণঃ—(সীতাং গৃহীত্বা) ভো ভো ! জনস্থানবাসিনস্তপস্বিনঃ ! শৃণ্বন্তু ভবন্তঃ ।

বলাদেষ দশগ্রীবঃ সীতামাদায় গচ্ছতি ।
ক্ষাত্রধর্মে যদি স্নিগ্ধঃ কুর্যাদ্ রামঃ পরাক্রমম্ ॥ ২১ ॥

সীতা—অয্যউত্ত পরিত্তাআহি পরিত্তাআহি । [আর্যপুত্র ! পরিত্রায়স্ব পরিত্রায়স্ব ।]
রাবণঃ—(পরিক্রামন্ বিলোক্য) অয়ে স্বপক্ষপবনোৎক্ষেপক্ষুভিতবনষণ্ডশ্চণ্ডতুণ্ডর-ভিধাবত্যেষ জটায়ুঃ) আঃ । তিষ্ঠেদানীম্ ।

মদ্ভুজাকৃষ্টনিস্ত্রিংশ কৃত্তপক্ষক্ষতচ্যুতৈঃ ।
রুধিরৈরার্দ্রগাত্রং ত্বাং নয়ামি যমসাদনম্ ॥ ২২ ॥

(নিষ্ক্রান্তাঃ সর্বে)

॥ ইতি পঞ্চমোঽঙ্কঃ ॥

অথ ষষ্ঠোঽঙ্কঃ

(ততঃ প্রবিশতো বৃদ্ধতাপসৌ)

উভৌ—পরিত্রায়তাং পরিত্রায়তাং ভবন্তঃ !
প্রথমঃ—ইয়ং হি নীলোৎপলদামবর্চসা মৃণালশুক্লোজ্জ্বলদংষ্ট্রহাসিনা ।
নিশাচরেন্দ্রেণ নিশার্ধচারিণা মৃগীব সীতা পরিভূয় নীয়তে । ১ ॥

দ্বিতীয়ঃ—এষা খলু তত্রভবতী বৈদেহী,
বিচেষ্টমানেব ভুজঙ্গমাঙ্গনা বিধূয়মানেব চ পুষ্পিতা লতা ।
প্রসহ্য পাপেন দশাননেন সা তপোবনাৎ সিদ্ধিরিবাপনীয়তে । ২ ॥

উভৌ—পরিত্রায়তাং পরিত্রায়তাং ভবন্তঃ !
প্রথমঃ—উর্ধ্বমবলোক্য ! অয়ে ! বচনসমকাল এব দশরথস্যানৃণ্যং কর্তুং 'মায়ি স্থিতে ক্ব যাস্যসীতি রাবণমাহূয়ান্তরিক্ষমুৎপতিতো জটায়ুঃ ।
দ্বিতীয়ঃ—এষ রোষাদুদ্ধৃতনয়নঃ প্রতিনিবৃত্তো রাবণঃ ।
প্রথমঃ—এষ রাবণঃ
দ্বিতীয়ঃ—এষ জটায়ুঃ ।
উভৌ—হন্তেতদন্তরিক্ষে প্রবৃত্তং যুদ্ধম্ ।
প্রথমঃ—কাশ্যপ ! কাশ্যপ ! পশ্য ক্রব্যাদীশ্বরস্য সামর্থ্যম্ !

পক্ষাভ্যাং পরিভূয় বীর্যবিষয়ং দ্বন্দ্বং প্রতিব্যূহতে
তুণ্ডাভ্যাং সুনিঘৃষ্টতীক্ষ্ণমচলঃ সংবেষ্টনং চেষ্টতে ।
তীক্ষ্ণৈ রায়সকণ্টকৈরিব নখৈর্ভীমান্তরং বক্ষসো
বজ্রাগ্রৈরিব দার্যমাণবিষমাচ্ছৈলাচ্ছিলা পাট্যতে ॥ ৩ ॥

দ্বিতীয়ঃ—হন্ত ! সংক্রুদ্ধেন রাবণেনাসিনা ক্রব্যাদীশ্বরঃ স দক্ষিণাংসদেশে হতঃ ।

উভৌ—হা ধিক্। পতিতোঽত্রভবান্ জটায়ুঃ—

কৃত্বা স্ববীর্যসদৃশং পরমং প্রযত্নং
ক্রীড়াময়ূরমিব শত্রুমচিন্তয়িত্বা।
দীপ্তং নিশাচরপতেরবধূয় তেজো
নাগেন্দ্রভগ্নবনবৃক্ষ ইবাবসন্নঃ ॥ ৪ ॥

উভৌ—স্বর্গোঽস্ত্বস্তু।

প্রথমঃ—কাশ্যপ! আগম্যতাম্। ইমং বৃত্তান্তং তত্রভবতে রাঘবায় নিবেদয়িষ্যাবঃ।

দ্বিতীয়ঃ—বাঢ়ম্। প্রথমঃ কল্পঃ। (নিষ্ক্রান্তৌ)

॥ বিষ্কম্ভকঃ ॥

(ততঃ প্রবিশতি কাঞ্চুকীয়ঃ)

কাঞ্চুকীয়ঃ—ক ইহ ভোঃ কাঞ্চনতোরণদ্বারমশূন্যং কুরুতে?

(প্রবিশ্য)

প্রতিহারী—অয্য! অহং বিজয়া। কিং করীয়দু? [আর্য! অহং বিজয়া! কিং ক্রিয়তাম্?]

কাঞ্চুকীয়ঃ—বিজয়ে! নিবেদ্যতাং নিবেদ্যতাং ভরতকুমারায়—এষ খলু রামদর্শনার্থং জনস্থানং প্রস্থিতঃ প্রতিনিবৃত্তস্তত্রভবান্ সুমন্ত্র ইতি।

প্রতিহারী—অয্য! অবি কিদত্থো তাদসুমন্তো আঅদো?
[আর্য। অপি কৃতার্থস্তাতসুমন্ত্র আগতঃ?]

কাঞ্চুকীয়ঃ—ভবতি! ন জানে।

হৃদয়স্থিতশোকাগ্নিশোষিতাননমাগতম্।
দৃষ্ট্বৈবাকুলমাসীন্মে সুমন্ত্রমধুনা মনঃ ॥ ৫ ॥

প্রতিহারী—অয্য! এদং সুণিঅ পয্যাউলং বিঅ মে হিঅঅং। [আর্য এতচ্ছ্রুত্বা পর্যাকুলমিব মে হৃদয়ম্।]

কাঞ্চুকীয়ঃ—ভবতি। কিমিদানীং স্থিতা? শীঘ্রং নিবেদ্যতাম্।

প্রতিহারী—অয্য! ইঅং ণিবেদেমি [আর্য! ইয়ং নিবেদয়ামি]

(নিষ্ক্রান্তা)

কাঞ্চুকীয়ঃ—(বিলোক্য) অয়ে! অয়মত্রভবান্ ভরতকুমারঃ সুমন্ত্রাগমনজনিতকৌতূহলহৃদয়শ্চীরবল্কলবসনশ্চিত্রজটাপুঞ্জপিঞ্জরিতোত্তমাঙ্গ ইত এবাভিবর্ততে। য এষঃ—

প্রখ্যাতসদ্‌গুণগণঃ প্রতিপক্ষকাল—
স্তিগ্মাংশুবংশতিলকস্ত্রিদশেন্দ্রকল্পঃ।
আজ্ঞাবশাদখিলভূপরিরক্ষণস্থঃ
শ্রীমানুদারকলভেভসমানযানঃ ॥ ৬ ॥

(ততঃ প্রবিশতি ভরতঃ প্রতিহারী চ ।)

ভরতঃ—বিজয়ে । এবমুপগতস্তত্রভবান্ সুমন্ত্রঃ ?

গত্বা তু পূর্বমমমার্যনিরীক্ষণার্থং
লব্ধপ্রসাদশপথে ময়ি সন্নিবৃত্তে ।
দৃষ্টবা কিমাগত ইহাত্রভবান্ সুমন্ত্রো
রামং প্রজানয়নবন্ধিমনোভিরামম্ ॥ ৭ ॥

কাঞ্চুকীয়ঃ—(উপগম্য) জয়তু কুমারঃ ।

ভরতঃ—অথ কস্মিন্ প্রদেশে বর্ততে তত্রভবান্ সুমন্ত্রঃ ।

কাঞ্চুকীয়ঃ—অসৌ কাঞ্চনতোরণদ্বারে ।

ভরতঃ—তেন হি শীঘ্রং প্রবেশ্যতাম্ !

কাঞ্চুকীয়ঃ—যদাজ্ঞাপয়তি কুমারঃ (নিষ্ক্রান্তৌ)

(ততঃ প্রবিশতি সুমন্ত্রঃ প্রতিহারী চ)

সুমন্ত্রঃ—(সশোকম্) কষ্টং ভোঃ ! কষ্টম্ !

নরপতিনিধনং ময়ানুভূতং নৃপতিসুতব্যসনং ময়ৈব দৃষ্টম্ ।
শ্রুত ইহ স চ মৈথিলীপ্রণাশো গুণ ইব বহুপরাদ্ধমায়ুষা মে ॥ ৮ ॥

প্রতিহারী—(সুমন্ত্রমুদ্দিশ্য) এদু এদু অয্যো । এসো ভট্টা । উপসপ্পদু অয্যো । [এত্বেত্বার্যঃ । এষ ভর্তা । উপসর্পত্বার্যঃ]

সুমন্ত্রঃ—(উপসৃত্য) জয়তু কুমারঃ ।

ভরতঃ—তাত ! অপি দৃষ্টস্ত্বয়া লোকাবিষ্কৃতপিতৃস্নেহঃ ? অপি দৃষ্টং দ্বিধাভূতমরুন্ধতীচারিত্রম্ ? অপি দৃষ্টং ত্বয়া নিষ্কারণাবহিতবনবাসং সৌভ্রাত্রম্ ?

(সুমন্ত্র সচিন্তস্তিষ্ঠতি)

প্রতিহারী—ভট্টিদারও খু অয্যং পুচ্ছদি । [ভর্তৃদারকঃ খল্বার্যং পৃচ্ছতি]

সুমন্ত্রঃ—ভবতি কিং মাম্ ?

ভরতঃ—(স্বগতম্) অতিমহান্ খল্বায়াসঃ । সন্তাপাদ্ ভ্রষ্টহৃদয়ঃ । (প্রকাশম্) অপি মার্গাৎ প্রতিনিবৃত্তস্তত্রভবান্ ?

সুমন্ত্রঃ—কুমার ! ত্বন্নিযোগাদ্ রামদর্শনার্থং জনস্থানং প্রস্থিতঃ কথমহন্ত্বয়া প্রতিনিবর্তিষ্যে ?

ভরতঃ—কিন্নু খলু ক্রোধেন বা লজ্জয়া বাত্মানং ন দর্শয়ন্তি ?

সুমন্ত্রঃ—কুমার !

কুতঃ ক্রোধো বিনীতানাং লজ্জা বা কৃতচেতসাম্ ?
ময়া দৃষ্টং তু তচ্ছূন্যং তৈর্বিহীনং তপোবনম্ ॥ ৯ ॥

ভরতঃ—অথ ক্বগতা ইতি শ্রুতাঃ ?

সুমন্ত্রঃ—অস্তি কিল কিষ্কিন্ধ্যা নাম বনৌকসাং নিবাসঃ । তত্র গতা ইতি শ্রুতাঃ ।

ভরতঃ—হন্ত ! অবিজ্ঞাতপুরুষবিশেষাঃ খলু বানরাঃ । দুঃখিতাঃ প্রতিবসন্তি ।

সুমন্ত্রঃ—কুমার ! তির্যগযোনয়োঽপ্যুপকৃতমবগচ্ছন্তি ।

ভরতঃ—তাত ! কথমিব ?

সুমন্ত্র—সুগ্রীবো ভ্রংশিতো রাজ্যাদ্ ভ্রাত্রা জ্যেষ্ঠেন বালিনা।
হৃতদারো বসন্ শৈলে তুল্যদুঃখেন মোক্ষিতঃ ॥ ১০ ॥

ভরতঃ—তাত! কথং তুল্যদুঃখেন নাম।

সুমন্ত্রঃ—(আত্মগতম্) হন্ত! সর্বমুক্তমেব ময়া। (প্রকাশম্) কুমার! ন খলু কিঞ্চিৎ। ঐশ্বর্যভ্রংশতুল্যতা মমাভিপ্রেতা।

ভরতঃ—তাত! কিং গূহসে? স্বর্গং গতেন মহারাজপাদমূলেন শাপিতঃ স্যাঃ, যদি সত্যং ন ব্রূয়াঃ।

সুমন্ত্রঃ—কা গতিঃ! শ্রূয়তাম্,—

বৈরং মুনিজনস্যার্থে রক্ষসা মহতা কৃতম্।
সীতা মায়ামুপাশ্রিত্য রাবণেন ততো হৃতা ॥ ১১ ॥

ভরতঃ—কথং হৃতেতি! (মোহমুপগতঃ)

সুমন্ত্রঃ—সমাশ্বসিহি সমশ্বসিহি।

ভরতঃ—(পুনঃ সমাশ্বস্য) ভোঃ! কষ্টম্।

পিত্রা চ বান্ধবজনেন চ বিপ্রযুক্তো দুঃখং মহৎ সমনুভূয় বনপ্রদেশে।
ভার্যাবিয়োগমুপলভ্য পুনর্মমার্যো! জ্যোতিশ্চন্দ্র ইব খে প্রভয়া বিযুক্তঃ ॥ ১২ ॥

ভোঃ! কিমিদানীং করিষ্যে? ভবতু দৃষ্টম্। অনুগচ্ছতু মাং তাতঃ।

সুমন্ত্রঃ—যদাজ্ঞাপয়তি কুমারঃ।

(উভৌ পরিক্রামতঃ)

সুমন্ত্রঃ—কুমার! ন খলু ন খলু গন্তব্যম্। দেবীনাং চতুঃশালমিদম্।

ভরতঃ—অত্রৈব মে কার্যম্। ভোঃ ক ইহ প্রতিহারে?

(প্রবিশ্য)

প্রতিহারী—জেদু ভট্টিদারও! বিজয়া খু অহং। [জয়তু ভর্তৃদারকঃ! বিজয়া খল্বহম্।]

ভরতঃ—বিজয়ে! মমাগমনং নিবেদয়াম্ভবত্যৈ।

প্রতিহারী—কদমাএ ভট্টিণীএ ণিবেদেমি? [কতমস্যৈ ভট্টিন্যৈ নিবেদয়ামি?]

ভরতঃ—যা মাং ব্যাজানমিচ্ছতি।

প্রতিহারী—(আত্মগতম্) হং কিং ণু খু ভবে। (প্রকাশম্) ভট্টা! তহ। [হং কিং নু খলু ভবেৎ। (প্রকাশম্) ভর্তঃ! তথা।] (নিষ্ক্রান্তা)

(ততঃ প্রবিশতি কৈকেয়ী প্রতিহারী চ)

কৈকেয়ী—বিজএ! মং পেক্খিদুং ভরদো আঅদো? [বিজয়ে! মাং প্রেক্ষিতুং ভরত আগতঃ?]

প্রতিহারী—ভট্টিণি! তহ। ভট্টিদারঅস্য রামস্স সআসাদো তাদ সুমন্তো আঅদো তেণ সহ ভট্টিদারও ভরদো ভট্টিণিং পেক্খিদুং ইচ্ছদি কিল। [ভট্টিনি! তথা। ভর্তৃদারকস্য রামস্য সকাশাৎ তাত সুমন্ত্র আগতঃ। তেন সহ ভর্তৃদারকো ভরতো ভট্টিনীং প্রেক্ষিতুমিচ্ছতি কিল।]

কৈকেয়ী—(স্বগতম্) কেণ খু উগ্ঘাদেণ মং উবালম্ভিস্সদি ভরদো। [কেন খলূদ্ঘাতেন মামুপালপ্সতে ভরতঃ।]

প্রতিহারী—ভট্টিণি। কিং পবিসদু ভট্টিদারও ? [ভট্টিনি। কিং প্রবিশতি ভর্তৃদারকঃ ?]
কৈকেয়ী—গচ্ছ। পবেসেহি ণং। গচ্ছ। প্রবেশয়ৈনম্।]
প্রতিহারী—ভট্টিণি। তহ। (পরিক্রম্যোপসৃত্য) জেদু ভট্টিদারও। পবিসদু কিল। [ভট্টিনি। তথা। জয়তু ভর্তৃদারকঃ। প্রবিশতু কিল।]
ভরতঃ—বিজয়ে! কিং নিবেদিতম্ ?
প্রতিহারী—আম্। [আম্।]
ভরতঃ—তেন হি প্রবিশাবঃ। (প্রবিশতঃ)
কৈকেয়ী—জাদ! বিঅআ মন্তেদি—রামস্স সআসাদো সুমন্তো আঅদত্তি। [জাত! বিজয়া মন্ত্রয়তে—রামস্য সকাশাৎ সুমন্ত্র আগত ইতি।]
ভরতঃ—অতঃপরং প্রিয়ং নিবেদয়াম্যত্রভবত্যৈ।
কৈকেয়ী—জাদ! অবি কোসল্লা সুমিত্তা অ সদ্দাবইদব্বা। [জাত! অপি কৌশল্যা সুমিত্রা চ শব্দাপয়িতব্যা ?]
ভরতঃ—ন খলু তাভ্যাং শ্রোতব্যম্।
কৈকেয়ী—(আত্মগতম্) হং কিং ণু হু ভবে। (প্রকাশম্) ভণাহি জাদ! [হং কিং নু খলু ভবেৎ। ভণ জাত।]
ভরতঃ—শ্রূয়তাম্—

যঃ স্বরাজ্যং পরিত্যজ্য ত্বন্নিয়োগাদ্ বনং গতঃ।
তস্য ভার্যা হৃতা সীতা পর্যাপ্তস্তে মনোরথঃ॥ ১৩॥

কৈকেয়ী—হম্।
ভরতঃ—

হন্ত ভোঃ! সত্ত্বযুক্তানামিক্ষ্বাকূণাং মনস্বিনাম্।
বধূপ্রধর্ষণং প্রাপ্তং প্রাপ্যাত্রভবতীং বধূম্॥ ১৪॥

কৈকেয়ী—(আত্মগতম্) ভোদু, দাণি কালো কহেউং। (প্রকাশম্) জাদ! তুবং ণ আণাসি মহারাঅস্স সাবং ? [ভবতু, ইদানীং কালঃ কথয়িতুম্। জাত! ত্বং ন জানাসি মহারাজস্য শাপম্ ?]
ভরতঃ—কিং শপ্তো মহারাজঃ।
কৈকেয়ী—সুমন্ত! আঅক্খ বিত্থরেণ। [সুমন্ত্র! আচক্ষ্ব বিস্তরেণ]
সুমন্ত্রঃ—যদাজ্ঞাপয়তি ভবতী। কুমার! শ্রূয়তাম্—পুরা মৃগয়াং গতেন মহারাজেন কস্মিংশ্চিৎ সরসি কলসং পূরয়মাণো বনগজবৃংহিতানুকারিশব্দসমুৎপন্নবনগজশঙ্কয়া শব্দবেধিনা শরেণ বিপন্নচক্ষুষী মহর্ষেশ্চক্ষুর্ভূতো মুনিতনয়োহিংসিতঃ।
ভরতঃ—হিংসিত ইতি ? শান্তং পাপং শান্তং শাপম্। ততস্ততঃ ?
সুমন্ত্রঃ—ততস্তমেব গতং দৃষ্ট্বা—

তেনোক্তং রুদিস্যান্তে মুনিনা সত্যভাষিণা।
যথাহং ভোক্তমপ্যেবং পুত্রশোকাদ্ বিপৎস্যতে॥ ১৫॥

ভরতঃ—নির্বিদং কষ্টং নাম!
কৈকেয়ী—জাদ! এদাণিমিত্তং অবরাহে মং নিক্খিবিঅ পুত্তও রামো বণং পেসিদো,

গহ্ রজ্জ লোহেণ। অপরিহরণীও মহরিসিসাবো পুত্তবিপ্পবাসং বিণা ণ হোই। [জাত। এতন্নিমিত্তমপরাধে মাং নিক্ষিপ্য পুত্রকো রামো বনং প্রেষিতঃ, ন খলু রাজ্যলোভেন। অপরিহরণীয়ো মহর্ষিশাপঃ পুত্রবিপ্রবাসং বিনা ন ভবতি।]

ভরতঃ—অথ তুল্যো পুত্রবিপ্রবাসে কথমহমরণ্যং ন প্রেষিতঃ ?

কৈকেয়ী—জাদ। মাদুলকুলে বত্তমাণস্স পইদীহ্দো দে বিপ্পবাসো। [জাত। মাতুলকুলে বর্তমানস্য প্রকৃতিভূতস্তে বিপ্রবাসঃ।]

ভরতঃ—অথ চতুর্দশবর্ষাণি কিং কারণমবেক্ষিতানি ?

কৈকেয়ী—জাদ। চউদ্দস দিঅস ত্তি বত্তুকামাএ পয্যাউলহিঅআএ চউদ্দস বরিসাণি ত্তি উত্তং। [জাত। চতুর্দশ দিবসা ইতি বক্তুকাময়া পর্যাকুলহৃদয়য়া চতুর্দশ বর্ষাণীত্যু৾

ভরতঃ—অস্তি পাণ্ডিত্যং সম্যগ্ বিচারয়িতুম্ অত্র বিদিতমেতদ্ গুরুজনস্য ?

সুমন্ত্রঃ—কুমার! বশিষ্ঠবামদেবপ্রভৃতীনামনুমতং বিদিতং চ।

ভরতঃ—হন্ত! ত্রৈলোক্যসাক্ষিণঃ খল্বেতে। দিষ্ট্যা ন অপরাদ্ধাত্রভবতী। অম্ব! যদ্ ভ্রাতৃস্নেহাৎ সমুৎপন্নমন্যুনা ময়া দূষিতাত্রভবতী তৎ সর্বং মর্ষয়িতব্যম্। অম্ব! অভিবাদয়ে।

কৈকেয়ী—জাদ! কা ণাম মাদা পুত্তঅস্স অবরহং ণ মরিসেদি? উট্‌ঠেহি উট্‌ঠেহি। কো এত্থ দোসো? [জাত। কা নাম পুত্রকস্যাপরাধং ন মর্ষয়তি। উত্তিষ্ঠোত্তিষ্ঠ। কোঽত্র দোষঃ।]

ভরতঃ—অনুগৃহীতোঽস্মি। আপৃচ্ছামাত্রভবতীম্। অদ্যোবাহমার্যস্য সাহায্যার্থং কৃৎস্নং রাজমণ্ডলমুদ্যোজয়ামি। অয়মিদানীম্—

বেলামিমাং মত্তগজান্ধকারাং করোমি সৈন্যোঘনিবেশনন্ধাম্।
বলৈস্তরঙ্গৈশ্চ নয়ামি তুল্যং প্রশানিং সমুদ্রং সহ রাবণেন ॥ ১৬ ॥

অয়ে-শব্দ ইব। তূর্ণং জ্ঞায়তাং শব্দঃ

(প্রবিশ্য)

প্রতিহারী—জেদু কুমারো! ইমং বুত্তন্তং সুণিঅ জেঠ্‌ঠ ভট্টিণী মোহং গআ। [জয়তু কুমারঃ। ইমং বৃত্তান্তং শ্রুত্বা জ্যেষ্ঠ ভট্টিনী মোহং গতা।]

কৈকেয়ী—হং!

ভরতঃ—কথং মোহমুপগতাম্বা ?

কৈকেয়ী—এহি জাদ! অয্যং অস্সাসইস্সামো। [এহি জাত। অর্যামাশ্বাসয়িষ্যাবঃ।]

ভরতঃ—যদাজ্ঞাপয়ত্যম্বা।

[নিষ্ক্রান্তাঃ সর্বে]

॥ ইতি ষষ্ঠোঽঙ্কঃ ॥

অথ সপ্তমোঽঙ্কঃ

(ততঃ প্রবিশতি তাপসঃ)

তাপসঃ—নন্দিলক ! নন্দিলক !

(প্রবিশ্য)

নন্দিলকঃ—অয্য ! অঅং ম্হি। [আর্য ! অয়মস্মি]

তাপসঃ—নন্দিলক ! কুলপতির্বিজ্ঞাপয়তি—এষ খলু স্বদারাপহারিণং ত্রৈলোক্য-বিদ্রাবণং রাবণং নাশয়িত্বা রাক্ষসগণবিরুদ্ধবৃত্তং গুণগণবিভূষণং বিভীষণমভিষিচ্য দেবদেবর্ষিসিদ্ধবিমলচারিত্রাং তত্রভবতীং সীতামাদায় ঋক্ষ-রাক্ষসবানরমুখ্যৈঃ পরিবৃতঃ সম্প্রাপ্তস্তত্রভবান্ শরদ্বিমলগগনচন্দ্রাভিরামো রামঃ তদদ্যাস্মিন্নাশ্রমপদেঽস্মদ্বিভবেন যৎ সংকল্পয়িতব্যং তৎ সর্বং সজ্জীক্রিয়তাম্ ইতি।

নন্দিলকঃ—অয্য ! সব্বং সজ্জীকিদং কিন্তু—[আর্য ! সর্বং সজ্জীকৃতম্ ! কিন্তু—]

তাপসঃ—কিমেতৎ ?

নন্দিলকঃ—এত্থ বিভীষণকেরআ রক্খসা। তেসং ভক্খণণিমিত্তং কুলবদী পমাণম্। [অত্র বিভীষণসম্বন্ধিনো রাক্ষসাঃ। তেষাং ভক্ষণনিমিত্তং কুলপতিঃ প্রমাণম্।]

তাপসঃ—কিমর্থম্ ?

নন্দিলকঃ—তে খু খজ্জন্তি [তে খলু খাদন্তি]

তাপসঃ—অলমলং—সম্ভ্রমেণ ! বিভীষণবিধেয়াঃ খলু রাক্ষসাঃ।

নন্দিলকঃ—ণমো রক্খসসঙ্গণাঅ [নমো রাক্ষসসংজ্ঞনায়] (নিষ্ক্রান্তঃ)

তাপসঃ—(বিলোক্য) অয়ে ! অয়মত্রভবান্ রাঘবঃ। য এষঃ—

জয় নরবর ! জেয়ঃ স্যাদ্ দ্বিতীয় স্তবারি—
স্তব ভবতু বিধেয়া ভূমিরেকাতপত্রা।
ইতি মুনিভিরনেকৈঃ স্তূয়মানঃ প্রসন্নঃ
ক্ষিতিতলমবতীর্ণো মানবেন্দ্রো বিমানাৎ ॥ ১ ॥

জয়তু ভবান্ জয়তু। (নিষ্ক্রান্তঃ)

॥ মিশ্রবিষ্কম্ভকঃ ॥

(ততঃ প্রবিশতি রামঃ)

রামঃ—ভোঃ সমুদিতবলবীর্যং রাবণং নাশয়িত্বা
জগতি গুণসমগ্রাং প্রাপ্য সীতাং বিশুদ্ধাম্।
বচনমপি গুরূণামন্তশঃ পূরয়িত্বা
মুনিজনবনবাসং প্রাপ্তবানস্মি ভূয়ঃ ॥ ২ ॥

তাপসীনামভিবন্দনার্থমভ্যন্তরং প্রবিষ্টা চিরায়তে খলু মৈথিলী।
(বিলোক্য) অয়ে ! ইয়ং বৈদেহী—

সখীতি সীতেতি চ জানকীতি
যথাবয়ঃ স্নিগ্ধতরং স্নুষেতি।
তপস্বিদারৈর্জনকেন্দ্রপুত্রী
সম্ভাষমাণা সমুপৈতি মন্দম্ ॥ ৩ ॥

(ততঃ প্রবিশতি সীতা তাপসী চ)

তাপসী—হলা। এসো দে কুড়ুম্বিও। উবসপ্প ণং। ণ সক্কং তুমং এআইণিং পেক্‌খিদুং [হলা। এষ তে কুটম্বিকঃ। উপসর্পৈনম্। ন শক্যং ত্বামেকাকিনীং প্রেক্ষিতুম্]

সীতা—হং। অজ্জ বি অবিসসসণীঅং বি অ মে পডিভাদি। (উপসৃত্য) জেদু অয্যউত্তো ! [হম্। অদ্যাপ্যবিশ্বসনীয়মিব মে প্রতিভাতি। জয়ত্বার্যপুত্রঃ]

রামঃ—মৈথিলি ! অপি জানাসি পূর্বাধিষ্ঠানমস্মাকং জনস্থানমাসীৎ ? অপ্যত্র জ্ঞায়ন্তে পুত্রকৃতকা বৃক্ষাঃ ?

সীতা—জাণামি। জাণামি ওলোইঅপত্তআ উল্লোআইদব্বা দাণিং সংবুত্তা। [জানামি [জানামি। অবলোকিতপত্রকা উল্লোকয়িতব্যা ইদানীং সংবৃত্তাঃ]

রামঃ—এবমেতৎ। নিম্নস্থলোৎপাদকো হি কালঃ। মৈথিলি ! অপ্যুপলভ্যতেঽস্য সপ্তপর্ণস্যাধস্তাচ্ছুক্লবাসসং ভরতং দৃষ্ট্বা পরিত্রস্তং মৃগযূথমাসীৎ।

সীতা—অয্যউত্ত। দিঢ়ং খু সুমরামি। [আর্যপুত্র। দৃঢ়ং খলু স্মরামি]

রামঃ—অয়ং তু নস্তপসঃ সাক্ষিভূতো মহাকচ্ছঃ। অত্রাস্মাভিরাসীনৈস্তাতস্য নিবপনক্রিয়াং চিন্তয়দ্ভিঃ কাঞ্চনপার্শ্বো নাম মৃগো দৃষ্টঃ।

সীতা—হং অয্যউত্ত। মা খু মা খু এবং ভণিদুং। (ভীতা বেপতে।) [হম্ আর্যপুত্র ! মা খলু খল্বেবং ভণিতুম্]

রামঃ—অলমলং সম্ভ্রমেণ। অতিক্রান্তঃ খল্বেষ কালঃ (দিশো বিলোক্য) অয়ে ! কুতো নু—

রেণুঃ সমুৎপততি লোধ্রসমানগৌরঃ
সম্প্রাবৃণোতি চ দিশঃ পবনাবধূতঃ।
শঙ্খধ্বনিশ্চ পটহস্বনধীরনাদৈঃ
সম্মূর্চ্ছিতো বনমিদং নগরীকরোতি ॥ ৪ ॥

(প্রবিশ্য)

লক্ষ্মণঃ—জয়ত্বার্যঃ। আর্য !

অয়ং সৈন্যেন মহতা ত্বদর্শনসমুৎসুকঃ।
মাতৃভিঃ সহ সম্প্রাপ্তো ভরতো ভ্রাতৃবৎসলঃ ॥ ৫ ॥

রামঃ—বৎস লক্ষ্মণ। কিমেবং ভরতঃ প্রাপ্তঃ।

লক্ষ্মণঃ—আর্য ! অথ কিম্।

রামঃ—মৈথিলি। শ্বশ্রূজনপুরোগং ভরতমবলোকয়িতুং বিশালীক্রিয়তাং তে চক্ষুঃ।

সীতা—অয্যউত্ত। ইচ্ছিদব্বে কালে ভবদো আঅদো। [আর্যপুত্র ? এষ্টব্যে কালে ভরত আগতঃ]

(ততঃ প্রবিশতি ভরতঃ সমাতৃকঃ)

ভরতঃ—
তৈস্তৈঃ প্রবৃদ্ধবিষয়ৈ র্বিষমৈর্বিমুক্তং
মেঘৈর্বিমুক্তমমলং শরদীব সোমম্।
আর্যাসহায়মহমদ্য গুরুং দিদৃক্ষুঃ
প্রাপ্তোঽস্মি তুষ্টহৃদয়ঃ স্বজনানুবন্ধঃ ॥ ৬ ॥

রামঃ—অম্বাঃ। অভিবাদয়ে।
সর্বাঃ—জাদ চিরং জীব। দিট্‌ঠিআ বড্‌ঢামো অবসিদপাড়ণং তুমং কুসলিণং সহ বহূএ পেক্‌খিঅ। [জাত চিরং জীব। দিষ্ট্যা বর্ধামহে অবসিতপ্রতিজ্ঞং ত্বাং কুশলিনং সহ বধ্বা প্রেক্ষ্য]।
রামঃ—অনুগৃহীতোঽস্মি।
লক্ষ্মণঃ—অম্বাঃ। অভিবাদয়ে।
সর্বাঃ—জাদ! চিরং জীব (জাত। চিরং জীব।)
লক্ষ্মণঃ—অনুগৃহীতোঽস্মি।
সীতা—অয্যা! বন্দামি [আর্যাঃ বন্দে]
সর্বাঃ—বচ্ছে। চিরমংগলা হোহি। [বৎসে। চিরমংগলা ভব।]
সীতা—অণুগ্‌গহিদম্হি। (অনুগৃহীতাস্মি]
ভরতঃ—আর্য! অভিবাদয়ে, ভরতোঽহমস্মি।
রামঃ—এহ্যেহি বৎস। ইক্ষ্বাকুকুমার। স্বস্তি, আয়ুষ্মান্ ভব।

বক্ষঃ প্রসারয় কবাটপুটপ্রমাণ—
মালিংগ মাং সুবিপুলেন ভুজদ্বয়েন।
উন্নাময়াননমিদং শরদিন্দুকল্পং
প্রহ্লাদয় ব্যসনদগ্ধমিদং শরীরম্ ॥ ৭ ॥

ভরতঃ—অনুগৃহীতোঽস্মি। আর্যে! অভিবাদয়ে, ভরতোঽহমস্মি।
সীতা—অয্যউত্তেণ চিরসঞ্চারী হোহি। [আর্যপুত্রেণ চিরসঞ্চারী ভব]।
ভরতঃ—অনুগৃহীতোঽস্মি। আর্য। অভিবাদয়ে।
লক্ষ্মণঃ—এহ্যেহি বৎস! দীর্ঘায়ুর্ভব। পরিষ্বজস্ব গাঢ়ম্। (আলিংগতি)
ভরতঃ—অনুগৃহীতোঽস্মি। আর্য! প্রতিগৃহ্যতাং রাজ্যভারঃ।
রামঃ—বৎস! কথমিব।
কৈকেয়ী—জাদ। চিরাভিলসিদো খু এসো মণোরহো। (জাত! চিরাভিলষিতঃ খল্বেষ মনোরথঃ]

(ততঃ প্রবিশতি শত্রুঘ্নঃ)

শত্রুঘ্নঃ—বিবিধৈর্ব্যসনৈঃ ক্লিষ্টমক্লিষ্টগুণতেজসম্।
দ্রষ্টুং মে ত্বরতে বুদ্ধী রাবণান্তকরং গুরুম্ ॥ ৮ ॥

(উপগম্য)

আর্য! শত্রুঘ্নোঽহমভিবাদয়ে।
রামঃ—এহ্যেহি বৎস! স্বস্তি, আয়ুষ্মান্ ভব।
শত্রুঘ্নঃ—অনুগৃহীতোঽস্মি। আর্যে। অভিবাদয়ে!
সীতা—বচ্ছ! চিরং জীব। [বৎস। চিরং জীব।]
শত্রুঘ্নঃ—অনুগৃহীতোঽস্মি। আর্য! অভিবাদয়ে।
লক্ষ্মণঃ—স্বস্তি, আয়ুষ্মান্ ভব।
শত্রুঘ্নঃ—অনুগৃহীতোঽস্মি। আর্য! এতৌ বশিষ্ঠবামদেবৌ সহ প্রকৃতিভিরভিষেকং পুরস্কৃত্য—ত্বদ্দর্শনমভিলষতঃ।

তীর্থোদকেন মুনিভিঃ স্বয়মাহৃতেন
নানানদীনদগতেন তব প্রসাদাৎ।
ইচ্ছন্তি তে মুনিগণাঃ প্রথমাভিষিক্তং
দ্রষ্টুং মুখং সলিলসিক্তমিবারবিন্দম্ ॥ ৯ ॥

কৈকেয়ী—গচ্ছ জাদ ! অভিলসেহি অহিসেঅং। [গচ্ছ জাত। অভিলষাভিষেকম্।]

রামঃ—যদাজ্ঞাপবত্যম্বা। (নিষ্ক্রান্তঃ)

(নেপথ্যে)

জয়তু ভবান্। জয়তু স্বামী। জয়তু মহারাজঃ। জয়তু দেবঃ। জয়তু ভদ্রমুখঃ। জয়ত্বার্যঃ। জয়তু রাবণান্তকঃ।

কৈকেয়ী—এদে পুরোহিদা কঞ্চুইণো পুত্তঅস্স মে বিজয়ঘোসং বড্‌ঢঅন্তো আসীহি পূজঅন্তি। [এতে পুরোহিতাঃ কঞ্চুকিনঃ পুত্রকস্য মে বিজয়ঘোষং বর্ধয়ন্ত আশীভিঃ পূজয়ন্তি।]

সুমিত্রা—পইদীও পরিচারআ সজ্জণা অ পুত্তঅস্স মে বিজঅং বড্‌ঢয়ন্তি। [প্রকৃতয়ঃ পরিচারকাঃ সজ্জনাশ্চ পুত্রকস্য মে বিজয়ং বর্ধয়ন্তি।]

(নেপথ্যে)

ভো ভো জনস্থাননিবাসিনস্তপস্বিনঃ। শৃণ্বন্তু ভবন্তঃ।

হত্বা রিপুপ্রভবমপ্রতিমং তমোঘং
সূর্যোঽন্ধকারমিব শৌর্যময়ৈর্ময়ূখৈঃ।
সীতামবাপ্য সকলাশুভবর্জনীয়াং
রামো মহীং জয়তি সর্বজনাভিরামঃ ॥ ১০ ॥

কৈকেয়ী—অম্মহে ! পুত্তস্স মে বিজঅ ঘোসণা বড্‌ঢই। [অম্মহে ! পুত্রস্য মে বিজয়ঘোষণা বর্ধতে।]

(ততঃ প্রবিশতি কৃতাভিষেকো রামঃ সপরিবারশ্চ)

রামঃ—(বিলোক্যাকাশে) ভোস্তাত !

স্বর্গেঽপি তুষ্টিমুপগচ্ছ বিমুঞ্চ দৈন্যং
কর্ম ত্বয়াভিলষিতং ময়ি যৎ তদেতৎ
রাজা কিলাস্মি ভুবি সৎকৃতভারবাহী
ধর্মেণ লোকপরিরক্ষণমভ্যুপেতম্ ॥ ১১ ॥

ভরতঃ—অধিগনতনুপশব্দং ধার্যমাণাতপত্রম্
বিকশিতকৃতমৌবিং তীর্থতোয়াভিষিক্তম্।
গুরুমধিগতলীলং বন্দ্যমানং জনৌঘৈ—
র্নবশশিনমিবার্যং পশ্যতো মে ন তৃপ্তিঃ ॥ ১২ ॥

শত্রুঘ্নঃ—এতদার্যাভিষেকেণ কুলং মে নষ্টকল্মষম্।
পুনঃ প্রকাশতাং যাতি সোমস্যেবোদয়ে জগৎ ॥ ১৩ ॥

রামঃ—বৎস লক্ষ্মণ—দিষ্ট্যা ভবান্ বর্ধতে।

লক্ষ্মণঃ—দিষ্ট্যা ভবান্ বর্ধতে।

(প্রবিশ্য)

কাঞ্চুকীয়ঃ—জয়তু মহারাজঃ। এষ খলু তত্রভবান্ বিভীষণো বিজ্ঞাপয়তি। সুগ্রীবনীলমৈন্দজাম্ববন্ধনুমৎপ্রমুখাশ্চানুগচ্ছন্তো বিজ্ঞাপয়ন্তি—দিষ্ট্যা ভগবান্ বর্ধত ইতি।

রামঃ—সহায়ানাং প্রসাদাদ্ বর্ধত ইতি কথ্যতাম্

কাঞ্চুকীয়ঃ—যদাজ্ঞাপয়তি মহারাজঃ।

কৈকেয়ী—ধণ্ণা খু হ্মি। ইদং অব্ভুদঅং অওজ্ঝাঅং পেক্খিদুং ইচ্ছামি। [ধন্যা খল্বস্মি। ইদমভ্যুদয়মযোধ্যায়াং প্রেক্ষিতুমিচ্ছামি।]

রামঃ—দ্রক্ষ্যতি ভবতী। (বিলোক্য) অয়ে! প্রভাভিবর্নমিদমখিলং সুবর্ণং প্রতিভাতি। (বিভাব্য) আ জ্ঞাতম্। সম্প্রাপ্তং পুষ্পকং দিবি রাবণস্য বিমানম্। কৃতসময়মিদং স্মৃতমাত্রমুপগচ্ছতীতি। তৎ সর্বৈরারুহ্যতাম্।

(সর্বে আরোহন্তি)

রামঃ— অদ্যৈব যাস্যামি পুরীমযোধ্যাং
সম্বন্ধিমিত্রৈরনুগম্যমানঃ।

লক্ষ্মণঃ— অদ্যৈব পশ্যন্তু চ নাগরাস্থাং
চন্দ্রং সনক্ষত্রমিবোদয়স্থম্ ॥ ১৪ ॥

(ভরতবাক্যম্)

যথা রামশ্চ জানক্যা বন্ধুভিশ্চ সমাগতঃ।
তথা লক্ষ্ম্যা সমযুক্তো রাজা ভূমিং প্রশাস্তু নঃ ॥ ১৫ ॥

(নিষ্ক্রান্তাঃ সর্বে)

॥ ইতি সপ্তমোঽঙ্কঃ ॥

ভাস

পঞ্চরাত্রম্

ভূমিকা

(এক)

১৯০৯ সন থেকে ১৯১১ সন সংস্কৃত-সাহিত্য আলোচনার পক্ষে অত্যন্ত স্মরণীয় সময়। এ-সময়ে ত্রিবান্দ্রামের টি. গণপতি শাস্ত্রী নামে এক পণ্ডিত ত্রিবান্দ্রামের বিভিন্ন জায়গা থেকে মোট তেরখানা নাটকের পাণ্ডুলিপি খুঁজে পান। ভাসরচিত তেরখানা নাটকের মধ্যে প্রতিমা, অভিষেক ইত্যাদি কয়েকখানা রামায়ণের গল্পের উপর লেখা; দূতঘটোৎকচ, পঞ্চরাত্রম্, উরুভঙ্গম্ ইত্যাদি মহাভারতের বিষয় নিয়ে লেখা; স্বপ্ননাটক, প্রতিজ্ঞাযৌগন্ধরায়ণ প্রভৃতি লোকপ্রসিদ্ধ উপকথা নিয়ে লেখা। মহাভারত কথাকে অবলম্বন করে সংস্কৃতে দুখানা বিখ্যাত মহাকাব্য রয়েছে—কিরাতার্জুনীয়ম্ ও শিশুপালবধম্, আর একখানা বিখ্যাত নাটক রয়েছে—বেণীসংহারম্। মহাভারতের বিষয় নিয়ে লেখা 'পঞ্চরাত্রম্' ভাসের উক্ত তেরখানার মধ্যে একখানা। স্বপ্নবাসবদত্তম্ বা গণপতি শাস্ত্রীর আবিষ্কৃত অন্যান্য নাটকের সঙ্গে এ-নাটকেরও নানা রকমের মিল আছে। প্রস্তাবনাকে এখানেও 'স্থাপনা' বলা হয়েছে, 'ময়ি বিজ্ঞাপনব্যগ্রে শব্দ শ্রূয়তে' এই বাক্য বলে অন্যান্য বারখানার নাট্য-বস্তুকে অতি সংক্ষিপ্ত ভূমিকার মাধ্যমে উপস্থাপিত করা হয়েছে। ভরতবাক্যেও অন্যান্য নাটকের মতো 'রাজসিংহঃ প্রশাস্তু নঃ' এই বাক্য রয়েছে। নান্দী শ্লোক এখানেও নেই—'নান্দ্যন্তে ততঃ প্রবিশতি সূত্রধারঃ' এই বলে নাটকের অন্যান্যর মতো সুরু; মুদ্রালঙ্কারের দ্বারা নাটকের প্রধান চরিত্রগুলোর নাম প্রারম্ভিক শ্লোকে উল্লেখ করা হয়েছে। বান্ধর্ক্য, ধরন্তে ইত্যাদি অপাণিনীয় পদের প্রয়োগ এখানেও আছে। ভরতের নাট্যশাস্ত্রকেও কোথাও-কোথাও লঙ্ঘন করা হয়েছে। 'জ্বলন্মিত্র ভাস' অগ্নিক্রিয়ার বর্ণনায় পটু—লাবাণকগ্রাম দহন বর্ণনার মতো পঞ্চরাত্রম্ নাটকের প্রারম্ভে যজ্ঞাগ্নির বেশ বিস্তৃত বর্ণনা আমরা পাচ্ছি। সংস্কৃত প্রবাদ-সাহিত্যের মুক্তাসদৃশ কতকগুলো প্রবাদ-বাক্য অন্যান্য নাটকের মতো এখানেও আছে। বর্ণনা ও ভাষার স্বচ্ছতা এখানে অন্যান্য বারখানার মতো অক্ষুণ্ণ। ভাস-সমস্যা নিয়ে বেশি আলোচনা করার অবকাশ আমাদের এখানে নেই। শুধু একটি কথা এম. পরাঞ্জপের বক্তব্য অনুধাবন করে এখানে বলা যেতে পারে—শব্দার্থের যে অপূর্ব স্বচ্ছতা বা প্রতীতিসুভগত্ব এই তেরখানা নাটকে আছে তা একমাত্র রামায়ণের প্রতীতিসুকর অনুষ্টুপ্ শ্লোকের সঙ্গে অথবা ঋগ্বেদের অন্ত্যভাগের বা অথর্ববেদের নিসর্গ-বর্ণনাকারী মন্ত্রের সঙ্গে তুলনা করা যায়। কেরালার চক্কর্ নাট্যগোষ্ঠীর আধুনিক নাট্যকার নিশ্চয় ধরন্তে, ম্রিয়মাণ, বিশ্রমিষ্যে, বান্ধর্ক্য ইত্যাদি সাধারণ পদ ব্যাকরণ-দুষ্ট বলে জানেন। যদি তিনি প্রসিদ্ধ নাটকাদি থেকে দৃশ্যাবলী গ্রহণ করে নাটক-গুলো লিখে থাকেন তাহলে তার সঙ্গে অপশব্দ বা ব্যাকরণদুষ্ট বিশ্রমিষ্যে ইত্যাদিকে শুদ্ধ করে প্রয়োগ করবেন না কেন। আলোচ্য নাটকের দ্বিতীয়াঙ্কের প্রবেশকে গোপালকদের কথোপকথনে যে মাগধী প্রাকৃত রয়েছে সেখানেও মাগধী প্রাকৃতের নিয়মের ভূরিভূরি উল্লঙ্ঘন দেখান হয়েছে। মাগধীতে স, শ ও ষ-কারের জায়গায় শ-কার ব্যবহার করা হয়। কিন্তু এই নাটকের মাগধীতে স-কারের পরিবর্তে অনেক

স্থানে ষ-কার প্রয়োগ করা হয়েছে—গোধনংষ, বিষ্ষলং, বাঅষো, মহালাজংষ ; শ-কারের স্থলে ষ-কার – যেমন ষস্তী, হোদু ষস্তী, ষুক্‌খ। 'ক্ষ'-র জায়গায় শুক্র যজুর্বেদের মতো 'কখ' লেখা হয়েছে বুক্ষ—লুক্‌খে। পৃথিবী শব্দের মহারাষ্ট্রী প্রাকৃতে পুহবী হলেও এখানে পুহুবী লেখা আছে। এইসব বৈশিষ্ট্য অতি প্রাচীন কোন এক প্রাকৃতে ছিল—যে প্রাকৃত প্রাচীন কবি ব্যবহার করেছিলেন। মাগধী প্রাকৃত ব্যবহার করলে মাগধীর স্বাভাবিক বৈশিষ্ট্যগুলো তিনি গ্রহণ করতেন—মাগধী প্রাকৃতের যে-গুলো নিশ্চয় ত্যাগ করতেন, নাটকের মধ্যে দেখাতেন না। টি. গণপতি শাস্ত্রীর আবিস্কৃত তেরখানা নাটকের গ্রন্থকর্তৃত্ব যে ভাসের মতো একজন প্রাচীন সুকবির সে বিষয়ে আমরা একমত না হয়ে পারি না!

পূর্বেই বলা হয়েছে পঞ্চরাত্রম্ মহাভারতকে আশ্রয় করে লেখা। ত্রিভুবনোপজীব্য ভারতকথাকে আশ্রয় করে লেখা হলেও শুধু মহাভারতের গল্পকে যথাযথ বলে যাওয়াই ভাসকবির উদ্দেশ্য ছিল না। মহাভারত তো ইতিহাস, আর ইতিহাসেব কথাকে হুবহু বলে যাওয়ার মধ্যে কবির কোনই আত্মপ্রসাদ থাকা উচিত নয়। ধ্বনিকার আনন্দবর্ধন, সেজন্যই ধ্বন্যালোক গ্রন্থে বলেছেন 'নচ কবেরিতিহাসনির্বহণেনাত্মলাভ ইতিহাসাদেব তৎসিদ্ধেঃ' (ইতিহাসের গল্প লিপিবদ্ধ করে কবির কোন লাভ নেই—ইতিহাস থেকেই সেটা জানা যায়) সেক্সপীয়র রোমের ইতিহাস বা স্কটল্যাণ্ডের ইতিহাসকে উপজীব্য করে নাটক লিখেছেন ; কিন্তু স্কটল্যাণ্ডের বা রোমের ইতিহাস পড়ার জন্য আমরা সেক্সপীয়র পড়ি না। ইতিহাসমূলক গল্পকে আপন কল্পনার ঐশ্বর্যে সেক্সপীয়র কতখানি সাহিত্য-সামগ্রী করেছেন সেটা বোঝাই হলো কবি-নাট্যকাব সেক্সপীয়রকে চেনা। ভাসকবি মহাভারত অবলম্বন করে পঞ্চরাত্রম্ লিখেছেন শুধু মহাভারতের প্রসিদ্ধ আখ্যানকে বলার জন্য নয়। মহভারতের গল্পকে তিনি কিভাবে বলেছেন, তা বুঝতে গেলে আগে পঞ্চরাত্রের তিন অঙ্কের সংক্ষেপসার জানা দরকার।

(দুই)
নাটকের কাহিনী

প্রথমাঙ্কে মাঙ্গলিক শ্লোকে প্রধান চরিত্রগুলোর নাম উল্লেখের পর তিনজন ব্রাহ্মণ রঙ্গমঞ্চে উপস্থিত হয়ে দুর্যোধনের যজ্ঞের বিবিধ আড়ম্বর ও সমৃদ্ধি বর্ণনা করতে আরম্ভ করলেন। যজ্ঞাগ্নির বর্ণনা করা হয়েছে এবং অনবধানতার জন্য কয়েকজন বালক অবভৃত স্নানের পূর্বে যজ্ঞাগ্নিকে দূরে নিক্ষেপ করেছে। এর ফলে অগ্নি যজ্ঞাগারের জিনিসপত্রে ও আশেপাশের জিনিসে প্রসারিত হয়ে বিভ্রাট সৃষ্টি করেছে। অগ্নিভয়ে পাখিরা, সাপেরা ইতস্তত পালাচ্ছে, এসবের যথাযথ বর্ণনা করা হয়েছে। ব্রাহ্মণেরা কর্ণ, দ্রোণ, শকুনি ও দুর্যোধনের আগমন সূচনা করে রঙ্গ থেকে বিদায় নিলেন ; যজ্ঞানুষ্ঠানের সাফল্যের জন্য কর্ণ ও শকুনি, দুর্যোধনকে অভিনন্দিত করলেন—দুর্যোধন নিজে সকল যজ্ঞানুষ্ঠানে কৃতকৃত্যতা প্রকাশ করলেন। ভীষ্ম ও দ্রোণ দুর্যোধনের ধর্মে মতি দেখে সন্তোষ প্রকাশ করলেন। যজ্ঞশেষে দুর্যোধন গুরু দ্রোণাচার্যকে যজ্ঞের দক্ষিণা দিতে ইচ্ছা প্রকাশ করলেন। দ্রোণ বিনয়ের সঙ্গে প্রথমে দক্ষিণা নিতে অনিচ্ছা প্রকাশ করলেন ও মহামতি বয়োজ্যেষ্ঠ ভীষ্মকে সে দক্ষিণা দিতে বললেন। ভীষ্ম দ্রোণকে ব্রাহ্মণ, স্বয়ংভূ ও গুরুর গুরু

বলে বর্ণনা করলেন এবং দুর্যোধনকে আচার্য দ্রোণকে যজ্ঞের দক্ষিণা দান করতে বললেন। ভীষ্মের অনুরোধে দ্রোণাচার্য দক্ষিণা গ্রহণে সম্মত হলেন। তিনি পাণ্ডবদের জন্য রাজ্যের অর্ধেক ভাগ দক্ষিণাস্বরূপ শিষ্য দুর্যোধনের কাছে প্রার্থনা করলেন। কূটবুদ্ধি শকুনি এটাকে ধর্মবঞ্চনা বলে আখ্যাত করলেন। ভীষ্মের হস্তক্ষেপে দুর্যোধন দক্ষিণাদানের প্রতিজ্ঞা রক্ষা করতে সম্মত হলেন। কুটিলমতি শকুনি প্রস্তাব করলেন, পাঁচরাত্রের মধ্যে যদি গুরু দ্রোণ পাণ্ডবদের বার্তা আনতে পারেন তবেই দুর্যোধন দ্রোণকে প্রার্থিত দক্ষিণা দান করবেন। এমন সময় দূত এসে খবর জানাল কীচকরা শত ভাই নিহত হওয়ায় রাজা বিরাট যজ্ঞে আসতে পারেন নি। কীচকেরা বিনা অস্ত্রে শুধু বাহু প্রহারে নিহত হয়েছেন বড় অদ্ভুতভাবে। ভীষ্ম এ হত্যার মধ্যে ভীমসেনের ভূমিকা আছে বলে সহজেই বুঝতে পারলেন। ভীষ্মের অনুরোধে দ্রোণাচার্য পাঁচরাত্রির মধ্যে পাণ্ডবদের বার্তা আনার সর্ত মেনে নিলেন। ভীষ্ম যুক্তি দেখালেন, বিরাট দুর্যোধনের যজ্ঞে আসেন নি এবং এর দ্বারা বস্তুত দুর্যোধনকে অপমান করেছেন। বিরাটের প্রতি তাঁর শত্রুতাও আছে, অতএব ভীষ্ম বিরাট কৌরব-বাহিনী নিয়ে বিরাট রাজের গোধন হরণ করার প্রস্তাব জানালেন। অংকশেষে সকলে এ প্রস্তাবে সম্মতি জানিয়ে বিরাটের গোধন হরণের জন্য যুদ্ধযাত্রা করলেন।

দ্বিতীয় অঙ্কের প্রথমে গোপালকদের কথাবার্তা, আনন্দ হাসির বৃত্তান্ত রয়েছে। বৃদ্ধ গোপালক এদের মধ্যে সূর্যের দিকে চেয়ে কাককে শুকনো ডাল কামড়াতে দেখে অশুভ ইংগিত বুঝতে পারছে। হঠাৎ ধূলিঝঞ্ঝা ও রণদুন্দুভির শব্দ ও গাভীদের আর্তনাদ সে-ইংগিতকে সত্য বলে প্রমাণ করল। বিরাট রাজাকে গোধন হরণের ব্যাপার জানান হলো। বিরাটপুত্র উত্তর বৃহন্নলাকে সারথি করে রথ নিয়ে গোহরণ-কারী কৌরবদের উপর ঝাঁপিয়ে পড়লেন। যুদ্ধে কৌরবরা পরাজিত হলো, গোধন উদ্ধার করা হলো। কৌরবপক্ষের কুমার অভিমন্যু ধরা পড়লেন বিরাটের বাহিনীর হাতে। তাকে বিরাটসভায় ছদ্মবেশী ভীম ও অর্জুনের সামনে আনা হলো। অভিমন্যু তখনও ভীম, অর্জুন ও পাণ্ডবদের চেনেন না। তাঁর সংগে ছদ্মবেশী ভীম ও বৃহন্নলার কথোপকথন খুবই কৌতুকজনক। উত্তর অকস্মাৎ রংগে প্রবেশ করে অর্জুন, ভীম ইত্যাদির প্রকৃত পরিচয় সকলকে জানালেন। বিরাট, রাজকুমারী উত্তরাকে অর্জুনকে সম্প্রদান করতে চাইলেন, অর্জুন উত্তরাকে পুত্রবধূরূপে গ্রহণ করলেন।

তৃতীয় অংক বেশ ছোট। রাজকুমার উত্তর হস্তিনাপুরে এসে অভিমন্যুর সংগে উত্তরার বিবাহে ভীষ্ম, দ্রোণ, দুর্যোধন ইত্যাদি সকলকে বিরাটের আমন্ত্রণ জানালেন। পঞ্চপাণ্ডবদের বার্তাও ভীষ্ম দ্রোণ পেলেন। দুর্যোধনকে এখন প্রতিজ্ঞা পূরণ করতে হলো। রাজ্যের অর্ধেক তিনি পাণ্ডবদের দান করলেন এবং এইভাবে আনন্দ ও সুখের মধ্যে নাটকের সমাপ্তি হলো।

‘পঞ্চরাত্র’ সমবকার শ্রেণীর নাটক

সংস্কৃত অলংকার-শাস্ত্রে দশ শ্রেণীর নাটকের লক্ষণ নির্দেশ করা হয়েছে তাদের মধ্যে ‘সমবকার’ একটি। সমবকারের প্রধান লক্ষণ এই—

১. নাটক তিন অংকে সম্পূর্ণ হবে এবং এতে থাকবে দেবাসুরের কাহিনী।

২. অন্যান্য রস থাকলেও বীররসেরই প্রাধান্য থাকবে।
৩. ছদ্মবেশী চরিত্র সমবকারের অন্যতম বৈশিষ্ট্য।
৪. শৃঙ্গার রসের অবকাশ থাকবে।

'পঞ্চরাত্র' নাটকে অবশ্য সমবকারের সবগুলো লক্ষণ নেই। এর কাহিনী দেবতা বা দানব সম্পর্কিত নয়, এতে শৃঙ্গার রস নেই। ভাসের সময়ে অলঙ্কার-শাস্ত্রের এই সব বিধান বাধ্যতামূলক ছিল না। সাধারণভাবে একে সমবকার শ্রেণীর নাটক বলে গ্রহণ করতে দ্বিধার কারণ থাকতে পারে না। এতে বীররসের প্রাধান্য রয়েছে, তিন অঙ্কে এর সমাপ্তি—তাছাড়া এর চরিত্রগুলো দেবতা না হলেও দেবকল্প, মহৎ এবং উদাত্তগুণ সম্পন্ন। ছদ্মবেশী চরিত্র তো আছেই।

মহাভারত ও পঞ্চরাত্র-কাহিনী

উপরের পঞ্চরাত্রের গল্পটা মোটামুটি জানা গেল, মহাভারতের বর্ণিত আঠারো দিনের বিরাট ভারতযুদ্ধ আর হলো না। প্রচণ্ড ভ্রাতৃবিরোধ থেকে যে রক্তক্ষয়ী ও ধনক্ষয়ী সংঘর্ষ তাব মূলোৎপাটন করা হয়েছে দুর্যোধনকে সত্যসন্ধ ও পাণ্ডবদেব অর্ধেক রাজ্য দানের প্রতিজ্ঞা পূরণের মাধ্যমে। কিন্তু এ কি কাণ্ড হলো। দর্শক পাঠকগণ তো এখানে স্বচ্ছন্দে প্রতিবাদ জানাতে পাবেন। রামায়ণ ও মহাভারত অতি প্রসিদ্ধ ঘটনাকে নিয়ে লেখা—সে ঘটনাকে বিকৃত করার অধিকার মহাকবি ভাস কোথায় পেলেন? ধ্বনিকার নিজেদের ধ্বনিবাদকে উদাহরণ দিয়ে বোঝাতে গিয়ে 'প্রসিদ্ধ লক্ষ্য' বা প্রসিদ্ধ উদাহরণ হিসাবে রামায়ণ মহাভারতকে বেছে নিয়েছেন। রামায়ণের গল্পের এ-হেন রূপান্তর ভবভূতির উত্তররচিত নাটকেব সমাপ্তিতেও করা হয়েছে। সেখানে আছে রামসীতার মিলন দৃশ্য। এসব রূপান্তব যেখানে প্রসিদ্ধিকে লঙ্ঘন করা হচ্ছে সেখানে কতখানি সাহিত্যরসিকের অনুমোদন লাভ করতে পারে তা আমাদের বিচার করতে হবে। ধ্বনিকারের মতে প্রসিদ্ধি ও ঔচিত্য পালনেব মধ্য দিয়েই কাব্যের রসোত্তীর্ণতা দেখা দেয় (প্রসিদ্ধৌচিত্যবন্ধস্তু রসস্যোপনিষৎ পরা)। তাই যদি হয়, তবে মহাভারতের গল্পে চরম পরিবর্তন করে অষ্টাদশ অক্ষৌহিণী সেনানীর অষ্টাদশ দিনের বিশাল ভারতযুদ্ধকে বাদ দিয়ে ভাস নিশ্চয় প্রসিদ্ধিকে পালন করেন নি। পঞ্চরাত্রম্-এর প্রথম অঙ্কের একটি শ্লোকের তাৎপর্য বিচার করতে বলছি। শ্লোকটি হলো—

যজ্ঞেন ভোজয় মহীং জয় বিক্রমেণ
ক্রোধং পরিত্যজ, ভব স্বজনে দয়াবান্।
ইত্যেবমাগতকক্ষমুধরং ব্রুবন্তঃ
কুর্বন্তি পাণ্ডবপরিগ্রহমেব পৌরাঃ ॥১৮॥

যজ্ঞানুষ্ঠানের দ্বারা পৃথিবীবাসীকে ভোজন করাও, বিক্রমের দ্বারা বিজয় কর, স্বজনের প্রতি দয়ালু হও। সমগ্র মহাভারত পাঠ করে আমরা দেখি দুর্যোধনের সূচ্যগ্রমেদিনী ত্যাগ করতে অনিচ্ছায় ভ্রাতৃবিরোধের সুরু। তার অর্থ? অতিসঞ্চয়ের মনোবৃত্তি কুরুরাজ দুর্যোধন ক্ষত্রিয় হয়েও পোষণ করেছেন। এদের সঞ্চয়স্পৃহা অন্যকে বঞ্চিত করে, শোষণ করে চরিতার্থ হয় এবং পরিণামে বিরোধ দেখা দেয়।

দুর্যোধনের অতিসঞ্চয় স্পৃহা পাণ্ডবদের অধিকারকে খর্ব করেছে ও পাণ্ডবদের শোষণের মাধ্যমে চরিতার্থ হয়েছে।

ক্ষত্রিয় জয় করবে বিক্রমের দ্বারা, প্রবঞ্চনার দ্বারা নয়। পাশা খেলার প্রবঞ্চনায় যুধিষ্ঠিরকে জয় করে দুর্যোধন প্রকৃত-বিজয় করতে পারেন নি। স্বজন জ্ঞাতি গোষ্ঠীতে ক্ষত্রিয় নির্দয় হলে স্বজনরা তার বৈরীতে পরিণত হবে এবং পরিণামে স্বজনের সঙ্গে সংঘাত দেখা দেবে। নিজের জ্ঞাতি পাণ্ডবদের প্রতি দুর্যোধনের নির্দয় ব্যবহার শুধুমাত্র পাণ্ডবদের শত্রুতে পরিণত করেছে। যদি এগুলো দুর্যোধনের দিক থেকে না হতো, তাহলে ভারতযুদ্ধ হতো না, দুর্যোধন ও কৌরবদের সর্বনাশ হতো না। সাধারণ মহাভারতের পাঠক এটা ভেবেও দুঃখ পান যে মহামতি ভীষ্ম ও গুরু দ্রোণাচার্য থাকা সত্ত্বেও ভারতযুদ্ধ ঘটল। মহাভারত পড়ে সাধারণ মানুষের অন্তরের চাহিদা হলো ভীষ্ম ও দ্রোণ, কৌরব ও পাণ্ডবের উভয়েব হিতৈষী তাঁরা দুজনে ভ্রাতৃ-বিরোধের নিষ্পত্তি করে দেন, যেন ভারতযুদ্ধ না ঘটে। দুর্যোধন অতি সঞ্চয়ী না হন, ক্ষত্রিয় রাজা হিসাবে তিনি যজ্ঞানুষ্ঠানে সমস্ত পৃথিবীর পরিতৃপ্তির ব্যবস্থা করুন, তিনি আদর্শ ক্ষত্রিয়রাজ হিসাবে সবকিছু দান করে পুত্রের জন্য শুধু ধনুর্বাণ সঞ্চয় হিসাবে রেখে যান (রাজ্ঞা দেয়ং চাপমাত্রং সুতেভ্যঃ—শ্লোক ২২), মহাভারত পাঠকের অন্তরের চাহিদার দিকে চেয়ে গুরু দ্রোণাচার্য ও ভীষ্মকে আপোসরফায় অগ্রণীর ভূমিকা দিয়ে মহাকবি ভাস পঞ্চরাত্রম্-এর মিলনমধুর সমাপ্তি দেখিয়েছেন। এর মধ্যে প্রসিদ্ধিহানি ঘটান হয় নি বরং সাধারণ মহাভারত পাঠকের অন্তরের তাগিদ ও চাহিদাকে মর্যাদা দিয়ে ভাস প্রসিদ্ধবন্ধে পঞ্চরাত্রম্-এর গল্পকে নিবন্ধ করেছেন। দুর্যোধনকে সত্যাশ্রয়ী দেখিয়ে ভারবির মতো মহাভারতের প্রতিনায়ক চরিত্র দুর্যোধনকে ভাস মহীয়ান্ করেছেন, কারণ ? প্রাচীন আলঙ্কারিক দণ্ড্যাচার্য্যের মত হলো, প্রতি-নায়ককে বড় করে দেখানর মাধ্যমে অন্তিমে নায়ককে আরও বড় করে দেখান যায়। এ-যেন মহাকবি শ্রীমধুসূদনের রাবণ বা মেঘনাদ চরিত্রকে মেঘনাদকাব্যে বড় করার প্রয়াস। তবে সেক্সপীয়রের ট্র্যাজিক হিরোর মতো দুর্যোধনের চরিত্রের মধ্যে সূক্ষ্মতম শয়তানির ইঙ্গিত দিতেও ভাস ভোলেন নি। যজ্ঞানুষ্ঠানের পর দুর্যোধনকে বয়ঃকনিষ্ঠ যারাই অভিনন্দন জানাতে এসেছে তাদের প্রত্যেককে তিনি আশীর্বাদ করেছেন। শুধু অর্জুনপুত্র অভিমন্যু, কৌরবপক্ষের সমর্থক যোদ্ধা হওয়া সত্ত্বেও, দুর্যোধনকে যজ্ঞপরিসমাপ্তিতে অভিনন্দন জানিয়ে কোন প্রত্যুত্তর পেলেন না। দ্রোণাচার্য দুর্যোধনকে দক্ষিণাদানের সিদ্ধান্তের ব্যাপারে ভীষ্ম, কর্ণ যে-কোন একজনের সাহায্য নিতে বললেন, কিন্তু দুর্যোধন বললেন একমাত্র মাতুল শকুনির সাহায্য তিনি এ-ব্যাপারে নেবেন। এতেই বোঝা যায় ভ্রাতৃবিরোধ মেটাবার নির্মল সদিচ্ছা তাঁর নেই, কূটবুদ্ধি শকুনিকে এ-ব্যাপারে জড়িয়ে তিনি ব্যাপারটাকে আরও জটিল করতে চান।

সাধারণ আলোচনা

ভট্টনারায়ণের বেণীসংহার মহাভারতের উপর আরও সুপরিকল্পিত নাটক, কিন্তু নাট্যকার কর্ণ চরিত্রের দুর্বলতার দিকটাকে প্রকট করে দেখিয়েছেন। ভাসের কর্ণ, স্থির ধীর, যুক্তিবাদী—তাঁর প্রত্যেকটি কথার মধ্যে ক্ষুরধার যুক্তি রয়েছে। ভ্রাতৃবিরোধ মেটাতে শকুনির মতো তিনি বিরোধিতা করেন নি, এ-ব্যাপারে তাঁর সদিচ্ছার অভাব আছে

সেটা ভাস কোথাও বলেন নি। মহাভারতের বিরাটপর্বে উত্তরের চরিত্র কৌতুহলজনক। উত্তর ভীরু ও কাপুরুষ। শমী বৃক্ষে লুকায়িত অর্জুনের গাণ্ডীব আনতে তার ভয় পাছে তাকে ভূতে ধরে। এ-হেন কাপুরুষ ক্ষত্রিয় কুমার যখন ভীষ্ম দ্রোণ সমেত সারা কৌরব বাহিনীকে পরাজিত করল তখন লোকে বাহবা না দিয়ে হাসতে সুরু করে, কারণ পিছন থেকে বৃহন্নলাবেশী অর্জুন সবকিছু করেছেন, উত্তর শুধু বীরের অনুকরণ করে যুদ্ধ জয় করেছেন। বীরদের এ-অনুকরণ বীর রস নয়, বীর রসের আভাস। কোন রসের আভাস বা মিথ্যাপ্রতীতি ঘটান কোন কবির প্রশংসার কাজ নয়। এজন্য সাহিত্যদর্পণকার বিশ্বনাথ কবিকে রসের বা নায়কের পক্ষে অনুচিত বস্তুর পরিহার করে অন্যভাবে বিন্যাস করতে বলেছেন, ('যৎস্যাদনুচিতবস্তু নায়কস্য রসস্য বা। বিরুদ্ধং তৎ পরিত্যজ্যান্যথা বা প্রকল্পয়েৎ'॥ সা. দ. ৬ষ্ঠ অধ্যায়)। কুমার উত্তরের কাপুরুষতা বা ভীরুতাকে না দেখিয়ে উত্তর নিজমুখে কৌরবজয়ের জন্য মূলত বৃহন্নলা বেশী অর্জুন দায়ী এ-কথা সরবে ঘোষণা করেছেন। (মিথ্যা প্রশংসা খলু নাম কষ্টা যেষাং তু মিথ্যাবচনেষু ভক্তিঃ। অহং হি যুদ্ধাশ্রয়মুচ্যমানো বাচানুবর্তী হৃদয়েন লজ্জে॥ ২য় অঙ্ক, ৬০.)

দ্বিতীয় অঙ্কের সুরুতে বৃদ্ধগোপালক শুকনো ডালে বসে সূর্যের দিকে চেয়ে কাককে শুকনো ডাল ঠোকরাতে দেখে অমঙ্গলের চিহ্ন হিসাবে মনে করছে। এভাবে অমঙ্গলের বস্তু অধিকার করাটা তো মানসিক কুসংস্কার। মুদ্রারাক্ষস, মৃচ্ছকটিক, কাদম্বরী প্রভৃতি সংস্কৃত গ্রন্থে এ-ধরনের মানসিক কুসংস্কারের বর্ণনা আছে। প্রশ্ন উঠতে পারে, বিশুদ্ধ সংস্কৃত-সাহিত্যে এসব দেখিয়ে কবি কোন পবিত্রতা নষ্ট করেন নি তো? উত্তর হিসেবে বলা যেতে পারে, রামায়ণ থেকে সুরু করে সমস্ত কাব্যনাটকে মানুষের জীবনের ও সমাজের চিত্রণ আমরা ভালভাবেই পাচ্ছি। খনার বচন, প্রবাদ, কুসংস্কার এগুলো তো সমাজে বাস করে যে মানুষ তাঁদেরই। সাহিত্য যদি সমাজ ও মানুষকে নিয়ে হয়, তাহলে সমাজের কুসংস্কারগুলো চিত্রণ করলে সাহিত্যের পবিত্রতা হানি হবে কেন, আর সাহিত্য তো শিবেতরক্ষতি বা অমঙ্গলকে নাশ করার জন্য। যাকে সাহিত্য নাশ করে, তার চেহারাটা বর্ণনা করে সাহিত্যকে সে জিনিসটার প্রকৃতি আমাদের বোঝাতে হবে বৈকি। আর সাহিত্যের বিষয় কী-ই-বা না হতে পারে, ভাসের ভাষায় ('জায়তে যত্র কাব্যাঙ্গমহো ভারো মহান্ কবেঃ')—সাহিত্যের অঙ্গ কী-ই-বা না হতে পারে—কবির বোঝা সত্যিই বিরাট।

দ্বিতীয় অঙ্কে ভটের 'দৃষ্টপরিস্পন্দানাং যোধপুরুষাণাং কর্মাণি পুস্তকমারোপয়তি কুমারঃ' এই বাক্যটি প্রণিধানযোগ্য। চোখে দেখা যোদ্ধৃপুরুষদের কাজ-কর্ম পুস্তকে নিবন্ধ করে রাখছেন রাজকুমার উত্তর। এ যে প্রাচীন ভারতীয়দের ইতিহাস সচেতনতার বিষয়। কে বলে প্রাচীন ভারতীয়রা ইতিহাস লিখতে অনাগ্রহী ছিলেন। রাজকুমার স্বচক্ষে যা দেখেছেন সেটাই লিপিবদ্ধ করছেন, অর্থাৎ ইতিহাসের সঙ্গে কল্পনাকে মিশ্রিত করছেন না। এটাই তো প্রকৃত ইতিহাসজ্ঞের কাজ। দ্বিতীয় অঙ্কে আর এক জায়গায় স্ত্রীবেশধারিণী বৃহন্নলাকে মহারাজ বিরাট বলছেন, 'ঊর্জিতং কর্মসংস্কৃতমভিধীয়তাম্'—বলদৃপ্ত ব্যাপার সংস্কৃতে বল। বলদৃপ্ত রণকার্য জানানর ভাষা হচ্ছে সংস্কৃত অর্থাৎ সংস্কৃতে যুদ্ধ বর্ণনাতে ঔচিত্য আছে প্রাকৃতে বা স্ত্রীজনের ভাষায় যুদ্ধ বর্ণনা করলে ঔচিত্যহানি ঘটবে। ভাষার ঔচিত্য সম্বন্ধে

ভাসকবির মনোভাব জানতে পারা গেল ; পরবর্তীকালের আলঙ্কারিকরা সংস্কৃত প্রাকৃত ইত্যাদি ভাষা নাটকে ব্যবহারের ঔচিত্য সম্বন্ধে আরও বেশি খবরাখবর দিয়েছেন।

বিশেষ্য-বিশেষণের যথার্থ সন্নিবেশই হচ্ছে প্রকৃত কবিকর্ম। সামান্যাকারে বা সাধারণভাবে সব বস্তুর প্রতীতি আমাদের সকলের হচ্ছে। প্রকৃত কবি বস্তুর বৈশিষ্ট্যটুকু ঠিকমতো বুঝতে পেরে তাকে বিশেষভাবে বিশেষণ দিয়ে বর্ণনা করে চলেছেন। সাধারণ মানুষ আমরা বস্তুকে দেখে যে কিছু একটা বলে জানি বা বুঝি আমাদের প্রতীতি বস্তু সম্বন্ধে নির্বিকল্প প্রতীতি। প্রকৃত কবি বস্তুকে ঠিকমতো বুঝে বিশেষণ দিয়ে প্রকাশ করেন, বস্তুর সবিকল্প প্রতীতি কবির-ই হয়ে থাকে বলা চলে। বিশেষ্য-বিশেষণ ইত্যাদি যে প্রতীতিতে রয়েছে সেটা সবিকল্প, আর যেখানে কোন্‌টা বিশেষ্য কোন্‌টা তার বিশেষণ এই বোধ নাই সেটা নির্বিকল্প প্রতীতি। প্রতিভাবান্ কবি বিশেষ্য-বিশেষণ দিয়ে নিজের সবিকল্প প্রতীতিকে প্রকাশ করে থাকেন। ফল্গু বিশেষণ বা ব্যর্থ বিশেষণ দিয়ে যেটা বলা তার মধ্যে কবি প্রতিভার স্বাক্ষর নাই—এটা শুধুমাত্র পাদপূরণের জন্য চ, বৈ, তু, হি-র ব্যর্থ অব্যয় প্রয়োগের মতো। সার্থক বিশেষণতাকে আলঙ্কারিকরা অন্যতম গুণ বলে ও ভাবিক অলংকারের প্রাণ বলে স্বীকার করেছেন। পঞ্চরাত্রম্-এর একটা শ্লোক দেখা যেতে পারে—

যে দুর্বলাশ্চকৃপণাশ্চ নিরাশ্রয়াশ্চ
ত্বত্তশ্চ শর্ম মৃগয়ন্তি ন গর্বয়ন্তি।
জ্যেষ্ঠো ভবান্ প্রণয়িনস্ত্বয়ি তে কুটুম্বে
তান্ ধারয়িষ্যসি মৃগৈঃ সহ বর্তয়ন্তু॥ ১ম অঙ্ক, ৩৭.

তারা, পাণ্ডবেরা দুর্বল। শুধু দুর্বল নয়, কৃপণ অর্থাৎ শোচনীয় দশার মধ্যে আছে। তাদের দৌর্বল্য আর শোচনীয় দশাকে আরও শোচনীয় করেছে আর এক বিশেষণ, নিরাশ্রয়াশ্চ অর্থাৎ পাণ্ডবেরা আশ্রয়বিহীন ঘরবাড়ি তাদের নেই বা মাথা গোঁজার জায়গা নেই। তোমার দুর্যোধনের সাথে তারা মিতালী চাচ্ছে তারা কোন স্পর্ধা করছে না, তোমাকে যুদ্ধে আহ্বান করছে না। তুমি তাদের জ্যেষ্ঠ, তোমার প্রতি তারা স্নেহশীল। বল তুমি, দুর্যোধন, তুমি কি তাদের ঘরে ঠাঁই দেবে, না তারা বনের পশুর সাথে বনে বাস করবে ? মহামতি ভীষ্ম ভ্রাতৃবিরোধ মেটাতে যাচ্ছেন এবং দুর্যোধনকে পাণ্ডবদের প্রতি সদয় ব্যবহার করে আশ্রয় দিতে বলছেন। কেন পাণ্ডবরা আশ্রয় দেবার যোগ্য ; এজন্য প্রত্যেকটি বিশেষণের দুর্বল, কৃপণ ইত্যাদির কতখানি গর্ভিতার্থত্ব বা অর্থগাঢ়তা রয়েছে, প্রত্যেকটি বিশেষণের দ্বারা ভীষ্ম তাঁর আবেদনকে কুরুপতির কাছে কতখানি হৃদয়স্পর্শী করেছেন তা সহৃদয় পাঠককে বিচার করতে বলি। আর একটি শ্লোক দেখা যাক—

রাজ্ঞাং বেষ্টনপট্টঘৃষ্টচরণাঃ শ্লাঘ্যা প্রভূতশ্রবাঃ
বাৰ্ধক্যেঽপ্যভিবর্ধমাননিয়মাঃ স্বাধ্যায়শূরৈর্মুখৈঃ।
বিপ্রা যান্তি বয়ঃ প্রকর্ষশিথিলা যষ্টিত্রিপাদক্রমাঃ
শিষ্যাস্কন্ধনিবেশিতাঞ্চিতকরা জীর্ণা গজেন্দ্রা ইব॥ ১ম অঙ্ক, ৫

যজ্ঞানুষ্ঠানে যজ্ঞীয় ব্রাহ্মণেরা আসছেন, বৃদ্ধ গজশ্রেষ্ঠের ন্যায় বৃদ্ধদের বিশেষণ প্রথমে 'রাজ্ঞং বেষ্টনপট্টঘৃষ্ট চরণঃ', রাজাদের শিরস্ত্রাণের উত্তম বস্ত্রে যাঁদের চরণ

ঘর্ষিত হয় অর্থাৎ রাজাদের প্রণম্য যাঁরা, কেন প্রণম্য তার হেতু তিনটি বিশেষণ, শ্লাঘ্য প্রভৃতশ্রবাঃ, তাঁদের বিদ্যাবত্তা অসীম ও শ্লাঘনীয়, স্বাধ্যায়শব্দৈর্মুখৈঃ, বেদধ্বনিতে যাদের মুখ সমৃদ্ধ, বার্ধক্যেঽপ্যভিবর্ধমান নিয়মাঃ, বৃদ্ধবয়সেও যাঁদের যমনিয়মাদির ক্ষান্তি নেই বরং তারা বেড়েই চলেছে এরূপ বিপ্ররা তো সর্বজনবন্দনীয় নিশ্চয়। কেমনভাবে সেই বেদনিষ্ণাত বিপ্রেরা যাচ্ছেন তার বিশেষণ যষ্টিত্রিপাদক্রমাঃ যষ্টিকে তৃতীয় পদ হিসাবে গ্রহণ করে যাঁরা তিনপায়ে হাঁটছেন—বয়ঃ প্রকটশিথিলা বয়োবৃদ্ধির জন্য বার্ধক্যের তনু শিথিল এইজন্যেই তাঁরা, শিষ্যস্কন্ধ নিবেশিতাঞ্চিকরাঃ, শিষ্যের স্কন্ধদেশে যারা হাত রেখে চলেছেন দেহসাম্য বজায় রাখার জন্য, তাদের হাত 'অঞ্চিত' অর্থাৎ পূজনীয় ও যোগ্য অগ্নিতে হবিদান ও অর্চনাদির দ্বারা হাত পূজাই হয়েছে। প্রত্যেকটি বিশেষণ কতখানি সুপ্রযুক্ত।

আর এক বিশেষণ লক্ষ্য করুন। শকুনি কর্ণকে বলছেন 'সম্যগাহ গঙ্গোপস্পর্শনাদ্ ধৌতকল্মষাদোঽঙ্গরাজঃ', গঙ্গায় অবগাহন করে যাঁর অঙ্গের পাপ বিধৌত হয়েছে সেই অঙ্গরাজ ঠিক বলেছেন। গঙ্গাবারিস্পর্শে যাঁর অঙ্গ পবিত্র তিনি মিত্র দুর্যোধনকে পুণ্য সঞ্চয়ের উপদেশই দিবেন, যিনি পুণ্যাত্মা ও পুণ্যশরীর তিনি সুহৃৎকে পুণ্যকর্মে উদ্বুদ্ধ করবেন এটা তো স্বাভাবিক। এ-বিশেষণ কালিদাস রঘুবংশের চতুর্দশ সর্গে মহাকবি বাল্মীকির বিশেষণ 'নিষাদবিদ্ধাণ্ডজদর্শনোত্থঃ শ্লোকত্বমাপদ্যত যস্য শোকঃ' নিষাদবিদ্ধ পক্ষী দেখে যার শোক উতলে উঠেছিল এজন্য বাল্মীকি সহৃদয়ধুরীণ রাজানক কুন্তক বক্রোক্তজীবিতগ্রন্থে এ-বিশেষণের সার্থকতা দেখাচ্ছেন, নিহত পক্ষী দেখে যাঁর শোক উত্থিত হয়েছিল মানবী সীতার দুঃখ দেখে তিনি শোকাহত হবেন, এটা তো খুবই স্বাভাবিক। কুন্তক এই সার্থক বিশেষণকে বাচকবক্রতা বলেছেন।

অলংকার গুণাদির কাব্যে প্রযোগ হবে অঙ্গী বা প্রধান রসকে লক্ষ্য করে ও অলংকার প্রয়োগে কবির কোন পৃথক্ প্রধান বা প্রযত্ন থাকবে না। অলংকারের প্রয়োগ দেখে মনে হবে অলংকার প্রয়োগে কবিকে কোন ভাবনা চিন্তা বা জোর খাটাতে হয় নি, স্বতঃস্ফূর্তভাবে অলংকার প্রযুক্ত হয়ে একেবারে কাব্যের অপরিহার্য অঙ্গ হয়েছে। পঞ্চরাত্রম্-এর প্রথমাঙ্কের উপমা দেখুন।

শকটী চ ঘৃতাপূর্ণা সিচ্যমানাপি বারিণা।
নারীবোপরতা পত্যা বালস্নেহেন দহ্যতে॥

ঘি-পরিপূর্ণ শকটীতে আগুন লেগেছে, জলধারা দিয়ে শকটিকে ধুয়ে দেওয়া সত্ত্বেও ভিতরে-ভিতরে সেটা পুড়ছে। কেমনভাবে—উপরতাপত্যা মৃত সন্তান নারীর মতো সন্তান হারিয়ে মায়ের দুঃখ কিছুতেই যায় না তিলে-তিলে যে দগ্ধ হয়। উপমা এখানে কতখানি সার্থক। শুধু লিঙ্গ বচনের সাম্য দিয়ে এখানে উপমাকে প্রয়োগ করা হয় নি—অর্থগাঢ়তায় উপমা এখানে সত্যিই সার্থক। এ-উপমা সত্যই কাব্যের অপরিহার্য অঙ্গ হয়ে উঠেছে। আর একটা উৎপ্রেক্ষা দেখা যেতে পারে।

অবনতবিটপো নদীপলাশঃ
পবনবশাচ্চলিতৈকপর্ণহস্তঃ।
দবদহনবিপন্নজীবিতানা—
মুদকমিবৈষ করোতি পাদপানাম্। (১ম অঙ্ক, ১৭)

নদী পার্শ্বস্থ পলাশের শাখা নদীর দিকে নুয়ে আছে। যে শাখা থেকে একটা পাতা হাওয়ার বেগে নদীর জলে পড়ছে। কবির কল্পনা অগ্নিতে ভস্মীভূত অপর পলাশবৃক্ষের নিবাপাঞ্জলি যেন পলাশবৃক্ষ পত্ররূপ হাত দিয়ে দিচ্ছে। কবিকল্পনায় অনুরঞ্জিত হয়ে উৎপ্রেক্ষা কতখানি কাব্যের অপরিহার্য অঙ্গ ও সুষমাময় হয়ে উঠেছে। আর একটা জিনিস লক্ষ্য করার মতো, শব্দালংকার, অনুপ্রাসের কি দোলা প্রথম পাদে! প্রত্যেকটি পাদের অনুপ্রাস কতখানি রসব্যঞ্জক। শব্দালংকারকে রসব্যঞ্জক করাটা কম কবিত্বশক্তির কাজ নয়।

সংস্কৃত-সাহিত্যে বেশির ভাগ নাটকই প্রধানত কাব্যধর্মী অর্থাৎ কাব্যের উপাদান ও নাট্যের উপাদানের সামঞ্জস্য বেশীরভাগ নাটকে দেখা যায় না। কালিদাসের নাটকাবলীর কাব্যময়তা ও শ্লোকের মাধুর্য, ভবভূতির নাটকের গীতিধর্মিতা আমাদের আকর্ষণ করে বেশি। যথার্থ নাট্যমুহূর্ত ও নাটকের উপাদান কবি বিশাখদত্ত যেমন তাঁর মুদ্রারাক্ষসে সৃষ্টি করেছেন, সেরূপ সৃষ্টি আমরা সংস্কৃত-সাহিত্যে খুবই কম দেখি। কবি বিশাখদত্তের মতো না হলেও নাট্য উপাদান সৃষ্টিকারী হিসাবে আমরা ভাসকে সংস্কৃত সাহিত্যে দেখতে পাই। ভিনটার্নিৎস বারবার বলেছেন ভাসের প্রত্যেকটি নাটক Stage Play বা রঙ্গের নাটক হিসাবে সার্থক। পঞ্চরাত্রমের মধ্যে প্রচুর শ্লোক রয়েছে—নাটকের পাত্রপাত্রী শ্লোকের চরণকে সংলাপ হিসাবে ব্যবহার করেছে—তথাপি পঞ্চরাত্রমের নাট্যগতি কোথাও ব্যাহত হয় নি। প্রথমাঙ্কের শুরুতে যজ্ঞাগ্নির দহনকার্যের বিস্তৃত বর্ণনা নাট্যগতিকে সামান্য মন্থর করলেও প্রথমাঙ্কের মধ্যভাগ থেকে তৃতীয়াঙ্কের সমাপ্তি পর্যন্ত নাট্যগতি কোথাও বিন্দুমাত্র স্খলিত হয় নি, রুদ্ধশ্বাসে পরের পর ঘটনা ও বিভিন্ন সংলাপে নাট্যামোদী পাঠক ও দর্শক অনুধাবন করে যান যথেষ্ট উৎসাহের সঙ্গে। পরবর্তী নাট্যনিয়মকর্তারা পঞ্চরাত্রম্-কে সমবকার হিসাবে ধরেছেন—সমবকারের বৈশিষ্ট্যগুলো কতখানি এর মধ্যে রয়েছে সে-সম্বন্ধে আলোচনা করেছেন। ভরতমুনির মুখ্য নাট্যনিয়মকে কোথাও যখন বিশেষ মর্যাদার সঙ্গে ভাসের কোনও নাটকে প্রযুক্ত হতে দেখা যায় না, তখন ভাসের কোন নাটককে পরবর্তী নাট্যনিয়মকর্তাদের শৃঙ্খলার বন্ধনে বন্ধ করে সমবকার, প্রকরণ ইত্যাদি বলাটা হয়তো সংগত নয়। তাছাড়া পঞ্চরাত্রম্ সমবকার হোক আর নাই হোক, সাধারণ নাটক হিসাবে পঞ্চরাত্রম্ সম্বন্ধে কতকগুলো প্রশ্ন সকলের মধ্যে দেখা দিতে পারে। পঞ্চরাত্রমের মুখ্যচরিত্র বা নায়ক কে? প্রতিনায়ক কে? পঞ্চরাত্রমের অঙ্গিরস বা প্রধান রস কি? অল্পরস বা পরিপূরক রস কোনগুলি? নাটকের সমস্ত অঙ্কে দুর্যোধন চরিত্রের উপস্থিতি ও শেষাঙ্কে তাঁর প্রতিজ্ঞা পূরণ নিঃসন্দেহে দুর্যোধন চরিত্রকে অত্যধিক প্রাধান্য দিলেও দুর্যোধন চরিত্র কিন্তু মুখ্য চরিত্র বা নায়কের চরিত্র নয়, তাঁকে প্রতিনায়ক বলাই ভাল। পঞ্চরাত্রির মধ্যে পাণ্ডবদের বার্তা আনার জন্য দুর্যোধন শেষ পর্যন্ত তাঁর প্রতিশ্রুতি অনুযায়ী রাজ্যার্ধ পাণ্ডবদের দান করেছেন। তাঁর এই কাজ ধর্মবীরের কাজ। কিন্তু রাজ্যার্ধ প্রাপ্তির ফলভোগী হয়েছেন পাণ্ডব জ্যেষ্ঠ যুধিষ্ঠির। ফলভোগী যিনি হবেন তিনিই তো নায়ক বা নেতা হবার যোগ্য সংস্কৃত নাট্যনিয়ম অনুসারে। যুধিষ্ঠিরের উপস্থিতি সমস্ত অঙ্কে নাই ঠিকই, কিন্তু এজন্য তিনি মুখ্য চরিত্র হবেন না এরকম হতে পারে না। ভাসের প্রসিদ্ধ নাটক স্বপ্নবাসবদত্তম্-এ যৌগন্ধরায়ণের উপস্থিতি

কেবলমাত্র প্রথম ও শেষ অঙ্কের শেষে, কিন্তু তথাপি যৌগন্ধরায়ণ চরিত্র স্বপ্নবাসবদত্তম্ নাটকে কম প্রধান নয়। তাছাড়া যুধিষ্ঠিরের সম্বন্ধে বৃহন্নলাবেশী অর্জুনের বক্তব্য যুধিষ্ঠিরকে অতিমানবের পর্যায়ে নিয়ে গেছে অবশ্য। সেই শ্লোকটির মর্ম অনুধাবন করা যায়—

সযৌবনঃ শ্রেষ্ঠতপোবনে রতো নরেশ্বরো ব্রাহ্মণবৃত্তমাশ্রিতঃ।
বিমুক্ত রাজ্যোঽপ্যভিববর্দ্ধিতঃ শ্রিয়া ত্রিদণ্ডধারী ন চ দণ্ডধারকর ॥

(২য় ৩২)

যৌবন থাকা সত্ত্বেও ইনি (যুধিষ্ঠির) শ্রেষ্ঠ তপোবনে রত, নরপতি হয়েও ইনি ব্রাহ্মণের চরিত্রকে আশ্রয় করেছেন, ইনি ত্রিদণ্ডধারী, কিন্তু রাজদণ্ডধারী নন। ভীষ্ম ও দ্রোণ চরিত্রের চিত্রণে মহাকবি ভাস যেমন অতিমানবত্ব এনেছেন, তেমনি যুধিষ্ঠিরের চরিত্রকে তিনি মহান্ অতিমানব হিসাবে চিত্রিত করেছেন। এরূপ চরিত্রই তো মুখ্য আকর্ষণ বা মুখ্য চরিত্র হবার যোগ্য। গো-গ্রহণ দমনের জন্য যুদ্ধ ও যুদ্ধে উত্তর ও পাণ্ডবদের জয় ও কৌরবদের পরাজয় দেখিয়ে ভাস বীররসকেই নাটকে প্রধান রস হিসাবে চিত্রিত করেছেন নিপুণভাবে। এই ধর্মবীর দুর্যোধন তাঁর প্রতিশ্রুতি পালন করে সমগ্র নাটকেব বীররসকে পরিপুষ্ট করেছে। দ্বিতীয় অঙ্কের শেষে বৃহন্নলাবেশী অর্জুন, ভগবান নামধারী যুধিষ্ঠিব এবং ছদ্মবেশী ভীমসেনেব সঙ্গে অভিমন্যুর কথাবার্তা খুবই আকর্ষণীয়। হাস্যরসেব মুহূর্ত এখানে বয়েছে যথেষ্ট কুমারসম্ভবে ছদ্মবেশী মহাদেবের সঙ্গে পার্বতীর কথাবার্তায় যেমন হাস্যরসের সৃষ্টি হয়েছে এবং এ-হাস্যরস যে মুখ্য বীররসের পরিপোষক হয়েছে তা বলাই বাহুল্য।

সূক্তিরত্নাবলী

সুন্দর অর্থগর্ভ উক্তি ভাসের সকল নাটকেই ছড়িয়ে রয়েছে—এই উক্তিগুলি এমন গভীর তাৎপর্যময় যে এগুলো অনায়াসেই প্রবাদের মর্যাদা পেতে পারে। ভাস অযথা কোথাও বাগবিস্তারের পক্ষপাতী নন—সারগর্ভ প্রবচন এবং সংক্ষিপ্ত নীতিবাক্যের প্রয়োগেও তিনি বিশিষ্টতার পরিচয় দিয়েছেন। এই জাতীয় কয়েকটি উক্তি লক্ষ্য করা যেতে পাবে।

১. বাণাধীনা ক্ষত্রিয়াণাং সমৃদ্ধিঃ
ক্ষত্রিয়গণের সমৃদ্ধি তাদের শরশক্তির উপর নির্ভর কবে।

২. সান্ত্বং হি নাম দুর্বিণীতানামৌষধম্।
যারা দুর্বিনীত, সামনীতির প্রয়োগই তাদের ঔষধ।

৩. মহৎসু নীচেষু চ কর্ম্ম শোভতে।
রূপ ও কুল মহৎই হোক বা নীচই হোক—কর্মই শোভা পায়।

৪. মিথ্যা প্রশংসা খলু নাম কষ্টা।
লোকের মিথ্যা প্রশংসা অত্যন্ত কষ্টদায়ক।

৫. সর্বমিষ্টেষু কথ্যতে।
লোকে প্রিয়জন সম্পর্কেই সব কথা বলে।

৬. রূপেন স্ত্রিয়ঃ কথ্যন্তে, পরাক্রমেণ তু পুরুষাঃ।
রূপের দ্বারা নারীদের বর্ণনা করা হয় কিন্তু পরাক্রমের দ্বারা পুরুষদের।

৭. সতি চ কুলবিরোধে নাপরাধ্যন্তি বালাঃ।
কুলবিরোধ থাকলেও তারজন্য বালকদের অপরাধী করা যায় না।

রবিশঙ্কর বন্দ্যোপাধ্যায়

কুশীলব

সূত্রধার	—	নাট্য-পরিচালক
ভীষ্ম	—	কুরুপাণ্ডবের পিতামহ
দ্রোণ	—	কুরুপাণ্ডবের অস্ত্রগুরু
কর্ণ	—	অঙ্গরাজ, দুর্যোধনের মিত্র
শকুনি	—	গান্ধাররাজ, দুর্যোধনের মাতুল
দুর্যোধন	—	কুরুরাজ, 'পঞ্চরাত্রম্' নাটকের নায়ক
অভিমন্যু	—	অর্জুন ও সুভদ্রার পুত্র
ভগবান	—	ছদ্মবেশী যুধিষ্ঠির
ভীমসেন	—	মধ্যম পাণ্ডব
বৃহন্নলা	—	ছদ্মবেশী অর্জুন
রাজা	—	বিরাটরাজ
সূত	—	সারথি
উত্তর	—	বিরাট রাজের পুত্র
ভট	—	(জয়সেন) সৈনিক প্রহরী
বৃদ্ধগোপালক/গোমিত্রক	—	জনৈক গোপালক
কাঞ্চুকীয়	—	অন্তঃপুরচারী বৃদ্ধ
ব্রাহ্মণত্রয়		

পঞ্চরাত্র

প্রথম অঙ্ক

(নান্দীপাঠের পরে সূত্রধারের প্রবেশ)

সূত্রধার—'দ্রোণ' যিনি দ্রোণসদৃশ অর্থাৎ কৃষ্ণকথকের সদৃশ কৃষ্ণতনু, যিনি পৃথিবীতে 'অর্জুন' শুভ্র কর্মের মূর্ত প্রতীক এবং ভীম (পাপীর পক্ষে) ভয়ানক দূত (অথবা অর্জুন ও ভীমের প্রাপ্য ভূভাগের জন্য যিনি দূতের কাজ করেছিলেন), যিনি 'শকুনি' অধিপ গরুড়ের 'কর্ণধার' নিয়ামক, যিনি 'দুর্যোধন' সংগ্রামে যাঁহাকে প্রতিরোধ করা শক্ত, যিনি ভিন্ন অর্থাৎ ভয়কারী, যিনি ' যুধিষ্ঠির' সংগ্রামে যিনি স্থির, যিনি 'উত্তরগ' অর্থাৎ উত্তম কর্মের আচরণকারী, যিনি 'অভিমন্যু' মনু বা যজ্ঞের আরাধ্য সেই 'বিরাট' পুরুষ (শ্রীকৃষ্ণ) (আমাদের সকলকে) রক্ষা করুন ।।১।।

(পঞ্চরাত্রের প্রধান চরিত্রগুলির নাম—দ্রোণ, অর্জুন, ভীম, শকুনি, কর্ণ, দুর্যোধন, ভীষ্ম, যুধিষ্ঠির, উত্তর, অভিমন্যু, বিরাট—এই শ্লোকে উল্লেখ করা হয়েছে (বিচরণ করে)

সমবেত বিশিষ্ট ভদ্রমহোদয়দের জানাচ্ছি। এ কি ! আমি যখন (আপনাদের) জানাবার ব্যাপারে ব্যস্ত, তখন কি যেন শব্দ শোনা যাচ্ছে ? আচ্ছা দেখি।

(নেপথ্যে)

আশ্চর্য কুরুপতির (দুর্যোধনের) যজ্ঞের কি আড়ম্বর !

সূত্রধার—যাক্ বুঝলাম। রাজবৃন্দ সমস্ত অন্তপুরের স্ত্রীগণের সঙ্গে প্রীতিভরে আগমন করার পর কুরুরাজ দুর্যোধনের যজ্ঞ অনুষ্ঠিত হচ্ছে। (সূত্রধারের নিষ্ক্রমণ)

(তাহার পর তিনজন ব্রাহ্মণের প্রবেশ)

সকলে—কী আশ্চর্য কুরুপতির যজ্ঞের সমাড়ম্বর !

প্রথম ব্রাহ্মণ—এইতো এখানে ব্রাহ্মণদের উচ্ছিষ্ট অন্নের দ্বারা চারদিক (শুভ্র) কুসুম-যুক্ত কাশগুচ্ছের ন্যায় (শোভা পাচ্ছে), যজ্ঞের হবির ধূমপুঞ্জের দ্বারা বৃক্ষ-গুলির কুসুমগন্ধ বিদূরিত হয়েছে, ব্যাঘ্রগণ মৃগগণের ন্যায় (বশীভূত), পর্বতভূমিতে সিংহগণ বধকার্য থেকে বিরত, নৃপতি দুর্যোধন যজ্ঞে দীক্ষিত হওয়ার সঙ্গে-সঙ্গে অখিল জগৎ যেন যজ্ঞে দীক্ষিত বলে মনে হচ্ছে।

দ্বিতীয় ব্রাহ্মণ—আপনি ঠিকই বলেছেন। শ্রেষ্ঠ দেবগণের বদনস্বরূপ অগ্নি যজ্ঞীয় হবির দ্বারা পরিতৃপ্ত, ব্রাহ্মণ শ্রেষ্ঠরা ধনলাভে পরিতৃপ্ত, পক্ষিগণ আহারে পরিতৃপ্ত, সকলদিকের মানবেরা গোসমূহকে দানস্বরূপ পেয়ে পরিতৃপ্ত, অধুনা সকলদিকের জগৎ নৃপতি দুর্যোধনের সদ্গুণ কীর্তনে মুখর এবং সকলপ্রকারে পরিতৃপ্ত। সমগ্র জগৎ, নৃপতি দুর্যোধনের গুণরাজির দ্বারা দেবভূমির মর্যাদায় উন্নীত হয়েছে।

তৃতীয় ব্রাহ্মণ—এই সেই পূজ্যপাদ ব্রাহ্মণেরা রাজাদের শিরোবেষ্টন বস্ত্র যাঁদের চরণ স্পর্শ করেছে, যাঁরা প্রচুর প্রশংসাযোগ্য জ্ঞানের অধিকারী, বৃদ্ধবয়সেও যাঁদের নিয়মাদি বৃদ্ধি পাচ্ছে, বেদোচ্চারণে যাঁদের মুখগহ্বর সমৃদ্ধ, বয়সবৃদ্ধিতে শিথিল দেহ (সেই) ব্রাহ্মণেরা শিষ্যদের স্কন্ধে তাঁদের বিশিষ্ট বাহুকে স্থাপন করে বৃদ্ধ গজশ্রেষ্ঠের ন্যায়, যষ্টিধারণ করে যেন তিন পায়ে পরিক্রমণ করছেন।

সকলে—ওহে, ওহে বালকেরা; ওহে, ওহে বালকেরা, অবভৃতস্নান এখনও সমাপ্ত হয় নি, তোমরা এখন (যজ্ঞাগারে) অগ্নিসংযোগ করো না।

প্রথম ব্রাহ্মণ—হায়, বালকদের কী চপলতা। এখানে প্রজ্বলিত একটি যজ্ঞযূপকে বসুধার সুবর্ণহস্তের ন্যায় মনে হচ্ছে, যজ্ঞের বহ্নি লৌকিক বহ্নিকে ব্রাহ্মণ পার্শ্বস্থ শূদ্রকে সহ্য করতে পারে না, সেইরূপ সহ্য করছে না, (অগ্নির দ্বারা) পরিবৃত যজ্ঞের বেদী উপরে সমাচ্ছাদিত কুশের অপক্বতার জন্য খুব বেশি অগ্নি দগ্ধ হয় নি। ধূম প্রাগ্বংশশালার বিকচপদ্ম সরোবরে যেমন হস্তী প্রবেশ করে সেইরূপ প্রবেশ করছে।

দ্বিতীয় ব্রাহ্মণ—সত্যিই তো। ভীত ব্রাহ্মণেরা (যজ্ঞীয়) বহ্নিকে (লৌকিক) বহ্নির ভয়ে (যজ্ঞশালা থেকে) নিষ্কাশিত করছেন, নীতিবিচ্যুত কুল থেকে জ্ঞাতিকে যেমন (অসচ্চরিত্র) জ্ঞাতি থেকে (পৃথক করা হয়)।

তৃতীয় ব্রাহ্মণ—ঘৃতের দ্বারা পরিপূর্ণ শকটী সলিল সেচের দ্বারা সিক্ত হয়েও জ্বলছে, যেমনভাবে সন্তানহারা জননী (অশ্রুসিক্ত হয়েও সন্তানস্নেহে মুগ্ধ হন)।

প্রথম ব্রাহ্মণ—আপনি ঠিকই বলেছেন, যেখানে কুশ শুষ্ক যেখানে বহ্নি সমুত্থিত হয় (যেন) ভগবান বিষ্ণুর এই ধর্ম শকটীকে দগ্ধ করতে উদ্যত, কুশের অপরিপক্বতা হেতু ধীরে-ধীরে বহ্নি নিচু হয়ে জ্বলছে; বায়ুর দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত, শিখার দ্বারা পরিব্যাপ্ত ক্রমে-ক্রমে বহ্নি ধর্মশকটটির চক্র পর্যন্ত পৌঁছেছে, চক্রনেমীকে পরিব্যাপ্ত করার জন্য সূর্যমণ্ডলের ন্যায় বহ্নিকে দেখা যাচ্ছে।

দ্বিতীয় ব্রাহ্মণ—আরও এদিকে দেখুন—বল্মীকের মূল দেশ থেকে অগ্নির ভয়ে পাঁচটি সর্প বল্মীকের কোটর থেকে একই সময়ে নির্গত হয়েছে যেমনভাবে মৃতব্যক্তির দেহ থেকে পাঁচটি ইন্দ্রিয় (একই সঙ্গে) বিনির্গত হয়।

তৃতীয়—আপনারা আরও এদিকে দেখুন, বায়ুতাড়িত যজ্ঞীয় বহ্নি বৃক্ষকে দগ্ধ করছে। বৃক্ষের কোটরের মধ্যে অবস্থিত পাখিরা, প্রাণ যেমন দেহ থেকে বেরিয়ে আসে, সেইরকম বেরিয়ে আসছে।

প্রথম ব্রাহ্মণ—ঠিক তাই। একটি মাত্র শুষ্ক পুষ্পিত বনকে দগ্ধ করছে যেমনভাবে একজন চরিত্রহীন পুরুষ কুলকে দগ্ধ করে।

দ্বিতীয় ব্রাহ্মণ—বায়ুর দ্বারা আন্দোলিত এই বংশগুলি যজ্ঞের অগ্নিতে দগ্ধ হচ্ছে, মানবদের ভাগ্যের মতো উঠছে আর নামছে। আপনি ঠিকই বলেছেন যে বৃক্ষের স্কন্ধে শুষ্কলতা পরিবেষ্টন করে আছে, সেটি দুষ্টকুলে প্রবিষ্ট সজ্জন যেমন স্ত্রীলোকের দোষে দগ্ধ হয় সেইরূপ দগ্ধ হচ্ছে।

প্রথম ব্রাহ্মণ—আপনারা দুজনকে আর একটা জিনিস দেখুন। বৃক্ষ, গুল্ম কণ্টক সমেত বনকে, মনের সুখে আহারের মতো উপভোগ করে (বিস্তৃত) কুশকে অনুসরণ করে, ঐ যজ্ঞাগ্নি যেন মুখ ধোয়ার জন্য নদীতে অবতরণ করছে।

দ্বিতীয় ব্রাহ্মণ—এই যে, এই যে বহ্নি বিস্তৃত কুশ ও বল্কলের উপর দিয়ে বৃক্ষ থেকে বৃক্ষান্তরে গমন করছে। কদলীর ফল দগ্ধ হয়ে পাকা ফলের মতো পড়ছে, সামনের তালগাছ বিরাট মৌমাছির চাকের সঙ্গে বহুক্ষণ মূলদেশে অগ্নিতে দগ্ধ হয়ে রুদ্রের কুঠারের মতো মাটিতে পড়ছে।

তৃতীয় ব্রাহ্মণ—থাক্, সজ্জনের ক্রোধের মতো অগ্নিদেব প্রশান্ত হয়েছেন। জ্বালানির সঞ্চয় ফুরোবার জন্য অগ্নির শক্তি নষ্ট হয়েছে, যেমনভাবে সচ্চরিত্র পুরুষের দানশক্তি সম্পদের ক্ষয়ে নষ্ট হয়।

প্রথম ব্রাহ্মণ—বহ্নি এখন যজ্ঞের কাষ্ঠময়ী হবনী, অর্বাণ ও কুশগুলিকে দগ্ধ করছে যেমন বিপন্ন মানুষ সম্পদের পরিক্ষয়ে নিজের পরিচ্ছদের বিনিময়ে আহার সংগ্রহ করে।

দ্বিতীয় ব্রাহ্মণ—নদী পার্শ্বস্থ পলাশ বৃক্ষের শাখা নদীর দিকে অবনত হয়ে রয়েছে। বায়ুতাড়িত হয়ে শাখা হতে একটি পত্র নদী জলে এসে পড়েছে যেন পলাশবৃক্ষ দাবদাহনে মৃত বৃক্ষদের নিবাপাঞ্জলি পত্ররূপ হস্তে দান করেছে।

তৃতীয় ব্রাহ্মণ—তবে আসুন, আমরাও নদী জল স্পর্শ করি।

উভয়ে—বেশ তাই হোক।

(সকলে জলস্পর্শ করলেন)

প্রথম ব্রাহ্মণ—ওহে। মাননীয় কুরুপতি দুর্যোধন এদিকে আসছেন, তাঁর সামনে ভীষ্ম ও দ্রোণ, অধীনস্থ নৃপতিরা তাঁর পিছনে আসছেন—

সকলে—যজ্ঞানুষ্ঠানের দ্বারা ভোজন করাও, বিক্রমের দ্বারা পৃথিবী জয় কর, ক্রোধকে ত্যাগ কর, আত্মীয় স্বজনের প্রতি সদয় হও ইত্যাদি মিষ্ট কথাবার্তা বলতে-বলতে যথার্থই পান্ডবদের প্রতি (কৌরবদের) সৌহার্দ সঞ্চারিত করছেন। তবে আসুন, আমরাও কুরুরাজকে সম্মানিত করি।

উভয়ে—ভাল কথা।

সকলে—আপনার জয় হোক, জয় হোক। (সকলের প্রস্থান)

(এরপর ভীষ্ম ও দ্রোণ প্রবেশ করলেন)

দ্রোণ—দুর্যোধন যথার্থই এসব ধর্মকার্যের অনুষ্ঠানের দ্বারা আমাকে অনুগৃহীত করেছে। কারণ—জ্ঞাতি ও বন্ধুগণকে অতিক্রম করে শিষ্যের দোষ গুরুকে আশ্রয় করে। বাল্যাবস্থায় বালককে গুরুকে অর্পণ করে বালকের পিতা বা মাতার আর কোন দোষ থাকে না।

ভীষ্ম—এই দুর্যোধন সম্পদ লাভ করে মহানুভব হয়েছে কলহপ্রিয় হওয়ায় অযশের ভাগী হয়েছে। (অধুনা) ধর্মানুষ্ঠান করে পুন্যভাগী হয়ে সেই দুর্যোধন ধার্মিকরূপে দীর্ঘকাল শোভা পাচ্ছে।

(তারপর দুর্যোধন, কর্ণ ও শকুনির প্রবেশ)

দুর্যোধন—আমার অন্তর শ্রদ্ধাযুক্ত, গুরুজনেরা পরিতুষ্ট, জগতের (লোকের) আমার উপর বিশ্বাস জন্মেছে, আমার গুণ প্রতিষ্ঠিত, অযশ নষ্ট। মৃতেরা স্বর্গে যায়, এই যে কথা তা মিথ্যা ; স্বর্গ অপ্রাপ্য নয়, এই পৃথিবীতেই বহু গুণের আধার স্বর্গ ফলে থাকে।

কর্ণ—গান্ধারীমাতৃক ন্যায়পথে অর্জিত সম্পদকে ব্যয় করে আপনি ন্যায়াচরণ করেছেন। কারণ, ক্ষত্রিয়দের সম্পদ যুদ্ধের দ্বারা অর্জিত হয়, পুত্রের জন্য যে-ক্ষত্রিয় সম্পদ সঞ্চয় করেন তিনি প্রতারিত হন। বিপ্রের ক্রোড়ে সমস্ত সম্পদ অর্পণ করে কেবলমাত্র ধনুকটি পুত্রদের দান করা উচিত।

শকুনি—গঙ্গাস্নানে যাঁর অঙ্গের পাপ বিধৌত হয়েছে সেই অঙ্গরাজ (কর্ণ) ঠিকই বলেছেন।

কর্ণ—ইক্ষ্বাকু, শর্যাতি, যযাতি, রাম, মান্ধাতা, নাভাগ, নৃগ ও অম্বরীষ এসব নৃপতিদের রাজ্য ও কোষাগার ছিল, কিন্তু এঁরা যজ্ঞানুষ্ঠানের (কীর্তির জন্য) শরীর নষ্ট হলেও বেঁচে আছেন।

সকলে—গান্ধারীমাতৃক (দুর্যোধন)। যজ্ঞ পরিসমাপ্তিতে আমরা আপনাকে অভিনন্দন জানাই।

দুর্যোধন—অনুগৃহীত হলাম। আচার্য, আপনাকে অভিবাদন করি।

দ্রোণ—এস, এস বৎস। অভিবাদনের এটি ক্রম নহে।

দুর্যোধন—অভিবাদনের ক্রম তাহলে কোন্‌টি?

দ্রোণ—তুমি কি দেখছ না? মানুষের রূপে যিনি দেবতা সেই ভীষ্মকে অভিবাদন কর। ভীষ্মকে অতিক্রম করে (অন্যকে) অভিবাদন করা অন্যায় আচরণ মনে করি।

ভীষ্ম—না, না, আপনি এমন কথা বলবেন না। বহু কারণে আমি আপনার অপকৃষ্ট, আমি মাতার গর্ভজাত, আপনি স্বয়ং জন্মেছেন, আমার বৃত্তি আয়ুধ, আপনার বৃত্তি ক্ষমা। আপনি ব্রাহ্মণ, আমরা ক্ষত্রিয়, আপনি গুরু, আমি না-হয় আপনার সর্বোত্তম শিষ্য।

দ্রোণ—মহাজনেরা নিজেদের নিন্দা করে না। এস বৎস, আমাকে অভিবাদন কর।

দুর্যোধন—আচার্য, অভিবাদন করি।

দ্রোণ—এস, এস বৎস। এরূপ বহুবিধ অবভৃতস্নানের কষ্ট ভোগ কর।

দুর্যোধন—অনুগৃহীত হলাম। পিতামহ, আপনাকে অভিবাদন করি।

ভীষ্ম—এস, এস পৌত্র, এভাবে তোমার বুদ্ধির প্রশান্তি ঘটুক।

দুর্যোধন—অনুগৃহীত হলাম। মাতুল, আপনাকে অভিবাদন করি।

শকুনি—বৎস দুর্যোধন! এভাবে যেখানে দক্ষিণা দান করা হয় সেরূপ সমস্ত যজ্ঞের অনুষ্ঠান করে রাজসূয় যজ্ঞে সমস্ত নৃপতিকে জয় করে জরাসন্ধের মতো আনয়ন কর।

দ্রোণ—হায়, আশীর্বাদবাক্যেও শকুনির যুদ্ধের ভাব যাচ্ছে না। এই ক্ষত্রিয়কুমার সত্যিই বৈর প্রিয়।

দুর্যোধন—সখা কর্ণ! গুরুজনদের প্রণামের পর এইবার ক্রমানুসারে আমরা বন্ধুরা (পরস্পরের) প্রীতি ও বিশ্বাস বিনিময় করি।

কর্ণ—সখা দুর্যোধন! যজ্ঞানুষ্ঠানে তোমার এই দেহ ক্ষীণ। যদি আলিঙ্গন করি তাহলে তুমি কি সেই আলিঙ্গন সহ্য করতে পারবে? তোমাকে মধুর বাক্যে অভিনন্দিত না করে আলিঙ্গন করব না, (কিন্তু) তোমার রাজর্ষির মতো ধীর বাক্য আমার ভয় উৎপাদন করছে।

দুর্যোধন—তোমার (আমার বিষয়ে) এরূপ বুদ্ধি হোক।

দ্রোণ—বৎস দুর্যোধন! দেবরাজ ইন্দ্রের প্রিয় সুহৃৎ ভীষ্ম তোমাকে অভিনন্দন জানাচ্ছেন।

দুর্যোধন—মহাশয়ের শুভাগমন হোক। অভিবাদন জানাই।

ভীষ্ম—পৌত্র দুর্যোধন! দক্ষিণাপথ রক্ষণের অর্গলস্বরূপ ভূরিশ্রবা তোমাকে অভিনন্দন জানাবেন।

দুর্যোধন—মহাশয়ের শুভাগমন হোক।

দ্রোণ—বৎস দুর্যোধন! তোমার যজ্ঞানুষ্ঠানকে সম্মানিত করার জন্য বাসুদেব অভিমন্যুকে পাঠিয়েছেন, (অভিমন্যু) তোমাকে অভিনন্দন করছে।

শকুনি—বৎস দুর্যোধন! এই যে জরাসন্ধের পুত্র সহদেব তোমাকে অভিবাদন করছে।

দুর্যোধন—এস, এস বৎস! পিতার ন্যায় পরাক্রমশালী হও!

সকলে—এখানে সমস্ত রাজমণ্ডল আপনাকে সম্বর্ধনা জানাচ্ছেন।

দুর্যোধন—অনুগৃহীত হলাম। কিন্তু যখন সমস্ত রাজমণ্ডল এখানে এসেছেন তখন বিরাট আসেন নি কেন?

শকুনি—তাঁর কাছে আমি দূত পাঠিয়েছি। মনে হয় তিনি পথে বেরিয়েছেন।

দুর্যোধন—হে আচার্য! ধর্মবিষয়ে ও ধনুর্বিদ্যায় আপনি আমার গুরু। দক্ষিণা গ্রহণ করুন।

দ্রোণ—দক্ষিণার কথা বলছ? আচ্ছা, আচ্ছা! তোমাকে একটি অনুরোধ করব।

দুর্যোধন—এ কি! গুরুদেব কিনা আমাকে অনুরোধ করবেন!

ভীষ্ম—ওহে এর আর কি প্রয়োজন, যখন রাজদত্ত সোমরস ইনি বাল্যকালেই পান করেছেন রাজচ্ছত্র ইহার রক্ষাবিধান করছে, এঁর খ্যাতি আছে। কি সেই দ্রব্য, কি সেই ফল, কি-ই বা সেই বিশেষ বস্তু যার জন্য ক্ষত্রিয়াচার্য ও ব্রাহ্মণ প্রার্থী।

দুর্যোধন—আপনি আদেশ করুন, আপনি কি চান, আপনার জন্য কি করব?

দ্রোণ—বৎস দুর্যোধন, বলছি।

দুর্যোধন—এত বিচার-বিবেচনার কি আছে, আমি আপনার প্রাণাধিক, আপনি আমাকে (ধর্ম ও ধনুর্বিদ্যায়) উপদেশ দিয়েছেন, বীরদের গণনার সময় আমাকে গণনা করা হয়, বীরকর্ম আমি করেছি। স্বচ্ছন্দে বলুন আপনার কি ইচ্ছা, আপনাকে কি দেব, আমার হাতে রয়েছে গদা, আপনার হাতে রয়েছে সব কিছু!

দ্রোণ—বৎস, তোমাকে নিশ্চয় বলব। কিন্তু অশ্রুবেগ আমাকে বাধা দিচ্ছে।

সকলে—কি, গুরুদেবও অশ্রুপাত করছেন?

ভীষ্ম—পৌত্র দুর্যোধন তোমার পরিশ্রম বিফল।

দুর্যোধন—এখানে কে আছে

(প্রবেশ করে)

ভট—মহারাজের জয় হোক।

দুর্যোধন—জল নিয়ে এস।

ভট—মহারাজ যেমন আদেশ করেন। (চলে গেল, তারপর ফিরে এসে) মহারাজের জয় হোক। এই যে জল।

দুর্যোধন—নিয়ে এস। (কলস গ্রহণ করে) হে আচার্য ! অশ্রুপাতে অপরিষ্কৃত মুখ ধুয়ে ফেলুন।

দ্রোণ—আচ্ছা, আচ্ছা। আমার মনোবাঞ্ছা পরিপূরণই আমার মুখ ধোয়ার জল হোক।

দুর্যোধন—হায় ধিক্। যদি আমার পূর্বকালের কুটিলতার কথা চিন্তা করেন, যদি মনে হয় আমি দান করব না, তাহলে শত শরের আঘাতে কঠিন আপনার হস্ত প্রসারিত করুন। দান গ্রহণের প্রমাণ স্বরূপ এই জল দান করছি।

দ্রোণ—যাক, আমার মনে বিশ্বাস জন্মেছে। বৎস শোন, নিরাশ্রয় যাদের গতিবিধি, বার বৎসর কোথাও দেখা যায় নি, সেই পাণ্ডবদের সঙ্গে তুমি রাজ্যকে ভাগ করে নাও, এইটুকুই আমার ভিক্ষা ও দক্ষিণা।

শকুনি—(উদ্বেগের সঙ্গে) না এরকম হতে পাবে না, মহানুভব আচার্যে আস্থাশীল ও আচার্যকে দান করতে দৃঢ় প্রতিজ্ঞ যে-শিষ্য, তার প্রতি অতর্কিতে এরূপ ধর্মবঞ্চনা করা কি (আচার্যের যুক্তিযুক্ত) ?

দ্রোণ—কি বললে ? ধর্মবঞ্চনা ? হে গান্ধার-রাজ্যের গর্বে মত্ত শকুনি ! এটা কখনই ধর্মবঞ্চনা নয়। নিজে তুমি অনার্য, তাই জগতের সকলেই অনার্য বলে মনে ভাবছ ! হায়, দেখ দেখ—ভ্রাতৃগণের পৈতৃক রাজ্য দাও বলাটা কি বঞ্চনা বলা যেতে পারে ? প্রার্থীদের দান করা, আর প্রার্থীরা যদি গায়ের জোরে রাজ্য হরণ করে এই দুয়ের মধ্যে কোন্‌টা ভাল ?

সকলে—গায়ের জোরে কিরকম ?

ভীষ্ম—পৌত্র দুর্যোধন। এখন তো যজ্ঞান্তস্নানের সময় ; এই সময় মুখে মধুর অথচ স্বভাবে শত্রু শকুনির কথা শুনো না। দেখ পৌত্র ! পাণ্ডবেরা দ্রুপদরাজ তনয়াকে সঙ্গে নিয়ে অরণ্যের ধূলিতে ধূসর হয়ে ধরণীতলে ঘুরে বেড়াচ্ছে, তুমি তাদের প্রতি বিরূপ, তারাও তোমার বিরোধী এ-সবই শকুনির কঠিন অহংকারের ফল।

দুর্যোধন—আচ্ছা, আচার্য, আপনাকে জিজ্ঞাসা করি।

দ্রোণ—বৎস, বল।

দুর্যোধন—এর আগে তাদের রাজ্য হরণ এবং সভামধ্যে সম্মানহানি করা হয়েছে—যদি তারা শক্তি প্রদর্শনে সমর্থ তবে ক্রোধ সংবরণ করল কেন ?

দ্রোণ—যাঁকে ধর্মের নামে প্রতারণা করা হয়েছে, দ্যূতক্রীড়ায় প্রবৃত্ত সেই যুধিষ্ঠিরকে এ-বিষয়ে জিজ্ঞাসা করা উচিত। ভীম সভাগৃহের স্তম্ভ উত্তোলন করতে উদ্যত হলে তিনিই তাকে নিষেধ করেছিলেন। যদি একজনের উপর সভাগৃহের স্তম্ভকে (ভীম) নিক্ষেপ করত তাহলে শকুনি আর আমাদের তিরস্কার করত না।

ভীষ্ম—অন্য বিষয়ের আলোচনা শুরু হয়েছিল, অন্য আর এক বিষয় এসে পড়ল। ওগো আচার্য, আমাদের বর্তমান প্রসঙ্গ খুবই গুরুত্বপূর্ণ, কলহে আমাদের কি প্রয়োজন ?

দ্রোণ—না, দীনতাপূর্বক রাজ্যভীক্ষা থাক, কলহই চলুক।

ভীষ্ম—আচার্য আপনি প্রসন্ন হন। দেখ, পৌত্র, (পাণ্ডবেরা) দুর্বল গৃহহীন। তোমার সঙ্গে শান্তি স্থাপন করতে চায়। গর্ব প্রকাশ করে না। তুমি

বয়োজ্যেষ্ঠ, স্বজন, তোমার প্রতি তাদের ভালবাসা রয়েছে। তাদের কি তুমি গৃহে স্থান দেবে, না তারা অরণ্যের পশুদের সঙ্গে বাস করবে ?

শকুনি—তারা অরণ্যের পশুদের সঙ্গে বাস করুক।

কর্ণ—ওগো আচার্য! ক্রোধের কোন প্রয়োজন নেই শান্ত হোন, এই যে দুর্যোধন ইনি হিতকারী অথচ শক্ত কথা শুনলে ক্রুদ্ধ হন, ভাল লোকেরা গুণের প্রশংসা শুনতে চান না। সবকিছু যখন সমাপ্ত হয়েছে তখন শিষ্যের 'দক্ষিণাগ্রহণ' কথাটি পালন করুন। বহু দোষেব আধার হস্তীকে যেমন মিষ্ট ব্যবহারে বশ করতে হয় তেমনি মিষ্ট কথায় একে বশ করুন।

দ্রোণ—বৎস কর্ণ! ব্রাহ্মণের মেজাজ রুক্ষ। যাক, তুমি যথাসময়ে স্মরণ করিয়ে দিয়েছ। তোমার ইচ্ছাকে অনুসরণ কবব। বৎস দুর্যোধন! আমি তোমার অভিভাবক কি-না ?

ভীষ্ম—এবার ঠিক পথে শুরু করা হয়েছে। মিষ্ট কথাই দুষ্টকে বশ করার ওষুধ।

দুর্যোধন—শুধু আমারই নন, আমার বংশেরও আপনি অভিভাবক।

দ্রোণ—এটা তোমার পক্ষেই শোভা পায়। দেখ বৎস! আমি যদি তোমাকে প্রতারিত করি তাতে তোমার কোন দোষ নেই। যদি আমি তোমাকে কষ্ট দিতে থাকি সেটাও তোমার লাভ। বড় বংশে যাঁরা জন্মেছেন তাদের পরস্পবের কলহ ধর্মোপদেশ দাতাদের কথাতেই প্রশমিত হয়।

দুর্যোধন—তাহলে আমি উপদেশ গ্রহণ করতে চাই।

দ্রোণ—বল বৎস, তুমি কার উপদেশ চাও। ভীষ্ম, কর্ণ, কৃপ না সিন্ধুরাজ জয়দ্রথ না কি দ্রোণের পুত্র অথবা বিদুর, পিতা, মাতা কার উপদেশ তুমি চাও।

দুর্যোধন—না, না, মাতুলের উপদেশ চাই।

দ্রোণ—হায়, কাজ পণ্ড হলো।

দুর্যোধন—মাতুল, এখানে আসুন। সখা কর্ণ এখানে।

দ্রোণ—ঠিক আছে! তাই হোক! বৎস, শকুনি এখানে এস।

শকুনি—এই যে এসেছি।

দ্রোণ—বৎস আমি বয়োবৃদ্ধ, প্রায়ই ক্রুদ্ধ হয়ে পড়ি! ব্রাহ্মণের চপলতা ক্ষমা কব। আলিঙ্গন আমার এই কর্কশ বাক্যের প্রশমন করুক।

ভীষ্ম—(স্বগত) এই আচার্য শিষ্যস্নেহে শকুনির কাছে প্রার্থনা জানাচ্ছেন। এমন মিষ্ট কথা বলা সত্ত্বেও এই শকুনি কুটিলতা ত্যাগ করছে না।

শকুনি—(স্বগত) আচার্য যথার্থ ধূর্ত। নিজের কাজ হাসিলের লোভেই আমার খোসামোদ করছেন। (সকলে পরিক্রমণ করে উপবেশন করলেন)

দুর্যোধন—মাতুল, পাণ্ডবদেব রাজ্যার্ধ দেওয়ার বিষয়ে আপনার কি সিদ্ধান্ত ?

শকুনি—দেওয়া হবে না এই আমার সিদ্ধান্ত।

দুর্যোধন—দেওয়া হোক এই মাতুলের বলা উচিত।

শকুনি—যদি রাজ্যার্ধ দান কবতেই চাও তাহলে আমাদের সঙ্গে মন্ত্রণার কি দরকার। সবটাই দান কর।

দুর্যোধন—বন্ধু অঙ্গরাজ। তুমি তো কিছু বলছ না।

কর্ণ—এখন আমি আর কি বলব ? রামচন্দ্র যে সৌভ্রাত্র উপভোগ ও পোষণ করেছিলেন

সেই সৌভ্রাত্র বিষয়ে বাধা দিচ্ছি না। তবে (রাজ্যার্ধ) দান করাটা ঠিক কি না? সেটা আপনিই ঠিক করুন, আমরা যুদ্ধের সময় আপনার সহায়।

দুর্যোধন—মাতুল! বাসের অযোগ্য, শক্তিশালী শত্রুর বাসস্থান কোন খারাপ দেশের কথা চিন্তা কর যেখানে পাণ্ডবেরা বাস করতে পাবে।

শকুনি—হায়! এমন কোন দেশ নেই। পার্থের চেয়ে আর কে বলশালী? অনুর্বর ভূমিতেও শস্য জন্মাবে যেখানকার রাজা যুধিষ্ঠির।

দুর্যোধন—এখন আচার্যের করতলে আমি সলিল নিষেক করেছি, কুলবৃদ্ধদের কাছে শুনেছি এই সলিলষেকের জন্য দানকর্ম অবশ্য বাধ্যতামূলক। হে নৃপতি এই কার্য রাজনৈতিক জ্ঞানশূন্য হোক বা বঞ্চনা হোক যাই হোক না কেন, সলিলসেচনকে আমি সত্য বলে প্রমাণিত করতে চাই।

শকুনি—মিথ্যা ভাষণের পাপাচার থেকে আপনি নিজেকে মুক্ত করতে চান।

দুর্যোধন—হ্যাঁ, তাই।

শকুনি—তাহলে এখানে আসুন। (অগ্রসর হয়ে) ওগো আচার্য, এখানে মাননীয় কুরুরাজ আপনাকে জানাচ্ছেন।

দ্রোণ—বৎস, গান্ধাররাজ বল!

শকুনি—যদি পাঁচ রাত্রির মধ্যে পাণ্ডবদের খবর আনতে পারেন তাহলে কুরুরাজ রাজ্যার্ধ দেবেন। আপনি তাদের নিয়ে আসুন।

দ্রোণ—না তা হতে পারে না। বঞ্চনাকামী তোমরাই যখন তাদের বার বৎসরের মধ্যে দেখতে পাও নি তখন আমি পাঁচ রাত্রির মধ্যে তাদের কি করে আনব? এর চেয়ে স্পষ্ট কথায় বল আমাকে দান করবে না।

ভীষ্ম—পৌত্র, দুর্যোধন, ধর্মানুষ্ঠানে ছলনার স্থান নেই। আমরাও আচার্যের (দক্ষিণা প্রার্থনার) ব্যাপারে খুসি। দেখ পৌত্র, এক বৎসরে হোক আর শত বৎসরে হোক, তোমাকে সেই পাণ্ডবদের সঙ্গে রাজ্য বিভাগ করতেই হবে। অতএব, হে বীর, তোমার প্রতিজ্ঞাকে সত্যে পরিণত কর, কৌরবেরা সর্বদা সত্য প্রতিজ্ঞাই করে থাকে।

দুর্যোধন—আমারও এটাই সিদ্ধান্ত।

দ্রোণ—(স্বগত) কার্য নিষ্পাদনের ঔৎসুক্যে আমার উচ্চাশা হনুমানের মতো গতিবেগ লাভ করতে চায়, যে হনুমান মহাসাগর পার হয়ে অপহৃতা সীতার সংবাদ এনেছিলেন। এখন কোথায় আমি পাণ্ডবদের সংবাদ পাব?

(প্রবেশ করে)

ভট—মহারাজের জয় হোক। বিরাটনগর থেকে দূত এসেছেন।

সকলে—শীঘ্র তাকে নিয়ে এস।

ভট—যেমন আদেশ করেন। (নিষ্ক্রান্ত)

(প্রবেশ করে)

দূত—মহারাজের জয় হোক।

সকলে—বিরাটরাজ এসেছেন কি?

দূত—তিনি বিষাদমগ্ন, আসেন নি।

সকলে—কি তাঁর বিষাদ?

দূত—শুনুন মহারাজ, বিরাটের সম্বন্ধী কীচকের শত ভ্রাতা যাঁরা বিরাটের নিকট ছিলেন রাত্রিতে, প্রচ্ছন্ন কোন ব্যক্তির শুধুমাত্র বাহুর আঘাতে নিহত হয়েছেন, শরীরে তাঁদের শস্ত্রাঘাতের চিহ্ন নেই।

ভীষ্ম—কী, শস্ত্রাঘাত ছাড়াই? ওগো আচার্য, পঞ্চরাত্রির মধ্যে পাণ্ডবদের বার্তার প্রস্তাব স্বীকার করে নিন।

দ্রোণ—কি জন্য?

ভীষ্ম—এটা সুস্পষ্ট যে বাহুবলী ভীমসেনের কাজ এটা। কৌরব ভ্রাতৃশতে তাঁর ক্রোধ কীচকের ভ্রাতৃশতে সফল হয়েছে দেখতে পাচ্ছি।

দ্রোণ—আপনি কি করে জানলেন?

ভীষ্ম—অয়ে পণ্ডিত, নদীকূলে ভ্রমণকারী গোবৎসদের বালসুলভ চাপল্য ও শৃঙ্গ-স্থান গোবৃষেরা কি বুঝতে পারে না?

দ্রোণ—সত্যই 'গোবৃষরা'! আমার কার্যসিদ্ধি হয়েছে। বৎস দুর্যোধন। পঞ্চরাত্রির মধ্যেই হোক।

দুর্যোধন—আচ্ছা ঠিক আছে।

দ্রোণ—ওহে, ওহে, যজ্ঞানুষ্ঠান উপলক্ষ্যে সমাগত নৃপবৃন্দ! আপনারা শুনুন। এখানে মাননীয় কুরুরাজ দুর্যোধন, না, না, মাতুলসহ দুর্যোধন, যদি পাঁচ-রাত্রির মধ্যে পাণ্ডবদের সংবাদ আনতে পারি তবে (পাণ্ডবদের) অর্ধেক রাজ্য নিশ্চয় দেবেন। ঠিক নয় কি পুত্র দুর্যোধন!

দুর্যোধন—হ্যাঁ, তাই।

দ্রোণ—দুবার বা তিনবার এ-বিষয়ে ভেবে দেখ।

শকুনি—যথা সময়ে দেখা যাবে।

দ্রোণ—ভীষ্ম, আপনার মত আছে তো?

ভীষ্ম—(আত্মগত) ধৈর্যকে অতিক্রম করে আচার্যের যখন আনন্দ দেখা যাচ্ছে তখন মনে হয় এখন যে দুর্যোধনকে তিনি বঞ্চনা করলেন, সেই দুর্যোধনই তাঁকে বঞ্চনা করবে। (প্রকাশ্যে) পৌত্র দুর্যোধন! বিরাটের সঙ্গে আমার গোপন শত্রুতা আছে। বিরাট যজ্ঞানুষ্ঠানকে সম্মান দেখানর জন্য আসে নি। অতএব তার গোধন হরণ করা হোক। ওহে শুভবুদ্ধি ব্রাহ্মণ, রথ শব্দের দ্বারা যুদ্ধে (বিরাট) আহূত হলে পাণ্ডবেরা রুষ্ট হবে, কারণ বিরাটের প্রতি তাদের কৃতজ্ঞতা আছে, এজন্যই গো-গ্রহণ করতে চাই।

(প্রবেশ করে)

ভট—আপনার নগরে প্রবেশের জন্য রথ ও অশ্ব সজ্জিত হয়েছে।

দুর্যোধন—এইসব রথের দ্বারা শীঘ্র তার (বিরাটের) গো-গ্রহণ কর। যজ্ঞানুষ্ঠানের সময় প্রশান্ত গদা পুনরায় আমার হাতে আসবে।

দ্রোণ—ওহে পুরুষেরা, আমার রথও নিয়ে এস।

শকুনি—আমার হস্তী নিয়ে এস।

কর্ণ—ভারবহনে ভীষণ ব্যগ্র অশ্বচালিত রথ নিয়ে এস।

ভীষ্ম—মন আমার বিরাট নগরে গমনে ব্যস্ত, শীঘ্র ধনু আন।

সকলে—ধনু রেখে আপনি এখানে থাকুন, আমরা আপনার আজ্ঞা পালন করব।

দ্রোণ—বৎস দুর্যোধন, আমরা দুজনে যুদ্ধে তোমার পরাক্রম দেখতে চাই।

দুর্যোধন—আপনার যা ইচ্ছা।

দ্রোণ—বৎস, গান্ধাররাজ, এই গো-গ্রহণে তোমার রথ প্রথমে থাকুক।

শকুনি—বেশ ভাল কথা।

(বৃদ্ধগোপালকের প্রবেশ)

বৃদ্ধগোপালক—আমার গাভীগুলো যেন বৎসহারা না হয়। আমাদের গোপ মায়েরা যেন বিধবা না হয়। আমাদের রাজা বিরাট পৃথিবীর একচ্ছত্র অধিপতি হন। নূতন বেশভূষণ সুগন্ধাদি গ্রহণ করে গোপ বালক-বালিকারা গোধনদের সাথে করে নগরের উপবনের পথে বেড়িয়ে আসুক, রাজা বিরাট (তাঁর জন্মদিন) উৎসবে গো-প্রদান করবেন। আমি এদের মধ্যে বয়সে জ্যেষ্ঠ, সেখানে গিয়ে গোদান গ্রহণ করি। এ কি! একটি কাক শুকনো গাছে উঠে শুকনো শাখায় ঠোঁট ঘষতে-ঘষতে সূর্যের দিকে চেয়ে কর্কশ রব করছে। শান্তি হোক, শান্তি হোক আমাদের সকলের ও গোধনের। আমি গিয়ে এদের জ্যেষ্ঠের স্থান নেব ও গোপ বালক ও বালিকাদের বলব। ওহে গোমিত্রক, গোমিত্রক।

(প্রবেশ করে)

গোমিত্রক—মাতুল, আপনাকে নমস্কার।

বৃদ্ধগোপালক—আমাদের ও গোধনের শান্তি হোক। ওহে গোমিত্রক, নূতন বেশ-ভূষণ সুগন্ধাদি গ্রহণ করে গোপ বালক-বালিকারা গোধনদের সাথে করে নগরের উপবনের পথে বেড়িয়ে আসুক, রাজা বিরাট তাঁর জন্মদিন উৎসবে গো-প্রদান করবেন। ওহে গোমিত্রক, গোপ বালক ও বালিকাদের বল।

গোমিত্রক—যেমন মাতুল আজ্ঞা করেন। গোরক্ষানিকা, ঘৃতপিণ্ড, স্বামিনি, বৃষভদত্ত, কুম্ভদত্ত, শীঘ্র তোমরা এস।

সকলে—মাতুল, নমস্কার জানাই।

বৃদ্ধগোপালক—আমাদের গোপ বালক ও বালিকাদের স্বস্তি হাক। মহারাজ বিরাটের জন্মবর্ষ উৎসবে গো-দান উপলক্ষ্যে নগরোপবনের পথে গোধনেরা আসুক। ততক্ষণ আমরা নাচি গাই।

সকলে—মাতুল যা আদেশ করেন। (সকলে নৃত্য শুরু করল)

বৃদ্ধগোপালক—বাঃ! বাঃ! সুন্দর গেয়েছ তোমরা। সুন্দর নেচেছ। আমিও কিছুক্ষণ নাচি।

সকলে—হায় হায় মাতুল! জোর ধুলো উড়ছে।

বৃদ্ধগোপালক—শুধুমাত্র ধুলো নয়, শঙ্খ ও দুন্দুভির শব্দ ভেসে আসছে।

সকলে—ধুলোর দ্বারা তাজা শতমণ্ডল সূর্য কিছুটা দেখা যায় না। দিনের বেলায় চাঁদ যেমন পাণ্ডুর দেখায় সেরূপ সূর্যকে দেখাচ্ছে ধুলো ঢাকা অবস্থায়।

গোমিত্রক—হায় হায় মাতুল, এখানে কয়েকটা লোক দধিপিণ্ডের ন্যায় সাদা ছাতা দেওয়া ঘোটক শকটিকাতে চেপে সমস্ত গোপালকদের বাড়িতে ঘুরে বেড়াচ্ছে—এরা চোর।

বৃদ্ধগোপালক—একি, একি! এখানে শর উড়ে পড়ছে। বালক-বালিকারা তোমরা ঘরে ঢুকে পড় তাড়াতাড়ি।

সকলে—মাতুল যা-বলেন।

বৃদ্ধগোপালক—হায় হায়! বন্ধ কর, বন্ধ কর। মার মার। ধর ধর। এ-ঘটনা মহারাজ বিরাটকে জানাব।

(তারপর ভটের প্রবেশ)

ভট—ওহে ওহে, মহারাজকে জানাও, মহারাজ বিরাটকে জানাও। চোরের কাজে রত হয়ে নিজেদের বিক্রমকে লুকিয়ে ধৃতরাষ্ট্রের পুত্রেরা গাভীগুলোকে চুরি করে নিয়ে যাচ্ছে। যেখানে গোবৎসগুলো ছুটোছুটি করছে, গাভীগুলো অত্যন্ত কষ্ট পাচ্ছে, গোবৃষরা ভীতমুখে তাকিয়ে আছে, চারদিকে আর্তনাদে আকুল, গোকুল ভয়ানক বেদনাকুল হয়ে পড়েছে।

(নেপথ্যে)

কী ধৃতরাষ্ট্রের পুত্রেরা হরণ করেছে ?

ভট—মহাশয়, ঠিক তাই।

(প্রবেশ করে)

কাঞ্চুকীয়—ভাইদের যারা অপকার করে তাদেরই উপযুক্ত কাজ এটা। ধনুকগুলোকে সজ্জিত করে, মনিবন্ধ ও অঙ্গুলিতে আচ্ছাদন লাগিয়ে, দেহে বর্ম ধারণ করে, সুসজ্জিত রথে আরোহণ করে, শক্তি মত্ত, যুদ্ধোদ্যত, প্রয়োগে নিপুণ এই ধৃতরাষ্ট্র পুত্রেরা রাজার প্রতি শত্রুতার জন্য গোকুলকে নির্যাতন করছে। জয়সেন জন্মকালীন নক্ষত্রের উপাসনায় রত মহারাজকে অসময়ে এসব জানালে মহারাজ ক্রুদ্ধ হবেন। 'পুণ্যাহ অনুষ্ঠান' শেষ হলে তাঁকে জানাব।

ভট—মহাশয়, কাজটা অত্যন্ত জরুরী। শীঘ্র মহারাজকে জানান।

কাঞ্চুকীয়—আচ্ছা, জানাচ্ছি।

(তারপর রাজার প্রবেশ)

রাজা—হায়! কি লজ্জা, রথের শব্দের ভয়ে যাদের ছোট বাচ্চারা ব্যথা পেয়ে এখানে সেখানে পড়ে আছে, আমার সেই গাভীদের চুরি করে নিয়ে যাচ্ছে। আর আমার মাংসল চণ্ডলবলয়যুক্ত সিক্ত নির্লজ্জ হাত উৎকৃষ্ট অন্নাদি গ্রহণ করে চলেছে।

(প্রবেশ করে)

ভট—জয় হোক, জয় হোক মহারাজের।

রাজা—আঃ; আবার মহারাজ শব্দের দরকার। আমার ক্ষত্রিয়ত্বের ধ্বংস হয়েছে। যুদ্ধের সংবাদ সবিস্তর জানাও।

ভট—অপ্রিয় বিষয়গুলো সবিস্তর বলা চলে না। সংক্ষেপে এটা এই, রথের ধূলিতে গাভীদের গায়ের রঙ একই রকম হয়েছিল, চাবুকের আঘাতে তাদের গায়ে নানা রঙের দাগ দেখতে পাওয়া যাচ্ছে।

রাজা—তাহলে শীঘ্র ধনুক নিয়ে এস, আমার রথ সাজাও, যার ভক্তি আছে সে স্বেচ্ছায় অনুসরণ করুক। যুদ্ধক্ষেত্রে গাভীদের জন্য চেষ্টা করাটা বিফল নয়, সেখানে মৃত্যুও যশের কারণ, গাভীদের মুক্ত করতে পারলে আমাদের ধর্মলাভ হবে।

ভট—মহারাজ যা আদেশ করেন। (নিষ্ক্রান্ত)

রাজা—ওহে, দুর্যোধনের সঙ্গে আমার শত্রুতা কি ব্যাপারে ? ও বুঝেছি তার যজ্ঞে উপস্থিত হই নি বলে। কিভাবে যজ্ঞে উপস্থিত হব ? কীচকদের হত্যার জন্য আমরা চরম দুঃখের মধ্যে ছিলাম। অথবা আমার পাণ্ডবদের প্রতি গোপন ভালবাসা আছে বলে। যাই হোক, যুদ্ধ চালিয়ে যাব। হস্তিনাপুরে বাস করার জন্য ভগবান দুর্যোধনের স্বভাবচরিত্র জানে। অথবা (ভগবান), স্বীকার করি, দুর্যোধনের দোষ বলবে না, যার কাজ পড়েছে, যার প্রয়োজনে সে নিরলস হয়ে জিজ্ঞাসা করে।

(প্রবেশ করে)

ভট—মহারাজের জয় হোক।

রাজা—ভগবানকে তাহলে ডেকে আন। (নিষ্ক্রান্ত)

(তখন ভগবানের প্রবেশ)

ভগবান্—(চারিদিকে তাকিয়ে) ওহে, এটা কি ব্যাপার ! ভাল ভাল হাতিগুলোকে সাজান হয়েছে, ভাল ভাল ঘোড়াগুলোকে বর্ম পরান হয়েছে, রথে জোয়াল জোড়া হয়েছে, সৈন্যরা অস্ত্রশস্ত্রসমেত প্রস্তুত। উদ্যোগ দেখে আমার পূর্বে কোন ভয় না লাগলেও এখন ভয় লাগছে। আমার নিজের কোন ভয় নেই, কারণ আমার বুদ্ধি স্থির—তারা কিন্তু অধীর।

রাজা—ভগবানের জয় হোক। ভগবন্—নমস্কার জানাই।

ভগবান্—মঙ্গল হোক।

রাজা—ভগবন্, অনুগৃহীত হলাম, এই যে আসন, উপবেশন কর।

ভগবান্—(উপবেশন করে) ওগো নৃপতি, কি জন্য উদ্যোগ ? মনে হয় রাজশ্রী সন্তুষ্ট থাকে না বলেই। গর্বোদ্ধতদের আপনি কি দমন করবেন আর নির্যাতিতদের আপনি কি মুক্ত করবেন ?

রাজা—ভগবন্ ! আমার গাভীগুলি চুরি গেছে এজন্য অপমানিত বোধ করছি।

ভগবান্—কে আপনার অপমান করল ?

রাজা—ধৃতরাষ্ট্রের পুত্রেরা।

ভগবান্—(স্বগত) হায় কষ্ট ! এ সংসারে এক জাতি ও গোত্র মনীষীদের মনকেও যারা কষ্ট দেয় তারা (ধৃতরাষ্ট্রেরা) কলহপ্রিয়, তারা অপরাধ করেছে ; কিন্তু মনে হচ্ছে আমরা যেন অপরাধ করেছি।

রাজা—ভগবন্ ! কি ভাবছ ?

ভগবান্—না কিছু না—আমি তাদের জন্য দুঃখিত।

রাজা—আজ থেকে তাদের পতন সুরু হবে। শক্তিশালী হয়েও যুধিষ্ঠির তাদের ক্ষমা করতে পারে, আমি কিন্তু করব না।

ভগবান্—(স্বগত) ভূমিতে পর্ণশয্যা, রাজ্যহানি, দ্রৌপদীর অবমাননা, অন্য বেশভূষা ধারণ ও পরের আশ্রিত হয়ে বাস করা সবই আজ প্রশংসনীয় ; কারণ আমার (ভীমসেনের) ক্ষমাশক্তি আজ প্রমাণিত হলো।

ভট—মহারাজের জয় হোক।

রাজা—দুর্যোধন এখন কি করছেন ?

ভট—শুধু দুর্যোধন নন, পৃথিবীর সব রাজারা এসেছেন। দ্রোণ, ভীষ্ম, জয়দ্রথ, শল্য,

অঙ্গরাজ, শকুনি, কৃপ—সকলে এসেছেন। তাঁদের রথের ধ্বজার পতাকা রথের বেগে কম্পিত হওয়াতেই আমরা মরেছি, বাণের আঘাতে নয়।

রাজা—(উঠে অঞ্জলিবন্ধ হয়ে) কি, মাননীয় ভীষ্মও এসেছেন ?

ভগবান্—(স্বগত) তারা আক্রমণ করলেও ইনি শিষ্টাচার ভোলেন নি। (প্রকাশ্যে) কিজন্য কৌরবদের গুরুশ্রেষ্ঠ এসেছেন ? মনে হয় আমাদের প্রতিজ্ঞা পূর্ণ হয়েছে একথা স্মরণ করাতে এসেছেন।

রাজা—এখানে কে আছে ?

(প্রবেশ করে)

ভট—মহরাজের জয় হউক।

রাজা—সারথিকে ডাক।

ভট—মহারাজ যা আজ্ঞা করেন। (নিষ্ক্রান্ত)

সূত—(প্রবেশ করে) আয়ুষ্মান (নৃপতির) জয় হোক।

রাজা—শীঘ্র আমার রথ নিয়ে এস, যুদ্ধের অতিথি শ্লাঘ্য ভীষ্ম উপস্থিত। বাণাঘাতে ভীষ্মকে তুষ্ট করব, তাঁকে পরাজিত করার ইচ্ছাকে মনে স্থান দিচ্ছি না।

সূত—আয়ুষ্মান্ (নৃপতির) যা আদেশ। শত্রুদের সৈন্যমণ্ডলীর মধ্যে আপনার যে রথ পরিচিত সেই রথে চড়ে, রথ নিয়ে রণকৌশল দেখাতে কুমার উত্তর বেরিয়েছেন।

রাজা—কি, রাজপুত্র বাইরে গেছেন ?

ভগবান্—মহারাজ, কুমারকে নিষেধ করুন, নিষেধ করুন। (কুমার উত্তর) বয়সে ছেলেমানুষ, যুদ্ধের দোষ গুণ বিচার না করে সে যুদ্ধে ঔৎসুক্য দেখাবে। যুদ্ধের অগ্নি সমাপ্তির মুখে, নিকটবর্তী এমন কোন বস্তু নেই যাকে স্পর্শ না করবে। ধৃতরাষ্ট্রের পুত্রেরা কাউকেই ছাড়বে না। কোন ব্যক্তিকে ছোট করার জন্য যুদ্ধের দোষের কথা বলছি না।

রাজা—তাহলে শীঘ্র অন্য রথ নিয়ে এস।

সূত—আপনার যা আদেশ।

রাজা—অথবা এখানে এস।

সূত—আয়ুষ্মান্। আমি এখানে।

রাজা—তুমি কেন রাজপুত্রের (উত্তরের) রথ চালনা কর নাই, তোমাকে কি সে রথ চালনার নির্দেশ দেয় নি, তুমি কি রাজসারথি নও ?

সূত—মহারাজ, আপনি প্রসন্ন হন। রথ সজ্জিত করে সারথির মতো আমি উপস্থিত হয়েছিলাম। কিন্তু কুমার পরিহাসের জন্য অথবা বৃহন্নলার রথচালনায় হয়তো কৌশল আছে বলে আমাকে বাদ দিয়ে বৃহন্নলাকে সারথি হিসাবে নিয়োগ করেছেন।

রাজা—কি! বৃহন্নলা!

ভগবান্—মহারাজ ভয় পাবেন না। বৃহন্নলা রথচক্রের উত্থিত ধূলোজালের পুঞ্জ সৃষ্টি করে রথ নিয়ে এগিয়ে গেছে। রথনেমির শব্দে বাণাঘাত ছাড়াই শত্রুদের বাধা দিয়ে বৃহন্নলার রথ তাদের জয় করবে।

রাজা—তাহলে শীঘ্র অন্য রথ নিয়ে এস।
সূত—আয়ুষ্মান্ যেমন আদেশ করেন।
ভট—(প্রবেশ করে) রাজপুত্রের রথ ভগ্ন হয়েছে।
রাজা—ভগ্ন কি রকম ?
ভট—শুনুন মহারাজ। যুদ্ধাভিজ্ঞ বহু শত্রুতে অশ্ব ও রথ ঘিরে ধরল। অশ্ব ও রথের ভিড়ের দিকে অগ্রসর হওয়ার সময় শ্মশানাভিমুখী রথ ভগ্ন হলো।
ভগবান্—(স্বগত) ও বুঝেছি, সেখানে নিশ্চয়ই গাণ্ডীবী রয়েছে। (প্রকাশ্যে) মহারাজ, রথ যখন শ্মশানের দিকে মুখ করে ছিল তখন কোন অশুভ সূচিত হয়ে থাকবে। ধৃতরাষ্ট্রের পুত্রেরা যেখানে আছে সেটা তো শ্মশান হবেই।
রাজা—অসময়ে এসব সন্তোষের কথাবার্তায় ক্রোধ জন্মে।
ভগবান—ক্রুদ্ধ হবেন না। আমি এর আগে কখনও মিথ্যে কথা বলি নি।
রাজা—তা বটে। ওহে, ব্যাপারটা গিয়ে দেখতো।
ভট—মহারাজের যেমন আদেশ। (নিষ্ক্রান্ত)
রাজা—হঠাৎ ভূমণ্ডলকে কম্পিত করে নিমেষের মধ্যে নদীর স্রোতের মতো এ কোন শব্দ শোনা যাচ্ছে। দেখ এটা কিসের শব্দ।
ভট—(প্রবেশ করে) মহারাজের জয় হোক। শ্মশানভূমিতে পৌঁছে অশ্বদের কিছুক্ষণ বিশ্রাম দেওয়ার পর রাজকুমার উত্তর—
ভগবান্—সে যেন আমাকে মিথ্যাবাদী প্রতিপন্ন না করে।
ভট—ঘোর কৃষ্ণবর্ণের হাতিগুলোকে শত-বাণ বর্ষণে রক্তবর্ণ করা হয়েছে; এমন কোন ঘোড়া বা সৈনিক নেই যে শতবাণ প্রহারের চিহ্ন বহন করছে না। বাণ সমূহে সমাচ্ছন্ন রথগুলোর শব্দ বাণ প্রহারে স্তব্ধ হয় গেছে। পথগুলোতে প্রচুর বাণ পড়ে আছে। ধনুক অজস্র ধারায় শরনদী বর্ষণ করছে।
ভগবান্—(স্বগত) এই সেই অক্ষয় তূণীর বিশিষ্ট ধনু যা খাণ্ডববনে ইন্দ্রের যত বৃষ্টিধারা পতিত হয়েছিল তত বাণ প্রেরণ করেছিল।
রাজা—এখন শত্রুদের কি সংবাদ ?
ভট—আমি নিজে দেখি নি! সংবাদদাতারা বলছেন, দ্রোণ ধনুর শব্দে বুঝতে পেরেছেন এটি কার এবং তার ফলে যুদ্ধে নিবৃত্ত হয়েছেন, রথের ধ্বজে বাণকে প্রতিহত দেখে যুদ্ধ বৃথা ভেবে ভীষ্ম আর যুদ্ধ করছেন না; কর্ণ শরের আঘাতে আহত, অন্যান্য রাজারা ভাবছেন এসব কি? কিন্তু ভয় সত্ত্বেও যৌবনহেতু একাকী অভিমন্যু ভয়কে গ্রাহ্য করছেন না।
ভগবান্—কি, অভিমন্যু এসেছে? মহারাজ! অভিমন্যু কৌরব ও পাণ্ডব দুই বংশের তেজরূপ অগ্নি। সে যখন যুদ্ধ করছে তখন অন্য কোন সারথি পাঠান হোক, কারণ বৃহন্নলা বিবশ হয়ে পড়বে।
রাজা—না না এরকম বলবেন না। পরশুরামের বাণাঘাতে যার বর্ম ভিন্ন হয় নি, সেই ভীষ্মকে যিনি ফিরিয়ে দিয়েছেন, মন্ত্রশক্তিতে যিনি অস্ত্র প্রয়োগ করেন এমন দ্রোণকে ব্যর্থ করেছেন, কর্ণ ও জয়দ্রথকে রণভূমি থেকে যিনি ফিরিয়েছেন এবং অবশিষ্ট সেইসব প্রসিদ্ধ নৃপদের যিনি পরাজিত করেছেন, সেই বৃহন্নলা নিজের বাণসমূহের আঘাতে অভিমন্যুকে কি অভিমন্যুর পিতা অর্জুনের ভয়ে

আক্রমণ করবেন না ? তবে অভিমন্যুর সমীপবর্তী হয়ে সমবয়সী অভিমন্যুকে বন্ধুর মতো মনে করে রক্ষা করতে পারেন।

ভট—এই রাজপুত্রের পথ। বাধা পেলে চতুর্দিকে ঘোরে, বাধামুক্ত হলে ছুটে চলে। কাছে গেলে আক্রমণ করে না, অনিষ্টের চেষ্টা করে না। অন্য রথের নিকটে গিয়ে দ্রুত সরে পড়ে; রথচালনার বিষয়ে তাঁর রথ যেন উপদেশ দিয়ে চলে।

রাজা—যাও। পুনরায় দেখ কি ব্যাপার।

ভট—মহারাজ যেমন আদেশ করেন। (নিষ্ক্রমণ ও প্রবেশ করে) মহারাজের জয় হোক (বিরাটপতির জয় হোক। প্রিয় সংবাদ জানাচ্ছি মহারাজকে। গাভীদের আক্রমণ দমন করা হয়েছে। ধৃতরাষ্ট্রের পুত্রেরা সরে পড়েছে।

ভগবান্—ইহা আপনার সৌভাগ্য সূচনা করছে।

রাজা—না না। ইহা আপনারই সাফল্য। রাজপুত্র এখন কোথায় ?

ভট—রাজপুত্র নিজের চোখে দেখা যোদ্ধাদের বীরত্বব্যঞ্জক কর্মসমূহকে পুস্তকে নিবন্ধ করছেন।

রাজা—সত্যই রাজপুত্র প্রশংশনীয় কার্যে রত হয়েছেন। প্রশংসনীয় ও বীরত্বপূর্ণ কার্যে রত হয়ে যুদ্ধে যোদ্ধা যদিও আহত হন তথাপি যথাসময়ে তাঁর প্রতি প্রদর্শিত সমাদর তাঁর বেদনাকে নিশ্চয় দূর করবে। এখন বৃহন্নলা কোথায় ?

ভট—প্রিয়সংবাদ জানানোর জন্য অন্তঃপুরে প্রবেশ করেছেন।

রাজা—বৃহন্নলাকে আসতে বল।

ভট—মহারাজ যেমন আদেশ করেন। (প্রস্থান)

(তারপর বৃহন্নলার প্রবেশ)

বৃহন্নলা—(চিন্তিত অবস্থায়)

গাণ্ডীব ধনুতে গুণ চড়িয়েছিলাম, কিছুক্ষণের জন্য কষ্ট হচ্ছিল বাণগুলোকে চালনা করতে হাতের মুষ্টি বেশ দৃঢ় হতে পারে নি, শরত্রাণ ব্যবহারে দক্ষতা ছিল না, যথাযোগ্য ভঙ্গি গ্রহণ করা হয় নি, স্ত্রীস্বভাব গ্রহণ করার জন্য অনভ্যাস হেতু জড়তা এসেছিল, কিন্তু পূর্বের পরিচয়ের জন্য নিজের বীরত্বকে ফিরে পেয়েছিলাম। স্ত্রীলোকের ছদ্মবেশে রাজাদের মধ্যে ধনু চালনা করেছিলাম লজ্জার সঙ্গে; প্রচণ্ড শরবৃষ্টির মধ্যে সৈনিকরা যাতায়াত করছিল; ধুলো রক্তে লাল হয়ে গিয়েছিল।

ওহে গোধন ফিরে পেয়ে রাজার বিজয়লাভ ঘটালেও আমার মনে জয়ের আনন্দ নেই, কারণ যুদ্ধক্ষেত্রের মধ্যে দুঃশাসনকে বেঁধে আমি বিরাট রাজার প্রাসাদে প্রবেশ করতে পারি নি, (রাজকুমারী) উত্তরার ভালবাসার দান অলঙ্কার পরে রাজা যুধিষ্ঠিরের সঙ্গে সাক্ষাৎ করতে লজ্জা পাচ্ছি। অতএব বিরাট রাজার সঙ্গে সাক্ষাৎ করি! এই যে অগ্রজ যুধিষ্ঠির! যৌবনযুক্ত হয়েও ইনি শ্রেষ্ঠ-তপোবনে অভিরত তপস্বী ব্রাহ্মণের ছদ্মবেশ ধারণ করে রয়েছেন; নরাধিপ হয়েও ইনি ব্রাহ্মণের চরিত্রকে আশ্রয় করেছেন; রাজ্য চলে গেলেও এঁর সম্পদের বৃদ্ধি ঘটেছে; (তপস্বিব্রাহ্মণের) ত্রিদণ্ড ধারণ করলেও ইনি নৃপতির দণ্ড ধারণ করেন নি।

(নিকটে গিয়ে) ওহে ভগবান্, প্রণাম গ্রহণ কর।

ভগবান্—কল্যাণ হোক।

বৃহন্নলা—মহারাজের জয় হোক।

রাজা—রূপে কিছু যায় আসে না, বংশেও কিছু নয়, মহৎ ও নীচ সকলের মধ্যে কর্মই শোভা পায়। এই রূপকে (বৃহন্নলার নপুংসকবেশ) পূর্বে অবজ্ঞা করেছি, এই রূপকে পুনরায় সম্মান করছি। বৃহন্নলে, তুমি যদিও পরিশ্রান্ত, তথাপি তোমাকে আবার পরিশ্রম করাব। যুদ্ধের বিস্তৃত বিবরণ দাও।

বৃহন্নলা—শুনুন মহারাজ।

রাজা—তেজোদীপ্ত কার্য যুদ্ধ। সংক্ষেপেই বর্ণনা কর।

বৃহন্নলা—এখন শুনুন মহারাজ।

ভট—(প্রবেশ করে) মহারাজের জয় হোক।

রাজা—তোমার মধ্যে অভূতপূর্ব আনন্দ লক্ষ্য করা যাচ্ছে। বল, কি জন্য তুমি এত অধীর হয়ে উঠেছ?

ভট—অবিশ্বাস্য আনন্দের ব্যাপার ঘটেছে, সুভদ্রাতনয় (অভিমন্যু) ধরা পড়েছে।

বৃহন্নলা—কিভাবে ধরা প্রড়ল? (স্বগত) আমি আজ আমাদের সৈন্যশক্তিকে তুলনামূলকভাবে বিচার করেছি এবং সৈন্যদের সংখ্যা গণনা করেছি এবং তাকে (অভিমন্যুকে) যুদ্ধক্ষেত্রে দেখেছি, তার সদৃশ বলশালী কোন ব্যক্তিকে দেখি নাই। কীচকেরা যখন নিহত তখন কে এই ব্যক্তি যে অভিমন্যুকে ধরার শক্তি রাখে।

ভগবান—বৃহন্নলা, কি ব্যাপার।

বৃহন্নলা—ভগবান্, আমি সেই অভিমন্যুর বিজেতাকে জানি না, তবে সে (নিশ্চয়) খুবই শিক্ষিত ও বলশালী, অথবা (অভিমন্যু) তার পিতা ও পিতৃদেবের ভাগ্যবিপর্যয়ের জন্য এ-রকম ধরা পড়তে পারে।

রাজা—কিভাবে সে ধরা পড়ল?

ভট—সে নির্ভয়ে রথের দিকে এগিয়ে গেল ও দুহাত দিয়ে (অভিমন্যুকে) রথ থেকে নামাল।

রাজা—সে কে?

ভট—মহারাজ যাকে রান্নাঘরের কাজে নিযুক্ত করেছেন।

রাজা—রাজকুমার উত্তরের কাজ দেখুন। ভীষ্ম প্রভৃতি নৃপেরা আহত ও পরাজিত হয়েছে সুভদ্রাতনয় অভিমন্যু ধরা পড়েছে, এক কথায় উত্তর আজ কার্যত সমগ্র পৃথিবীকে জয় করেছে।

(তারপর ভীমসেনের প্রবেশ)

ভীমসেন—জতুগৃহে যখন অগ্নিসংযোগ করা হলো, তখন মা ও ভাইদের নিজের হাতে ধরে সরিয়ে অন্যত্র পেঁছে দিয়েছিলাম। একাকী বালক অভিমন্যুকে রথ থেকে নামাতে আমার মা ভাইদের অন্যত্র সরানর জন্য প্রথমবারের পরিশ্রমের মতো মনে হয়েছে।

বৃহন্নলা—(একান্তে) মহাবলী ভীমসেন তাকে আলিঙ্গন করেছেন, ধরেন নাই। দূরে থেকে তাকে দেখেই আমাদের সন্তোষ লাভ ঘটেছে (প্রকাশ্যে) যুদ্ধকার্যরত সে আমাদের পুত্রস্নেহ লাভ করেছে।

রাজা—তাহলে সমাদর করে অভিমন্যুকে নিয়ে এস।

ভগবান্—মহারাজ, লোকে ভাববে, বিষ্ণু ও পাণ্ডবেরা যার অভিভাবক সেই অভিমন্যুকে আমরা ভয়ে সমাদর দেখাচ্ছি। অতএব তার প্রতি অসম্মান দেখানই ভাল।

রাজা—না না যাদবীর (সুভদ্রার) পুত্রের প্রতি অসম্মান দেখান ঠিক নয়—না সে যুধিষ্ঠিরের পুত্র, আমার পুত্র উত্তরের সমবয়সী, দ্রুপদের সঙ্গে আমাদের সম্পর্ক কুলগত, অতএব সে সম্পর্কে আমাদের নাতি, তার পক্ষে আমাদের জামাতা হওয়াটা বেশি দূরের ব্যাপার নয়, কারণ আমরা কন্যার পিতা, সে অতিথি, এজন্য সমাদরের বস্তু, পাণ্ডবেরা তাঁদের মহত্ত্বের জন্য আমাদের প্রিয়।

রাজা—এখন কে একে প্রবেশ করাবে?

ভগবান্—বৃহন্নলা একে প্রবেশ করাক।

রাজা—বৃহন্নলে, অভিমন্যুকে প্রবেশ করাও।

বৃহন্নলা—মহারাজের যেমন আদেশ। (স্বগত) বহুদিনের ঈপ্সিত এই কার্যভার পেয়েছি।

ভগবান্—(স্বগত) আজ এখন সে পুত্রকে দর্শন করুক, নির্জনে পুত্রকে দেখে তাকে গাঢ় আলিঙ্গন করুক, তাদের আনন্দ স্বেচ্ছায় অশ্রুতে দ্রবীভূত হোক, কারণ আমার সম্মুখে পুত্রের ব্যাপারে অর্জুন লজ্জা অনুভব করে।

(তারপর অভিমন্যুর প্রবেশ)

অভিমন্যু—এই ব্যক্তি কে? বিরাট বক্ষদেশ, উদরে ক্ষীণতা দেখা যাচ্ছে, স্কন্ধদ্বয় স্থির উন্নত, বিরাট ও প্রশস্ত, কটিদেশ ক্ষীণ। এক হস্তেই যিনি আমাকে এখানে এনেছেন তাঁর শক্তির আধিক্য থাকলেও আমার শরীরে কোন বেদনা হয় নি।

বৃহন্নলা—এদিকে এদিকে রাজপুত্র।

অভিমন্যু—আরেক জন, ইনি আবার কে?

রমণীসুলভ অযোগ্য অলংকারে সজ্জিত—যেন হস্তিনীর শোভারাশিতে হস্তিরাজ বিভূষিত হয়ে পরিধানে সামান্য দেখালেও তেজে বিরাট! এই ব্যক্তিকে উমার বেশ পরিহিত মহাদেবের মতো দেখাচ্ছে।

বৃহন্নলা—(একান্তে)—এখানে একে (অভিমন্যুকে) নিয়ে এসে অগ্রজ (ভীমসেন) কি কাজ করেছেন? প্রথম যুদ্ধেই পরাজিত এজন্য অভিমন্যুর অসম্মান ঘটেছে; প্রিয়পুত্রকে ছেড়ে সুভদ্রার অবস্থা শোচনীয়, অভিমন্যুকে পরাজিত করা হয়েছে বলে বাসুভদ্র (কৃষ্ণ) ক্রুদ্ধ হবেন। বেশি আর কি বলব, আপনার বাহুশক্তির অপচয় ঘটেছে।

ভীমসেন—ওহে অর্জুন।

বৃহন্নলা—হ্যাঁ হ্যাঁ, এতো অর্জুনের পুত্র।

ভীমসেন—(একান্তে) অভিমন্যুকে ধরার জন্য (পরিণামে) যেসব বিপত্তি সেসব জানি। কিন্তু নিজের পুত্রকে শত্রুর হাতে রাখতে কেউই চায় না। বিষাদে নিমগ্ন দ্রৌপদী সন্তান ভালবাসে, দ্রৌপদী একে দেখতে পারবে—এজন্যই একে এখানে এনেছি।

বৃহন্নলা—(একান্তে) অগ্রজ, আমার কথা বলার ভীষণ কৌতূহল হচ্ছে। আপনি একে কথা বলান।

ভীমসেন—আচ্ছা, ওহে অভিমন্যু!

অভিমন্যু—সত্যই অভিমন্যু।

ভীমসেন—আমার উপর এ ক্রুদ্ধ রয়েছে। তুমিই এর সঙ্গে কথা বল!

বৃহন্নলা—ওহে অভিমন্যু!

অভিমন্যু—কি রকম, কি রকম। এঁর কাছেও আমি অভিমন্যু? (অর্থাৎ আমাকে ইনিও অভিমন্যু বলে ডাকছেন) ওহে নীচজাতির লোকেরা ক্ষত্রিয়ের সন্তানদের নাম ধরে ডাকছে—এটা কি এখানকার শিষ্টাচার, অথবা যেহেতু ধরা পড়েছি সেজন্য এভাবে আমাকে অপমান করা হচ্ছে।

বৃহন্নলা—ওহে অভিমন্যু, তোমার মা ভাল আছেন তো?

অভিমন্যু—কি রকম, কি রকম! মায়ের কথা জিজ্ঞাসা করা হচ্ছে! আপনি কি আমার ধর্মরাজ অথবা ভীমসেন অথবা ধনঞ্জয় যেজন্য পিতার মতো কর্তৃত্ব দেখিয়ে মায়ের সম্বন্ধে জিজ্ঞাসা করছেন?

বৃহন্নলা—অভিমন্যু, দেবকীর পুত্র শ্রীকৃষ্ণ ভাল তো?

অভিমন্যু—কি তাঁকেও নাম ধরে ডাকা হচ্ছে। আচ্ছা, আচ্ছা, তিনি ভাল আছেন, তিনি নিশ্চয় আপনার নিকট আত্মীয়।

(উভয়ে পরস্পরের দিকে তাকাচ্ছেন)

কি! এখন আমাকে অবজ্ঞার সাথে উপহাস করছেন!

বৃহন্নলা—না না উপহাস নয়! পার্থ (অর্জুন) যার জনক, জনার্দন (কৃষ্ণ) যার মাতুল সেই অস্ত্রবেত্তা যুবকের (অভিমন্যুর) যুদ্ধে পরাজয় কি যুক্ত হয়েছে?

অভিমন্যু—নিজের প্রশংসার কোন প্রয়োজন নাই, নিজেকে প্রশংসা করা আমাদের বংশের ধর্ম নয়। নিহতদের শরীরে প্রোথিত বাণগুলো দেখুন—সেগুলোয় আমার ছাড়া অন্য কারও নাম নেই।

বৃহন্নলা—(স্বগত) কুমার ঠিকই বলেছে। রথ, অশ্ব, বলশালী হস্তী ও যোদ্ধা পুরুষের মধ্যে এমন কেউ নেই যে কুমারের বাণে বিদ্ধ হয় নি। আমিও বিদ্ধ হতাম যদি আমি রথকে অন্যদিকে পরিবর্তিত না করতাম। (প্রকাশ্যে) তোমার শুধু বাক্যেই বীরত্ব। কেন তবে তোমাকে পাদচারী সৈনিক ধরল?

অভিমন্যু—বিনা অস্ত্রে তিনি আমার কাছে এসেছিলেন তিনি আমাকে ধরেছেন। অস্ত্রকে যিনি ত্যাগ করেছেন তাকে অর্জুনকে পিতা বলে স্মরণ করে কোন ব্যক্তি হত্যা করতে পারে?

ভীমসেন—অর্জুন সত্যই সৌভাগ্যবান্, (কারণ) সে নিজেই পুত্র ও পিতার উভয়ের যুদ্ধ সমূহে প্রশংসনীয় প্রয়াসের কথা শুনেছে।

রাজা—তাড়াতাড়ি কর, তাড়াতাড়ি কর অভিমন্যু।

বৃহন্নলা—এখানে এখানে রাজপুত্র। এই যে মহারাজ। কুমার এগিয়ে এস।

অভিমন্যু—আহা, মহারাজ আবার কার? আমার কাছে ইনি মহারাজ নয়—এটা বিদ্রূপ।

বৃহন্নলা—না না (এরূপ ঠিক নয়)। ব্রাহ্মণের সঙ্গে তিনি রয়েছেন।

অভিমন্যু—কি ব্রাহ্মণের সঙ্গে? মহাশয়, প্রণাম নিন।

ভগবান্—এস এস পুত্র। বীরত্ব, ধৈর্য ও বিনয়, স্বজনে দয়া, মাধুর্য ধনুর্বিদ্যা দ্বারা জয় ও যুদ্ধে পরাক্রম—তোমার পিতার মধ্যে একত্রীভূত গুণসমূহকে তুমি লাভ কর। যোদ্ধার অবশিষ্ট চারটি গুণের যেটি তোমার ভাল লাগে সেটি লাভ কর।

অভিমন্যু—আমি অনুগৃহীত হলাম।

রাজা—এস এস বৎস। আমাকে অভিবাদন করছো না কেন? ও বুঝেছি, এই ক্ষত্রিয়কুমার নিশ্চয় গর্বিত। আমি এর গর্ব দূর করব। আচ্ছা কার কাছে এ ধরা পড়েছে?

ভীমসেন—মহারাজ, আমি ধরেছি।

অভিমন্যু—অস্ত্রহীন অবস্থায় ধরেছেন বলুন।

ভীমসেন—পাপ শান্ত হোক, শান্ত হোক। স্থূল ও কোমল স্কন্ধ যুক্ত দুই বাহুই আমার স্বাভাবিক অস্ত্র। সেই দুই বাহুকে অবলম্বন করেই আমি যুদ্ধ করতে পারি। দুর্বল লোকেরাই ধনু ব্যবহার করে।

অভিমন্যু—যাঁর বাহু এক অক্ষৌহিনী সেনা, যাঁর পরাক্রম কৃত্রিমতাশূন্য, আপনি কি আমার সেই মধ্যম পিতৃব্য কারণ আপনার বাক্য তাঁরই সদৃশ।

ভগবান্—বৎস, তোমার এই মধ্যম তাত কে?

অভিমন্যু—শুনুন। না, আমরা ব্রাহ্মণজনকে (এরূপভাবে) উত্তর দান করি না। ভাল হয় যদি অন্য কেউ কথা বলে।

রাজা—আচ্ছা, আচ্ছা। আমার কথার উত্তরে বল কে এই মধ্যম।

অভিমন্যু—শুনুন। যিনি নিজের বাহুকে (জরাসন্ধের) কণ্ঠে নিবন্ধ করে সেই (জরাসন্ধবধরূপ) দুষ্কর কর্ম করেছেন এবং শ্রীকৃষ্ণকেও সেই অযোগ্য প্রমাণ করেছিলেন তিনিই মধ্যম তাত।

রাজা—নিন্দা করার জন্য আমি তোমার উপর ক্রুদ্ধ নই ররং তোমার ক্রোধে আমি প্রীতিলাভ করছি। যদি বলি, এখানে কেন আছ এখান থেকে যাও তাহলেও কি আমার অপরাধ হবে না?

অভিমন্যু—যদি আমার প্রতি অনুগ্রহ দেখান হয় তাহলে আমার বন্দী দশার উচিত শিষ্টাচার আমার পাদযুগলের প্রতি দেখান হোক। অর্থাৎ আমার চরণ শৃঙ্খলিত করা হোক। ভীম আমাকে হাত ধরে এখানে এনেছেন, তিনিই আমাকে হাত ধরে নিয়ে যাবেন।

(তারপর উত্তরের প্রবেশ)

উত্তর—মিথ্যে কথাবার্তায় যাদের আস্থা তাদের (মুখে) মিথ্যে প্রশংসা বাক্য শুনলে কষ্ট হয়। এই (গো-গ্রহণ) যুদ্ধকে অবলম্বন করে তারা যখন আমাকে প্রশংসা করে তখন তাদের কথায় সম্মতি জানালেও মনে মনে আমি লজ্জা অনুভব করি। (কাছে গিয়ে) ভগবন্, আপনাকে প্রণাম জানাই।

ভগবান্—কল্যাণ হোক।

উত্তর—পিতঃ, আপনাকে প্রণাম জানাই।

রাজা—এস, এস বৎস ! দীর্ঘজীবী হও। বৎস, কীর্তির অধিকারী যোদ্ধৃপুরুষদের প্রতি সমাদর দেখান হয়েছে ?

উত্তর—হ্যাঁ, দেখান হয়েছে। (এখন) পূজ্যতমকে পূজা করা হোক।

রাজা—বৎস, কাহাকে ?

উত্তর—এখানে উপস্থিত পূজনীয় ধনঞ্জয়কে।

রাজা—কি ধনঞ্জয়কে ?

উত্তর—হ্যাঁ, ইনিই—শ্মশানভূমি থেকে ধনু ও অক্ষয়বাণ তূণীর গ্রহণ করে ভীষ্ম প্রভৃতি নৃপতিদের আহত ও পরাজিত করেছেন এবং আমাদের রক্ষা করেছেন।

বৃহন্নলা—মহারাজ ! প্রসন্ন হোন, এই উত্তর বয়সে ছেলেমানুষ, এজন্য বিভ্রান্ত। নিজে অস্ত্র প্রহার করে ও সমস্ত কাজ নিজে করে অন্যে সব করেছে ভাবছে।

উত্তর—আপনার সন্দেহ দূর করুন। এটা (এখন) প্রমাণিত করবে মণিবন্ধের মধ্যে গুপ্ত গাণ্ডীবধনুর জ্যা-র আঘাতে ক্ষত চিহ্ন যেটা বারো বৎসরের শেষেও মিলিয়ে যায় নি।

বৃহন্নলা—এই ক্ষতচিহ্ন হাতের বালার নড়াচড়ার জন্য হয়েছে। বালার চাপে হাতের বর্ণ পাল্টেছে, এই বিবর্ণতা এসে পৌঁছেচে মণিবন্ধ পর্যন্ত।

রাজা—কই দেখি তো !

বৃহন্নলা—মহাদেবের বাণের দ্বারা যার অঙ্গ চুম্বিত হয়েছে সেই অর্জুন যদি আমি হই তাহলে এটা সুস্পষ্ট যে ইনি ভীমসেন ইনি মহারাজ যুধিষ্ঠির।

রাজা—হে ধর্মরাজ, বৃকোদর, ধনঞ্জয়, আপনারা কেন আমাকে বিশ্বাস করছেন না। আচ্ছা, আচ্ছা যথাসময়ে দেখা যাবে। বৃহন্নলা ! অন্তঃপুরে প্রবেশ কর।

বৃহন্নলা—মহারাজ যেমন আজ্ঞা করেন।

ভগবান্—না, না, অর্জুন প্রবেশ করো না। আমাদের প্রতিজ্ঞা পূরণ হয়েছে।

অর্জুন—অগ্রজ, যেমন আদেশ করেন।

রাজা—বীর, সত্যাশ্রয়ী, প্রতিজ্ঞা রক্ষণে রত পাণ্ডবদের বাসের জন্য আমার রাজকুল, পাপবিমুক্ত হয়েছে।

অভিমন্যু—এঁরা তাহলে আমার পূজ্য পিতৃগণ। সেজন্যই আমি নিন্দা করলেও তাঁরা ক্রুদ্ধ হন নি, হাসতে হাসতে আমাকে নিন্দা করছিলেন। গো-গ্রহণ অবশেষে কি সৌভাগ্যই না এনেছে, যার জন্য আমি পিতৃগণকে দেখতে পেয়েছি। (ভীমসেনের প্রতি) হে পিতৃব্য, অজ্ঞান হেতু আমি যে পূর্বে আপনাকে অভিবাদন করি নি। সেই অপরাধ আপনি ক্ষমা করুন।

ভীমসেন—এস, এস বৎস ! পিতার ন্যায় তোমার পরাক্রম হোক। বৎস ! পিতাকে অভিবাদন কর।

অভিমন্যু—পিতঃ, আপনাকে অভিবাদন করি।

অর্জুন—এস এস বৎস। পুত্রের গাত্রকে আলিঙ্গন যেটা হৃদয়কে আহ্লাদিত করে, সেটা এতদিন প্রবাসে থাকায় দুর্লভ ছিল। বার বৎসর পর আবার তা লাভ করেছি। বৎস, বিরাটপতিকে অভিবাদন কর।

অভিমন্যু—আমি অভিবাদন করি।

রাজা—এস এস বৎস। যুধিষ্ঠিরের ধৈর্য লাভ কর, ভীমের শক্তি লাভ কর, অর্জুনের

দক্ষতা লাভ কর, মাদ্রীপুত্রযুগলের কান্তি ও সুরূপতা লাভ কর এবং জগতের প্রিয় কৃষ্ণের কীর্তি লাভ কর। (স্বগত) উত্তরার সঙ্গে (অর্জুনের) মেলামেশার জন্য চিন্তিত। কি আর করি। আচ্ছা, পেয়েছি। কে এখানে।

(প্রবেশ করে)

ভট—মহারাজের জয় হোক।

রাজা—জল আন তো।

ভট—মহারাজের যেমন আদেশ। (নিষ্ক্রমণ ও প্রবেশ করে) এই যে জল।

রাজা—অর্জুনের গো-গ্রহণের বিজয় পণ হিসাবে উত্তরাকে গ্রহণ করুন।

ভগবান্—এখানে আমাদের মাথা নীচু হচ্ছে।

অর্জুন—কেন আমার চরিত্রকে কি পরীক্ষা করা হচ্ছে? মহারাজ, আপনার অন্তঃপুরের সকলেই আমার প্রিয় আমি সকলকেই মায়ের মত শ্রদ্ধা করে এসেছি। আপনি উত্তরাকে যখন দান করেছেন তখন তাহাকে পুত্রের জন্য গ্রহণ করছি।

ভগবান্—এখন মাথা উঁচু হলো।

রাজা—অর্জুন সংগ্রামী বীরগণের মধ্যে যথার্থ চরিত্র গৌরবে প্রতিষ্ঠিত, এখন সে অন্তঃপুরবাসের যোগ্য কার্য সম্পাদন করেছে। আজই প্রশস্ত নক্ষত্র—আজই এর বিবাহ হোক্

যুধিষ্ঠির—বেশ, বেশ, পিতামহের কাছে উত্তরাকে পাঠাই।

রাজা—আপনাদের যেমন অভিরুচি। ধর্মরাজ, বৃকোদর, ধনঞ্জয়। এদিকে, এদিকে আপনারা আসুন।

(সকলে নিষ্ক্রান্ত)

।। দ্বিতীয়াঙ্কের অবসান ।।

×××××××××××× তৃতীয় অঙ্ক ××××××××××××

(ভটের প্রবেশ)

ভট—ওহে, ওহে, আচার্য দ্রোণ প্রমুখ ক্ষত্রিয়গণকে জানাও এখানে নারায়ণের সুদর্শন চক্রের ভয়কে দূর করে তাদের মত আত্মীয় স্বজনের কথা চিন্তা না করে কারা অভিমন্যুকে হরণ করেছে, ধনুর্ধারণ করেও কুরুরা কিছু করতে পারে নি, (কুরুদের) লজ্জা পাওয়া উচিত।

(তারপর ভীষ্ম ও দ্রোণের প্রবেশ)

দ্রোণ—সারথি, বল বল যুদ্ধে পটু আমার শিষ্যের (অর্জুনের) পুত্রকে কে অপহরণ করেছে? কেই বা দৈববলযুক্ত আমার শরের সঙ্গে যুদ্ধ করতে চায়? আমাকে বল, আমি সেখানে শ্রেষ্ঠ যোদ্ধা, অস্ত্র বা সেনাকে আমার প্রতিনিধি হিসাবে পাঠাব।

ভীষ্ম—সারথি, বল বল যুদ্ধে পরাজয় ঘটলেও যুদ্ধক্ষেত্র থেকে পলায়নের অভিজ্ঞতা না থাকার দোষে, তারুণ্যবশত বিলম্ব করায় কে একে হস্তীর দল চলে গেলে হস্তিশিশুর মত বন্দী করেছে?

(তারপর দুর্যোধন কর্ণ ও শকুনির প্রবেশ)

দুর্যোধন—সারথি, বল বল কে অভিমন্যুকে অপহরণ করেছে। আমিই একে মুক্ত করে আনব।
আমার সংগে এর (অভিমন্যুর) পিতৃগণের জ্ঞাতি-বিরোধ। দোষদর্শীরা এজন্য আমাকে দোষ দেবে বস্তুত অভিমন্যু প্রথমে আমার পুত্র, পরে পাণ্ডবদের পুত্র। জ্ঞাতিকুলে বিবাদ দেখা দিলেও বংশের ছেলেদের এজন্য কোন অপরাধ নেই।

কর্ণ—অত্যন্ত স্নেহের সংগে আপনার যোগ্য কথা বলেছেন গান্ধারীপুত্র দুর্যোধন। বাল্যভাববশত আপনাকে আপন জন মনে করে আপনার প্রিয় সাধনে রত সে অভিমন্যু যেন যুদ্ধে বিপদাপন্ন না হয়। আমরাও অভিমন্যুকে রক্ষা করি নি। ধনু ত্যাগ করে আমাদের বল্কল গ্রহণ করা উচিত।

শকুনি—অভিমন্যুর রক্ষক অনেকেই আছেন। সে মুক্ত এটাই ধরে নাও। কারণ এই অভিমন্যু অর্জুনের পুত্র, এ-কথা জানতে পেরে বিরাট স্বয়ং দামোদরকে স্মরণ করে রণাংগনে অপমানিত অভিমন্যুকে ছেড়ে দেবেন; প্রলম্বাসুরের নিহন্তা ক্রোধকম্পিত হলধারী বলরামের ভয়ে ভীত বিরাট কর্তৃক সে নিশ্চয়ই মুক্ত হবে। মহাবলী ভীমসেনও বলশালী শত্রুদের ধ্বংস করে অভিমন্যুকে এখানে নিয়ে আসবে।

দ্রোণ– বল বল কিভাবে অভিমন্যু ধরা পড়লো? অভিমন্যুর রথ কি ভেংগে গিয়েছিল? না অশ্বগুলি চকিত হয়েছিল? না ভূতল রথচক্রকে ধারণ করতে পারে নি? তূণীরের শর কি নিঃশেষ হয়েছিল, তুমি সারথি হিসাবে কি দক্ষ ছিলে না, ধনুকের জ্যাবন্ধ ছিন্ন হওয়ায় ধনুক কি কার্যকর ছিল না? এইসব বিপদ যুদ্ধের মধ্যে রথীদের দুর্ভাগ্যবশত ঘটে থাকে। শত্রুদের বাণসমূহের দ্বারাও সে পরাজিত হতে পারে; কিন্তু সে যুদ্ধবিদ্যায় সম্পূর্ণ পারদর্শিতা লাভ করেছে।

সূত— আয়ুষ্মন্! ধনুর্বিদ্যা বড় কঠিন ও বিপদসংকুল আপনি কি তা জানেন না? আপনি যেসব বিপদের কথা বলেছেন সেসব কিছু ঘটেনি। অভিমন্যু মহারথী, বহুপ্রকার বাণে সজ্জিত ছিল। দীপ্ত বহ্নিচক্রের মতো ছিল আমার রথের বেগ। কোন এক পাদচারী অগ্রসর হয়ে অভিমন্যুকে তুলে নিয়েছিল!

সকলে—কি, পাদচারী তুলে নিয়েছিল? কি রকম সে পাদচারী?

সূত—তার রূপ? তার বীরত্ব? কোন্‌টির কথা বলবো?

ভীষ্ম– স্ত্রীলোকদের রূপ সম্বন্ধে বলা হয়। পুরুষদের বীরত্ব সম্বন্ধে বলা হয়। অতএব এর পরাক্রম সম্বন্ধে বল।

সূত—আয়ুষ্মন্!

দুর্যোধন—তুমি গর্বোদ্ধত বাক্যে কেন তার স্তুতি করছো? যদি সে বেগে পবনও হয় তবু তুমি বল, আমি ভীত নই।

সূত—মহারাজ, আপনি শুনুন। সে পদচারী বেগে অশ্বদের পরাজিত করে রথে স্থিত যোদ্ধার আসনে হাত রাখল। রথের অশ্বরা গ্রীবা প্রসারিত করে রইল, রথ সম্পূর্ণ নিশ্চল হয়ে গেল।

ভীষ্ম—তাহলে অস্ত্রশস্ত্র রেখে দাও।

সকলে—কেন ?

ভীষ্ম—যদি হাতের জোরে রথের গতি হরণ করা হয়ে থাকে তাহলে অভিমন্যু ভীমসেনের অংকগত এটা ধরে নেওয়া যেতে পারে। পূর্বে দ্রৌপদীকে হরণ করে জয়দ্রথ যখন যাচ্ছিল তখন পাদচারী ভীমসেন (জয়দ্রথকে) এইভাবেই পরাজিত করেছিল।

দ্রোণ—ভীষ্ম ঠিকই বলেছেন। বাল্যাবস্থায় (অস্ত্রশিক্ষার) সময় থেকেই আমি তার গতিবেগ জানি। শরের বিদ্যালয়ে সে (ভীমসেন) কর্ণ পর্যন্ত গুণ টেনে যখন বাণ ছেড়ে দিত তখন আমি এর (বাণের) অগ্রভাগ শিথিল বলতাম, তার মস্তক কম্পিত হয়েছে। বাণের তুল্য গতিতে ছুটে গিয়ে বাণ তখনও লক্ষ্যভেদ করে নি এমন অবস্থায় তা ধরে ফেলত।

শকুনি—হায়, কি হাসির কথা। জগতে কি বলবান্ অন্য কেউ নেই ? লোকে প্রিয়জনদের বিষয়েই সব কিছু বলে। আপনারা সকলে কি সমগ্র জগৎটাকে পাণ্ডবময় দেখছেন ?

ভীষ্ম—ওহে গান্ধাররাজ, সবকিছু অনুমানে বলা হচ্ছে। আমরা যুদ্ধে যাই অস্ত্র ধনু গ্রহণ করে ও রথে আরোহণ করে। মাত্র—দুজন বলরাম ও ভীমসেন যান (তাদের) দুবাহুকে সম্বল করে।

শকুনি—আমরা যদিও যুদ্ধপ্রিয় তথাপি অতর্কিতে মাত্র একজন আমাদের পরাজিত করেছে। অনেকে সেই উত্তরকেও অর্জুন বলবে।

দ্রোণ—ওহে গান্ধাররাজ, এ বিষয়েও কি আপনার সন্দেহ ? উত্তর কি যুদ্ধে বৃষ্টিহীন মেঘের বজ্রধ্বনির মতো গর্জনকারী ধনুক আকর্ষণ করেছিল ? উত্তর কি বাণের দ্বারা তাপ হরণ করে মুহূর্তের মধ্যে সূর্যকে আবৃত করতে পেরেছিল ?

ভীষ্ম—দুর্যোধন, আমি স্পষ্ট কথাই বলি তুমি জান নিশ্চয়—শর চালনার সঙ্গে এবং ধনুর জ্যারূপ জিহ্বা থেকে যে বাণসমূহ নির্গত হচ্ছিল তাদের পালকে লেখা নাম থেকেই জানা যায় অর্জুনই বাণগুলোকে প্রেরণ করেছিল। তুমি কি এটা শুনতে পাওনি ?

(প্রবেশ করে)

সূত—আয়ুষ্মান্ আপনার জয় হোক। শান্তিকর্মের অনুষ্ঠান করুন।

ভীষ্ম—কি জন্য ?

সূত—(এই শান্তিকর্ম) আপনার সর্বপ্রথম করা উচিত কারণ আপনার রথের ধ্বজা বাণের দ্বারা বিদীর্ণ হয়েছে। এই বাণ কারও হবে, পালকে লেখা আছে।

ভীষ্ম—নিয়ে এস। (সূত নিয়ে এল)

ভীষ্ম—(গ্রহণ করে ও নিরীক্ষণ করে) বৎস, শকুনি, আমার দৃষ্টিশক্তি বার্ধক্যে ক্ষীণ। কার এ-বাণ পড়ে শোনাও।

শকুনি—(গ্রহণ করে ও নাম পাঠ করে) (এ বাণ) অর্জুনের ! (ভূমিতে নিক্ষেপ করল, বাণ দ্রোণাচার্যের পায়ের উপর পড়ল)

দ্রোণ—(বাণ গ্রহণ করে) এস, এস বৎস। এই বাণ আমার শিষ্য অর্জুন গঙ্গাপুত্র

মস্তক বন্দনা করার জন্য ক্ষেপণ করেছিল। এখন এ-বাণ ক্রমানুযায়ী আমাকে বন্দনা করার জন্য ভূমিতে পতিত হয়েছে।

শকুনি—বাণরূপ প্রমাণের দ্বারা কোন কিছু বিশ্বাস করা উচিত নয়। যে-যোদ্ধা এ বাণ নিক্ষেপ করেছে তার নাম অর্জুন হতে পারে। কিন্তু এ-সম্বন্ধে স্বয়ং উত্তরের লিখিত (কোন প্রমাণ) দেখান হোক।

দুর্যোধন—তাদের (পাণ্ডবদের) অর্দ্ধরাজ্য দেওয়ার ব্যাপারে যে-কথা বলেছি সেটা মিথ্যা বলা হতে পারে। যদি যুধিষ্ঠিরের দেখা পাই (পাণ্ডবদের) অর্দ্ধ রাজ্য দান করব।

(প্রবেশ করে)

ভট—মহারাজের জয় হোক। বিরাটনগর থেকে দূত এসেছে।

দুর্যোধন—তাকে নিয়ে এস।

ভট—মহারাজের যা আদেশ। (নিষ্ক্রান্ত)

(তারপর উত্তরের প্রবেশ)

উত্তর—যদিও পথ অল্প, অশ্বগুলোও অত্যন্ত বেগবান, তবু রথে আসতে পথে বিলম্ব হয়েছে। কুন্তীপুত্র অর্জুনের বাণের আঘাতে নিহত হস্তী চতুর্দিকে পড়ে আছে, এজন্য উঁচুনীচু জায়গায় অশ্বগুলো কষ্টে অগ্রসর হয়েছে। (প্রবেশ করে কৃতাঞ্জলিবন্ধ অবস্থায়) শুনুন, শুনুন, দ্রোণাচার্য পিতামহ প্রমুখ সমস্ত রাজমণ্ডলকে প্রণাম জানাই।

সকলে—পরমায়ু লাভ কর।

দ্রোণ—মাননীয় বিরাটরাজ কি বলেন?

উত্তর—বিরাটরাজ আমাকে পাঠান নি।

দ্রোণ—তবে কে তোমাকে পাঠিয়েছে?

উত্তর—পূজ্যপাদ যুধিষ্ঠির।

দ্রোণ—ধর্মরাজ কি বলেছেন?

উত্তর—শুনুন। তিনি বলেছেন উত্তরাকে পুত্রবধূ হিসাবে পেয়েছি, রাজমণ্ডলের অপেক্ষায় আছি। সেখানে (হস্তিনাপুরে) নাকি এখানে (বিরাটনগরে) বিবাহনুষ্ঠান হবে বা কোথায় বিবাহনুষ্ঠান হবে?

শকুনি—সেখানেই অর্থাৎ বিরাটনগরে হোক, সেখানেই হোক।

দ্রোণ—এইজন্যই আমাদের এখানে আনা হয়েছে, পঞ্চরাত্র ও এখন অতিক্রান্ত হয় নি। ধর্মের সঙ্গে যে-ভিক্ষা প্রার্থনা করেছি ধর্মের সঙ্গেই সে ভিক্ষা দান করা হোক।

দুর্যোধন—ভাল কথা, পূর্বে যেরূপ বলেছি সেই অনুযায়ী পাণ্ডবদের অর্দ্ধরাজ্য দান করছি। মৃত্যু (অনিবার্য হলেও) সকল মানুষ যথার্থতা, নিত্য সত্যে অবিচল থাকে।

দ্রোণ—যাক্, আমরা সকলে প্রসন্ন, আমাদের কুলের সন্তানদের বৃদ্ধি ঘটেছে। রাজশ্রেষ্ঠ আমাদের সমগ্র এই পৃথিবীকে শাসন করুন।

(সকলে নিষ্ক্রমণ করলেন)

তৃতীয়াঙ্কের সমাপ্তি

।। পঞ্চরাত্রম্ নাটক সমাপ্ত ।।

প্রসঙ্গ কথা

প্রথম অঙ্ক

দ্রোণ—দ্রোণ শব্দের অর্থ কৃষ্ণবর্ণ। শ্রীকৃষ্ণ, মেঘ ও কাকের বিশেষণরূপে 'দ্রোণ' শব্দের প্রয়োগ। যেমন—দ্রোণ কাক, দ্রোণ মেঘ। প্রথম শ্লোকে দ্রোণ শব্দটি কৃষ্ণের বিশেষণ।

আর্য্যমিশ্র—প্রশস্ত আর্য, অর্থাৎ বিশিষ্ট ভদ্রলোক। শব্দটি অস্বপদবিগ্রহ নিত্য সমাসের উদাহরণ।

মাণবক—ছোট ছেলে। 'বালস্তু স্যান্মানবকঃ' —অমরকোষঃ'

অবভৃথ—একদিন সাধ্য সোমযাগের সমাপ্তির পর দিনের শেষে স্নান।
'দীক্ষান্তোঽবভৃথঃ' —অমরকোষঃ।

চৈত্যাগ্নি—চৈত্য শব্দের অর্থ 'পবিত্র স্থান'। পবিত্র স্থানে স্থাপিত অগ্নি, চৈত্যাগ্নি। চৈত্যাগ্নি সাধারণত যজ্ঞাগ্নিকে বুঝায়। গার্হপত্য, আহবনীয় ও দক্ষিণাগ্নির প্রত্যেকটিই চৈত্যাগ্নি। চৈত্যাগ্নি ব্যতীত অন্য অগ্নি, লৌকিকাগ্নি।

প্রাগ্বংশ—পূর্বদিকে মুখ যে যজ্ঞগৃহের। যজ্ঞমণ্ডপের যে-অংশের মুখ প্রাক্ বা পূর্বদিকে তাহা প্রাগ্বংশ বা প্রাগ্বংশশালা। অমরকোষের টীকাকার ক্ষীরস্বামী প্রাগ্বংশ শব্দকে ব্যাখ্যা করেছেন—'প্রাগ্বংশঃ পত্নীশালাখ্যঃ অগ্নিশালায়াঃ প্রাচ্যো ভাগঃ'।

